
অরবিন্দের গীতা

প্রথম খণ্ড

অরবিনের Essays on the Gita হইতে অনুদিত)



ডি, এম্, লাইব্রেরী ৪২ কর্ণওয়ালিস ফ্রীট কলিকাতা প্রকাশক: শ্রীগোপালদাস মজ্মদার ডি, এম্, লাইত্রেরী ৪২ কর্ণওয়ালিস খ্রীট কলিকাতা

অমুবাদক **শ্রীঅনিলবরণ** :

ভূতীর **দংস্করণ** ১৯১৯

> প্রিন্টার - প্রিগোবর্দ্দন মণ্ডল আনেক্জান্তা প্রিন্টিং ওয়ার্কস ১২, কলেজ ব্রীট, কলিকজ

i

উৎসর্গ

জনিয়া অবধি তোমার চরণে কত অপরাধ করেছি, তোমার প্রাণে ব্যথা দিয়েছি—তবু তোমার স্নেহ কোন দিন কম করে দাওনি।
াকে সংসারে স্থা করবার আমাদের সমস্ত চেষ্টা ব্যর্থ হয়েছে।
চন্তার শোকে তোমার হৃদয় জর জর। গীতাতে সকল শোকেব
র আছে, আত্যন্তিক স্থথের সন্ধান আছে, কেমন করিয়া সংসারের
গ ঘটনা, সকল জন্ম মৃত্যু, স্থথ হৃংথ, ছন্দ্ব মিলনের মধ্যে ভগবানের
ইচ্ছা দেখিয়া পরম আনন্দ লাভ করিতে পারা য়ায় তাহার সন্ধান
ছে—তাই এই বইখানি তোমার নামে উৎসর্গ করলাম। অক্তয়্ম
ানের এই ক্ষুদ্র উপহার গ্রহণ করে আমাকে ক্বতার্থ কর।

ভোমার চির স্নেহাশ্রিত **অনিল**

শ্রীঅরবিন্দের গীতা

অনিলবরণ রায় অনুদিত

প্রথম খণ্ড	•••	210
দিতীয় খণ্ড	•••	२॥०
তৃতীয় খণ্ড	•••	>10
চতুৰ্থ খণ্ড	•••	210

প্রকাশক ডি, এম্, ল**ইাত্রেরী**

সূচীপত্ৰ

\$ 31 SECTION .	– গীতার উপযোগিতা			
১ম অধ্যায়-	– সাভার ওপ্রোসভা	•••	•••	>
२ ष्र "	ভগবান গুরু	***	•••	>•
৩য় "	মানব শিশ্ব	***	•••	२১
8ર્થ "	গীতার ম্লশিকা	•••	•••	૭૯
৫ম "	কুৰুক্ষেত্ৰ	•••	•••	«>
७ष्ठं "	मनूषा ও জीবন-यूक	•••	•••	৬২
৭ম "	ক্ষত্রিয়ের ধর্ম	•••	•••	98
৮ম "	সাংখ্য ও যোগ	•••	•••	9.
৯ম "	সাংখ্য, যোগ ও বেদাস্ত	•••	•••	>>8
স ০ম "	বৃদ্ধি যোগ	•••	•••	754

"অমুবাদ খুবই ভাল হইতেছে। সাধারণ পাঠকের। আপনার অমুবাদের সাহায্যে সহজেই গীতা বুঝিতে পারিবে।"

—গ্রীঅরবিন্দ

<u>জীঅরবিন্দের গীতা</u>

প্রথম অধ্যায়

গীতার উপযোগিতা

জগতে বহু ধর্মগ্রন্থ, বহু দার্শনিক মতবাদ প্রচলিত আছে। যে সকল লোকের জ্ঞানের গভীরতা বড অধিক নহে তাঁহারা ভাবেন একমাত্র ঁ ভাঁহাদের ধর্মগ্রন্থেই ভগবানের পরম বাক্য নিহিত আছে, আর সক জুয়াচুরি বা ভ্রাস্ত। অনেক সময় বিজ্ঞ দার্শনিকেরাও মনে করেন যে তাহাদের মতই জগংত্তর সম্বন্ধে শেষ কথা। তবে আজকাল মানুষ এ বিষয়ে একটু নরম হইতেছে। এখন আর আমরা অন্তের সাহায্যে ধর্ম প্রচার করি না, মতের সহিত না মিলিলে আমরা কাহাকেও পোড়াইয়া মারিতে চাহি না। এখন আমরা শিখিয়াছি যে সত্য কাহারও একচেটিয়া নহে—সকল মতে, সকল ধর্মগ্রন্থেই কিছু না কিছু সত্য নিহিত থাকিতে পারে। তবে এখনও অনেকের এই অভিযানটুকু আছে যে অন্তত্ত আংশিক সত্য থাকিলেও—আমাদের যাহা তাহাই অথও পূর্ণ সত্য এবং তাহা ছাড়া গতিমুক্তির আর পথ নাই। আমরা যে ধর্মগ্রন্থের আদর করি, যে দার্শনিক মত পোষণ করি তাহার সবটাই আমরা অন্তের ঘাড়ে চাপাইয়া দিতে চাই--এতটুকু ছাঁটিয়া দিতেও আমরা নারাজ।

অতএব, বেদ, উপনিষদ্, গীতা প্রভৃতি প্রাচীন ধর্মগ্রন্থের আলোচনা করিতে হইলে আমরা এগুলিকে কি চকুতে দেখি এবং জীবন সমস্তার সমাধানে ইহাদের উপযোগিতা কতটা উপলব্ধি করি, সর্বাগ্রে তাহা পরিষ্কার করিয়া বলা প্রয়োজন।

সত্য যে এক এবং সনাতন তাহাতে কোন সন্দেহ নাই। হিন্দুর সত্য, মুসলমানের সত্য, খুষ্টানের সত্য ভিন্ন নহে। লক্ষ বংসর পূর্বেষ যাহা সত্য ছিল তাহা আজও সত্য। তবে দেশ কাল পাত্র ভেদে এক সনাতন সত্য বিভিন্ন রূপ ধারণ করে।—আবার, সেই এক সনাতন সত্য হইতে অন্ত অনেক সত্য উদ্ভূত ও উদ্ভাসিত হইয়ছে। সে সবই কোন এক বিশেষ প্রস্থেব বা কোন এক বিশেষ অবতারের দ্বারা নিঃশোষে কথিত হওয়া সম্ভব নহে। অতএব সত্যক্তান যাহা কিছু লাভ করিবার আছে তাহার সবই যে গীতায় আছে তাহা আমরা বলি না। আবার গীতার ভিতর যাহা আছে তাহার সবই যে সকল দেশ, সকল কালের জন্ম সত্য তাহাও আমরা বলি না।

তবে কোন বিশেষ কাল বা স্থানের বাহিরে প্রযুজ্য নহে এমন কথা গীতাতে থুব কমই আছে এবং যেথানে এরূপ কথা আছে সেগুলিও সহজেই সর্ব্ব দেশে সর্ব্ব কালের করিয়া লওয়া যাইতে পারে অথচ তাহাতে অর্থের কোন হানি হয় না। ছই একটি দৃষ্টাস্ত দেখা যাউক।

গীতার তৃতীয় অধ্যায়ে যজের স্বরূপ বর্ণনা করা হইয়াছে। মানব হোমের দ্বারা দেবতাগণের তৃপ্তি সাধন করিবে, দেবতারা তৃষ্ট হইয়া বৃষ্ট্যাদি দানে মামুষের পোষণ করিবে—এইরূপ পরস্পরের আদান প্রদানে সকলের অভীষ্ট লাভ হইবে। প্রাচীন ভারতে এইরূপ প্রথা, যজ্ঞ সম্বন্ধে এইরূপ ধারণা প্রচলিত ছিল বটে কিন্তু এখন ভারত হইতেই ইহা একরকম লুপ্তা হইয়া গিয়াছে। দেবতারা মৃতাহতিতে তৃষ্ট হইয়া বৃষ্টি প্রদান করে, এই বিজ্ঞানের যুগে একথা সকলে হাসিয়া উড়াইয়া দিবে। কিন্তু, পুরাকালে

প্রচলিত যজ্ঞপ্রথা অবলম্বন করিয়া গীতায় এখানে যে সত্য উক্ত হইয়াছে
তাহা সার্বজনীন। পরস্পরের আদান প্রদানে শুধু মানব সমাজ নহে—
এই বিশ্ব প্রকৃতিই যে টিকিয়া আছে তাহা আধুনিক বৈজ্ঞানিকেরাই
স্বীকার করিবেন এবং গীতাকথিত যজ্ঞের অর্থ এইরূপ আদান প্রদান
ধরিয়া লইলে গীতার বক্তব্যের কোন হানি হয় না। জননীর আত্মদানে
সস্তানের স্পষ্ট হইতেছে। সৃক্ষলতা মাটি, জল, বায়ু হইতে আহায়্য
সংগ্রহ করিয়া জীব জন্তর আহার যোগাইতেছে, জীব জন্তু মরিয়া লতা
বৃক্ষের সার হইতেছে। স্ব্য্ গ্রহনক্ষত্রকে আলো ও উত্তাপ প্রদান
করিতেছে—গ্রহণণ পরস্পরের আকর্ষণের দ্বারা সৌর মণ্ডলকে ধরিয়া
রাখিয়াছে। সমৃত্র হইতে মেব হইতেছে—মেঘ হইতে সমৃত্র হইতেছে
ইহাই প্রবর্ত্তিত জগচ্চক্র। ইহাতেই সকলে উত্তরোত্তর বাড়িয়া চলিতেছে।
যে ব্যক্তি জীবের মঙ্গলের জন্ত, জগতের মঙ্গলের জন্ত কিছু দান না করিয়া
তথ্ব নিজের ইন্দ্রিয় স্থবভোগ ও স্বার্থ লইয়া আছে—

অঘার্রিক্রিয়ারামো মোঘং পার্থ স জীবিত।
পাপমর জীবন ইক্রিয়পরায়ণ সে ব্যক্তি বৃথা জীবিত থাকে।—
ভূঞ্জতে তে বুঘং পাপা যে পচস্ত্যাত্মকারণাৎ

যাহারা কেবল আপনার জন্তই পাক করে সেই পাপিষ্ঠগণ পাপই ভোজন করে।

গীতার ষোড়শ অধ্যায়ের শেষে কথিত হইরাছে "তম্মাচ্ছান্ত্রং প্রমাণং তে কার্য্যাকার্য্য বাবস্থিতে।"—"অতএব ইহা কর্ত্তব্য, ইহা অকর্ত্তব্য, এই তত্ত্ব নির্ণয় বিষয়ে শাস্ত্রই তোমার প্রমাণ।" এখানে শাস্ত্র বলিতে যদি ভারতে তংকালে প্রচলিত শ্রুতি মাত্র ধরা বায় তাহা হইলে গীতাকে খুব নঞ্চীণ করা হয়।—মানুষের মনে কত সময় কত কামনার উদ্রেক হইতেছে, "লক্ষ্য শৃন্ত লক্ষ্ণ বাসনা ছুটিছে গভীর আঁধারে।" যাহা ইচ্ছা হইল তাহাই করিলে মানুষে আর পশুতে কোন প্রভেদ থাকে না। তাই মানুষ নিজেদের কার্য্যাকার্য্য নির্ণয়ের জন্ত বিচার যুক্তির দারা কতকগুলি বিধি স্থির করিয়াছে। এই সকল বিধিনিষেধ দেশকালভেদে কিছু কিছু ভিন্ন হইতে পারে কিন্তু কাম ক্রোধের বশে কার্য্য না করিয়া এই সকল বিধি নিষেধ মানিয়া কার্য্য করিলে পাশবিক প্রবৃত্তিগুলি ক্রমেই সংযত হয় এবং সেই জন্তুই এই সকল বিধি নিষেধকে শাস্ত্র বলা হইয়াছে। তাই, গীতা যথন বলিয়াছে শাস্ত্রই কার্য্যাকার্য্যের প্রমাণ, সেখানে প্রাচীন হিন্দু সমাজে যাহা শাস্ত্র বলিয়া প্রচলিত ছিল শুরু তাহাই বৃথিবার কোন প্রয়োজন নাই। খুটান যথেছাসারী না হইয়া খুটান শাস্ত্রান্থসারে কার্য্য করুক, মুসলমান কর্ত্তব্যাকর্ত্তব্য নির্ণয়ে মুসলমান শাস্ত্রের অনুসরণ করুক, ক্রিন্দু হিন্দুর শাস্ত্রবিধি মত কার্য্য করুক—মোটকথা ইন্দ্রিয়চরিতার্থতার পরিবর্ত্তে কোন নির্দিষ্ট বিধিনিষেধকে কার্য্যাকার্য্যের মানকণ্ড ও প্রবর্ত্তক করুক তাহা হইলেই তাহাদের সন্গতি লাভ হইবে।

গীতায় যে চারিবর্ণের বিভাগ দেওয়া আছে জগতে তাহ। এখন আর কোথাও দেখিতে পাওয়া যায় না। কিন্তু, একটু অন্থধাবন করিলেই ব্ঝিতে পারা যায় যে এই চারিবর্ণ বিভাগ একটি আধ্যাত্মিক সত্যের বাছিক আকার মাত্র। দে সত্য এক যুগে এক আকার ধারণ করিয়াছিল। এখন অবস্থার পরিবর্ত্তনামুসারে অস্ত আকার ধারণ করিয়াছিল। কর্মান পরিবর্ত্তনামুসারে অস্ত আকার ধারণ করিয়াছে। সন্থ, রজঃ ও তম এই গুণত্রয়ের বিভাগামুসারে মন্ত্রেরা; বিভিন্ন প্রকৃতিশালী হইয়া থাকে। প্রত্যেক ব্যক্তির, প্রত্যেক জাতির প্রকৃতি অনুযায়ী কর্মা ও কর্ম্মের ধারা আছে, প্রত্যেকেরই প্রকৃতিগত একটা বৈশিষ্ট্য আছে এবং কর্ম্মের দারা সেই বৈশিষ্ট্যের বিকাশই ব্যক্তিগত বা জাতিগত্ত

সার্থকতা। প্রাচীনকালে এইরূপ বৈশিষ্ট্যান্ত্সারে সমান্তকে চারি ভাগ করা চলিত। এখন সমান্তের কর্ম বাড়িয়া যাওয়ায় প্রকৃতিগত বৈচিত্র্যপ্ত বাড়িয়া গিয়াছে—ফলে সে চারিবর্ণ বিভাগের আর কোনও সার্থকতা নাই। তবে প্রত্যেক ব্যক্তির প্রত্যেক জাতির যে একটা প্রকৃতিগত বৈশিষ্ট্য আছে এবং স্বভাব নির্দিষ্ট কর্ম্মের দ্বারা সেই বৈশিষ্ট্যের বিকাশ করিতে পারিলেই যে পরমার্থ লাভ হইতে পারে গাঁতাপ্রচারিত এই সত্য, সর্ব্ব কাল সর্ব্ব যুগেরই উপযোগী।

আমাদের পূর্বপুরুষদের বৃদ্ধি ও মানসিক অবস্থা হইতে আমাদের বৃদ্ধি ও মানসিক অবস্থা ভিন্ন হইয়াছে। যে সত্য যে ভাবে তাঁহাদের নিকট প্রচারিত হইয়াছিল, উহা তাঁহারা যেমন বৃদ্ধিয়াছিলেন—আমাদের পক্ষে তাহা ঠিক সেই ভাবে বৃন্ধা অসম্ভব।—অভএব, গীতার স্থায় একথানি পুরাতন গ্রন্থের অর্থ লইয়া যে মতভেদ হইবে তাহাতে বিশ্বিত হইবার কিছু নাই। গীতাকে লইয়া কত বিভিন্ন ভাষ্য, বিভিন্ন টীকার্বিত হইয়াছে এবং আজও হইতেছে ইহা হইতে বৃন্ধা যায় যে গীতাক্থিত দার্শনিক তথ্য সমূহের ঠিক অর্থ বোঝা এখন আর সম্ভব নহে।

তবে, কিসের জন্ত আমরা গীতা পড়িব ? দর্শন-শাস্ত্র শিক্ষা ও আলোচনা করিবার নিমিন্ত গীতা পাঠের কোন বিশেষ আবশুকতা নাই। যে সকল সত্য ভাষু বৃদ্ধিগম্য নহে—যোগলন্ধ দৃষ্টিতেই ফেগুলি জানিতে পারা যায়—যাহা হইতে মানুষ আধ্যাত্মিক জীবন গঠনে অনেক সহায়তা পাইতে পারে—এইরূপ সত্যসমূহের সন্ধান গীতার ভিতর আছে এবং এই সকল সত্য বর্ত্তমান ভাব ও ভাষার ভিতর দিয়া প্রচার করাই গীতা-আলোচনার উদ্দেশ্য হওয়া উচিত।—মানুষ বৃদ্ধির চালনায় জগৎতত্ত্ব সম্বন্ধে যত প্রশ্ন, যত সমস্থা তুলিতে পারে গীতার মধ্যে সে সকলের

সমাধান নাই বটে, কিন্তু বাস্তব জীবনে, কর্মক্ষেত্রে পথ দেখাইতে পারে, আধ্যাত্মিক উন্নতিতে সহায়তা করিতে পারে, এরপ যত সত্য গ্রহণ করিবার শক্তি আমাদের আছে সে সমুদায়ই গীতার ভিতর আছে এবং এইখানেই গীতাপাঠের সার্থকতা।

যোগলন্ধ, যোগজীবনের সহায় সার্ব্বজনীন সত্যসমূহ প্রচার করিতে হইলে. দেশকালোপযোগী ভাব ও ভাষা অবলম্বন করিতে হয় এবং প্রচলিত দার্শনিক পরিভাষা ও মতবাদসমূহেরও সাহাযা লইতে হয়। তবে কোন বিশেষ দেশ বা কালের বাহিরে প্রযুজ্য নহে, গীতাতে এমন কথা খুব কম আছে এবং গীতার ভাব এরপ উদার ও গভীর যে এইগুলি সহজেই সর্বাযুগ সর্বাদেশের করিয়া ধরিয়া লওয়া যাইতে পারে, ইহ। আমরা পূর্ব্বেই দেখিয়াছি। গীতায় যে সকল দার্শনিক মতবাদের উল্লেখ আছে দেগুলিকেও আমাদিগকে এই ভাবেই লইতে হইবে। গীতা যেখানে যোগদর্শন বা সাংখ্যদর্শনের উল্লেখ করিয়াছে সেখানে পুরাকালে প্রচলিত সমগ্র যোগদর্শন বা সাংখ্যদর্শনের কথা ভাবিবার কোন প্রয়োজন নাই। বৈদান্তিক সতোর প্রতিষ্ঠার নিমিত্র সাংখ্য ও যোগের মধ্যে সার বস্তু যুহুটা পাওয়া গিয়াছে, গীতায় তাহাই লওয়া হইয়াছে। গীতা সাংখ্য ও যোগকে একই বৈদান্তিক সত্যে পৌছিবার তুইটা পথ বলিয়া বর্ণনা করিয়াছে—জ্ঞানের পথই সাংখ্য, কর্ম্মের পথই যোগ।

টীকাকারের। গীতাকে কোন এক বিশেষ দার্শনিক মতবাদের প্রামাণ্য গ্রন্থ বলিয়া প্রমাণ করিতে চেঠা করেন। কিন্তু সকল মতের লোকই যে নিজেদের মত সমর্থন করিতে গীতার আশ্রয় গ্রহণ করেন, ইহা হুইতেই বুঝা যায় যে কোন বিশেষ দার্শনিক মতবাদকে সমর্থন করিবার জন্ম গীতা লিখিত হয় নাই। তৎকালপ্রচলিত সমস্ত মতবাদের উদার সমন্বয় গীতার ভিতরে দেখা যায় এবং এই সমন্বয়ের সাহায়ে গীতা যে চিরস্তন সত্যসমূহ প্রকাশ করিয়াছে—তাহার প্রমাণ শুধু যুক্তি তর্ক নহে। গীতাপ্রদর্শিত পথে যাহারা অগ্রসর হইবেন তাঁহারাই ঐ সকল সত্য প্রত্যক্ষ উপলব্ধি করিয়া নিজেদের সন্দেহ ভঞ্জন করিয়া আরও অগ্রসর হইতে পারিবেন।

গীতার ভাষা, গীতার চিম্তার ধারা, গীতার ভাব প্রকাশের রীতি পদ্ধতি এরপ যে কোন বিশেষ মতবাদের ভিতর গীতা সীমাবদ্ধ নহে. কোন মতবাদকে গীতা সম্পূর্ণভাবে বর্জন করে না। এক অনাদি ব্রহ্ম হইতে সমগ্র জগতের উৎপত্তি একথা গীতা স্বীকার করিলেও অদৈতবাদ গীতার মত নতে এবং যদিও গীতা ত্রিগুণময়ী মায়ার কথা বলিয়াছে তথাপি গীতা মায়াবাদী নহে; যদিও গীতার মত এই যে সেই এক ব্রহ্মের পরা প্রকৃতিই জীব হইয়াছে এবং ত্রন্ধে মিশিয়া এক হইয়া যাওয়ীর উপরে জোর না দিয়া তাহাতে বাস করার কথাই গীতা বিশেষভাবে বলিয়াছে, তথাপি বিশিষ্টাদ্বৈত্বাদ্ও গীতার মত নহে। পুরুষ ও প্রকৃতির সংযোগ হইতেই যে সংসার হইয়াছে একথা স্বীকার করিলেও গীতা সাংখ্য নহে; পুরাণে যাহাকে বিষ্ণুর অবতার বলা হইয়াছে সেই কৃষ্ণকেই গীতা পূর্ণ ভগবান বলিয়াছে এবং অনাদি অনস্ত ব্রহ্ম হইতে কৃষ্ণকে ভিন্ন বা কোন অংশে ছোট বলে নাই—তথাপি গীতা বৈষ্ণব ধর্মগ্রন্থ নহে। দার্শনিক মতবাদের তর্কযুদ্ধে কোন পক্ষের অস্ত্ররূপে ব্যবহৃত হইবার জ্ঞ গীতা লিখিত হয় নাই। ইহার ভিতর সকল মতবাদের অপূর্ব্ব সমন্বয় আছে এবং এমন তথ্যের সন্ধান আছে যাহার সাহায্যে সমস্ত আধ্যাত্মিক সত্যের জগতে প্রবেশ লাভ করা যাইতে পারে।

ভারতের চিন্তার ইতিহাসে এইরূপ সমন্বয় অন্ত সময়েও হইয়াছে। প্রাচীন ঋষিগণের আধ্যাত্মিক সাধনার ফলে বাহাজগতের অন্তরালে বে দেবজগতের সন্ধান মিলিয়াছিল তাহাই তৎকালোচিত ভাব ও ভাষায় বেদে বর্ণিত হইয়াছে। এই সকল আধ্যাত্মিক সত্যের সংগ্রহ এবং তাহাদের মধ্যে গভীর সামঞ্জন্তের সমাধান করিয়া উপনিবদ্ গৃহত্তর সমন্বয় সৃষ্টি করিল। এই অপূর্বের আকর উপনিবদ্ধম্হকে মহন করিয়া বিচার যুক্তির সাহায্যে গীতা পরমার্থ লাভের উপায় স্বরূপ কর্মা, জ্ঞান ও ভক্তি এই তিন শক্তির সামঞ্জন্ত বিধান করিয়াছে। তম্ম গাবার আধ্যাত্মিক জীবনের বাধাসমূহকে ধরিয়া সেইগুলিকে পূর্ণতর জীবনের সহায়রপে ব্যবহার করিবার পথ দেখাইয়াছে—সমগ্র জীবনকে ভগবানের লীলা স্বরূপ উপলব্ধি করিবার সন্ধান দিয়াছে। মান্তব্য বে পূর্ণ দেবত্ব লাভ করিতে পারে বৈদিক ঋষিরা তাহা জানিতেন, তম্ম আবার এই সত্য ধরিয়াছে এইং অতঃপর মানবজাতির ভবিশ্বৎ গঠনে এই সত্য বিশেষ প্রভাব বিস্তার করিবে।

বে বুগে মানুষ পূর্ণ দেবত্বের দিকে অসগ্রর হইবে এখনই তাহার স্চনা হইরাছে। বেদ বা উপনিবদ্, গাঁতা বা তত্ত্বের চতুর্সীমার মধ্যে আমাদিগকে বন্ধ থাকিতে হইবে না। কত নৃতন স্রোত আমাদের ভিতর প্রবেশ করিরাছে। শুধু ভারতের নহে, সমগ্র জগতের মহান্ ধর্মনীতিগুলি আমাদের উপর প্রভাব বিস্তার করিতেছে। বর্ত্তমান মুগের অনুসন্ধিৎসার ফলে বে সকল শক্তিপূর্ণ তথ্য আবিষ্কৃত হইতেছে সেগুলিও আমরা অবহেলা করিতে পারি না; প্রাতন, অতি প্রাতন যুগের কত ওপ্র রহস্ত, নৃতন আলোক আমাদের সম্বথে উদ্বাসিত হইতেছে। এই সকল হইতে স্পষ্টই প্রতীয়মান হয় যে আবার আমরা আর এক মহান্—অতি মহান্ সমন্বয়ের

সশ্মুখীন হইয়াছি। কিন্তু, পূর্ব্বপূর্ব্ব কালে যেমন শেষের সমন্বয়কে ভিত্তি করিয়াই নৃতন বৃহত্তর সমন্বয় গড়িয়া উঠিয়াছে—এবারেও সেইরূপ আমাদিগকে ভবিশ্বৎ বিরাট সমন্বয়ের জন্ম গীতাকেই ভিত্তি করিতে হইবে —গীতা হইতেই আরম্ভ করিতে হইবে।

অতএব, পাণ্ডিত্যের সহিত দার্শনিক গৃঢ়তত্ত্বর স্কল্ম আলোচনার নিমিত্ত আমরা গীতা পাঠ করিতে চাহি না। গীতার মধ্যে যে সার্বজনীন চিরন্তন সার সত্য নিহিত রহিয়াছে, যাহার সাহায্যে মান্ত্র আধ্যাত্মিক জীবন গঠন করিতে পারে, পূর্ণ দেবত্বের দিকে অগ্রসর হইতে পারে— তাহার সন্ধান করাই আমাদের গীতা পাঠের উদ্দেশ্য।

দিতীয় অধ্যায়

ভগবান গুরু

জগতের অন্ত সমস্ত ধর্ম পুস্তক হইতে গীতার বিশেষ তফাৎ এই যে গীতা বেদ, উপনিষদ, কোরাণ বা বাইবেলের মত নিজেই একটি স্বতম্ত্র পুস্তক নহে—ইহা একটি জাতির জীবন ও যুদ্ধের ইতিহাস মহাকাব্য মহাভারতের অংশ। তৎকালীন এক মুখ্য ব্যক্তি তাহার জীবনের সর্ক্বপ্রধান কর্ম্মের সম্মুখীন হইয়াছে, সে কর্ম্ম অতি ভীষণ, তাহাতে বিষম অনর্থ ও রক্তপাতের সম্ভাবনা, এমন সময় উপস্থিত যে—হয় তাহাকে পশ্চাৎপদ হইতে হইবে নতুবা অচল অটল ভাবে সেই কর্ম্ম শেষ পর্যান্ত সম্পন্ন করিতে অগ্রসর হইতে হইবে—এই সন্ধিক্ষণে গীতার উৎপত্তি।

কেহ কেহ বলেন গীতা স্বতন্ত্রভাবে রচিত হইয়াই প্রতিষ্ঠার জন্ম গ্রন্থকার কর্ত্ব বিখ্যাত মহাকাব্য মহাভারতের ভিতর প্রক্রিপ্ত হইয়াছিল। এই মতের পক্ষে বিশেষ কোন প্রমাণ নাই। কিন্তু, ষদিও একথা সত্য হয়, তাহা হইলে আমাদিগকে মনে রাখিতে হইবে যে গ্রন্থকার অতি যত্নের সহিত গীতাকে মহাভারতের সহিত মিশাইয়া দিয়াছেন এবং যে ঘটনা স্ববাধন করিয়া গীতার শিক্ষা কথিত হইয়াছে তাহা পুনঃ পুনঃ স্মরণ করাইয়া দিয়াছেন। "তুমি যুদ্ধ কর" একথা শুধু যে গীতায় প্রথমে বা শেষে আছে তাহা নহে—বখন গভীর দার্শনিক তরের আলোচনা হইতেছে, তাহার মধ্যেও গ্রন্থকার অনেক সময় স্পষ্টভাবেই এই কথার উল্লেখ

করিয়াছেন। অতএব, গীতা বৃঝিতে হইলে এই যে ঘটনা গুরু ও শিষ্য উভয়ে সকল সময়েই মনে রাখিয়াছিলেন—তাহার হিসাব আমাদিগকে করিতেই হইবে। গীতায় আধ্যাত্মিক ও নৈতিক তত্ত্বসমূহ সাধারণ ভাবে আলোচিত হয় নাই, জীবনের বাস্তব সমস্যা সমাধানে ঐ সকল তত্ত্বের প্রয়োগ করা হইয়াছে। সেই সমস্যা কি, কুরুক্ষেত্রের য়ুদ্ধের অর্থ কি, অর্জ্জ্নের আভ্যস্তরিক জীবনের উপরেই বা ইহার প্রভাব কি—তাহঃ বুঝিতে না পারিলে গীতার মর্ম্ম হদয়ঙ্গম করা সম্ভবপর নহে।

জীবনের কোন সামান্ত ব্যাপার লইয়া যে সকল প্রশ্ন বা সংশয় উঠে. ধর্মাধর্ম সম্বন্ধে প্রচলিত সাধারণ ধারণার দ্বারাই সে সকলের সমাধান হইতে পারে। কিন্তু এরূপ সাধারণ ঘটনা প্রসঙ্গে জীবনের গুঢ় রহন্ত সম্যক আলোচনা করা যায় না। বহুমুখী গভীরতম জ্ঞানের প্রচার করিতে হইলে এরপ অসাধারণ ঘটনা প্রয়োজন, যে প্রসক্তে কঠিন প্রশ্ন, নৈতিক ও আধ্যাত্মিক তত্ত্বের জটীল সমস্থাসমূহ আপনিই উঠিতে পারে। গীতীর শুক্র এবং শিষ্য এবং যে অবস্থায় গীতার শিক্ষা দেওয়া হইয়াছে এই তিনটির বিশেষ নিগৃঢ় অর্থ আছে। মানবের জীবন ও আধ্যাত্মিকতার গুঢ় সমস্তাসমূহ এই তিন্টির সাহায়ে কতকটা রূপকছলে ব্যাখ্যাত হইয়াছে। মানবরূপে অবতীর্ণ ভগবানই গীতার গুরু। ভগবান তাঁহার গুঢ় উদ্দেশ্য সাধনের নিমিত্ত যে বিরাট যুদ্ধের আয়োজন করিয়াছেন এবং অলক্ষ্যে চালনা করিতেছেন—সেই কর্ম্মের নায়ক এবং সেই যুগের মুখ্য ব্যক্তি অর্জুন হইতেছেন গীতার শিশ্য। যুদ্ধক্ষেত্রে ভীষণ জ্ঞাতিহতাার সম্ভাবনা দেখিয়া অর্জ্নের মনেব ভিতর যথন তোলপাড় উপস্থিত, ধর্মাধর্ম **শব্দে** তাঁহার অভান্ত ধারণাসমূহ ধাকা থাইয়া যথন ওলট পাল্ট হইয়া গিয়াছে, জগৎ কি, ঈশ্বর কি, মানবের জীবনের, মানবের কর্ম্মের অর্থ কি, উদ্দেশ্য কি—এই সমস্ত প্রশ্ন যথন স্বতঃই উঠিয়াছে সেই সন্ধিক্ষণ অবলম্বন করিয়া গীতার শিক্ষা প্রচারিত হইয়াছে।

ভগবানের অবতার সম্বন্ধে বিশ্বাস ভারতবর্ষে প্রাচীন কাল হইতেই স্থপ্রচলিত আছে। পাশ্চাতা দেশে এ বিশ্বাস কথনই তেমন দৃঢ় হয় নাই, কারণ দেখানে লোকে অবতারের কথা হুধু ধর্মগ্রন্তেই পড়িয়াছে, যুক্তির দার। বা জীবনে তাহারা ইহার মর্ম্ম উপলব্ধি করে নাই। ভারত-বাদীর জীবনের উপর বেদান্তপ্রচারিত সত্যের প্রভাব অত্যন্ত বেশী এবং শেই সভোর সহিত অবতার-বাদের বিশেষ সম্পর্ক থাকায় ইহা **সহজেই** ভারতবাসীর বৃদ্ধিতে বন্ধমূল হইয়া গিয়াছে। জগতে যাহা কিছু আছে স্বই ভগবানের প্রকাশ। তিনিই এক্যাত্র সংবস্ত এবং তাহার মূর্ত্তি বা অংশ ভিন্ন আর কিছুরই অন্তিত্ব নাই। তবে, ভগবানের প্রকা**শেরও** ক্রম আছে। ভগবান নিতা, ভদ্ধ, পরব্রন্ধ। সাধারণ জীবে ভগবানের অংশ মারার আবরণে আবদ্ধ রহিয়াছে, অজ্ঞানাদ্ধ জীব তাহার দেবত্ব উপলব্ধি করিতে পারে না। স্থানে স্থানে ভগবানের বিশেষ **শক্তির** আবিভাব—দেওলি বিভূতি বলিয়া পরিচিত। কিন্তু, যথন সেই অজ অব্যামামা ভূতগণের ঈধর জগতের কল্যাণের নিমিত্ত নিজ মায়াকে বশীভূত করিলা (সাধারণ জীবের মত মালায় ব্লাভূত হইলা নছে) মালিক দেহ এহণ করেন —মানব শরীরে জন্মগ্রহণ করিয়াছেন বলিলা প্রতীত **হন**— সর্বশ্তিমান হটয়াও মানবোচিত শ্রীর মন বুদ্ধির ভিতর দিয়। কর্ম করেন—তথনই তাহাকে অবতার বলা হয়।

মানুষের মধ্যেই ভগবান রহিয়াছেন। মানুষ যেদিন তাতা সমাকরূপ উপলব্ধি করে—সেই দিন হইতেই সে ভগবানের মধ্যে বাস করে। বেদাস্তবাদীদের মধ্যে যাঁহার। বৈষ্ণুব তাঁহারা নর-নারায়ণের রূপক অবল্বন করিয়া এই তব্টি বেশ পরিস্ফুট করিয়াছেন। নর নারায়ণের চির সাথী। নর অর্থাৎ জীবাত্ম। যেদিন বুঝিতে পারে যে সে নারায়ণ অর্থাৎ পরমাত্মার স্থা। তখনই সে স্ব স্বরূপে প্রতিষ্টিত হয়, তখন হইতেই সে ভগবানের নিকট বাস করে—"নিবসিয়াসি ময়োব।" স্থারূপে ভগবান সকল সময়েই আমাদের কাছে কাছে রহিয়াছেন—আমাদের হৃদয়-রথে সর্বনাই তিনি সার্থিরূপে বর্ত্তমান থাকিয়া আমাদিগকে চালাইতেছেন—

উশ্বঃ সর্বভূতানাং হৃদ্দেশেহর্জুন তিন্ঠতি।
—তিনি যে আমাদের কত আপনার, কত নিকট বন্ধু, আমাদের হাত্রধরিয়া কেমন করিয়া তিনি আমাদিগকে চালাইতেছেন—তাহা আমরা বৃঝি না। যেদিন এই মায়ার আবরণ, এই অজ্ঞানের অন্ধকার টুটিয়া যায়, মান্ন্র হৃদিস্থিত হ্বীকেশের সন্মুখীন হয়, তাহার বাণী শুনিয়া প্রমাদ ঘুচায়, তাহার শক্তিতে কর্ম্ম করে—তথনই সে তাহার মনবৃদ্ধি ভগবানে সম্পূর্ণভাবে সমর্পন করিতে এবং ভগবানের মধ্যে বাস করিতে সক্ষম হয় এবং ইহাকেই গীতা "উত্তম রহস্ত" বলিয়াছেন। মানুষের মধ্যে হ্বীকেশ অন্তর্যামীন্ধপে চিরদিনের জন্মই অবতার—এই অন্তর্যামী ভগবান যথন মানব শরীর, মানব মন বৃদ্ধি গ্রহণ করিয়া জগৎকে শিক্ষা দেন, পথ দেখান, চালিত করেন তথন তিনি বাহাজগতে অবতারক্রপে প্রকট হন।

অতএব অবতারবাদের হুইটী দিক আছে। সকল মানবের মধ্যেই ভগবান রহিয়াছেন—যদি আমরা এই অন্তর্য্যামী ভগবানকে অবতার বিলিয়া ধরিয়া লই তাহা হইলে ভগবান বাস্তবিকই স্বয়ং মানব শরীর গ্রহণ করেন, একথা না মানিলেও গীতার অর্থ বৃথিতে বিশেষ কোন অস্ক্রিধা

হয় না। বাস্তবিক যাভ্ৰথই নামে কোন মানব পৃথিবীতে কথনও ছিলেন কি না ইহা লইয়া ইউরোপে যে বাগ্বিভণ্ডা হইয়াছে ভারতের পণ্ডিতের। তাহাকে পণ্ডশ্রম বলিয়াই মনে করিবেন। আমাদের ফদয়ের ভিতর যীশু রহিয়াছেন তাহাকে যদি আমরা উপলব্ধি করিতে পারি, তাহার শিক্ষার আলোকে নিজেদের আধ্যাত্মিক উন্নতি সাধন করিতে পারি, দেবভাব পাইবার জন্ত মানুবভাব হইতে মুক্ত হইতে পারি তাহা হইলে যাশু বলিয়া কেহ মেরীর পুত্র জন্ম গ্রহণ করিয়াছিল কি না, রাজদ্রোহ অপরাধে তাহাকে কুশে বিদ্ধ করিয়া মারা হইয়াছিল কি না তাহাতে আমাদের কিছুই আসিয়া যাইবে না। সেইরূপ যে রুক্ত চিরন্তন অবতাররূপে মানবমাত্রেরই হৃদয়ে বর্তুমান তাহাকেই আমাদের প্রয়োজন—বাস্তবিক জগতে কোন যুগে কুক্ত বলিয়া কোন নেতা বা গুরু ছিলেন কি না তাহা লুইয়া মাথা খামাইবার কোন আবশ্রকতা নাই।

কৃষ্ণ কুরুক্তেরে যুদ্ধন্থলে অর্জ্জুনকে গীতা শিক্ষা দিয়াছিলেন—
মহাভারতে ইহাই কথিত হইয়ছে। কিন্তু এই নরদেবতা ক্লুফের কেবল
আধ্যাত্মিক অর্থ ধরিলেই গাতা-প্রচারিত শিক্ষার মর্ম্ম গ্রহণ করিতে পার।
যায়। কৃষ্ণ মে ঐতিহাসিক বাক্তি তাহাতে কোন সন্দেহই নাই।
ছান্দোগ্য উপনিষদেই তাহার নামের প্রথম উল্লেখ দেখিতে পাওয়া যায়।
সেখান হইতে বুঝা যায় যে কৃষ্ণ একজন ব্রহ্মবেত্তা বলিয়া বিখ্যাত ছিলেন।
বাস্তবিক তিনি এবং তাহার জীবনের কোন ব্যাপার লোকের নিকট এত
পরিচিত ছিল যে শুধু দেবকীনন্দন বলিলেই লোকে তাহাকেই বুঝিত।
ঐ উপনিষদেই বিচিত্রবীর্য্যের পুত্র ধৃতরাষ্ট্রেরও উল্লেখ আছে। ত্ইজনেই
মহাভারতের প্রধান ব্যক্তি। অতএব, কর্কক্ষেত্রের যুদ্ধ যে বাস্তবিকই
ভাটিয়াছিল, মহাভারতের প্রধান নামকের। যে ঐতিহাসিক ব্যক্তি এবং

্লোকের মনে দুঢ়রূপে অঙ্কিত এই সকল ব্যক্তির জীবন ইতিহাস অবলম্বন করিয়াই যে মহাকাব্য মহাভারত রচিত তাহা স্বীকার করা যাইতে পারে। গ্রীষ্টিয় শতাব্দির পূর্বে ভারতবাসী কৃষ্ণ ও অর্জুনকে দেবতাজ্ঞানে পূজা করিত বলিয়া জানিতে পারা যায়। খুব সম্ভব ক্লম্ভ ধর্মপ্রচারক ছিলেন এবং তিনি যেরূপ ধর্ম প্রচার করিয়াছিলেন গীতাকার তাহা হইতেই গীতার অনেক **উ**পাদান সংগ্রহ করিয়াছেন। গীতাতে জ্ঞান, ভক্তি ও কর্ম্মের যে সমন্বয় করা হইয়াছে, বোধ হয় রুষ্ণ প্রচারিত ধর্মাই তাহার ভিত্তি। গীতার বর্ত্তমান আকার যাহাই হউক ন। কেন, ক্লফের শিক্ষা হইতেই ইহার উৎপত্তি এবং অর্জুনকে ়কুরুক্ষেত্রের যুদ্ধে প্রবৃত্ত করিবার জন্তই কৃষ্ণ তাঁহার নিকট এই ধর্ম ব্যাথ্য। করিয়াছিলেন—এ কথাটা নিছক কবি কল্পনা নাও হইতে পারে। মহাভারতে রুফকে ঐতিহাসিক ব্যক্তিও বলা হইয়াছে. অবতারও বলা হইয়াছে। ইহা হইতেই বুঝা যায় যে যথন মহাভারত লিখিত হয় (খ্রীষ্টপূর্ব্ব পঞ্চম হইতে প্রথম শতাব্দীর মধ্যে) তথন ক্লঞ্চের পূজা ও তাঁহাকে অবতার বলিয়া বিশ্বাস সাধারণের মধ্যে স্কপ্রতিষ্ঠিত হুইয়াছিল। বুন্দাবনে রুষ্ণের প্রথম জীবনেরও কিঞ্চিং আভাস ঐ কাব্যের মধ্যে পাওয়া যায়। পৌরাণিকেরা ক্লফের সেই বাল্যঙ্গীবন লইয়া যে গভীর আধ্যাত্মিক অর্থপূর্ণ রূপকের স্থলন করিয়াছেন তাহা ভারতবাদীর ধর্ম-জীবনের উপর বিশেষ প্রভাব বিস্তার করিয়াছে। হরিবংশেও আমরা ক্লফের জীবনের বর্ণনা পাই—দেখানে অনেক কল্লিত বিম্মাকর ঘটনার সমাবেশ আছে; বোধ হয় সেইগুলিই পৌরাণিক বর্ণনাসমূহের ভিজ

কিন্তু, ঐতিহাদিক গবেষণার জন্ম এ সকলের মূল্য অধিক হইলেও

বর্ত্তমান ক্ষেত্রে এ সব তর্ক বিতর্কের কোন প্রয়োজন নাই। গুরুরূপী ভগবানকে গীতা যে ভাবে আমাদের সম্মুখে ধরিয়াছে এবং মানবজীবনকে আধাাত্মিক আলোকে উদ্থাসিত করিবার যে শক্তি তাহার আছে—শুধু সেইটি বুঝিলেই চলিবে। গীতা অবতার স্বীকার করে। গীতায় ভগবান বলিয়াছেন—বহুবার তাঁহার জ্না হইয়। গিয়াছে। তাঁহার জ্না মরণ না পাকিলেও তিনি অঘটন-ঘটন-পটীয়দী তিগুণময়ী মায়াকে স্বকীয় চিদাভাদ যোগে আশ্রয় করিয়া দেহীর ন্তায় আবিভূতি হন। এই অনাভা মায়া তাঁহার উপাধি মাত্র, ব্যবহার কাল প্রয়ন্ত উহা তাহাতে থাকিয়া জগতের কার্যা সম্পাদন করে। কার্যা শেষ হইলেই মালা তিরোহিত হইরা যায়। এই মান্ত্রিক আবির্ভাব ও তিরোভাবের নাম তাঁহার জন্ম মরণ। কিন্তু এই ষ্পবতারত্বের উপর গীতার ঝোঁক নাই। যাহ। হইতে সর্ব্বভূতের আবির্ভাব, যিনি সর্পান্তরে ঈশ্বর, মন্তুগ্রের গোপন হৃদয়বিহারী সেই অতীক্রিয়, অন্তর্য্যামা ভগবানই গীতা প্রচারিত শিক্ষার কেন্দ্র। এই অন্তর্য্যামী ভগবানকে নির্দেশ করিয়াই গীতার সপ্তদশ অধ্যায়, ষষ্ঠ শ্লোকে বলা হইয়াছে—"অত্যুগ্র স্বাস্থ্রিক তপস্থাকারীয়া দেহমধ্যস্থিত আমাকে কুনীকৃত করে।" এই অন্তর্যামিকে লক্ষ্য করিয়াই বোড়শ অধ্যায় অঠানশ শ্লোকে বলা হইয়াছে—"মামুর পুরুষগণ নিজ ও অন্তের দেহস্থিত আ্যারূপী আমাকে দ্বের করিয়া থাকে।" দশম অধ্যায় একাদশ শ্লোকে বলা হইয়াছে "মামি তাহাদের অজ্ঞানজনিত অন্ধকার তত্ত্তানরূপ অত্যুজ্জন প্রদীপ দার। বিনষ্ট করিয়া থাকি"—এথানে দেই মান্তামর অন্তঃকরণে স্থিত ভগবানেরই কথা বলা হইয়াছে। এই চিরন্তন অবতার, মন্তুয়ের ভিতরের ভগবান সর্বকালে মাতুষের মধ্যস্থিত এই দৈবচৈত্ত বাহ্ দুখুরূপে গীতায় মানবাত্মার সহিত কথা কহিয়াছেন, জীবন ও দৈবকর্মের গুঢ়তত্ব বুঝাইয়'

ছেন, সংশারের বিষম রহস্তের সম্মুখীন কিংকর্ত্ব্যবিমৃত্ মানবকে ভগবদ্বাক্য, ভগবদ্জ্ঞানের আলোক দিয়াছেন, অভয় দিয়াছেন, সান্ত্বনা দিয়াছেন। ভগবান বে গুরু, সখা ও সহায় রূপে সকলের হৃদয়ে রহিয়াছেন ভারতের ধর্ম তাহাই পরিস্টুট করিবার নিমিত্ত কোথাও মন্দিরে ভগবানের মানবমূর্ত্তি স্থাপন করিয়াছে, কোথাও অবতারের পূজা করিতেছে, কোথাও মানবগুরুর মুখ দিয়া সেই এক জগৎগুরুর কথা গুনিবার জন্ম শ্রদ্ধা ও ভক্তির সহিত গুরুর অর্চনা করিতেছে। এই সকল আচরণের দারা চেটা হইতেছে যেন আমরা সেই হাদস্থিত ভগবানের ডাকে সাড়া দিতে পারি, মায়ার আবরণ ভেদ করিয়া সেই অর্পের রূপ দর্শন করিতে পারি, সেই ভগবদ শক্তি, ভগবদ প্রেম, ভগবদ জ্ঞানের সম্মুখীন হইয়া দাঁড়াইতে পারি।

দিতীয়তঃ, নররূপী ক্বন্ধ যে মহাভারত বর্ণিত বৃহৎ কর্ম্মের গুপু কেব্রু, তিনি নায়ক না হইয়াও সম্ভরালে থাকিয়া যে সমস্তই পরিচালন করিতেছেন, ইহারও নিগৃত আধ্যাত্মিক অর্থ রহিয়াছে। ঐ বৃহৎ কর্ম্মে বহু লোক, বহু জাতি জড়িত। কেহু নিজে কোন লাভের আকাজ্জানা করিয়া একটা কার্য্যোদ্ধারে সাহায্য করিতে আসিয়াছে, ক্বন্ধ এই দলের নেতা। কেহু প্রতিদ্বন্দী হইয়া আসিয়াছে, ক্বন্ধও তাহাদের প্রতিদ্বন্দীরূপে তাহাদের কোশল ব্যর্থ করিতেছেন, তাহাদের বিনাশ সাধন করিতেছেন। তাহাদের মধ্যে কেহু কেহু ক্বন্ধকে সকল অস্থায়ের প্রবর্ত্তক এবং প্রতিষ্ঠিত সমাজ ও ধর্ম্মের ধ্বংসকর্তা বলিয়া মনে করিতেছে। ঐ কর্ম্মের সাফল্যই যাহাদের উদ্দেশ্য, ক্বন্ধ তাহাদের উপদেষ্টা, সহার, স্কৃষ্ণ। ঐ কর্ম্ম যথন স্বভাবনির্দিষ্ট পথে চলিয়াছে, কর্ম্মের কর্ত্তাগণ যথন শত্রুহন্তে নির্যাতিত হইয়া এবং নানা সন্ধটের মধ্য দিয়া ভবিয়্যৎ জয়ের জন্ম তৈয়ারী হইতেছে—

অবতার তথন অদৃশ্র, কথনও কেবল সান্ত্রনা ও সাহায্যের জন্ম দেখা দিয়াছেন। কিন্তু, প্রত্যেক সন্ধিক্ষণেই তিনি হস্তক্ষেপ করিতেছেন— তাহাও এরপ অলক্ষ্যে যে সকলেই আপনাকেই সম্পূর্ণ কর্ত্তা বলিয়া মনে করিতেছে। এমন কি তাঁহার প্রিয়তম স্থা ও প্রধান যন্ত্র আর্জুনও নিজেকে যন্ত্র মাত্র বলিয়া বুঝিতে পারেন নাই এবং শেষে তাঁহাকেও স্বীকার করিতে হইয়াছে যে এতকাল তিনি তাহার স্থারূপী ভগবানকে চিনিতে পারেন নাই। তাঁহার উপদেশ হইতে জ্ঞান লাভ করিয়াছেন, তাঁহার শক্তি হইতে সাহায্য লাভ করিয়াছেন, তাঁহাকে ভালবাসিয়াছেন, তাঁহার ভালবাসা পাইয়াছেন, এমন কি তাঁহার ভগবদপ্রকৃতি না বুঝিয়াও তাঁহাকে পূজা করিয়াছেন। কিন্তু, তিনিও অপরের ন্তায় অহঙ্কারের বশেই চলিয়া-ছেন। অজ্ঞানীকে যে ভাবে উপদেশ দেওয়া হয়, সাহায্য দেওয়া হয়, পরিচালন করা হয়, অজ্ঞানী তাহা যে ভাবে গ্রহণ করে—অর্জ্ঞানর পক্ষে তাহাই হইয়াছে। যতক্ষণ না সব আসিয়া কুরুক্ষেত্রের ভীষণ বৃদ্ধের ফলাফলের উপর নির্ভর করিল, এবং ভগবান সার্থি রূপে (তথনও যোদ্ধা রূপে নহে) ঐ যুদ্ধের নায়কের রথে না নামিলেন—ততক্ষণ তিনি তাঁহার প্রিয়ত্মদের নিকটও আত্মস্বরূপ প্রকাশ করেন নাই।

অতএব মানুষের সহিত ভগবান কিরূপ ব্যবহার করেন—নররূপী রুঞ্চ বেন তাহারই রূপক, প্ররুষ্ট উদাহরণ। আমাদের অহ্লারের ও গজ্ঞানের বশেই আমরা চলি—ভাবি বৃথি আমরাই কর্ত্তা, আমরা সকল কলের প্রকৃত কারণ। প্রকৃতপক্ষে বাহা আমাদিগকে চালিত করে, তাহাকে আমরা একটা অস্পষ্ট, এমন কি একটা মানুষিক ও পাণিব জ্ঞান আকাজ্ঞা বা শক্তির উৎস, কোন নীতি, জ্যোতিঃ বা তেজ বলিয়া মাথে মাথে দেখি, না জানিয়া, না বৃথিয়া পূজাও করি। শেষে এক দিন আসে যথন এই রহস্তের সন্মুথে আমাদিগকে স্তম্ভিত হইয়া দাঁড়াইতে হয়।

ভগবান শুধু মান্থবের আভ্যন্তরীণ জীবনেই নাই—সংসারের ছপ্তের্থ বিশাল কর্মকেত্র যাহা মান্থব বৃদ্ধির সাহায্যে অতি অল্পটুকুই অস্পষ্টভাবে বৃদ্ধিরা প্রতিপদে সংশ্যের সহিত অগ্রসর হয়—ভগবান সমৃদ্যই ব্যাপিয়া রহিয়াছেন। এইরূপ এক কন্ম যথন বিষম সন্ধিক্ষণে উপস্থিত তথনই গীতার শিক্ষার উৎপত্তি এবং ইহাই গীতার বিশেষত্ব। গীতা যে কর্মবাদ প্রচার করিয়াছে—এইরূপ ঘটনার সমাবেশে তাহা অতি পরিক্ষৃট হইয়াছে। ভারতের আর কোন ধর্মগ্রন্থে এরূপটা দেখিতে পাওয়া যায় না। শুধু গীতাতে নহে, মহাভারতের অস্তান্ত স্থানেও দেখিতে পাওয়া যায় যে কৃষ্ণ কর্মের প্রয়োজনীয়তা বিশেষ জারের সহিত প্রচার করিয়াছেন। কিন্তু, শুধু গীতাতেই তিনি কর্মের গৃঢ় রহস্ত এবং আমাদের কর্মের শস্তরালে যে ভগবদ শক্তি রহিয়াছে তাহার পরিচয় দিয়াছেন।

ভারতীর চিস্তার ইতিহাসে ও অস্তান্ত স্থানেও অর্জ্জ্ন ও ক্ষের, জীবাত্মা ও প্রমাত্মার সাহচর্গ্য অস্তান্ত রূপকের দ্বারা বর্ণিত হইয়াছে। কোথাও ইন্দ্র ও কুৎস এক রথে উপবিষ্ট হইয়া স্বর্গের দিকে চলিয়াছেন, কোথাও এক সৃক্ষের উপরে ছইটি পক্ষী বসিয়া রহিয়াছে, কোথাও য়ুগলরূপী নর ও নারায়ণ জ্ঞানের জন্ত এক সঙ্গে তপস্থা করিতেছেন। এই সকল স্থানে লক্ষ্য হইতেছে জ্ঞান লাভ; কিন্তু গীতার র্ব্বাস্থ্র ভিতরে পরম জ্ঞাননহে, যে কন্মের দ্বারা জ্ঞানে পৌছান যায়, যে কন্মের ভিতরে পরম জ্ঞানী স্বয়ং ভগবান রহিয়াছেন—সেই কন্মই লক্ষ্য। অর্জ্জ্ন এবং ক্ষম্ভ জ্ঞানলাভের নিমিত্ত ধ্যানের উপযোগী কোন নির্জ্জন শান্তিময় আশ্রমে উপস্থিত হন নাই, কিন্তু যোদ্ধা ও সারথিরূপে রণক্ষেত্রে শক্ষ-সম্পাতের মধ্যে

উপবিষ্ট রহিয়াছেন। অতএব, যিনি গীতার গুরু, তিনি মান্নবের অন্তর্থামী ভগবানরূপে গুধু জ্ঞানের জগতেই নিজস্বরূপ প্রকাশ করেন না—সমগ্র কর্মাজগতও তিনিই চালনা করেন। তাঁহার দ্বারা এবং তাঁহার জন্মই আমরা সকলেই জীবিত রহিয়াছি, কর্ম করিতেছি, যুদ্দ করিতেছি—সকলঃ মানব জীবন তাঁহারই অভিমুখে অগ্রসর হইতেছে। তিনিই সকলঃ কর্মোর, সকল যজ্ঞের অজ্ঞাত প্রভু—তিনি সকল মানবেরই স্কুছ্দ।

ভূতীয় অধ্যায়

মানব শিষ্য

গীতার গুরু কিরূপ তাহা দেখিলাম। তিনি চির্ন্তন অবতার, মানব ৈচিত্তে অবতীর্ণ ভগবান, সর্বভূতের স্দিস্থিত ঈশ্বর। দৃশু ইক্রিয়গ্রাহ বস্তু ও শক্তিসমূহের অস্তরালে থাকিয়া তিনি যেমন বিরাট বিশ্বব্যাপী কর্ম্ম পরিচালন করিতেছেন তেমনই আবরণের অন্তরালে থাকিয়া তিনি আমাদের সমস্ত চিন্তা, কর্ম্ম, বাসনা পরিচালিত করিতেছেন। যথন আমরা এই সম্ভরাল—এই আবরণ ঘুচাইয়া আমাদের অপ্রকৃত "আমি"র প**শ্চাতে** একত "আমি"র সন্ধান পাইব, আমাদের বাক্তিত্ব আমাদের জীবনের প্রকৃত অধীশ্বর সেই একমাত্র সত্য পুরুষের মধ্যে সমর্পণ করিতে পারিব, আমাদের চঞ্চল বিক্ষিপ্ত মনকে তাঁহার পূর্ণজ্যোতিতে ডুবাইতে পারিব, আমাদের সকল ভ্রান্ত ইচ্ছা, সকল নিম্ফল চেষ্টাকে তাঁহার বিরাট জ্যোতির্মায় অথণ্ড ইচ্ছাশক্তির ভিতর ছাড়িয়া দিতে পারিব,—যথন তাঁহার অফুরস্ত আনন্দের মধ্যে আমাদের সকল আবেগের সকল বহিমুঁখী বাসনার পরিতৃপ্তি হইবে—তথনই আমাদের উর্দ্ধগতি লাভের সকল চেষ্টা সফল ও সমাপ্ত হইবে। তিনি জগংগুরু। অন্ত সমস্ত শ্রেষ্ঠজ্ঞানই তাঁহার অনস্ত জ্ঞানের বিভিন্ন প্রতিচ্ছায়া এবং আংশিক বিকাশ। তাঁহারই বাণী শুনিবার জন্ম আমাদের আত্মাকে জাগাইয়া তুলিতে হইবে।

একদিকে মানবের সদয়বিহারী ভগবান যেমন গীতাজ্ঞানের গুরু,

অক্তদিকে তেমনই মানবপ্রধান অর্জ্জন গীতার শিষ্য। কুরুক্ষেত্রের যুদ্ধ-স্থলেই তাঁহার দীক্ষা হইয়াছে। যে সকল মানব এখনও জ্ঞান লাভ করে নাই কিন্তু স্কৃদিস্থিত ভগবানের সাহচর্য্যে সংসারে কর্ম্ম করিয়া ক্রমশঃ তাঁহার দিকে অগ্রসর হইয়াছে এবং জ্ঞানলাভের যোগ্য হইয়াছে, সন্দেহ ও সংশয়ে পীড়িত হইয়া প্রকৃত পথ ধরিবার জন্ম ব্যগ্র হইয়াছে অর্জুন তাহাদের প্রকৃষ্ট দৃষ্টান্ত। শুধু গীতাকে নহে,সমগ্র মহাভারতকেই মানবের আভান্তরিক জীবনের রূপক ভাবে ব্যাখ্যা করিবার একটা রীতি আছে। এই মতামু-সারে মহাভারত ও গীতা মানবের বাহ্য জীবন ও কর্ম্ম লইয়া লিখিত নহে— আধ্যাত্মিক জীবনে আমাদিগকে রিপুগণের সহিত যে সংগ্রাম করিতে হয় এখানে তাহাই বিস্তুত রূপকের সাহায্যে বণিত হইয়াছে। কিন্তু মহাভারতের ভাষা ও সাধারণ ধরণ হইতে এরূপ ব্যাখ্যা করিতে হইলে সকল সময়ই টানিয়া অর্থ করিতে হয় এবং গীতার সহজ সরল দার্শনিক ভাষাকে অদ্ভূত ভাবে বিক্লত করিতে হয়। বেদের ভাষা এবং কতক অংশে পুরাণের ভাষা যে রূপক তাহা স্পষ্টই বুঝা যায়—সেখানে অদুশু **জগতের বস্তু সমূহ বাহু মূ**র্ত্তি ও ঘটনার রূপকের ভিতর দিয়া বর্ণিত হইয়াছে। কিন্তু গীতার শিক্ষা সোজা কথায় লিখিত হইয়াছে এবং মাদুষের বাস্তব্ জীবনে যে সকল নৈতিক ও আধ্যাত্মিক প্রশ্ন উঠিতে পারে তংসমুহের সমাধানের চেষ্টা হইয়াছে। এই স্পষ্ট সহজ ভাষাকে নিজেদের খেয়াল মত টানিয়া রূপক বাহির করিলে চলিবে না। তবে যে অবস্থা অবলম্বন করিয়া গীতার শিক্ষা দেওয়া হইয়াছে সেটি আদর্শ অবস্থা। বাস্তবিক এরপ একটা আদর্শ অবস্থা না ধরিলে তাহার সহিত গীতার শিক্ষার সামঞ্জপ্ত থাকে না। আমরা পূর্বেই দেখিয়াছি, একটি বৃহৎ যুদ্ধের, জাতির बीবনে ভগবান কর্ত্তক চালিত এক বৃহৎ ব্যাপারের অর্জ্জন প্রধান কর্মী।

কর্ম্মের পথে মান্নুষ এমন ভীষণ সঙ্কটস্থলে উপস্থিত হয় যথন বিশ্ব সমস্তা, স্থ্ৰ-তুঃগ সমস্তা, পাপ-পুণ্য সমস্তা লইয়া তাহাকে বিত্ৰত হইয়া পড়িতে হয়। গীতার শিশ্য অর্জুন এরপ অবস্থায় পতিত মানবের প্রকৃষ্ট উদাহরণ।

যে রথে ভগবান কৃষ্ণ সার্থি, অর্জুন সেই রথের যোদ্ধা। মানব এবং দেবতা এক রথে চড়িয়। গস্তব্যস্থানে যাইবার নিমিত্ত মহাযুদ্ধ করিতেছে—এরূপ ছবি বেদেও চিত্রিত হইয়াছে, কিন্তু সেখানে ইহা নিছক রূপক। আলোক ও অমরত্বের দেশ স্বর্গের অধীশ্বর ইক্রই দেবতা। মানব যথন উচ্চ জীবনের পরিপন্থী মিথ্যা, অন্ধকার, সন্ধীর্ণতা, মৃত্যু প্রভৃতির সহিত যুদ্ধ করে তখন মানবের সাহায্যের নিমিত্ত সেই দিব্য জ্ঞানের মূর্ত্তি ইন্দ্র নামিয়া আসেন। ইন্দ্র যেখানকার অধীশ্বর সেই পরম জ্ঞানের আলোকে উদ্রাসিত, অমরত্বের রাজ্য স্বর্গই গস্তব্য স্থান। কুৎস মানব। কুৎস নামের অর্থ এই যে, সে সর্বাদা প্রকৃত জ্ঞানের অমুদন্ধান করিতেছে। অর্জ্জুন অর্থাৎ শ্বেত পুরুষ তাঁহার পিতা, খিত্রা অর্থাৎ খেত জননী তাঁহার মাতা। অর্থাৎ সে সান্ত্রিক, পবিত্র, জ্ঞানময় আত্মা—দৈবজ্ঞানের অথও ঐশ্বর্যোর অধিকারী। যাত্রাশেষে র্থ যথন গন্তব্য স্থান ইন্দ্রের রাজ্বে উপস্থিত হইল, তথন মানব কুৎস তাহার দেব সঙ্গীর এরূপ সাদৃশু লাভ করিয়াছে যে ইক্সের স্ত্রী সত্যজ্ঞানী শচী ভিন্ন আর কেহ উভয়ের মধ্যে তফাৎ বুৰিতে পারিল না। এই পর্নটা যে মান্তুষের আভ্যন্তরিক জীবনের রূপক তাহা স্পষ্টই বুঝা যায়। জ্ঞানের আলোক যত বদ্ধিত হয় ততই যে মানব দেবতার সাদৃখ্য লাভ করে তাহাই এখানে রূপকের সাহায্যে বর্ণিত হইয়াছে। কিন্তু গীতার স্ট্রনা কর্ম্ম হইতেই, এবং অর্জ্জুন জ্ঞানের লোক নহেন, কর্ম্মের লোক। তিনি মোটেই দ্রষ্টা বা জ্ঞানপিপাস্থ নহেন, তিনি যোদ্ধা।

শিষ্যের চরিত্রের এই বিশেষত্ব গীতার প্রথমেই পরিক্ট করা হইয়াছে এবং বরাবর এই বৈশিষ্ট্যের দিকে লক্ষ্য রাথা হইয়াছে। কুরুক্ষেত্রের মুদ্ধানে সমবেত জ্ঞাতিগণকে দেথিয়া অর্জ্জুনের যে ভাব, যে বিকারের উদয় হয়, তাহা হইতেই স্পষ্ট বুঝা য়ায় যে অর্জ্জুনের প্রকৃতি জ্ঞানীর নহে, কর্মার। যে সকল ভাবপ্রবণ চরিত্রবান বৃদ্ধিমান ময়য়ৢ সংসারের গৃছ রহস্ত সম্বন্ধে গভীর চিস্তা করিতে অভ্যন্ত নহে—কিন্তু, উচ্চ আদর্শ মানিয়ালইয়া সমাজে প্রচলিত বিধি নিষেধ অনুসরণ করিয়া সকল পত্রন অস্থানের মধ্যে নিশ্চিন্তমনে আপন আপন কর্ত্রবা করিয়া য়ায়— অর্জুনের প্রকৃতি তাহাদেরই মত।—এই সকল লোকের ধাান ধারণা আঘাত পাইয়া যথন ওলট পালট হইয়া য়ায়, এতদিন তাহায়া যে বিধি নিষেধ, যে আদর্শ মানিয়া কার্য্য করিয়া আসিতেছিল তাহাতে যথন ঘোর সন্দেহ উপস্থিত হয়, তথন কর্ম্মজীবনের সকল অবলম্বন হায়াইয়া তাহায়া যেমন বিমৃত্ হইয়া পড়ে অর্জুনের অবস্থাও তন্ধ্রপ হইয়াছিল।

গীতার ভাষায় অর্জুন ত্রিগুণের অধীন। সাধারণ মন্থার মত এই ক্ষেত্রেই তিনি এতদিন নিশ্চিন্তভাবে বিচরণ করিয়া আসিয়াছেন। অর্জুন শুধু এতদ্র পবিত্র ও সান্থিক যে জীবনে তিনি উচ্চ আদর্শ, উচ্চ নীতির বশে চলিয়াছেন এবং উচ্চ ধর্ম সম্বন্ধে তাঁহার জ্ঞান বতদ্র তদমুসারে তিনি তাঁহার পাশবিক প্রবৃত্তিগুলিকে সংঘত রাখিতে অভ্যাস করিয়াছেন—এবং শুধু এইখানেই তাঁহার অর্জুন নামের সার্থকতা। তিনি উগ্র অন্তর প্রকৃতির লোক নহেন, রিপুর বশ নহেন। শান্ত, সংঘত এবং অবিচলিত ভাবে কর্ত্ব্য সাধনে তিনি অভ্যন্ত। অভ্যান্ত মানবের মত তাঁহারও মহং জ্ঞান আছে—তবে তাহা সান্থিক অভ্যান্ত ইহার বশে তিনি নিজের স্বার্থ বা বৃত্তি চরিতার্থতার জন্ত বিশেষ ব্যগ্র

না হইয়া— অপরের মঙ্গল সাধনে তৎপর হইয়াছেন—সামাজিক এবং
নৈতিক বিধি নিষেধ অনুসরণ করিয়াছেন, শাস্ত্রোক্ত বিধান অনুসারে
তিনি জীবন যাপন করিয়াছেন, নিজের কর্ত্তব্য নির্দ্ধারণ করিয়াছেন।
মানব-জীবনের কর্ত্তব্য সম্বন্ধে আধ্যাত্মিক, সামাজিক, নৈতিক যে সকল
আইনকান্থন বিধিবদ্ধ আছে তাহাদের সমষ্টিকেই ভারতবর্ষে ধর্ম্ম বলা হয়।
মানবের ধর্ম্ম কি, বিশেষতঃ উচ্চহৃদয় আত্মজ্ঞয়ী, জননায়ক, য়ুদ্ধবিশারদ
ক্ষত্রিয় বীরের ধর্ম্ম কি—অর্জুনের প্রধান চিম্বা তাহাই এবং জীবনে তিনি
সেই ধর্ম্মেরই অনুসরণ করিয়াছেন। এই নীতির অনুসরণ করিয়া তিনি
স্থিরনিশ্চয় ছিলেন বে যাহা ঠিক বাহা সং তিনি এতদিন তাহাই করিয়া
আসিয়াছেন। কিন্তু, এই নীতি আজ তাহাকে এক ভীষণ অঘটতপূর্ব্ধ
নৃশংস হত্যাকাণ্ডের মধ্যে আনিয়া ফেলিয়াছে—যে য়ুদ্দের ফলে আর্য্য
সভ্যতা, আর্য্য সমাজ ধ্বংস হইবে, ভারতের ক্ষত্রিয় বংশের যাহারা সৌরব
তাহারা বিনষ্ট হইবে, অর্জুনকে সেই সর্ব্ধনাশকর য়ুদ্দের নায়ক হইতে
হইয়াছে।

মর্জুন যে কর্মী তাহার একটি প্রধান লক্ষণ এই যে যতক্ষণ না
সমস্ত ব্যাপার তাঁহার চক্ষর গোচর হইল, ততক্ষণ তিনি কি গুরুতর
কর্ম করিতে অগ্রসর ইইয়াছিলেন তাহা উপলব্ধি হইলু না। তিনি যথন
তাঁহার স্থা ও সার্থিকে উভয় সৈত্যের মধ্যে রথস্থাপন করিতে বলিলেন,
তথন তাঁহার অস্ত কোন গভীর মংলব ছিল না। তিনি গর্ব্ধের ভরে
দেখিতে চাহিলেন যে অধর্মের পক্ষে কত সহস্র লোক যুদ্ধ করিতে
আসিয়াছে এবং কাহাদিগকে হেলায় পরাজয় করিয়া তাহাকে ধর্মের
প্রতিষ্ঠা করিতে হইবে। যাহারা জ্ঞানীর প্রকৃতিসম্পন্ধ, চিস্তাশীল—
তাহারা যুদ্ধক্ষেত্রে উপস্থিত হইবার পূর্বেই চিস্তার দ্বারা সমস্ত অবস্থা

হাদয়ঙ্গম করিতে পারিত। কিন্তু, কর্মবীর অর্জুন যথন চকু চাহিয়া দেখিতে লাগিলেন, তখনই সেই ভীষণ গৃহবিবাদের প্রকৃত মর্ম্ম প্রথম তাঁহার উপলব্ধি হইল। তিনি দেখিলেন—সে যুদ্ধক্ষেত্রে শুধু একই দেশের একই জাতির লোক সমবেত হয় নাই, একই কুলের একই পরিবারের লোকই পরস্পরকে যুদ্ধে হত্যা করিতে উন্নত হইয়াছে। সামাজিক মন্তব্যের নিকট যাহারা সর্বাপেক্ষা মেহ, ভালবাসা, শ্রদ্ধা ও ভক্তির পাত্র, শত্রভাবে তাহাদের সকলের সহিত যুদ্ধ করিতে হইবে, তাহাদিগকে বধ করিতে হইবে। আত্মীয়, গুরুজন, বন্ধু, বাল্যসহচর—সব ভালবাসা, স্নেহ, ভক্তির সম্বন্ধ অসির আঘাতে ছিন্ন করিতে ২ইবে। অর্জ্জন যে পূর্বের ইসা জানিতেন না, তাহা নহে—তবে, তিনি এতটা গুরুত্ব যথার্থভাবে উপলব্ধি করিতে পারেন নাই। তাঁহার দাবীর স্থায়ত্ব, স্থায়ের রক্ষা, অক্তায়ের দমন, হুটের শাসকরূপে তাঁহার ক্ষত্রিয়ের ধর্ম, ধর্মপক্ষ সমর্থনরূপ তাঁহার জীবনের নীতি-এই সকলের চিন্তায় তিনি এমনই মগ্ন ছিলেন যে এই যুদ্ধের প্রকৃত মর্ম্ম তিনি গভীর ভাবে ভাবিয়া দেখেন নাই, ধ্দয়ে অমুভব করেন নাই, তাঁহার অন্তরের অন্তঃত্বলে উপলব্ধি করেন নাই। এখন সার্বথিরূপী ভগবান কর্তৃক সেই দুগু যথন তাঁহার চক্ষের সন্মুখে ধর। ছইল—তথন একটা মর্মান্তিক আঘাতের মত সমস্ত ব্যাপারটা তাঁহার क्रमग्रक्य रहेत्।

সেই আঘাতের প্রথম ফল হইল অর্জুনের প্রবল শারীরিক ও মানসিক বিকার। এই বিকারের ফলে যুদ্ধের উপর, যুদ্ধের উদ্দেশ্য ঐতিক লাভের উপর, এমন কি জীবনেরও উপর অর্জুনের বিষম বিভ্ষণা উপস্থিত হইল। ভোগস্থাই সাধারণ (অহঙ্কত) মানবের জীবনের প্রধান লক্ষ্য—অর্জুন. ভাহা অগ্রাহ্য করিলেন। ক্ষতিরের প্রিয় রাজ্য, প্রভুষ, জয়—অর্জুন. তাহাও বর্জন করিলেন। এই যুদ্ধকে ভায় যুদ্ধ বলা যাইতেছে, কার্য্যন্থ ইহা কি স্বার্থের জন্তই যুদ্ধ নহে ? তাঁহার নিজের স্বার্থের জন্ত, তাঁহার লাতাগণের, তাঁহার দলের লোকের স্বার্থের জন্ত, রাজ্যভোগ, আধিপত্যের জন্তই এই যুদ্ধ নহে কি ? কিন্তু এই সকল বস্তুর জন্ত এত অধিক মূল্যন্তিষা চলে না। কারণ সমাজ ও জাতিকে স্কর্রাক্ষত করিবার জন্তই এই সব বস্তুর প্রয়োজন—ইহাদের অন্ত প্রয়োজনীয়তা আর কিছুই নাই—অথচ, যুদ্ধে জ্ঞাতি ও কুল ধ্বংস করিয়া তিনি সেই সমাজ ও জাতিকেই নই করিতে উন্থত হইয়াছেন।

তাহার পর হাদয়বৃত্তির কালা আরম্ভ হইল। যাহাদের জন্ম রাজ্য, ভোগ, জীবন বাহুনীয় দেই "স্বজন"ই যুদ্ধার্থ উপস্থিত। পৃথিবীর আধিপত্য ত দূরের কথা ত্রিলোকরাজ্যের লোভেও এই সকল আপনার লোককে বধ কনিতে কে চায় ? তাহার পর বিবেক জাগিয়া উঠিয়া যোগ দিয়া বলিল-এই সমস্ত ব্যাপারটাই একটা মহাপাপ। পরস্পরকে হত্যা করা পাপ—ইহাতে ভাষ, ধর্ম কিছুই নাই। বিশেষতঃ যাহাদিগকে হত্যা করিতে হইবে, তাহার। সকলে ম্বেহ, ভক্তি, ভালবাসার পাত্র। তাহাদিগকে ছাড়িলে জীবনেই কোন স্থথ থাকে না। স্বদয়ের পবিত্র বুক্তিগুলিকে দলিত করিয়া তাহাদিগকে বধ করা কথনই ধর্ম হইতে পারে না—ইহা অতি ঘূণা, জঘন্ত পাপ ভিন্ন আর কিছুই নহে। অপর পক্ষই দোষ করিয়াছে, অত্যাচার করিয়াছে, প্রথম পাপ তাহারাই করিয়াছে— তাহাদের লোভ ও স্বার্থপরতাই এই গৃহযুদ্ধ ঘটাইয়াছে—ইহা সত্য বটে। তথাপি এরপ অবস্থায় অন্তায়ের বিরুদ্ধে অস্ত্র ধারণ করাই পাপ-এরপ করিলে তাহাদের অপেক্ষাও অধিক পাপ করা হইবে। কারণ, তাহার। নোভে বৃদ্ধিন্ত হইয়া জ্ঞাতিবধন্নপ মহাপাপ উপলব্ধি করিতেছে না-কিন্তু

পাওবগণ স্পষ্ট জানিয়া ব্ঝিয়াই সেই মহাপাপ করিবে! কিসের জন্ম ?
কুলের ধর্মা, সমাজের ধর্মা, জাতির ধর্মা বজায় রাখিবার জন্ম ? ঠিক এই
সকল ধর্মাই—ভ্রাতৃবিরোধের ফলে বিনষ্ট হইবে। কুল ধনংসোম্থ হইবে,
ফ্রনীতি ইত্যাদি দোব কুলে প্রবেশ করিবে, কুলের পবিত্রতা নষ্ট হইবে—
সনাতন জাতিধর্মা সকল ও কুলধর্মা সকল উৎসয় যাইবে। এই নৃশংস
গৃহবিবাদের ফল শুধু এই হইবে যে জাতি নষ্ট হইবে, জাতিধর্মা নষ্ট হইবে
এবং এই মহাপাপের কর্তাগণকে নরকে যাইতে হইবে। অত্রএব অর্জ্জুন
এই ভীবণ মুদ্ধের জন্ম দেবতাগণ তাঁহাকে যে গাণ্ডীব ধন্ম ও সক্ষয় তূপ
দিয়াছিলেন তাহা পরিত্যাগ করিয়া রগে বসিয়া পড়িলেন। বলিলেন—
"বদি অশস্ত্র ও প্রতিকারের অন্ত্রোগী আমাকে স্পস্ত্র ধার্ত্তরাষ্ট্রগণ রবে
সংহার করেন, তাহাও ইহা অপেক্ষা আমার মঙ্গল। আমি যুদ্ধ
করিব না।"

অত্রব অর্জুনের ভিতর যে ভাবদন্ধট উপস্থিত তাহা তথ্বজিজ্ঞাস্থর অনুরূপ নহে। অর্জুন সংসারকে অসার বা নিগ্যা বুঝিয়া প্রকৃত সত্যের সন্ধানে তাহার মন ও বুদ্ধিকে বাহজগং ও কর্ম হইতে ফিরাইয়া আনিয়া অন্তর্মুখী করেন নাই। জগতের গৃঢ় রহস্ত ভেদ করিতে না পারিয়া তিনি প্রকৃত সমাধানের নিমিত্ত গাণ্ডীব পরিত্যাগ কবিয়া বিদিয়া পড়েন নাই। কর্ত্তবাকর্তব্যের প্রচলিত মানদণ্ডগুলি মানিয়া লইয়া তিনি এতদিন নিশ্চিন্ত মনে কর্মা করিয়া আসিয়াছেন—কিন্তু এইগুলি শেষকালে তাঁহাকে এমন এক সঙ্কটন্থলে আনিয়া কেলিয়াছে, যেখানে তাহার ধ্যানধারণা ধর্মাক্যমা কর্ত্তব্যাকর্তব্যের জ্ঞান ভীষণ ভাবে গোলমাল হইয়া গিয়াছে, তাহার জানা বিভিন্ন কর্ত্তব্যের মধ্যে বিষম বিরোধ উপস্থিত হইয়াছে। "ধর্মাশক্রের ধাতুগত অর্থ—যাহা বস্তু সকলকে ধরিয়া রাথে এবং যাহাকে, বে

নীতিকে ধরিয়া মানুষ কর্ম্মের পথে, সংসারের পথে অগ্রসর হইতে পারে। অর্জ্জনের সম্কট এই যে, এতদিন যে সকল ধর্মা, যে সকল নীতি অবলম্বন করিয়া তিনি নিশ্চিম্ভ মনে সংসারে কশ্ম করিয়া আসিয়াছেন-এখন শেগুলিতে আর কুলাইয়া উঠিতেছে না, সব যেন ভাঙ্গিয়া পড়িতেছে— তাই তাহার দেহ মন চিত্ত বিবেক এক সঙ্গে বিদ্রোহী হইয়। উঠিয়াছে। কর্মীর জীবনে ইহা অপেক্ষা বড় সঙ্কট আর কিছুই নাই। এমনই করিয়া তাহার পরাজয় হয়। অর্জুনের মধ্যে এই বিদ্রোহ খুবই সহজ ও স্বাভাবিক। আত্মীয়-বধের নিষ্ঠরতা উপলব্ধি করিয়া রূপার বশে তাঁহার শ্বীর অবসর হইল, মানুষ সংসারে সচরাচর ধন, মান, প্রতিপত্তি যাহ। কিছু চায় তাহারই উপর তাহার বিভূষণ উপস্থিত হইল। যাহাতে স্নেহ ভক্তি ভালবাস! পদদলিত করিতে হইবে সেই কঠোর কর্ত্তব্য করিতে তাহার প্রাণ চাহিল না। আত্মীয় ও গুরু বধ করিয়া রুধিরাক্ত ভোগ্য-বস্তু সকল উপভোগ করা যে পাপ সেই পাপভয়ে তিনি অভিভূত হইয়। পড়িলেন। যে উদ্দেশ্যের জন্ম এই নুশংস যুদ্ধ, যুদ্ধের ফলে সেই উদ্দেশ্যই বার্থ হইবে—এই বার্থতার আশক্ষায় তিনি বিচলিত হইলেন। কিন্তু অর্জুন তাঁহার সর্বতোমুখী আন্তরিক অবসমূতা সংক্ষেপে তথ্নই প্রকাশ করিলেন, যখন তিনি বলিলেন—

> কার্পণ্যদোষোপহতস্বভাবঃ পৃচ্ছামি ত্বাং ধর্ম্মসংমূঢ়চেতাঃ।

— দীনতা দোষে আমার ক্ষতিয় স্বভাব অভিভূত হইয়াছে, ধর্মাধর্ম সব বিপর্য্যন্ত হইয়াছে।"—তিনি ধর্ম কি তাহা খুঁজিয়া পাইতেছেন না, তাহার কর্মের যথার্থ মানদণ্ড কি হইবে, কোন্ নীতির অমুসরণ করিলে তিনি নিশ্চিন্ত মনে কর্মক্ষেত্রে অগ্রসর হইতে পারিবেন—তাহা স্থির

করিতে পারিতেছেন না। শুধু এই জন্মই তিনি শিয়ভাবে ক্লঞ্জের শরণাপন্ন হইলেন। কার্য্য তিনি ইহাই প্রার্থনা করিলেন—"কর্মের একটা সত্য প্রষ্ট নীতি আমাকে দাও—আমি ইহাই হারাইয়া বিমৃত হইয়া পড়িয়াছি। এমন পথ দেখাও, এমন নীতি শিক্ষা দেও যেন আমি নিশ্চিস্তমনে কর্মের পথে অগ্রসর হইতে পারি।" জীবনের গৃত্ রহস্ত, সংসারের গৃত্ রহস্ত—এই সকলের প্রকৃত মর্ম্ম ও উদ্দেশ্য অর্জুন জানিতে চোহিলেন না—তিনি কেবল চাহিলেন একটা "বর্ম্ম"।

অথচ এই যে রহস্ত অর্জুন জানিতে চাহেন না, ভগবান অর্জুনকে ঠিক সেইটিই জানাইতে চাহেন। অন্ততঃ উচ্চ জীবন লাভের জন্ম যতটুকু জ্ঞানের প্রয়োজন, তাঁহার প্রিয় শিয়াকে সেই জ্ঞানটুকু দেওয়াই ভগবানের উদেশ্র। কারণ, তিনি চান যে অর্জুন সকল "ধর্ম" পরিত্যাগ করিয়া— সজ্ঞানে ভগবানের মধ্যে বাস করা এবং সেই জ্ঞানের বর্ণে কাজ করা— এই একমাত্র বিরাট ও উদার নীতি গ্রহণ করুক। অতএব, প্রথমে তিনি পরীক্ষা করিয়া লইলেন যে মাতুষ সচরাচর যে সকল কন্ম, কর্তব্যাকর্তব্যের বে সকল মানদণ্ড অনুসরণ করে, অর্জুন সেইগুলি সম্পূর্ণভাবে অতিক্রম করিতে পারিয়াছেন কি না। তাহার পর তিনি আত্মার অবস্থার সঙ্গে সম্বন্ধ আছে এমন সব কথা বিশদভাবে বলিতে অগ্রসর হইলেন। কিন্তু কর্ম্মের বাহ্মিক আইনকামুনের কোন কথাই বলিলেন না। ভাহাকে আত্মার সমত্ব লাভ করিতে হইবে অর্থাৎ স্থগহঃথ, লাভালাভ, জন্নপরাজন্ম তুল্যজ্ঞান করিতে হইবে, ফলকামনা পরিত্যাগ করিতে হইবে, সাধারণ পাপপুণ্য-জ্ঞানের উপরে উঠিতে হইবে, বৃদ্ধি একমাত্র পরমেশ্বরে নিশ্চশা ও স্থিরা রাখিতে হইবে, যোগস্থ হইয়া কর্ম্ম ও জীবনযাপন করিতে হইবে। অর্জন ইহাতে সম্ভষ্ট হইলেন না। তিনি জানিতে চাহিলেন যে এরপ

অবস্থান্তর হইলে মামুষের বাহ্নিক কর্ম্মে কি পরিবর্ত্তন হইবে, তাহার কথাবার্ত্তা, তাহার কর্ম্ম, তাহার চালচলনের উপর এরূপ পরিবর্ত্তনের কি প্রভাব হইবে ? রুষ্ণ কিন্তু কর্ম্ম সম্বন্ধে কিছু না বলিয়া কর্ম্মের পশ্চাতে আত্মার অবস্থা (Soul state) কিরূপ থাকা উচিত সেই সম্বন্ধে যাহা বলিতেছিলেন শুধু বিস্তার করিয়া তাহাই বলিতে লাগিলেন। শুধু বুদ্ধিকে বাসনাশন্ত সমত্বের অবস্থায় স্থিরভাবে বদ্ধ করিয়া রাখিতে পারিলেই চলিবে। অর্জ্জন চাহিয়াছিলেন কর্ম্মের একটা নিয়ম কিন্তু ক্রফের কথায় তাহাত কিছু পাইলেন না বরং তাঁহার মনে হইল ক্লফ যেন কর্ম নিষেধই করিতেছেন। তাই তিনি অধৈগ্য হইয়া বলিয়া উঠিলেন—"যদি তোমার অভিমত এই যে কর্ম অপেক্ষা বৃদ্ধি শ্রেষ্ঠ তবে কেন ঘোর হিংসাত্মক কর্ম্মে আমায় নিযুক্ত করিতেছ ? কখনও কর্ম-প্রশংসা, কখনও বা জ্ঞান-প্রশংসা এইরূপ বিমিশ্র বাক্যে আমার বুদ্ধিকে যেন মোহিত করিতেছ; এই চুইটার যেটি ভাল তাহা নিশ্চয় করিয়া বল, যাহাতে আমি শ্রেয়: লাভ করিতে পারি।" অর্জ্জনের এই কথায় কর্ম্মীর প্রকৃতিই প্রকাশ পাইতেছে। সংসারে কম্ম করিবার অথবা প্রয়োজন মত প্রাণ বিসর্জন দিবার একটা নিয়ম বা ধর্ম যদি শিথিতে না পারা যায়, তাহা হইলে কর্মীর নিকট শুধু মাধাাত্মিক আলোচনা বা আভ্যন্তরীণ জীবনের কথার কোন মূল্য নাই। কিন্তু সংসারে থাকিতে হইবে, কর্ম করিতে হইবে অথচ সংসারের উপরে উঠিতে হইবে এরূপ বাক্য বিমিশ্র এবং এরূপ গোলমেলে কথা শুনিবার ও বৃঝিবার মত ধৈর্য্য তাহার নাই।

অর্জুনের বাকী যত প্রশ্ন সব তাঁহার এই চরিত্রগত বৈশিষ্ট্য, তাঁহার কর্মীর স্বভাব হইতেই উঠিয়াছে। যথন তাঁহাকে বৃদ্ধ হইল যে আত্মার সমত্ব হইলে কর্মের বাহতঃ কোন পরিবর্তনের প্রয়োজন হয় মা—সকল

সময় নিজ প্রকৃতি অনুসারেই তাঁহার কর্ম্ম করা একাস্ত কর্ত্তব্য, পরের ধর্ম্মের তুলনায় নিজের ধর্ম সদোষ হইলেও আপন ধর্ম অনুসারে কর্ম করাই <mark>উত্তম—এই কথা শুনিয়া অৰ্জ্জুন বিচলিত হইয়া উঠিলেন। প্ৰকৃতি</mark> **অনুসারে কা**র্য্য করিতে হইবে ? কিন্তু, তাহা হইলে এই যুদ্ধ করিতে তাঁহার মনে যে পাপের আশঙ্কা হইতেছে, তাহার কি ৪ মানুরের এই প্রকৃতিই কি তাহাকে যেন ইচ্ছার বিরুদ্ধেও জোর করিয়া পাপাচরণ করায় না ? ক্বফ্ট যখন বলিলেন যে তিনিই পুরাকালে বিবস্থানকে এই যোগ বলিয়াছিলেন তাহা কালে নষ্ট হয়, সেই জ্ঞান তিনি এখন অৰ্জ্জনকে কহিতেছেন—এই কথা বুঝা অর্জুনের ব্যবহারিক বৃদ্ধিতে কুলাইল না। এই সম্বন্ধে প্রশ্ন করিয়। অর্জুন ভগবানের অবতারত্ব সম্বন্ধে সেই "যদ। ষদা হি ধর্মস্র" ইত্যাদি স্থপরিচিত বাক্যটি বাহির করিলেন। ক্লফ যথন কর্মযোগ ও কর্ম-সন্ন্যাদের সামঞ্জ্ঞ করিতে লাগিলেন অর্জ্জন তথনও আবার "গোলমেলে" কথা বুঝিতে না পারিয়া বলিয়া উঠিলেন— "এতহভয়ের মধ্যে যাহা আমার পক্ষে শ্রেয়ঃ, নিশ্চয় করিয়া সেই একটি উপদেশ দাও।" অর্জ্জনকে যে যোগ অবলম্বন করিতে বল। হইতেছে ভাহার প্রকৃত স্বরূপ যথন তিনি উপলব্ধি করিলেন—মান্সিক সম্বল্প. অফুরাগ ও বাসনার বশে কার্য্য করিতে অভ্যন্ত কর্মী-প্রকৃতি অর্জুন সেই আধ্যাত্মিক সাধনার গুরুত্বে ভীত হইয়া জিজ্ঞাসা করিলেন— বে ব্যক্তি যোগে প্রবৃত্ত হইয়া পরে মন্দবৈরাগ্য বশতঃ অক্তকার্য্য হয় ভাহার কি গতি হয় ?

কচ্চিল্লোভয়বিভ্রন্থ শিছ্নাভ্রমিব নশুতি।
অপ্রতিষ্ঠো মহাবাহো বিমৃঢ় ব্রহ্মণঃ পথি ॥৬।৩৮
—েসে এই সংসারের কর্মের, চিস্তার, প্রেমের জীবন হারায়, দেব-

জীবনও লাভ করিতে পারে না, স্থতরাং উভয় বিভ্রষ্ট হইয়া সেই ব্যক্তি-বিচ্ছিন্ন মেঘের স্থায় নষ্ট হয় না কি ?

যথন অর্জ্রনের সন্দেহ দূর হইল, তিনি জানিলেন যে ভগবানকেই তাঁচার ধর্ম বলিয়া এহণ করিতে হইবে—তথন তিনি স্পষ্ট জানিতে চাহিলেন যে, সকল কার্য্যের মূল, সকল কর্ম্মের মানদণ্ড এই ভগবানকে তিনি কার্য্যতঃ জানিবেন, বুঝিবেন কেমন করিয়া ? সংসারে সাধারণতঃ যে সকল পদার্থ দেখা যায় তাহাদের মধ্যে কোথায় ভগবানের অভিব্যক্তি তাহ। কিরূপে বুঝ। যাইবে ? ভগবান যে দিব্য বিভূতি দ্বার। এই লোক সকল ব্যাপিয়। অবস্থান করিতেছেন, সেই দিব্য বিভূতি সকল কি এবং সক্তর। কিরূপ বিভৃতিভেদ দার। চিস্তা করিলে ভগবানকে জানিতে পারা যাইবে ৷ বিনি মানবোচিত শ্রীর ও মনের আডালে থাকিয়া অর্জ্জনের সহিত কথাবাত্তা কহিতেছেন তাঁহার ঐশ্বরিক বিশ্বরূপ কি অর্জ্জুন, এখনই একবার দেখিতে পান না ? অর্জুনের শেষ প্রশ্নগুলিও কর্ম্মের পথ পরিষ্কার করিয়। জানিবার উদ্দেশ্যেই জিজ্ঞাসিত। কর্মত্যাগ করিতে না বলিয়া অর্জুনকে কর্ম্মে আসক্তি এবং কর্ম্মের ফল ত্যাগ করিতে বলা হইয়াছে—এই কম্মসন্ন্যাস ও ত্যাগের প্রকৃত প্রভেদটা অর্জ্জ্ন স্পষ্ট ভাকে জানিতে চাহিলেন। বাসনারহিত হইরা ভগবদেচ্ছার প্রেরণার বশে কর্ম করিতে হইলে—পুরুষ ও প্রকৃতি, ক্ষেত্র ও ক্ষেত্রজ্ঞ ইহাদের প্রকৃত প্রভেদটা জানা একান্ত আবশুক, তাই অর্জুন এইগুলির সম্বন্ধে প্রশ্ন তুলিলেন। অর্জুনকে যে ত্রিগুণের অতীত হইতে হইবে, সেই ভিন গুণের ক্রিয়া কিরূপ তিনি সর্ব্বশেষে তাহাও বিশদভাবে জানিতে চাহিলেন।

এইরপ একজন শিয়াকে গীতায় গুরু ঐশ্বরিক জ্ঞান শিক্ষা দিয়াছেন। অহংভাবের বশে কাজ করিতে করিতে শিয়া যথন তাঁহার চরিত্র

বিকাশের এমন অবস্থায় আসিয়া উপস্থিত হইয়াছেন যথন সাধারণ সামাজিক মানবের অবলম্বন নীতি সমূহ সহসা দেউলিয়া হইয়া পড়ায় তিনি কিংকর্ত্তব্যবিমূঢ় হইয়া পড়িয়াছেন এবং যখন এই নিয়ন্তরের অবস্থা হইতে তাহাকে উচ্চজ্ঞান, উচ্চজীবনের মধ্যে টানিয়া তুলিতে হইবে—ঠিক সেই সন্ধিক্ষণে গুৰু শিশ্বকে ধরিয়াছেন। সেই সঙ্গে শিশ্ব স্বয়ং বাহ। চাহিয়াছেন তাহাও দিতে হইবে অর্থাৎ এমন একটা কর্মের নিয়ম দিতে হইবে, যাহা সাধারণ বিধিনিষেধের মত ভ্রমপ্রমাদ বিরোধপূর্ণ হইবে না— সে নির্মানুসারে কার্যা করিলে আত্মা কম্মবন্ধন হইতে মুক্তিলাভ করিবে অথচ ঐশ্বরীয় জীবনের বিপুল স্বাধীনতার মধ্যে কম্ম করিতে, জগুলাভ করিতে সমর্থ হইবে। কারণ, কার্যা সমাধা করিতে হইবে, জগতের যুগ পরিবর্ত্তন স্থদম্পন্ন করিতে হইবে, মানবাত্মা যে কম্ম দম্পাদন করিতে আসিয়াছে অজ্ঞানের বশে তাহা ন। করিয়া যাহাতে পশ্চাংপদ ন। হয় তাহার বাবস্থা করিতে হইবে। সমগ্র গীতার শিক্ষা ঘুরিয়া দিরিয়া এই তিনটি উদ্দেশ্যকে লক্ষ্য করিয়াই কথিত হইয়াছে।

চতুর্থ সধ্যার

গীতার মূলশিক্ষা

গীতার গুরু এবং শিয়্যের পরিচয় পাইলাম—এক্ষণে গীতাশিক্ষার মূল কণাটা স্পষ্টভাবে বুঝা প্রয়োজন। গীতার শিক্ষা নানা তথ্যপূর্ণ ও বহুমুখী। গাঁডার পাধ্যাত্মিক জীবনের নানা ভাবের সমন্বয় করা হ্ইয়াছে। সেইজ্ঞ বিশেষ বিশেষ মতাবল্দীদের একদেশদ**শিতার** দলে গাতার অর্থ অভাতা ধর্মগ্রেছাপেকাও সহজে বিক্লত করিয়া কোন বিশেষ দার্শনিক মত বা দলের পোষণ করা যাইতে পারে। অতএৰ ্যাতার মূল শিক্ষ। কি, প্রধান কথা কি, সে সম্বন্ধে স্পষ্ট ধারণা কর। আবগুক। আমরা যে মত, নীতি বা ধাবণার পক্ষপাতী তাহা অলকো আমাদের উপর এমন প্রভাব বিস্তার করে যে সর্বব্রেই আমরা সেই মত বা নীতির পরিপোধক অর্থের সন্ধান করি; ফলে অনেক সময়েই অনেক বিষয়ের আমরা প্রকৃত মর্ম্ম গ্রহণ করিতে পারি না। মামুষের বুদ্ধি বস্তুর অন্তঃস্থলে প্রবেশ করিতে চায় না—ফলে সত্যটি হারাইয়া ফেলে। বিশেষ সাবধানী বাক্তিও এরপ ভুল এড়াইতে পারেন না-কারণ, মানুষের বৃদ্ধি সকল সময়েই নিজের এ সব ভুল ধরিতে সতর্ক থাকিতে পারে না। গীতাপাঠে এরূপ ভূল সহজেই হয়। কারণ গীতার কোন অংশের উপর, ীতাশিক্ষার কোন বিশেষ দিকে, এমন কি গীতার কোন বিশিষ্ট শ্লোকের উপর বিশেষ ঝোঁক দিয়া এবং বাকী অষ্টাদশ অধ্যায় অগ্রাহ্য করিয়া আমরা সহজেই নিজেদের মত—নিজেদের দার্শনিক বাং নৈতিক বাদের পোষণ করিতে পারি।

এইরপে কেহ কেহ বলেন যে গীতা মোটেই কর্মশিক্ষা দেয় না—সংসার ও কম্ম পরিত্রাগ করিতে হইলে কিরপ সাধনার আবশুক গীত। শুধু তাহাই শিক্ষা দিয়াছে। শাস্ত্রবিহিত অথব। যে কোন কার্য্য হাতের নিকট উপস্থিত হয় যেমন তেমন ভাবে সম্পাদন করাই উপায়,—সাধনা। শেষ পর্যান্ত কর্ম ও সংসার পরিত্যাগ করাই একমাত্র প্রকৃত উদ্দেশু। গীতার এখান সেখান হইতে শ্লোক তুলিবা সহজেই এই মতের সমর্থন করা যাইতে পারে। বিশেষতঃ গীতা সল্লাসের যে অভিনর অর্থ দিয়াছে তাহা যদি আমরা লক্ষ্য না করি তাহা হইলে এরপ মতই সমীচীন বলিয়া বোধ হইবে। কিন্তু নিরপেক্ষভাবে গীতা পাঠ কবিলে এরপ মত সমর্থন করা সম্ভব নহে। কারণ গীতায় শেব পর্যান্ত বার বার বলা হইয়াছে যে কর্মা করা অপেক্ষা কর্মা করা ভাল, সমতার দ্বারা বাসনার ত্যাগ এবংশ স্ক্রিকর্ম্ম ভগবানে সমর্পণ করাই শ্রেষ্ঠ।

আবার কেহ কেহ বলেন যে ভ্রুতিকুই গাঁচার সার কথা। গাঁচার
মধ্যে অদৈতবাদ এবং একরক্ষে শান্তিময় অবস্থানের যে সকল কথা আছে
সেগুলি তাঁহারা বিশেষভাবে লক্ষ্য করেন না। এ কথা সত্য বটে যে
গাঁচাতে ভক্তির উপর খুব্ই জাের দেওয়া হইয়াছে। ক্ষর এবং অক্ষর
হইতে পৃথক উত্তম প্রেষ—বিনি পরমাত্মা বালয়া জাতিতে খ্যাত আছেন,
ভিনি সর্বালাকের ঈর্থর, সকলের অধিপতি, তিনি লাোকত্রয় পালন
করিতেছেন—এই সকল (ভক্তিমূলক) কথা গাঁতার অত্যাবগুকীয় অংশ
স্বীকার করি। তথাপি গাঁতার মতে এই ঈর্থর শুধু ভক্তির বস্তু নহেন—
এই ঈর্থরে সকল জাানেরও পরিসমাপ্তি, তিনি সকল যজেরও অধীশ্বর এবং

্সকল কর্ম্মেরও লক্ষা। গীতা যেখানে যেমন প্রয়োজন কোথাও কর্মের উপর, কোথাও জ্ঞানের উপর, কোথাও ভক্তির উপর জোর দিয়া তিনের ্সম্পূর্ণ সামঞ্জন্ম করিয়াছে—কোনটিকে অপর হুইটি হইতে পুথক করিয়া উচ্চস্থান দেয় নাই। কর্ম্ম, জ্ঞান, ভক্তি তিনে মিলিয়া যেখানে এক হইয়াছে, তিনিই শ্রেষ্ঠ পুরুষোত্তম। কিন্তু যথন হইতে লোকে বর্তমান বুগোপযোগী মন লইয়া গীতার মাদর, গীতার মর্থ করিতে সারম্ভ করিয়াছে —তথন হইতেই গীতাকে কর্মবোগের গ্রন্থ বলিয়া ধরাই রীতি **হই**য়া দাডাইয়াছে। গীতায় যে বার বার কর্ম করিতে বলা হইয়াছে সেই স্থত্ত অবলম্বন করিয়া লোকে গীতার জ্ঞান ও ভক্তির কথা উপেক্ষা করিতেছে এবং গীতাকে শুধু কর্মবাদ, শুধু কর্মের পথ দেখাইবার আলোক বলিয়া প্রতিপন্ন করিতে চেষ্টা করিতেছে। গীতা যে কর্মবাদের গ্রন্থ তাহাতে সন্দেহ নাই তবে সে কর্ম্মের পরিসমাপ্তি হইতেছে জ্ঞানে—ভগবানে ভক্তি মর্থাৎ সম্পূর্ণ আত্মসমর্পণই সে কর্ম্মের মূল। নিজের বা অপরের স্বার্থের জন্ম যে কর্ম্ম-সংসারের, সমাজের, মানবজাতির মঙ্গলের জন্ম যে কর্ম্ম, ্যে নীতি, যে আদর্শ বর্ত্তমান যুগে প্রশংসিত, গীতার কর্ম্ম বা আদর্শ তাহা হইতে সম্পূর্ণভাবে স্বতম্ত্র। অথচ, গীতার আধুনিক ব্যাখ্যাকারেরা দেখাইতে চান যে গীতায় কর্ম্মের আধুনিক আদর্শই ধরা হইয়াছে। বিশিষ্ট পতিত্যগও কেবলই বলিয়া থাকেন যে ভারতের দর্শনশান্তে, ধর্মশান্তে সংসার ত্যাগ এবং সন্নাসীর কঠোর জীবনের দিকে যে ঝোঁক আছে শীতা তাহারই তীব্র প্রতিবাদ করিয়াছে এবং নিঃস্বার্থভাবে সামাজিক কর্ত্তব্য সমূহ সম্পাদন করা, এমন কি আধুনিক আদর্শামুষায়ী সমাজসেবা ও পরোপকার করাই শিক্ষা দিয়াছে। কিন্তু গীতার শিক্ষা যে মোটেই এরপ নহে, একটু অনুধাবন করিলেই তাহা ম্পষ্ট বুঝা যাইতে পারে। আধুনিক মনোভাব লইয়া প্রাচীন গ্রন্থ গীতার আলোচনা করায় এইরপ'
ভূল ব্যাখ্যা সন্তব হইরছে। পাশ্চাত্যভাবাপন্ন বৃদ্ধি গীতার সম্পূর্ণভাবে
প্রাচ্য, ভারতীয় শিক্ষাকে বিক্বতভাবেই বৃঝিয়াছে। গাঁতা যে কর্মা শিক্ষ্ণ:
দিয়াছে তাহা মানবীয় নহে, তাহা ঐশ্বরিক। সামাজিক কর্ত্তব্য সম্পাদন
গীতার শিক্ষা নহে। কর্ম্মের, কর্তব্যের অন্ত সকল বিধিনিবেশ পরিত্যাগ
করিয়া অহংভাবশ্ব্য হইয়া যন্ত্রন্ত্রপ ভগবদেছা সম্পাদনই গাঁতার শিক্ষা।
দ্বিরাশ্রিত, শ্রেষ্ঠ মহাপুরুষগণ অহংভাবশ্ব্য হইয়া জগতের হিতের জন্ত্র এবং মানব ও জগতের অন্তরালে অবস্থিত ভগবানের উক্তেশ্যে যজ্ঞবর্মপ
থেক কর্ম করিয়া থাকেন সেই কর্মাই গাঁতার আদর্শ।

এই কথাই অন্তভাবে বলা যান যে গাঁতা ব্যবহারিক নীতিশান্ত্র নহে—
গীতা আধ্যাত্মিক জীবনের গ্রন্থ। ইউরোপীয় মনোভাবই আধুনিক মনোভাব। গ্রীক ও রোমান সভ্যতার, দার্শনিক চিন্তার প্রভাবেই ইউরোপীয় মনোভাব প্রথম তৈরারী হয়। তাহার পর মন্যায়্রে খৃষ্টিঃ ধর্মের ভক্তিপ্রবণতার প্রভাবে ইউরোপীয় মন পুঠ হয়। বর্ত্তমানে ইউরোপ এই হয়েরই প্রভাব অভিক্রম করিয়াছে, ইহাদের পরিবর্ত্তে সমাজপেবা, দেশদেবা, মানবজাতির সেবাই ইউরোপে আদর্শ হইয়াছে। ইউরোপ ভগবানকে ছাড়িয়াছে—বড় জাের একবার কেবল রবিবারে ভগবানের ধ্যাক্ত পড়ে। ভগবানের পরিবর্ত্তে মান্ত্র ইইয়াছে তাহাদের উপান্ত, মানব সমাজ হইয়াছে দৃশ্র বিগ্রহ। আধুনিক ইউরোপে নীতিপরায়ণতা, কার্য্যকুশলতা, পরোপকার, সমাজসেবা, মানবজাতির কল্যাণ্যাধন ইত্যাদিই শ্রেষ্ঠ আদর্শ, শ্রেষ্ঠ ধর্ম্ম। এই সকলও যে ভাল তাহাতে সন্দেহ নাই। বিশেবতঃ বর্ত্তমান যুগে ইহাদের খুব্ই প্রয়োজন আছে—এইগুনিঃ ভগবদিছারই বিকাশ নত্বা মানব সমাজে এখন ইহাদের প্রতিপত্তি কেন্দ্র

হইবে ? যিনি ঈশ্বরীয় মানব, দেবজীবন লাভ করিয়াছেন, ব্রহ্মচৈতন্তের মধ্যে বাস করিতেছেন—তিনিও যে কার্য্যতঃ এই সকল আদর্শই গ্রহণ করিবেন না তাহারও কোন কারণ নাই। বস্তুতঃ ইহাই যদি বর্ত্তমান যুগের শ্রেষ্ঠ আদর্শ, গুগধর্ম হয় এবং যতদিন কোন উচ্চতর আদর্শের প্রতিষ্ঠা করিতে না হয়—ততদিন এই আদর্শ তাঁহারও অবলম্বনীয়। কারণ, তিনি হইতেছেন শ্রেষ্ঠ ব্যক্তি—অপরে কিরপ আচরণ করিবে, তিনি নিজে আচরণ করিয়া তাহা দেখাইয়া দিবেন। বাস্তবিক যে সকল আদর্শ সেই যুগের পক্ষে শ্রেষ্ঠ এবং তৎকালীন সভ্যতার উপযোগী অর্জুনকে তদমুসারেই জীবন যাপন করিতে বলা হইয়াছে। কিন্তু, সাধারণ মানব যেমন কিছু না জানিয়া না বুঝিয়া একটা বাহ্ বিধিনিষেধ মানিয়া কার্য্য করে, সেরপ ভাবে না করিয়া জ্ঞানের সহিত, ভিতরে যে সত্য রহিয়াছে তাহ। সম্যুক জানিয়াই অর্জুনকে কর্ম্ম করিতে বলা হইয়াছে।

কিন্ত, প্রকৃত কথাটা হইতেছে এই যে বর্ত্তমান যুগে মানুষ ভগবান এবং আধ্যাত্মিকতাকে আর তাহার কর্ম্পের নিয়ামক করে না—তাহাদের কর্ত্তব্যাকর্ত্তব্য নির্ণরে এ সকল ধারণার কোন প্রয়োজনীয়তাই অন্তভ্তক করে না। অথচ ঈশ্বর ও ঐশ্বরিক অবস্থা বা আধ্যাত্মিকতা—এই ছইটিই গীতার সর্ব্বপ্রধান তত্ত্ব। বর্ত্তমান যুগের মানুষ মন্তুমাত্মের উপরে উঠিতে চায় না; কিন্তু গীতা চায় যে আমরা ভগবানের মধ্যেই বাস করি—জগতেরই কল্যাণ করিতে হউক, তথাপি ভগবানের মধ্যে থাকিয়াই তাহা করিতে হইবে। আধুনিক মানুষ প্রাণ, চিন্ত, মন, বুদ্ধি লইয়াই থাকিতে চায়—গীতা ইহাদের উপরে উঠিয়া আধ্যাত্মিক জীবন লাভ করিতে বলে। যে ক্ষর প্রকৃষ সর্ব্বভূত—ক্ষরঃ সর্ব্বানি ভূতানি—আজকাল মানুষ তাহাতেই সীমাবদ্ধ থাকিতে চায়। গীতা বলে ইহা ছাড়া মানুষকে

অকর এবং উত্তম পুরুষের মধ্যেও বাদ করিতে চইবে। অথবা যদিও লোকে এই দকল তত্ত্ব এখন অস্পষ্টভাবে একটুকু আধটুকু ব্ঝিতে আরম্ভ করিতেছে, তথাপি ইহাদের প্রকৃত মূল্য তাহার। উপলব্ধি করে না। মাত্রব ও সমাজের কাজে লাগিতে পারে এইরূপ ভাবেই এই সকল আধ্যাত্মিক তত্ত্বে আলোচন। হয়। কিছু, ঈশ্বর ও আধ্যাত্মিকতার মূল্য শুধু মাত্র্য ও সমাজের জন্মই নহে—এই সকল তত্ত্বে নিজস্ব মূল্য আছে। আমাদের মধ্যে উচ্চ নীচ চুইই রহিয়াতে; কার্য্যতঃ নীচকে উচ্চের জন্ম রাথিতে হইবে—তবেই উচ্চও নীচকে টানিঃ। উচ্চে তুলিয়া লইবে।

অতএব আধুনিক মনোভাবের বশে গীতার ব্যাথ্য। করিয়া গীতা নিঃস্বার্থভাবে কর্ত্তব্য সম্পাদনকেই শ্রেষ্ঠ ধর্ম বলিয়ছে জোর করিয়া এরূপ ব্যাইলে ভূলই করা হইবে। যে অবস্থঃ অবলম্বন করিয়া গাঁতার শিক্ষা কথিত হইয়ছে—তাহা একটু অনুধাবন করিলে বৃথা। যায় যে এরূপ অর্থ ঠিক হইতে পারে না। কারণ, বিভিন্ন কর্তব্যের মধ্যে ঘোর বিরোধ উপস্থিত হওয়ায় সাধারণ বৃদ্ধি ও নীতিজ্ঞানের ছারা যথন কর্ত্তব্য নির্ণীত হওয়া অসম্ভব বোধ হইয়ছিল সেই অবস্থা হইতেই গীতাশিক্ষার উৎপত্তি এবং সেই জন্তই অর্জুন শিক্ষরপে কৃষ্ণের আশ্রম গ্রহণ করিয়াছিলেন। মানবজীবনের কিছু বিরোধ অনেক সম্বর্ধেই ঘটিয়া থাকে—যেমন, সংসারের প্রতি কর্ত্ব্য এবং দেশের প্রতি কর্ত্ব্য এই গ্রহাের মধ্যে বিরোধ ঘটিতে পারে, অথবা দেশের প্রতি কর্ত্ব্য এবং সমগ্র মানব জাতির প্রতি কর্ত্ব্য বা অন্ত কোন উচ্চ ধর্ম বা নীতি সম্বন্ধীয় আদর্শের মধ্যে বিরোধ ঘটিতে পারে। প্রোণের ভিতর ভগবানের ডাক এরূপভাবে আসিতে পারে যে সকল কর্ত্ব্য পরিত্যাগ করিয়া, পদদলিত করিয়াই

বাহির হইয়া পড়িতে হয়। বৃদ্ধের এই অবস্থা হইয়াছিল। আমরা ধারণাই করিতে পারি না যে গীতা এই অবস্থায় বৃদ্ধকে গৃহে যাইয়া তাহার স্ত্রী ও পিতার প্রতি কর্ত্তবা পালন করিতে এবং শাকারাজা শাসন করিতে বলিয়া বদ্ধের আন্তরিক সমস্থার মীমাংসা করিত। গীতার মতে **কখনই** এরেপ মীমাংস। হইতে পারে না যে রামক্ষের মত লোককে কোন পাঠশালার পণ্ডিত হইয়া নিঃস্বার্থভাবে ছোট ছোট ছেলেদের লেখাপড়া শিখাইতে হুইবে অথবা বিবেকানন্দর মত লোককে সংসারে বদ্ধ থাকিয়া পরিবারবর্গ প্রতিপালন করিতে হইবে এবং তজ্জ্ঞ তাহার অতুল প্রতিভা লইয়া নিব্বিকার ভাবে আইন, ডাক্তারি বা সংবাদপত্র পরি**চালনের** ্ব্যবসা অবলম্বন করিতে হইবে। নিঃস্বার্থ ভাবে কর্ত্তব্যের পালন গীতার শিক্ষা নহে। দেবজীবন অনুসরণ করা, সর্বধর্ম পরিত্যাগ করা, কেবলমাত্র পরাংপরের নিকট সম্পর্ণভাবে আত্মসমর্পণ করা—ইহাই গীতার শিক্ষা। বৃদ্ধ, রামক্লঞ্চ, বিবেকানন্দের মত লোকের ঐশ্বরীয় জীবন ও কর্ম্মের সহিত গীতার এই শিক্ষার সম্পর্ণ সামঞ্জস্ত আছে। এমন কি, যদিও গীতা কর্মহীনতা অপেকা কর্মকেই শ্রেষ্ঠ বলিয়াছে—তথাপি গীতা কর্ম্ম পরিত্যাগকে একেবারে অকরণীয় বলে নাই। বরং কর্ম্ম পরিত্যাগ যে ভাগবং জীবন লাভের একটা পথ তাহা স্বীকার করিয়াছে। यদ সংসার ও কর্ম্ম পরিত্যাগ না করিলে ভগবানকে পাওয়া সম্ভব না হয় এবং তাহা পরিত্যাগ করিতে ভিতরে যদি তীব্র ডাক আসে—তথন আর উপায় কি P সংসার ও কর্ম পরিত্যাগ করিতেই হইবে। ভগ**বানের** ডাক সকলের উপরে—অন্ত কোনরূপ যুক্তি তর্কের দ্বারা সে ডাক অবহেল। করা চলে না।

কিন্তু, অর্জুনের যে অবস্থা তাহাতে আর একটা বিষম বাধা এই ষে

অর্জুনকে ভগবান যে কর্ম্ম করিতে বলিয়াছেন—সেই কর্ম্মটাকে একটা মহাপাপ বলিয়াই অর্জ্জনের ধারণা হইয়াছে। যুদ্ধ করা তাহার কর্ত্তব্য বলিতেছেন ? কিন্তু, মেই কর্ত্তবাটা এখন তাঁহার মনে একটা মহাপাপ বলিয়াই ধারণা হইয়াছে। এখন তাঁহাকে এই কর্ত্তব্য নিঃস্বার্থভাবে **নিব্বিকার**চিত্তে করিতে বলিলে কি লাভ ? তাঁহার সন্দেহের কি মামাংস। হইবে ? তিনি জানিতে চাহিবেন তাঁহার কর্ত্তবা কি ? ভীবণ রক্তপাতের ষারা আত্মীয় স্বজন, কল ও দেশকে ধ্বংস করা কেমন কবিয়া তাঁহার কর্ত্তব্য হইতে পারে ? তাঁহাকে বলা হইল যে তাঁহার পক্ষই ত্যায় পক্ষ, **কিন্তু এ** কথা অর্জুনকে সম্ভুষ্ট করিল না, করিতে পারে না। কারণ তাঁহার যুক্তিই এই যে তাঁহার পক্ষ ভায়ের পক্ষ হইলেও—নিঠুর হত্যা-কাণ্ডের দ্বারা জাতির সর্বনোশ করিয়া সেই ত্যান্য দাবী সমর্থন করা কথনই স্থায়সঙ্গত হইতে পারে না। তাহা হইলে অর্জুন এখন আর কি করিবেন ? তাঁহার কর্মের ফলাফল কি হইবে, পাপ হইবে কি পুণা ছইবে সে সব সম্বন্ধে কোনরূপ চিন্তা ন। করিয়া নিবিবকার্চিত্রে শুধু সৈনিকের কর্ত্তব্য করিয়া যাইতে হইবে গ এরপ শিক্ষা কোন রাজভয়ের শিক্ষা হইতে পারে—উকাল, রাজনৈতিক, তার্কিকেরা এইরূপ শিক্ষা দিতে পারেন। কিন্তু দার্শনিকতাপুর্ণ যে মহৎ ধর্মগ্রন্থ সংসার ও কর্ম্মের সমস্তার আমূল সমাধান করিতে প্রবৃত্ত, সে প্রস্তুর যোগা শিক্ষ। এরপ হুইতেই পারে না। বাস্থবিক একটি তীব্র নৈতিক ও মান্যায়িক সমস্থ। সম্বন্ধে ইহাই যদি গীতার বক্তব্য হয় ভাহা হইলে গীতাকে জগতের ধর্মগ্রেম্বের তালিকা হইতে তুলিয়া দিয়া—রাজনীতি, কুট্নীতি সম্বন্ধীয় পুস্তকালয়ের তালিক। ভুক্ত করাই আমাদের একান্ত কর্ত্তব্য।

এ কথা সত্য যে উপনিবদের স্থায় গীতাও পাপ পুণ্যের উপর উঠিয়া

শুভাশুভের উপর উঠিয়া, সমতালাভ করিতে শিক্ষা দিয়াছে। কিন্তু, সে সমতা ব্রক্ষজ্ঞানেরই অংশ—হাঁহারা সাধন পথে বহুদ্র অগ্রসর হইয়াছেন তাঁহাদের পক্ষেই এরপ সমতা লাভ সন্তব। সাধারণ মানব-জীবনে শুভাশুভ পাপপুণ্যের প্রতি উদাসীনতা গীতার শিক্ষা নহে—কারণ সাধারণ মানব পাপপুণ্য শুভাশুভের বিচার করিয়া কার্য্য না করিলে নিরতিশয় অনর্থ ই হইবে। বরং গীতা স্পষ্টই বলিয়াছে যে যাহারা মন্দকারী পাপী তাহার। ভগবানকে পাইবে না। অতএব অর্জুন যদি সাধারণ মানব জীবনের ধর্মই ভালরূপে পালন করিতে চান তাহা হইলে যেটাকে তিনি পাপ, নরকের পথ বলিয়া উপলব্ধি করিতেছেন সেটা সৈনিক হিসাবে তাঁহার কর্ত্ব্য হইলেও তাঁহার পক্ষে নিংস্বার্থ ভাবেও সে কর্ত্ব্য পালন করা চলে না। তাঁহার অন্তরাম্মা, তাঁহার বিবেক যেটাকে পাপ বলিয়া দ্বণা করিতেছে—সহস্র কর্ত্ব্য চ্রমার হইয়া মাইলেও সেটা হইতে তাঁহাকে নিরত্ব হইতেই গ্রহবে।

আমাদিগকে মনে রাখিতে হইবে যে কর্তব্যের (duty) * ধারণা বস্ততঃ
সামাজিক সংস্কেরই উপর প্রতিষ্ঠিত। "কর্তব্য" কথাটার প্রকৃত অর্থ
ছাড়িয়া দিয়া ব্যাপকভাবে আমরা "নিজেদের প্রতি কর্তব্যের" কথা
বলিতে পারি—বলিতে পারি যে গৃহত্যাগ করাই বুদ্ধের কর্তব্য ছিল
অথবা গুহার ভিতর নিশ্চল হইয়া বসিয়া থাকাই তপস্বীর কর্তব্য। কিন্তু,
স্পষ্টতঃ ইহা শুধু শক্তের অর্থ লইয়া থেলা ভিন্ন আর কিছুই নহে। কর্ত্বব্য
(duty) সম্বন্ধবাচক শক্ত—মত্যের সহিত আমার যাহা সামাজিক সম্বন্ধ

এখানে ইংরাজী duty "কর্ত্তবা" বলিয়াই অমুবাদ করা হইরাছে—কারণ ইহাই
আচলিত প্রধা। কিন্তু "কর্ত্তবা" শব্দের প্রকৃত অর্থ "বাহা করিতে হইবে"—ইহা duty না
হইতেও পারে। কাহারও প্রতি আমার বাহা সামাজিক সমন্ধ—সেই সম্বন্ধের জন্ম তাহার
প্রতি আমাকে যেরূপ ব্যবহার ক্রিতে হইবে তাহার প্রতি গুধু সেইটিই আমার duty.

ভুধু তাহার দারাই তাঁহার প্রতি আমার কর্ত্বা নিণীত হয়। পিতা হিসাবে পিতার কর্ত্তবা সন্থানকে লালনপালন কবা, শিক্ষা দেওয়া। মকেল দোষী জানিলেও উকীলের কর্ত্তব্য তাহার পক্ষসমর্থন করা, তাহাকে খালাস করিবার যথাসাধ্য ১১ । করা। সৈনিকের কর্ত্তব্য ত্তুমমত গুলি চালান-এমন কি তাহার স্বদেশবাসী তাহার আত্মায় স্বজ্নকেও হত্য। করা। বিচারকের কর্ত্তবা দোষীকে জেলে দেওয়া, হত্যাকারীকে ফাঁসী দেওয়া। যতক্ষণ লোক এই সকল পদে থাকিতে স্বীকৃত ততক্ষণ তাহাদের কর্ত্তবা অতি স্পষ্ট—ততক্ষণ ধর্ম বা নীতির আব কোন কথাই উঠে না। কিন্তু, যদি ভিতরের ভাব পরিবর্ত্তিত হয়, উকীলের যদি ধর্মজ্ঞান জাগিয়া উঠিয়া ধারণা হয় যে, যে কোন অবস্থাতেই হউক মিথ্যার সমর্থন করা ঘোরতর পাপ, বিচারকের যদি বিশ্বাস হয় যে মান্তবের প্রাণদণ্ড দেওয়। পাপ, বুদ্ধক্ষেত্রে উপস্থিত দৈনিক যদি টল্টয়ের মত উপলব্ধি করে যে সকল অবস্থাতেই যেমন নর্মাংস ভক্ষণ করা নিষিদ্ধ তেমনই মানুষকে বধ করাও নিষিদ্ধ—তথন তাহার: কি করিবে ? এরপ অবস্থায় কর্তব্যের অবহেলা করিয়াও যে পাপ হইতে নিজ্কে বাঁচাইতে হইবে তাহাতে আর কোন সন্দেহই নাই। এরপ অবতায় পাপপুণ্যের বোধ কোন সামাজিক সম্বন্ধ বা কর্তুবোর কোন ধারণার উপর নির্ভর করে না—মান্তবের ভিতরে ধর্মজান জাগিয়। উঠিলে দে বোধ আপন। হইতেই আইদে।

বাস্তবিক পক্ষে জগতে কর্ম্মের ছইটি বিভিন্ন নিরম আছে—এবং স্তর ভেদে ছইটাই ঠিক। একটি নিরম প্রধানতঃ আমাদের বাহ্নিক সম্বন্ধের উপর প্রতিষ্ঠিত; আর একটি নিরম বাহ্নিক সম্বন্ধের কোন ধার ধারে না—তাহা সম্পূর্ণভাবে বিবেক ও ধর্ম্মজ্ঞানের উপরেই প্রতিষ্ঠিত। গীতা আমাদিগকে এমন শিক্ষা দের না বে উচ্চস্তরকে নিম্নন্তরের অধীন করিয়া রাখিতে হইবে। যখন মান্ত্যের ভিতর ধর্মজ্ঞান জাগিয়া উঠে তখন সামাজিক কর্ত্তব্যের সম্মুখে সেই ধর্মজ্ঞান, পাপপুণা-বোধকে বলি দিতে হইবে গীতা এমন কথা কখনই বলে না। সাংসারিক কর্ত্তব্যুদ্ধি ও ধর্মজ্ঞান এই ছইয়ের বিরোধ ছাড়াইয়া উপরে উঠিতে হইবে, ব্রমজ্ঞান লাভ করিতে হইবে, ইহাই গীতার উপদেশ। গীতা সমাজের প্রতি কর্ত্তব্যের পরিবর্ত্তে ভগবানের প্রতি দায়িত্ব শিক্ষা দিয়াছে। কুর্ম্মের জন্ম কোন বাহিক আইন কান্তনের বশবর্ত্তী না হইয়া অন্তরের মধ্যে ভগবদ্ প্রেরণার বশে কর্ম্মই গীতার উপদেশ—আমরা পরে দেখিব যে এই ব্রম্মজ্ঞান, কর্ম্মবন্ধন হইতে আত্মার মুক্তি এবং আমাদের অন্তরম্ভিত এবং উদ্ধিতিত ভগবানের প্রেরণায় কর্ম্ম—ইহাই গীতাশিক্ষার সার কথা।

গীতার স্থায় মহংগ্রন্থ খণ্ডভাবে লইলে বুঝা যায় না—গীতায় কেমন করিয়া প্রথম হইতে শেষ পর্যান্ত ইহার শিক্ষার ক্রমবিকাশ হইয়াছে তাহা সমগ্রভাবে অন্থাবন করা আবশ্রক। প্রাণিদ্ধ লেখক বৃদ্ধিমন্তর্ম গীতাকে কর্ত্তব্য পালনের শাস্ত্র (Gospel of Duty) বলিয়া প্রথম এই নৃতন ব্যাখ্যা করেন। বৃদ্ধিমবারু ইইতে আরম্ভ করিয়া যাঁহারা গীতাকে কর্ত্তব্য পালনের গ্রন্থ বলিয়া ব্যাখ্যা করেন গীতার সেই আধুনিক ব্যাখ্যাকরের। গীতার প্রথম তিন চারিটা অধ্যায়ের উপরই সব ঝোঁকটুকু দিয়াছেন। আবার এই সকল অধ্যায়ে যেখানে ফলাফলের দিকে না ভাকাইয়া কর্ত্তব্য পালনের কথা আছে সেইখানটিকেই গীতাশিক্ষার কেন্দ্র বলিয়া ধ্রিয়াছেন। "কর্ম্মণোবাধিকারন্তে মা ফলেমু কদাচন"—"তোমার কর্ম্মেই অধিকার কর্ম্মফলে যেন কদাচ ভোমার অধিকার না হয়"—এই কথাটিই আজকাল গীতার মহাবাক্য বলিয়া স্থপ্রচলিত। শুধু বিশ্বরূপ দর্শন ছাড়। গীতার অষ্টাদশ অধ্যায়ের উচ্চ দার্শনিক তত্ত্বপূর্ণ বাকী

অধ্যায়গুলির বিশেষ কোন প্রয়োজনীয়তাই তাঁহারা উপলব্ধি করেন না।
তবে এরপ ব্যাখ্যা খুবই স্বাভাবিক। কারণ আধুনিক যুগে মান্ত্র্য দার্শনিক তত্ত্বের স্ক্র্ম বিচার লইয়া মস্তিক্ষের অপবাবহার করিতে চায় না।
তাহারা কর্ম্মে প্রবৃত্ত হইতেই ব্যগ্র এবং অর্জ্জ্নের মতই এমন একটা
কাজ চলা নিয়ম বা ধন্ম চায় যাহাতে তাহাদের কাজ করিবার স্ক্রবিধা
হইতে পারে। কিন্তু গীতার ব্যাখ্যা এরপ ভাবে করিলে উল্টা বুঝা হইবে।

গীতা যে সমতার শিক্ষা দেয় তাহা নিঃস্বার্থপরত। নতে। গীতা-শিক্ষার ভিত্তি স্থাপন করিবার পর, শ্রীক্লঞ্চ অর্জ্জনকে মহা আদেশ দিলেন —"উঠ, শত্রুগণকে বিনাশ কর, সর্বৈশ্বর্যাসম্পন্ন রাজ্য ভোগ কর।" এই আদেশে খাটি নিঃস্বার্থ পরোপকার বা নির্বিকার বৈর্থটোর প্রশংসা নাই। ইহা অভান্তরীণ সাম্য ও উদারতার অবতঃ, ইহাই আন্যাগ্রিক স্বাধীনতার ভিত্তি। "মে কন্ম করিতে হইবে"—এইরূপ স্বাধীনতা ও সমতার সহিত্ই করিতে হইবে। কার্যামিতোর যং কর্ম---"নে কম করিতে হইবে" এই বাকোর দারা গাঁতবে ঋণু ধামাজিক ব। নৈতিক কল্ম বকায় না— গাঁতাতে ইহা অতিবিস্তুত অর্থেই ব্যবহৃত ১ইলাছে—ইহার মধ্যে সর্বা কর্মানি—মানুষ ঘহে। কিছু করে সবই পড়িবে। কোন কর্ম করিতে হইবে—হাহা ব্যক্তিগত মতামতের খার। নিদ্ধারণ করা চলিবে না। "কর্ম্মণোবাধিকারন্তে ম। ফলের কদাচন"—"কম্মেই তোমার অধিকার ফলে যেন কলাচ তোমার অধিকার ন। হয়"—ইহাও গাঁতার মহাবাকা নতে। যাতারা যোগমার্গে আরোত্রণ করিতে উন্নত সেই সকল শিষ্যের ইহা কেবল প্রথমাবস্থার উপযোগী শিক্ষা। প্রবর্ত্তী অবস্থায় এই শিক্ষা একরকম পরিত্যাগই করিতে হয়। কারণ পরে গাঁত। খুব জোরের সহিত বলিয়াছে যে মানুষ কর্ম্ম করে না, প্রক্রতিই কর্ম করে। ত্রিগুণময়ী

মহাশক্তিই মানুষের ভিতর দিয়া কর্ম্ম করে—মানুষকে শিখিতেই হইবে যে সে কর্ম্ম করে না। অতএব, "কর্ম্মে অধিকার" এ কথাটা ভর্ম ততক্ষণই থাটিতে পারে, যতক্ষণ অজ্ঞানের বর্শে আমরা আমাদিগকেই কর্মের কর্ত্তা বলিয়া মনে করি। যথন আমরা বুঝিতে পারিব যে আমরা আমাদের কর্মের কর্ত্তা নই—তথনই ফলের অধিকারের যত আমাদের কর্মেরও অধিকার ঘূচিয়া যাইবে। তথন কর্ম্মীর অহঙ্কার—ফলে দাবী বা কর্মে অধিকার, সমস্ত দূর হইয়া যাইবে।

কিন্তু প্রকৃতির কর্তৃত্বই গীতার শেষ কথা নহে। ইচ্ছার সমতা এবং কম্মকল পরিত্যাগ, চিত্ত মন বুদ্ধির দ্বারা ভগবদ চৈত্তে প্রবেশ ্করিবার এবং তন্মধ্যে বাস করিবার উপায় মাত্র। গীতা স্পষ্টই বলিরাছে যে বতদিন শিঘ্য এই উচ্চ অবস্থা লাভ করিতে না পারিতেছে ততদিনই এইগুলিকে উপায় রূপে ব্যবহার করিতে হইবে। (দ্বাদশ অধ্যারে ৮, ৯, ১০ ও ১১ শ্লোক দেখ)। আরও কথা, কৃষ্ণ যে নিজেকে ভগবান বলিলা পরিচল্ল দিতেছেন, ইনি কে ? ইনি পুরুষোত্ত্য—যে পুরুষ কশ্ব করে ন। তাহার উপরে, যে প্রকৃতি কশ্ব করে তাহারও উপরে। তিনি একটিব ভিত্তি, অপরটির প্রভু। নিথিল সংসার যাহার প্রকাশ তিনি সেই ঈশ্বর—বিনি আমাদের মত মায়াবদ্ধ জীবেরও হাদরে বসিয়া প্রকৃতির কর্ম্ম পরিচালন করিতেছেন। কুরুক্ষেত্রের সৈম্ম বাহিনী বাচিয়া থাকিলেও তাহার ধারাই ইতিপূর্বে নিহত হইয়াছে, তিনিই এই মহা হত্যাকাণ্ডে অর্জুনকে যন্ত্র বা নিমিত্তের মত ব্যবহার করিতেছেন। প্রকৃতি কেবল তাহারই কার্য্যকারিণী শক্তি (executive force)। শিষ্যকে এই শক্তির, এবং ইহার তিনগুণের উপরে উঠিতে হইবে, তাঁহাকে ত্রিগুণাতীত হইতে হইবে; তাঁহাকে প্রকৃতির নিকট কম্ম সমর্পণ করিতে হইবে না—সেই শ্রেষ্ঠ পুরুষকে সর্ব্ধ কর্ম্ম সমর্পণ কারতে হইবে। মন, বুদ্ধি, চিত্ত, ইচ্ছা সমস্ত তাঁহাতে নিবিষ্ঠ করিয়া আয়া সম্বন্ধে, ঈশ্বর সম্বন্ধে, জগৎ সম্বন্ধে জ্ঞানযুক্ত হইয়া, পূর্ণ সমতা, পূর্ণ ভক্তি, পূর্ণ আয়াদান সহ—সকল কর্ম্মের, সকল যজ্ঞের ঈশ্বরের পূজা স্বরূপ তাঁহাকে সমস্ত কর্মা করিতে হইবে। সেই ইচ্ছার সঞ্চিত ইচ্ছা মিলাইতে হইবে, সেই জ্ঞানের সহিত জ্ঞান মিলাইতে হইবে—গাহ। হইতেই কর্ম্মাকম্ম স্থির করিতে হইবে, কর্ম্মে প্রবৃত্তি হইবে। শিয়ের সকল সন্দেহের মীমাংগা ভগবান এইরূপেই করিয়াহেন।

গীতার শ্রেষ্ঠ কথা কি, মহাবাক্য কি তাহ। আমাদিগকে খুঁ জিয়া বাহির করিতে হইবে না। কারণ শেষে গাঁতাই ইহা ঘোষণা করিয়া দিয়াছে—
ইহাই গীতা শিক্ষার চরম কথা—"হে ভারত, সর্ব্বান্তঃকরণে হুদিন্থিত ঈশ্বরের শরণ লও; তাঁহার প্রসাদে পরম শান্তি এবং পরমেশ্বরের সম্বন্ধীয় নিত্য স্থান প্রাপ্ত হইবে। এইরূপে গোপনীয় হইতেও গোপনীয় জ্ঞান আমি তোমাকে বলিলাম। সর্ব্ববিধ গোপনীয় হইতেও গোপনীয়, পরম পুরুষার্থ সাধন, আমার বাক্য পুনরায় শ্রবণ কর—

মন্মনা ভব মন্তকো মদ্যাজী মাং নসন্ধুক্ত। মামেবৈয়াসি সত্যং তে প্রতিজানে প্রিয়োহসি মে॥ সর্ব্বধর্ম্মান্ পরিত্যজ্য মামেকং শরণং ব্রজ। অহং ত্বাং সর্ব্বপাপেভ্যো মোক্ষরিয়ামি মা শুচঃ॥

— তুমি মদেকচিত্ত হইরা একমাত্র আমারই উপাদক হও, একমাত্র আমাকেই নমস্কার কর, তাহা হইলে নিশ্চরই আমাকে পাইবে। তুমি আমার প্রিয়; অতএব তোমাকে সত্যই প্রতিজ্ঞা করিয়া বলিতেছি। সমূদর ধর্মাধর্ম পরিত্যাগ পূর্বক একমাত্র আমাকে আশ্রয় কর, আমি তোমাকে সর্ববিধ পাপ হইতে মুক্ত করিব, শোক করিও না।"

কর্মকে মানবীয় স্তর হইতে ঐশ্বরীয় স্তরে তুলিবার, গীতা তিনটি ধাপ দেখাইয়া দিয়াছে। এইরূপেই কর্মের বন্ধন হইতে মুক্ত হইয়া দিব্য জীবনের স্বাধীনতা লাভ করা যাইবে। প্রথম, সকল বাসনা পরিত্যাপ করিয়া সম্পূর্ণ সমতার সহিত পরমেশ্বরের উদ্দেশ্যে যজ্ঞ হিসাবে সমস্ত কর্ম্ম করিতে হইবে। এই অবস্থায় মানুষ নিজেকেই কর্মী বলিয়া মনে করে. প্রমেশ্বরের সহিত একাত্মতা উপলব্ধি করে না। ইহাই প্রথম ধাপ। 'দ্বিতীয়তঃ, শুধু কর্মাফলে নহে, কর্মোও যে অধিকার নাই তাহা উপলব্ধি করিতে হইবে। প্রকৃতিই সর্বাপ্রকারে সর্বাবিধ কার্য্য সম্পাদন করিতেছেন, আত্ম। স্বয়ং কিছু করেন না--িযিনি ইহা জ্ঞানচক্ষুর দারা অবলোকন করেন, তিনিই এই দিতীয় অবস্থা প্রাপ্ত হন। শেষে প্রকৃতি ও পুক্ষের অতীত পুরুষোত্তমকে চিনিতে হইবে। প্রকৃতি সেই পুরুষোত্তমের দাসী মাত্র, প্রকৃতিস্থ পুরুষ তাঁহার অংশ বিশেষ। তিনি সকলের অতীত হইয়াও প্রকৃতির দারাই সর্বাকর্ম পরিচালন করিতেছেন। তাঁহাকেই ভক্তি করিতে হইবে, স্তুতি করিতে হইবে, সর্ব্বকর্ম্ম যজ্ঞরূপে তাঁহাকেই সমর্পণ করিতে হইবে। সর্ব্বান্তঃকরণের সহিত তাঁহারই শরণ লইতে হইবে—সমগ্র চৈতন্তকে তুলিয়া সেই দেব চৈতন্তের মধ্যে বাধ করিতে হইবে—যেন মানবাত্মা দেই পুরুষোত্তমের সহিত প্রকৃতির উপরে উঠিতে পারে এবং তাঁহারই সহচর হইয়া সম্পূর্ণ স্বাধীনতার সহিত কর্ম করিতে পারে।

কর্ম্মবোগই প্রথম ধাপ।—এই অবস্থায় স্বার্থশৃন্ত হইয়া ভগবানে ফলাফল সমর্পন করিয়া কর্ম্ম করিতে হইবে।—গীতা যে বারবার কর্ম্ম

করিবার কথা বলিয়াছে, তাহা এই অবস্থারই উপযোগী কথা। জ্ঞানযোগ দিতীয়' ধাপ। এই অবস্থায় আত্মা ও জগৎ সম্বন্ধে প্রকৃত জ্ঞানলাভ করিতে হইবে এবং এই অবস্থায় গীতা বার বার জ্ঞানলাভের কথাই বলিয়াছে। কিন্তু, এখানেও যজ্ঞরূপে কর্ম্ম করিতে হইবে—এখানে কর্ম্মের পথ শেষ হয় না, জ্ঞানের পথের সহিত মিলিয়া এক হইয়া যায়।—ভক্তি-যোগই শেষ ধাপ। এই অবস্থায় ভগবানকে লাভ করিবার জন্ম ব্যগ্রভার উদয় হয় এবং এই অবস্থায় গীতা বার বার ভক্তির কথাই বলিয়াছে। কিন্তু, এখানেও জ্ঞান বা কর্ম্মের শেষ হয় না।—তবে তাহাদের উন্নতি ও চরম পরিণতি হয়। জ্ঞান, কর্ম্ম, ভক্তি এই তিনটি পথ মিলিয়া এক হয়। যে ফলের আকাজ্মা সকল সময়েই সাধকের মধ্যে থাকে তথন সেই ফল লাভ হয়—ভগবানের সহিত মিলন হয়, এবং ঐশ্বরীয় প্রকৃতির সহিত একাত্মতা প্রাপ্তি হয়।

পঞ্চম অধ্যায়

কুরুক্ষেত্র

গীতার কিরূপে ক্রমশঃ কর্ম, জ্ঞান ও ভক্তির পথ শিক্ষা দেওয়া হইয়ছে—তাহা আলোচনা করিবার পূর্বেষে যে অবস্থা অবলম্বন করিয়। গীতার শিক্ষা কথিত হইয়ছে আর একবার সেই অবস্থাটি অমুধাবন করা একান্ত আবশুক । সেই অবস্থাটি শুরু মানবজীবনের নহে—সমস্ত বিশ্ব-প্রপঞ্চেরই নমুনা স্বরূপ বৃথিতে হইবে। কারণ, যদিও অর্জ্ঞুন শুরু নিজের কর্ত্তব্যাকর্ত্তব্য নির্দ্ধারণ করিতেই চাহেন—তথাপি তিনি যে প্রশ্ন ত্রিয়াছেন, যে ভাবে সে প্রশ্ন ত্রিয়াছেন—তাহাতে মানবজীবনের ও কন্মের গূঢ় রহস্ত কি, জগৎ কি, মান্তম জগতে থাকিলেও কেমন করিয়া আধ্যাত্মিক জীবন যাপন করিতে পারে—সেই সকল প্রশ্নের মীমাংসা প্রয়োজন হইয়া পড়িয়াছে। গীতার গুরু অর্জুনকে কোন আদেশ দিবার পূর্বের এই সকল কঠিন ও গূঢ় তত্ত্বেরই মীমাংসা করিতে চান।

এখন প্রশ্ন হইতেছে, যে ব্যক্তি সংসারেও থাকিতে চায়, কর্ম্ম করিতেও চায় অথচ ভিতরে আধ্যাত্মিক জীবন যাপন করিতে চায়—তাহার প্রতিবন্ধক কি? স্ষ্টির কোন্ দিকটা প্রত্যক্ষ করিয়া অর্জুনের বিষাদ উপস্থিত হইয়াছিল? সাধারণ পাপপুণ্য, ধর্মাধর্ম্মের মিথ্যা অবরণে বিশ্বজগতের প্রকৃত স্বরূপ আমাদের নিকটে লুকায়িত থাকে। যথন সেই আবরণ গুলিয়া পড়ে, প্রকৃত জগৎ যাহা যথন আমরা তাহার সমুখীন

হই—অথচ উচ্চ জ্ঞানের আলোকে সমস্ত ব্যাপার বুঝিয়া উঠিতে পারি না—তথন নিদারুণ আঘাতে জাগিয়া জগতের প্রকৃত মূর্ত্তি দেখিয়া স্বসিত্ত হইতে হয়। অর্জুন সহসা এইরূপ জগতের প্রকৃত স্বরূপ দেখিয়া অবসর হইয়া পড়িয়াছিলেন। সেই প্রকৃত স্বরূপ কি ? বাহতঃ এই স্বরূপ কুরুক্তেরে হত্যাকাণ্ড ও রক্তপাতে প্রকট হইয়াছে। আধ্যাত্মিক ভাবে জগতের এই স্বরূপ অর্জুন দেখিলেন ভগবানের বিধ্বরূপে—

কালোহস্মি লোকক্ষয়কং প্রবৃদ্ধে। লোকান্ সমাহর্ত্ত্বিহ প্রবৃত্তঃ।

কালরূপী ভগবান নিজের সৃষ্ট জীবগণকেই সংহার করিতেছেন, গ্রাস করিতেছেন। সর্বভূতের বিনি ঈশ্বর, তিনিই সকলের সৃষ্টিকর্ত্তা, তিনিই আবার সকলের সংহারকর্ত্তা। প্রাচীন শাস্ত্রে তাঁহারই নির্ম্মছিবি অক্ষিত করা হইয়াছে—পণ্ডিত ও বারগণ তাঁহার থাল, মৃত্যু তাঁহার ভোজের চাটনি! ইহা সেই একই সত্য বাহা প্রথমে পরোক্ষ ভাবে সংসারের ব্যাপারে দৃষ্ট হয় এবং পরে অপরোক্ষ ভাবে সাক্ষাং ও স্পষ্ট আত্মার দর্শনে প্রতিভাত হয়। জগং ও মানবঙ্গীবন মৃদ্ধ, বিরোধ, হত্যার ভিতর দিয়া চলিতেছে—ইহাই বিশ্বের বাহ্ স্বরূপ। বিশ্ব সন্থা বিরাট সৃষ্টি এবং বিরাট ধ্বংসের ভিতর দিয়া নিজেকে পরিপূর্ণ করিয়া তুলিতেছে—ইহাই ভিতরের দিক।—জীবন একটি বিশাল মৃদ্ধক্ষেত্র এবং মৃত্যুভূমি—ইহাই কুরুক্ষেত্র। সেই হত্যাভূমিতে অর্জ্ন ভগবানের ভীষণরূপ দর্শন করিলেন।

গ্রীক দার্শনিক হিরাক্লিটাস বলিয়াছেন যে যুদ্ধই সকল বস্তুর জন্মদাতা, যুদ্ধই সকলের রাজা। গ্রীক পণ্ডিতদের অস্তান্ত বচনের স্তায় এই কথাটির ভিতরেও গভীর সত্য নিহিত রহিয়াছে। জড় বা মস্তান্ত শক্তির সংঘাতেই জগতের সমস্ত বস্তুর, এমন কি জগতেরও উৎপত্তি হইয়াছে বলিয়াই বোধ হয়। শক্তি ও বস্তুনিচয়ের পরম্পরের ঘাত প্রতিঘাত বিরোধের দারাই জগং চলিতেছে, নৃতন সৃষ্টি হইতেছে পুরাতন ধ্বংস হইতেছে—এই সকলের উদ্দেশ্য কি, লক্ষ্য কি তাহা কেহ জানে না। কেহ বলে শেষে আপন। আপনি সমস্ত ধ্বংস প্রাপ্ত হইবে—কেহ বলে ধ্বংসের পর স্থাষ্ট আবার স্বষ্টির পর ধ্বংস-অনস্তকাল ধরিয়া এইরূপে অর্থহীন রুথা চক্র ঘুরিতেছে। যাহারা আশাবাদী তাহারা বলে—সমস্ত বাধা বিপত্তি ধবংসের ভিতর দিয়া জগৎ ক্রমশঃই উন্নতির পথে, ভগবানের কোন অভীষ্ট নিদির পথে অগ্রসর হইতেছে। তবে যাহাই হউক এটা ঠিক যে এ 'জগতে ধ্বংস ছাড়া কোন কিছুৱই স্থাষ্ট হইতে পারে না, বিভিন্ন শক্তির বিরোধ ছাড়া কোন সামঞ্জ স্থাপিত হইতে পারে না। ভর্ম তাহাই নহে, সর্বাদা অন্তের জীবন গ্রাস না করিলে কাহারও পক্ষে জীবন ধারণই সম্ভব নহে। শারীরিক জাবন ধারণ করিতে প্রতি মৃহূর্ত্তে আমাদিগকে মরিতে হইতেছে—এবং নবজন্ম গ্রহণ করিতে হইতেছে। আমাদের শরীর একটি শত্রু কর্তৃক আক্রান্ত নগরের স্থায়। একদল ইহাকে আক্রমণ করিতেছে, আর একদল ইহাকে রক্ষা করিতেছে—পরম্পরকে বিনাশ করা গ্রাস করাই পরস্পরের কাজ। সমস্ত জগৎই এইরূপ। স্পৃষ্টির প্রথম হইতেই যেন এই আদেশ প্রচারিত হইয়াছে—"তোমার সহচর, তোমার পারিপার্থিক অবস্থার সহিত যুদ্ধ না করিলে ভূমি জয়লাভ করিতে পারিবে না। এমন কি যুদ্ধ না করিলে, অপরের জীবন গ্রাস না করিলে তুমি বাঁচিতেই পারিবে না। জগতের প্রথম বিধান স্থামি এই করিয়াছি ্য ধ্বংসের দারাই সৃষ্টি রক্ষা হইবে।"

প্রাচীন মনীষিগণ জগংতত্ব আলোচনা করিয়া এইরূপ সিদ্ধান্তেই

উপনীত হইয়াছিলেন। প্রাচীন উপনিষদসমূহে ইহা স্পষ্ট ভাবেই বর্ণিত হইয়াছে—সেথানে এই কঠোর সত্যকে মিষ্ট কথায় ঢাকিবার কোনরপ চেষ্টাই করা হয় নাই। তাঁহারা বলিয়াছেন যে ক্ষ্পারূপী মৃত্যুই জগতের প্রভু ও স্বাষ্টকতা। যজ্ঞের অশ্বকে তাঁহারা প্রাণী মাত্রের রূপক করিয়াছিলেন।—জড় পদার্থের তাঁহারা যে নাম দিয়াছিলেন তাঁহার সাধারণ অর্থ হইতেছে থায়। তাঁহারা জড়কে থায় বলিয়াছেন—কারণ ইহা জীবকে থায় এবং জীব ইহাকে থায়। ভক্ষক মাত্রই ভুক্ত হয়—ইহাকেই তাঁহারা জড় জগতের মূল সত্য বলিয়া ধরিয়াছেন। ভারউইনের মতাবলম্বিগণ এই সত্যকে পুনরাবিদ্ধার করিয়া বলিয়াছেন যে বাঁচিবার জন্ম যুদ্ধই বিবর্তনের বিধান। হিরাক্রিটাসের বচন এবং উপনিষদের রূপকের দ্বারা যে সত্য স্পষ্ট নির্ভুল ভাবে তেজের সহিত প্রকাশিত হইয়াছিল—বর্তমান বিজ্ঞান এখন তাহাই জম্পষ্ট ভাবে প্রচার করিছেছে।

বিখ্যাত জর্মণ দার্শনিক নীট্শে যুদ্ধকেই স্থাইর নীতি এবং বোদ্ধাকে, ক্ষিত্রিয়কেই আদর্শ মন্ত্র্য্য বলিয়াছেন। মন্ত্র্য্য প্রথম ও চরম অবস্থায় বাহাই হউক—সম্পূর্ণতা লাভ করিতে ইইলে তাহাকে মধ্য-জীবনে বোদ্ধা ইইতেই হইবে। নীট্শের এই সকল মতকে আমরা এখন বতই গালি দিই নাকেন, ইহাদের ভাষ্যতা অস্বীকার করিবার উপায় নাই। এই মতের অমুসরণ করিয়া নীট্শে মামুষের কর্ত্তবাকর্ত্তব্য সম্বন্ধে যে সকল সিদ্ধান্তে উপনীত হইয়াছেন তাহা আমরা মানিয়া লইতে না পারি—কিন্তু, জগতের যে ধ্বংসলীলার দিকে আমরা চক্ষু বুজিয়া থাকিতে চাই—নীট্শে তাহা অতি স্পষ্টভাবে আমাদের চক্ষুর সম্বন্থে ধরিয়া দিয়াছেন। আমাদিগকে এই কঠোর সত্য যে মনে পড়াইয়া দেওয়া হইয়াছে—ইহাতে ভালই

হইয়াছে। প্রথমতঃ ইহা আমাদের ক্লৈব্য ও তুর্বলতা দূর করিবে। যাহার। জগতে দেখে শুধু প্রেম, শুধু জীবন, সত্য ও সৌন্দর্য্য-কিন্তু প্রকৃতির করাল রূপ হইতে চক্ষু ফিরাইয়া লয়, যাহারা ভগবানের শুধু শিবমূর্ত্তির পূজা করে কিন্তু তাঁহার রুদ্রমূর্ত্তিকে অস্বীকার করে—তাহাদের স্বভাবতঃই তুর্বলতা ও জড়তা আসিয়া থাকে। ভগবানের রুদ্রমূর্ত্তির পূজা করিলে হৃদরে বলের সঞ্চার হয়। দ্বিতীয়তঃ, জ্বগৎ যে প্রকৃত কি তাহা সোজাম্বজি দেখিবার ও বৃঝিবার মত সততা ও সাহস যদি আমাদের না থাকে তাহা হইলে জগতের ভিতর যে অনৈক্য ও বিরোধ রহিয়াছে আমরা কথনই তাহার সমাধান করিতে পারিব না। প্রথমে আমাদের দেখিতেই হইকে যে জীবন কি, জগৎ কি। তাহার পর সেগুলির যেরূপ হওয়া উচিত তাহাতে তাহাদিগকে পরিবর্ডিত করা সহজ হইবে। জগতের এই যে অপ্রীতিকর দিকটা আমরা লক্ষ্য করিতে চাহি না, হয়ত ইহারই ভিতর এমন রহস্ত ল্কায়িত আছে—চরম সামঞ্জ্য স্থাপনে যাহার একান্ত প্রয়োজন। আমরা যদি এই দিকে লক্ষ্য না করি-তাহা হইলে সেই রহস্ত হারাইয়া ফেলিতে পারি এবং তাহার অভাবে জীবন-তত্ত্ব সমাধানের সকল চেষ্টাই বার্থ হইতে পারে। यদি ইহা শত্রু হয়, यদি ইহাকে জয় করিতে হয়, দূর করিতে হয়, বিনাশ করিতে হয়—তাহা হইলেও ইহাকে অবহেলা করা চলে না। অতীতে এবং বর্ত্তমানে ইহা কিন্ধপে জীবনের সহিত গভীর ভাবে জডিত তাহার হিসাব আমাদিগকে লইতেই হইবে।

যুদ্ধ এবং ধ্বংস বে শুধু জড়জগতেরই সনাতন নীতি তাহা নছে, ইহা আমাদের মানসিক ও ধর্ম জীবনেরও নীতি। ইহা স্বতঃসিদ্ধ যে মানুষ ধর্ম, সমাজ, রাজনীতি, জ্ঞানচর্চা—কোন ক্ষেত্রেই বিভিন্ন শক্তির মধ্যে সংঘর্ষ

ব্যতীত এক পদও অগ্রসর হইতে পারে না। অহিংসাকেই এখনও মানবজীবনের শ্রেষ্ঠ আদর্শ ও নীতি বলিয়া ধরা হয়—কিন্তু, অন্ততঃপক্ষে এখন পর্য্যস্ত মানুষ এবং জগতের অবস্থা যেরূপ তাহাতে প্রকৃত ভাবে এবং সম্পূর্ণভাবে অহিংসনীতি অবলম্বন করিলে এক পদও অগ্রসর হওয়া, উন্নতি করা সম্ভব নহে। আমরা কি শুধু আধ্যাত্মিক শক্তির(Soul force) ব্যবহার করিব—কোনরূপ শারীরিক বলপ্রয়োগ করিয়া যুদ্ধ বা ধ্বংস করিব না, এমন কি আত্মরক্ষার জন্মও বলপ্রয়োগ করিব না ? কিন্তু বর্তুমানে কত মানুষ, কত জাতি আমুরিক শক্তির প্রয়োগ করিয়া কত অত্যাচার করিতেছে, দলন করিতেছে, ধ্বংস করিতেছে, কলুষিত, করিতেছে। যতদিন আত্মিক শক্তি সম্পূর্ণ কৃতকার্য্য না হইতেছে তত্তদিন শারীরিক বল প্রয়োগ করিয়া যদি এই আস্তরিক শক্তিকে বাধা না দেওয়া যায় তাহা হইলে সেই সাম্মরিক শক্তি অপ্রতিহত ভাবে সহজেই ধ্বংস ও অত্যাচারের লীলা করিবে—এবং অপরে বলপ্রয়োগ করিয়া যত ধ্বংস সাধন করিতে পারে, আমরা বলপ্রয়োগে বিরত থাকিয়াই হয়ত তদপেক্ষা অধিকমাত্রায় ধ্বংস ও অত্যাচারের সহায়ক হইব। শুধু তাহাই নহে—আত্মিক শক্তি কার্যাকরী হইলেও ধ্বংস সাধন করে। যাহারা চকু মুদ্রিত না রাখিয়া এই শক্তির ব্যবহার করিয়াছেন তাহারাই জানেন বে এই আত্মিক শক্তি তরবারি ও কামান অপেক্ষা কত অধিক ভীষণ ও ধ্বংসকারী। যাহারা শুধু কর্ম্ম এবং কর্ম্মের অনতিপরিবর্তী ফলের উপরই দৃষ্টি আবদ্ধ না রাথিয়া দূর পর্য্যন্ত দেখেন তাহারাই জানেন যে আত্মিক শক্তিপ্রয়োগের পরিণাম ফল কি ভীষণ—কত অধিক ধ্বংসসাধন হয়। গুধু পাপকে নষ্ট করা সম্ভব নয়—সেই পাপের দারা যাহা কিছু বাঁচিয়া আছে, টিকিয়া আছে, পাপের সঙ্গে সঙ্গে তাহাদেরও বিনাশ সাধন হয়। আমরা

নিজের হাতে করিয়া ধ্বংস না করিলেও ধ্বংস হিসাবে তাহা কিছুই কম নহে।

আরও কথা এই যে, আমরা যথনই কাহারও বিরুদ্ধে আত্মিক শক্তি প্রয়োগ করি, তথনই তাহার বিরুদ্ধে যে প্রবল "কর্ম্ম" শক্তি (Force of Karma) উদ্দ হয় সেটিকে নিয়ন্ত্রিত করা আমাদের সাধ্যাতীত। বিশ্বামিত্র ক্ষাত্রশক্তি (Military violence) লইয়া বশিষ্ঠকে আক্রমণ করায় বশিষ্ঠ বিশ্বামিত্রের বিরুদ্ধে আত্মিক শক্তি (Soul force) প্রয়োগ করিলেন, ফলে হুন, শক ও পল্লব দৈন্তাগণ আক্রমণকারীর উপর পডিল। আক্রান্ত ও মত্যাচারিত হইয়া আধ্যাত্মিক প্রকৃতি সম্পন্ন মনুষ্য যথন নীরবে সকল সহ করে, তথন জগতের ভীষণ শক্তিসমূহ তাহার প্রতিশোধ লইতে জাগিয়া উঠে। যাহারা পাপ করিতেছে, অন্তায় অত্যাচার করিতেছে, বলপ্রয়োগ করিয়াও যদি তাহাদিগকে বন্ধ করিতে পারা যায়. তাহা হইলে তাহাদের প্রতি সদয় ব্যবহারই কর। হয়—নতুবা, তাহাদের অপ্রতিহত অন্তায় অত্যাচারের ফলে তাহারা নিজেদের উপর ভীষণতর শান্তি ও ধ্বংস আনয়ন করিবে। শুধু আমরা যদি আমাদের হস্তকে কলুষিত না করি এবং আত্মাকে হিংসভাবাপন্ন না করি তাহা হইলেই জগৎ হইতে যুদ্ধ ও ধ্বংস উঠিয়া যাইবে না। মানবজাতির মধ্যে ইহার ্যে মূল রহিয়াছে তাহা উৎপাটিত করিতে হইবে। নিজেরা নিশ্চেষ্ট হইয়া বসিয়া থাকিলেই এবং অন্তায় অত্যাচারকে বাধা না দিলেই—যুদ্ধ ও হিংসা লোপ পাইবে না। অকর্ম, তামিসকতা, জড়তা দারা জগতে যত অনিষ্ট হয়, রাজসিকতা ও যুদ্ধ দারা ততটা হয় না। অন্তভ:পক্ষে রাজসিকতার দারা যত ধ্বংস হয় তদপেক্ষা অধিক সৃষ্টি হয়। অতএব কোন ব্যক্তি যদি যুদ্ধ ও ধ্বংস হইতে বিরত থাকেন, তাহা হইলে তাহারই

নৈতিক উন্নতি হইতে পারে, কিন্তু তাহার দ্বারা জগৎ হইতে যুদ্ধ ও ধ্বংসের নীতি উঠিয়া যাইবে না।

জগতে যুদ্ধনীতির প্রভাব কিরূপ অদম্য, সমগ্র মানবজাতির ইতিহাসই তাহার সাক্ষ্য দিতেছে। সৃষ্টির এই ভীষণ দিকটা যে আমরা একট্ট কোমল করিয়া দেখিতে চাই, অন্ত দিকে ঝোঁক দিতে চাই, ইহা খুবই স্বাভাবিক। যুদ্ধ এবং ধ্বংসই সব নহে; একদিকে যেমন বিচ্ছেদ ও বিরোধ অক্তদিকে তেমনি পরস্পরের সহিত মিলন ও সহযোগিতাও রহিয়াছে। প্রেমের শক্তি স্বার্থপরত। অপেক্ষা ন্যুন নহে। নিজের জন্ম অপরকে নাশ করিবার যেমন প্রবৃত্তি রহিয়াছে, তেমনই অপরের জন্ম মরিবার প্রবৃত্তিও আমাদের মধ্যে রহিয়াছে। কিন্তু, এই সকল শক্তি কেমন ভাবে কার্য্য করিয়াছে তাহা যদি আমরা লক্ষ্য করি তথন আর ভাহাদের বিপরীত গুলিকে উপেক্ষা করিতে বা সেগুলিকে তেমন ভাবে দেখিতে পারিব না। মাতুষ যে ভুধু পরস্পরকে সাহায্য করিবার নিমিত্তই সহযোগিতা করে তাহা নহে—শক্রর বিনাশ সাধন করিতেও লোকে পরস্পরের সহিত সহযোগিত। করে। সহযোগিতা অনেক সময় যুদ্ধ, অহস্কার প্রতিষ্ঠারই সহায়ক হইয়াছে। এমন কি প্রেমই সর্বাদা ধ্বংসের শক্তিরূপে ক্রীড়া করিয়াছে। বিশেষতঃ শুভের প্রতি প্রেম, ভগবানের প্রতি প্রেম জগতে বহু যুদ্ধ, হত্যা ও ধ্বংস ঘটাইয়াছে। আত্মবলিদান খুবই মহান, কিন্তু চরম আত্মবলিদানের দারা কি ইহাই প্রমাণিত হয় না যে কোন কার্য্য উদ্ধার করিতে হইলে কোন শক্তির নিকট কাহাকেও বলিদান দেওয়া আবশ্রক, মরণের ভিতর দিয়া জীবনই স্থাষ্ট্র নীতি ? শাবককে রক্ষা করিতে পক্ষীমাতা আততায়ী ভম্বর সম্মুখীন হইতেছে, দেশের স্বাধীনতার জন্ম দেশভক্ত প্রাণ বিসর্জন দিতেছে, ধর্ম্মের জন্ম, আদর্শের জন্ম লোকে কত হৃঃথ, কত নির্য্যাতন সহ্ করিতেছে—জীবজগতের নিম্ন ও উচ্চস্তরে এই সকলই আত্মবলিদানের দৃষ্টাস্ত এবং এই সকল হইতে কি প্রমাণিত হয় তাহা সহজেই বোধগম্য।

কিন্তু, আবার এই সকলের পরিণামের প্রতি বদি আমরা দৃষ্টিপাত করি তাহা হইলে জগৎকে স্থথময় বলিয়া ভাবা আরও কাঠন হইয়া পড়িবে। দেখুন, যে দেশকে স্থাধীন করিবার জন্ত শত শত দেশভক্ত একদিন প্রাণ দিয়াছে কিছুদিন পর যথন তাহাদের কর্ম্মের ফল ফুরাইয়া গেল তথন সেই দেশই অপর দেশের স্বাধীনতা হরণ করিয়া নিজেকে বড় করিতে ব্যস্ত ! সহস্র সহস্র ধর্মপ্রাণ গৃষ্টান প্রাণবিসর্জন দিলেন, পাশবিক শক্তির বিরুদ্ধে, সামাজ্যের শক্তির বিরুদ্ধে আত্মিক শক্তির (soul force) প্রয়োগ করিলেন যেন খৃষ্টের জয় হয়, গৃষ্টধর্ম স্থপ্রতিষ্ঠিত হয়। আত্মিক শক্তির জয় বাস্তবিকই হইল, খৃষ্টধর্ম প্রচারিত হইল কিন্তু খৃষ্টের জয় ত হইল না। যে সামাজ্যকে বিনম্ভ করিয়া খৃষ্টধর্ম প্রতিষ্ঠিত হইয়াছিল সেই সামাজ্য অপেক্ষাও খৃষ্টধর্ম এখন অত্যাচারী হইয়া উঠিয়াছে। জগতের ধর্মগুলিই এখন সত্যবদ্ধ ভাবে পরম্পরের সহিত লড়িতেছে, জগতে আধিপত্য স্থাপন করিবার জন্ত ভীষণ ভাবে যুর্দ্ধ করিতেছে।

এই সকল হইতেই বেশ বোধ হয় যে জগতে এই যে একটা জিনিষ বহিয়াছে, সেটিকে কেমন করিয়া জয় করিতে হইবে তাহা আমরা জানি না। হয়ত ইহাকে জয় করা সম্ভব নয়, নয় আমরা নিরপেক্ষ ভাবে দৃঢ়তার সহিত এই জিনিষটাকে তাকাইয়া দেখি নাই, এটাকে ভালরূপে জা নিবার চেষ্টা করি নাই, তাই এপর্য্যস্ত জয় করিতে পারি নাই। জগৎ সমস্ভার প্রকৃত সমাধান করিতে হইলে জগৎটা বাস্তবিক যাহা তাহা আমাদিগকে ভাল করিয়া দেখিতেই হইবে। জগৎকে দেখা আরু ভগবানকে দেখা এক-কারণ, ছুইটিকে পুথক করা চলে না। যিনি জগৎকে সৃষ্টি করিয়াছেন তাঁহাকে ভিন্ন আর কাহাকেও এই জগতের আইনকান্ত্রন, নীতির জন্ম দায়ী করা চলে না। কিন্তু এথানেও আমরা ইতস্ততঃ করি, সত্যকে চাপা দিবার চেষ্টা করি। আমরা বলি ভগ**বান** দ্যা, প্রেম ও স্থায়ের আধার—জগতে যাহ। কিছু মণ্ডভ আছে, পাপ আছে, নিষ্ঠুরতা আছে সে সকল তাঁহার ক্বত নহে, সয়তানের ক্বত। ভগবান কোন কারণে এই সয়তানকে মন্দ করিতে ছাডিয়া দিয়াছেন অথবা ভগবান প্রথমে সবই শুভ ও পুণাময় করিয়া গড়িয়াছিলেন কিন্তু মানুষ তাহার পাপের দারা জগতে অমঙ্গলের স্থচনা করিয়াছে। যেন মাত্রষই মৃত্যুর স্বষ্টি করিয়াছে, জীব-জগতে গ্রাদের ব্যবস্থা করিয়া দিয়াছে। প্রকৃতি সৃষ্টি করিতেছে এবং সেই সঙ্গে ধ্বংস করিতেছে—ইহাও যেন মানুষেরই বিধান ! জগতের অতি অল ধর্মই ভারতের মত খোলাখুলি ভাবে বলিতে সাহস করিয়াছে যে এই রহস্তময় জগতের একটিই কর্তা-স্ষ্টি, স্বিতি, লয় এই তিনই এক ভগবানের কার্য্য, বিশ্বশক্তি শুধু সর্ব্বমঙ্গল। हुन। नरह, कदानी कानी ७ वर्षे । क्षिदा क्रकत्नवद्र। ध्वः म-न हा-भदाश्रम। কালীমূর্ত্তিকে দেখাইয়া হিলুই বলিতে পারিয়াছে—"ইনিও মা, ইহাকে ভগবান বলিয়া জান-- যদি সাধ্য থাকে ইহার পূজা কর।" যে ধন্মে এইরপ অবিচলিত সততা এবং অসীম সাহস, সেই ধর্মাই জগতের সর্বাপেকা গভীর ও বিস্তৃত আধ্যাত্মিকতার সৃষ্টি করিতে সক্ষম হইয়াছে। কারণ, সত্যই প্রকৃত আধ্যাত্মিকতার ভিত্তি এবং সাহস তাহার প্রাণ।

তবে আমরা একথা বলিতে চাই না যে যুদ্ধ এবং ধ্বংসই স্বষ্টির মূল কথা, সামঞ্জন্ত যুদ্ধ অপেক্ষা বড় নহে, মৃত্যু অপেক্ষা প্রেমেই ভগবানের অধিক প্রকাশ নহে। পাশবিক বলের পরিবর্ত্তে আত্মিক শক্তির প্রতিষ্ঠা

করিতে, যুদ্ধ উঠাইয়া শান্তি স্থাপন করিতে, বিরোধের স্থানে মিলনের প্রতিষ্ঠা করিতে, গ্রাদের বদলে প্রেমের প্রতিষ্ঠা করিতে, স্বার্থপরতার স্থানে সার্বজনীনতা স্থাপন করিতে, মৃত্যুর বদলে অমরত্ব লাভ করিতে যে চেষ্টা করিতে হইবে না তাহাও আমরা বলি না। ভগবান শুধু ধ্বংস-কর্ত্তা নহেন, তিনি সর্বভূতের স্থস্বদও বটেন। ভীষণা কালীই সর্বমঙ্গলা মা। কুরুক্ষেত্রের কর্তাই আবার অর্জ্জনের স্থা ও সার্রথি, জীবের প্রাণারাম, অবতার রুষ্ণ। সমস্ত বিরোধ, যুদ্ধ, গোলমালের ভিতর দিয়া তিনি যে আমাদিগকে কোন গুভের দিকে, দেবত্বের দিকে লইয়। যাইতে-ছেন তাহাতে কোন সক্লেহ নাই। তবে এটা ঠিক যে আমরা যে যুদ্ধ ও বিরোধের কথা এত করিয়। বলিতেছি—এসবের উপরেই লইয়া যাইতে-ছেন। কিন্তু, কোথায় কেমন করিয়া, কিন্তুপে তাহ। আমাদিগকে বুঝিতে হইবে। এবং বুঝিতে হইলে জগৎটা এখন বাস্তবিক কিরূপ তাহা আমাদিগকে জানিতেই হইবে—ভগবানের কর্ম এখন কিরপ তাহা বুঝিতেই হইবে—তাহার পর আমাদের লক্ষ্য, আমাদের পথ আমাদের সম্বুথে ভাল করিয়া প্রতিভাত হইবে। আমাদিগকে কুরুক্ষেত্র স্বীকার করিয়া লইতেই হইবে। অমরত্ব লাভ করিবার পূর্ব্বে—মৃত্যুর দারাই জীবন, এই নাঁতি আমাদিগকে মাথা পাতিয়া লইতে হইবে। কাল ও মৃত্যুর কর্তার সমুখে চকু খুলিয়া আমাদিগকে দাড়াইতে হইবে—অর্জুনের মত অত ভয় খাইলে চলিবে না। বিশ্বসংহারকর্তাকে অস্বীকার করিলে, দ্বণা করিলে, প্রত্যাখ্যান করিলে চলিবে না।

ষষ্ঠ অধ্যায়

মনুষ্য ও জীবন-যুদ্ধ

অতএব গীতার সর্বব্যাপী শিক্ষা হাদয়ঙ্গম করিতে হইলে, গীতা জগতের প্রক্রাশ্র স্বরূপ ও পদ্ধতি যেরূপ নির্ভয়ে অবলোকন করিয়াছে তাহা বুঝিতে কুরুক্ষেত্রের দেব সার্থি একদিকে সকল জগতের **ঈশ্বর,** হইবে ৷ মর্বাজীবের বন্ধু ও সর্বাজ্ঞ গুরু রূপে প্রভীর্মান, অন্তবিকে তিনিই আবার জনগণের ক্ষ্মাধনকারী ভীষণ কাল—লোকান্ সমাহর্ত্মিছ প্রবৃতঃ। গাঁতা এবিষয়ে শার্ক্কভৌম হিন্দুধর্মের অনুসরণ করিয়া ইহাকেও ভগবান বলিয়াছে, জগংরহন্তের এই দিকটা চাপা দিবার চেষ্টা করে নাই। কেং বলে এই জগৎ জড়শক্তির অন্ধ ক্রিয়া মাত্র। কেহ বলে এই দুগুমান জগৎ সত্য নহে, ইহা মিথ্যা—সনাতন, অক্ষর অদ্বিতীয় আত্মার মধ্যে স্বপ্লের ক্সায় ভাসমান মায়া মাত্র। কিন্তু গীতা সর্ব্বব্যাপী, সর্ব্বক্ত সর্ব্বশক্তিমান **ঈশবের** অক্তিত্ব স্বীকার করে এবং বলে যে তিনি স্বক্তুত মহাশক্তি চালিত বিশ্বরূপে আত্মপ্রকাশ করিয়াছেন; তিনি মায়া, প্রকৃতি বা শক্তির দাস নহেন-প্রভু; তাঁহার ইচ্ছার বিরুদ্ধে জগতে কিছুই সংঘটিত হইতে পারে না-অতএব, জগৎ পদ্ধতির কোন বিশেষ অংশের জন্ম তিনি ভিন্ন আর কেহ দায়ী নহেন। যাহারা গীতার এই মত স্বীকার করেন তাহাদের পক্ষে বিশ্বাস রক্ষা করা বড কঠিন। জগতে দেখিতে পাওয়া যায় অসীম অজ্ঞাত শক্তি সমূহ পরম্পরের সহিত বিরোধ করিয়। দৃশুতঃ অশেব গোলমালের স্ষ্টি করিতেছে, এখানে কোন জীবন অনবরত পরিবর্ত্তন ও মৃত্যু ভিন্ন টিকিতে পারে না, চতুদ্দিকে ব্যথা, যন্ত্রণা, অযঙ্গল ও ধ্বংসের ভয়—এই সকলের ভিতর সর্দ্মব্যাপী ভগবানকে দেখিতে হইবে—মনে রাখিতে হইবে যে এই রহস্তের নিশ্চয়ই কোন সমাধান আছে, এই অজ্ঞানের উপর নিশ্চয়ই এমন জ্ঞান আছে যাহার দ্বারা সকলের সামঞ্জশু বুঝিতে পারা যায়, এই বিশ্বাসের উপর ভর দিয়া দাঁড়াইতে হইবে—"তুমি যদি মৃত্যুরূপে এস, তথাপি তোমারই উপর আমি নির্ভর করিব।" জগতের যত ধর্ম্মতের দ্বারা মামুষ চালিত হয় তাহাদের ভিতরে কম বা বের্ণা স্পট্ভাবে এই বিশ্বাস্থ নির্ভিত রহিয়াছে।

অতএব মানব জীবনে যে বিরোধ ও যুদ্ধ আছে এবং তাহা যে সময়ে সময়ে কুরুক্তেত্রের ভার মহ। সন্ধিক্ষণে পরিণত হয় ইহা আমাদিগকে স্বীকার করিতেই ২ইবে। মানবজাতির ইতিহাসে মাঝে মাঝে এরপ যুগান্তর ও সন্ধিক্ষণ উপস্থিত হয় বথন ধর্মা, শিক্ষা, সমাজ, রাজনীতি প্রভৃতি বিষয়ে বিরাট ধ্বংস ও পুনর্গঠনের জন্ম মহাশক্তিসমূহের সংঘাত উপস্থিত হয়। সাধারণতঃ এরূপ যুগান্তর ভীষণ যুদ্ধ ও রক্তপাতের ভিতর ্দিয়া সংঘটিত হয়। এইরূপ যুগসন্ধিকে গীতা-শিক্ষার কাঠামো করা হইয়াছে। জগতে এক্লপ ভীষণ যুগপরিবর্তনের যে প্রয়োজন আছে তাহা স্বীকার করিয়া লইয়াই গীত। অগ্রসর হইয়াছে। গীতা নৈতিক জগতে পাপ ও পুণ্যের বিরোধ, শুভ ও অশুভের বিরোধ যেমন স্বীকার করিয়াছে, তেমনি সাধু ও হৃষ্ণতের মধ্যে শারীরিক যুদ্ধও স্বীকার করিয়াছে। আমাদের ভুলিলে চলিবে না যে গীতা যথন রচিত হয়, এখন অপেকা তথন মানব-জীবনে যুদ্ধ আরও অধিক প্রয়োজনীয় ছিল এবং জীবন হইতে বে যুদ্ধ কথনও উঠিতে পারে, তাহা কেহ স্বপ্নেও ভাবিতে পারিত না। সকল মহব্যের মধ্যে পরস্পরের প্রতি সম্পূর্ণ সম্ভাব না হইলে স্থায়ী ও প্রকৃত শান্তি কথনও সন্তব নহে। এরপ সদ্ভাব ও সর্বব্যাপী শান্তির আদর্শ মমুষ্য তথন মুহুর্ত্তের জন্মও গ্রহণ করিতে পারে নাই: কারণ সমাজে, ধর্মে আধ্যাত্মিকতায় মানবজাতি তথন ইহার জন্ম প্রস্তুত হয় নাই—প্রকৃতিও এরপ বিধান বরদান্ত করিবার মত অবস্থায় উপনীত হয় নাই। এমন কি এখনও আমরা যতদূর অগ্রসর হইয়াছি তাহাতে পরস্পরের স্বার্থের মধ্যে কতকটা সামঞ্জন্ত স্থাপন করিয়া নিহুষ্ট রকমের যুদ্ধ ও বিরোধের হাত এড়ান ভিন্ন আর কিছুই করা সম্ভবপর হয় নাই। এইটুকুই করিবার নিমিত্ত স্বভাবের বশে মানবজাতিকে যে নৃশংস যুদ্ধ ও রক্তপাতের অবতারণা করিতে হইয়াছে ইতিহাসে তাহার তুলন। আর কোথাও নাই। এই যে শান্তি—ইহারও ভিত্তি মানবচরিত্রের কোন গভীর পরিবর্ত্তনের উপর স্থাপিত হয় নাই। অর্থনৈতিক অস্কুবিধা, প্রাণহানি করিতে বিভূষণা, যুদ্ধের বিপদ ও ভীষণতা এই সকল বিবেচন। করিয়া রাজনৈতিক বন্দোবস্তের দারা শান্তি রক্ষার যে ব্যবস্থা হইয়াছে তাহার ভিত্তি যে খুব দুঢ় এবং তাহা অধিক দিন স্থায়ী হইবে বলিয়া মনে হয় ন।। এমন এক দিন আসিবে, নিশ্চয়ই আসিবে যথন মানবজাতির আধ্যাত্মিক, নৈতিক. সামাজিক অবস্থা সর্বব্যাপী শান্তির অনুকূল হইবে। কিন্তু যতদিন তাহা া হইতেছে ততদিন ধর্মকেই যুদ্ধ এবং যোদ্ধারূপে মানুষের কর্তুবোর াীমাংসা করিয়। দিতেই হইবে। ভবিয়তে মানবজীবন কিরূপ হইতে ণারে শুধু তাহাই না ধরিয়া, উহা এখন বাস্তবিক যেরূপ, গীতা তাহাই ারিয়াছে এবং প্রশ্ন তুলিয়াছে যে যুদ্ধের সহিত আধ্যাত্মিক জীবনের নামঞ্জন্ত কেমন করিয়া রক্ষা করা যাইতে পারে ?

সেইজন্মই গীতার শিক্ষা একজন ক্ষত্রিয়ের নিকট কথিত হইয়াছে।
কুম্ব ও দেশরক্ষাই ক্ষত্রিয়ের ধর্ম। সমাজে অন্ত কার্য্য করিতে হয় বলিয়া

ষাহারা নিজেদের রক্ষার ব্যবস্থা করিতে পারে না, তাহাদিগকে আক্রমণ-কারীদের হস্ত হইতে রক্ষা করিবার জন্ম ক্ষত্রিয়কে যুদ্ধ করিতে হয়। দ্বিতীয়তঃ, যাহারা তুর্বল ও নির্য্যাতিত তাহাদিগকে রক্ষা করিবার জন্ম এবং জগতে স্থায় ও ধর্মকে স্কপ্রতিষ্ঠিত রাখিবার জন্ম ক্ষত্রিয়কে যুদ্ধ করিতে হয়।—ভারতে ক্ষত্রিয় শুধু সৈনিক নহেন—ধর্ম ও সমাজের রক্ষা তাহার ধর্ম, স্বভাবতঃ তিনি আর্তের রক্ষক এবং দেশের পালনকর্তা ও রাজা।— যদিও গীতার সার্ব্বজনীন সাধারণ ভাব ও কথাগুলিই আমাদের পক্ষে সর্বাপেক্ষ। মূল্যবান তথাপি যে বিশিষ্ট ভারতীয় সমাজ ও সভ্যতার মাঝে ইহার উৎপত্তি তাহারও হিসাব লওয়া আমাদের কর্ত্তব্য। বর্ত্তমান সমাজ-তম্ব হইতে তাহা বিভিন্ন। এখন আমরা মামুষকে একাধারে জ্ঞানী, ব্যবসায়ী এবং যোদ্ধা বলিয়াই দেখি। বর্ত্তমান সমাজে এই সকল কর্ম্মেক তেমন বিভাগ নাই—সামর। চাই প্রত্যেক লোকই সমাজকে কিছু জ্ঞান দিক, কিছু অর্থসঞ্চয় করুক, দেশরক্ষার জন্ম যুদ্ধও করুক—কোন ব্যক্তির প্রকৃতি কোন রকম কার্য্যের অমুকূল আমরা তাহার হিসাব লইতে চাই না। ভারতের প্রাচীন শভ্যতা ব্যক্তির প্রকৃতিগত বৈশিষ্ট্যের উপর বিশেষ ঝোঁক দিত এবং তদমুসারে সমাজে তাহার স্থান ও কর্ত্তব্য নির্দারণ করিয়া দিত। সামাজিক কর্ত্তব্য পালনই তথন মনুযাজীবনের শ্রেষ্ঠ আদর্শ বলিয়া। পরিগণিত হইত না-স্মাজে কর্ত্তব্য পালন করিয়া আধ্যাত্মিক জীবনে উন্নতি সাধন করাই তথন ছিল শ্রেষ্ঠ আদর্শ। ধ্যান ও জ্ঞান, যুদ্ধ ও দেশ-শাসন, ধনোৎপাদন ও আদান প্রদান, শ্রম ও সেবা—সমাজের কর্ত্তব্য এই চারিভাগে স্পষ্টভাবে বিভক্ত ছিল। যেরূপ কার্য্য যাহার স্বভাবের অমুষায়ী এবং যেরূপ কার্য্যের দ্বারা যাহার আধ্যাত্মিক জীবনের ক্রমোন্নতির স্থবিধা সেইরপ কার্য্যেই সেইরপ লোককে নিযুক্ত করা হইত।

বর্তুমান যুগের যে ব্যবস্থা অনুসারে ব্রাহ্মণ ক্ষত্রিয় বৈশ্র শুদ্র নিবিশেষে পর্ববিধ কর্ম্মের জন্ত সকল মানুষেরই সাধারণ ভাবে দায়িত্ব রহিয়াছে দে ব্যবস্থারও কতক স্থবিধা আছে। এরূপ ব্যবস্থার গুণে সামাজিক জীবনে অধিকতর দৃঢ়তা, একতা, পূর্ণতার স্থবিধা হয়। অক্তদিকে প্রাচীন প্রথামত কর্ম্ম অনুসারে জাতি বিভাগ করিতে যাইয়া ঘটনাচক্রে ভারতবর্ষে ক্রমে মসংখ্য জাতির সৃষ্টি হইয়াছে, সামাজিক জীবনে সঙ্কীর্ণতা, অনৈক্য আসিয়াছে, জাতিগত ব্যবসায় অবলম্বন করিতে অনেককে স্বভাবের বিক্তদ্ধেও কার্যা করিতে হইতেছে। তবে আধুনিক প্রথারও অস্কবিগা রহিয়াছে। অনেক সময় এই প্রথার ফল এতদূর গড়াইয়াছে যে সমাজের অতাত্ত অনিষ্ট সাধন হইয়াছে। আধুনিক যুদ্ধের স্বরূপ বিবেচন। করিলেই ইহা বেশ বুঝিতে পারা যায়। সাধুনিক প্রথা অমুসারে স্বদেশের রক্ষা ও কল্যাণের জন্ম বৃদ্ধি করিতে সকল মুমুখাই সাধারণ ভাবে বাধা। ইহার ফল হইয়াছে এই যে এখন কোথাও যুদ্ধ আরম্ভ হইলে পণ্ডিত, কবি, দার্শনিক, পুরোহিত, ব্যবসাদার, শিল্পী, সকলকেই আপন আপন স্বাভাবিক কর্ম্ম হইতে ছিল্ল করিয়া মরিতে ও মারিতে, পরিখার ভিতর পাঠাইয়া দেওয়া হয়, সমগ্র সমাজ-জীবনে বিশেষ বিশুঝলা উপস্থিত হয়,লোকের জ্ঞান ও বিবেককে অমান্ত করা হয়। এমন কি যে ধর্ম্মবাজক শান্তি ও প্রেমের বাণী প্রচার করিতে গবর্ণমেন্ট কর্ত্তক নিযুক্ত হইয়াছেন, তাহাকেও বাধ্য হইয়। স্বধ্য পরিত্যাগ করিতে হয় এবং কসাইয়ের মত মাত্রব মারিতে হয়। এইরূপে সামরিক ষ্টেটের আদেশে শুধুই যে মান্থযের বিবেক ও স্বধর্মকেই বলি দেওয়া হয় তাহ। নহে, জাতি রক্ষার অত্যধিক আগ্রহে জাতীয় আত্মহত্যারই পথ স্থলরেরপে পরিষ্কার করিয়া দেওয়া হয়।

অন্তাদিকে যুদ্ধের উৎপাত ও অনুর্থ বতদুর সম্ভব ক্যানই ভারতীয় সভাতার প্রধান উদ্দেশ্য ছিল। এই উদ্দেশ্যেই যুদ্ধকার্যাটার ভার এক ্রেণীর লোকের উপরই দেওয়। ছিল। এই শ্রেণীর লোক জন্ম, স্বভাব ও বংশগৌরবের দারা এই কার্য্যের প্রক্তত ভাবে উপযুক্ত বলিয়া পরিগণিত হইতেন। যুদ্ধ কার্য্যের দারাই স্বাভাবিক ভাবে তাহাদের আধ্যাত্মিক উন্নতি হইত। একটা উচ্চ আদর্শের অন্তবর্তী হইয়া যাহারা যোদ্ধার জীবন যাপুন করেন তাহাদের সাহস, শক্তি, নিয়মামুবর্ত্তিতা, সহযোগিতা, শোর্যা প্রভৃতি বিবিধ সদগুণের বিকাশ হইয়া তাহাদের আত্মার উন্নতি হইবার বিশেষ স্থােগ ও স্থবিধা হয়। সমাজের অক্ত শ্রেণীর লোক উক্ত শ্রেণীর দ্বার। সর্বাদা বিপদ ও অত্যাচার হইতে রক্ষিত থাকিয়া নিশ্চিত্ত মনে আপন আপন কার্য্য করিতেন। নিজ নিজ কার্য্য ও ব্যবসায়ে ক্ষতি করিয়া তাহাদিগকে যুদ্ধ করিতে যাইতে হইত না। যুদ্ধ অন্ন লোকের মধ্যে নিবদ্ধ থাকায় যুদ্ধের দারা সমাজের সাধারণ জীবনে ক্ষতি খুব কমই হইত। উচ্চ নৈতিক আদর্শের ৰারা অনুপ্রাণিত হওয়ায় এবং যতদূর সম্ভব দয়া সৌজন্ম প্রভৃতির দার। নিয়ন্ত্রিত হওয়ার যুদ্ধ মানুষকে নিষ্ঠুর না করিয়া উচ্চহাদয় ও উন্নতই করিত। আমাদের ভুলিলে চলিবে না যে গীতা এইরূপ युष्कत कथारे विनिवाह — जीवन शरेख युक्त वथन वान रमख्या हता না, তথন এরপ ভাবে যুদ্ধকে সীমাবদ্ধ ও নিয়ন্ত্রিত করিতে হইবে যেন তাহা অন্তান্ত কর্ম্মেরই ন্তায় নৈতিক ও আধ্যাত্মিক উন্নতির সহায় হয়। নৈতিক ও আধ্যাত্মিক উন্নতিই তখন জীবনের একমাত্র প্রকৃত উদ্দেশ্য বলিয়া পরিগণিত হইত। এইরূপ স্থনিয়ন্ত্রিত সীমাবদ্ধ যুদ্ধের দারা ব্যক্তিগত ভাবে মানুষের শরীর ধ্বংদ হইত

বটে কিন্তু তাহাদের আভ্যন্তরীণ জীবন এবং জাতির নৈতিক জীবন সুগঠিত হইত। উচ্চ আদর্শের দ্বারায় অনুপ্রাণিত হওয়ায় প্রাচীনকালে যুদ্ধ যে শৌর্য্য ও সৌজন্ত বিকাশে বিশেষ সহায়তা করিয়াছে, অতি বড় গোড়া অহিংসবাদী ভিন্ন সকলেই সে কথা স্বীকার করিবেন। ইউরোপের নাইট্,ভারতের ক্ষত্রিয় এবং জাপানের সামুরাই জাতি ইহার প্রকৃষ্ট দুষ্টান্ত। যুদ্ধের দ্বারা মানবজাতির যে কল্যাণ হইতে পারে তাহা যদি সম্পূর্ণ হইয়া থাকে, তবে যুদ্ধ উঠিয়া যাউক; গঠন শক্তি ও আদ্ধ হইতে বিচ্যুত যুদ্ধনিষ্ঠ্র হিংসাকাণ্ড মাত্র এবং এরূপ যুদ্ধ মানব সমাজের ক্রমোন্নতির সঙ্গে সাজ্ব পরিত্যক্ত হইবে বটে কিন্তু আমাদের বিবর্তনের যুক্তিসঙ্গত বিচার করিতে হইলে, যুদ্ধের দ্বারা অতীতে জাতির যে কল্যাণ হইয়াছে তাহা আমাদিগকে স্বীকার করিতেই হইবে।

তবে যাহাই হউক শারীরিক যুদ্ধ জীবনের এক সাধারণ নীতির এক বিশেষ অভিব্যক্তি মাত্র। মানবজাতিকে পূর্ণতা লাভ করিতে হইলে যে সকল সাধারণ গুণের প্রয়োজন ক্ষত্রিয় ধর্ম তাহার একটির বাহ্য নিদর্শন মাত্র। এই জগতে আমাদের আভান্তরীণ ও বাহ্য জীবনে সর্ব্বর্হ যুদ্ধ ও বিরোধের যে একটা দিক আছে, শারীরিক যুদ্ধ তাহার বাহ্যিক দৃষ্টান্ত। জগতের ধারাই এই যে শক্তিসমূহ পরস্পরের সহিত বিরোধ করিতেছে, হুদ্ধ করিতেছে, পরস্পরকে ধ্বংস করিয়াই নিত্য নৃতন মিটনাটের দিকে অগ্রসর হইতেছে। আশা হয় এমনই করিয়া একদিন সকল বিরোধের অবসান হইবে, পূর্ণ সামঞ্জন্ম ও সমন্বয়ের প্রতিষ্ঠা হইবে, কিন্তু কোন্ একত্বের উপর এই সামঞ্জন্ম প্রতিষ্ঠিত হইবে এ পর্যান্ত তাহা স্পান্ট ব্ঝিতে পারা যাইতেছে না। মানুষের মধ্যে যে ক্ষত্রিয়ন্থ রহিয়াছে তাহা জীবনের এই নীতি স্বীকার করে এবং ইহাকে জয় করিতে যোদ্ধারূপে ইহার সমুখীন

হয়, শরীর বা বাহ্য আকারকে ধ্বংস করিতে কুন্টিত হয় না কিছ এই সকল দক্ষের ভিতর দিয়া এমন এক নীতি, এক ধর্ম্মের প্রতিষ্ঠা করিতে চাহে, আহাকে প্রবলম্বন করিয়া সেই শেষ সামঞ্জন্ম স্থাপিত হইবে, সকল দক্ষের অবসান হইবে। বিশ্বশক্তির এই দিকটাকে এবং ইহার বাহ্য নিদর্শন শারীরিক যুদ্ধকে গীতা স্বীকার করিয়াছে এবং ইহার শিক্ষা একজন কর্ম্মী, বোদ্ধা, ক্ষত্রিরকে বিবৃত করিয়াছে। ভিত্রুর শান্তি, বাহিরে স্বহিংসা—এই যে আত্মার উচ্চাকাজ্ঞা, যুদ্ধ তাহার সম্পূর্ণ বিরোধী। যোদ্ধার, ক্ষত্রিয়ের দক্ষকোলাহলময় জীবন নীরব আত্মজয় ও শান্তিপূর্ণ আদর্শ জীবনের সম্পূর্ণ বিরোধী বলিয়াই মনে হয়। এই বিরোধের মধ্যে কোথায় সামঞ্জন্মের স্থ্র রহিয়াছে গীতা তাহাই খুঁজিয়া বাহির করিতে চায়, সেই স্থ্র অবলম্বন করিয়াই সকল দক্ষ বিরোধের অতীত শেষ সামঞ্জন্ম প্রতিষ্ঠিত হইতে পারিবে।

যে মান্নুষের প্রকৃতিতে যে গুণের প্রভাব অধিক সেই গুণ অনুসারেই সেই মনুষ্য জীবন যুদ্ধের সন্মুখীন হয়। সাংখ্যমতে জগৎ ত্রিগুণাত্মক। জগতের প্রত্যেক বস্তু ত্রিগুণের সমবায়ে গঠিত। গীতা এ মজের অনুমোদন করিয়াছে। গীতা বলে,—

"ন তদন্তি পৃথিব্যাং বা দিবি দেবেষু বা পুন:।
সন্তং প্রকৃতিজৈমু ক্তং যদেভিঃস্তাৎ ত্রিভিগু গৈ:। ১৮।৪০
"পৃথিবীতে কিংবা স্বর্গে দেবগণের মধ্যে এমন কোনই বস্তু নাই ধাহা
প্রকৃতিসম্ভূত এই গুণত্রয় হইতে মুক্ত।"

অতএব মানব প্রকৃতিরও তিন প্রধান গুণ আছে। শাস্তি, জ্ঞান, স্থ সম্বপ্তণের লক্ষণ। তৃষ্ণা, আসন্তিন, কর্ম রজোগুণের স্বরূপ।—অজ্ঞান ও আলস্থ তমোগুণের লক্ষণ। যাহাদের প্রকৃতিতে তমোগুণের প্রাধান্ত

তাহারা জগতের শক্তিসমূহ কর্তৃক আক্রান্ত হইয়া যুদ্ধ করিতে পারে না, সহজেই অভিভূত, নিপীড়িত হয়, তাহাদের অধীন হইয়া পড়ে।—তামিসিক মহুযোৱা অন্ত গুণের কিছু সহায়তা পাইলে কোনরূপে যতদিন সম্ভব টিকিয়া থাকিতে চায়, বাঁধা বিধিনিষেধের মধ্যে স্বাবদ্ধ থাকিয়া জীবনযুদ্ধ হইতে নিজেকে নিরাপদ মনে করে, কোন উচ্চ আদর্শের ডাকে চেষ্টা করিয়া জীবন্যুদ্ধে জয়লাভ করিবার কোন প্রয়োজনই উপলব্ধি করে না। যাহাদের প্রকৃতিতে রজোগুণের প্রাধান্ত তাহারা উৎসাহের সহিত জীবনযুদ্ধে ঝাঁপাইয়। পড়ে এবং জগতে শক্তিসমূহের হল্পকে নিজেদের স্বার্থসিদ্ধির কার্য্যে লাগাইতে চেষ্টা করে—তাহারা চায় জয় করিতে. প্রভুত্ব করিতে, ভোগ করিতে। রাজনিক মনুষ্যেরা যদি কতকটা সত্বগুণের সাহায্য পায় তাহা হইলে তাহার। এই দ্বন্দের ভিতর দিয়। আস্তরিক রিপুগণকে জয় করিতে চায়, হর্ষ চায়, শক্তি চায়। জীবনযুদ্ধে ভাহারা বেশ আনন্দ পায়, এটা ভাহাদের একটা নেশার মত হয়, কারণ প্রথমতঃ জীবন্যুদ্ধে তাহারা কর্মের যে আনন্দ, স্বল্তার যে স্থুখ তাহা উপভোগ করিবার স্থযোগ পায়: দ্বিতীয়তঃ ইহার দারা তাহাদের উন্নতি. **ভাহাদের স্বা**ভাবিক আত্মবিকাশের স্থবিধা হয়। যাহাদের উপর সন্ধগুণের প্রভাব অধিক তাহার৷ এই দ্বন্দের মধ্যেই ধর্ম্ম, নীতি, সামঞ্জস্ত, শান্তি, স্থাবে সদ্ধান করে। যে সকল মনুষ্য খাটি সান্ত্রিক তাহারা অন্তরের ভিতরেই এই শান্তির সন্ধান করে। তাহারা হয় শুধু নিজেদের জন্মই এই শান্তি চায় অথবা এই আভান্তরীণ শান্তির বার্ত্তা অপরকেও জ্ঞানাইয়া দেয় কিন্তু বাহুজগতের যুদ্ধ দুন্দ হইতে সরিয়া বা তাহার প্রতি উদাসীন থাকিয়াই তাহারা শাস্তি লাভ করিতে চায়। কিন্তু যে সকল সান্থিক প্রকৃতিতে রজোগুণেরও কিছু প্রভাব আছে তাহারা বাহিরে

যুদ্ধ দ্বন্দের উপরই শাস্তি ও সামঞ্জশু স্থাপন করিতে চায়—যুদ্ধ বিরোধ দ্বন্দকে পরাজিত করিয়া জগতে শান্তি প্রেম সামঞ্জশ্মের রাজত্ব স্থাপন করিতে চায়। এই তিনটি গুণের প্রভাব যাহার প্রকৃতিতে যেরূপ সে সেই ভাবেই জীবন সমস্থার সম্মুখীন হয়।

কিন্তু এরপ অবস্থাও আসিতে পারে যখন মামুষ প্রকৃতির ত্রৈগুণ্যের থেলায় তপ্ত হইতে পারে না-হয় ইহার বাহিরে যাইতে চায় অথবা ইহার উপরে উঠিতে চায়। মান্ত্র্য এমন কোন অবস্থা চায় যাহ। ত্রিগুণের বাহিরে, গুণশৃত্য বা নিগুণ। অথবা এমন অবস্থায় উঠিতে চান্ন যাহা সকল গুণের উপরে, যেখানে সকল গুণের প্রভু হওয়া যায়, কর্ম্ম করা যায় অথচ কর্ম্মের অধীন হইতে হয় না—মানুষ নিগুণ অবস্থা চায় অথব। ত্রিগুণাতীত অবস্থা চায়। পূর্ব্বোক্ত ভাব মানুষকে সন্ন্যাসের নিকে লইয়া যায়। শেষোক্ত ভাবের বশে মানুষ পাশবিক প্রবৃত্তিগুলিকে জয় করিতে চায়, অপরা প্রকৃতির দারা ইতস্ততঃ চালিত হয় না—কামনা ও বাসনাকে বর্জন করিয়। আভান্তরীণ সমতা লাভই এইরূপ ভাবের মল নীতি। প্রথমে সন্ন্যাসের দিকে অর্জ্জনের ঝোঁক হইয়াছিল। তাহার বীরজীবনের পরিণাম কুরুক্ষেত্রের বিরাট হত্যাকাণ্ড হইতে প্রথমে তিনি পিছাইঃ। পডিবার উপক্রম করিয়াছিলেন। এতদিন তিনি যে নীতির বশে কার্যা করিয়া আসিয়াছেন সেই নীতি হারাইয়া কর্ম ত্যাগ, সংসার ত্যাগ ভিন্ন অন্ত কোন পথই তিনি খুঁজিয়া পান নাই !--কিন্তু তাহাক উপর ভগবানের আদেশ হইল বাহ্নতঃ সংসার ও কর্ম্ম পরিত্যাগ করিতে হইবে না, ভিতরে প্রাধান্ত লাভ করিতে হইবে, আত্মজয় করিতে হইবে।

অর্জুন ক্ষতির, রাজিদক মনুষ্য—তিনি সাধিক আদর্শ অনুসারে তাঁহার রাজিদিক কর্ম নিয়ন্ত্রিত করেন। যুদ্ধে যে আনন্দ আছে তাহা

সম্পূর্ণভাবে স্বীকার করিয়াই তিনি অগীম উল্লাদের সহিত কুরুক্কেত্রের বিরাট যুদ্ধে অগ্রসর হইয়াছিলেন। কিন্তু তিনি যে ধর্ম্মের পক্ষে যুদ্ধ করিতেছেন-এই গৌরবৈ তাঁহার হৃদয় পূর্ণ। তাঁহার ক্রতগামী রথে তিনি শভানিনাদে শত্রুগণের হাদ্য বিদীর্ণ করিয়া অগ্রসর হইতেছিলেন। তিনি অবলোকন করিতে চান যে এই যুদ্ধে কাহারা ছুবুদ্ধি ছুর্যো ধনের পক্ষ সমর্থন করিয়া, ধর্ম, স্থায়, সত্যের পরিবর্ত্তে স্বার্থপরতা ও অহন্ধারের প্রতিষ্ঠা করিতে আসিয়াছে, কাহাদের সহিত যুদ্ধ করিয়া তাঁহাকে ধর্ম, স্থায়, সত্যকে স্কপ্রতিষ্ঠিত করিতে হইবে। তাঁহার ভিতরে এই আত্মবিশ্বাস যথন চূর্ণ হইয়া গেল, তাঁহার স্থান্ডান্ত ক্ষত্রিয় ধর্ম তাঁহাকে মহা পা**পের** মধ্যে টানিয়া আনিয়াছে বলিয়া যথন তাঁহার ধারণা হইল, তথন তমোগুল জার্গিয়া উঠিয়া দেই রাজসিক মন্ত্র্যাকে ঘিরিয়া ধরিল—বিশ্বয়, শোক, ভয়, অবসাদ, মোহে তিনি অভিত্ত হইয়া পড়িলেন, তাঁহার বৃদ্ধি ভ্রংশ হইল, তিনি অজ্ঞান ও অপ্রবৃত্তির বনাভূত হইলেন। ফলে সন্ন্যাসের দিকেই তাঁহার ঝোঁক হইল। এই ক্ষত্রিয়ের ধর্ম অপেক্ষা ভিক্ষা করিয়াই জীবিকা নির্বাহ করা শ্রেয়:। রক্তপাত করিয়া যে ভোগের বস্ত সংগ্রহ করা হয় তাহাও রুধিবাক্ত। ধর্ম ও নীতির নামে যে যুদ্ধ, ধর্ম নীতি, সমাজ সকলের মূলে কুঠারাঘাত করিয়া সেই যুদ্ধ চালাইতে হইবে।

কর্ম ও সংসার পরিত্যাগ, ত্রৈগুণ্য পরিত্যাগ—ইহাই সন্ন্যাস। কিছু
সন্মাস অবস্থায় উপস্থিত হইতে হইলে তিন গুণের কোনটির ভিতর দিয়াই
যাইতে হয়। তামসিকতার বশে মামুষ সন্মাসের দিকে যাইতে পারে—
সংসার ও জীবনের প্রতি তাহাদের বিতৃষ্ণা, ঘুণার উদয় হয়, অক্ষমতা বোধ
ও ভয়ে অভিতৃত হইয়া তাহারা সংসার ছাড়িয়া পালাইতে চায়; অথবা
ব্রজ্যেগুণ তমোর দিকে যাইতে পারে, তথন সংসারের শোক হঃথ দ্বদ্ধ

নিরাশায় পরিশ্রান্ত হইয়া মাতুষ আর কর্ম্মের কোলাহল, জীবনের যন্ত্রণা ভোগ করিতে চার না। সৰ্মুখী রজগুণের বশে**ন্তু মানুষ সন্মাদের দিকে** যাইতে পারে—সংসার যাহা দিতে পারে তাহা অপৈক্ষা তাহারা উচ্চ বস্ত লাভ করিতে চায়। **ভধু সত্ত**ণের বশে মানুষ বৃদ্ধির দারা সংসারের অসত্যতা উপলব্ধি করিয়া সন্মাদের দিকে আরুষ্ট হইতে পারে—অথবা কালাতীত, অনন্ত, নীরব, নামরপহীন শান্তির অনুভূতি লাভ করিয়াও মামুষ সংসার ছাড়িতে পারে। অর্জ্জুনের যে সংসারের প্রতি বিরাগ উপস্থিত হইয়াছিল, সেটা হইতেছে সম্বরাজণিক মন্নুয়্যের তামসিক <mark>বিরাগ</mark>। ভর্গবান গুরুরূপে অর্জুনকে এই অন্ধকারময় পথের ভিতর দিয়াই তপস্বী জীবনের পবিত্রতা ও শান্তির মধ্যে লইয়। যাইতে পারিতেন। অথব। এখনই তাঁহার তামসিক বিরাগকে পবিত্র করিয়া সান্তিক সন্ন্যাসের অসাধারণ উচ্চতার দিকে লইয়া যাইতে পারিতেন। কিন্তু, বাস্তবিক তিনি এই ছুইটির কোনটিই করিলেন না। তিনি তামসিক বিরাগ এবং সন্মাসের প্রতি ঝোঁককে নিন। করিলেন এবং অর্জুনকে কর্ম্ম করিতে, এমন কি সেই ভীষণ নৃশংস যুদ্ধ করিতেই উপদেশ দিলেন। কিন্তু, ভিনি তাঁহার শিশুকে আর এক সন্মাস, আভান্তরীণ ত্যাগের পথ দেখাইয়া দিলেন। অর্জুনের যে সমস্তা তাহার ইহাই প্রকৃত মীমাংসা। এই রূপেই বিশ্বশক্তির উপর আত্মা প্রাধান্ত লাভ করিবে অথচ সংসারে স্বাধীন ও শাস্ত ভাবে কর্ম্মও করিতে পারিবে। বাহ্নিক সন্ন্যাস নহে আভ্যন্তরীণ ত্যাগ— কামনা, বাসনা, আসক্তির ত্যাগই গীতার শিকা।

সপ্তাম অধ্যায়

ক্ষতিয়ের ধর্ম 🔻

শোকে, ঘ্রংখে, সন্দেহে অভিভূত হইয়া অর্জুন যথন এই সংসারকে শৃষ্ট .ও অসার দেখিলেন, হত্যাকাও হইতে নিরুত্ত হইলেন, পাপ কর্মের পাপ পরিণামের কথা বলিতে লাগিলেন তখন তাহার উত্তর স্বরূপ ভগবান তাহাকে তীব্র ভাষায় ভর্পনা করিয়া উঠিলেন। ভগবান উত্তর করিলেন বে অর্জুনের এই ভাব বুদ্ধির গোল্যাল ও ভ্রম হইতে উৎপন্ন—ইহা স্ক্রের **দৌর্বল্য, ক্লেব্য,**—ক্ষত্রিয়োচিত, বীরোচিত ধর্ম হইতে পতন। পৃথার পুত্রে **ইহা শোভা পায় না। ধর্ম্মরাজ যুধিষ্ঠিরের পক্ষে তিনিই নায়ক, তিনিই** ভরুষা—এ হেন সঙ্কট সময়ে সেই ধর্ম্মপক্ষ পরিত্যাগ করা তাহার উচিত হয় না, মোহবশে দেবদত্ত গাণ্ডীব পরিত্যাগ করা, ভগবান কর্তৃক নির্দিষ্ট কর্ম পরিত্যাগ করা কথনই উচিত হয় না। আর্য্যগণের অমুমোদিত ও অফুস্ত পথ ইহা নহে। এ ভাব স্বর্গের নহে, এ পথে স্বর্গে যাওয়া যায় না। ইহ জগতে মহৎ কর্ম ও বীরত্বের দারা যে কীর্ত্তি লাভ করা যায় এক্লপ ব্যবহারে তাহা সম্পূর্ণভাবে বিনষ্ট হয়। অর্জ্জুন এই ক্ষুদ্র হৃদয়-দৌর্বল্য, কার্পণ্য পরিত্যাগ করুক, উঠিয়া শত্রুগণের বিনাশ সাধন করুক।

কিন্তু, ইহা কি একজন ধর্ম্মোপদেষ্টা দেবগুরুর উপযুক্ত উত্তর হইল ? একজন ক্ষত্রিয় বীর আর একজন বীরকে এইরূপ উত্তর দিতে পারে।

[:] গীত।—দিতীয় অধ্যায় ১-৩৮।

কিন্তু, ধর্মগুরুর নিকট হইতে আমরা কি চাই না যে তিনি সর্বাদা কোমলতা.. সাধুতা এবং আত্মত্যাগের উপদেশ দিবেন, সংসারের কাম্যু, সাংসারিক চালচলন বর্জন করিতে উৎসাহ দিবেন ? গীতায় স্পষ্টই বলা হইয়াছে যে অর্জুন বীরের অমুচিত হর্বলতায় পতিত হইয়াছিলেন, তিনি অশ্রুপূর্ণাকুল-লোচন এবং বিষাদাপন্ন হইয়। পড়িয়াছিলেন। কারণ তিনি রূপয়াবিষ্ট, কুপা দারা আক্রান্ত হইয়াছিলেন। কিন্তু, এই তুর্বলতা কি দেবোচিত নহে ? রূপ। কি দেবোচিত ভাব নহে যে ইহাকে এরপ তীব্র তিরস্কার করিয়া দমাইয়া দিতে হইবে ? জার্ম্মাণ দার্শনিক নীট্রণে বীরত্ব এবং গব্বিত শক্তির নীতি প্রচার করিয়াছিলেন, ছিব্রু ও টিউটনিকগণ দয়া মায়াকে বীর হৃদয়ের তুর্বলত। বলিয়া মনে করিতেন-আমরা কি তবে সেইরূপ যুদ্ধনীতি এবং কঠোর বীরোচিত কার্য্যেরই উপদেশ শুনিতেছি ? কিন্তু, গীতার শিক্ষা ভারতীয় সভ্যতা হইতে উদ্ভূত হইয়াছে এবং ভারতবর্ষে দয়া চিরকালই দেবচরিত্রের একটি প্রধান গুণ বলিয়া বিবেচিত হইয়াছে। পীতারই গুরু শেষের এক অধ্যায়ে মামুষের মধ্যে দেবোচিত গুণের বর্ণন। করিতে যেমন নির্ভীকতা ও তেজের উল্লেখ করিয়াছেন তেমনি সর্বজীবে দ্যা, কোমলতা, অক্রোধ, অহিংসা এবং অদ্রোহেরও উল্লেখ করিয়াছেন। ক্রুরতা, কঠোরতা, নিষ্ঠরতা, শত্রুবধে আনন্দ, ধনসঞ্চয়ে আনন্দ, অস্তায় ভোগ্য বস্তু সংগ্রহে আনন্দ—এই সকল আমুরিক গুণ। যে সকল চুদ্দান্ত চরিত্র ব্যক্তি জগৎকে ঈশ্বরবিহীন বলে, মামুষের মধ্যে দেবত্ব অস্বীকার করে এবং কামনাকেই পরম পুরুষার্থ বলিয়া পূজা করে তাহাদের চরিত্রতেই উল্লিখিত লক্ষণ সকল দৃষ্ট হয়।—অতএব অর্জ্জুন এইরূপ অস্কুরোচিত গুণ-সম্পন্ন নহে বলিয়া ভগবান তাঁহাকে তীব্ৰ ভং সনা করিতে পারেন না।

ক্বক্ট অৰ্জুনকে জিজ্ঞাসা করিলেন—"কুতত্তা কণ্মলমিদং বিষয়ে

সমুপস্থিতম।"—হে অর্জ্জুন, এ বিষম সঙ্কট সময়ে এই মোহ কেন তোমার আক্রমণ করিল ? অর্জ্জুন তাঁহার বীরোচিত গুণ হইতে কিরূপ খালিত হইয়াছেন এই প্রশ্ন হইতেই তাহার স্বরূপ বুঝা যায়। দরা একটি দেবোচিত গুণ—ইহা স্বর্গ হইতে আমাদের নিকট নামিয়া আসে। যাহার চরিত্রে এই গুণ নাই, যে এইরূপ ধাতে তৈয়ার নয়, দে যদি নিজেকে বড় বলে, আদর্শ মনুষ্য বলে, অতি-মানব বলে—তাহা হইলে সেটা তাহার পকে মূর্থতা, ধৃষ্টতা হইবে। কারণ, কেবলমাত্র তিনিই অতি-মানব, যাহার চরিত্রে ভগবদ্গুণের সর্বাপেক্ষ। অধিক প্রকাশ হইয়াছে। মাত্র্বের যুদ্ধ ও ৰন্দ, সবলতা ও জর্মলতা, তাহার পাপ পুণা, তাহার স্থুখ গুঃখ, তাহার জ্ঞান অজ্ঞান, তাহার বিজ্ঞা মূর্থতা, তাহার আশা নিরাশা এই সকল ব্যাপারকেই দয়াবান প্রেম, জ্ঞান ও শাস্ত শক্তির চক্ষুতে দেখেন এবং সকল অবস্থাতেই সাহায্য করিতে চান, সাস্থনা দিতে চান। সাধু ও পরোপকারী-নের হৃদয়ে এই দেবোচিত দয়। যথেষ্ট প্রেম ও বলাক্সের মূর্ত্তি ধারণ করে। পণ্ডিত ও বীরের হৃদয়ে এই দয়। কল্যাণকর জ্ঞান ও শক্তিরূপে প্রকট হয়। এই দয়াই আর্য্য ক্ষত্রিয়ের শৌর্য্যের প্রাণ স্বরূপ—এই দয়ার বশেই ক্ষত্রিয়-বীর ছিন্ন লতাগুলাকেও আঘাত করিতে চার না, কিন্তু হর্মলকে, দলিতকে, আহতকে, পতিতকে সাহায্য করিতে অগ্রসর হয়। কিন্তু আবার এই দেবোচিত দয়াই হুদান্ত অত্যাচারীকে ধরাশায়ী করে, তবে তাহা ক্রোধ বা ঘুণার বশে করে না, কারণ ক্রোধ বা ঘুণা দেবোচিত উচ্চ গুণ নহে। পাপীর প্রতি ভগবানের ক্রোধ, হুষ্টের প্রতি তাঁহার দ্বণা, এ সকল মিথ্যা গল্প নরকের যন্ত্রণার গল্পের মতই অর্দ্ধ শিক্ষিত ধর্ম সমূহ কর্তৃক রচিত হইয়াছে। ভারতের প্রাচীন ধর্ম স্পষ্টই দেখিয়াছিল যে দেবোচিত দয়ার বশে যে সকল ব্যথিত ও অত্যাচারিতকে অন্তায় ও উপদ্রব হইতে রক্ষ।

করা হয় তাহাদের প্রতি যেরূপ প্রেম ও করুণা থাকে—যে সকল ভ্রমান্ধ ভূদ্দান্ত অত্যাচারী অস্করকে তাহাদের পাপের জন্ত নিধন সাধন করিতে-হয় তাহাদের প্রতিও সেইরূপই প্রেম ও করুণা থাকে।

কিন্তু যে ভাবের বশে অর্জ্জন তাঁহার কর্ত্তব্য কার্য্য পরিত্যাগ করিতে উন্নত, তাহা সেই দেবোচিত করণা নহে। অর্জ্জন নিজের দুর্বলেতায়, নিজের কষ্টে পীড়িত, কর্ত্তব্য কার্য্য সাধনে তাঁহার নিজের যে মানসিক যন্ত্রণা উপস্থিত হইবে তাহা সহা করিতে অর্জন নারাজ। তিনি স্পষ্টই বলিলেন—"আমি এমন কিছুই দেখিতেছি না, যাহা আমার ইক্রিয়গণের শোষক এই শোক অপনোদন করিতে পারে।" এরপ দীনতা ও আত্ম-দৌর্বলার ভাব আর্যাগণের নিকট সর্ব্বাপেক্ষা হীন ও অনার্য্যোচিত বলিয়া পরিগণিত হইত। অর্জ্জনের যে রূপা উপস্থিত **হইয়াছিল তাহা**ও এক রকমের স্বার্থপরতা। ধৃতরাষ্ট্র পুত্রগণ অর্জুনের "বান্ধব" "স্বজন"—তাই তাহাদিগকে বধ করিতে অর্জুনের প্রাণ চাহিতেছিল না। এইরূপ রূপা মনের ত্র্বলত। ভিন্ন আর কিছুই নহে। এইরূপ রূপা নিম্ন অবস্থায় লোকের পক্ষে কল্যাণকর হইতে পারে—তাহাদের হৃদয় কিছু তুর্বল হওয়াই উচিত নতুবা তাহারা কঠিন ও নিগুর হইয়া পড়িবে। কারণ তাহাদিগকে কোমল স্বার্থপরতার দার। নিষ্ঠুর স্বার্থপরতা দূর করিতে হইবে, তাহাদের ছ্র্দান্ত রাজ্যিক রিপুগণকে দমন করিবার নিমিত্ত তাহাদিগকে অবসাদক তমগুণের দ্বারা সম্বকে সাহায্য করিতে হইবে। কিন্তু, অর্জ্জনের পক্ষে এ পথ নহে, তিনি উন্নত চরিত্র আর্যা। হর্মনতার সাহায্যে তাঁহাকে অগ্রসর হইতে হইবে না—ক্রমশঃ তাঁহার শক্তি বাড়াইয়া তুলিতে হইবে। অর্জুন দেবধর্মী মানব—তিনি শ্রেষ্ঠ মনুষ্য তৈয়ারী হইতেছিলেন, দেবতার। তাঁহাকেই ইহার জন্ম নির্বাচন করিয়াছিলেন! তাঁহাকে একটি কার্য্যের ু ভার দেওয়। হইয়াছে, ভগবান তাঁহার পার্বে তাঁহার রুথেই রহিয়াছেন, তাঁহার হস্তে দৈবান্ত্র গাণ্ডীব, তাঁহার সম্মুখে ধর্মদ্রোহী, দেবদ্রোহী, ্প্রতিদ্বন্দ্বিগণ। এখন তিনি কি করিবেন না করিবেন—নিজের **খেয়াল** বা হৃদয়াবেগের বশে তাহা স্থির করিবার ঠাহার কোন স্বধিকার নাই। ঠাহার স্বার্থপর হাদয় ও বৃদ্ধির বশে একটা আবশুকীয় ধ্বংসকাও হইতে বিরত হইবার তাঁহার কোন অধিকার নাই। সংস্থ সহস্র ব্যক্তি বি**নষ্ট** ছইয়া নিজের জীবন শৃত্য ও জঃখময় হইয়া ঘাইবে, এই ধ্বংসের দ্বারা। তাঁহার নিজের পার্থিব কোন ফল লাভই হইবে না—এইরূপ স্বার্থপর চিস্তার বশে কর্ম হইতে বিরত হুইবার তাঁহাব কোন অধিকার নাই। এইরূপ মনোভাব তাঁহার উচ্চ প্রকৃতি হইতে গুর্বল স্বধংপতন ভিন্ন আর কিছুই নহে। কোন্টা কর্ত্তব্য কর্ম শুধু ইহাই মর্জুনকে বুঝিতে হইবে, তাঁহার ক্ষত্রিয় সভাবের মধ্য দিয়া ভগবান কি আদেশ দিতেছেন, ভর্ম তাহাই শুনিতে হইবে, মানবজাতির ভবিন্তং তাঁহার কর্মের উপর নির্ভর করিতেছে—সকল বাধ। দূর করিয়া, সকল শত্রু বিনাশ করিয়া মানবজাতির উরতির পথ পরিষ্কার করিবার নিমিত্ত ভগ্বান তাঁহাকে পাঠাইয়াছেন-ইহাই উপলব্ধি করিতে হইবে।

ক্ষের ভং সনা অর্জুন স্বীকার করিলেন, তগাপি তিনি ক্ষের আদেশ পালন করিলেন না—বরং আরও তর্ক কবিতে লাগিলেন। তিনি তাঁহার ত্র্বলতা বুঝিলেন কিন্তু তাহা পরিত্যাগ করিতে চাাহলেন না। তিনি স্বীকার করিলেন যে তাঁহার চিত্তের দীনতাই তাঁগার ক্ষত্রিয়োচিত বীর স্বভাবকে অভিত্ত করিয়াছে। ধর্ম সম্বন্ধে, কর্ত্তবাক্ত্রা সম্বন্ধে বিমৃত্ চিত্ত হইয়াই তিনি ক্ষের নেকট শ্রেয়া কি জানিতে চাহিলেন, (ক্ষুক্তেই শুক্ত বলিয়া স্বীকার করিয়া তাঁহার শর্ণাপন্ন হইলেন) কিন্তু যে সকল

জনয়ভাব, যে সকল ধানি ধারণা অমুসারে এত দিন তিনি কর্তব্যাকর্তব্য নির্দ্ধারণ করিয়া আসিতেছিলেন তাহা ওলট পালট হইয়া যাওয়ায় এবং নতন কিছু ধরিবার না পাওয়ায় অর্জ্জন তাঁহার পুরাণো জীবনের উপযোগী একটা আদেশ মাথা পাতিয়া লইতে পারিলেন না। তিনি এখনও তর্ক করিতে লাগিলেন যে যুদ্ধ হইতে বিরত হওয়াই তাঁহার পক্ষে ঠিক হইবে। এই হত্যাকাণ্ড করিতে এবং ইহার ফলস্বরূপ রুধিরাক্ত ভোগ্যসমূহ উপভোগ করিতে তাঁহার প্রাণ চাহিতেছে না। এই কর্ম্মের ফলে ব্রজনগণকে হারাইয়া তাঁহার জীবন কিরূপ শৃত্ত ও তুঃখময় হইয়া **উঠিবে** তাহ। ভাবিয়া তাঁহার হৃদ্য শিহরিয়া উঠিতেছে। ধর্মাধর্ম, কর্ত্তবাাকর্ত্তবা সম্বন্ধে এতদিন যে ধারণা তাঁহার অভ্যস্ত ছিল তাহাতে তিনি ভীম দ্রোণের ক্রায় গুরুজনকে কেমন করিয়া বধ করিবেন ? এই যে ভীষণ নৃশংসকর্ম্মের ভার তাঁহার উপর দেওয়া হইয়াছে—ইহার যে কি স্লফল হইতে পারে তাহা তাঁহার বৃদ্ধিতে কুলাইতেছে না। তিনি বতদুর বুঝিতেছেন-এই ভাষণ কর্মের ফল অতি অগুভই হইবে। এতদিন তিনি বে ধারণার বশে যে উদ্দেশ্য লইয়া যুদ্ধ করিয়াছেন এখন আর সে ধারণায়, সে উদ্দেশ্যে যুদ্ধ না করিতে তিনি সঙ্কল্ল করিলেন এবং ভগবান তাঁহার অকাট্য যুক্তিগুলি কেমন করিয়া খণ্ডন করেন, নীরবে তাহারই . অপেক্ষা করিতে লাগিলেন। ভগবান প্রথমেই অর্জ্জনের অহঙ্কুত ও ্মমতাপন্ন স্বভাবের এই দাবীগুলি নষ্ট করিতে অগ্রসর হইলেন। সকল অহঙ্কার ও মমতার উপরে যে ধর্ম ইহার পর তাহা বিবৃত করিবেন।

ভগবান গুইটা বিভিন্ন পথ ধরিয়া অর্জুনের প্রশ্নের জবাব দিলেন। অর্জুন যে আর্যাশিক্ষায় শিক্ষিত তাহারই সর্ব্বোচ্চ ভাবগুলিকে ভিত্তি করিয়া ভগবান সংক্ষেপে প্রথম উত্তর দিলেন। দ্বিতীয় যে উত্তর আরও

গভীরতর জ্ঞানের উপর তাহার ভিত্তি: এই উত্তর হইতে আমাদের জীবনের অনেক গুহু কথা বৃথিতে পারা যায়—ইহাই গীতা শিক্ষার প্রকৃত আরম্ভ। বেদাস্ত দর্শনের আধ্যাত্মিক ও নৈতিক তত্ত্ব এবং আর্য্য সমাজের নৈতিক ভিত্তি স্বরূপ কর্ত্তব্যাকর্ত্তব্য, সম্মান অসম্মান সম্বন্ধে সামাজিক ধারণাকে অবলম্বন করিয়াই ভগবানের প্রথম উত্তর কথিত হইয়াছে। অর্জন ধর্মাধর্ম, ভভাভত ফল সম্বন্ধে যুক্তি প্রদর্শন করিয়া তাহার যুদ্ধে পরাত্মখতাকে সমর্থন করিবার চেষ্টা করিয়াছেন। কিন্তু প্রকৃত কথা এই যে অর্জুন তাঁচার অজ্ঞান, অন্তম চিত্তের বিদ্রোহকেই মিথাা পাণ্ডিতোর দ্বারা ঢাকিবার চেই। করিয়াছেন। তিনি শরীর ও শরীরের মৃত্যু সম্বন্ধে এরপ কথা বলিলাছেন যেন এইগুলিই চরম সত্য। কিন্তু জ্ঞানী বা পণ্ডিতেরা কথনই এরপ মনে করেন না। বন্ধু ও আত্মীয় স্বজনের মৃত্যুতে শোক প্রকৃত জ্ঞানানুমোদিত নহে। পণ্ডিতেরা মৃত বা জীবিত কাহারও জন্ম শোক করেন না, কারণ তাঁহার৷ জানেন যে যন্ত্রণা ও মৃত্যু আত্মার জীবনের বিভিন্ন অস্থায়ী অবস্থা মাত্র। শরীর নহে, আত্মাই সত্য বস্তু। এই যে রাজগণের আসন্ন মৃত্যুর জন্ম তিনি শোক করিতেছেন—ইহারা যে পূর্ব্বে কথন জীবন ধারণ করেন নাই তাহা নহে, ভবিষ্যতে যে আর কথনও জন্ম গ্রহণ করিবেন না, তাহাও নহে। কারণ যেমন এই দেহে দেহোপাধি বিশিষ্ট জীবের কৌমার, যৌবন ও বার্দ্ধক্য অবস্থাগুলির প্রাপ্তি হয়, দেহান্তর প্রাপ্তি অর্থাৎ মৃত্যুও সেইরূপ। যাহার। শান্ত ও জ্ঞানী, যাহার। ধীর, যাহার। স্থির চিত্তে সংসারের ব্যাপার অবলোকন করিতে পারেন এবং ইন্দ্রিয় ও চিত্তের আবেগে বিচলিত ও মোহিত না হন, তাহারা জড় জগতের বাহ্নিক দৃষ্টে প্রতারিত হন না। তাঁহারা শরীরের স্নায়ুর, চিত্তের গোলমালে তাঁহাদের বুদ্ধি ও জ্ঞানকে

মোহগ্রস্ত হইতে দেন না। তাঁহারা দেহ, প্রাণ, ইন্দ্রিয়ের অতীত জীবনের প্রকৃত সত্য দেখিতে পান এবং চিত্তাবেগ ও অজ্ঞান স্বভাবের শারীরিক বাসনা অতিক্রম করিয়া মানবজীবনের প্রকৃত ও একমাক্র উদ্দেশ্য অবলম্বন করিতে পারেন।

সেই প্রক্রত সত্য কি ৪ সেই উচ্চতম উদ্দেশ্য কি ৪ তাহা এই,—যুগে যুগে মানুষ জন্ম মৃত্যুর ভিতর দিয়া যাইয়া অমরত্ব লাভের যোগ্য হইয়া উঠিতেছে। এই যোগ্যতা কিরূপে আসিবে ? কোন মনুষ্য প্রকৃত যোগ্য ? যিনি নিজেকে শুধু শরীর ও প্রাণ বলিয়াই মনে করেন না, ইব্রিয়ের সাক্ষ্য গ্রহণ করিয়াই যিনি জাগতিক সত্যাসত্য নির্ণয় করেন না. যিনি নিজকে এবং সকলকেই আত্মা বলিয়া জানেন, যিনি আত্মার মধ্যেই বাস করিতে শিথিয়াছেন, যিনি অপরের সহিত শারীরিক জীব ভাবে নহে, আত্মা ভাবেই ব্যবহার করেন—তিনি অমরত্ব লাভের প্রকৃত যোগ্য: কারণ মৃত্যুর পরও থাকাই অমরত্ব নহে—কারণ মন লইয়া যাহারা জন্ম গ্রহণ করে তাহারা সকলেই মৃত্যুর পরও থাকে। জন্ম মৃত্যুর উপরে উঠাই প্রকৃত অমর্থ। মনোময় দেহ ছাড়াইয়া মারুষ যথন আত্মারূপে আত্মার মধ্যেই বাস করে তথনই তাহার প্রকৃত অমরত লাভ হয়। যাহার। শোক হঃখের অধীন, চিত্তাবেগ ও ইন্দ্রিয়ের দাস, অনিত্য বিষয় সমূহের স্পর্শ নইয়াই যাহারা ব্যস্ত তাহারা অমরত্ব লাভের যোগ্য হইতে পারে না। যতদিন এই সকলকে জয় করিতে পারা না যাইতেছে, ততদিন 🕝 ইহাদিগকে সহু করিতেই হইবে—শেষে এমন একদিন আসিবে যখন ইহারা মুক্ত পুরুষকে আর ব্যথা দিতে পারিবে না। যে অনন্ত শান্ত আত্মা শুপ্রভাবে আমাদের অন্তরের মধ্যে রহিয়াছেন, তিনি যেমন জ্ঞান, সমতা ও শান্তির সহিত সংসারের সমস্ত ঘটনা গ্রহণ করেন—মুক্ত পুরুষও তেমনই শাস্তভাবে সংসারের স্থুখ হৃংখ গ্রহণ করিতে পারিবেন। অর্জুনের মত হৃংখ ও ভয়ে বিচলিত হওয়, তাহাদের দারা কর্ত্তব্য পথ হইতে ভ্রষ্ট হওয়া, আত্মকপা এবং অসহবোধে হৃংখ দারা অভিভূত হওয়া, অবশ্রস্তাবী তুচ্ছ শারীরিক মৃত্যুর সম্মুখে শিহরিয়া উঠা—ইহা অনার্য্যোচিত অজ্ঞান। ষে আর্য্য শাস্ত শক্তির সহিত অমরত্বে উঠিতে চাহিবে—এপথ তাহার নহে।

মৃত্যু বলিয়া কিছুই নাই। কারণ শ্রীরই মরে, কিন্তু শ্রীর মানব নহে। যাহা নিত্য বস্তু তাহা কথনও বিনষ্ট হইতে পারে না—তবে তাহা ভিন্ন আকারে প্রকাশিত হইতে পারে, শুধু আকারের পরিবর্তন হইতে পারে। তেমনই যাহ। অনিত্য তাহার কোন সত্ত্ব। থাকিতে পারে না। এই সং ও অসতের তফাৎ উপলব্ধি হইলে বুঝা যায় যে আত্মা নিখিল জগৎ ব্যাপিয়া রহিয়াছে—কেহই এই অবায় আত্মার বিনাশ সাধন করিতে পারে না। দেহের বিনাশ আছে, কিন্তু বাঁহার এই দেহ, যিনি এই দেহকে ব্যবহার করেন, সেই আয়। অনন্ত, অপ্রেমেয়, নিতা, অবিনাশী। যেমন মনুষ্য জীর্ণবন্ত্র পরিত্যাগ করিয়া অপর নৃতন বন্ত্র পরিধান করে, সেইরূপ আত্ম। জীর্ণ দেহ ত্যাগ করিয়। অন্ত নৃতন দেহ ধারণ করে—ইহাতে শোক করিবার কি আছে ? পশ্চাৎপদ হইবার বা শিহরিয়া উঠিবার কি আছে ? ইহা জন্মায় না, মরেও না। ইহা এরূপ বস্তু নহে বে, উৎপন্ন হইয়া লোপ পাইয়া আর কথনও ফিরিয়া আসিবে না। ইহা অজ. শাশ্বত. পুরাণ-শরীরের বিনাশ হইলেও ইহা হত হয় না। অমর আত্মার বিনাশ সাধন করিতে কে পারে ? শস্ত্র সকল ইহাকে ছেদন করিতে পারে না, অগ্নি ইহাকে দগ্ধ করিতে পারে না, জল ইহাকে সিক্ত করিতে পারে না. বায়ু ইহাকে শুষ্ক করিতে পারে না। ইহা স্থাণু, অচল, সর্বব্যাপী, সনাতন। ইহা শরীরাদির স্থায় ব্যক্ত নহে, চক্ষুরাদি ইন্দ্রিয়ের গোচর

নহে—তবে ইহা সকল ব্যক্ত বস্তু অপেক্ষা বড়। চিস্তার দারা ইহাকে ধর। যায় না—তবে ইহা সকল মন অপেক্ষা বড়। প্রাণ ও ইন্দ্রিয়ের ন্যায় ইহার বিকার হয় না, পরিবর্ত্তন হয় না—ইহা দেহ, মন, প্রাণের পরিবর্ত্তনের অতীত—তবে ইহা দেই সাত্য বস্তু, এই সকল যাহাকে প্রবর্ত্তনের চেষ্টা করিতেছে।

যদিই ইহ। সত্য হয় যে আমাদের সত্ত্ব। তত মহান্ নহে, তত বিরাট নহে, যদি মনে করা যায় যে আত্মা নিতা দেহের সহিত জন্মগ্রহণ করে ও দেহের সহিত মরে—তথাপি জীবের মৃত্যুতে শোক করা উচিত নহে। কারণ আত্মার স্বপ্রকাশের জন্ম সূত্যু অবশ্রস্তাবী। জন্মের পূর্বেষে আত্মা থাকে না, তাহা নহে। জন্মের পর্বের আত্মা এরপ অবস্থায় থাকে যাহা আমাদের জড়েন্দ্রিয়ের অগোচর, অব্যক্ত—এই অব্যক্ত অবস্থা হইতে ব্যক্ত ৫ওরা, ইন্দ্রিরের গোচর হওরাই আত্মার জন্ম। মৃতুকালে আত্মা আবার সেই অব্যক্তাবস্থায় ফিরিয়া যায়, এই অবস্থা হইতে আবার তাহা ব্যক্ত হয়, বাহেন্দ্রিয়ের গোচর হয়। রোগেই মৃত্যু হউক আর যুদ্ধেই মৃত্যু হউক—মৃত্যু সম্বন্ধে আমাদের জড় ইন্দ্রিয় মনের যে শোক তাহা নিতান্ত অজ্ঞান, স্নার্থিক আর্ত্তনাদ ভিন্ন আর কিছুই নহে। আমরা যথন মৃত ব্যক্তির জন্ম শোক করি তথন অজ্ঞানের বশে এমন লোকের জন্ম শোক করি যাহাদের জন্ম শোক করিবার কোন কারণই নাই—কারণ তাহাদের অন্তিত্ব লোপ পাইয়া যায় না, তাহাদিগকে কোন ভীষণ যন্ত্রণাদায়ক অবস্থার পরিবর্ত্তন মহা করিতে হয় না, বরং মৃত্যুর পরেও তাহারা থাকে এবং জীবিতাবস্থার অপেক্ষা কম স্থথে থাকে না।

কিন্তু বস্তুতঃ আমাদের সন্ধা খুবই মহান্। সকলেই সেই আত্মা, এক ব্ৰহ্ম—হাঁহাকে কেহ কেহ আশ্চর্য্যের ভাগ বোধ করেন, কেহ

আশ্চর্য্যবৎ বলেন বা আশ্চর্য্যবৎ শ্রবণ করেন। কারণ তিনি আমাদের জ্ঞানের অতীত—আমাদের সকল জ্ঞানচর্চা এবং জ্ঞানীদের নিকট তত্ত্বকথা শ্রবণ সত্ত্বেও দেই পরব্রহ্মকে এ পর্য্যন্ত কোন মানব মনই স্বরূপতঃ জানিতে পারে নাই। ইনিই জগতের আবরণের আড়ালে লুকারিত রহিয়াছেন, ইনিই শরীরের প্রভু-সমস্ত জীবন ইহারই ছায়া মাত্র। আত্মার শারীরিক মূর্ত্তি গ্রহণ এবং মৃত্যুর দ্বারা এই অবস্থা পরিত্যাগ—এ সকল তাঁহারই একটি সামান্ত লীলা। যথন আমরা নিজদিগকে এই ভাবে জানিব তথন নিজ্দিগকে হস্ত। বা হত বলার কোন স্থ ই থাকিবে না। মানব-আত্মা জন্ম ও মৃত্যুরূপ অবস্থান্তরের ভিতর দিয়া অগ্রসর 庵 ইতেছে। মাঝে মাঝে পরলোকে বিশ্রাম করিতেছে, আবার ইহুলোকের 🗽 থ ছঃথ, যুদ্ধ ছাত্ত, জয় পরাজয়কে উন্তিরই সহায় করিয়া ক্রমশঃ ্বিমরত্বের দিকেই অগ্রসর হইতেছে—ইহা সেই পরব্রহ্মেরই লীলা, তাঁহারই ্সভিব্যক্তি। ইহাই একমাত্র প্রকৃত সত্য, জীবনে আমাদিগকে এই সত্য উপলব্ধি করিতে হইবে, এই পরম সত্যের আলোকেই আমাদের জীবন গড়িয়া তুলিতে হইবে।

তাই গুরু বলিলেন—হে ভারত, এই বৃথা শোক ও ক্লৈব্য পরিহার করিয়া যুদ্ধ কর। কিন্তু যুদ্ধ করিবার কথা কেমন করিয়া আদিল ? আমরা যদি এই উচ্চ, মহান্ জ্ঞান হৃদয়স্বম করিতে পারি, মন ও আত্মার কঠোর সংযমের দ্বারা চিত্তের আবেগ ও ইন্দ্রিয়ের প্রতারণার উপরে উঠিয়া প্রকৃত আত্মজ্ঞান লাভ করিতে পারি—তাহা হইলে অবশু আমরা শোক ও মোহ হইতে মুক্ত হইতে পারি। তাহা হইলে আমাদের মৃত্যুভ্য এবং মৃত্ত ব্যক্তির জন্ত শোক দূর হইতে পারে। তাহা হইলে আমরা বৃথিতে পারি যে যাহাদিগকে আমরা মৃত বলি তাহারা বাস্তবিক মরে নাই

এবং তাহাদের জন্ম শোক করিবার কিছু নাই কারণ তাহারা কেবল ইহলোকই ছাড়িয়া গিয়াছে। উক্ত জ্ঞানের অধিকারী হইলে আমর। জীবনের ভীষণ দ্বন্দ্বে অবিচলিত থাকিতে পারি এবং দেহের মৃত্যুকে ভুচ্ছ বলিয়া বুঝিতে পারি। জীবনেব সমস্ত ঘটনাই সেই এক এক্ষেরই অভিব্যক্তি এবং দেই এক ব্রহ্মের সহিত আমাদের এক**ত্ব অনুভব** করিবারই উপায় মাত্র বলিয়া উপলব্ধি করিতে পারি। কিন্তু তাই বলিয়া অর্জ্জুনকে যুদ্ধ করিতে, কুরুক্ষেত্রের ভীষণ হত্যাকাণ্ড করিতে বলা হইন কেন ? ইহার উত্তর এই যে অর্জুনকে যে পথে চলিতে হইবে তাহাতে এই যুদ্ধ কার্য্য সম্পাদন করাই আবশুক। তাঁহার স্বধর্ম, তাঁহার সামাজিক কর্ত্তব্য পালন করিতে তাঁহাকে যুদ্ধ করিতেই হইবে। এই সংসার জড়-জগতে ব্রন্ধেরই আত্মপ্রকাশ—ইহা শুধু আভান্থরীণ ক্রমবিকাশেরই ব্যাপার নহে, এখানে জীবনের বাহ্নিক ঘটনাগুলিকেও উক্ত ক্রমবিকাশের সহায় বলিয়াই গ্রহণ করিতে হইবে। এই জন্ম পরম্পরকে সাহায্যও করিতে হইবে; আবার পরম্পারের সহিত যুদ্ধও করিতে **হইবে। এথানে** নিশ্চিত্র মনে শান্তির সহিত, সহজ স্থুখ ও সোয়ান্তির ভিতর দিয়া কেইই অগ্রসর হইতে পারে না—এখানে একটি পদ অগ্রসর হইতে হইলেও বীরের মত চেষ্টা করিতে হয়, বাধা বিপত্তির সহিত যুদ্ধ করিতে হয়। যাহারা আভ্যন্তরীণ ও বাহ্নিক উভয়বিধ দ্বন্দ্বেই প্রবৃত্ত হয়—এমন কি বাহ্নিক দ্বন্দ্বের 'চরম স্বরূপ যুদ্ধ কার্য্যেও প্রবৃত্ত হয়—তাহারাই ক্ষত্রিয়, তাহারাই বীরপুরুষ; যুদ্ধ, বল, উচ্চহানয়তা, সাহস তাহাদের স্বভাব; স্থায়ের রক্ষা এবং যুক্ অপরাজুগতা, নিশ্চিত মরণ জানিয়াও পলায়ন না করাই তাহাদের ধর্ম, তাহাদের কর্ত্তব্য। কারণ এই সংসারে ধর্মের সহিত অধর্মের, ভায়ের সহিত অন্তায়ের, আত্তায়ী ও অত্যাচারীর সহিত রক্ষাকর্তার দৃদ্ অনবরতই চলিতেছে এবং এই দ্বন্দ পরিণামে যথন বাহ্য বুদ্ধে আসিয়া দাড়ায় তথন যিনি ধর্মপক্ষের নায়ক হইয়া ধর্মের ধ্বজা ধরিয়া দাড়াইয়াছেন ভাঁহার ভাষণ ও কঠোর কর্তব্যের সম্মুখে কম্পিত হওয়া চলিবেই না। যুদ্ধক্ষেত্রে তাঁহার অনুচর ও সঙ্গীগণকে পরিত্যাগ করা, নিজপক্ষের প্রতিবিশ্বাসঘাতকতা করা, যুদ্ধের ভীষণতা ও নৃশংসতার জন্ম ক্ষুদ্র দৌর্বলা, কার্পণ্যের বশে ধর্ম ও স্থায়ের ধ্বজা ধুলাবলুন্তিত হইতে দেওয়া, আততায়ীর রক্তমাখা পদে দলিত হইতে দেওয়া কিছুতেই চলিবে না। যুদ্ধ পরিত্যাগ নহে, যুদ্ধ করাই তাঁহার ধর্মা, তাঁহার কর্তব্য। হত্যা করিলে নহে, হত্যা না করিলেই এথানে পাপ হইবে।

অর্জুন হুংখ করিতেছিলেন বে মানুষ বাহার জন্ত, যে সকল উদ্দেশ্যে জীবন ধারণ করে, আগ্রীয় স্বজনের মৃত্যুতে সে সকল বার্থ হুইবে, তাহার জীবন বাস্তবিক শৃন্ত হুইয়া বাইবে। ভগবান ক্ষণিকের জন্ত আর এক দিক দিয়া এই হুংথের উত্তর দিলেন। ক্ষণ্রিয় জীবনের প্রকৃত উদ্দেশ্য কি, প্রকৃত ত্বখ কি? নিজের ও পরিবারবর্গের স্থখ স্বচ্ছন্দতা নহে, আগ্রীয়বন্ধ সহ সারাম ও শান্তিস্থখময় জীবনবাপন নহে—ক্ষণ্রিয় জীবনের প্রধান স্থখ হুইতেছে কোন মহৎ উদ্দেশ্য সাধনের নিমিত্ত জীবন দেওয়া অথবা মূদ্ধ জয় করিয়া বারের মূকুট অর্জন করা এবং বীরোচিত গৌরবের সহিত্ত জীবন বাপন করা। "ধর্ম মৃদ্ধ অপেকা ক্ষণ্রিয়ের আর কিছুতেই শ্রেয়ঃ নাই, স্বর্গের মুক্ত দার স্বরূপ এইরূপ মৃদ্ধ আপনা হুইতেই যে সকল ক্ষণ্রিয়ের নিকট উপস্থিত হয় তাহারাই স্থা। যগুপি তুমি এই ধর্ম্ম্যুদ্ধ না কর, তাহা হুইলে তোমার কর্ম্বর্য, স্বধর্ম ও কীর্ত্তি ত্যাগ কর। হুইবে এবং তোমার পাপ সঞ্চয় করা হুইবে। এইরূপ মৃদ্ধ করিতে অস্বীকৃত হুইলে যাহার। তোমার সম্মান

করিতেন ও তোমার বীরত্বের ভূয়নী প্রশংসা করিতেন, তাঁহারা সকলে তোমাকে কাপুরুষ বলিয়া ঘণা ও উপহাস করিবেন।" ক্ষজ্রির জীবনে ইহা অপেক্ষা বড় হংথ আর কিছু নাই—ইহা অপেক্ষা মৃত্যুও অনেক শ্রেয়ঃ। যুদ্ধ, সাহস, শক্তি, প্রভূত্ব, বীরের গোরব, সমুথ যুদ্ধে মরিয়া স্বর্গলাভ—ইহাই ক্ষজ্রিয়ের আদর্শ। এই আদর্শকে ক্ষুপ্ত করা, এই গৌরবকে কলঙ্কিত করা, বীরশ্রেষ্ঠের জীবনে এরূপ কাপুরুষতা ও হুর্জনতার দৃষ্টান্ত দেখান এবং এইরূপে মানুষের নৈতিক জীবনের আদর্শকে ছোট করা—ইহাতে নিজের অকল্যাণ করা হয়, জগতেরও অকল্যাণ করা হয়। "য়িদ হত হও, স্বর্গে বাইবে, য়িদ জয়ী হও, পৃথিবী ভোগ করিবে— অতএব, হে কুন্তিপুত্র । যুদ্ধের নিমিত্ত ক্ষতনিশ্চয় হও, উঠ।"

পূর্বে যে স্থতঃথে অবিচলিত থাকার কথা, ধীরতার কথা বলা হইরাছে এবং পরেও যে গভীরতর আধ্যাত্মিকতার কথা বলা হইবে, সেই ছইয়ের তুলনায় ভগবানের এই বীরোচিত অভিভাষণ খুব নিমন্তরের বলিষাই মনে হয়। কারণ পরের শ্লোকেই ভগবান অর্জুনকে আদেশ করিলেন—

স্থহঃথে সমে ক্বা লাভালাভৌ জয়াজয়ী। ততো যুদ্ধার যুজ্যস্ব নৈবং পাপমবাপ্স্যাসি ॥২।৩৮

— "মুখ ছ:খ, লাভালাভ এবং জয় পরাজয় তুল্য জ্ঞান করিয়া যুদ্ধার্থে উদ্যুক্ত হও, তাহা হইলে পাল প্রাপ্ত হইবে না।" ইহাই গীতার প্রকৃত শিক্ষা। কিন্তু ভারতের ধর্মশান্ত্র সকল সময়েই অধিকারী ভেদ স্বীকার করিয়াছে—মামুষের নৈতিক ও আধ্যাত্মিক উন্নতি সাধন করিতে হইলে, ভিন্ন ভিন্ন স্তারের জন্ম, ভিন্ন ভিন্ন আদর্শ কার্য্যতঃ আবশ্রক। ক্ষিত্রিয়ের আদর্শ, চারিবর্ণের আদর্শ—ভগবান ইহার সামাজিক দিকটাই

এইথানে বুঝাইয়াছেন—ইহার ভিতরে যে গৃঢ় আধ্যাত্মিক অর্থ আছে তাহা পরে দেখাইবেন। ভগবান বলিলেন, যদি তুমি স্থুখ ছুংখের হিসাব করিয়া, কর্ম্মের ফলাফল হিসাব করিয়াই কর্ম্ম করিতে চাও তাহা হইলে মোটের উপর তোমার প্রতি ইহাই আমার উত্তর—মরিলে স্বর্গে যাইবে ইত্যাদি। আমি তোমাকে বুঝাইয়াছি যে আয়া ও জগং সম্বন্ধে উচ্চজ্ঞান কোন পথ দেখায়। এখন তোমাকে ব্ঝাইলাম যে তোমার সামাজিক কর্ত্তবা, তোমার বর্ণের নৈতিক আদর্শ তোমাকে কি পথ দেখায়— স্বধর্ম্মপি চাবেক্ষা। তুমি যে দিক দিয়াই আলোচন। কর, ফল একই হইবে। কিন্তু, যদি তোমার সামাজিক কর্তুবো, তোমার বর্ণের **ধর্মে** তুমি তৃপ্ত না হও, যদি তোমার মনে হয় যে ইহা তোমাকে হুংখে কেলিবে, পাপে ফেলিবে তাহা হইলে তুমি আরও উচ্চ আদর্শ অবলম্বন কর, নিমে নামিও না। তোমার ভিতর হইতে সমস্ত অহমিকা দূর করিয়া। **দাও, সুথ হু:থ তৃচ্ছ কর, লাভ অলাভ ও সমস্ত পাণিব ফলাফল তুচ্ছ কর।** তোমাকে কোন্ পক্ষ সমর্থন করিতে হইবে, ভগবানের আদেশে কোন্ কার্য্য সম্পাদন করিতে হইবে শুধু তাহাই দেখ—"নৈকং পাপমবাঞ্সাসি" তাহা হইলে পাপ প্রাপ্ত হইবে না। এইরূপে অর্জ্যুনর ছঃথের যুক্তি, হত্যা-বিমুখতার যুক্তি, পাপবোধের যুক্তি, তাহার কর্ম্মের অণ্ডভ ফলের যুক্তি-সকল যুক্তিরই তংকালীন আর্ग্যজাতিব শ্রেষ্ঠ জ্ঞান ও নৈতিক আদর্শ অনুসারেই উত্তর দেওয়া হইল।

ইহাই ক্ষল্রিরের ধর্ম। এই ধর্ম বলে—"ভগবানকে জান, নিজেকে জান, মানুষকে সাহায্য কর। ধর্মকে, ভায়কে রক্ষা কর, ভয় ও ত্র্বলভা পরিহার করিয়া অবিচলিত ভাবে সংসারে তোমার যুদ্ধের কার্য্য সম্পন্ন কর। তুমিই সেই অনস্ত অবিনাশী সাম্মা, তোমার আ্মা অমরত্ব লাভের পথেই সংসারে আসিয়াছে; জীবন মৃত্যু কিছু নয়, হু:খ, ত্রেদনা, যন্ত্রণা কিছু নয়, কারণ এই সকলকে জয় করিতে হইবে, ইহাদের উপরে উঠিতে হইবে। তোমার নিজের স্থথ, নিজের লাভের দিকে তাকাইও না, কিন্তু, উপর দিকে এবং চারিদিকে চাহিয়া দেথ—উপরে ঐ যে উজ্জন চূড়ার দিকে তুমি উঠিতেছ ঐদিকে দৃষ্টি রাথ, তোমার চারিদিকে এই যুদ্ধ ও পরীক্ষার ক্ষেত্র, সংসারের দিকে চাহিয়া দেখ কেমন গেখানে গুভ মগুভ, উন্নতি ম্বনতি প্রস্পারের সহিত নির্মাম ভাবে **হন্দ** করিতেছে। মানুষ তোমাকে সাহায্যের জন্ম ডাকিতেছে—ব**লিতেছে** তুমি তাহাদের শক্তিমান পুরুষ, তুমি তাহাদের সহায়, অতএব, তাহা-দিগকে সাহায্য কর, মুদ্ধ কর। যদি জগতের উন্নতির জন্মই ধ্বংসকার্য্য আবশুক হয় তবে ধ্বংস কর—কিন্তু বাহাদিগকে ধ্বংস করিবে তাহাদিগকে ঘুণা করিও না. যাহারা ধ্বংস হইবে তাহাদের জন্ত শোক করিও না। সকল স্থানেই সেই এক সত্য বস্তুকে জানিও—জানিও সকল আত্মাই অমর এবং এই দেহ শুধু ধূলা। শান্তি, শক্তি, সমতার সহিত তোমার কার্য্য কর। যুদ্ধ কর, বীরের মত পতিত হও কিমা বীরের মত জয়লাভ কর। কারণ, ভগবান এবং তোমার প্রকৃতি তোমাকে এই কার্য্যই সম্পাদন করিতে দিয়াছেন।"

অষ্টম অধ্যায়

সাংখ্য ও যোগ

ভগবান অর্জুনের সমস্থার এই প্রথম সংক্ষিপ্ত উত্তর সারিয়া প্রথমেই সাংখ্য ও যোগের প্রভেদ করিলেন—

> এষা তেহভিহিতা সাংখ্যে বুদ্ধির্যোগে দ্বিমাং শৃণু। বুদ্ধ্যা যুক্তো যয়া পার্থ কর্ম্মবন্ধং প্রহাস্তসি॥২।৩৯

— "সাংখ্যে তোমাকে এই জ্ঞান কথিত হইরাছে। এখন যোগে এই জ্ঞান কিরূপ তাহা শ্রবণ কর। হে পার্থ, এই জ্ঞান সহকারে যদি তুমি যোগে থাক তাহা হইলে তুমি কর্মবন্ধন ত্যাগ করিতে পারিবে।"

যে পরমার্থদর্শন গীতা শাস্ত্রের প্রকৃত প্রতিপাল এই শ্লোকোক্ত প্রভেদে তাহার ম্লস্ত্র নিহত রহিয়াছে এবং গীতার্থ বুঝিতে হইলে এইরূপ প্রভেদ একান্ত প্রয়োজন।

গীত। মূলতঃ বৈদান্তিক গ্রন্থ। বেদান্ত জ্ঞান সম্বন্ধে যে তিনটি গ্রন্থ প্রামাণ্য বলিয়া পরিচিত, গীতা তাহার মধ্যে একটি। সত্যের উপর পীতা শিক্ষার ভিত্তি হইলেও—গীতা আগুবাক্য নহে, অর্থাং ঋষিগণের যোগদৃষ্টিতে সত্যু বেরূপ প্রতিভাত—গীতায় তাহা ঠিক সাক্ষাংভাবে ব্যক্ত হয় নাই, গীতার শিক্ষা বিচার, বৃদ্ধি, তর্ক, যুক্তির ভিতর দিয়া ব্যাখ্যাত হইয়ছে। তথাপি, গীতার উপর লোকের এরূপ শ্রদ্ধা যে ইহা প্রায় ত্রেয়াদশ উপনিষদ বলিয়া গণ্য হয়। তবে গীতার বৈদান্তিক

ভাবগুলি সর্ব্ব বিশেষভাবে সাংখ্য ও যোগের ভাবে রঞ্জিত এবং এইরপ সমন্বয়ই দর্শনশাস্ত্র হিসাবে গীতার বিশেষত্ব। বাস্তবিক পক্ষে গীতার প্রধানতঃ যোগেরই ব্যবহারিক প্রণালী শিক্ষা দেওয়া হইয়াছে এবং কেবল এই ব্যবহারিক প্রণালী বুঝাইবার নিমিত্তই তত্ত্বকথার অবতারণা করা হইয়াছে। গীতা শুধুই বৈদান্তিক জ্ঞান প্রচার করে নাই, কিন্তু, একদিকে যেমন জ্ঞানেই সমস্ত কর্ম্মের পরিসমাপ্তি করিয়াছে এবং ভক্তিকেই কর্ম্মের সার ও প্রাণ বলিয়াছে তেমনি কর্ম্মকেই আবার জ্ঞান ও ভক্তির ভিত্তি করিয়াছে। আবার গীতার যোগ সাংখ্যের বিশ্লেষণমূলক জ্ঞানের উপর প্রতিষ্ঠিত, সাংখ্য হইতেই ইহার আরম্ভ এবং বরাবর ইহার অনেকটা মত পদ্ধতি সাংখ্যেরই জন্মরূপ। তথাপি ইহা সাংখ্যকে অনেক দ্র শতিক্রম করিয়া গিয়াছে; সাংখ্যের কোন কোন মূল কথা অস্বীকার করিয়াছে এবং এইরূপে সাংখ্যের নিয়ন্তরের বিশ্লেষণমূলক জ্ঞানের সহিত উচ্চ ব্যাপক বৈদান্তিক সত্যের সমন্বয় করিয়াছে।

তাহা হইলে, গীতায় যে সাংখ্য ও যোগের কথা বলা হইয়াছে, সেগুলি কি ? আমরা এখন সাংখ্য বলিতে ঈশ্বরক্ষের সাংখ্যকারিকা এবং যোগ বলিতে পাতঞ্জলির যোগ হত্র ব্যি—কিন্তু গীতার সাংখ্য ও যোগ যে ইহাদের হইতে স্বতন্ত্র তাহাতে আর কোন সন্দেহ নাই। কারিকায় সাংখ্যমত যেরপ বলিত হইয়াছে—অন্ততঃ সাধারণতঃ আমরা যেরপ ব্রি, গীতার সাংখ্য সেরপ নহে—কারণ গীতা কোথাও মুহূর্ত্তের জন্তও স্ষ্টির মূল তত্ত্বরূপ বহু প্রুষ স্বীকার করে না। প্রচলিত সাংখ্যের সম্পূর্ণভাবে বিপক্ষে গীতা জোরের সহিত বলিয়াছে যে আত্মা এবং প্রুষ এক, সেই একই ঈশ্বর ও প্রুষয়েত্রম, এবং ঈশ্বরই এই জগতের আদি কারণ। আধুনিক ভাষায় তফাৎ করিতে গেলে—প্রচলিত সাংখ্য নিরীশ্বরোদী;

কিন্তু, গীতার সাংখ্য ঈশ্বরবাদ (theism), সর্কেশ্বনবাদ (pantheism) এবং একত্ববাদের (monism) স্থল সমন্ত্র সাধন করিয়াছে।

গীতায় যে যোগের কথা আছে ভাহাও পাতঞ্জলির যোগ প্রণালী নহে। কারণ, পাতঞ্জলিতে খাঁটি রাজ্যোগেরই প্রণালী বিবৃত হইয়ছে—এই প্রণালীতে আভান্তরীণ বৃত্তি সমূহকে সংযত করিবার বাধাধরা পদ্ধতি আছে, ইহাতে স্থনিদিষ্ট শীমাবদ্ধ উপায় সমূহের দ্বারা ক্রমশঃ চিত্তকে শান্ত করিয়া সমাধির অবস্থায় তুলিতে হয়; তাহাতে ঐহিক ও চিরস্তন উভয়বিধ ফললাভ হয়। ঐহিক ফল—জীবের জ্ঞান শক্তি বিশেষ ভাবে বন্ধিত হয়। চিরম্ভন ফল—ভগবানের সহিত মিলন। কিন্তু গীতার যোগ উদার, নানামুখী, উহা বাধাধরা নিয়ম প্রণালীর ভিতর সীমাবদ্ধ নহে: উহার মধ্যে নানা বিষয়ের সমাবেশ আছে এবং তাহাদেরও পরস্পরের মধ্যে স্বাভাবিক সামজন্ত রক্ষিত হইয়াছে; রাজ্যোগ ইচার একটি সামান্ত অপ্রধান সংশ মাত্র। গীতার যোগে রাজযোগের মত কাটাভাট। বৈজ্ঞানিক স্তরবিভাগ নাই—উহা আত্মার সহজ স্বাভাবিক ক্রমবিকাশ প্রণালী। কি ভাবে ুআমরা কর্ম্ম করিব এই সম্বন্ধে কয়েকটি নীতি অমুসরণ করিয়া—সমস্ত আধারের রূপান্তর সাধন করিতে হইবে,—আধারের প্রত্যেক অঙ্গকে পুরাতন প্রাক্তি সন্তা ও সংস্কার (প্রকৃতিব নীচেব ভরের খেলা বা প্রাকৃত জীবন) হইতে মুক্ত করিয়া অভিনব দিবা ধর্মে গড়িয়া তুলিতে হইবে; অপরা প্রকৃতি ছাড়াইয়া উঠিয়া পরা গ্রাকৃতির মধ্যে প্রতিষ্ঠিত হইতে হইবে —ইহাই গীতার যোগের লক্ষ্য। মতএব, পাতঞ্জলিতে যে যৌগিক মবস্থার কথা বলা হইয়াছে--গীতার সমাধি তাহ। অপেকা বতন্ত্র। পাতঞ্জলির মতে ভুধু প্রথমাবস্থাতে চিত্তভদ্ধির জন্ম এবং একাগ্রভা লাভের জন্মই কর্মের প্রয়োজনীয়তা। কিন্তু, গীতা কর্মকেই যোগের বিশেষ লক্ষ্

পর্যান্ত বলিয়াছে। পাতঞ্জলির মতে কর্ম শুধু যোগের উপক্রমণিকা—
গীতার মতে কর্মই যোগের স্থায়ী ভিত্তি। রাজযোগামুসারে উদ্দেশ্য সিদ্ধ
হইলে কর্মকে বস্তুতঃ পরিত্যাগই করিতে হয় অন্ততঃ শীঘ্রই যোগের
উপায় স্বরূপ কর্মের কোন প্রয়োজনীয়তাই থাকে না। শীতার মতে
কর্মই সর্বোচ্চ অবস্থায় উঠিবার একটি উপায় এবং আত্মার সম্পূর্ণ মৃতি
ইইবার পরও কর্ম্ম থাকে।

এতটুকু বলা দরকার, কারণ স্থপরিচিত কথাগুলি প্রচলিত পারিভাবিক অর্থে ব্যবহার না করিয়া, ব্যাপক অর্থে ব্যবহার করিলে ভাবার্থ বুঝিতে গোলমাল হওয়া সম্ভব। তবে, প্রচলিত সাংখ্য ও যোগ দর্শনের মধ্যে বাহা কিছু উদার, সার্বজনীন, সার্বভৌমিক সত্য আছে গীতায় তাহা স্বীকৃত হইয়াছে—য়দিও গাঁতা শুধু ইহাদের মধ্যেই সীমাবদ্ধ নহে। উপনিষদের বৈদান্তিক সমন্বয়ে এবং পরবর্ত্তী পুরাণে আমরা যে উদার বৈদান্তিক সাংখ্যমতের পরিচয় পাই, গীতার সাংখ্য তাহাই। প্রধানতঃ অস্তমুখী সাধনার দ্বারা আভান্তরীণ পরিবর্ত্তন ঘটাইয়া আত্মার দর্শন ও ভগবানের শহিত মিলুনের যে সাধনা তাহাই গীতার যোগ—রাজ্যোগ গীতার এই উদার সাধনার একটি বিশেষ পদ্ধতি মাত্র। গীতা স্পষ্টই বলিয়াছে যে সাংখ্য ও যোগ তুইটি বিভিন্ন, সামঞ্জস্তহীন, পরস্পর বিরোধী মতবাদ নহে— তাহাদের মূল নীতি ও লক্ষ্য এক। শুধু তাহাদের পদ্ধতি ও আরম্ভ বিভিন্ন। সাংখ্যও এক প্রকার যোগ—তবে ইহার আরম্ভ জ্ঞানে; অর্থাৎ সাংখ্য মতে বৃদ্ধির দারা সৃষ্টিতত্ত্ব সমূহ বিশ্লেষণ ও আলোচনা করিয়া আরম্ভ করিতে হয় এবং সত্যকে দর্শন করিয়া, লাভ করিয়া উদ্দেশ্য সিদ্ধ হয়। ; অপর দিকে, যোগের আরম্ভ কর্ম্মে, মূলতঃ ইহা কর্ম্মযোগ। তবে গীতার সমগ্র শিক্ষা হইতে এবং পরে কর্ম্ম শব্দের যেরূপ ব্যাখ্যা করা হইয়াছে তাহা

হইতে বেশ বুঝা যায় যে কর্ম্ম শক্ষটী পুব বিস্তৃত অর্থেই ব্যবহৃত হইয়াছে।
আমার ভিতরে ও বাহিরে যে সকল ক্রিয়া হইতেছে সে সমস্ত সর্ব্ধকর্ম্মের
ঈশ্বরকে নিঃস্বার্থভাবে যজ্জরপে উৎসর্গ করা, যজ্ঞ ও তপস্থা সকলের
ভোক্তা ওপ্রভু স্বরূপ ভগবানের নিকট সমর্পণ করা—ইহাই যোগ। জ্ঞানের
নারা যে সত্য দেখা যায় তাহার সাধন করাই যোগ—এবং এই জ্ঞানের
দ্বারা যাহাকে সর্ব্বপ্রেষ্ঠ বলিয়া জানা যায় তাহার প্রতি জ্ঞানসমূত ভক্তি
ও শাস্ত বা আবেগপূর্ণ আত্মসমর্পণই ঐ সাধনের পরিচালক শক্তি।

কিন্তু, সাংখ্যের সত্য কি ? তত্ত্বসমূহের বিশ্লেষণ ও সংখ্য। করিয়াছে বুলিয়া এই দর্শনের নাম সাংখ্য দর্শন হইয়াছে। সাধারণতঃ আমরা জগৎকে যেরূপ দেখি তাহা নানা তত্ত্বের সংযোগের ফল—সাংখ্য এই তত্ত্ব-গুলি বিশ্লেষণ করিয়। স্বতন্ত্র ভাবে দেখাইয়াছে এবং তাহাদের গণনা করিয়াছে। সাংখ্য বিশ্লেষণ করিয়াছে বটে কিন্তু সমন্বয় করিতে মোটেই চেষ্টা করে নাই। মূলতঃ সাংখ্য ছৈতবাদী। বৈদান্তিকদের মধ্যে **যাঁহার।** নিজদিগকে দ্বৈত্বাদী বলেন, সেরপ বিশিষ্ট দৈতবাদ সাংখ্যের মত নহে। সাংখ্যের মত সম্পূর্ণভাবে দ্বৈত অর্থাৎ সাংখ্য স্বস্টির মূলে একটি নহে, সম্পূর্ণ বিভিন্ন ছুইটা তত্ত্ব স্থাকার করে—নিক্রিয় পুরুষ এবং ক্রিয়ানাল। প্রকৃতি। তাহাদের সংযোগেই জগতের উৎপত্তি। পুরুষই আয়া; আত্মা বলিতে সাধারণতঃ যাহা বুঝার পুরুষ তাহা নহে—পুরুষ শুদ্ধ চৈত্রসময়, অচল, অবিকারী, স্বপ্রকাশ। শক্তি এবং তাহার ক্রিয়াই প্রকৃতি। পুরুষ কিছুই করে না—শুধু শক্তি এবং তাহার ক্রিয়া পুরুষে প্রতিফলিত হয়; প্রকৃতি বস্তুতঃ জড় অচেতন হইলেও পুরুষে প্রতিফলিত হওয়ায় প্রকৃতিকে চেতন বলিয়। মনে হয়। এইরূপে স্মষ্টি, স্থিতি, লয়, জন্ম জীবন ও মৃত্যু, চৈত্ত্য ও গচৈত্ত্য, ইন্দ্রিলব্ধ জ্ঞান, বুদ্ধিলব্ধ জ্ঞান ও সজ্ঞান, কর্ম্ম ও

অকর্ম্ম, সুথ ও হঃথ এই সকল ব্যাপারের উদ্ভব হয় এবং প্রকৃতির প্রভাবের অধীন পুরুষ এই সকলকে তাহার নিজের বলিয়া ধরে কিন্তু বাস্তবিক এই সকল মোটেই পুরুষের নহে, এই সব শুধু প্রকৃতিরই ক্রিয়া।

কারণ প্রকৃতি ত্রিগুণমন্ত্রী – প্রকৃতির শক্তি মূলতঃ তিন প্রকার। সৰ: জ্ঞানের বীজ—ইহা স্থিতি করে; রজঃ: তেজ ও কর্ম্মের বীজ—ইহা স্বষ্টি করে: তম:: জডতা ও অজ্ঞানের বীজ এবং সম্ব ও রজের বিরোধী—সম্ব ও রক্ষ: যাহ। সৃষ্টি ও স্থিতি করে, তমঃ তাহা লয় সাধন করে। যথন প্রকৃতির এই তিন্টী গুণ সমান বলে বলী হইয়া সাম্যাবস্থায় থাকে—তথন সৰ স্থির—তথন কোন গতি, ক্রিয়া বা স্বষ্টি থাকে না: অতএব তথন অবিকারী জ্যোতিশ্বর চেতন আত্মায় প্রতিফলিত হইবার কিছু থাকে না। কিন্তু যথন এই সাম্যাবস্থা হইতে বিচ্যুতি ঘটে, তথন তিনটী গুণ অসমান হইয়া পরস্পারের সহিত বিরোধ করে এবং তথন অনববত সৃষ্টি, স্থিতি ও লয়ের ব্যাপার চলিতে থাকে—বিশ্বজগতের অভিব্যক্তি হয়। এই সকল ব্যাপারে পুরুষেব সনাতন স্বরূপকে ঢাকিয়া রাখে। যতদিন পুরুষ ইহা চায় এবং নিজকে প্রকৃতির গুণসম্পন্ন দেখে ততদিনই এইরূপ বিচ্যুতি থাকে, এই সকল ব্যাপার চলিতে থাকে। কিন্তু যথনই পুরুষ আর এ সবে সম্মতি দের না—তথনই গুণত্রর সাম্যাবস্থা লাভ করে, তথনই আত্ম। তাহার স্নাত্ন, অপরিণামী, অচল অবস্থায় ফিরিয়া আসে, আত্মার মুক্তি হয়। এইরূপে প্রকৃতির খেলা প্রতিবিধিত করা এবং সম্মতি দেওয়া বা না দেওয়া—শুধু এইটুকুই পুরুষের ক্ষমতা বলিয়া মনে হয়। সাংখ্যের পুরুষ শুধু প্রতিফলনের জন্ম দেখিতে পারে এবং অমুমতি দিতে পারে— গীতার ভাষায় সাক্ষী ও অনুমন্তা—কিন্তু ঈশ্বররূপে কর্ম্ম করে না। এমন কি পুরুষের যে অনুমতি দেওয়া বা অনুমতি প্রত্যাহার করা তাহাও ঠিক পুরুষের কার্য্য নহে—প্রকৃতিই করাইয়া দেয়। বাহ্য বা আভাস্তরীণ কোন কর্মাই পুরুষের নাই—তাহার কার্য্যকরী ইচ্ছা নাই, কার্য্যকরী বৃদ্ধি নাই। স্বত্রব শুধু পুরুষ একা এই জগতের কারণ হইতে পারে না—দ্বিতীয় কারণ দেখান আবশুক। জ্ঞান, ইচ্ছা ও আনন্দের আধার আত্মা একা এই জগতের কর্ত্তা নহে—আত্মা ও প্রকৃতি, নিজ্ঞিয় চৈত্র্য এবং ক্রিয়াশালা শক্তি এই যুগ্ম কারণ হইতেই জগতের উৎপত্তি। সাংখ্য এই ভাবেই জগতের অস্তিত্ব ব্যাখ্যা করিয়াছে।

কিন্তু তাহা হইলে আমরা যে চিন্তা করিতেছি, বিচার করিতেছি বলিয়া বৃথিতে পারি, সম্বল্প করিতেছি বলিয়া বৃথিতে পারি এসব কোথা হইতে হয় ? এগুলি ত আমাদের জীবনের কম অংশ নহে। সাধারণতঃ আমরা মনে করি এগুলি প্রকৃতির নহে, এগুলি পুরুষের। সাংখ্যমতামুসারে এই বিচার বৃদ্ধি ও ইচ্ছা সম্পূর্ণভাবে জড়প্রকৃতিরই অংশ—এগুলি আত্মার গুণ নহে। সাংখ্য যে চতুবিংশতি তত্ত্বে ছার। জগতের ব্যাখ্যা করিয়াছে— এগুলি তাহার মধ্যে একটি তত্ত্ব—বৃদ্ধি। ত্রিগুণমন্ত্রী প্রকৃতিই জগতের মূল উপাদান। স্টির পূর্বে জগং অব্যক্ত অবস্থায় থাকে। স্টিকালে অব্যক্ত প্রকৃতি হইতে ক্রমান্বয়ে জড়জগতের উপাদানস্বরূপ পঞ্চ মহাভূতের আবির্ভাব হয়। এই পঞ্চ সুলভূত প্রাচীন শাস্ত্রে আকাশ, বায়ু, অগ্নি, অপ ও পৃথিবী এই সকল নামে অভিহিত। তবে আমাদের মনে রাখিতে হইবে বে বর্ত্তমানকালে জড়বিজ্ঞান উপাদান (elements) বলিতে বাহ। বুঝে, এই পঞ্চতুত সেরূপ উপাদান নহে—ইহারা জড়শক্তির পাঁচটি সৃক্ষ অবস্থা এই স্থূন জড়জগতে ইহারা কোথাও খাটি অবস্থায় নাই। জগতের সমস্ত পদার্থ ই এই পাঁচটি ফুল্ম অবস্থা বা উপাদানের সংমিশ্রণে গঠিত। আবার পাঁচটির প্রত্যেকটিই জড়শক্তির, একটি হক্ষ গুণের আধার, শব্দ, স্পর্ণ,

রূপ, রস গন্ধ। মন এই পাঁচ প্রকারেই বাহিক জগতের বস্তু সকলকে গ্রহণ করে। অতএব, মূল প্রকৃতি হইতেই আহির্ভূত এই পঞ্চ মহাভূত এবং পাঁচটি ইন্দ্রিগ্রাহ্ অবস্থা—এইগুলি হইতেই বাহাদৃশ্য জগৎ উদ্ভূত ২ইয়াছে।

অন্ত ত্রাদেশটি তত্ত্ব লইয়া অন্তর্জগৎ গঠিত—বদ্ধি বা মহৎ. অহস্কার, মন এবং ইহার অধীনে দশ ইন্দ্রিয়, পঞ্চ জ্ঞানেন্দ্রিয়, পঞ্চ কর্মেন্ডিয়। মন আদি ইলিয়—মনই বাছবস্তুসমূহ প্রত্যক্ষ করে, মনই তাহাদের উপর কার্য্য করে। কারণ, মনের অন্তর্মুখী ও বহিমুখী চুই রক্ষ ক্রিয়াই রহিয়াছে। মন প্রতাক্ষের দ্বারা বাহ্য স্পর্শ গ্রহণ করিয়া জগৎ সম্বন্ধে জ্ঞান লাভ করে এবং বাহ্য জগতের উপর ক্রিয়ার জন্ম শরীর যন্ত্রকে পরিচালিত করে। কিন্তু, মন বিশেষ বিশেষ জ্ঞানেন্দ্রিয়ের সাহায্যে প্রত্যক্ষলব্ধ জ্ঞানের বিশেষ করে—চক্ষু, কর্ণ, নাসিকা, জিহ্বা, ত্বক যথাক্রমে রপ, শব্দ, গন্ধ, রস ও স্পর্শকে গ্রহণ করে। মন সেইরপ বাক, পাণি, পাদ, পায়, উপস্থ এই পাঁচটি কর্ম্মেক্রিয়ের সাহায্যে প্রয়োজনীয় শারীরিক ক্রিয়ার বিশেষ করে। প্রকৃতির যে শক্তি বিচার করে, ভেদ ও সামঞ্জন্ত নির্ণয় করে তাহারই নাম বুদ্ধি—ইহা একাধারে বোধশক্তি ও ইচ্ছা-শক্তি। বুদ্ধির যে তত্ত্বের দারা পুরুষ নিজেকে প্রকৃতির সহিত এক বলিয়া ধরিয়া লয়, প্রকৃতির কার্য্যাবলীকে নিজের কার্য্যাবলী বলিয়া মনে করে তাহারই নাম অহঞ্চার। কিন্তু, এই সকল (মন, বুদ্ধি, অহঙ্কার) আভ্যন্ত-রিক তত্ত্ব (Subjective principles) নিজেরা জড়, অচেতন-বাহ্যিক জগতের কার্য্যাবলী যেরপ অচেতন প্রাক্তিক শক্তির অন্তর্গত, ইহারাও ঠিক সেইরূপ। বিচারবুদ্ধি ও ইচ্ছা (এই ছইকেই সাংখ্যে বুদ্ধি বলা হইয়াছে) কেমন করিয়া জড় অচেতনের ক্রিয়া হইতে পারে, নিজেরা জড়

হইতে পারে ইহা বৃথিতে যদি আমাদের কণ্ট হয় তাহা হইলে আমাদের শ্বরণ করা কর্ত্তব্য যে বর্ত্তমান বিজ্ঞানও (Science) এইরূপ সিদ্ধান্তে উপনীত হইয়াছে। এমন কি পরমাণুর (atom) জড়ক্রিয়াতে যে শক্তি রহিয়াছে তাহাকেও অচেতন ইচ্ছাশক্তি বলা বাইতে পারে এবং প্রাকৃতিক জগতের সমস্ত ঘটনায় ঐ সর্বব্যাপী ইচ্ছা অচেতনভাবেই বুদ্ধির কার্য্য করিতেছে। জড জগতের সকল কার্য্যে যে ভেলাভেদ নির্ণয় অচেতন ভাবে চলিতেছে—দেই ক্রিয়া এবং বাহাকে আমরা মানসিক বৃদ্ধির ক্রিয়া বলি তাহা মূলতঃ একই জিনিষ। পাশ্চাত্য বিজ্ঞান প্রমাণ করিতে চেষ্টা করিয়াছে যে সচেতন মন অচেতন জড়ের ক্রিয়ারই পরিণাম ফল। কিন্তু জড অচেতন কেমন করিয়া চেতনের মত হয় পাশ্চাতা বিজ্ঞান তাহা ব্যাখ্যা করিতে পারে নাই, সাংখ্য তাহ। ব্যাখ্য। করিয়াছে। পুরুষের ভিতর প্রকৃতি প্রতিবিশ্বিত হওয়াতেই এরপ হইয়া থাকে, আত্মার চৈত্র জড়-প্রকৃতির ক্রিয়ার উপর আরোপিত হয়। এইরূপে সাক্ষীস্বরূপ পুরুষ নিজেকে ভুলিয়। বায়—প্রকৃতির চিন্তা, অরুভূতি ও ইচ্ছা, পুরুষের নিজের বলিয়া ভ্রম হয়। কিন্তু, বস্তুতঃ এই সব চিন্তা, অনুভূতি, ইচ্ছা, ক্রিয়া প্রকৃতি এবং তাহার তিন গুণের দারাই সংঘটিত হয়—মোটেই পুরুষের দ্বারা নহে। এই ভ্রম হইতে পরিত্রাণ লাভই প্রকৃতি এবং তাহার কার্য্য হইতে পুরুষের মুক্তি লাভের প্রথম সোপান।

সংসারে অবশু অনেক জিনিষ রহিরাছে সাংখ্য যাহ। আদৌ ব্যাখ্যা করে নাই অথবা সম্ভোষজনক ভাবে ব্যাখ্যা করে নাই। কিন্তু, আমরা যদি স্ষ্টিতত্ত্বের এমন যুক্তিযুক্ত কোন ব্যাখ্যা চাই যাহা অবলম্বন করিয়া বিশ্বপ্রকৃতির বন্ধন হইতে আ্মা মুক্তি লাভ করিতে পারে (এরূপ মুক্তিই প্রাচীন দর্শন শাস্ত্রসমূহের প্রধান উদ্দেশ্য) তাহা হইলে সাংখ্য যে ব্যাখ্যা দিয়াচে এবং মুক্তির যে পথ দেখাইয়া দিয়াছে তাহা অন্ত কিছু হইতে কম স্মাচীন বলিয়া মনে হয় না। সাংখ্যের যেটা আমরা সহসা ব্ঝিয়া উঠিতে পারি না দেটা হইতেছে ইহার বহুপুরুষবাদ। মনে হয় এক পুরুষ এবং এক প্রকৃতি ধরিলেই স্পষ্টিতত্ব ব্যাখ্যা করিতে পারা যায়। কিন্তু সাংখ্য বস্তুতত্ত্ব যেরূপ বিশেষ ভাবে বিশ্লেষণ করিয়া দেখিয়াছে তাহাতে বহুপুরুষমত না আনিলে আর উপায় ছিল না। প্রথমতঃ বাস্তবিক আমরা দেখি যে জগতে অনেক সচেতন জীব রহিয়াছে এবং প্রত্যেকেই জগংকে আপন আপন ধারা অমুসারে অবলোকন করে—অন্তর্জগৎ ও বহির্জগৎ অন্তলোকের নিকট যেরূপ তাহার নিকট সেরূপ নহে-প্রত্যেকেই জগৎকে স্বতন্ত্র ভাবে প্রত্যক্ষ করে, জগতের উপর স্বতন্ত্র ভাবে কাৰ্য্য করে। পুৰুষ যদি একটি মাত্ৰ হইত তাহা হইলে এই স্বাহয়্য ও প্রভেদ থাকিত না-সকলেই জগংকে একভাবে দেখিত, সকলেরই নিকট অন্তর্জগৎ ও বহির্জগৎ একই রূপে প্রতিভাত হইত। সকলে এক জগৎই প্রত্যক্ষ করিতেছে—কারণ, প্রকৃতি এবং প্রকৃতির যে সকল তত্ত্ব লইয়া অন্তর্জগৎ ও বহির্জগৎ গঠিত সেগুলি সকলের পক্ষে সমান। কিন্তু জগৎকে লোকে যেরপ দেখে, জগৎ সম্বন্ধে লোকের যেরপ ধারণা, জগতের প্রতি লোকের যেরূপ ভাব—লোকের অনুভূতি ও কর্ম্ম অসংখ্য রকমের। ("যদি পুরুষ বহু না হইয়া এক হইত, তবে একজন सूथी रहेरन भकरन सूथी रहेठ, এक कम इःथी रहेरन मकरन इःथी रहेठ, একজনের মোহ হইলে সকলের মোহ হইত। যথন এরূপ হয় না, তথন বহুপুরুষ সিদ্ধ হইতেছে" তত্ত্বসমাসরুত্তি) এই সকল ভেদ ও বিভিন্নতা অবলোকনকারীর, প্রাকৃতিক কার্য্যাবলীর নহে, কারণ প্রকৃতি এক। বহু পুরুষ, বহু সাক্ষী বা দ্রষ্টা না মানিলে এই বৈচিত্র্য ও বিভিন্নতা ব্যাখ্যা

করা অসম্ভব। বলিতে পারা যার বটে জীবের অহং জ্ঞানই প্রত্যেককে প্রত্যেকরে সহিত বিভিন্ন করিতেছে কিন্তু অহন্ধার প্রক্ষের প্রক্ষের তাই বিভিন্ন হইবার কোন কারণ নাই। কারণ শুরু অহন্ধার প্রক্ষের কেবল এই ভ্রম করাইয়া দের বে সে প্রক্ষতির সহিত এক অভিন্ন। যদি পুরুষ একমাত্র হর তাহা হইলে সকল জীবই এক হইবে। তাহাদের বাহ্নিক আকার প্রকার যতই বিভিন্ন হউক অহংজ্ঞানে সকলেই সমান হইবে, আত্মার দৃষ্টিতে, আত্মার বাহ্মজ্ঞানে কোন প্রভেদ থাকিবে না। প্রক্রতির মধ্যে যতই বৈচিত্র্য থাকুক, পুন্দর যদি এক হয়, সাক্ষী যদি এক হয় তাহা হইলে জগং সম্বন্ধে ধারণাও একরূপে হইবে। যে প্রাচীন বৈদান্তিক জ্ঞান হইতে সাংখ্যের উৎপত্তি তাহা হইতে বিচ্যুত হওয়ায় খাটি সাংখ্য বহুপুরুষ স্বীকার করিতে ভারতঃ (Logically) বাধ্য। এক পুরুষ এবং এক প্রকৃতির সঙ্গ হইতে জগতের স্কৃষ্টি স্থিতি লয় বুঝান যাইতে পারে কিন্তু জগতে জীবের মধ্যে এত প্রভেদ কিরূপে হয় তাহা বুঝান যায় না।

বহুপুক্রব স্বীকার না করায় আরও একটি বিষম বাধা আছে। অস্তাস্ত দর্শনের স্তায় সাংখ্য দর্শনেরও উদ্দেশ্য মুক্তি। আমরা পূর্বেই বলিয়ছি বে প্রকৃতি পুক্রবের আনন্দের জন্ত যে সকল ক্রিয়া কবিতেছে পুক্ষ যথন তাহা হইতে তাহার অনুমতি প্রত্যাহার করিয়া লয় তথনই মোক্ষ লাজ্হয়; কিন্তু, বস্তুতঃ ইহা কথা বলিবার একটা ধারা মাত্র। প্রকৃতপক্ষেপুক্ষর নিজ্রিয়—অনুমতি দেওয়া বা প্রত্যাহার করা কার্য্য কথনও পুক্রবের হইতে পারে না—ইহা নিশ্চয় প্রকৃতিরই ক্রিয়া। বিবেচনা করিলেই বুঝা ধায় যে এই অনুমতি দেওয়া বা প্রত্যাহার করা বুদ্ধিরই ক্রিয়া। বৃদ্ধির সাহার্যেই মন প্রত্যক্ষ করে, বৃদ্ধি প্রকৃতির ক্রিয়ার মধ্যে ভেদ ও

সামঞ্জন্ম বিচার করে, বুদ্ধি অহন্ধারের সাহায্যে দ্রষ্টাকে প্রকৃতির প্রতাক্ষ ও কার্য্যের সহিত এক করিয়া দেয়। ভেদ বিচার করিতে করিতে ব্রুদ্ধি এমন অবস্থায় উপস্থিত হয় যখন সে বুঝিতে পারে যে পুরুষ ও প্রকৃতির একম্ব ভ্রম। শেষে বুদ্ধি পুরুষ ও প্রকৃতিতে প্রভেদ করে এবং বুঝিতে পারে যে জগতের সমস্ত ব্যাপারই গুণত্রয়ের সাম্যাবস্থার বিচ্যুতি মাত। তথন বৃদ্ধি (at once intelligence and will) যে মিথ্যার অবলম্বন হইয়াছিল তাহা পরিত্যাগ করে—তথন পুরুষ বন্ধনমুক্ত হয় এবং মন যে জাগতিক লালায় রদ পায় তাহার সহিত পুরুষ আর নিজেকে যোগ করে না। পরিণামফল এই হইবে যে প্রকৃতি পুরুষের ভিতর নিজকে প্রতিফলিত করিবার শক্তি হারাইয়া ফেলিবে; কারণ, অহঙ্কারের ক্রিয়া নষ্ট হইরা যাইবে এবং বৃদ্ধি উদাসীন হইরা আর প্রকৃতির কার্য্যের অনুমতির সহায় হইবে না; কাজেই, তাহার গুণত্রয় সাম্যাবস্থায় পড়িতে বাধ্য হইবে, জাগতিক লীলা বন্ধ হইবে, পুরুষ তাহার অচল শান্তিতে পুনঃপ্রতিষ্ঠিত হইবে। কিন্তু, যদি শুধু একটি পুরুষই থাকিত এবং এইরূপে বুদ্ধি নিজের ভ্রম বুঝিতে পারিয়া উদাসীন হইয়া পড়িত তাহা হইলে সমস্ত জগণত শেষ হইত। আমরা দেখিতেছি যে এরপ কিছুই হয় না। কোটি কোটি লোকের মধ্যে ক্যেক্সন মাত্র মুক্তি লাভ করেন বা মুক্তি পথের পথিক হ'ন-তাহাতে অবশিষ্টদের কোনরূপ ব্যতিক্রম হয় না. এবং এইরূপ প্রত্যাখ্যানে বিশ্বনীলার যে শেষ হইবার কথা তাহা দূরে থাকুক তাহাদের সহিত লীলা করিতে বিশ্বপ্রকৃতির এতটুকুও অহুবিশা हम ना। वह अठब भूक्ष मानिया ना नहेल हेहा गाथा कता याम ना। 'বৈদান্তিক অবৈত মতানুদারে ইহার একমাত্র স্তায়সঙ্গত ব্যাখ্যা হইতেছে শায়াবাদ; কিন্তু, এই মতাতুদারে সমস্তই স্বপ্প-বন্ধন ও মুক্তি তুইই

মিথ্যা, মায়ার ভ্রম, বস্তুতঃ, কেহই মুক্ত হয় না, কেহই বদ্ধ হয় না। সাংখ্য জগৎকে এইরূপে সম্পূর্ণ মিথ্যা বলিয়া উড়াইয়া দিতে চায় না—তাই সাংখ্য বেদাস্তের এই ব্যাখ্যা স্বীকার করে না। এখানেও আমরা দেখিতেছি যে সাংখ্য যেরূপ স্পষ্টিতত্ব বিশ্লেষণ করিয়াছে তাহাতে বহুপুরুব স্বীকার নাকরিয়া আর তাহার উপায় নাই।

সাংখ্যের এই বিশ্লেষণ লইয়াই গীতার আরম্ভ, এমন কি গীতা ষে ভাবে যোগের বর্ণন। করিয়াছে তাহাতে মনে হয় গীতা প্রায় সম্পূর্ণভাবেই ইহা স্বীকার করিয়াছে। প্রকৃতি, তাহার তিনগুণ এবং চতুর্বিংশতি তত্ত্ব গীতা স্বীকার করিয়াছে। সমস্ত ক্রিয়াই প্রকৃতির—পুরুষ নিষ্ক্রিয়, গীত। ইহাও মানিয়। লইয়াছে। গীত। স্বীকার করিয়াছে যে জগতে বহু চেতন জীব আছে: অহঙ্কারের নাশ, বৃদ্ধির ভেদ ক্রিয়া এবং প্রকৃতির গুণত্রয়ের অতীত হওয়াই যে মুক্তির উপায় তাহা গীতা স্বীকার করিয়াছে। অর্জ্জুনকে প্রথম হইতেই যে যোগ অভ্যাস করিতে বলা হইয়াছে তাহ। হইতেছে বুদ্ধিযোগ। কিন্তু একটি বিষয়ে গুরুতর তফাৎ রহিয়াছে—গীতার মতে পুরুষ এক, পুরুষ বহু নহে। কারণ গীতা যে লিথিয়াছে আত্মা মুক্ত, চেতন, অচল, সনাতন, অক্ষর—ভাহা শুধু একটি কথা ছাড়া সাংখ্যের সনাতন, নিজ্ঞিয়, অচল, অক্ষর পুরুষের বৈদান্তিক বর্ণনা। কিন্তু, সর্বশ্রেষ্ঠ ভফাৎ এই যে পুরুহ্ম বহু নচে, পুরুষ এক। সাংখ্য বছ পুরুষ স্বীকার করিয়া যে সকল সমস্তার সমাধান করিয়াছে—ইহাতে আবার সেই সকল সমস্তা উঠে এবং তাহাদের আর একটা সম্পূর্ণ বিভিন্ন সমাধান প্রয়োজন হয়। গীতা বৈদান্তিক সাংখ্যের সহিত বৈদান্তিক যোগ মিলাইয়া সে সমাধান করিয়াছে।

পুরুষ সম্বন্ধে ধারণাতেই প্রথম নৃতন্ত। পুরুষের স্থাবে জন্ত

প্রকৃতি কার্য্য করে: কিন্তু, এই স্থুখ নির্দ্ধারিত হয় কেমন করিয়া? খাঁটি সাংখ্যের মতে নিজ্ঞির সাক্ষীর উদাসীন অমুমতির দ্বারাই ইহা নির্দ্ধারিত হয়। সাক্ষী উদাসীন ভাবেই অহন্ধার ও বুদ্ধির ক্রিয়ায় সায় দেয়, আবার সেইরূপ উদাসীন ভাবেই অহঙ্কার হইতে বৃদ্ধির প্রত্যাহারেও সায় দেয়। সে দেখে, অনুমতি দেয় এবং প্রতিফলনের দ্বারা প্রকৃতির কার্য্য ধরিয়া থাকে—সাক্ষী, অনুমন্তা, ভর্ত্তা কিন্তু আর অধিক কিছু নহে। কিন্তু, গীতার পুরুষ প্রকৃতির অধিপতিও বটে—সে ঈশ্বর। বৃদ্ধি ও ইচ্ছাশক্তি প্রকৃতির ক্রিয়া হইলেও ইচ্ছার উৎপত্তি ও শক্তি চেত্রন আত্মা হইতেই—তিনিই প্রকৃতির প্রভ। ইচ্ছার বৃদ্ধির কার্য্য প্রকৃতির হইলেও—পুরুষই এই বৃদ্ধির উৎপত্তি-স্থান-পুরুষই সক্রিয় ভাবে এই বুদ্ধির আলোক জোগাইয়া দেন। তিনি—ভুধু শাক্ষী নহেন, তিনি জ্ঞাতা ও ঈশ্বর—তিনি জ্ঞান ও ইচ্ছাশক্তির অধিপতি। তিনিই প্রকৃতির ক্রিয়ার চরম কারণ, প্রকৃতির কার্য্য হইতে সংহরণেরও তিনি চরম কারণ। সাংখ্যের বিশ্লেষণ অনুসারে পুরুষ এবং প্রকৃতি হুই বিভিন্ন—উভয়ের সংযোগে এই জগৎ উদ্ভূত হইয়াছে, গীতার সমন্বয়কারী সাংখ্য অমুসারে পুরুষ তাঁহার প্রকৃতির সহায়ে এই জগৎ উৎপন্ন করিয়াছেন। এখন আমরা স্পষ্ট বুঝিলাম যে গীতা প্রাচীন সাংখ্যের সন্ধীর্ণতা হইতে কতদূর অগ্রসর হইয়াছে।

কিন্তু, তাহা হইলে গীতা যে অক্ষর, অচল, চিরমুক্ত এক আত্মার কথা বলিয়াছে সে সম্বন্ধে কি ? সে আত্মা অবিকার্য্য, অজ, অব্যক্ত, ব্রদ্ধ— অথচ তিনিই এই সকল ব্যাপিয়া আছেন, যেন সর্ব্ধমিদং তত্তম্। তাহা হইলে বৃথিতে হইবে যে ইহার সন্তার মধ্যেই ঈশ্বন্থ বহিয়াছে; তিনি অচল হইলেও তিনিই সমস্ত কর্ম ও গতির কারণ ও অধীশ্বর। কিন্তু ইহা কেমন করিয়া হয় ? জগতে যে বহু জীব রহিয়াছে তাহারই বা কি ? তাহাদিগকে ত ঈশ্বর বলিয়া মনে হয় না—বরং বিশেষ ভাবে তাহারা ঈশ্বর নয়, অনীশ—কারণ, তাহারা গুণত্রয়ের অধীন, অহঙ্কারের, অন্যের অধীন। গীতা যে বলিতেছে তাহারা সকলেই এক আত্মা, তাহা হইলে এই বন্ধন, এই অধীনতা ও ভ্রম কেমন করিয়া আগিল—পুরুষকে সম্পূর্ণভাবে নিজ্জিয় ও উদাসীন না বলিলে কেমন করিয়া ইহার ব্যাখ্যা হইতে পারে ? আর এই বহুত্বই বা কোথা হইতে ? এক শরীর ও মনের ভিতর এক আত্মা মুক্তিলাভ করিতেছে অথচ সেই এক আত্মাই অন্ত শরীর মনের ভিতর মুক্তিলাভ করিতেছে না, নিজেকে বদ্ধ বলিয়া ভ্রম করিতেছে ইহাই বা কেমন করিয়া হয় ? এই সকল প্রশ্নের একটা উত্তর না দিলে চলে না।

গীতা পরে পুরুষ ও প্রকৃতির সম্বন্ধ বিশ্লেষণ কবিয়া এই সকল প্রশ্নের সমাধান করিয়াছে, তবে সেখানে এমন সব নৃত্রন তথ্যের অবতারণা করা হইয়াছে যাহা বৈদান্তিক যোগের অন্তর্ভুক্ত—প্রচলিত সাংখ্যের সহিত তাহাদের কোন সম্পর্কু নাই। গীতা তিনটি পুরুষের কথা অথবা পুরুষের তিনটি অবস্থার কথা বলিয়াছে। উপনিষদ সাংখ্যতত্ত্ব বর্ণনা করিবার সময় কোথাও কোথাও কেবল হুইটি পুরুষের কথা বলিয়াছে বলিয়া মনে হয়। উপনিষদের এক শ্লোকে আছে—এক ত্রিবর্ণের অজা আছে, ত্রিগুণময়ী স্ত্রীধর্মী প্রকৃতি; ইহা সকল সময়েই স্থাষ্টি করিতেছে; হুইটি অজ পুরুষ আছে, ইহাদের মধ্যে একজন প্রকৃতিকে ধরিয়া ভোগ করিতেছে, আর একজন তাহাকে সম্পূর্ণরূপে ভোগ করিয়া লাইয়া ছাড়িয়া দিয়াছে। আর এক শ্লোকে তাহাদিগকে এক বৃক্ষোপরি

ছুইটা পক্ষা বলিয়া বর্ণনা করা হইয়াছে, উভয়ে একত্র বন্ধ চিরসঙ্গী। তাহাদের মধ্যে একজন বুক্ষের ফল খাইতেছে—প্রকৃতিস্থ পুরুষ প্রকৃতির লীলা উপভোগ করিতেছে; অপরটি খাইতেছে না, কিন্তু তাহার সঙ্গীকে দেখিতেছে—সে নীরব দ্রষ্টা, ভোগের মধ্যে লিপ্তা নহে। প্রথমটী যথন দ্বিতীয়কে দেখে এবং বুঝিতে পারে যে সকল মহত্ব তাহারই তথন মে ত্রঃথ হইতে মুক্ত হয়। উক্ত ছইটি শ্লোকের উদ্দেশ্য বিভিন্ন, কিন্তু, ইহাদের মধ্যে একটি সাধারণ অর্থ নিহিত রহিয়াছে। ছইটি পক্ষীর মধ্যে এ**কটি** চিরকাল নীরব, মুক্ত আত্মা অথবা পুরুষ যাহার দারা এই সমগ্র জগৎ ব্যাপ্ত হইয়া রহিয়াছে—তিনি তৎকর্ত্তক ব্যাপ্ত এই জগৎকে দেখিতেছেন কিন্তু, তাহাতে লিপ্ত হইতেছে না; অপরটি প্রকৃতির মধ্যে বদ্ধ পুরুষ। প্রথম শ্লোকটি হইতে বুঝা যায় যে তুইটি পুরুষই এক—একই চেতন জীবের হুইটি ভিন্ন অবস্থা—বদ্ধ অবস্থা ও মুক্ত অবস্থা—কারণ, শ্লোকোক্ত অঙ্গ পুরুষ প্রকৃতির মধ্যে নামিয়া তাহাকে উপভোগ করিয়াছেন এবং তাহার পর তাহাকে ছাড়িয়া দিয়াছেন। দ্বিতীয় শ্লোকটি হইতে যাহা বুঝা যায়—প্রথম শ্লোকে তাহা পাওয়া যায় না; দ্বিতীয় শ্লোকটি বুঝায় যে একই আত্মার উচ্চ ও নীচ ছুই অবস্থা—উচ্চ অবস্থায় ইহা চিরকাল মুক্ত, নিজ্ঞিয়, নিলিপ্ত :—কিন্তু, নিম্ন অবস্থায় ইহা প্রকৃতির মধ্যে বছ জীবরূপে অবতীর্ণ হয় এবং বিশেষ বিশেষ জীবে প্রকৃতির লীলায় বিরক্ত হইয়া সেই উচ্চ অবস্থায় ফিরিয়া যায়। একই সচেতন আ**ত্মার এইরূপ** দৈত অবস্থা কল্পনা করিলে সমাধানের একটা পথ হয় বটে, কিন্তু এক কি করিয়া বহু হয় তাহা বুঝা যায় না।

উপনিষদের অস্তান্ত শ্লোকের মর্ম্ম গ্রহণ করিয়া গীতা এই ছইটির উপর আর একটি যোগ করিয়াছে—তাহা ইইতেছে পুরুষোত্তম, সর্বশ্রেষ্ঠ

পুরুষ—নিখিল বিশ্ব তাঁহারই মহিমা। তাহা হইলে তিনটি হইল—ক্ষর, অক্ষর, উত্তম। ক্ষর হইতেছে সচল, পরিণামী-ক্ষর স্বভাব (স্ব-ব্রহ্ম, ভাব-উৎপত্তি: ব্রন্ধই অংশরূপে যে জীব হন তাহাকেই স্বভাব বলে)— আত্মার সেই বহুভূত, বহু জীবরূপে যে পরিণাম তাহাকেই ক্ষর বলা হইয়াছে। এই পুরুষ বহু, এখানে পুরুষ ভগবানের বহুরূপ। এই পুরুষ প্রকৃতি হইতে স্বতম্ত্র নহে—ইহা প্রকৃতিস্থ পুরুষ। অক্ষর হইতেছে অচল, অপরিণামী—নীরব নিজ্ঞিয় পুরুষ—ইহা ভগবানের একরূপ, প্রকৃতির সাক্ষী কিন্তু, ইহা প্রকৃতির কার্য্যে বদ্ধ নহে ; ইহা নিজ্ঞিয় পুরুষ—প্রকৃতি এবং তাহার কার্য্য হইতে এই পুরুষ মুক্ত। পরমেশ্বর, পরমব্রন্ধ, পরম-পুরুষই উত্তম—উল্লিখিত পরিণামী বছত্ব এবং অপরিণামী একত্ব এই হুইই উত্তমের। তাঁহার প্রকৃতির, তাঁহার শক্তির বিরাট ক্রিয়ার বলে <mark>তাঁহার</mark> ইচ্ছা ও প্রভাবের বশেই তিনি নিজেকে সংসারে ব্যক্ত করিয়াছেন, আবার আরও মহানু নীরবতা ও অচলতার দ্বারা তিনি * নিজেকে স্বতন্ত্র, নির্বিপ্ত রাথিয়াছেন; তথাপি তিনি পুরুষোত্তমরূপে প্রকৃতি হইতে স্বতম্ত্রতা এবং প্রকৃতিতে বিপ্রতা এই হুইয়েরই উপরে। পুরুষোত্তম সম্বন্ধে এইরূপ ধারণা উপনিষদে প্রায়ই স্পচিত হইলেও—গীতাতেই ইহা প্রথমে স্পষ্টভাবে বর্ণিত হইয়াছে এবং তাহার পর হইতে ভারতীয় ধর্ম্ম চিস্তার উপর এই ধারণা বিশেষ প্রভাব বিস্তার করিয়াছে। যে সর্ব্বোত্তম ভক্তিযোগ অবৈতবাদের কঠিন নিগড় ছাড়াইয়া যাইতে চায় ইহাই (অর্থাৎ পুরুষোত্তম সম্বন্ধে এইরূপ ধারণাই) তাহার ভিত্তি। ভক্তিরসাত্মক পুরাণসমূহের মূলে এই পুরুষোত্তমবাদ নিহিত রহিয়াছে।

পুরুষ: অক্ষরাৎ অধাবপর: — যদিও অক্ষর পরম পুরুষ তথাপি তাহা অপেকাও
 উত্তম ও শ্রেষ্ঠ পুরুষ আচে, উপনিষদে এইরূপ কথিত হইরাছে।

গীতা শুধু সাংখ্যকৃত প্রকৃতির বিশ্লেষণে সীমাবদ্ধ থাকিতে সম্ভষ্ট নহে— কারণ এই বিশ্লেষণে অহস্কারের স্থান আছে বটে কিন্তু বহু (multiple) পুরুষের স্থান নাই। সাংখ্যে বহুপুরুষ প্রকৃতি হইতে স্বতন্ত্র, প্রকৃতির অন্তর্গত নহে। গীতা সাংখ্যমতের বিরুদ্ধে বলে যে ঈশ্বর স্বীণ প্রকৃতির দারা জীব হইয়াছেন। কিন্তু ইহা কেমন করিয়া হইতে পারে ? বিশ্ব প্রকৃতির মধ্যে ত মোট চতুর্বিংশতিটি তত্ত্ব রহিয়াছে ? গীতায় ভগবান ষাহা উত্তর দিয়াছেন তাহার সারমর্ম এই--"হাঁ, সাংখ্য যেরূপ বর্ণনা করিয়াছে ত্রিগুণমন্ত্রী বিশ্বপ্রকৃতির দৃশ্র (apparent) কার্য্যাবলী ঠিকই সেইরূপ বটে ; সাংখ্য পুরুষ ও প্রকৃতির যে সম্বন্ধ নির্ণয় করিয়াছে তাহাও ঠিক এবং বন্ধনমুক্তি ও প্রত্যাহারের জন্ম কার্য্যতঃ এই সাংখ্যজ্ঞানের বিশেষ উপযোগিতা আছে। কিন্তু ইহা তথু নিম অপরা প্রকৃতি—ইহা ত্রিগুণময়ী, অচেতন, দৃশ্য। ইহা অপেক্ষা উচ্চ প্রকৃতি আছে—ইহা পরা, চেতন, দৈবী প্রকৃতি এবং এই পরা প্রকৃতিই জীব (individual soul) হইয়াছে। নিম্ন প্রকৃতিতে প্রত্যেকেই অহং ভাবে প্রতিভাত, উচ্চ প্রকৃতিতে তিনি এক পুরুষ। অত্য কথায় বছত্ব সেই একেরই আধ্যাত্মিক প্রকৃতির অন্তর্গত। আমিই এই জীবাত্মা, স্ষ্টিতে ইহা আমার আংশিক প্রকাশ, মমৈবাংশ—আমার সমস্ত শক্তি ইহাতে আছে। ইহা উপদ্রন্থা, ভর্তা, জ্ঞাতা, ঈশ্বর। ইহা নিম্ন প্রক্রতিতে অবতীর্ণ হইয়া নিজেকে কর্ম্বের দ্বারা বদ্ধ মনে করে এবং এইরূপে নিম্বন্তরের জীবন উপভোগ করে। ইহা প্রত্যাবৃত্ত হইতে পারে এবং নিজেকে সমস্ত কর্ম হইতে মুক্ত নিজ্ঞিয় পুরুষ বলিয়া জানিতে পারে। ইহা গুণত্রয়ের উপর উঠিতে পারে এবং কর্ম্মের বন্ধন হইতে মুক্ত হইয়াও ইহার কর্ম্ম থাকিতে পারে—আমিও এইরূপই করিয়া থাকি। ইহা পুরুষোত্তমকে ভক্তি করিরা এবং তাঁহার সহিত যুক্ত হইয়া **তাঁহার নৈবী** প্রকৃতি উপভোগ করিতে পারে।

ইহাই গীতার বিশ্লেষণ। ইহা শুধু বাহ্নিক বিশ্বলীলায় সীমাবদ্ধ নহে, ইহা বিজ্ঞানমন্ত্রী প্রকৃতির (Superconscious Nature) উত্তম রহস্তের ভিতর প্রবেশ করিয়া বেদান্ত, সাংখ্য এবং বোগ—জ্ঞান, কর্ম, ভক্তি এই তিনের সমন্বয়ে ভিত্তি স্থাপন করিয়াছে। শুধু খাটি সাংখ্যের মতে কর্ম্ম ও মোক্ষ পরম্পরবিরোধী এবং ইহাদের বোগ মসন্তব। খাঁটি মহৈতবাদ অনুসারে বরাবর বোগের মঙ্গর্যপে কর্ম্ম থাকিতে পারে না এবং পূর্ণ জ্ঞান, মোক্ষ ও মিলনের পর ভক্তি থাকিতে পারে না। গীতার সাংখ্যজ্ঞান এবং গীতার যোগপ্রপালী এই সকল বাধা অতিক্রম করিয়াছে।

সাধারণের ধারণা এই বে সাংখ্যদের ও যোগীদের প্রণালীদ্বয় বিভিন্ন, এমন কি পরস্পর বিরোধী। ব্যাপক বৈদান্তিক সত্যের কাঠামোর মধ্যে এই হুই দৃশুতঃ বিরোধী প্রণালী বা নিষ্ঠার সমন্বয় করাই গীতার প্রথম ছয় অধ্যায়ের উদ্দেশু। সাংখ্যকেই আরম্ভ ও ভিত্তি করা হইয়াছে; কিন্তু প্রথম হইতেই ইহা যোগের ভাবে অনুপ্রাণিত এবং ক্রমশঃ যোগের ভাব ও প্রণালীর উপরই অধিক কোঁক দেওয়া হইয়াছে। তৎকালে লোকের মনে এই ছই প্রণালীর মধ্যে কার্য্যতঃ যে প্রভেদ ছিল তাহা এই—সাংখ্যের পথ জ্ঞানের পথ, বৃদ্ধিয়োগের পথ; যোগের পথ কর্মের পথ, কর্মায়্রগামী বৃদ্ধির রূপাস্তরের পথ। এই প্রভেদ হইতেই আর একটি দিতীয় প্রভেদ আপন। হইতে আইসে—সাংখ্য লোককে সম্পূর্ণ নিজ্রিয়তা ও কর্মত্যাগের দিকে, সন্ন্যাসের দিকে লইয়া যায়; যোগের মতে ভিতরে বাসনা পরিত্যাগ করিতে হইবে, কর্ম্মের আভ্যন্তরীণ তত্ত্বের সংশোধন করিতে হইবে—কর্মকে জন্মরাভিমুখী করিতে হইবে—দেবজীবন

লাভ ও মুক্তিলাভকেই কর্মের উদ্দেশ্য করিতে হইবে—তাহা হইলেই যোগের মতে যথেষ্ট হইবে। অথচ, ছই প্রণালীরই উদ্দেশ্য, লক্ষ্য এক— পুনর্জ্জন্ম ও সংসার অতিক্রম করা এবং জীবাত্মার সহিত পর্মের মিলন। অস্ততঃ পক্ষে গীতা এইরূপ প্রভেদই বুঝাইয়াছে।

এই দ্বিবিধ বিরোধী নিষ্ঠার সমন্বয় কি করিয়া সম্ভব তাহা বুঝিতে অর্জুনের কট্ট হইবার কারণ এই যে তৎকালে সাধারণতঃ এই চুইটির মধ্যে বিশেষ তফাৎ করা হইত। ভগবান কর্মা ও বুদ্ধিযোগের সমন্বয় লইয়াই আরম্ভ করিলেন। তিনি বলিলেন যে বুদ্ধিযোগ অপেক্ষা কেবল কর্ম্ম অত্যস্ত অপকৃষ্ট-- দূরেণহ্যবরংকর্ম। বুদ্ধিযোগ ও জ্ঞানের দ্বার। মানুষকে সাধারণ মনোভাব এবং বাসন। হইতে মুক্ত করিয়া সকল বাসনাশূন্য ব্রান্ধীস্থিতির পবিত্রত। ও সমন্বের মধ্যে প্রতিষ্ঠিত করিতে হইবে—তবেই কর্ম গ্রাহ্য হইবে। কম্ম মৃক্তির উপায়, তবে সে কর্ম এরূপ জ্ঞানের দ্বারা 😘 হওয়া চাই। অর্জ্জন তৎকালপ্রচলিত শিক্ষার প্রভাবে প্রভাবিত। ভগবান বৈদান্তিক সাংখ্যের উপযোগী তত্ত্বসমূহের উপর বিশেষ ঝোঁক দিতে লাগিলেন—ইন্দ্রিয়জ্য, মনোগত সর্ববিধ বিষয়াভিলাষ পরিত্যাগ করিয়া আত্মারাম হইয়া, নীচ প্রকৃতি হইতে মুক্তিলাভ করিয়া উচ্চ প্রকৃতিতে প্রতিষ্টিত হওয়া এই সকল কথাই বিশেষভাবে বলিতে লাগিলেন—যোগের কথা অতি সামান্যভাবেই বলিলেন। তাই অর্জুনের বিষম সংশয় উপস্থিত হইল এবং তিনি জিজ্ঞাসা করিলেন—

> জ্যায়সী চেৎ কর্ম্মণন্তে মত। বুদ্ধিজনার্দন। তৎ কিং কর্ম্মণি ঘোরে মাং নিয়োজয়সি কেশব॥ ব্যামিশ্রেণৈব বাক্যেন বুদ্ধিং মোহয়সীব মে। তদেকং বদ নিশ্চিত্য যেন শ্রেয়োহহমাপ্লুয়াম্॥৩। ১,২

— "হে জনার্দন, হে কেশব, যদি কর্ম অপেকা বৃদ্ধি শ্রেষ্ঠ ইহাই তোমার অভিমত, তবে কেন হিংপাত্মক কর্মে আমার নিযুক্ত করিতেছ ? কথনও কর্মা প্রশংসা কথনও জ্ঞান প্রশংসা এইরূপ বিমিশ্র বাক্যে আমার বৃদ্ধিকে কেন মোহিত করিতেছ; এই ছুইটীর বেটি ভাল তাহা নিশ্চয় করিয়া বল, যাহাতে আমি শ্রেয়োলাভ করিতে পারি।"

উত্তরে কৃষ্ণ বলিলেন যে জ্ঞান ও সন্ন্যাস সাংখ্যের পথ, কর্ম যোগের পথ।

লোকেংশ্মিন্ দ্বিবিধা নিষ্ঠা পুরা প্রোক্তা ময়ান্য। জ্ঞানযোগেন সাংখ্যানাং কর্মবোগেন যোগিনাম্॥ ৩।৩

কিন্তু, কর্মবোগের সাধন ব্যতীত প্রকৃত সন্ন্যাস অসম্ভব—ভগবানের উদ্দেশ্যে বজ্ঞরূপে কর্ম করিতে হইবে, লাভালাভ জন্নপরাজন্য সমান জ্ঞান করিনা ফলাকাক্ষা শৃত্য হইনা কর্ম করিতে হইবে, প্রকৃতিই কর্ম করিতেছে আয়া কিছুই করিতেছে না, ইহা উপলব্ধি করিতে হইবে—তাহা না হইলে প্রকৃত সন্ন্যাস সম্ভব হইবে না। কিন্তু, পরক্ষণেই ভগবান বলিলেন যে—জ্ঞান যক্তই শ্রেষ্ঠ, জ্ঞানেই সমস্ত কর্মের পরিসমাপ্তি, জ্ঞানরূপ অগ্নি সমুদ্দ কর্মকে ভন্মীভূত করিনা থাকে; অতএব, বে ব্যক্তি আয়্মজান লাভ করিনাছেন যোগের দ্বারাই তাঁহার কর্ম্ম সংগ্রস্ত হন্ন এবং এতাদৃশ আয়্রবান ব্যক্তিকে কর্ম্ম সকল আবদ্ধ করিতে পারে না।

যোগসংগ্রন্তকর্মাণং জ্ঞানসংছিন্নসংশান্। আত্মবস্তং ন কর্মাণি নিবন্ধন্তি ধনঞ্জয়॥ ৪।৪১

আবার অর্জুনের গোলমাল লাগিল। বাসনাহীন কর্ম হইতেছে যোগের মূল কথা; এবং কর্মসন্ত্যাস বা ত্যাগ হইতেছে সাংখ্যের মূল কথা। এই তুইটিকেই পাশাপাশি রাথা হইরাছে যেন তাহারা একই সাধনার অঞ্চ, কিন্তু, উভয়ের মধ্যে কোন সামঞ্জস্ত বৃঝিতে পারা যাইতেছে না। ভগবান ইতিপূর্বে যে সামঞ্জস্ত করিয়াছেন তাহা এই যে বাছিক কর্ম্মশৃতার মধ্যেও বৃঝিতে হইবে যে কর্ম চলিতেছে; আবার আয়া যেখানে নিজকে কর্ম্মী ভাবার ভ্রম বৃঝিতে পারে এবং সকল কর্ম্ম যজ্জেশ্বরে অর্থণ করে সেখানে বাহ্নিক কর্ম্মপরায়ণাতেও প্রকৃত নৈম্বর্ম্ম্য দেখিতে হইবে। কিন্তু, অর্জ্জ্নের কর্ম্মপ্রবণ ব্যবহারিক বৃদ্ধি এই হক্ষ্ম প্রভেদ বৃঝিতে পারিল না, এই ইয়ালীর মত কথার মর্ম্ম গ্রহণ করিতে পারিল না—তাই তিনি আবার জিজ্ঞাসা করিলেন—

সংস্থাসং কর্মণাং কৃষ্ণ পুনর্যোগঞ্চ শংসসি।
যচ্ছেয় এতয়োরেকং তন্মে ব্রহি স্থানিশ্চিত্রম্॥ ৫।>
—"হে কৃষ্ণ, কর্ম সকলের সংস্থাস উপদেশ দিয়া আবার কর্মযোগ
উপদেশ দিতেছ; এতহভয়ের মধ্যে যাহা আমার পক্ষে শ্রেয়ঃ নিশ্চয়
করিয়া সেই একটি উপদেশ দাও।"

ভগবান ইহার যে উত্তর দিলেন তাহ। বিশেষ প্রয়োজনীয়, কারণ তাহাতে প্রভেদটি খুব স্পষ্ট করিয়াই দেখান হইয়াছে এবং উভয়ের সম্পূর্ণ সামঞ্জন্ম সাধিত না হইলেও, কোন্ পথে সামঞ্জন্ম হইবে তাহাও দেখা ন হইয়াছে। ভগবান বলিলেন—

সংস্থাসঃ কর্মবোগশ্চ নিঃশ্রেরসকরাবৃত্তী!
তরোস্ত কর্মসংস্থাসাৎ কর্মবোগো বিশিষ্যতে॥ ৫।২
জ্ঞেরঃ স নিত্য সংস্থাসী বো ন দ্বেষ্টি না কাজ্জ্রতি।
নিদ্ধ দ্বে। হি মহাবাহে। স্থথং বন্ধাৎ প্রমূচ্যতে॥ ৫।০
সাংখ্যবোগৌ পৃণগ্বালাঃ প্রবদস্তি ন পণ্ডিতাঃ।
একমপ্যাস্থিতঃ সম্যগুভরোবিন্তে ফলম্॥ ৫।৪

ষৎ সাংথ্যৈঃ প্রাপ্যতে স্থানং তদ্যোগৈরপি গম্যতে। একং সাংখ্যঞ্চ যোগঞ্চ যঃ পশ্রতি স পশ্রতি॥ ৫।৫

— "সন্ন্যাস (কর্মত্যাগ) ও কর্মযোগ (কর্মান্মন্থান) উভয়েই মোক্ষপ্রদ: কিন্তু এতত্বভয়ের মধ্যে কর্মসন্ন্যাস অপেক্ষ। কর্মযোগ উৎক্ষ্টতর। যিনি ছেষ করেন না বা আকাজ্ঞা করেন না ভাঁছাকে নিতা সন্নাসী (কর্মানুষ্ঠান কালেও সন্যাসী) জানিও। বেহেতু রাগদ্বোদি-দ্বন্ধূন্ত ব্যক্তি অনায়াসে **সংসার বন্ধন হইতে মু**ক্তিলাভ করেন। অজ্ঞেরাই সাংখ্য ও যোগকে পুথক বলে, জ্ঞানীরা বলেন না; সম্যকরূপে একটির অনুষ্ঠান করিলে উভয়েরই ফল পাওয়া যায়" কারণ, সম্যকভাবে পালন করিলে প্রত্যেকটির ভিতরেই অপরটি অঙ্গভাবে রহিয়াছে। "জ্ঞাননিষ্ঠ সন্ন্যাসিগণ যে স্থান লাভ করেন, যোগিগণও তাহাই প্রাপ্ত হন: যিনি সাংখ্য ও যোগকে এক দেখেন তিনিই সমাক দর্শন করেন। কিন্তু, কর্মধােগ বাতীত সন্নাসলাভ কষ্টকর; যোগযুক্ত মুনি অচিরাং ব্রহ্মকে প্রাপ্ত হন; তাঁহার আত্ম। সর্বভূতের (অর্থাৎ সংসারে যাহ। কিছু হইয়াছে তাহার) আত্ম। হয়; এবং জনুশ ব্যক্তি কর্ম্ম করিয়াও কর্ম্মবদ্ধ হন না।" তিনি জানেন যে কর্ম্ম সকল তাঁহার নহে, প্রকৃতির এবং এই জানের দারাই তিনি মূক্ত হন ; তিনি কর্ম সন্ন্যাস করিয়াছেন, কোন কর্ম করেন না, যদিও তাঁহার ভিতর দিয়া কর্ম হয়। তিনি ব্রন্ধ হত—ব্রন্ধ হন, তিনি দেখেন যে সেই এক স্বয়স্ত্ ৰস্তুই সৰ্বভূত হইয়াছেন এবং তিনিও তাঁহাদের মত একজন হইয়াছেন। তিনি বুঝেন যে তাঁহাদের সকলের কার্য্য ভিন্ন ভিন্ন ব্যক্তির ভিতর দিয়া বিশ্ব প্রকৃতিরই কার্য্য এবং তাঁহারও কর্ম্মদকল সেই বিশ্বক্রিয়ার অশংমাত্র।

ইহাই গীতাশিক্ষার দব নহে; কারণ এ পর্য্যন্ত শুধু অক্ষর পুরুষ,—

অক্ষর ব্রহ্মের কথা এবং প্রকৃতির কথা হইয়াছে; বলা হইয়াছে যে এই ত্রই হইতেই জগৎ। কিন্তু এ পর্যান্ত ঈশ্বরের কথা, পুরুষোত্তমের কথা ভাল স্পষ্ট করিয়া বলা হয় নাই। এ পর্য্যস্ত শুধু জ্ঞান ও কর্মের সমন্বয়ই করা হইয়াছে—কিন্তু, সামাগু সঙ্কেত ভিন্ন ভক্তির কথা আরম্ভ করা হয় নাই। ভক্তিই পরম তত্ত্ব এবং পরবর্ত্তী ভাগে ভক্তিই গীতার মধ্যে বিশেষ স্থান অধিকার করিয়াছে। এ পর্য্যস্ত শুধু এক নিজ্জিয় পুরুষ এবং নিম্নতর প্রকৃতির কথাই বলা হইয়াছে, এখনও তিন পুরুষ এবং ছই প্রকৃতির প্রভেদ করা হয় নাই। সতা বোধ যে ঈশ্বরের কথা বলা হইয়াছে—কিন্ত আত্মা ও প্রকৃতির সহিত তাঁহার স্পষ্ট করিয়া দেওয়া হয় নাই। এই সকল অতি প্রয়োজনীয় তত্ত্বের সম্যক্ অবতারণা না করিয়া যতদূর সমন্বয় কর। যায় গীতার প্রথম ছয় অধ্যায়ে শুধু ততদূরই করা হইয়াছে। যথন ষ্মতঃপর এই সকল তত্ত্বের ষ্মবতারণা করা হইবে তথন এই প্রাথমিক সমন্বয়গুলিকে উঠাইয়া না দিলেও অনেক সংশোধিত ও পরিবন্ধিত করিতেই হইবে।

নবম অধ্যায়

সাংখ্য, যোগ ও বেদান্ত

রুষ্ণ বলিলেন যে যোক্ষপরতা দ্বিবিধ—সাংখ্যদিগের জ্ঞানযোগ দ্বারা এবং যোগিদিগের কর্ম্মযোগ দারা নিষ্ঠা (মোক্ষপরতা) হয়। এই ষে সাংখ্যের সহিত জ্ঞানযোগকে এবং যোগের সহিত কর্ম্মার্গকে এক করা হইল ইহা বড় মজার জিনিষ। কারণ ইহা হইতে বেশ বুঝা যায় ষে তংকালে যে দার্শনিক ধারণা ও চিন্তা সকল প্রচলিত ছিল এখন তাহাদের অনেক পরিবর্ত্তন হইয়া গিয়াছে। বেদান্ত মতের ক্রমবিকাশই এই পরিবর্ত্তনের কারণ। গীতা রচনার পর হইতেই এই বৈদান্তিক প্রভাব আরম্ভ হইয়াছিল বলিয়। মনে হয় এবং গীতা রচনার পর মোক্ষলাভের অক্সান্ত বৈদিক ব্যবহারিক প্রণালী এক রক্ষ উঠিয়া যায়। গীতার ভাষা হইতে বুঝা যায় যে তৎকালে যাহার। জ্ঞানমার্গ অবলম্বন করিতেন তাহার। সাধারণতঃ * সাংখ্য প্রণালীই গ্রহণ করিতেন। পরবর্ত্তীকালে বৌদ্ধর্ম্ম প্রচারের সঙ্গে সঙ্গে বৌদ্ধভাবের দারা সাংখ্যের জ্ঞান প্রণালীর প্রভাব নিশ্চয় থর্ব হইয়া পড়ে। সাংখ্যের স্থায়ই অনীধরবাদী ও বছবাদী বৌদ্ধমত বিশ্বশক্তির কার্য্যাবলীর অনিত্যতার উপর ঝোঁক দিয়াছিল। কিন্তু, বৌদ্ধমতে এই বিশ্বশক্তিকে প্রকৃতি না বলিয়া কর্ম্ম বলা হইয়াছে,

1

<sup>রূপুরাণ ও তন্ত্রসমূহ সাংখ্যভাবে পরিপূর্ণ, যদিও সেগুলি বৈদান্তিক ভাবেরই অধীনে
এবং অস্থান্থভাবের সহিত মিঞ্জিত।</sup>

কারণ বৌদ্ধেরা বেদান্তের ব্রহ্ম বা সাংখ্যের নিজ্ঞির পুরুষ স্বীকার করেনা; তাহাদের মতে বৃদ্ধি যথন বিশ্বক্রিয়ার এই অনিত্যতা বুঝিতে পারে তথনই মুক্তি হয়। যথন আবার বৌদ্ধমতের বিরুদ্ধে প্রতিক্রিয়া <mark>আরম্ভ হইল</mark> তখন আর সেই পুরাতন সাংখ্যমতের পুনপ্রতিষ্ঠা না হইয়া শঙ্কর কর্তৃক প্রচারিত বেদাস্তমতই প্রতিষ্ঠা লাভ করিল। শহর বৌদ্ধদের **অনিত্যতার** স্থানে বেদান্ত অমুমোদিত ভ্রম, মায়ার প্রতিষ্ঠা করিলেন, এবং বৌদ্ধদের শুক্তবাদ, নির্ব্বাণবাদের স্থানে অনির্দেশ্র ব্রহ্মবাদের প্রতিষ্ঠা করিলেন। এই সকল দার্শনিক তত্ত্বের (ব্রহ্ম, মায়া, মোক্ষ) উপর ভিত্তি করিয়া শঙ্কর ্যে সাধন প্রণালী নির্দ্ধেশ করিয়াছেন, সংসার মিথ্যা বলিয়া সংসার ত্যাগের যে উপদেশ দিয়াছেন, বর্ত্তমানে আমরা জ্ঞানযোগ বলিতে সাধাবণতঃ সেইটাই বুঝিয়া থাকি। কিন্তু, যখন গীতা রচিত হয় তখনও মায়াবাদ বেদান্তদর্শনের মূল কথা বলিয়া গণ্য হয় নাই এবং পরবর্ত্তী কালে শঙ্কর এই মায়াবাদকে যেরূপ স্পষ্ট ও স্থানির্দিষ্ট করিয়া তুলিয়াছিলেন গীতা রচনার সময় মায়। শব্দের অর্থ দেরূপ স্পষ্ট বা স্থানিদিষ্ট হয় নাই। কারণ, পীতাতে মায়ার কথা থুব অল্লই আছে কিন্তু প্রকৃতির কথা অনেক আছে। শামা শব্দ প্রকৃতি শব্দের পরিবর্তেই ব্যবহৃত হইয়াছে বরং প্রকৃতির যে নিমাবস্থা—অপরা ত্রিগুণাত্মিকা প্রকৃতিকেই মায়া বলা হইয়াছে— বৈশুণাময়ী মায়া। গীতার মতে ভ্রমাত্মিকা মায়া নহে, প্রকৃতিই এই বিশ্ব সৃষ্টি করিয়াছে।

তবে, দার্শনিক তত্ত্ব সম্বন্ধে ঠিক প্রভেদ যাহাই থাকুক, গীতা সাংখ্য ও যোগের মধ্যে কার্য্যতঃ যেরূপ প্রভেদ করিয়াছে বর্ত্তমানের বৈদান্তিক জ্ঞানযোগ এবং বৈদান্তিক কর্মযোগ এই ছ্যের মধ্যে প্রভেদও সেইরূপ এবং কার্য্যতঃ এই প্রভেদের ফলও একই রকম। বৈদান্তিক জ্ঞানযোগের

স্থায় সাংখ্যও বুদ্ধির সাহায্যে মুক্তির পথে অগ্রসর হইত। বিচার বুদ্ধির সাহায্যে আত্মার স্বরূপজ্ঞান এবং জগৎ মিথ্যা জ্ঞান যেমন বেদান্তের প্রণালী তেমনই বিচারবৃদ্ধির সাহায্যে পুরুষ-প্রকৃতি-বিবেক, পুরুষ প্রকৃতি-ভেদের সম্যক জ্ঞান সাংখ্যেরও প্রণালী। সাংখ্য যেমন বিচারবুদ্ধির সাহায্যে বুঝিতে চাহিত যে আসক্তি ও অহন্ধার বশে প্রকৃতির কার্য্যাবলী পুরুষের উপর আরোপিত হয় বেদাস্তও তেমনই বৃদ্ধির সাহায্যে বুঝিতে চায় যে মানসিক ভ্রম হইতে উথিত অহস্কার ও আস্তির বশে জাগতিক আভাষ ব্রহ্মের উপর আরোপিত হয়। বৈদান্তিক প্রণালী অমুদারে আত্মা ষ্থন নিজের সভা সনাতন একব্রন্ধ স্বরূপে ফিরিয়া আসে তথন মায়ার শেষ হয়, বিশ্বনীলা লোপ পায়; সাংখ্য প্রণালী অনুসারে আত্মা যথন তাহার নিজ্জির পুরুব স্বরূপ সত্য সনাতন অবস্থায় ফিরিয়া আসে তথন গুণ সকলের ক্রিয়া শান্ত হয়, বিশ্বক্রিয়া বন্ধ হয়। মাধাবাদীদের ক্রমা নীরব, অক্ষর, নিক্রিয়—সাংখ্যদের পুরুষও তদ্ধপ। অতএব, উভয়ের মতেই সংসার ও কর্ম পরিত্যাগ করিয়া সন্মানীর জীবন যাপন ভিন্ন মোক্ষলাভের স্মার স্বস্তু উপায় নাই। কিন্তু, গীতার যোগ এবং বৈদান্তিক কর্ম্মযোগ উভয় শতাত্মপারেই কর্ম ওধু নোক্ষের পহায় নহে—কর্ম্মের দারাই নোক্ষলাভ ছইতে পারে; এবং এই কথারই যুক্তিযুক্ততা গীত। জোরের সহিত পুনঃ পুনঃ বলিয়াছে। ছভাগ্যের বিষয় বৌদ্ধধর্ম্মের * প্রবল বস্তায় গীতার এই

^{*} আবার গীতাও মহাযান বৌদ্ধমতের উপর প্রভাব বিস্তার করিয়াছিল বলিরা।
মনে হয়। গীতার অনেক লোক সম্পূর্ণভাবে বৌদ্ধ ধর্মগ্রন্থের মধ্যে স্থান পাইয়াছে।
বৌদ্ধধর্ম প্রথমতঃ জ্ঞানী কর্মহীন শাস্ত সাধু-সন্মাসীরই ধর্ম ছিল; ক্রমে যে উহা ধ্যানযুক্ত
ভক্তি এবং জীবনেবা ও দয়ার ধর্ম হইয়া এসিয়ার উপর বিশেষ প্রভাব বিস্তার করে—
বোধ হয় গীতার প্রভাবেই বৌদ্ধধর্মের সেই পরিবর্ত্তন হইয়াছিল।

শিক্ষা ভারতবর্ষে স্থান পায় নাই। পরে কঠোর মায়াবাদের তীব্র**তার** এবং সংসারত্যাগী সাধু-সন্ন্যাসীদের ভাবাবেগে গীতার এই কর্মশিক্ষা লোপ পাইয়াছিল। কেবল এতদিন পরে সেই শিক্ষা এখন ভারতবাসীর মনের উপব প্রকৃত কল্যাণকর প্রভাব বিস্তার করিতে আরম্ভ করিয়াছে। **ত্যাগ** চাইই: কিন্তু ভিতরে বাসনা ও সহন্ধার ত্যাগই প্রকৃত ত্যাগ। এই ত্যাপ বাতীত বাহ্যিক কর্মা ত্যাগ মিথাাচার এবং বার্থ। এই ত্যাগ মেখানে আছে সেথানে বাহ্নিক কর্মত্যাগের কোন প্রয়োদন নাই, তবে তাহা নিষিদ্ধও নহে। জ্ঞান চাইই, মুক্তির জন্ম ইহা অপেক্ষা বড় শক্তি **আর** কিছুই নাই, তবে জ্ঞানের সহিত কর্মেরও প্রয়োজন আছে; কর্ম ও জ্ঞানের ফিলনের ছারা আয়া শুধু কর্মশৃত্য শান্তির অবস্থায় নহে, ভীষণ কর্ম কোলাহলের মধ্যেও সম্পূর্ণভাবে ব্রান্ধীত্বিতর মধ্যে অবস্থান করিতে পারে। ভক্তি সর্বতোভাবে প্রয়োজনীয়, কিন্তু, ভক্তির সহিত কর্মণ্ড প্রয়োজনীয়: জ্ঞান, ভক্তি ও কর্ম্মের মিলনের দ্বারা আত্মা সর্ব্বোচ্চ ঐশবিক অবস্থায় প্রতিষ্ঠিত হয়,—বিনি একই কালে অনন্ত আধ্যাত্মিক শান্তি এবং অনন্ত বিশ্ববাপী কর্ম উভয়েরই অধীশ্বর সেই পুরুষোত্তমের মধ্যে বাস করে। ইহাই গীতার সমন্তর।

কিন্তু, সাংখ্যান্ত্মোদিত জ্ঞানের পথ এবং যোগান্ত্যোদিত কর্মের পথ এই গৃইরের মধ্যে প্রভেদের সামঞ্জন্ম যেমন গীতাকে করিতে হইরাছে তেমনিই বেদান্তের মধ্যেই ঐরপ আর একটি যে বিরোধ আছে আর্ব্য জ্ঞানের উদার ব্যাখ্যা করিতে গীতাকে সেই বিরোধেরও আলোচনা ও সমাধান করিতে হইরাছে। এই বিরোধ হইতেছে কর্ম্মকাণ্ড ও জ্ঞানকাণ্ড লইরা; এক চিন্তাধারার পরিণতি পূর্ব্যীমাংসা দর্শনে, বেদবাদে, আর এক ধাররে পরিণতি উত্তর মীমাংসা দর্শনে, বেন্ধবাদে; একদল লোক প্রাচীন

কাল হইতে প্রচলিত বৈদিক মন্ত্র, বৈদিক যজ্ঞের উপর ঝোঁক দিতেন, অপর দল এই সকলকে নিম্নজ্ঞান বলিয়া উপেক্ষা করিয়া উপনিষদ হইতে. ষে উচ্চ আধ্যাত্মিক জ্ঞান পাওয়া যায় তাহারই উপর ঝোঁক দিতেন। ধন, পুত্র, জয় প্রভৃতি সর্ব্ববিধ ঐহিক স্থুখ এবং পরলোকে অমরত্ব এই সকল লাভের উদ্দেশ্যে নিখুঁত ভাবে বৈদিক যক্তাদি সম্পন্ন করা এবং বৈদিক যন্ত্রাদি প্রয়োগ করা—বেদবাদীগণ ইহাকেই ঋষিগণের আর্য্যধ**র্ক্ত** ৰলিয়া বুঝিতেন। ত্রহ্মবাদিগণ বলেন যে ইহার দার। মানুষ প্রমার্থের জন্ম তৈয়ারী হইতে পারে বটে কিন্তু, ইহাই পরামার্থ নহে। একমাত্র বৃদ্ধজানই মানুষকে অনির্বাচনীয় আধ্যাত্মিক আনন্দের আলয় প্রকৃত্ত অমরত্ব দিতে পারে—এই আনন্দ সকল প্রকার ঐহিক ভোগস্তথ এবং নিমু স্বর্গের বহু উপরে। মানুষ যথন এই ব্রহ্মজ্ঞানের দিকে ফিরে তথনই ভাহার পুরুষার্থ সাধনের, জীবনের প্রকৃত উদ্দেশ্য সাধনের আরম্ভ হয়। পুরাকালে বেদের প্রকৃত অর্থ যাহাই থাকুক এই প্রভেদই বহুদিন হইতে চলিয়া আসিতেছিল এবং সেইজন্মই গীতাকে ইহার আলোচনা কবিতে হইয়াছে।

কর্ম ও জ্ঞানের সমন্বয় করিতে গীতা প্রথমেই বেদবাদকে তীব্রভারে নিন্দা করিয়াছে—

ষামিমাং পুষ্পিতাং বাচং প্রবদন্ত্যবিপশ্চিতঃ।
বেদবাদরতাঃ পার্থ নান্তদন্তীতি বাদিনং॥
কামাত্মানঃ স্বর্গপরা জন্মকর্মফলপ্রদাম্।
ক্রিয়াবিশেষবহুলাং ভোগৈশ্ব্যগতিং প্রতি॥২।৪২, ৪৩

— বেদের অর্থবাদে পরিভূষ্ট (তাৎপর্যা বিমৃষ্ক) ইহা ভিন্ন ঈশার তত্ত্ব প্রাপ্য আর কিছুই নাই এইরূপ মতের পোষক, কামাত্মা, স্বর্গাভিলাষী, মৃত্যণ এই যে পুলিত বাক্য নির্দেশ করিয়া থাকে তাহা জন্মকশ্মফলপ্রদ, ক্রিয়াবিশেষবাহুল্য বিশিষ্ট এবং ভোগৈশ্বর্য প্রাপ্তির সাধনভূত।" যদিও এখন কার্য্যতঃ বেদ পরিত্যক্ত হইয়াছে তথাপি ভারতবাসীরা এখনও মনে করে যে বেদ অতি পবিত্র, অনতিক্রমণীয়—সকল ধর্মশাস্ত্র, দর্শনশাস্ত্রের বেদই মূল এবং প্রামাণ্য। গীতা এই বেদকেও আক্রমণ করিতে অগ্রসর হইয়াছে বলিয়া মনে হয়।

ত্রৈগুণ্যবিষয়া বেদা নিষ্ট্রেগুণ্যো ভবার্জুন। নিম্ব'ন্দ্রে। নিত্যসন্বস্থে। নির্যোগক্ষেম আত্মবান্ ।২।৪৫

—"হে অর্জুন, গুণত্রয়ের কার্য্যই বেদের বিষয়; কিন্তু, তুমি ত্রিগুণের অতীত হও।"

যাবানার্থ উদপানে সর্ব্ধতঃ সংপ্লুতোদকে। তাবান্ সর্ব্বেযু ব্রেদেযু ব্রাহ্মণস্থ বিজ্ঞানতঃ ॥২।৪৬

—"সকল স্থান জলে প্লাবিত হইয়া গেলে, উদপানে (কুপ তড়াগাদি ক্ষুদ্র জলাশয়ে) যতটুকু প্রয়োজন, পরমার্থতত্ত্বজ্ঞ ব্রহ্মনিষ্ঠ ব্যক্তির সমস্ত বেদেও ততটুকু প্রয়োজন।" "সর্কেষু বেদেষু"—সমস্ত বেদ বলিতে উপনিষদ পর্যাপ্ত ব্যাইয়াছে বলিয়া মনে হয়—কারণ পরে ব্যাপক শ্রুতি শব্দ ব্যবহৃত হইয়াছে; যিনি পরমার্থ জ্ঞানলাভ করিয়াছেন তাঁহার নিকট সমস্ত বেদই নিশ্রয়োজন। বরং বেদগুলি বাধাস্বরূপ। কারণ, তাহাদের ভিতরে ভিন্ন ছিল্ল বাক্যের মধ্যে যে বিরোধ রহিয়াছে এবং তাহাদের যে নানাবিধ বিরোধী ভাষ্য ও ব্যাখ্যা হইয়াছে তাহাতে বুদ্ধি বিপর্যাপ্ত হইয়া উঠে; ভিতরে জ্ঞানের আলোক না থাকিলে বুদ্ধি নিশ্চয়াত্মিকা হয় না, যোগে নিবিষ্ট হইতে পারে না।

ষদা তে মোহকলিলং বৃদ্ধিব্যতিতরিয়তি।
তদা গন্তাসি নির্ব্ধেদং শ্রোতব্যস্ত শ্রুতন্ত চ ॥
শ্রুতিবিপ্রতিপন্ন। তে যদা স্থাস্থতি নিশ্চলা।
সমাধাবচলা বৃদ্ধিন্তদা যোগমবাস্পাসি ॥२।৫২, ৫৩

— "যথন তোমার বৃদ্ধি মোহরূপ গহন ছুর্গ পরিত্যাগ করিবে, তথন ছুমি শ্রোতব্য এবং শ্রুত শাস্ত্র সম্বন্ধে বৈরাগ্য লাভ করিবে। শ্রুতি শ্রুবনে তোমার বিক্ষিপ্ত বৃদ্ধি যথন পরমেশ্বরে নিশ্চলা ও মভ্যাসপটুতা বশতঃ স্থিরা থাকিবে, তথন তুমি যোগ প্রাপ্ত ইইবে।" বেদের প্রতি এই সকল আক্রমণ সাধারণ ধর্ম্মভাবের এত বিকৃদ্ধ যে উক্ত শ্লোকগুলির বিকৃত্ত অর্থ করিবার অনেক চেষ্টা হইয়াছে। কিন্তু উক্ত শ্লোকগুলির অর্থ স্পষ্ট এবং প্রথম ইইতে জ্ঞানকে বলা ইইয়াছে যে উহা বেদ ও উপনিষদের উপরে—শক্তর্মাতিবর্ত্তে।

ষাহা হউক এই বিষয়টি স্থামানিগকে ভাল করিয়া বুঝিতে হইবে, কারণ গীতার স্থায় সার্ক্ষভৌমিক, সমন্বয়কারী শান্ত স্থায় সভ্যতার এই সকল বিশিষ্ট স্থাংশকে কথনও সম্পূর্ণভাবে স্বস্থীকার বা স্থায় করিছে পারে না। যোগদর্শনামুসারে কর্মের দ্বারা মুক্তি এবং সাংখ্যদর্শনামুসারে জ্ঞানের দ্বারা মুক্তি এই উভয় মতের সমন্বয় গীতাকে করিতে হইবে। জ্ঞানের সহিত কর্মকে মিশাইতে হইবে। স্থাবার প্রস্কর ও প্রস্কৃতি সম্বদ্ধে সাংখ্য ও যোগের মত এক; বেনাস্ত কিন্তু উপনিষ্দের পুরুষ, দেব, স্বার, এই সকল ভত্তকে এক স্করের ব্রহ্মতত্ত্বে পরিণত করিয়াছে; ইহাদের সমন্বয় গীতাকে করিতে হইবে; যোগমতামুযায়ী স্বার তত্ত্বেরও স্থান করিতে হইবে। ইহার সহিত গীতার নিজস্ব তত্ত্ব কোন প্রমাণ প্রক্রেয়ান্তমের কথাও বলিতে হইবে। এই পুরুষোত্তমের কথাও বলিতে হইবে। এই পুরুষবাত্তম তত্ত্বের কোন প্রমাণ

উপনিষদের মধ্যে সহজে পাওয়। যায় না. যদিও এই ভাবধারা সেখানে আছে। বরং মনে হয় এই তত্ত্ব শ্রুতির বিরোধী কারণ শ্রুতি কেবল ছইটি পুরুষ স্বীকার করিয়াছে। আবার জ্ঞান ও কর্ম্মের সমন্বয় করিতে হ**ইলে** শুধু সাংখ্য এবং যোগের মধ্যে বিরোধ ধরিলেই চলিবে না, বেদান্তের মধ্যেই কর্ম ও জ্ঞানের যে বিরোধ রহিয়াছে তাহা সাংখ্য ও যোগের বিরোধ হইতে স্বতন্ত্র এবং সেই বিরোধেরও একটা হিসাব লওয়া প্রয়োজন। বেদ এবং উপনিষদকে প্রামাণ্য স্বীকার করিয়া এত বিরুদ্ধ দর্শন ও মতের স্টেই হইয়াছে তাহাতে গীতা যে বলিয়াছে শ্রুতি মানুষের বৃদ্ধিকে বিপর্যান্ত করিয়া দেয়—শ্রুতিবিপ্রতিপন্না—ইহাতে বিস্মিত হইবার কিছুই নাই। ভারতের পণ্ডিত ও দার্শনিকেরা এখনও শাস্ত্রবাক্যের **অর্থ** লইয়া কত ঝগড়া করিতেছে এবং কত বিভিন্ন সিদ্ধান্তে উপনীত হইয়াছে। এটা মোটেই আশ্চর্য্যের কথা নয় যে বুদ্ধি বিরক্ত হইয়া ছাড়িয়া দিবে, গস্তাদি নির্বেদম নূতন পুরাতন, শোতব্যস্ত শুত্রস্ত চ, কোন শাস্ত্র বাক্যই আর শুনিতে চাহিবে না এবং নিজের মধ্যে যাইয়া গভীর, আভ্যন্তরীপ প্রতাক্ষের আলোকে সতা আবিষ্কার করিতে চাহিবে।

প্রথম ছয় অধ্যায়ে গীতা কর্ম ও জ্ঞানের সমন্বয়ের, সাংখ্য, যোগ ও বেদান্তের সমন্বয়ের প্রশস্ত ভিত্তি স্থাপন করিয়াছে। কিন্তু, প্রথমেই গীতা দেখিয়াছে যে বৈদান্তিকদের ভাষায় কর্ম শব্দের এক বিশেষ অর্থ আছে; তাঁহারা কর্ম শব্দে বৈদিক ষজ্ঞ ও অনুষ্ঠান সমূহ বুঝিয়া থাকেন। বড় জার গুহুত্ত্র অনুষায়ী সংসারধর্মপালন ও ঐ সকল ষজ্ঞ ও অনুষ্ঠান কর্মের অন্তর্ভূত বলিয়া ধরিয়াছেন। ক্রিয়াবিশেষবছল বিধি সঙ্গত এই সকল ধর্মান্ত্রীনকেই বৈদান্তিকেরা কর্ম্ম বলিয়াছেন। কিন্তু, যোগশাস্ত্রেকর্মশব্দের অর্থ ইহা অপেক্ষা অনেক অধিক ব্যাপক। গীতা এই ব্যাপক

অর্থের উপরই বিশেষ ঝোঁক দিয়াছে: ধর্ম্মকর্ম্মের ভিতর আমাদিগকে সর্ব্বকর্মাদি, সকল কর্মাই ধরিতে হইবে। তথাপি গীতা বৌদ্ধর্ম্মের স্থায় ষজ্ঞকে একেবারে উডাইয়া দেয় নাই. বরং যজ্ঞের ধারণাকে উন্নীত ও প্রশস্ত করিয়াছে। বাস্তবিক গীতার বক্তবোর মর্ম্ম এই—যজ্ঞ যে জীবনের সর্ব্বপ্রধান অংশ শুধু তাহাই নহে, সমগ্র জীবনকেই যজ্ঞরূপে দেখিতে হইবে: তবে অজ্ঞানীরা উচ্চজ্ঞান ব্যতীতই ইহা সম্পাদন করে এবং যাহারা বিশেষ অজ্ঞানী তাহারা যেরপ করা উচিত সেরপে না করিয়া অবিধিপূর্বক ইহা করিয়া থাকে। যজ্ঞ না হইলে জীবন চলিতে পারে না: স্বষ্ট কর্তা প্রজা স্মষ্ট করিবার সময় যজ্ঞকে তাহাদের চির সঙ্গী করিয়া দিয়াছেন,— সহযক্তা: প্রজাঃ সৃষ্টা। কিন্তু, বেদবাদীদের যে যক্ত তাহা ফল-কামনা প্রস্ত; ভোগৈশ্বর্যাই সে যজ্ঞের লক্ষ্য ও স্বর্গের অধিকতর ভোগই সেখানে শ্রেষ্ঠ গতি এবং অমূতত্ব বলিয়া বিবেচিত। এরপ যজ্ঞ প্রণালী কথনও গীতা কর্ত্তক অমুমোদিত হইতে পারে না: কারণ কামনা পরিত্যাগই গীতার প্রথম কথা—মাত্মার শত্রু স্বরূপ এই কামনাকে বর্জন করিতে হইবে, বিনাশ করিতে হইবে এই কথা লইয়াই গীতা শিক্ষার আরম্ভ। গীতা বলে না যে বৈদিক যজ্ঞ প্রণালী নির্থক: গীত। স্বীকার করে যে এইরূপ যজ্ঞানুষ্ঠানের ফলে লোকে এখানে ও স্বর্গে স্থখভোগ করিতে পারে। ভগবান বলিয়াছেন, অহংহি সর্ব্ধ যজ্ঞানাং ভোক্তা চ প্রভুরেবচ, লোকে ভিন্ন ভিন্ন দেবতার উদ্দেশ্যে যে যজ্ঞ করে আমিই সেই দেবতারূপে সমুদয় যজ্ঞার্পণ গ্রহণ করি এবং তদমুঘায়ী ফল আমিই প্রদান করি। কিন্তু, প্রকৃত পথ ইহা নহে; স্বর্গস্থখভোগও মানুষের পক্ষে শ্রেষ্ঠ পুরুষার্থ নহে, মোক্ষ নহে। অজ্ঞানীরাই দেবতার পূজা করে, ভাহারা জানে না যে এই সকল দেবমূর্ত্তিতে অজ্ঞানে ভাহারা কাহার পূজা করিতেছে; কারণ, তাহারা না জানিয়াও সেই এক ঈশ্বর, সেই এক দেবেরই আরাধনা করে এবং তিনিই সকল পূজা গ্রহণ করেন। সেই ঈশ্বরকেই যজ্ঞ অর্পণ করিতে হইবে; জীবনের সমস্ত কার্য্য যথন ভক্তির সহিত বাসনা শৃশু হইয়া তাঁহারই উদ্দেশ্যে সর্ব্বজনহিতের জন্ম করা যায় তাহাই প্রকৃত যজ্ঞ। বেদবাদ এই সত্যকে ঢাকিয়া দেয় এবং ক্রিয়াবিশেষ-বাহল্যের দ্বারা মান্ত্র্যকে ত্রিগুণের ক্রিয়ার মধ্যে বন্ধ রাখিতে চায়, সেই জন্মই বেদবাদের এত তীব্র নিন্দা করা হইয়াছে এবং রুঢ়ভাবেই বেদবাদকে পরিত্যাগ করা হইয়াছে; কিন্তু ইহার যে মূল কথা তাহা নষ্ট করা হয় নাই; ইহাকে পরিবর্ত্তিত ও উন্নীত করিয়া আধ্যাত্মিক জীবনের, মাক্ষ লাভ প্রণালীর একটি অতি প্রয়োজনীয় অংশ করিয়া ভোলা হইয়াছে।

বৈদান্তিকদের ভাষায় জ্ঞান শব্দ যে অর্থে ব্যবহৃত তাহা নইয়া এত গোলমাল নাই। গীতা প্রথমেই সম্পূর্ণভাবে বেদান্তের জ্ঞানই গ্রহণ করিয়াছে এবং প্রথম ছয় অধ্যায়ে সাংখ্যদের শাস্ত অক্ষর কিন্তু বহু পূর্বের পরিবর্ত্তে বৈদান্তিকদের একমেবাদ্বিতীয় বিশ্বব্যাপী শাস্ত অক্ষর ব্রহ্মের প্রতিষ্ঠা করিয়াছে। এই ছয় অধ্যায়ে গীতা বরাবরই স্বীকার করিয়াছে যে বক্ষজ্ঞান মোক্ষলাভের জন্ম সর্বাপেক্ষা অধিক প্রয়োজনীয় এবং ব্রহ্মজ্ঞান ব্যাক্তীত মোক্ষলাভ অসম্ভব, যদিও গীতা বরাবরই বলিয়াছে যে নিক্ষাম কর্ম্ম জ্ঞানেরই একটি মূল উপাদান। সেই রকমই গীতা স্বীকার করিয়াছে যে অক্ষর নিস্তর্ণ ব্রহ্মের অনস্ত সমতার মধ্যে অহং তত্ত্বের নির্বাণ মোক্ষের জন্ম একান্ত প্রয়োজনীয়; সাংখ্যমতে প্রকৃতির কার্য্যের সহিত সঙ্গ পরিত্যাগ করিয়া নিক্রিয় অক্ষর পুরুষের স্বরূপে প্রত্যাবর্ত্তন এবং এই নির্বাণকে গীতা করিয়া নিক্রিয় অক্ষর পুরুষের স্বরূপে প্রত্যাবর্ত্তন এবং এই

(বিশেষ করিয়া শ্বেতাশ্বতর উপনিষদ) সাংখ্যের সহিত বেদান্তের ভাষাকে মিশাইয়া যেমন এক করিয়াছে, গীতাতেও তাহা করা হইয়াছে। কিন্ত তথাপি বৈদান্তিক মতের একটা দোষ আছে তাহা অতিক্রম করিতেই হইবে। আমরা আন্দাজ করিতে পারি যে তথনও বেদান্ত পরবর্ত্তী বৈষ্ণবযুগের স্থায় ঈশ্বরবাদের (theism) বিকাশ করে নাই, যদিও ইহার বীজ উপনিষদের মধ্যেই নিহিত ছিল। আমরা ধরিয়া লইতে পারি ষে গৌড়া বেদান্তের ভিত্তি ছিল সর্কেশ্বরবাদ এবং তাহার চূড়। ছিল অবৈতবাদ। * ইহ। একমেবাদিতীয়ম্ ব্রহ্মকেই জানিত, ব্রহ্মা, বিষ্ণু, মহেশ্বর প্রভৃতি দেবগণকে ব্রহ্ম বলিয়াই জানিত। কিন্তু সেই প্রব্রহ্মই যে এক ইম্বর, পুরুষ, দেব এই ধারণার ব্যতিক্রম হইয়া পড়িয়াছিল; খাঁটি ব্রহ্মবাদে এই সকল শব্দ ব্রহ্মের নিম্নতর অবস্থাতেই প্রযুক্ষা হইতে পারিত। গীত। যে এই সকল শব্দ এবং 'অর্থকে পুনরায় স্বস্থানে প্রতিষ্ঠিত করিতে চাহিয়াছে ভুধু তাহাই নহে, গীতা আরও একপদ অগ্রসর হইতে চাহিয়াছে। সাংখ্যের সহিত বেদান্তের সম্পূর্ণ সমন্বয় করিতে হইলে বলিতে হইবে ৰে পরমাবস্থায় ব্রহ্মই পুরুষ এবং পুরুষের পুর্পেরা প্রকৃতিই ব্রহ্মের মায়া; এবং সাংখ্য ও বেদান্তের সহিত যোগের সম্পূর্ণ সমন্বয় করিতে হইলে বলিতে হইবে যে নিমাবস্থায় নহে, প্রমাবস্থায় ব্রহ্মই ঈশ্বর। কিন্তু, গীতা ঈশ্বকে, পুরুষোভ্যকে শাস্ত অক্ষর ব্রহ্মেরও উপর স্থান দিতে অগ্রসর, নিগুণ ব্রহ্মে অহং তত্ত্বের লয় পুরুষোত্তমের সহিত চরম মিলনের একটি প্রধান প্রাথমিক প্রক্রিরা মাত্র। কারণ পুরুষোত্তমই পরব্রন্ধ। অতএব

* টাবর এবং জগতে যাহা কিছু আছে সে সবই এক—এই ষতই সর্কেবরবাদ (Pantheism); অবৈত্যাদ (Monism) বলে বে একমাত্র ভগবান বা ব্রহ্মই সত্য, আর এই জগৎ মিধ্যা, অধব জগৎ ব্রহ্মেরই আংশিক বিকাশ। গীতা বেদ ও উপনিষদের প্রচলিত শিক্ষাকে অতিক্রম করিয়া নিজে তাহাদের মধ্য হইতে যে শিক্ষা উদ্ধার করিয়াছে তাহাই বিরুত করিয়াছে। বৈদান্তিকেরা সাধারণতঃ বেদ ও উপনিষদের যেরূপ ব্যাখ্যা করিয়াছে গীতার সহিত তাহার মিল না হইতে পারে *। বাস্তবিক শাস্ত্রবাক্যের এরূপ স্বাধীন সমন্বয়কারী ব্যাখ্যা না করিলে তৎকালে প্রচলিত অসংখ্য মতবাদের ও বৈদিক প্রণালীর মধ্যে সামঞ্জন্ম সাধন কিছুতেই সম্ভব হইত না।

পরবর্ত্তী অধ্যায়সমূহে গীতা বেদ এবং উপনিষদকে খুব উচ্চস্থান
দিয়াছে। বেদ ও উপনিষদ ভাগবং শাস্ত্র, ভগবানের বাণী। স্বরং
ভগবানই বেদের জ্ঞাতা এবং বেদান্তের প্রণেতা—বেদবিৎ বেদান্তব্ধং।
সকল বেদে তিনিই একমাত্র জ্ঞাতব্য বিষয়—সর্বৈবেদৈরহমেন বেজঃ।
এই ভাষা হইতে বুঝা বায় যে বেদ শন্দের অর্থ জ্ঞানের গ্রন্থ—এই সকল
শাস্ত্রের নাম উপযুক্তই হইয়াছে। পুরুষোত্তম ক্ষর ও অক্ষরের অতীত
তাঁহার উচ্চ অবস্থা হইতে নিজেকে জগতে এবং বেদে ব্যাপ্ত করিয়াছেন।
তথাপি বেদের শন্দার্থ লইয়া অনেক গোলমাল হয়—যাহারা কথার উপর
অত্যধিক ঝোঁক দেয় তাহারা প্রক্বত গুঢ় অর্থের সন্ধান পায় না। খ্রীষ্ট
ধর্ম্মের প্রচারক এই কথাই বলিয়াছিলেন যে শন্দে সর্ব্বনাশ, অর্থেই রক্ষা—

^{*} বাস্তবিক পুরুবোত্তমের ধারণা গীতার পূর্বো উপনিবদের মধ্যেই স্থাচিত হইয়াছিল;
তবে, দেশানে ইহা বিক্ষিপ্ত ভাবে ছিল। গীতার স্থায় উপনিবদেও বার বার বলা হইয়াছে
বে সেই পরম ব্রহ্ম, পরম পুরুবের মধ্যেই নিশুণ ও গুণী ব্রক্ষের বিরোধ রহিয়াছে। এই
ছুইটি আমাদের নিকট বিরোধী মনে হইলেও পরম ব্রহ্ম শুধু গুণীও নছেন, শুধু নিগুণিও
নহেন, তাঁহার ভিতর ছুইই রহিয়াছে।

"the letter killeth and it is the spirit that saves" এবং
ধর্ম শাস্ত্রেয় উপযোগিতারও একটা দীমা আছে। হৃদয়ের মধ্যে যে ঈশ্বর
রহিয়াছেন তিনিই সকল জ্ঞানের প্রকৃত উৎস—

পর্বস্থ চাহং হৃদি সন্নিবিষ্টো মত্তঃ স্মৃতিজ্ঞ নিম্—" ১৫।১৫

— " নামি সর্ব প্রাণীর খদরে অধিষ্টিত আছি এবং আমা হইতেই স্মৃতি ও জান।"

শাস্ত্র সেই অন্তর্ম্বিত বেদের সেই স্বপ্রকাশ সত্যের বায়্য রূপ মাত্র— ইহা শব্দব্রন্ধ। বেদে কথিত হইয়াছে যে স্কুয় হইতে, যেথানে সত্যের আবাস সেই গুহুত্বান হুইতে মন্ত্রের উৎপত্তি, সদনাৎ ঋত্ত্য, গুহুম। উৎপত্তিস্থান এইরূপ বলিয়াই ইহার সার্থকতা; তথাপি শব্দ অপেকা সনাতন সত্য বড়। এবং কোন ধর্মণান্ত সম্বন্ধেই এ কথা বলা যায় না যে তাহাই সম্পূর্ণ এবং যথেষ্ট এবং তাহা ছাড়। মার কোন সতাই গ্রাহ্ম হইতে পারে না (বেদ সম্বন্ধে বেদবাদীদের এই রূপই অভিমত-নাক্তদন্তীতি-বাদিনঃ)। জগতে যত ধর্মণাস্ত্র আছে তাহাদের দারা প্রকৃত উপকার লাভ করিতে হইলে তাহাদিগকে এইভাবেই দেখিতে হইবে। জগতে যত ধর্মপ্রস্থ আছে বা ছিল—বাইবেল, কোরাণ, চানদেশার গ্রন্থ, বেদ, উপনিষদ, পুরাণ, তম্ত্র, শাস্ত্র, গীতা, ঋবিদের, পণ্ডিতদের, অবতারদের বাণী ও উপদেশবাক্য-সব ধরিলেও বলিতে পার না যে আর কিছুই নাই, তোমার বৃদ্ধি সেথানে যে সত্যের সন্ধান পায় না তাহা সত্য নহে কারণ তোমার বৃদ্ধি দেখানে তাহা পাইতেছে না। যাহাদের চিস্তা भाष्ट्रानाशिक, मञ्चीर्ग, जाशातारे এরপ ভূল করিবে—যাशानित ভগবৎ

অমুভূতি হইয়াছে, যাহাদের মন মুক্ত এবং আলোকসম্পন্ন তাঁহার।
সত্যের সন্ধান করিতে এরপ সন্ধীর্ণতার মধ্যে আবদ্ধ হন না।
বে সন্ধ্য হৃদয়ের গভীর অমুভূতিতে প্রত্যক্ষ হইয়াছে অথবা যাহা
হৃদয়িছত সর্ব্ব জ্ঞানের ঈশ্বর, সনাতন বেদবিদের নিকট হইতে
শুনা গিয়াছে তাহা শ্রুতই হউক, আর অশ্রুতই হউক—তাহাই প্রকৃত
সত্য।

দশ্ম অধ্যায়

বুদ্ধি যোগ

শেষ হইটা প্রবন্ধে আমি একটু অবান্তর ভাবেই দার্শনিক মতবাদের আলোচনা করিয়াছি। সে আলোচনা মোটেই গভীর বা যথেই নহে। গীতার যে বিশেষ পদ্ধতি তাহ। বুঝানই উক্ত আলোচনার উদ্দেশ্য। গীতা প্রথমে একটি আংশিক সত্যের ব্যাখ্যা করিয়াছে এবং তাহার গুঢ়তম অর্থ সম্বন্ধে সংযতভাবে হই একটি ইঙ্গিত মাত্র করিয়াছে। তাহার পর গীতা ফিরিয়া আসিয়া এই ইঙ্গিতগুলির প্রকৃত অর্থ বাহির করিয়াছে এবং ক্রমে তাহার শেষ মহান্ বক্তব্যে উঠিয়াছে। এই শেষ কথাই শ্রেষ্ঠ রহস্ত, গীতা মোটেই ইহা ব্যাখ্যা করে নাই, জীবনে অন্তব্য করিছে ছাড়িয়। দিয়াছে। পরবর্তী যুগের ভারতীয় সাধকগণ প্রেম, আত্মসমর্পণ ও উল্লাসের মহান্ তরঙ্গের মধ্যে ইহা জীবনে অন্তব্য করিবার চেষ্টা করিয়াছিলেন। সমন্বয়ের দিকে সকল সময়েই গীতার দৃষ্টি এবং গীতার সকল কথাই সেই শেষ মহান্ সিদ্ধান্তের আয়োজন মাত্র।

ভগবান অর্জ্জুনকে বলিলেন, জ্ঞানযোগ সম্বন্ধে তোমায় বলিলাম, এখন কর্ম্মযোগ বিষয়ে যাহা বলিতেছি তাহা প্রবণ কর। (২।৩৯) তুমি তোমার কর্ম্মের ফল ভাবিয়া পশ্চাৎপদ হইতেছ, তুমি অন্তর্মপ ফল কামনা করিতেছ এবং সেই ফলের সম্ভাবনা না দেখিয়া তুমি কর্ম্মপথ পরিত্যাগ করিতে উন্তত হইয়াছ। কর্ম্ম এবং কর্মের ফল সম্বন্ধে এরপ ধারণা—ফল

কামনাতেই কর্ম্ম করিতে হয়, কর্ম্ম শুধু বাসনা তৃপ্তিরই উপায় এরপ ভাব प्यकानीतन्त्र वसत्तर कार्त्व। ध्वत्र प्रकानीता कात्न ना त्य कर्म कि, কর্ম্মের প্রকৃত উৎস কোথায়, কর্মের প্রকৃত ধারা কি এবং মহৎ উপযোগিত। কি। আমি যে যোগের কথা বলিতেছি তাহার খারা তুমি সমস্ত কর্ম্মবন্ধন হইতে মুক্ত হইবে—কর্ম্মবন্ধং প্রহাষ্ঠাসি। তুমি অনেক জিনিষকেই ভয় করিতেহ—তুমি পাপকে ভয় করিতেছ, তুঃথকে ভয় করিতেছ, নরক ও শান্তিকে ভা করিতেছ, ভগবানকে ভার করিতেছ, ইহকালকে ভয় করিতেছ, পরকালকে ভয় করিতেছ, তুমি নিজে নিজেকেই **ভয় করিতেছ। তুমি ক্ষ**ণ্ডির হইরা, জগতের শ্রেষ্ঠ বীর হইরা ভয় পা**ইতেছ** না কিসে? কিন্তু, যে মহাভঃ মানব সকলকে আক্রমণ করে তাহাই এই—পাপের ভয়, ইত্কালে পরকালে ত্রুথের ভয়, যে সংসারের প্রকৃত স্বরূপ সম্বন্ধে তাহার৷ অজ্ঞ সেই সংসারের ভয়, যে ভগবানের প্রকৃত স্বরূপ তাহার৷ দেখে নাই এবং বাঁহার বিশ্বলীলার গুঢ় রহস্ত তাহার৷ বুঝে না সেই ভগবানের ভঃ। আমি যে যোগের কথা বলিতেছি তাহা তোমাকে এই মহাভর হইতে পরিত্রাণ করিবে এবং ইহার অতি স্বল্পমাত্রাও তোমাকে মুক্তি আনিয়া দিবে—স্বন্ধমপ্যস্ত ধর্মান্ত ত্রায়তে মহতো ভয়াং। একবার তুমি এই পথে যাত্রা করিলেই বুঝিবে বে একটি পদক্ষেপও বুথা যায় না; প্রত্যেক সামান্ত ঘটনাতেই কিছু লাভ হইবে; তুমি দেখিবে যে এমন কোন বাধাই নাই যাহা তোমার অগ্রগতি প্রতিরোধ করিতে পারে। ভগবান এই যে এত বড চরম প্রতিজ্ঞ। করিলেন—যে সকল ভয়গ্রস্ত ইতস্ততঃকারী মামুষ জীবনে পদে পদে বাধা পাইতেছে, ঠকিতেছে তাহার৷ সহস৷ ইহাতে বিশ্বাস স্থাপন করিতে পারে না ; ভগবানের এই প্রতিজ্ঞার পূর্ণ অর্থও আমরা হৃদয়ঙ্গম করিতে পারি না যদি না গীতার

বাণীর এই প্রথম কথাগুলির সঙ্গে আমর। সেই শেষ কথাগুলিও শ্বরণ করি—

সর্বধর্মান্ পরিত্যজ্য মামেকং শরণং ব্রজ।
আহং জাং সর্ব্বপাপেভ্যো মোক্ষরিয়ামি মা শুচঃ ॥১৮।৬৬
— "ধর্মাধর্ম, কর্ত্তব্যাকর্তব্যের সকল বিধিনিষের পরিত্যাগ পূর্ব্বক একমাত্র শ আমাকে আশ্রর কর, আমিই তোমাকে সর্ব্ববিধ পাপ ও অশুভ হইতে মুক্ত করিব, শোক করিও না।"

কিন্তু, মানুষের প্রতি ভগবানের এই গভীর মর্ম্মপর্শী বাণী প্রথমেই বলা হয় নাই। পথের জন্ম যতটুকু স্মালোর প্রয়োজন প্রথমে ভর্ তত্টুকুই দেওরা হইরাছে। এই আলো আত্মার উপর নহে, বৃদ্ধির উপরেই ফেল। হইয়াছে। ভগবান প্রথমে মানুষের স্থন্ধ ও প্রণয়ীরূপে कथा विनातन ना- ७३ ७ ११ अनर्भकताले ध्यम कथा विनात रमन তাহার প্রকৃত আ্যা সম্বন্ধে, সংসারের প্রকৃত স্বরূপ সম্বন্ধে এবং তাহার কার্য্যের প্রকৃত উংস ও মূল সম্বন্ধে তাহার অজ্ঞানতা দ্র হইরা যার। কারণ, মানুষ অজ্ঞানের সহিত, ভ্রাস্ত বুদ্ধির সহিত এবং সেই জন্মই ভ্রান্ত ইচ্ছারও সহিত কার্য্য করে বলিয়া মানুব তাহার কার্য্যের দ্বারা বন্ধ হয় অথবা বন্ধ হইয়াছে বলিয়া মনে হয়; নতুবা মুক্ত সাম্মার নিকট কর্ম বন্ধন হয় না। এই ভ্রান্ত বৃদ্ধির জন্তই মান্তুষের আশা ও আশঙ্কা, ক্রোধ, শোক এবং ক্ষণস্থায়ী হর্ষ হয়; নতুবা সম্পূর্ণ শান্তি ও মুক্তির সহিত কর্ম করা সম্ভব। অতএব অর্জ্জনকে প্রথমেই বৃদ্ধিযোগের পরামর্শ দেওয়া হইল। অভাস্ত বৃদ্ধির সহিত, এবং দেই জন্মই অভ্ৰাম্ভ ইচ্ছার সহিত, তদেকচিত্ত হইয়া, সর্বভৃতে এক আত্মা জানিয়া আত্মার শাস্ত সমতা হইতে কার্য্য করা, জ্ঞান মনের অসংখ্য কামনার বশে ইতন্ততঃ ছুটাছুটি না করা—ইহাই বুদ্ধিযোগ।

গীতা বলে মান্নুষের ছই প্রকার বুদ্ধি আছে। প্রথম প্রকার বুদ্ধি শান্ত, ব্যবস্থিত, এক, সম, কেবল মাত্র সত্যই ইহার লক্ষ্য। ঐক্য ইহার লক্ষ্য। প্রকাগ্রতা ইহার স্বরূপ। দ্বিতীয় প্রকারের বুদ্ধিতে কোন একাগ্র ইচ্ছা নাই, কোন নিশ্চরাত্মিকতা নাই—জীবনে যত প্রকার কামনা আছে তাহার দ্বারাই উহা ইতস্ততঃ চালিত হয়।

ব্যবসায়াগ্মিকা বৃদ্ধিরেকেহ কুরুনন্দন বহুশাথা হুনস্তাশ্চ বৃদ্ধয়োহব্যবসায়িনাম্ ॥২।৪১

বৃদ্ধি শলটি যে ব্যবহার করা হইয়াছে ইহার সঠিক অর্থ হইতেছে মনের বোধ শক্তি—কিন্তু, গীতার ইহা ব্যাপক দার্শনিক অর্থে ব্যবহৃত হইরাছে। মনের যে ক্রিয়ার দ্বারা আমরা বিচার করি এবং নির্দ্ধারণ করি যে আমাদের চিন্তা কিরূপ হইবে এবং আমাদের কর্ম্ম কিরূপ হইবে—সেই সমগ্র ক্রিয়াকেই গীতাতে বৃদ্ধি বলা হইয়াছে; চিন্তা (thought), বৃদ্ধি (intelligence), বিচার (judgment), প্রত্যক্ষ নির্দ্ধাচন (perceptive choice) এবং লক্ষ্যান্তির (aim) এই সমস্তকেই বৃদ্ধিক্রিয়ার অন্তর্ভূত করা হইয়াছে; কারণ, শুধু জ্ঞানলাভ ব্যাপারে মনের নিশ্চয়াত্মিকতাই একনিষ্ঠা বৃদ্ধির লক্ষণ নহে কিন্তু, কর্মের লক্ষ্য নির্দ্ধারণ এবং সেই নির্দ্ধারণেই অবিচলিত থাকা, ব্যবসায়, বিশেষ করিয়া ইহাই একনিষ্ঠা বৃদ্ধির লক্ষণ; অন্তর্দকে চিন্তার বিক্ষিপ্ততা বিক্ষিপ্ত বৃদ্ধির প্রধান লক্ষণ নহে—যাহাদের লক্ষ্যের স্থিরতা নাই, "লক্ষ্যপৃত্ত লক্ষ্ বাসনার" পশ্চাতে যাহারা ঘুরিয়া বেড়ায় বিশেষ করিয়া তাহাদের বৃদ্ধিই বিক্ষিপ্ত। অভএব, ইচ্ছা (will) এবং জ্ঞান (knowledge) এই

ছইটিই বৃদ্ধিক * ক্রিয়া। ব্যবসায়াত্মিকা একনিষ্ঠা বৃদ্ধি—আত্মার আলোকে নিবদ্ধ, ইহা আভ্যন্তরীণ আত্মজানে কেন্দ্রীভূত। অন্তর্গদিকে অব্যবসায়ীদের অনন্ত ও বহুশাখাযুক্ত বৃদ্ধি—বোটি একমাত্র প্রয়োজনীয় জিনিষ সেটিকেই ভূলিয়া চঞ্চল বিক্ষিপ্ত মনের বশ হয়, বাহ্ন জীবনের কর্ম্ম এবং কর্মফলে শিত্থানে ধায়, শত স্থার্থের মাঝখানে"। ভগবান বলিয়াদ্রে—

দূরেণ হাবরং কর্ম্ম বুদ্ধিযোগাদ্ ধনগ্র।
বুদ্ধৌ শরণময়িচ্ছ কুপণাঃ ফলহেতবঃ । ১।৪৯

—"হে ধনজন, বুদ্ধিবোগ অপেকা কর্ম অতান্ত অপক্ট, অতএব, তুমি বুদ্ধিবোগ আত্রম কর; যাহারা কর্মফলের চিন্তা করে, ফলের উদ্দেশ্তে কার্য্য করে তাহারা অতি নিরুষ্ট ও হতভাগ্য ব্যক্তি।"

আমাদিগকে মনে রাখিতে ইইবে যে সাংখ্য মনতত্বের যে পারম্পর্য্য নির্দেশ করিয়াছে, গীতা তাহা স্থানার করিয়াছে। একদিকে পুরুষ শাস্ত আয়া, নিজের, অক্ষর, এক, তাহার বিকাশ নাই; সত্য দিকে প্রকৃতি সচেতন পুরুষকে ছাড়া নিজির (inert), কিন্তু সচেতন পুরুষের সন্নিধি মাত্রেই কিরাশালা, প্রকৃতি নিরবর্ব (indeterminate), ক্রিপ্তশম্মী, বিকাশশালা, স্টেও প্রলয়ে সমর্থা। আমাদের ভিতরে ও বাহিরে যাহা আমরা প্রত্যক্ষ করিতেছি সে সমূদ্র প্রকৃতি ও পুরুষের সংযোগে উৎপন্ন। আমাদের কাছে যেটা ভিতরের (subjective) সেইটিই প্রথমে উৎপন্ন হয়, কারণ আমাচেতনাই প্রথম কারণ—অচেতন প্রাকৃতিক শক্তি দিতীয় করিণ এবং ইহা প্রথমের অধীন। কিন্তু, তাহা হইলেও আমাদের অন্তঃকরণের বৃত্তিসমূহ প্রকৃতিই সর্বরাহ করে, পুরুষ নহে। যথাক্রমে

^{*} শীঅরবিন্দ বৃদ্ধি শব্দের ইংরাজী অহুবাদে বলিয়াছেন—intelligent will.
—অহুবাদক।

প্রথমে আসে বৃদ্ধি ও তাহার অধীন অহন্ধার। ক্রমবিকাশের দিতীয় স্তরে বৃদ্ধি ও অহন্ধার হইতে উৎপন্ন হয় মন (sense-mind); যে শক্তির দ্বারা বিষয় বৈচিত্র্য গ্রহণ করা হয় তাহাই এই। বিকাশের তৃতীয় স্তরে মন হইতে দশ ইন্দ্রির উৎপন্ন হয়—পাঁচটি জ্ঞানেন্দ্রিয় এবং পাঁচটি কর্ম্মেন্দ্রিয়। তাহার পর উৎপন্ন হয় প্রত্যেক জ্ঞানেন্দ্রিয়ের শক্তি—শব্দ, রূপ, গন্ধ ইত্যাদি এবং ইহাদের ভিত্তি স্বরূপ পঞ্চৃত্ত। আকাশ, বায়ু, অগ্নি প্রভৃতি পঞ্চৃত্তের বিভিন্ন মিশ্রণের ফলে এই বাহ জগতের বস্তু সমূহ উৎপন্ন হইয়াছে।

প্রাকৃতিক শক্তির এই সকল ভিন্ন ক্রম ও শক্তি সমূহ পুরুষের শুদ্ধ
চেতনার প্রতিফলিত হইরা আমাদের অশুদ্ধ অন্তঃকরণের উপাদান হয়—
অশুদ্ধ, কারণ ইহার ক্রিয়া বাহ্যজগতের প্রত্যক্ষ সমূহের উপর এবং
ভাহাদের আন্তরিক প্রতিক্রিয়ার উপর নির্ভর করে। প্রাকৃতিক জড়
বৃদ্ধি ও জড় মনের ক্রিয়া আত্মার চেতনায় প্রতিফলিত হইয়া চেতন বৃদ্ধি
ও চেতন মন রূপে প্রতিভাত হয়। বাসনা, কামনা, উদ্বেগ এই মনের
খেলা। পঞ্চজানেক্রিয় ও পঞ্চকর্মেক্রিয় অন্তঃকরণের সহিত বাহ্যজগতের
যোগ করাইয়া দেয়। বাকী পঞ্চত্মাত্র, পঞ্চভূত ইক্রিয়ের বিষয়—
ইহাদিগকে লইয়াই বাহ্যজগৎ।

স্টির যে ক্রম, যে পারম্পর্য্য দেখাইলাম বাহুজগতে ইহার উণ্টা দেখা
নায় বলিয়া বোধ হয়; কিন্তু যদি আমরা শ্বরণ রাখি যে বৃদ্ধি নিজেই
আচেতন প্রকৃতির জড়ক্রিয়া মাত্র এবং জড় অণুতেও এরূপ আচেতন
বোধশক্তি এবং ইচ্ছাশক্তি আছে—যদি বৃক্ষলতায় আমরা স্থখত্থ বোধ,
শ্বতি, ইচ্ছা প্রভৃতির স্টনা দেখিতে পাই, যদি দেখি যে প্রকৃতির
এই সকল শক্তিই অন্যান্ত জীব ও মনুয়ের চৈতন্তের ক্রমবিকাশে অস্তঃকরণ

হইয়াছে তাহা হইলেই আমরা ব্ঝিতে পারিব যে বর্ত্তমান বিজ্ঞান জড়-জগতের পর্য্যবেক্ষণের ফলে যে সকল সিদ্ধান্তে উপনীত হইয়াছে সাংখ্য প্রণালীর সহিত তাহার যথেষ্ট মিল রহিয়াছে। আত্মা যখন প্রকৃতি হইতে প্রক্ষের অবস্থায় ফিরিয়া যায় তখন প্রকৃতির পূর্ব্ব অভিব্যক্তির উল্টা ক্রম অবলম্বন করিতে হয়। উপনিষদে আত্মশক্তির ক্রমবিকাশের এইরপ ক্রমই দেখান হইয়াছে এবং গীতা এ বিষয়ে উপনিষদকেই অন্তুসরণ করিয়াছে, প্রায় উপনিষদের বাকাই অবলম্বন করিয়াছে।

> ইক্রিয়াণি পরাণ্যাহরিক্রিয়েভ্যঃ পরং মনঃ। মনসস্ত পরা বুদ্ধিগ্যো বুদ্ধেঃ পরতন্ত সং॥৩।১২

— "ইন্দ্রিরগণ তাহাদের বিষয় অপেকা শ্রেষ্ঠ, মন ইন্দ্রিরগণ অপেকা শ্রেষ্ঠ, বৃদ্ধি মন অপেকা শ্রেষ্ঠ, বৃদ্ধি অপেকা বাহা শ্রেষ্ঠ, তাহাই তিনি"— সেই চৈতন্তময় আয়া, পুরুষ। তাই, গীতা বলিয়াছে যে এই পুরুষকে, আমাদের অন্তর্জীবনের এই শ্রেষ্ঠ কারণকে বৃদ্ধির হার। বৃদ্ধিতে হইবে, জানিতে হইবে; তাহাতেই আমাদের ইচ্ছ। ক্তন্ত করিতে হইবে।

এবং বৃদ্ধেঃ পরং বৃদ্ধা সংস্তভ্যাত্মানমাত্মনা। জহি শত্রুং মহাবাহো কামরূপং গুরাসদম্॥এ৪৩

এইরপে আমাদের নীচের প্রকৃতিত্ব আত্মাকে শ্রেষ্ঠ, প্রকৃত, চেতন আত্মার ছারা স্থির ও শাস্ত করিয়া আমর। আমাদের শাস্তি এবং আত্মসংব্যের ছুর্ন্ধর্ব, অশাস্ত সদাব্যস্ত শক্র কামকে বিনাশ করিতে পারি।

বৃদ্ধির ক্রিয়া ছই প্রকার হইতে পারে। বৃদ্ধি নিমে ত্রৈগুণ্যমন্ত্রী প্রকৃতির খেলার দিকে অথবা উর্দ্ধ চৈত্রসময় শাস্ত আত্মার পবিত্র স্থায়ী শাস্তির দিকে যাইতে পারে। প্রথম গতি বহিমুখী। প্রথম ক্ষেত্রে মান্ত্রম ইন্দ্রিয় বিষয়ের অধীন হয়, বাহুম্পর্শ লইয়াই থাকে। এই জীবন কামনার

জীবন। কারণ, ইন্দ্রিয়গণ তাহাদের বিষয়ের দ্বারা উত্তেজিত হইয়া অশাস্তি সৃষ্টি করে এমন কি অনেক সময় অত্যুগ্র উপদ্রবের সৃষ্টি করে, ঐ সকল বিষয়কে লাভ ও ভোগ করিবার জন্ত বাহিরের দিকে প্রবল ঝোঁক উৎপন্ন করে এবং তাহারা মনকে হরণ করিয়া লয়, বায়ুর্ণাবমিবাস্তদি—"যেমন বায়ু নৌকাকে সমুদ্রে বিশৃঙ্খল ভাবে ভ্রমণ করায়"; ইন্দ্রিয়গণের এইরূপ উপদ্রবে মন বাসনা, আবেগ, উদ্বেগ, তীব্র লালসার অধীন হইয়া পড়ে এবং এই কামাধীন মন বুদ্ধিকেও টানিয়া লয়—তখন বুদ্ধি শাস্ত বিচার-শক্তি ও বিবেক হারাইয়া ফেলে—সংযম হারাইয়া ফেলে। বৃদ্ধির এইরূপ নিমুগতির ফলে আত্মা প্রকৃতির গুণত্রয়ের চিরদ্বন্দ্বের অধীন হইয়া পড়ে; অজ্ঞান, মিথ্যা ইন্দ্রিয়পরায়ণ জীবন, শোক হঃথের অধীনতা, আসন্তি, কাম, ক্রোধ-এই সকল নিম্নগামিনি বৃদ্ধির পরিণাম, ইহাই সাধারণ অজ্ঞানী অসংযমী মানুষের হঃখময় জীবন। বেদবাদীদের স্থায় যাহার। ইন্দ্রিয়ভোগকেই কর্ম্মের লক্ষ্য করে এবং ইন্দ্রিয়তপ্তিকেই আত্মার শ্রেয়ঃ বলিয়া মনে করে তাহারা মানুষকে ভ্রান্ত পথ দেখায়। বাহ্যবিষয়ের অধীনতা ছাড়াইয়া অস্তরের ভিতর যে আত্মারাম তাহাই আমাদের প্রকৃত লক্ষা এবং শান্তি ও মুক্তির উচ্চ উদার অবস্থা।

ষ্মতএব, বৃদ্ধির যে উর্দ্ধ অন্তর্মুখী গতি তাহাই আমাদিগকে দৃঢ়সঙ্করের সহিত, স্থিরনিশ্চয়তা ও অধ্যবসায়ের (ব্যবসায়) সহিত অবলম্বন করিতে হইবে; বৃদ্ধিকে দৃঢ়ভাবে পুরুষের শান্ত আত্মজ্ঞানে লাগাইয়া রাখিতে হইবে। প্রথমে যে আমাদিগকে কামনা ছাড়িতে চেষ্টা করিতেই হইবে তাহা বেশ বুঝা যায়, কারণ ইহাই সমস্ত অন্তভ ও হৃঃথের সমগ্র মূল; এবং কামনা ছাড়িতে হইলে কামনার কারণেরও শেষ করিতে হইবে—ইক্রিয়গণ যে বাহ্যবন্ধ ধরিতে ও ভোগ করিতে ছুটিয়া যায় তাহা বন্ধ করিতে হইবে।

ইন্দ্রিগণ যখন বাহিরের দিকে ছুটিতে চায় তখন তাহাদিগকে ফিরাইতে হইবে, তাহাদের ভোগ্য বিষয় হইতে তাহাদিগকে সরাইয়া আনিতে হইবে —কচ্ছপ যেমন স্বীয় করচরণাদি অঙ্গ বাহির হইতে সঙ্কুচিত করিয়া দেহ-মধ্যে রাখে তেমনই ইন্দ্রিগণকে তাহাদের মূলে রাখিতে হইবে, মনে বিলীন করিতে হইবে, মনকে বুদ্ধিতে এবং বুদ্ধিকে আত্মাতে এবং আত্মজ্ঞানে বিলীন করিতে হইবে, প্রকৃতির কার্য্য দেখা হইবে কিন্তু তাহার অধীন হওয়া চলিবে না—বাহুজগৎ যাহা দিতে পারে এমন কোন বস্তু কামনা করা চলিবে না।

পাছে বুঝিতে ভুল হয় তাই পরক্ষণেই কুষ্ণ নির্দেশ করিলেন ষে তিনি বাহ্য কঠোরতা, ইন্দ্রিরগ্রাহ্য বস্তুর শারীরিক প্রত্যাখ্যান শিক্ষা দেন নাই। সাংখ্যেরা যে সন্ন্যাস শিক্ষা দেয় অথবা উপবাস, শরীরের পীভন প্রভৃতির দারা কঠোর তপস্থিগণ যে তপস্থা করেন তাহা ভগবানের উপদেশ নহে: ভগবান যে প্রত্যাহার ও সংথমের শিক্ষা দিয়াছেন তাহা অন্তরপ, তাহা আন্তরিক প্রত্যাহার—কামনা পরিত্যাগ। দেহী আত্মার ষে দেহ তাহার সাধারণ ক্রিয়ার জন্ম সাধারণতঃ আহারের আবশ্রক। আহার পরিত্যাগ করিলে ইক্রিয়ভোগ্য বস্তুর সহিত বাহ্ন সংস্পর্শ দূর হয় বটে—কিন্তু, যে আভ্যন্তরীণ সম্বন্ধের জন্ম এই সংস্পর্ণ অনিষ্টন্ধনক সেই সম্বন্ধ বুচিয়া যায় না। বিষয়ে ইন্দ্রিয়ের যে স্থুখ, রস, তাহা থাকিয়া ষায়--রাগ ও দ্বেষ থাকিয়া যায় কারণ এই ছুইটিই রুসের ছুইটা দিক মাত্র; কিন্তু রাগ বেষ শৃশু হইয়া বিষয় গ্রহণ করিবার যে সামর্থ্য ভাহাই লাভ করিতে হইবে। নতুবা, বিষয়ের নিবৃত্তি হইবে বটে কিন্তু মনের নির্ত্তি হইবে না; কিন্তু, ইন্দ্রিয় সকল মনেরই ভিতরের জিনিষ এবং ভিতরে রসের শেষই আত্মজয়ের প্রকৃত চিহ্ন। কিন্তু, ইহা কিরূপে স**ন্তব**

বে বিষয়ের সহিত ইন্দ্রিয়ের সংযোগ হইবে অথচ কামনা থাকিবে না, রাগ দ্বেষ থাকিবে না? ইহা সম্ভব—পরং দৃষ্টা; পর, আত্মা, প্রক্ষের দর্শন লাভ করিয়া এবং বুদ্ধিযোগের দ্বারা সমস্ত মনপ্রাণ লইয়া তাঁহার সহিত মিলিত হইয়া অথবা এক হইয়া তাহার মধ্যে বাস করিয়া ইহা সম্ভব হয়। কারণ সেই এক আত্মা শান্তিময়, আত্মানন্দেই সম্ভই; আমরা যদি একবার সেই পরম বস্তুকে আমাদের মধ্যে দেখিতে পাই এবং আমাদের মন ও বুদ্ধি তাহাতে নিবিষ্ট করিতে পারি তাহা হইলে ইন্দ্রিয়ভাগ্য বিষয়ে যে রাগ দ্বেষ তাহার পরিবর্তে আমরা দ্বশৃষ্ট সেই আত্মানন্দ লাভ করিব। ইহাই মুক্তির প্রকৃত পদ্বা।

আত্মগংষম, আত্মজয় যে সহজ নহে সে বিষয়ে কোন সন্দেহ নাই।
সকল বৃদ্ধিমান মনুষ্টই জানে যে তাহাদিগকে কোন রকম আত্মগংষম
করিতেই হইবে এবং ইন্দ্রিয়সংযম করিতে যত উপদেশ দেওয়া হয় এত
বোধ হয় আর কোন বিষয়েই দেওয়া হয় না; কিন্তু সাধারণতঃ এরপ
উপদেশ নিতান্ত অসম্পূর্ণ ভাবে দেওয়া হয় এবং নিতান্ত অসম্পূর্ণ এবং
সন্ধীর্ণ ভাবে পালিত হয়। এমন কি যে সকল জ্ঞানী, বিবেকী প্রকষ
সম্পূর্ণ আত্মজয়ের জন্ম প্রকৃত ভাবেই চেষ্ট যয় করেন ইন্দ্রিয়গণ
তাহাদের মনকেও বলপূর্বাক হয়ণ করে—

যততো হুপি কৌন্তের পুরুষস্থ বিপশ্চিত: । ইন্দ্রিয়াণি প্রমাথীনি হরস্তি প্রসভং মন: ॥২।৬•

ইহার কারণ এই যে মন স্বভাবতঃই ইন্দ্রিরগণের অনুগামী হয়; মন ইন্দ্রিরের বিষয়গুলিতে রস পায়, সে গুলিতে নিবিষ্ট হয় এবং সে গুলিকে বৃদ্ধির একাস্ত চিস্তার বিষয় এবং ইচ্ছার তীত্র আকর্ষণের বিষয় করিয়া তুলে। এইরূপে আসক্তির উদয় হয়, আসক্তি হইতে কামনা হয়; এই কামনার তৃপ্তি না হইলে হুঃখ হয়, বাধা পাইলে ক্রোধ হয়; ক্রোধ হইতে আত্মার মোহ উপস্থিত হয়—বৃদ্ধি তখন শাস্ত, সাক্ষী আত্মাকে দেখিতে এবং তাহাতে নিবিপ্ত হইতে তৃলিয়া যায়—প্রকৃত আত্মার স্মৃতি লোপ পায় এবং এইরূপ লোপের দ্বারা বৃদ্ধিও মোহগ্রস্ত হয়, এমন কি বিনপ্ত হইয়া যায়। কারণ, কিছুকালের জন্ম ইহা আর আমাদের আত্মস্থিতিতে থাকে না—হুঃখ ক্রোধাদির আতিশ্য্যে ইহা অদৃশ্য হয়; আমরা আত্মা ও বৃদ্ধির পরিবর্তে ক্রোধ, শোক, হুঃখাদিময় হইয়া উঠি।

ধ্যায়তো বিষয়ান্ পুংদঃ দঙ্গন্তেষপজায়তে।

সঙ্গাৎ সংজায়তে কামঃ কামাৎ ক্রোধোহভিজায়তে ॥
ক্রোধান্তবতি সম্মোহঃ সমোহাৎ স্মৃতিবিভ্রমঃ ।
স্মৃতিভ্রংশাদ্ বুদ্ধিনাশো বুদ্ধিনাশাৎ প্রণশুতি ॥২।৬২।৬৩
অতএব, ইহা কিছুতেই ঘটিতে দেওৱা চলিবে না এবং সমস্ত ইন্দ্রিরগণকে
সম্পূর্ণভাবে বশে আনিতে হইবে কারণ ইন্দ্রিরগণকে বশে আনিয়াই প্রজ্ঞা

তানি সর্বাণি সংয্য যুক্ত আসীত মংপরঃ। বশে হি যুক্তেন্দ্রিয়াণি তম্ম প্রজ্ঞা প্রতিষ্ঠিতা॥২।৬১

শুধু বৃদ্ধির দ্বারা, মানসিক সংযমের দ্বারা ইক্রিয়গণকে সম্পূর্ণভাবে বদীভূত করা সম্ভব নহে, ইহার জন্ম চাই কোন উচ্চতর সভার সহিত্যোগ; এমন কোন বস্তুর সহিত্য যোগের প্রান্ধেদন মাহাতে শাস্তি ও আর্মসংযম স্বভাবতঃই রহিয়াছে। নিজেকে সম্পূর্ণভাবে ভগবানে সমর্পণ করিলে, রুষ্ণ বলিয়াছেন, "আমাতে" সমর্পণ করিলে তবেই এই যোগ সাফল্য লাভ করিতে পারে; কারণ মৃক্তিদাতা আমাদের

ভিতরেই রহিয়াছেন, তবে আমাদের মন, বুদ্ধি বা ইচ্ছা তাহা নহে—
এগুলি তাঁহার যন্ত্র মাত্র। ইনি সেই ঈশ্বর, সর্বতোভাবে বাঁহার শরণ
লইবার কথা গীতার শেষে বলা হইরাছে। এবং ইহার জন্ত প্রথমে
তাঁহাকেই আমাদের সমগ্র জীবনের লক্ষ্য করিতে হইবে এবং তাঁহার
সহিত আত্মার স্পর্শ রাখিতে হইবে। "বুক্ত আসীত মৎপরঃ" এই
বাক্যের ইহাই প্রকৃত অর্থ; কিন্তু, গীতার যেমন ধরণ, এখানে শুধু এই
অর্থের সঙ্কেতমাত্র করা হইরাছে। যে সর্ব্বোত্তম রহন্ত্র পরে ব্যক্ত করা
হইবে তাহার সারটুকু বীজরূপে এই তিনটি কথার ভিতর রহিয়াছে—
যুক্ত আসীত মৎপরঃ।

যদি এইরপ করা হয় তাহা হইলে ইন্দ্রিয়গণকে সম্পূর্ণভাবে অস্তরাত্মার বশীভূত করিয়া বিষয় সমূহের মধ্যে বিচরণ করা যায়—তাহাদের স্পর্শ গ্রহণ করা যায়, তাহাদের উপর কার্য্য করা যায়—সেই সকল বিষয়ের ও তাহাদের প্রতি রাগদ্বেষের অধীন হইতে হয় না,—ঐ অস্তরাত্মা আবার পরমাত্মার, পুরুষের অধীন হয়। তখন বিষয় সমূহের প্রতিক্রিয়া হইতে মুক্ত ইন্দ্রিয়গণ রাগদ্বেষের প্রভাব হইতে মুক্ত ইইবে, কামনা বাসনার দক্ষ হইতে মুক্ত হইবে এবং মানুষ অ্থময় শান্তি ও আত্মপ্রসাদ লাভ করিবে।

প্রসাদে সর্বজঃখানাং হানিরস্তোপজায়তে। প্রসন্নচেতসো হাণ্ড বুদ্ধিঃ পর্য্যবতিষ্ঠতে ॥২।৬৫

এই আত্মপ্রসাদই আত্মার প্রকৃত স্থের মূল; এইরূপ শাস্ত প্রসন্ন আত্মাকে কোন হঃথই স্পর্শ করিতে পারে না; হঃথের অবসান হয়। এইরূপ আত্মজ্ঞানে, আত্মপ্রসাদে প্রতিষ্ঠিত বৃদ্ধির শাস্ত, বাসনাশৃত্য, শোকশৃত্য স্থিরতাকেই গীতাতে সমাধি বলা হইয়াছে।

সমাধিস্থ লোকের লক্ষণ ইহা নহে যে তাঁহার বাহ্ন বিষয়ের জ্ঞান লোপ পাইবে, তাঁহার শরীর ও মনের জ্ঞানও লোপ পাইবে এমন কি তাহার শরীর দগ্ধ করিলেও তাঁহার জ্ঞান হইবে না: সাধারণতঃ সমাধি বলিতে এই অবস্থায়ই বুঝায়—কিন্তু ইহা সমাধির প্রধান চিহু নহে, ইহা ভধু এক বিশেষ গভীর অবস্থা, সমাধি হইলেই যে এইরূপ অবস্থা হইবে তাহা নহে। সমাধিস্থ ব্যক্তির প্রক্লত লক্ষণ এই যে তাঁহার ভিতর হইতে সমস্ত কামনা দূর হয়, তাহারা মনে প্রবেশ করিতে পারে না; বে আন্তরিক অবস্থা হইতে এইরূপ মুক্তিব উংপত্তি—গুভান্তভ, স্থুখ তুঃখ, বিপদ সম্পদে অবিচলিত মন সহ আত্মার আত্মাতেই যে ভৃপ্তি তাহাই প্রকৃত সমাধি। সমাধিস্থ ব্যক্তি বাহিরে কার্য্য করিলেও তাঁহার ভাব অস্তর্থী; বাহিরের বস্তর দিকে যথন চিনি তাকাইয়া থাকেন তথনও আত্মাতেই তিনি নিবন্ধ থাকেন; বখন সাধারণের চফুতে তাঁহাকে দেখায় যে তিনি সাংসারিক বাহ্ন ব্যাপারে ব্যস্ত, তথ্ন সম্পূর্ণ ভাবে ভগবানের দিকেই ঠাহার লক্ষ্য থাকে। সাধারণ মান্তবের গ্রায়ই অর্জুন জানিতে চাহিলেন যে এই মহানু সমাধির এমন বাহ্যিক লক্ষণ কি আছে যাহার বার। এই অবস্তা চিনিতে পারা যায়:—

স্থিতপ্ৰজন্ম কা ভাষা সমাধিস্থ কেশব। স্থিতধীঃ কিং প্ৰভাষেত কিমাসীত ব্ৰঙ্গেত কিম্ ॥২।৫৪ —"হে কেশব, সমাধিতে অবস্থিত স্থিতপ্ৰজ্ঞের লক্ষণ কি ? স্থিতপ্ৰজ্ঞ

ব্যক্তি কি বলেন ? কিরপে থাকেন ? কিরপ চলেন ?"

কিন্তু এরপ কোন লক্ষণ দেওরা যায় না এবং গুরু তাহা দিবার চেঠাও করিলেন না; কারণ, এরপ অবস্থার একমাত্র নিদর্শন আভ্যন্তরীণ। যে আন্থা মৃতিলাভ করিয়াছে তাহার মহানৃ ভাব সমতা এবং যে সব সহজ লক্ষণ দেখিয়া এই সমতার অবস্থা বুঝা যায় সে সবত. আন্তরিক (Subjective)।

> ত্বংথেমনুদিগ্রমনাঃ স্থথেমু বিগতস্পৃহ। বীতরাগভয়কোধঃ স্থিতবীমুনিকচ্যতে ॥২।৫৬

ত্বংখ উপস্থিত হইলে জফুর্কচিত্ত, স্থে নিস্পৃহ এবং আসজি ভয় ও কোধ শৃত্য যে মূনি তিনি হিতপ্রজ বলিয়া জভিহিত হন। তাঁহাতে প্রকৃতির ত্রিগুণের ক্রিয়া নাই, দ্বন নাই—তিনি তাঁহার প্রকৃত সন্তায় প্রতিষ্টিত, তাঁহার পাওয়া থাক। কিছু নাই, তিনি আত্মাকে পাইয়াছেন—

ত্রৈগুণ্যবিষয়া বেদ। নিস্তৈগুণ্যে। ভবার্জুন।

নির্দ্ধা নিত্যপত্তো নিধ্যোগক্ষেম আত্মবান্ ॥২।৪৫ একবার যদি আমরা আত্মাকে পাই তথন সকল বস্তুই আমাদের পাওয়! হয়।

অথচ তিনি কর্ম হইতে বিরত হন না। এই খানেই গীতার মৌলিকত্ব ও শক্তি যে এইরূপ সমাধির কথা বলিয়া এবং মুক্ত আত্মার নিক্ট প্রকৃতির সাধারণ ক্রিয়ার শৃন্ততার কথা বলিয়াও গীতা কর্ম সমর্থন করিয়াছে, কর্ম করিবার আদেশ দিয়াছে। যে সকল দর্শন শাস্ত্র শুধু কঠোর তপস্থা ও নীরবতার প্রশংসা করিয়া লোককে কর্মহীন করিয়া ভুলে গীতা তাহাদের সেই দোষ এইরূপে সংশোধন করিয়াছে; আজ আমরা দেখিতে পাই যে এই সকল দর্শন্মত এই দোষ এড়াইবার চেষ্টা করিতেছে।

কর্মণ্যোধিকারন্তে মা ফলেষু কদাচন।

মা কর্মফলহেতুভূমা তে সঙ্গোহস্তকর্মণি ॥২।৪৭

—"ভোমার কর্মে অধিকার, কিন্তু কর্মেই তোমার অধিকার আছে, ফলে

নহে, কর্ম্মের ফলের জন্মই যেন কর্ম্ম করিও না, কর্ম্ম না করিতেও যেন তোমার প্রবৃত্তি না হয়।" অতএব বেদবাদীরা কামনার সহিত যে কার্ম্য করে সেরপ কার্য্য এখানে অনুমোদিত হয় নাই; যে সকল রজোগুণসম্পন্ন অস্থির লোক কর্ম্মে তৃপ্তি পায়, সর্ব্বদা কর্ম্ম করিবার জন্ম যাহাদের মন ব্যাকুল তাহাদের মত কর্ম্ম করিতেও গীতা এখানে উপদেশ দেয় নাই।

যোগস্থঃ কুরু কর্মাণি সঙ্গং ত্যক্তা ধনঞ্জয়।

দিদ্যাদিদ্যোঃ সমে। ভূষা সমত্বং যোগ উচ্যতে ॥২।৪৮
—"যোগন্থ হইয়া আসন্তি পরিত্যাগ পূর্বক সিদ্ধি বা অসিদ্ধির দিকে
মনোনিবেশ না করিয়া ভূমি কর্ম্মের অন্প্র্যান কর। চিত্তের এই সমতারই
নাম যোগ।" প্রশ্ন উঠিতে পারে যে কোন্টা অপেক্ষাক্তত ভাল বা মন্দ,
তাহা বিচার করিয়া কার্য্য করিতে হইলে, পাপের ভয় থাকিলে, পুণ্যের
দিকে কঠিন চেষ্টা করিতে হইলে কাজ করা দায় হইয়া উঠে। কিন্তু,
যে মুক্ত পূক্ষ তাঁহার বৃদ্ধি ও ইচ্ছাকে ভগবানের সহিত বৃক্ত করিয়াছেন
তিনি এই দক্ষয় সংসারেই পাপ ও পুণ্য উভয়ই পরিত্যাগ করেন—

বুদ্ধিযুক্তো জহাতীহ উভে স্ক্রত্ত্ক্তে।
কারণ, তিনি পাপ পুণার উপরে যে নীতি তাহাতে উঠেন—দেই নীতি
আয়জ্ঞানের স্বাধীনতার উপর প্রতিষ্ঠিত। প্রশ্ন উঠিতে পারে যে এরূপ
কামনাশৃন্ত কর্মের হিরনিশ্চরতা বা সাফল্য হইতে পারে না, কোন
বিশেষ উদ্দেশ্ত লইয়া কার্য্য না করিলে সে কার্য্য ভাল হইবে না,
উদ্ভাবিনী শক্তিরও সম্যক বিকাশ হইতে পারিবে না। কিন্তু ইহা ঠিক
নহে; যোগস্থ হইয়া যে কর্ম্ম করা যায় তাহা শুধু সর্ব্বোচ্চ নহে, তাহাই
সর্ব্বাপেক্ষা বিজ্ঞানস্মত—সাংসারিক ব্যাপারেও এইরূপ কর্ম স্ব্বাপেক্ষা

অধিক শক্তি সম্পন্ন ও কার্য্যকরী; কারণ সর্ব্ধ কর্ম্মের যিনি অধীশ্বর তাঁহার ইচ্ছা ও জ্ঞানের আলোকে এরপ কর্ম্ম আলোকিত। যোগঃ কর্ম্ম কৌশলম্। কিন্তু, তৃঃখযন্ত্রণাময় মানব জন্মের বন্ধন হইতে মুক্তি লাভই যে যোগীর লক্ষ্য বলিয়া সকলে স্থীকার করেন—সাংসারিক কর্ম করিতে যাইলে কি সেই লক্ষ্য হইতে ভ্রপ্ত হইতে হইবে না ? না, তাহাও হইবে না; ক্ষেপকল জ্ঞানী ব্যক্তি ফলকামনা পরিত্যাগ পূর্ম্বক ভগবানের সহিত যোগে কর্ম্ম করেন তাঁহারা জন্ম-বন্ধন হইতে মুক্ত হন এবং সেই পরমপদ প্রাপ্ত হন—সেখানে শোকতৃঃখময় মানব জীবনের যন্ত্রণা ভোগ করিতে হয় না।

কৰ্মজং বৃদ্ধিযুক্তা হি ফলং ত্যকু। মনীধিণঃ। জন্মবন্ধবিনিৰ্ম্মুক্তাঃ পদং গচ্ছস্ত্যনাময়ম্॥২।৫১

তিনি যে পদ প্রাপ্ত হন তাহা হইতেছে ব্রান্ধীস্থিতি; তিনি ব্রন্ধে দুঢ়ভাবে প্রতিষ্ঠিত হন। সংসার-বদ্ধ জীবের যে অবস্থা, যে জ্ঞান, যে অভিজ্ঞতা, যে অমুভূতি—ইহা তাহার বিপরীত। এই যে দুদ্ধয় জীবন ভাহাদের নিকট দিবসের স্বরূপ—এই জীবন তাহাদের জাগ্রতাবস্থা, জাহাদের চেতনা—এই অবস্থাতেই তাহারা কার্য্য করিবার, জ্ঞান লাভ করিবার স্থযোগ পায়—এই জীবন যোগীর নিকট রাত্রি স্বরূপ, আত্মার ক্ষিইকর নিদ্রা এবং অন্ধকার স্বরূপ; আবার তাহাদের যাহা রাত্রি, যে নিদ্রার অবস্থায় সমস্ত জ্ঞান ও ইচ্ছা বন্ধ হয় তাহাতে সংযমী জাগ্রত হন, সেই অবস্থাতেই তাঁহার প্রকৃত জীবন, তাঁহার জ্ঞান ও শক্তির উজ্জ্বল ক্রিবস।

যা নিশা সর্বভূতানাং তহ্যাং জাগতি সংযয়ী। যহাং জাগ্রতি ভূতানি সা নিশা পশ্ততো মুনেঃ ॥২।৬৯ — "সাধারণ ব্যক্তিগণের পক্ষে যাহা রাত্রি স্বরূপ সেই রাত্রিতে জিতেন্দ্রির যোগী জাগ্রত থাকেন; যাহাতে সাধারণ ব্যক্তিগণ জাগিয়। থাকে, স্থিতপ্রজ্ঞের তাহা রাত্রি স্বরূপ।"—সংসারাবদ্ধ অজ্ঞানী ব্যক্তিরা কর্দ্দমাক্ত সামান্ত জলের মত—কামনার সামান্ত বেগেই বিচলিত হইয়া উঠে; যোগী চেতনার বিশাল সমুদ্রের ন্তায়—সকল সময়েই তাহা পূরিত হইতেছে তথাপি তাহা আহ্মার বিরাট শান্তিতে নিথর, নিশ্চল; সমুদ্রে যেমন জল প্রবেশ করে, তেমনই সংসারের সমস্ত কামন। তাহাতে প্রবেশ করে—তথাপি তাহার কোন কামনাই নাই এবং তিনি বিলু মাত্র বিচলিতও হ'ন না—

আপূর্য্যমাণমচলপ্রতিষ্ঠং
সমুদ্রমাপঃ প্রবিশস্তি বদ্বং।
তদ্বং কামা হঃ প্রবিশস্তি সর্ব্বে
স শান্তিমাপ্লোতি ন কামকামী॥২।৭০

বেমন সমস্ত নদ নদীর জলে পরিপূর্ণ মতল গন্থার সন্ত্রে বর্ষার বারিধারাও আসিয়া প্রবেশ করে, সেইরূপ শন্দাদি বিষয় সকল ত্বিত্রপ্রজ্ঞ পুরুষে প্রবিষ্ট হয় বটে, কিন্তু তাহাতে সে মহাত্মা কথনও বিক্ষোভযুক্ত না হইয়া বরং শান্তিই লাভ করিয়া থাকেন। করেণ, সাধারণ ব্যক্তিরা আমি, আমার, তোমার এই সকল ত্ব্যুখদায়ক জ্ঞানে পূর্ণ কিন্তু যোগী ব্যক্তি সর্বত্র যে আত্মা রহিয়াছে তাহার সহিত এক এবং তাহাতে "আমি" বা "আমার" এরূপ ভাব নাই।—তিনি অপরের স্থায়ই কার্য্য করেন কিন্তু সমস্ত কাম, সমস্ত লালসা বর্জন করিয়াছেন। তিনি পরম শান্তি লাভ করেন এবং বাহুদৃস্থে বিচলিত হন না; তিনি সেই একের ভিতর নিজের ক্ষুদ্র আমিত্ব নির্বাণিত করিয়া দিয়াছেন, সেই একত্বের

মধ্যে তিনি বাস করেন এবং মৃত্যুকালে সেই ব্রান্ধীস্থিতিতে থাকিয়া ব্রহ্মে নর্দ্ধাণ লাভ করেন।

> এষ। ব্রাহ্মী স্থিতিঃ পার্থ নৈনাং প্রাপ্য বিমুহুতি। স্থিতাস্থামস্থকালেংপি ব্রন্ধনির্বাণ্যুচ্ছতি ॥২।৭২

গীতায় এই যে নির্ন্ধাণের কথা বলা হইয়াছে ইহা বৌদ্ধমতামুখায়ী ভাত্মলোপ সাধন নহে; ব্যক্তিগত স্বতন্ত্র সন্তাকে সেই এক অনস্ত সন্তার বিরাট সত্যের মধ্যে ভুবাইয়া দেওয়াকে গীতাতে নির্ন্ধাণ বলা হইয়াছে।

এইরূপে সাংখ্য, বোগ ও বেদান্তকে স্ক্ষ্মভাবে মিশাইরাই গীতাশিক্ষার প্রথম ভিত্তি স্থাপিত হইরাছে। ইহা মোটেই সব নহে; কার্য্যতঃ জ্ঞান ও কর্ম্মের একত্ব সাধন যে অবশ্য প্রয়োজন তাহাই এখানে সাধিত ইয়াছে; আত্মার চরম পূর্ণতার যে তৃতীয় উপাদান—ভগবংপ্রেম ও ভক্তি, এপর্যান্ত কেবল তাহার সঙ্কেত মাত্র করা হইরাছে।

শ্রীঅরবিন্দের গীতা।

তৃতীয় খণ্ড।

(শ্রীঅরবিন্দের Essays on the Gita হুইতে অমুবাদিত)

মহবাদ্য— প্রীঅনিলবর্ক্তা রাস্ক্র।

선취하주~

প্রীবিভূতি ভূষণ রায়

গীতা—প্রচার কার্যালয়

১০৮/৪, মনোহর পুকুর রোভ, কালিঘাট,

কলিকাতা।

(मान् धरक्षे

णि, **এম, नाहे** (ब्रेडी-

७३, कर्न ५ प्राणिन ही है, कलिकार।।

টাউন আর্ট প্রেস হইতে শ্রীশরং চন্দ্র চট্টোপাধ্যায় দ্বারা মুজিত, ১২১।এ আপার সারকুলার রোড কলিকাতা।

তুই প্রকৃতি

গীতার প্রথম ছয় অধ্যায় নইয়াই গীতা-শিক্ষার প্রথম ভাগ রচিড হইয়াছে। ঐ প্রথম ভাগটি গীতা-কবিত সাধনা ও জ্ঞানের প্রাথমিক দেই ভাবেই গী**ভার বাকী দাদশ অধাায়কে ঘ**নিষ্ঠ সম্পর্কবিশিষ্ট তুইটি ভাগ রূপে লইয়া আলোচনা করা যাইতে পাবে। প্রথম ভাগের শিক্ষাকে ভিত্তি করিয়া এই ছই ভাগে গীতাশিক্ষার বাকী অংশ পরিকৃট করা হইয়াছে। গীতার সপ্তম অধ্যায় হইতে দাদশ অধ্যায় পর্যান্ত ভগবানের প্রকৃতি সম্বন্ধে মোটামৃটি একটা ভাত্তিক বর্ণনা দেওয়া হইয়াছে; এবং সেই বর্ণনাকে ভিত্তি করিয়া জ্ঞান ও ভক্তির নিগৃঢ় সমন্বয় করা হইয়াছে, ঠিক বেমন গীতার প্রথম ভাগে জ্ঞান ও কর্মের সমন্বয় করা হইছাছে।—গীতার সমন্বয়ের এই অবস্থায় মারাখানে একাদশ অধ্যায়ে বিশ্বরূপ দর্শনের বর্ণনার দারা এই সমন্বয়কে জীবস্ত ও পরিক্ট করিয়া তোলা হইবাছে; এবং ইহার সহিত জীবন ও কর্ম্মের সম্বন্ধ স্পষ্টভাবে দেখাইয়া দেওয়া হইয়াছে। এইরূপে সমন্ত শিক্ষাটীকে পুনরায় ঘুরাইয়া অর্জ্নের গোড়াকার প্রশ্নে লইয়া আদা হইয়াছে;—বান্তবিক অর্জুনের সেই প্রথম প্রশ্নই গীতার সমগ্র শিক্ষার কেন্দ্র এবং গীতা ঘুরিয়া ঘুরিয়া সেই প্রশ্নটীরই চূড়াস্ত মীমাংশা করিয়াছে। পরে অযোদশ অধাায় হইতে গীতা পুকর ও প্রকৃতির প্রভেদ করিয়া গুণত্তম্বের ক্রিয়া, গুণাতীত হওয়া, নিষাম কর্ম কেমন জ্ঞানে পরিণত হইয়া ভজির সহিত মিলিভ হয়—জ্ঞান, কর্ম, ভজি এই তিন মিলিয়া এক হয় –এই সব স্বত্তে নিজের মত পরিস্কৃট

প্রীঅরবিন্দের গীতা

করিয়াছে; এবং সেধান হইতে ভাহার শিক্ষার মহান্ চূড়াস্ত কথার উঠিয়াছে, বিশ্বপ্রভূ ভগৰানে আত্মসমর্পণের গুঞ্তম রহস্ত ব্যক্ত করিয়াছে।

গীতার এই দ্বিতীয় থণ্ডে কথাগুলি যেমন সহজ ও সংক্ষিপ্তভাবে বলা হইয়াছে, প্রথম খণ্ডে সেরপ দেখা যায় না । যে সকল সংজ্ঞার দারা মূল স্ত্যটি ব্ঝিবার স্থত্ত পাওয়া যায়, প্রধম ছয় অধ্যায়ে সে সব সংজ্ঞা দেওয়া হয় নাই; সংশয় সকল যেমন উঠিয়াছে তেমনিই ভাচাদের সমাধান করা হইয়াছে। সেধানে গীতার শিক্ষাটি যেন একট কটে স্টে অগ্রসর হইয়াছে এবং অনেক কথা ঘুরাইয়া ফিরাইয়া ৰলা হইয়াছে । অনেক এমন কথা আসিয়া পড়িয়াছে, যাহাদের সার্থকতা স্পষ্ট বুঝা যায় না ।—কিন্তু এই দ্বিতীয় থতে মনে হয়, আমর। যেন আরও পরিষ্কার ভূমি পাইয়াছি। এখানে কথাগুলি আর তেমন चानगा चानगा नरह,—साखाञ्चिक, म्लेहे. मःकिश ভাবেই বলা হইয়াছে । কিন্তু, আবার এই সংক্ষিপ্ততার জন্মই এখানে ভলের সম্ভাবনা বেশী; এবং যাহাতে প্রকৃত অর্থটা হারাইয়া না ফেলি সেজ্জ আমাদিগকে এখানে খব সাবধানতার সহিতই অগ্রসর হইতে হইবে । কারণ, এপানে আর আমরা বরাবর মানসিক ও আধ্যাত্মিক উপলব্ধির নিশ্চিত ভূমির উপরে নাই । এখানে অত্যাচ্চ আধ্যাত্মিক সভাকে, এমন কি, বিশাভীত সভাকেও এমন ভাবে বর্ণনা করা হুইয়াছে, যেন তাহা মন-বৃদ্ধির গোচর হুইতে পারে । এরপ তাত্ত্বিক (metaphysical statement) বৰ্ণনাৰ মুদ্ধিৰ এই যে, যাহা বাস্তবিক অনন্ত. অসাম, তাহাকে সংজ্ঞার মধ্যে বাধিবার চেটা করিতে হয়, সসীম সাস্ত মনের গোচর করিবার চেষ্টা করিছে হয়। এরপ চেষ্টা कता मत्रकात हम वर्ष. किन्ह, हेश कथनहे दबन मरखावजनक इहेरज পারে না, চরম ও সম্পূর্ণ হইতে পারে না। উচ্চতম আধ্যাত্মিক স্ত্যকে জীবনের মধ্য ফুটাইয়া তুলিতে পারা যায়, দর্শন করিতে পারা যায়; কিন্তু তাহার বর্ণন। কেবলমাত্র আংশিক ও অসম্পূর্ণই হইতে পারে। আধ্যাত্মিক ব্যাপারের বর্ণনা করিতে উপনিষদ যে পদ্ধতি ও ভাষা অবলম্বন করিয়াছে, এ-সব বিষয়ে কেবলমাত্র তাহাই मभौठीन । উপনিষদ अवार्ध क्रथक ও উপমা ব্যবহার করিয়াছে, মানসিক বৃদ্ধির উপযোগী সংজ্ঞা বাঁধিবার চেষ্টা না করিয়া সোজাত্মজী প্রত্যক্ষদর্শনের ভাষা প্রয়োগ করিয়াছে; এবং কথাগুলিকে অসীম ব্যঞ্জনা ও আভাষের দ্বারা সত্যের সঙ্কেত করিতে ছাডিয়া দিয়াছে। কিছ্ক, গীতা এরপ পদ্ধতি অবলম্বন করিতে পারে নাই; কারণ, মনের সংশয়, বৃদ্ধির সংশয় দুর করাই গীতার উদ্দেশ্য। মনের যে অবস্থায় বুদ্ধির মধ্যেই দ্বন্দ উপস্থিত হয়, বুদ্ধি কোন সিদ্ধান্তে উপনীত হইতে পাবে না, অথচ আমাদের ভাব ও প্রেরণার মধ্যে বিরোধগুলির সমাধান করিতে সেই বৃদ্ধিকেই সালিশ মানিতে হয়, সেই অবস্থার প্রয়োজনকে লক্ষ্য করিয়াই গীতার শিক্ষা কথিত হইয়াছে। বৃদ্ধিকে এমন সত্যে লইয়া ষাইতে হইবে যাহা বৃদ্ধির উপরে; বিদ্ধুর নিজের পদ্ধতি, নিজের ধরণ অমুসারেই তাহাকে চালাইতে হইবে। গীতা যে মীমাংদা দিয়াছে, অস্তর্জীবনের নিগৃঢ় আধ্যাত্মিক রহস্তের উপর তাহার ভিত্তি। সে ভিত্তি সম্বন্ধে বৃদ্ধির কোন অভিজ্ঞতা নাই। অতএব, দেই মীমাংদার দার্থকতা দম্বন্ধে বুদ্ধিকে তুষ্ট করিতে হইলে, জীবনের যে সকল সভাকে অবলম্বন করিয়া ঐ মীমাংসা করা হইয়াছে, তাহাদের একটা যুক্তিযুক্ত বর্ণনা দেওয়া আবশ্যক।

এ পর্যান্ত যে সকল সত্যের উল্লেখ করিয়া গীতা আপনার মত সমর্থন করিয়াছে, অর্জুনের বৃদ্ধির কাছে সেগুলি একবারে

এঅরবিন্দের গীতা

নুতন নহে; এবং দেগুলি কেবল গোড়ার কথা। প্রথমে, আত্মার (the self) সহিত প্রকৃতিম জীবের প্রভেদ করা হইছে। এই প্রভেদের দারা দেখান হইয়াছে যে, যতক্ষণ এই প্রকৃতিত্ব জীব (individual being in nature) অহন্ধারের ক্রিয়ার মধ্যে বন্ধ. ততক্ষণ সে গুণত্তরের অধীন থাকিবেই; মামুষের মন-বৃদ্ধির যে ক্রিয়া তাহার দেহ, ইক্রিয়, প্রাণের যে ক্রিয়া, সে-সব এই গুণত্রয়ের সত্ত, রজঃ, তমের অস্থির খেলা ভিন্ন আর কিছুই নহে। গণ্ডীর মধ্যে কোনই সমাধান নাই।—প্রকৃত সমাধান পাইতে হইলে এই গণ্ডী ছাডাইয়া উঠিতে হইবে: এই ত্রিগুণময়ী প্রকৃতির উপরে উঠিয়া শাস্ত, স্থির, অকর আত্মাতে—ব্রন্ধে পৌছিতে ইইবে: কারণ তথনই মাতুষ সকল অনর্থের মূল অহস্কার ও বাসনার ক্রিয়াকে অতিক্রম কারবে । কিন্তু, এইভাবে মাছুষ কি একেবারে নিজিয়তায় উপনীত হইবে না ? প্রক্ষতির বাহিরে ত কোথাও কর্ম শক্তি নাই. কর্মের কোনও প্রয়োজন বা প্রেরণা নাই; কারণ, অফর ব্রহ্ম নিজিয়.—সকল বস্তু, সকল কর্ম, সকল ঘটনার প্রতি সম ও নিরপেক। এইজন্মই গীতা যোগশাস্ত্রোক্ত ঈশ্বরতত্ত্বের অবতারণা করিয়াছে,— क्रेब्र সকল কর্মের, সকল যজের প্রভূ। গীতা এখানে স্পষ্টভাবে না বলিলেও ইকিত করিয়াছে যে, এই ঈশ্বর অক্ষর ব্রহ্মেরও উপরে এবং ঈশবের মধ্যই বিশ্বলীলার।নিগৃত রহস্ত নিহিত আছে । অভএব ব্রহ্ম বা আত্মার ভিতর দিয়া ঈশবে উঠিতে পারিলেই কর্মের বন্ধন হইতে আধ্যাত্মিক মৃক্তিলাভ করা যায়, অথচ প্রকৃতির মধ্য কর্ম করা যায় । কিন্তু, এই যে পরমেশ্বর দিবাগুরুরূপে দিবাদার্থিরূপে এখানে অবতীর্ণ হইয়াছেন, ইনি কে এবং আত্মা বা ত্রন্ধের সহিত এবং প্রকৃতিস্থ জীবের সহিত ইহাঁর সম্বন্ধই বা কি, তাহা এখনও প্রকাশ করিয়া বলা হয় নাই । আর, ঈশরের ইচ্ছা হইতে কর্মের যে প্রেরণা আদে, তাহা ত্রিগুণময়া প্রকৃতির প্রেরণা হইতে ভিন্ন কিনে, তাহাও এখনও পরিক্ট হয় নাই । এবং যদি উহা ত্রিগুণময়া প্রকৃতিরই প্রেরণা ভিন্ন আর কিছু না হয়, তাহা হইলে উহার অফুসারে কর্মা করিয়া জীব গুণত্রয়ের বন্ধন কেমন করিয়া এড়াইবে? তাহা হইকে যে মুক্তির ভরসা দেওরা হইতেছে, তাহা কি মিথাা বা অসম্পূর্ণ হইবে না ? ভগবানের যেটা ক্রিয়ার দিক তাহাই প্রকৃতি, শক্তি, nature; তাহা হইতেই ইচ্ছা বা প্রেরণার উদ্ভব । তাহা হইলে ত্রিগুণময়া প্রকৃতি ছাড়াও তাহার উপরে কি আর কোনও প্রকৃতি আছে? অহকার, বাসনা, মন, ইন্দ্রিয়, বান্ধ, প্রাণের আবেগ—এই সব ব্যতাত কর্ম্মের, ইচ্ছার, বান্তব স্কটির কি আর কোন শক্তি আছে?

এখনও এই সন্দেহ ও অনিশ্চয়তা রহিয়াছে । অতএব দিব্যকর্মের
ভিত্তি হইবে যে জ্ঞান, সেই জ্ঞান আরও পূর্ণভাবে এখন বুঝাইয়া
দেওয়া আবশ্রক । সকল কর্মের মৃল উৎস ভগবান সম্বন্ধে পূর্ণ সমগ্র
জ্ঞানই এইরপ দিব্য-কর্মের ভিত্তি হইতে পারে । সেই জ্ঞান লাভ
করিয়া কন্মী ভগবানের সম্ভাতেই !মৃক্ত হন; কারণ, তিনি সেই মৃক্ত
আত্মাকে জানেন, যাহা হইতে সকল কর্মের উৎপত্তি; এবং তাহার
মৃক্তিতে মৃক্তি লাভ করেন । তাহা ছাড়া, এই জ্ঞান হইতে এমন
আলোক পাওয়া চাই, যেন গীতার প্রথম ভাগের শেষে যে কথা বলা
হইয়াছে, তাহার সার্থকতা বুঝিতে পারা যায় । আধ্যাত্মিক চেতনা
ও কর্মের সকল প্রেরণার উপরে ভক্তির ত্মান কেমন করিয়া হয়, এই
জ্ঞানের মধ্যেই ভাহার সমর্থন পাওয়া যাইবে। এই জ্ঞান হইবে সেই
পরমেশ্রের, সেই সর্ম্বভ্তমহেশ্রের, যাঁহার নিকটে জীব পূর্ণ

সমর্পণের সহিত নিজেকে নিবেদন করিতে পারে।—এই পূর্ণ আত্ম-নিবেদনই সকল প্রেম ও ভক্তির চূড়ান্ত—গুরু এইরূপ জ্ঞান দিবারই প্রস্তাব সপ্তম অধ্যায়ের প্রথম শ্লোকগুলিতে করিলেন। এইখান इटेर्ड य उच्चाथात रुख्यां इटेन, जाहारे गैजात वाकी ष्यरम ক্রমশঃ পরিকৃট হইয়াছে। তিনি বলিলেন—"আমাতে মন লাগাইয়া এবং আমাকে আশ্রয় করিয়া (অর্থাৎ আমাকে তোমার সমস্ত চেতনা ও কর্মের একমাত্র ভিত্তি ও অবলম্বন করিয়া) যোগ সাধনা করিলে তুমি সম্পূর্ণ নিঃসন্দেহ হইয়া সমগ্রভাবে আমাকে যেমন জানিতে পারিবে তাহা व्यवन करा कान किছ वाकी ना ताविशा, कान किছ वान ना निश আমি ভোমাকে বিজ্ঞানসহ এমন জ্ঞান বলিব, যাহা জানিলে এখানে তোমার অবিদিত আর কিছুই থাকিবে না।" (সপ্তম অধ্যায় ১--২)। এখানে সমগ্র জ্ঞান দিবার যে প্রস্তাব করা হইল, তাহার তাংপর্যা এই বে, বাস্থদেব: সর্বাম, ভগবানই সব ; অতএৰ ভগবানকে যদি তাঁহাৰ সৰ मखाम এवः नव मिक्टि जानिए भाता याम, जाहा इहेरन नवहे जानी ষায়। কেবল শুদ্ধ আত্মাকে নহে, পরন্ধ জগংকে, কর্মকে, প্রকৃতিকেও জান। যায়। তথন আর এথানে জানিতে কিছুই বাকী থাকে না; कांत्रण, नवरे दनरे जगवान। जामात्मत्र ज्ञान वशात्न वक्रण नम्य नत्र, এখানে জ্ঞান ঘল্মায় মন ও বুদ্ধির উপর নিভরি করে, অহঙারের দারা প্রতিত হয়। কেবল সেই জ্ঞাই মনের দ্বারা যাহা আমারা উপলব্ধি করি, তাহা অজ্ঞান ভিন্ন আর কিছুই নহে। এই মানসিক দল্ম ও অহ্বার হইতে মৃক্ত হইয়া আমাদিগকে সত্য অথও জ্ঞান লাভ করিতে इहेर ; এवः हेशव इही हिक आहि—जान ও विज्ञान। मृत उद्दर्क জান।—জান; মূলতত্ত্বের বিকাশকে সর্ব্বতোভাবে জানাই বিজ্ঞান। পরম ভাগবত সভার আধ্যা ত্মিক উপলবিই জ্ঞান এবং প্রকৃতি

প্রিভৃতি রূপে বিশ্বদীলার মাঝে ভগবানের যে আত্মপ্রকাশ হইয়াছে,লে সম্বন্ধে নিগৃত সত্যজ্ঞানই বিজ্ঞান। ইহার দ্বারা যাহা কিছু আছে সকল জিনিষেরই দিব্য উৎপত্তি এবং তাহাদের প্রকৃতির চরম সত্য জানিতে পারা যায়। গীতা বলিয়াছে এইরূপ পূর্ণ, সমগ্র জ্ঞান স্বত্র্যভ্

> মন্থয়াণাং সহমেষ্ কশ্চিদ্যততি সিদ্ধরে। যততামপি সিদ্ধানাং কশ্চিমাং বৈত্তি তত্তঃ ॥৭।৩

"সহল সহল মহয়ের মধ্যে কচিৎ তুই এক জন সিদ্ধিলাভে বছুৰীল হয়। আবার যাহারা এরূপ যত্ন করে এবং সিদ্ধিলাভ করে, তাহাদের মধ্যে কচিং তুই একজন তত্ত্বতঃ আমাকে জানে (knows me in all the principees of my existence)।

এই সমগ্র জ্ঞানের ভিত্তি স্বরূপ গীতা প্রথমেই তুই প্রকৃতির, প্রাতিভাসিক (phenomenal) প্রকৃতি ও আধ্যাত্মিক (spiritual) প্রকৃতির মধ্যে প্রভেদ করিয়াছে। এই প্রভেদের উপরেই কার্ব্যতঃ ক্ষীতার সমস্ত যোগপ্রধালী প্রতিষ্ঠিত।

ভূমিরাপোহনলো বায়ু: খং মনো র্ছিরেব চ।
আহংকার ইতীয়ং মে ভিন্না প্রকৃতিরষ্টধা ॥৭।৪
আপরেয়মিতন্ত্ আং প্রকৃতিং বিদ্ধি মে পরাম্।
জীবভূতাং মহাবাহো যয়েদং ধার্যতে জগৎ ॥৭।৫

—"পঞ্চত (জড়সন্তার পঞ্চ অবস্থা), মন, বৃদ্ধি, অহলার, ইহাই
আমার অন্তথা ভিন্ন প্রকৃতি। ইহা অপরা; কিন্তু, ইহা হইতে বিভিন্ন
আমার অন্ত এক প্রকৃতি আছে জানিও। তাহা পরা-প্রকৃতি। তাহাই
জীব হইয়াছে এবং এই জগৎকে ধরিয়া রাখিয়াছে।" তত্ত্বর্ণনায় এইটিই
গীতার প্রথম নৃতন কথা। ইহার সাহায়েই গীতা সাংখ্যদেশনের মন্ত
হইতে আরম্ভ করিয়াও সাংখ্যকে অভিক্রম করিতে পারিয়াছে; এবং

নাংখ্যের বাক্যগুলিকে রাখিয়াও তাহাদের ব্যাপক ও বৈদান্তিক অর্থ দিতে পারিয়াছে। গীতা যে অষ্ট্রধা প্রকৃতির বর্ণনা দিয়াছে, তাহাতে बरिशाह किंछि ज्यांनि श्रक्कि, विकिन्न टेक्सिश्गनगर मन, बुक्ति এবং অহমার। গীতার এই বর্ণনা সাংখ্যেরই প্রকৃতির বর্ণনা। সাংখ্য এইখানেই থামিয়াছে এবং এইখানে থামিয়াছে বলিয়াই সাংখ্য আত্মা ও প্রকৃতির মধ্যে অগভ্যা ব্যবধান তুনিতে বাধ্য হইয়াছে। সাংখ্যকে विनिष्ड श्रेमार ए, এই दूरेि मण्पूर्व विভिन्न व्यापि वस्त (primary entities)। গীতাও যদি এইখানে থামিত তাহা হইলে গীতাকেও আত্মা ও বিশ্বপ্রকৃতির মধ্যে অনতিক্রমনীয় বিরোধ স্বীকার করিতে হইড; এবং তাহা হইলে বিশ্বপ্রকৃতি হইত কেবল ত্রিগুণমন্ত্রী মায়া; এবং এই বিশ্বপ্রপঞ্চ হইত কেবল মান্নার খেলা, আর কিছুই নহে। কিছ, আরও কিছু আছে—এক উচ্চতর তত্ত্ব, এক আধ্যাত্মিক প্রকৃতি খাছে, প্রকৃতিং বিদ্ধি মে পরাম। ভগবানের এক পরমা প্রকৃতি আছে : তাহাই বিশ্বজগতের প্রকৃত মূল—আন্তা সম্ভনী শক্তি ও কর্মশক্তি। নীচের অজ্ঞান অপরা প্রকৃতি দেই পরা-প্রকৃতি হইতেই উদ্ভূত, তাহারই অন্ধকার ছায়া মাত্র। এই উচ্চতম লীলান্তরে পুরুষ ও প্রকৃতি এক। সেখানে প্রকৃতি পুরুষেরই ইচ্ছাশক্তি ও কর্মশক্তি ভিন্ন আর কিছুই নহে ; প্রকৃতি পুরুষেরই লীলার দিক-পুরুষ হইতে স্বতম্ন কোন বন্ধ নহে,--পুরুষই স্বয়ং শক্তিরূপে আবিভূত।

এই পরা-প্রকৃতি ভগবানের শক্তিরূপে কেবল যে বিশ্বলীলার মধ্যে অক্সন্থাত রহিয়াছে, তাহা নহে। কারণ, তাহা হইলে যে সর্বব্যাপী আত্মা নিক্রিয়ভাবে সর্বব্রেই বিরাজ করিতেছে, সকল জিনিয়ের মধ্যে রহিয়াছে, সকলকেই ধরিয়া আছে, বিশ্বলীলা চলিতে একভাবে বাধ্য করিতেছে অথচা নিজে কিছুই করিতেছে না, সেই নিক্রিয় আত্মার

সহিত এই পরা-প্রকৃতির কোন প্রভেদই থাকিত না। এই পরা-প্রকৃতি সাংখ্যের অব।ক্ষণ্ড নহে। ব্যক্ত অষ্টধা প্রকৃতির আদি অপ্রকাশিত বীজ অবস্থাই সাংখ্যের অব্যক্ত। সাংখ্যের মতে তাহাই প্রকৃতির একমাত্র মূল সম্বনী-শক্তি। তাহা হইতেই প্রকৃতির বিভিন্ন যন্ত্র ও ক্রিয়াশক্তির উদ্ভব। আবার অব্যক্ত তম্বকে বৈদান্তিক মতে ব্যাখ্যা করিয়া বলিলে চলিবে না যে, অব্যক্ত ব্রহ্ম বা আত্মার মধ্যে যে শক্তি বন্ধ ও নিহিত রহিয়াছে, যাহা হইছে বিশ্বের উত্থান হইছেছে, যাহাতে বিশের লয় হইতেছে, তাহাই এই পরা-প্রকৃতি। পরা-প্রকৃতি জাহা বটে, কিন্তু তাহা ছাড়া আরও অনেক অধিক : কারণ সেটি পরা-প্রকৃতির নান। আধ্যাত্মিক অবস্থার মধ্যে কেবল একটি অবস্থা। আত্মা ও জগতের পশ্চাতে প্রমেশ্বরের যে চিৎশক্তি রহিয়াছে, তাহাই পরা-প্রকৃতি। ব্লকর পুরুষে ইহা আত্মার মধ্যে নিমজ্জিত। ইহা দেখানে রহিয়াছে কিছু কর্ম করিতেছে না, নিবৃত্তিতে রহিয়াছে। ক্ষর পুরুষে এবং জগতে ইহা কর্মে বি গতি হই রাছে, -প্রবৃত্তি। দেখানে প্রকটশক্তিরপে থাকিয়া উহা আত্মার সন্তার মধ্যে সর্বভৃত্তির বিকাশ করিতেছে এবং তাহাদের মধ্যে তাহাদের অন্তরতম আধ্যাত্মিক প্রকৃতিরূপে আবিভূতি হইতেছে, তাহাদের বাহু ও আভ্যম্বরীন ঘটনা সমূহের পশ্চাতে স্থায়ী সভ্যরূপে বিরাজ করিতেছে। উহাই ভূত সকলের আবির্ভাবের মূল গুণ ও শক্তি. তাহাদের বাহ্ন-প্রকাশের পশ্চাতে অস্তরতম সভা এবং দিব্যশক্তি। সন্তাদি গুণের যে দ্বন তাহা এই পরা-প্রকৃতি হইতেই উৎপন্ন नौচের খেলা, সুল খেলা। নামরপের এদৰ খেলা, নীচের প্রকৃতির—মন, প্রাণ ইদ্রিয়, বৃদ্ধির খেলা, এগব কেবল প্রাতিভাগিক ঘটনা, phenomenon। ঐ আধ্যাত্মিক শক্তি পশ্চাতে না থাকিলে এই প্রাতিভাসিক ঘটনা কখনই সম্ভব হইত না। এ শক্তি হইতেই এ-সব উঠিয়ছে, উহার মধ্যেই রহিয়াছে, এবং কেবল উহার ঘারায় চলিতেছে। আমরা যদি শুধু এই প্রাতিভাসিক প্রকৃতির (phenomenal nature) মধ্যেই থাকি এবং এই প্রাতিভাসিক প্রকৃতি বস্তু সকলকে যেমন দেখায় শুধু তেমনি ভাবেই দেখি তাহা হইলে আমাদের কর্ম-জীবনের প্রকৃত সত্যাট আমরা ধরিতে পারিব না। প্রকৃত সত্য হইতেছে এই আধ্যাত্মিক শক্তি, এই দিব্য প্রকৃতি, সকল বস্তুর অস্তুরে এই আধ্যাত্মিক শুণ, এই দিব্য প্রকৃতি, সকল বস্তুর অস্তুরে এই আধ্যাত্মিক গুণ; অথবা বলা যাইতে পারে, যে আত্মার মধ্যে বস্তু সকল রহিয়াছে, যাহা হইতে তাহারা তাহাদের সকল শক্তি এবং কর্মের বীজ পাইতেছে, ইহা সেই আত্মারই অস্তুরতম শুণ। সেই সভাকে, শক্তিকে, গুণকে যদি আমরা ধরিতে পারি, তাহা হইলেই আমাদের জীবনের গিব্য নীতিটি ধরিতে পারিব; কেবল জীবনের অ্জ্ঞান খেলায় মগ্র না থাকিয়া, জ্ঞানের মধ্যেই ইহার যে মূল প্র সার্থকভা আছে, তাহার সন্ধান পাইব।

এখানে যে ভাবে গীতার অর্থ বর্ণনা করা হইল, তাহা আমাদের বর্তমান চিস্তাধারার, আধুনিক ধ্যান-ধারণার উপযোগী। কিন্তু, গীতা পরা প্রকৃতির যেরপ বর্ণনা দিয়াছে, ভাহা অহুধাবন করিলে আমরা ব্রিতে পারিব যে, গীতা বস্তুত: এই কথাই বলিয়াছে। কারণ, প্রথমত: শ্রীকৃষ্ণ বলিয়াছেন, এই উপরের প্রকৃতি আমারই পরা-প্রকৃতি, প্রকৃতিম্ মে পরাম্। এখানে ''আমি'' বলিতে ব্যাইতেছে প্রুষোভ্যম, পরমেশ্বর, পরমাত্মা, বিশাতীত এবং বিশ্ব্যাপী আত্মা। এই পরমাত্মার আদ্যা ও সনাতনী প্রকৃতি এবং ইহার বিশাতীতা এবং স্কৃত্তির মৃল্যরপা শক্তি—ইহাকেই পরা-প্রকৃতি বলা হইরাছে।

কারণ, শ্রীকৃষ্ণ প্রথমে তাঁহার প্রকৃতির ক্রিয়াশীলা শক্তির দিক হইতে বিশ্বস্টির কথা বলিয়াছেন, ''এতদ খোনিনী ভূতানি'—এই প্রকৃতি হইতেই সর্বভূতের উৎপত্তি। এবং এই স্লোকেরই দিতীয় পদে সকল স্ষ্টির মূল আত্মার দিক হইতে বিশ্বস্টির কথা বলিয়াছেন—"অহং ক্বংল্লন্ত জগতঃ প্রভবঃ প্রকারন্তবা," "আমিই নিধিল জগতের উৎপত্তির ন্তুল, আবার আমাতেই ইহার লয় হয়। আমা অপেকা বড়, আমার উপরে আর কিছুই নাই"। অতএব এখানে পরমাত্মা পুরুষোত্তম এবং দর্বোত্তমা প্রকৃতি পরা-প্রকৃতিকে একই করা হইয়াছে। এখান হইতে বঝা যায় যে, তাহারা একই সভ্যের কেবল তুইটা দেখিবার ভক্ষী মাত্র কারণ কৃষ্ণ যে বলিলেন—"আমিই জগতের উৎপত্তির স্থান, লয়েরও স্থান," তাঁহার পরা-প্রকৃতিই যে এই ছুই স্থান তাহা বেশ বুঝা যায়। ভগবান তাহার অনন্ত চেতনাম্বরপেই প্রমাত্মা এবং প্রামাত্মার অনন্ত শক্তি ও ইচ্ছাই পরা-প্রকৃতি,—পরমাত্মা তাঁহার অনম্ভ চেতনার অন্তর্গত নিবা তেজ এবং দিবা কর্ম স্বরূপেই পরা-প্রকৃতি। পরমাত্মার মধ্য হইতে এই চিংশক্তির বিবর্ত্তন ও বিকাশ (the movement of evolution), পরা-প্রকৃতি জীবভুতা, কর-জগতে ইহার লীলা— ইহাই সৃষ্টি, প্রভব:; ক্রিয়াশক্তির প্রত্যাহারে অক্ষরের মধ্যে এই লীলার সংহরণ, প্রমান্তার আত্মন্ত শক্তিতে অবস্থান—ইহাই প্রদায় 🕨 তাংশ হইলে পরা-প্রকৃতি বলিতে প্রথমত: ইহাই বুঝাইভেছে।

অতএব পরা-প্রকৃতি হইতেছে অনাদি ভাগবত সন্তার সেই অনস্ত কালাতীত চিংশক্তি, যাহা হইতে জগতের যাবতীয় বস্তু প্রকাশিত হইয়াছে এবং কালাতীত অবস্থা হইতে কালের মধ্যে বাহির হইয়াছে। কিন্তু জগতে এই বিচিত্র বহুমুখী বিশ্বলীলাকে ধারণ করিবার জ্ঞা অধ্যাত্ম সন্তার প্রয়োজন; তাই পরা-প্রকৃতি জীবরূপে আবিভৃতি

रहेबाए, कीबकुला यहामः धार्याटक कार। हेशहे बानाकारत वना যায়, পুরুষোত্তমের নিত্য, সনাতন বছধা আত্মা জগতে সমস্ত নামরূপের মধ্যে ব্যক্তিগত অধ্যাত্ম সন্তারণে আবিভূত হইয়াছে। এক অধণ্ড পরমাত্মার জীবনেই জগতের যাবতীয় বস্তু অমুপ্রাণিত। সেই এক পুরুষের সনাতন, বছধা স্বরূপই সকলের ব্যক্তিত্ব, কর্ম ও নামরূপকে ধারণ ক্রিয়া রহিয়াছে। আমাদিগকে সতর্ক হইতে হইবে যেন আমরা না ভাবি যে, কালের মধ্যে যে-জীব প্রকাশিত হইয়াছে তাহা এবং পরা-প্রকৃতি এমনভাবে এক যে পরা-প্রকৃতি জীব ভিন্ন আর কিছুই নতে; উহা ভুধুই প্রকাশস্বরূপ কিন্তু সংস্বরূপ নহে। প্রমাত্মার পরা-প্রকৃতি কখনও এই প্রকার হইতে পারে না। কালের মধ্যে যধন প্রকাশের দীলা চলিতেছে তথনও পরা-প্রকৃতি ইহা মপেকা আরও বেশী কিছু; নতুবা জগতে উহার সত্তা কেবল বহুধাই হইত, জগতে একত্বের স্বরূপ থাকিত না। গীতা তাহা বলে নাই; গীতা বলে নাই েযে, পরা-প্রকৃতি তাহার মূল সন্তায় জীব, জীবাত্মকম্। গীতা বলিয়াছে, পরা-প্রকৃতি জীব হইয়াছে, জীবভূতম ; এবং এই কথা হইতেই বুঝা যার যে, জাবরূপে আবিভাবের পশ্চাতে পরা-প্রকৃতি মূলত: আরও बिहू, बात्र उक्त मुखा,-- हेश এक भन्न बाजान के कन्न । भारत वना इहेरव रय, जीव जेस्द्र, किन्तु जाः निक श्रकाणत्राप जेस्द्र, मरेमवाः । এমন কি জগতে যত জীব বহিয়াছে কিয়া অসংখ্য জগতে যত व्यमःथा कीव तरिवाह, त्मरे मव मिनिवास भूग जनवान नहर,-কেবলমাত্র সেই এক অনজের আংশিক প্রকাশ। তাহাদের মধ্যে এক অবিভক্ত বন্ধ যেন বিভক্ত হইয়া রিরাজ করিতেছেন,—অবিভক্তঞ ভূতের বিভক্তমিব চ স্থিতম। একম্ব উচ্চতর সত্য, বছম্ব তাহার নীচের সত্য, যদিও উভয়েই সত্য এবং উভয়ের কোনটাই মিখ্যা। ভ্রম নহে।

এই অধাতা প্রকৃতির একত্বের ছারাই জগৎ বিধৃত, যয়েদং ধার্ঘাতে জাণ: -- যেমন ইহা হইতেই সর্বভিত্তসহ জগতের উৎপত্তিও হইয়াছে, এতদযোনীনি ভূতানী, এবং ইহাই প্রশয়কালে সর্বভূতসহ সমগ্র জগৎকে নিজের মধ্যে টানিয়া লয়.— মহং কংমস্তা জগতঃ প্রভবঃ প্রসম্ভবা। কিন্তু, পরমাত্মার মধ্যে এই যে সৃষ্টি,স্থিতি ও লয়ের লীলা চলিতেছে,এই লীলায় জীবই বছুত্বের ভিত্তি। ইহাকে বছুধা আত্মা বলিতে পারা যায়। অথবা জগতে আমরা যে বছত্ব দেখিতে পাই. জীবই তাহার আত্মা-ইহা বলিলেই বোধ হয় আরও ভাল হয়। এই জীব মন স্ত্রায় স্কল সম্বেই ভগবানে স্থিত এক: কেবল লীলাশক্তিতেই ইহা ভগবান হইতে বিভিন্ন, বিভিন্ন বলিতে ইহা বুঝায় না যে,জীব আদৌ ঐ শক্তি নহে পরম্ভ ইহাই বুঝায় যে, জীব সেই একই শক্তিকে খাংশিক বছধা ব্যষ্টিগত কর্মে ধরিয়া আছে। অতএব সকল বস্তু আদিতে. অন্তে এবং স্থিতিকালেও, দেই পরমাত্ম। সকলেরই মূল প্রকৃতি পরমাত্মার স্বরূপ, অখ্যাত্ম প্রকৃতি। কেবল নাচের বিশেষ লীলাভেই মনে হয় যেন তাহার। পরমাত্ম। হইতে বিভিন্ন; মনে হয় শরীর. প্রাণ, মন, বৃদ্ধি, অহঙ্কার এবং ইন্দ্রিয়ণণই বৃঝি তাহাদের প্রকৃত স্বরূপ। কিন্তু, এদব বাহিরের গৌণ প্রকাশ মাত্র,—ইহারা আমানের প্রকৃতির এবং আমাদের জীবনের নিগৃত সভ্য নহে।

ভাহা হইলে ভগবানের পরা প্রকৃতি বিশের অতীত, জগতের এক মূল সত্য ও শক্তি; আবার সেই পরা-প্রকৃতিইবিশ্বমাঝে প্রকাশলীলার মূল ভিত্তি-স্বরূপ অধ্যাত্ম সত্য। কিন্তু তাহা হইলে এই রা-প্রকৃতির সহিত নীচের প্রাতিভাসিক প্রকৃতির, অপরা-

প্রকৃতির সম্বন্ধের স্থাত্ত কোথায় ? কুষ্ণ বলিলেন,এ সব, এথানে যাহা কিছু আছে দে সমুদারই, আমাতে হতে মণিগণের স্থায় গ্রথিত, ময়ি সর্কমিদং (৩) প্রোতং স্তত্তে মণিগণা হইব। কিন্তু ইহা কেবল একটি উপমা, ইহাকে বেশী টানা চলে না; কারণ, মণিগণ স্থুত্তের দ্বারা এক দক্ষে গ্রথিত থাকে মাত্র। স্থুত্তের সহিত তাহাদের একত্ব বা অন্ত কোন সমন্ধ নাই, কেবল সেইটিকে অবলম্বন করিয়া মণিগণ পরস্পাৰের সহিত সংযুক্ত হইয়া রহিয়াছে। **শত**এব উপমা ছাড়িয়া দিয়া মূল জিনিষ্টিকে বুঝিবার চেষ্টা করা ষাক। প্রমাত্মার পরা-প্রকৃতি, তাঁহার সহার অনন্ত চিৎশক্তি, যাহা আত্মবিদ, সর্ববিদ, সর্বজ্ঞ, তাহাই এই প্রাতিভাসিক জগতের বস্ত সকলকে পরস্পরের সহিত সম্বন্ধ করিয়া রাখিয়াছে, তাহাদের মধ্যে অফুপ্রবিষ্ট হইয়া রহিয়াছে, তাহাদের মধ্যে থাকিয়া, তাহাদিগকে ধরিয়া রাখিয়া সকলকে একতা সাজাইয়া এই বিশ্বপ্রপঞ্চ নির্মাণ করিয়াছে। এই এক পরা-শক্তি সকলের মধ্যে যে এক পরম বস্তু ম্বরূপ আবিভূতি হয় কেবল তাহাই নহে; পরন্ত প্রত্যেকের মধ্যে জীবরূপে, ব্যষ্টিগত অধ্যাত্ম সত্তারূপে আবিভূতি হয়, আবার প্রকৃতির সকল গুণের সার সম্ভারপেও স্বাবিভূত হয়। তাহা হইলে স**কল বাক্ত** রণের পশ্চাতে ইহারাই গুপ্ত অধ্যাত্ম শক্তি। এই সর্বব্যেত্তম গুণ ত্রিগুণের ক্রিয়া নহে: ত্রিগুণের খেলা গুণের অভিব্যক্তি মাত্র, ইহার অধ্যাত্মিক দারদত্তা নহে। বস্তুত:-ইহা হইতেছে এই

⁽৩) জগৎলীশার যাহা প্রকাশিত হইয়াছে, সমগ্রভাবে সেই সম্দায়কে বুঝাইতে উপনিষদে সাধারণতঃ "সর্কমিদং" এই বাক্য ব্যবহৃত ইইয়াছে।

সব বাহ্যিক পরিবর্ত্তনের অন্তর্নিহিত, এক অধচ বৈচিত্র্যশীল আভ্যন্তরীন শক্তি। প্রকাশলীলার ইহাই মূল সভা। এই সভাই সকল বাক্ত রূপকে ধরিয়া আছে; এবং স্কলকে অধ্যাত্মিক ও দিব্য সার্থকতা প্রশান করিতেছে। ত্রিগুণের ক্রিয়া, বৃদ্ধি, মন, ইন্দ্রিয়, অহঙ্কার, প্রাণ ও অভ্নেহের বাহ্নিক চঞ্চল ক্রিয়া ভিন্ন আর কিছুই নহে, সাত্তিকা ভাবা রাজ্যান্তাম্যান্ড; কিন্তু ইহা হইতেছে প্রকাশনীলার সার স্বরুপ, স্থির মূল নিগৃঢ়শক্তি-স্থভাব। সকল প্রকাশলীলার এবং প্রত্যেক জাবের মূল ধন্ম, স্ব-ধর্ম ইহার দ্বারাই নির্ণীত হয়; ইহাই প্রকৃতির থেলার বিকাশ করে। প্রত্যেক জীবের মধ্যে যে তত্ত্ব ভর্গবানের সর্বোত্তম আত্মপ্রকাশলীলার দহিত (মদ্ভাবা:) সাক্ষাৎ ভাবে সম্বন্ধ্যুক্ত, তাহাই এই। দিবা ভাবের সহিত স্বভাবের এই সম্বন্ধ এবং স্বভাবের সহিত বাহ্মিক ভাবের সম্বন্ধ, দিব্য প্রকৃতির সহিত ৰ্যষ্টিগত অধ্যাত্ম প্রকৃতির সম্বন্ধ এবং শুদ্ধ মূল স্বরূপে ব্যষ্টিগত অধ্যাত্ম প্রকৃতির সহিত গুণত্রয়ের মিশ্রিত থেলা ও দ্বযুক্ত প্রাতিভাসিক প্রকৃতির সম্বন্ধ, এইখানেই আমরা উপরের দিব্য জাবন এবং নীচের প্রাকৃত জীবনের সমন্ধ স্ত্র শেথিতে পাই। নাচের প্রকৃতির হীন শক্তি ও সম্পদসমূহ পরা-প্রকৃতির মহান্ শক্তি ও সম্পদসমূহ হইতেই উৎপন্ন, এবং দেইখানেই তাহাদিগকে ফিরিয়া ঘাইতে হইবে; ভবে তাহারা নিজেদের মুল ও সত্যের সন্ধান পাইবে, নিজেদের কর্মের নিগৃঢ় নীতির সন্ধান পাইবে। সেই রকম, জীব যে ত্রিগুণের শৃথালিত, क्ष्य, नीठ (थलाम वक्ष इहेगा त्रहिमारक, जारा इहेर् यिन तम मुक् হইতে চায় এবং দিব্যম্ভ সিদ্ধ হইতে চায়, তাহা হইলে তাহার স্বভাবের মূল গুণকে অন্থ্যরণ করিয়া তাহাকে তাহার সভার সেই উপরের ধর্মে ফিরিয়া যাইতেই হইবে।

সেখানে সে তাহার দিব্য প্রকৃতির ইচ্ছা, শক্তি, কর্মনীতি ও সর্ব্বোত্তম লীলার সন্ধান পাইবে।

ঠিক পরের শোকগুলিতে এই কথাই আরও স্পষ্ট হইয়াছে।
সেখানে গীতা কতকগুলি দৃষ্টাস্ত দিয়া দেখাইয়াছে, ভগবান জগতের
সজীব এবং তথাকথিত নিজাঁব পদার্থ সমূহের মধ্যে নিজের পরাপ্রকৃতির শক্তিতে কি ভাবে আবিভূত হন। শ্লোকে ছন্দোবদ্ধভাবে
প্রকাশ করিতে হইয়াছে বলিয়া দেগুলি ঠিক যুক্তিমত পরপর উল্লিখিত
হয় নাই। এখানে আমরা দেগুলিকে যথার্থ ক্রমে সাজাইয়া দিভেছি।
প্রথমতঃ, দিব্য-শক্তি ও দিব্য সত্তা পঞ্চভ্তের মধ্যে, অর্থাৎ জড়ের পঞ্চ
মূল অবস্থার মধ্যে আবিভূত হইয়া কংল করিতেছে। "আমি জলে
রস, আকাশে শন্দ, পৃথিবীতে গন্ধ, অগ্লিতে তেল্প," এবং আমবা এখানে
যোগ করিয়া দিতে পারি, বায়ুতে স্পর্শ। ইহার তংগের্ঘা এই যে,
সঞ্চতে (৪) যে রপ্-রসাদি ইন্দ্রিয়ায়ভূতির মৃশ শক্তি। জড়ের
পাঁচিট মৃশ অবস্থা পঞ্চুত। ইহারাই নাচের প্রকৃতিতে বস্তু স্কর্ম।
এবং ইহারাই ভাতা আকারভেদের আশ্রেছ্ল। পঞ্চ ত্রাত্র—বন,

⁽৪) প্রাচীন সাংখ্যদর্শনের মতে জড়েব পাচটি মূল অবস্থা (elemental or essenital conditions)—স্তম্ম (ethereal), জ্যোভিশ্বর (radiant), বায়বীয় (gaseous), তরল (liquid), কঠিন (solid)—ইহাদিগকেই যথাক্রমে পঞ্ছত নাম দেওয়া হইয়াছে—আকাশ, অয়ি, বায়্, জল, ও পৃথিবী। সাংখ্যমতে এই পঞ্ছতই রূপ, রদ প্রভৃতি ইন্দ্রিমাস্ভৃতির জড় আশ্রম (physical medium)।

প্রদানি ইহারা গুণস্বরূপ। এই তয়াত্রগুলি স্ক্র শক্তি।
ইহাদের ক্রিয়ার ঘারাই ইন্দ্রিং-চৈতন্ত জড়বস্ত সমূহের সহিত সম্বর্ধ ক্রিয়া। প্রাতিভাসিক জগং সম্বন্ধে সকল জ্ঞান ও অম্ভূতির ইহারাই ভিত্তি। জড়বাদ অম্পারে জড়ই সদ্বস্ত, এবং ইন্দ্রিয়াম্ভূতি জড় হইতেই উৎপন্ন। কিন্তু অধ্যাত্মবাদ অম্পারে ইহার উণ্টাটাই স্ত্যা। জড় বস্ত এবং জড় আধার ইহারা নিজেই উছুত শক্তি। জীবের ইন্দ্রিয়াম্ভূতির নিকট প্রকৃতির গুণসমূহের ক্রিয়া দে স্থুলভাবে প্রকট হয়, জড় মূলকঃ' সেই স্থুলভাব বা অবস্থা ভিন্ন আর কিছুই নহে। এক মৃশ সনাতন সত্য হইতেছে প্রকৃতির শক্তি। ভাগাই ইন্দ্রিয়াম্ভূতির ভিত্র ক্রিয়া জাবাত্মব সন্মুখে নানা রূপে প্রকট হয়। আবার ইন্দ্রিয়েরও বে সাম্ব শক্তি, গভারত্ব আবাত্মিক শক্তি, স্ক্রতম শক্তি তাহাও ঐ সনাতন শক্তিরই অংশ ভিন্ন আর কিছুই নহে। কিন্তু প্রকৃতির মেশিকা, নিজ প্রকৃতিতে অবিদ্ধিত স্বয়ং ভগবানই সেই শক্তে; অতএব প্রত্যেক ইন্দ্রিরই গুন্ধ স্তার দেই ভাগবত প্রকৃতি,—ভগবানই তাহার নিমন্ব সম্বালাশক্তিতে প্রত্যেক ইন্দ্রিয় ইয়াছেন।

· এই শ্ৰেণীতে উলিখিত স্ঞাক্ত বস্তু হইতে ইং৷ সারও স্পষ্ট বুঝা

⁽৪) প্রাচীন সাংগ্রদর্শনের মতে জড়ের পাঁচটি মূল অবস্থা (elemental or essential conditions)—স্থা (ethereal), জ্যোতির্মার (radiant), বায়বায় (gaseous), তরল (liquid), কঠিন (solid)—ইহাদিগকেই যথাক্রমে পঞ্চত নাম দেওয়া হইয়াছে— আকাশ, অয়ি, বায়ৢ, জল, ও পৃথিবী। সাংখ্যমতে এই পঞ্চতই রূপ, রস প্রভৃতিই ক্রিয়ভৃতির জড় আভায় (physical medium)।

যার। "আমি চক্র ও স্থর্যার প্রভা, মান্তবের পৌক্ষ, বদ্ধিমানের বদ্ধি, তেজম্বীর তেজ, বলবানদের বল, তপম্বার তপঃশক্তি।" "আমি সর্বভিতের জীবন।" এই সকল বস্তু যাহা হইয়াছে, তাহা হইবার জন্ম শক্তির যে মূল গুণের উপরে উহারা নির্ভর করে, প্রভ্যেক ক্ষেত্রে **সেই শক্তিকেই নির্দেশ** করিয়া বলা হুইবাতে যে, ভাষাদের প্রাকৃতিতে ভাগৰত শক্তির অধিবিদের ঐটিই স্বরূপ লক্ষণ। আবার, "আমি স্ববিদে প্রণব" অর্থাৎ মূলশন্ধ ও। এই ওঁ বারই শ্রুতির স্কল শক্তিশালী স্ক্রক্ষ্ম শব্দের মূল ভিত্তি:শব্দ ও বাকোর ন্য শক্তি ভাগোরই সর্বানাধারণ ত্রপটি হইতেছে ওঁ। এই ওঁপারের মধ্যে বাক্ও শাদের সমন্ত আব্যাল্মিক শক্তি ও বিক:শ-সভাবনা সংক্ষেধে নিহিত রচিল্লভে। অক্তান্ত **বে**-সব শন্ধ ভাষার উপাদনে, দে সকল এই মূল ওঁকারেরই ক্রমবি হাশ হইতে উৎপন্ন বলিয়া অনুমান করা হয়। এইবার কথাটি খুব প্রিদার হইল ইন্দ্রিয়গণের বা জীবনের বা জ্যোতির, বৃদ্ধি তেজ, বল, পৌরুষ বা তপঃশক্তির যে বাহ্য ব্যক্ত ভাব ও বিকাশ, তাহা পরা-প্রকৃতির প্রকৃত স্বরূপ নহে। মূল গুণের যে আধ্যাত্মিক শক্তিকে লইয়া স্ব-ভাব, তাহাই পরা-প্রকৃতির প্রকৃত স্বরূপ। আত্মার যে শক্তি এই ভাবে ব্যক্ত হইয়াছে. আত্মার চেতনার যে জ্যোতি এবং ব্যক্ত জিনিষে ইহার তেজের যে শক্তি, তাহাই মূদ শুদ্ধ লক্ষণে হইতেছে অধ্যাত্ম প্রকৃতি। সেই শক্তি, জ্যোতিই স্নাত্ন বীদ্ধ, তাহা হইতেই আর স্ব জিনিষ উদ্ভুত ও বিকশিত হইয়াছে,—আর সব জিনিষ তাহারই বিচিত্র দীলা। অতএব গীতা খুব সাধারণভাবে বলিয়াছে, বীজং মাং সর্বভৃতানাং বিদ্ধি পার্থ স্নাতন্ম। "হে পৃথার পুত্র, আমাকেই সর্বভূতের স্নাতন বীজ বলিয়া জানিও।" এই সনাতন বীজ আত্মার শক্তি. আত্মাতে সচেতন ইচ্ছা. ভগবান এই বীঞ্চ মহদু ব্রহ্মে নিক্ষেপ করেন এবং তাহা হইতেই সর্বভূতের আঃবির্ভাব হয়। আ।আর এই বাজই সর্বভূতের মূল গুণরণে আ।বিভূতি ২য় এবং তাহাদের অভাব হয়।

মূল গুণের এই আদি শক্তির সহিত নীচের প্রকৃতিতে উদ্ভূত ব্যক্ত কাশের যে প্রভেদ, বস্তু গুদ্ধ স্বরূপে যাহা (the thing itself) এবং নিয়তরক্রমে উহা যেরূপ দেখায় (the thing in its lower appearance), এই ছয়ের যে প্রভেদ, তাহাই শেষকালে অতি স্পাইভাবেই দেখান হইয়াছে—

বলং বলবতামিশ্য কামরাগ্রিবজিতম্ ।—

— "বলবান দিগের কাম ও আদক্তিবজ্জিত বল আমি।"

ধর্মাবিকাদে। ভূতেযু কামোহিশ্য ভরতর্বভ !

— "জীবগণের মধ্যে যে কান তাহাদের ধর্মের বিরুদ্ধ নতে.

আমিই দেই কাম।" আর উপরের প্রকৃতি হইতে যে সকল জিনিষ
নীচের প্রকৃতিতে আবিভৃত হইয়াছে, ভাবাং, (মনের ভাব, বাদনার
অন্তরাগ, রিপুর প্রেরণা, ইন্দ্রিয়গণের বিষয়ের উপর প্রতিক্রিয়া, বৃদ্ধির
সীমাবদ্ধ ও দল্বময় খেলা, হাবরের নানা অন্তভ্তি এবং পাপ পুণ্য বিবেক),
যে সকল ভাব সান্তিক, রাজসিক ও তামসিক, এই যে সব ব্রিজ্ঞণের খেলা
গীতা বলিয়াছে, তাহারাই পরা আধ্যাত্মিক প্রকৃতির স্বরূপের খেলা নহে,
কিন্তু তাহা হইতে উদ্ভৃত; "মন্ত এব," আমাহইতেই যে তাহাদের উৎপত্তি
তাহা সত্য, তাহারা অন্ত কোথাও হইতে আদে নাই, তবে ন স্বহং তেষ্
তে ময়ি, আমি তাহাদের মধ্যে নাই, তাহারাই আমার মধ্যে রহিয়াছে।
তাহা হইলে এখানে একটা বেশ প্রভেদ দেখা যাইতেছে, যদিও উহা
বই স্কন্ধ। ভগবান বলিলেন, "আমিই মৃশ জ্যোতি, তেন্ধ, কাম, বল,

বৃদ্ধি। কিন্তু, এই দ্ব হইতে নীচের প্রকৃতিতে যাহা উদ্ভূত হইয়াছে আমি মূলতঃ তাহা নই, এবং তাহাদের মধ্যেও আমি নাই। তবে তাহারা দকলেই আমা হইতে উদ্ভূত এবং আমাব দত্তার মধ্যেই রহিয়াছে।" অতএব এই কথাগুলির উপরে নির্ভর করিয়াই আমাদিগকে বৃবিতে হইবে, উপরের প্রকৃতি হইতে দব জিনিষ নীচের প্রকৃতিতে কেমন করিয়া আদে, আবার নীচের প্রকৃতি হইতে কেমন করিয়াই বা উপরের প্রকৃতিতে ফিরিয়া যায়।

প্রথম কথাটিতে কোন গোল্যাল নাই। বলবান পুরুষের যে ৰল ভাহার স্বরূপ মূলতঃ দিবা; ভাল। স্ত্রেও ঐ পুক্ষ কম ও আস্তির অধীন হইয়া ওড়ে, গাপে পতিত লা এবং ছন্ত করিতে করিতে প্রব্যের লিকে অগ্রসর হয়। কিন্তু, এজন যে বছ ছোল্ল কারণ সে ভাহার জীবনের কর্মে ত্রিওণের কবলে ন্রিন্ধ ওড়ে; উপা ইইতে নিজের মূল দিব্য প্রকৃতি হইতে দেই কথাং 'নংগ্রিত কবে না। ভাষার এই সব নীচের খেলার জ্বত ভাগর প্রির দ্বাস্থ্রের কোনই হানি হয় না। সমস্ত অজ্ঞান, মোন, সমস্ত খলন সত্ত্বেও মূলত: ভাহা ঠিক একই থাকে। তাহার মেই দিল প্রকৃতিতে ভগবান অধিষ্ঠিত রহিয়াছেন। যতক্ষণ না যে পুনরার জ্ঞানশাভ করিতে পারে, নিজের সভার প্রকৃত ক্র্যালোকে তাহার সমন্ত জীবনকে আলোকিত করিতে এবং তাহার উপরেন প্রকৃতিতে অবস্থিত ভাগবত ইচ্ছার শুদ্ধ শক্তির ঘারা তাহার ইচ্ছা এবং কর্ম সকলকে নিয়ন্ত্রিত করিতে সমর্থ হয়, ততক্ষণ তিনিই নিজের শক্তির দারা তাহাকে তাহার নীচের জীবনের সমস্ত বিশুশ্বলার মধ্যে ধরিয়া রহিয়াছেন, রক্ষা করিতেছেন। কিছ, ভগবান কেমন করিয়া কাম

হইতে পারেন? এই কামকেই যে বলা হইনাছে আমাদের একমাত্র পরম শক্র, ইহাকে বধ করিভেই হইবে! কিন্তু, সে কাম হইতেছে ত্রি ণম্মী নীচের প্রকৃতির কাম। তাহার উৎপত্তি হইতেছে রজঃ গুণ হইতে—রজোগুণসম্ভবঃ; কারণ কাম বলিতে সচরাচর আমরা এইটিকেই বৃঝি। কিন্তু অপরটি আধ্যাত্মিক। সে কাম বা ইচ্ছাধর্মের বিক্লক নহে।

আধ্যাত্মিক কাম বলিতে কি বুঝিতে হইবে পুণ্য-কামনা, নীতি-ধর্মের অমুযায়ী সাত্তিক (৫) কামনা? কিন্তু, তাহা হইলে এখানে একটা স্পষ্ট বিরোধ হয়; কারণ, পরের ছত্তেই বলা হইয়াছে যে, সাত্তিকভাব সকল দিব্যভাব নহে, তাহারা ভধু নীচের খেলা। অবশ্য পাপকে বর্জন কৰিতেই হইবে নতুবা কেহ ভগৰানের ধার পর্যান্তও যাইতে পারিবে না; কিন্তু, তেমনিই পুণ্যেরও উপরে উঠিতে হইবে; নতুবা আমরা ভাগবত স্তায় প্রবেশলাভ করিতে পারিব না। সাত্তিক প্রকৃতি লাভ করিতে হইবে কিন্তু, তাহার পর ইহারও উপরে উঠিতে হইবে। নীতিধর্মের অমুযায়ী কর্ম আত্মন্তদ্ধির কেবল একটা উপায় মাত্র, ইহার দ্বারা আমরা দিবতপ্রকৃতির দিকে উঠিতে পাবি, কিছ মেই প্রকৃতি নিজে পাপপুণ্য সকল ছন্দের অতীত,—বাস্তবিক তাহা না হইলে যে শক্তিমান পুরুষ রাজিদিক কাম-ক্রোধের অধীন হইয়া পডিয়াছে তাহার মধ্যে কোন গাঁটি দিব্য সতা, বা দিব্য শক্তি থাকিতেই পারিত না। ধর্মের যে আধ্যাত্মিক অর্থ তাহাতে উহা নৈতিকতা বা নীতিধর্ম হইতে স্বতম জিনিব। গীতা অন্তত্ত বলিয়াছে, স্বভাবের বারা, স্ব-প্রকৃতির মূলনীতির বারা

⁽৫) কারণ পুণ্য দকল সময়েই মূলত: এবং কার্যাভ: সান্ধিক।

নিয়য়ত যে কর্ম, স্বভাবনিয়তং কর্ম, তাহাই ধর্ম। আর এই স্বভাব মূলত: আত্মাইই শুদ্ধ গুণ। আত্মার অন্তর্নিহিত যে সজ্ঞান ইচ্ছা এবং নিজস কর্মশক্তি তাহারই ভাব, স্বভাব। অতএব গীতা এখানে যে কামের কথা বলিয়াছে তাহা আমাদের মধ্যে ভগবানেরই নিজ উদ্দেশ্য সিদ্ধির ইচ্ছা, তাহা নীচের প্রকৃতির ভোগস্থথের লালসা নহে, তাহা ভগবানেরই লীলার আনন্দের, আত্মপ্রকাশের আনন্দের সন্ধান। জীবনলীলার যে দিব্য আনন্দ স্বভাবের নিয়ম অমুসারে নিজস্ব সজ্ঞান কর্মশক্তিকে প্রকট করিতে চাহিতেছে, ইহা সেই

কিন্তু তাহা হইলে আবার একথা বলার অর্থ কি যে,নীচের প্রকৃতির ভাব, রূপ, বিকার স্বলের মধ্যে ভগবান নাই, এমন কি সাল্বিক ভাবের মধ্যেও ভগবান নাই, যদিও সে সব ভগবানের মধ্যেই রহিয়াছে, ন অহং তেষু তে মিয়ি শু ভগবান যে কোন না কোন ভাবে এই সবের মধ্যেই রহিয়াছেন, তাহাতে সন্দেহ নাই, নতুবা তাহাদের অন্তিই ফুডব হইত না । এখানে কেবল ইহাই ব্যাইতেছে যে, ভগবানের যে সত্য পরা অধ্যাত্ম প্রকৃতি, তাহা এই সবের মধ্যে আবদ্ধ নহে; এ সব কেবল প্রাতিভাগিক ব্যাপার. অহন্ধার ও অজ্ঞানের জিনার দারা তাঁহার মধ্যে তাহার সত্তা হুই ফেই ইয়াছে। অজ্ঞান আমাদিগকে প্রত্যেক জিনিষ উন্টা ভাবে দেখায় এবং এমন অন্তুত্তি উপলব্ধি দেয় যাহা অন্ততঃ কতকটা বিকৃত। আমরা মনে করি যে, জীবাআ শরীরের মধ্যে রহিয়াছে, যেন উহা শরীরেই পরিণাম এবং শরীর হইতেই উৎপন্ধ; আমাদের অন্তুত্তিও এইরূপই হয়। কিন্তু বস্ততঃ শরীরই জীবাআর মধ্যে

রহিয়াছে, শরীর আত্মার পরিণাম, আত্মা হইতেই উদ্ভূত। আমরা মনে করি, এই বিশাল জড় জগং ও মনোজগতের সধ্যে আত্ম (यम आगारनदरे ८को। कृज अश्म, अनु हे श्रमान शृक्ष । किन्न বস্তুত: ওগংটা যত বড়ই দেখাক না কেন, আত্মার অনন্ত সতার মধ্যে উহা একটা ক্ষুদ্রাদপি ক্ষুদ্র জিনিষ। এখানেও তাই; অনেকটা ঠিক এই ভাবেই এই সব জিনিব ভগবানের মধ্যে রহিয়াছে, পরস্ত ভগবান ইহাদের মধ্যে নাই। এই যে ত্রিণগুময়ী নীচের প্রকৃতি জিনিয় দকলকে এইর টিখ্যাভাবে দেখায় এবং তাহাদের স্বরুপকে হীন ক'রয়৷ দেয় ইখা মাঘা, একটা ভ্রমোৎপাদিকা শক্তি;তাই কলিয়া বুঝায় না যে, এ-সবের কোন অন্তিত্বই নাই, এ সবই মিথা। কথা এই যে, ইহা আমানের জ্ঞানকে বিভ্রান্ত করে, জিনিষের প্রক্রত मुना । बार्ड (लग्र ना. आमापिश्टक अर्थात, मन, हेर्सिय, (पर, থণ্ডিত বৃদ্ধির মধ্যে চ্যাক্ষা ভাবে, আমাদের জীবনের পরম সত্য আমানের নিকট ২ইতে লুকাইয়া রাথে। আমরা যে দিব্য অনস্ত অক্ষয় আত্ম,- নায়া তাতা আনানের নিকট হইতে লুকাইয়া রাখে।

> ত্রিভিও পিমধৈভাবৈরেভিঃ সর্বামিদং জগং। নোহিতং নাভিজানাতি মামেভ্যঃ প্রম্ব্যয়ম্॥ ৭। ১৩

— "এই ত্রিবিধ গুণময় ভাব সকলের দারা সমস্ত জগং বিভ্রাপ্ত হয়, এবং ইহাদের অতীত পরম অক্ষয় বস্তু আমাকে চিনিতে পারে না।" বদি আমর! দেখিতে পাইতাম যে, ভগবানই আমাদের জাবনের প্রকৃত সহা, তাহা হইলে আর স্বক্ষেই আমরা ভিন্ন দৃষ্টিতে দেখিতাম, তাহাদের প্রকৃত স্বরূপ আমাদের নিকট ধরা পড়িত, এবং আমাদের জীবন ও কর্ম দিব্যভাব প্রাপ্ত হইত, দিব্যপ্রকৃতির নীতি অহুসারে পরিচালিত হইত।

কিন্তু যাহাই ইউক, ভগবান এবং ভাগবত প্রকৃতি যুখন এই সক**ল** বিভাস্ত ব্যপারের মূলে রহিয়াছেন, যখন আমরাই জীব এবং জীবই দেই. তাগা হ^টলে এই মায়াকে অতিক্রম করা এত কঠিন কেন— মামা দ্রত্যয়া ? ইহার কারণ এই বে, এই মায়া ভগ্রানেরই মায়া, रेनवी दशया अनमश्री मम माशा, "এই अनमश्री माश बानाइहे टेनवी মায়া।" ইহা নিজে দিব্য, এবং ভগবানের প্রকৃতি হইতে বিকশিত. বিশ্ব দেবতারূপী ভগবানের প্রকৃতি হইতে; ইহা দৈবী, দেবতাদের অথবা বলিতে পার, দেবতাব : কিন্ধু দেবতাব যে দুন্দুময় নীচের জাগতিক থেলা, সাৱিক,রাজ্যিক,তাম্সিক ইহা তাহাই। এই জাগতিক মায়ার আবরণ দেবতঃ আমাদের বৃদ্ধির চারিদিকে বেষ্টন করিয়াছেন: ব্রহ্মা. বিষ্ণু, রুলু এই আবরণের জটিল সূত্র বয়ন করিয়াছেন; শক্তি, পরা প্রকৃতি ইহার ভিত্তি এবং ইহার প্রত্যেক অংশে অমুস্কাত রহিয়াছে। আমাদিগকে আমাদের মধ্যে এই মায়ার জাল থুলিতে इहेर्द, इहात প্রয়োজন শেষ হইলে ইহাকে ভেদ করিয়া, ইহাকে ছাড়িয়া, পিছনে ফেলিয়া, দেবতাদিগকে ছাড়াইয়া সেই এক দেবাদিদেব পরমেশ্বরের দিকে ফিরিতে হইবে। তাঁহার মধ্যে আমরা দেবতাগণের এবং তাঁহাদের কার্য্যের চরম সার্থকতার সন্ধান পাইব এবং আমাদের অক্য জীবনেরও অন্তবতম আধ্যাত্মিক সত্য সকলের সন্ধান পাইব !

"মামে**ব মে প্রপছস্তে** মায়ামেতাং তরস্তি তে।"

^{— &}quot;আমার দিকে যাগারা ফিরিয়া আইসে কেবল ভাগারাই এই মায়া অভিক্রেম করিতে পারে।"

ভক্তি ও জ্ঞানের সমন্বয়।*

গীতার প্রসক্তমে বহু দার্শনিক তত্ব স্থান পাইয়াছে বটে, কিন্তু
গীতালার্শনিক তত্বালোচনার গ্রন্থ নহে; কারণ, গীতাতে শুধু আলোচনার,
জ্ঞাই কান তত্ত্বের অবতারণা করা হয় নাই। গীতা শ্রেষ্ঠ সভ্যের
সন্ধান করিয়াছে, যেন তাহা শ্রেষ্ঠ কাকে লাগান যাইতে পারে;
কেবল ভর্কবৃদ্ধি বা আধ্যাত্মিক জ্ঞানপিপাসার তৃপ্তির জন্ত নহে, কিন্তু
যেন ঐ সত্য আমাদিগকে উদ্ধার করিতে পারে, আমাদের বর্ত্তমান
মরজীবনের অপ্রতা হইতে আমাদিগকে মৃত্যুহীন পূর্ণতার মধ্যে
লইয়া যাইতে পারে। অতএব এই (সপ্তম) অধ্যায়ের প্রথম চতুর্দশ
শ্লোকে আমাদের পক্ষে প্রয়োজনীয় একটি মূল দার্শনিক সত্যের বর্ণনা
করিয়া, ইহার পরেই যোলটি শ্লোকে উহার প্রয়োগ করিতে অগ্রসর
হইয়াছে। এই সত্যকে লইয়াই গীতা কর্মা, জ্ঞান ও ভক্তির সমন্বরের
স্ক্রন! করিয়াছে; ইহার পূর্বের শুধু কর্ম্ম ও জ্ঞানের মধ্যে যে সমন্বরের
প্রয়োজন, তাহা প্রথম ছয়্ম অধ্যাদ্ধে সম্পাদিত হইয়াছে।

আমাদের সমুথে রহিয়ছে তিনটি শক্তি (Powers)—পুরুষোত্তম, আআ ও জীব (আমাদিগকে যে পরিণতি লাভ করিতে হইবে তাহারই চরম সত্য ২ইতেছে পুরুষোত্তম)। এই তিনটিকে অন্ত ভাবে বলা যাইতে পারে—পরাংপর (the Supreme), নামরূপের অতীত আত্মা (the impersonal spirit), এবং বছরূপী জীবাআ (the multiple soul), যাহা আমাদের আধাাত্মিক বাজিতের কালাতীত ভিত্তি, সতা ও সনাতন ব্যষ্টি-—মমৈবাংশঃ সনাতনঃ । এই তিনটিই ভাগবত সত্তা। সর্কোত্তমা যে অধ্যাত্মিক প্রকৃতি, অবিছার সকল থণ্ডত। হইতে নুক্ষ যে পরাপ্রকৃতি, তাহাই পুরুষোত্তমের প্রকৃতি। নির্ব্যক্তিক ন'মরপের অতীত আত্মাতে সেই দিব্য প্রকৃতিই সহিয়াছে: কিন্তু এগানে উলা রাইয়াছে চিব-বিশ্রামের অবভাষ,—সাম্য, নিক্ষিয়তা, নিবৃত্তির অবস্থায়। পরিণামে ক্রিয়ার জন্ম, প্রবৃত্তির জন্ম পরাপ্রকৃতি বছনপী আত্মা (the multiple spiritual personality) হইয়াছে, জীব হইয়াছে। াক্স্তু এই উত্তমা প্রকৃতির যে নিগুঢ় জিলা তাহা সকল সমবেই আধাত্মিক দিবা ক্রিয়া। দিবা পরা প্রকৃতির শক্তিই, ভগবানেব সচেতন ইচ্ছাই জাবের বিভিন্ন আধ্যাত্মিক গুণশক্তিরূপে আশিভূতি হয়: সেই মূল শক্তিই জীবের হভাব। যে সুৰু প্ৰাৰ্থ (becoming) সাক্ষাংভাবে এই আধ্যাল্লিক শক্তি চইতে উদ্ভত দে স্কলই দিব্যভাব এবং শুদ্ধ ও আধ্যোত্মিক কর্ম। তাহা ইট্রে ইট্রে সিদ্ধান্ত হইশেছে যে, দিবভাবে কথা কবিছে হইলে মানুসকে ভাষাৰ সাৰ্ আধ্যাত্মিক স্বরূপে ফিরিয়া যাইতে, এবং তাহার স্কল ক্মকে পরাংকৃতি চইতেই প্রবাহিক করিতে (চঠা ক্রিতে চইবে; যেন আহ্বার ভিতৰ দিয়া এবং অন্তরতম নিগৃত্ সত্তর ভিতৰ দিয়াই কমের বিকাশ হয়, মনের চিম্বা ও প্রাণের বাসনার ভিতর দিয়া নতে; থেন ভাহার স্কল্ কর্মা ভগবদ ইচ্ছারই শুদ্ধ প্রবাহে পরিণত হয়, ভাহার সমস্ত জীবন দিবা প্রকৃতির জীবন্ত বিগ্র**ে প**রিণত হয়।

ি স্কু আবার ত্রিগুণমন্ত্রী নীচের প্রকৃণতও রহিলছে; ইহার স্বরূপ হইতেছে অজ্ঞানের স্বরূপ এবং ইহার কর্ম ২ইতেছে অজ্ঞানের কর্ম, মিশ্রিত, ভ্রাস্থ, বিক্লত। এই কর্ম নীচের সন্তার কর্ম, "মহং'য়ের

কর্ম,—ইং। আধ্যাত্মিক ব্যক্তির কর্ম নহে, প্রাকৃত ব্যক্তির কর্ম। এই নীচের মিথ্যা ব্যক্তির (false personality) হইতে উপরে উঠিবার জন্মই আমাদিগকে নামরূপের অতীত নির্ব্যক্তিক আত্মাকে(the impersonal self) ধরিতে হয় এবং তাহার সহিত নিজদিগকে এক করিতে হয়। তথন, এটভাবে অহংয়ের ব্যক্তিত্ব হ**ইতে মুক্ত হই**য়া **আমরা** পুরুষোত্তমের স্তিত স্ভা ব্যস্তির স্বন্ধটী আবিদ্বার করিতে পারি। কর্মে এবং প্রকৃতির কালাধীন বিকাশে ইয়া পুরুষোত্তমের অংশ ও বিশেষ রূপ নাত্র। এত ১ হওলা অবক্ষমভাবী, কারণ ইহা ব্যষ্টি। তথাপি মুল সত্তার ইহা পুক্ষে:ত্মের স্থিত এক। আবার, নীচের প্রকৃতি হইতে মুক্ত হউলে অ:মর। উপবের দিব্য আধ্যাত্মিক প্রকৃতিতে প্রতিষ্ঠিত হইতে গারি: অভতার আত্ম তইতে কর্ম করার অর্থ ইহা নহে বে. বাসনাময় আত্মান্টলে কত্ম করা; কাবণ, এই বাসনাময় আত্মা উপরের নিগুট বস্তু নহে ; ইভা কেবল নাচের প্রাক্লত ও বাহ্য রূপ, সত্য বস্তুর আভাস বা ছায়া: বিগ্রত প্রকৃতি অন্তুসারে, স্বভাব অনুসারে কর্ম করার অর্থ ইহা নতে যে, সংযোৱ কাম-ক্রোধদি রিপুর বশে কর্ম করা, নির্বিকার চিত্তে অব্যালাসভিব সহিত প্রাকৃত প্রেরণা অনুসারে ও গুণত্রহের চঞ্চল খেল। অন্তুলারে পাপ-পুণ্যের অনুষ্ঠান করা। রিপুর বশীভুত হওৱা, স্বেক্তায় বা জড়তার বশে পাপের স্রোতে গা ভাসাইয়া দেওয়া—ইহা উচ্চতম নিব্যক্তিক (highest impersonality) সন্তার আধ্যাত্মিক শান্ত নিজিয়ভাব লাভের পথ নহে অথবা যে দিবা মানব পরমপুরুষের ইচ্ছার যন্ত্র হঠবে, পুরুষোত্তমের সাক্ষাৎ শক্তি এবং বিগ্রহ হইবে, ভাহার কর্মের দিব্যভাব লাভেরও ইহা পথ নহে।

গীতা প্রথম হইতেই নির্দেশ করিয়াছে যে, দিবাজন্ম, উর্দ্ধের জীবন লাভ করিতে হইলে স্কাহেই প্রয়োজন রাজসিক বাসনাকে এবং

ইহা হইতে উদ্ভূত **অ**গ্রা**ন্ত রিপু**গণকে বধ করিতেই হইবে; এবং ইহার অর্থ, পাপকে বর্জন করিতে হইবেঃ। আত্মা কর্ত্তক প্রকৃতির সর্ব্বপ্রকার আত্মনংযম ও আত্মজ্ঞরের উচ্চ চেষ্টার বিরুদ্ধে বিলোহী হইয়া নীচের প্রকৃতি যে নিজের অজ্ঞান, মৃঢ বা তুর্দ্ধ রাজসিক ও তামসিক র অভদ্ধ ভোগের জন্ম করে ভাহাই পাপ। নীচের প্রকৃতি যে এইভাবে নীচ রাজসিক ও তাম্সিক ভাবের দারা মানুষকে অশুদ্ধ ভোগের দিকে জোর করিয়া টানিয়া লয়, ইহা হইতে পরিতাণ লাভ করিতে হইলে আমাদিগকে প্রকৃতিব মকোচ্চ ভাব, সত্ত্তপের আশ্রম লইতে হইবে। এই সাত্তিক ভাব স্কল্ স্ময়েই জ্ঞানের আলোক এবং কর্মের সভা নীতির সন্ধান করে। সামানের মধ্যে **ধে পু**রুষ রহিয়াছে, যে আত্মা প্রকাতর গুলুনমুক্তের কিছিন্ন প্রেরণায় সায় দিতেছে, সাত্তিক প্রেরণায় অন্মতি দিতে ভাহাকে আমাদিগকে সাত্তিক প্রেরণার বর্ণে চলিতে হইবে, রাজসিক বা ভামসিক প্রেরণার বশে নতে। কর্ম্মে দক্ত উচ্চ থৌক্তিকভার এবং সকল প্রকৃত নৈতিকতাব ইহাই অর্থ। আমাদের মধ্যে প্রকৃতির, যে নিয়ম প্রকৃতির নীচ বিশুখাল কম হইতে তাহাব উপরের স্থশুখাল কর্মের বিকাশ করিতে চাহিতেছে ইহা ভাহাই। রিপুর বশে. অজ্ঞানের বশে, কর্ম করিলে শোক, চঃখ, অশান্তিতে পড়িতে হয়। তাহা না করিয়া ইহা জ্ঞানের বশে এবং প্রবৃদ্ধ ইচ্ছাশক্তির বশে কর্ম

কাম এয কোধ এয রজোগুণসমূত্র:।
মহাশনো মহাপাপ্না বিদ্যোনমিহ বৈরিণম্॥ ৩৩৭
ভক্ষাং অমিক্রিয়াণ্যাদৌ নিয়ম্য ভরতর্বভ।
পাপ্লানং প্রজহি হােনং জ্ঞানবিজ্ঞাননাশনম্॥ ৪১

করিয়া অভ্যন্তরীণ স্থ্য, প্রিবতা ও শান্তি লাভ করিতে চাহিতেছে। আমরা গুণত্রের উপরে উঠিতে পারি না, যদি আমরা আমাদের মধ্যে প্রথমে শ্রেষ্ঠ গুণ সম্বের ধ্যা বিকাশ না করি।

> ন মাং তৃভ্তিলো মূলঃ প্রণ**ভত্তে নরাধমাঃ।** মাষয়াপ্রত্তন্ন সাক্ষরং ভাব্যা**শ্রিতাঃ॥**৭।১¢

"মূঢ়, নরাবম, পাণাপণ খামাকে লাভ করিতে পারে না; কারণ মায়। তাহাদের জ্ঞানকে হরণ করিয়া লয় এবং তাহার। আস্থরভাব প্রাপ্ত হয়।" প্রকাততে গ্রাভত গাগ্রা 'মানি'র ছলনায় মুগ্ধ হইয়াই এইরপ বিষ্টু হংলা প্রে। পাপী ভগবানকে পায় না; কারণ, দে মানবীয় প্রকৃতির নির্তম তরে পড়িমা থাকিয়া সর্বাবা "মানি" দেবতার তৃপ্তির ছাই ব্যাও থাকে। প্রান্ত পক্ষে এই "মানি"ই তাহার ভগব.না ভাষ্য নন্ভ ুকি : এওবের মারার করে**। আবি চ্ছ**রায় আলার বন্ধ না ইইলা বে জাল ভালের বাদনরে পদে হল; অববা আল প্রতারণার বংশ তাহার বাদনা-তৃপ্তির বন্ধ হয়। সে দেখে কেবন তাহার এই নাচের প্রক্রত্বেদ, কিন্তু তাহার উচ্চত্য আল্মান। শ্রেষ্ট স্ভাকে সে দেখিতে পান না, তাহার মধ্যে এবং সংঘাবের মধ্যে যে ভগবান রহিয়াছেন, তাহাকেও দেখিতে পায় না। তাহ "আমি"কে এবং বাসনাকে কেন্দ্র করিয়াই সে সংসারকে বুরিয়া থাকে; এবং কেবল এই ১২ফার ও বাসনারই সেবা করে। উর্দ্ধের প্রকৃতি এবং উচ্চতর জীবনধারা লাভের কোনও আকাথা না রাখিয়া অহন্ধার ও বাসনার নেবা করে,—ইহাই অন্তরের মন, অন্তরের ভাব। উপরের দিকে উঠিকে হইলে দর্বপ্রথমেই চাই উপরের প্রকৃতিতে উঠিবার. উদ্ধের ধর্মে প্রতিষ্ঠিত হইবার আকান্ধা আস্পুহা (aspiration), চাই বাসনা অপেক্ষা আরও কোন শ্রেষ্ঠ নীতির অমুসরণ করা;—''আমি''র

পূজা না ক্রিয়া, "অংমি'কেই বড় কার্য়া দেবতার আসনে না বসাইয়া চাই কোনও মহত্তর দেবতাকে জানা ও পুজা করা, চাই সত্য চিন্তা করা, সত্য কর্মের কর্মী হওয়া। তবে শুধু ইছাই যথেষ্ট নছে ; কারণ, সাত্ত্বিক মাত্র্যও ত্রিগুণের খেলার মুগ্ধ হয়; বেহেতু দে তখনও ইচ্ছা ও ছেযের অধীন। দে প্রকৃতির নামরবের চতুঃদীমার মধ্যেই দুরিতেছে, এখনও দে **উচ্চত**ম জ্ঞানসাভ করিতে গারে নাই, প্রপ্রকাভাত (transcendental) ও অথও জ্ঞানে শাভ ক্রিতে পারে নাই: ত্রাপি ধর : নত চিন্তা ও সত্যক্ষ কবিবার উচ্চঃকাঞ্চার ফলে অবশ্যের সেপাপের মোহ হইতে অর্থাৎ বাজনিক বাসনা ও রিপুর মোন হইতে মুক্ত যে এক বিশুদ্ধ প্রকৃতি লাভ করে। তথন ত্রিগুণমন্ত্রী মালাব আধিপাল্য ছাডাইনা উঠা তাহার প্ৰকে সম্ভৱ হয়। কেবল পুণোৱ দাৱাঃ মাতৃষ শ্ৰেষ্ঠ গতি শাভ কৰিতে পাৱে না; কিন্তু পুণ্যের*ঘানা স্ক্রেন্ত্র গাতর প্রাম যোগ তা বা অধিকার লাভ করা যায়। কারণ, অসংস্কৃত রাজ্যিক "মাাম'কে অথব। জড়ভাব পর তামনিক "আনি" কৈ বজন কর। বা ছাড্টিয়া উঠ। কঠিন। সাহিক 'আমি" তত কঠিন নাহ, এবং অরশোষ যথন ইগানিজেকে যথেষ্ট শুদ্ধ ও বৃদ্ধ করিয়া তোলে, তথন ইহাকে আতিক্রম করা, রূপাস্তরিত করা বা ধ্বংস কর। সংজেই স্ম্ভব হয়।

ষতএব মাত্রকে দর্বপ্রথমে নাতিপরারণ, স্থকৃতি (ethical) হইতে হইবে, এবং তাহার পর কেবলম্যত্র নাতিপরায়ণতার মধ্যেই আবদ্ধ না থাকিয়া, তাহার উদ্ধে উঠিতে হইবে, অধ্যাত্ম প্রকৃতির

^{*} অবশ্য এথানে পুণ্য বলিতে গতান্থগতিক ভাবে সামাঞ্চিক ব। লৌকিক বিধিনিষেশের অন্থুসরণ বুঝাইতেছে না, ভিতরের সত্যিকারের ধে পুণা, চিস্তা ভাব উদ্দেশ্য কর্মের যে সাত্মিক পবিত্রতা, তাহার দারাই মানুষ উদ্ধাতির প্রথম অধিকার লাভ করে।

আলোক, প্রদারতা ও শক্তির মধ্যে প্রতিষ্ঠিত হইতে হুইবে। সেধানে দে ঘন্দমোরের অভাত তুইবে: সেথানে আর দে তাহার ব্যক্তিগত কল্যাণ ব। স্থপ খুজিবে না, অথবা ব্যক্তিগত চঃখ 🗝 যন্ত্রনা এডাইতে চাহিবে না. কারণ, এই সকলের দ্বারা তথন স্থার সে বিচলিত হইবে না, দখন আরু সে বলিবে না, "আমি পুণাবান," "আমে পাপা" কিছ, নিজের উচ্চ অধ্যায় প্রকৃতিতে ভগবানের ইচ্ছার ছারা পরি-চালিত হইয়া বিশ্বকল্যাণের জন্ত কাষ্যা কবিবে। আমনা প্রেকিই দেশিয়াছি যে, এই অবভাগ পৌছিতে ভইলে, সক্ষপ্রথমেই প্রয়োজন-আত্মজান, সমতা ও নিব্ৰিক্তক ভাব (impersonality), জানের শহিত ক্ষোর সামঞ্জ করিতে এইলে, আধার্যাত্মকভার সহিত সামোরিক কাজের সামঞ্জ করিতে ইইলে, কংলাতীত আত্মার অচল নিজিওতার প্তিত প্রকৃতির জিলাশীলা শক্তির অনন্ত লীলার সামঞ্জল করিতে হইলে উংই পথ। কিন্তু, যে কর্মবোগী এইভাবে কর্মযোগ ও জ্ঞানযোগের সমন্ত্র করিয়াছে, গীত। এইবার তাহার পক্ষে আর একটি আরও মহান প্রয়োজনের কথা বলিতেছে। এখন তাহার কাছে কেবল জ্ঞান ও কর্মই চাওয়া হয় নাই, ভাক্তিও চাওয়া কইতেছে। চাই ভগবদভক্তি, ভগবদ্প্রেম, ভগবতুপাদনা, চাই পুরুষোত্তমকে লাভ করিবার জ্ঞ আত্মার আকাজ্জা। এ পর্যান্ত স্পষ্টভাবে এই প্রয়োজনের কথা না হইলেও ইহার জন্য শিশুকে ইতিপর্কেই প্রস্তুত করা হইয়াছে যথন গুরু বলিয়াছেন যে, তাঁহার যোগে সকল কর্মকে ক্রমশঃ আমাদের জীবনের ঈশবের উদ্দেশে যজ্ঞরূপে পরিণত করিতেই হইবে,—সকল, কর্ম ঈশ্বরে দমর্পণ করিয়াই এই যোগ পূর্ণ হইবে। ভগু আমাদের নিৰ্বাক্তিক আত্মায় (impersonal self) সমূৰ্পণ নহে, নিৰ্ব্যক্তিক ভাবের ভিতর দিয়া দেই ভগবানে সমর্পণ করিতে হইবে যাঁহা হইতে আমাদের সকল ইচ্ছা, সকদ শক্তির উংপত্তি। সেথানে যাহা ইঙ্গি করা হইয়'ছে এখন তাহা স্পষ্ট করিয়া বলা হইয়াছে; এবং এখন আমরা গীতার উদ্দেশ্যটি আরন পূর্ণভাবে দেখিতে আরম্ভ করিতেছি।

এখন আমদের সন্মূথে তিনটি পরস্পর-সাপেক প্রক্রিয়া ধরা হইয়াছে, যাহাদের দারা আমরা সাধারণ প্রাকৃত জীবন হইতে মৃক্ত হইতে পারি এবং দিব্য অধ্যাত্মজীবনে গড়িয়া উঠিতে পারি।

> ইচ্চাহেষসমূথেন হল্বমোহেন ভাগত। স্কভিতানি সম্মেহিং সূর্যে যাভি প্রভাগ । ৭০১

"ইচ্ছা দ্বেষ হইতে যে সকল ছন্দ্র উৎপন্ন হণ তা শালের মোলে সংসারের শ্**কলেই ভাষে** (তিত ত্য^{়ে)} লেই অভ্নে, সেই অন্তাপ স্পতিত্ ভগবানকে দেখিতে গাল্লা, ধলিতে গালেলা, কাৰণ উলা শুধ প্রকৃতির স্বল্যু চেই ও থিয়া চাচে এবং দর্শের নিজের স্বত্য সূত্র এবং বাননাও বিরগেনতু কে লইগাই বাস্ত গকে। এই চার ইং পরিত্রাণ প্রাইতে লইনে আনালের কর্মে স্ক্রিপ্রান প্রবাসন চইতেছে রজেদিক "মানি"র প্রান্তার মুক্তি ২০বা, রিপুর জনল হইকে, রাজসিক প্রেকৃতির বাসনাম উপস্ব ২ইতে মুক্ত হওল, এবং আমাদেব নৈতিক জীবনের সাহিত্র প্রেরণা ও সংখ্যার হারাই ইং। সম্পাদন ক্রিতে হইবে। যথন উহ। সম্পন্ন হইবে — থেষাং অন্তর্গতং পাবিং জনানাং পুণাকর্মণাম,—মগবা বধন উহা সম্পন্ন করা হইতেছে, ফারণ, কতক দুর অগ্রদর ত্ইবার পরই সাজিক প্রকৃতির মৃত্র বিকাশ হইবে ততই এক উচ্চত্তরের শান্তি, সমতা ও মুক্তভাব লাভের ক্ষমতা বৃদ্ধি পাইবে —তথন প্রয়োজন হইবে দম্বদকলের উপরে উঠ। এবং নির্বাক্তিক ভাব ও সমতা শাভ করা, অক্ষরের সহিত একামভাব, সর্বভৃতের সহিত এক'অভাব লাভ করা। অধ্যাত্মভাবের এইরূপ বিকাশই আমাদের

ভদিকে সম্পূর্ণ করিয়া তুলিবে। কিন্তু যথন ইহা করা হইতেছে, জীব যপন আত্মজ্ঞানে বৰ্দ্ধিত হইতেছে, তথন তাহাকে ভক্তিতেও বৃদ্ধিত হইতে হইবে। কারণ, জীবকে যে সমতার এক উদার ভাব লইয়া কর্ম করিতে হইবে শুধু তাহ'ই নহে,—ঈশ্বরার্থ যজ্ঞ ও করিতে হইবে। টবর সর্বভূতের মধ্যে অবস্থিত, তাঁহাকে এখনও দে সম্পূর্ণ ভাবে জানে না; কিন্তু তাঁহাকে এইভাবে সে জানিতে পরিবে,—সমগ্রম মাম্,—যথন সর্বত্র এবং সর্বভূতে এক আত্মাকে দর্শন করার স্থির দৃষ্টি দে লাভ করিবে। সমতা এবং একবদর্শন যথন পূর্ণরূপে লাভ হইয়াছে —তে হব্বমোহনিমু কা:—তথন উত্তমা ভক্তি, ভগবানের প্রতি দর্বতো-মুগা ভক্তি হইবে জাবনের সমগ্র ও একমাত্র নাতি। কর্ত্তব্যাক**র্তব্যের** অন্ত সকল নীতি সেই আলুনমর্পণের মধ্যেই নিমজ্জিত হইবে.—সর্বা-ধর্মান পরিতাজা। জাব তথন এই ভক্তিতে হৃদ্দ হইবে, ভ: भूब ্রকল জীবন, জ্ঞান ও কর্ম আত্ম-নিবেদন করিবার সঙ্গল্পে সে স্থানু হটবে; কারণ তথন সে সর্বানিয়ন্তা ভগৰান সম্বন্ধে পূর্ণ, সমগ্র, ঐক্য-সাধক জ্ঞানেই নিজের নিশ্চিত প্রতিষ্ঠা পাইবে, জীবনের ও কর্ম্বের চরম ভিত্তি পাইবে,—তে ভল্পে মাম দৃত্রতা:।

সাধারণ ভাবে দেখিতে গেলে, জ্ঞান ও নিব্যক্তিক ভাব লাভ করিবার পর আবার ভক্তির দিকে ফিরিয়া আদা অথবা ক্রদমন্বৃত্তির কিয়া চলিতে দেওয়া, ইহা পশ্চাৎগমন বলিয়াই মনে হইতে পারে। কারণ, ভক্তিতে সকল সময়েই বাক্তিত্বের ভাব, এমন কি, বাক্তিত্বের ভিত্তি রহিয়াছে। কারণ ভক্তির মূল প্রেরণা হইতেছে জ্পদীশরের প্রতি ব্যষ্টিগত আত্মা বা জীবের প্রেম ও শ্রহা। কিছ, গীতার দিক হইতে দেখিলে এইরূপ আপত্তি আদৌ উঠিতে পারে না; কারণ, নামরূপের অতীত অনস্ক নিব্যক্তিক স্তার (The eternal imper-

sonal) মধ্যে শয় হওয়া, নিজ্জিয় হওয়া, গীতার শক্ষা নহে,—আমাদের সমগ্র জীবনের ভিতর দিয়া পুরুষোত্তমের সহিত মিলিত হওয়াই গীতার লক্ষ্য। সত্য বটে, এই যোগে জীব নিজের নিব্যক্তিক ও অকর আত্মসত্তাকে উপলব্ধি করিয়। নীচের ব্যক্তিত হইতে মুক্ত হয়; কিছ তথনও সে কর্ম করে, এবং প্রকৃতিব ক্ষর্লীলায় রত বছধা-আত্মাই সকল কর্ম্মের অধিপতি। নির্তিশয় নিষ্ক্রিয়তাকে সংশোধন করিবার জন্য আমরা যদি ভগবানের উদ্দেশে যজের আদর্শ না আনি, তাহা হইলে আমাদের মধ্যে এই যে কর্ম চলিতে থাকে, সেইটাকে দেখিতে হয় যেন আদৌ আমাদের নয়, সেটা যেন ত্রিগুণের থেলারই কিছ অবশিষ্টাংশ, তাহার পশ্চাতে দিব্য সত্য কিছুই নাই। আমাদের যে অহং, যে আমিত্ব লয়প্রাপ্ত হইতেছে, তাহারই একটা রূপ, নীচের প্রুতির খেলারই জের। তাহার জন্য আমরা দায়ী নহি, কারণ, আমাদের জ্ঞান ভাগাকে প্রভাগান করে এবং ভাগ হইতে মুক্ত হইয়া বিশুদ্ধ নিশ্ভিষ অবস্থালাভ করিতে চায়। কিন্তু অদিতীয় আ্থার শাস্ত নিৰ্ব্যক্তিক ভাবের সহিত ঈশবের উদ্দেশে যজ্ঞার্থে ক্বত প্রকৃতির কর্মলীলা যোগ করিয়া দিয়া, আমরা এই ছিবিধ সাধনার ছারা নীচের অহংভাবপূর্ণ বক্তিত্ব হইতে মুক্ত হইতে পারি এবং আমাদের প্রকৃত আধ্যাত্মিক স্বরূপের পবিত্রতায় গড়িয়া উঠিতে পারি। তথন আর আমরা নীচের প্রকৃতির বদ্ধ অজ্ঞান "আমি" থাকি না: তখন দিব্য পরা প্রকৃতিতে মুক্ত জীব হই। তথন আর আমরা এই জ্ঞানের মধ্যে থাকি না যে, এক অক্ষর ও নিব্যক্তিক আত্মা এবং এই ক্ষর বহুগা প্রকৃতি, এই ছুইটি পরস্পর বিরোধী সতা; কিছ আমাদের জীবনের এই চুইটি দিক দিয়া একদকে উঠিয়া পুরুষোত্তমের আলিখনের মধ্যেই বাদ করি। এই ভিনই আধ্যাত্মিক দত্তা। তৃতীয় দত্তাটিই উচ্চতম; এবং যে ছইটিকে পরস্পারের বিরোধী দেখায়, তাংগরা ঐ তৃতীয় সন্তারই ছইটি সাম্না-সাম্নি দিক ভিন্ন আর কিছুই নহে। কৃষ্ণ পরে বলিবেন— *

"আধ্যাত্মিক প্রক্ষ তৃইটি—নামরূপের অতীত নির্ব্যক্তিক (impersonal) অকর পুরুষ এবং নামরূপযুক্ত (personal) কর পুরুষ। কিন্তু, আরও একটি উত্তমপুরুষ আছেন, তাঁহাকে পরমাত্মা বলা হয়। তিনি সম্প্র জগতের মধ্যে প্রবিষ্ট হইয়া উহাকে ধরিয়া আছেন। তিনি ঈরর অব্যয়। আমিই এই পুরুষোত্তম, আমি করের উপর, এমন কি আমি অকর অপেক্ষাও বড়, অক্ষরেরও উপরে। যে আমাকে পুরুষোত্তম বলিয়া জানে, দে সকল জ্ঞানের সহিত সর্বভাবে, তাহার প্রাকৃত জীবনের সকল দিক দিয়া আমাকে ভজ্জনা করে।" এই যে সম্পূর্ণ জ্ঞানের সহিত এবং সম্পূর্ণ আত্মনিবেদনের সহিত ভক্তি, গীতা এখন তংহাই পরিকৃট করিতে আরম্ভ করিতেছে।

কারণ, মনে রাথিতে ইইবে যে, গীতা শিস্তের নিকট জ্ঞানযুক্ত ভক্তিই চাহিঃবিছ, এবং অন্তাক্ত প্রকারের ভক্তি আপন আপন ভাবে

দাবিমী পুরুষৌ লোকে ক্ষরশ্চাক্ষর এবচ।
ক্ষরং সর্বানি ভ্তানি কুটপ্থেহক্ষর উচ্যতে।
উত্তমং পুরুষস্থক্তঃ পরমাজেত্যুদাহতঃ।
যো লোকত্রমাবিশ্য বিভর্ত্তাব্যয় ঈশবং।
যশাৎ ক্ষরমতীতোহহমক্ষরাদপি চোজমং।
অভাহন্মি লোকে বেদে চ প্রথিতঃ পুরুষোজমং।
যো মামেবমসম্মঢ়ো জানাতি, পুরুষোজমম্,।
স সর্ববিদ্ ভজ্জি মাং সর্বভাবেন ভারত॥ ১৫।১৬—১৯

ভাল হইলেও, গীতা বলিয়াছে যে, সে সব নিমন্তরের ভক্তি: সাধন-মার্গে তাহারা কল্যাণকর হইতে পারে বটে, কিন্তু আত্মার যে চরম দিছি গীতার লক্ষ্য, ঐসব ভক্তি সে জিনিষ নতে। যে-সকল ব্যক্তি রাজদিক আমিত্বেব পাপ বর্জন করিয়াছে এবং ভগবানের দিকে অগ্রসর হইয়াছে, তাহাদের মধ্যে গাঁতা চারি শ্রেণীর ভক্তকে পুথক করিয়াছে। * কেহ সংসারের তুঃখ-কষ্ট ইইতে আশ্রের জন্ম তাঁহার দিকে যায়—আর্ত্ত। কেহ এহিক কল্যাণ্লাতা বলিয়। তাহার উপসনা করে.—অর্থাগী। কেল জানের আকাজ্যায় তাংবি নিকটে আনে—জিজান্ত। আবার কেহ জানেব সহিত তাহাকে ভজনা করে.—জ্ঞানী। গীত। সকলবেই প্রশংসা করিয়াছে, বিভ্র কেবল শেষেরটিকেই সম্পূর্ণভাবে অভ্যমানন করিয়াছে। এই সকল **८० हो** त कार्ने के प्रमान करह, मुब्दु लिंग जिलात प्र कला। पर क्र উদারা: সর্ব্ব এবৈতে,—কিন্তু জ্ঞানের সহিত যে ভক্তি তাহাই সর্বশ্রেষ্ট,—বিশিশ্বতে। এই যে করেক প্রকারের ভাক্ত ইহাদিগকে ক্রমার্য্যে বলিতে পারা যার, ভাবপ্রবণ প্রকৃতির ভাকি (আর্ত্ত), কর্মপ্রবণ প্রকৃতির ভক্তি (অর্থার্থী), চিন্তাপ্রবণ প্রকৃতির ভক্তি (ভিজ্ঞায়), এবং স্র্রেজ অক্সজ্ঞানময় সন্তার (the highest intuitive being) ভক্তি (জ্ঞানা)। এই সত্তাই প্রকৃতির অগাম সংশকে লই।। ভগবানের সহিত একত্ব সাধন করে। যাহাই হউক, কাষ্যত: **অন্তান্য প্রকারের ভক্তিকে** প্রাথমিক সাধনা বলিয়া ধরা ষাইতে পারে। কারণ, গ্রীতা নিজেই এখানে বলিয়াছে যে, বহু জন্ম পরে

চতুর্বিধা ভদ্বস্তে নাং জনাঃ স্কৃতিনোহর্জ্ন।
 আর্ত্তে। জিজ্ঞাস্বর্গার্থী জ্ঞানী চ ভরতর্যভ ॥ ৭:১৬

সমগ্র জ্ঞান লাভ করিয়া এবং সেই জ্ঞান অহসারে জীবনকে গঠন করিয়া তবে মাহ্নৰ অবশেষে বিশাতীত ভগবানকে লাভ করিতে পারে। কারণ, যাহা কিছু আছে সে সবই ভগবান, এই জ্ঞান-লাভ করা অতিশয় কঠিন; এবং যিনি এইরূপ সমগ্র ভাবে ভগবানকে দেখিতে পাবেন, এবং নিজের সমগ্র সত্তা লইয়া, প্রকৃতির সর্বভাব লইয়া ভগবানের মধ্যে প্রবেশ করিতে পাবেন—সম্বিৎ সর্বভাবেন,—সেরূপ মহাত্মা অভি দ্বর্লভ। ঞ

প্রশ্ন উঠিতে পারে যে, কেবল ঐহিক লাভের জনাই যে-ভক্তি ভগবানের উপাদনা করে, অথবা সংসারের হু:খ, যন্ত্রণা এড়াইবার জনাই ভগবানের শরণাপন্ন হয়, কেবল ভগব নকে পাইবার জন্যই ভগবানের উপাসনা করে না, সে ভক্তি কেমন করিয়া উদার ও মহৎ হইল,—উদারা:? এইরূপ ভক্তিতে কি অস্থার, তুর্বলাশ ও বাসনারই প্রাধান্য নহে এবং ইহা কি নাচের প্রকৃতিরই থেলা নহে ৷ আরও কথা এই বে, যেখানে জ্ঞান নাই সেখানে ভক্ত ভগবানকে সমগ্রভাবে সর্ব্বতে ভাবে জানিয়া,—বাস্থদেবঃ সর্ব্বমিতি,—ভগবানের দিকে অগ্রদর হয় ন।; কিন্তু, অসম্পূর্ণ নামরূপের ভিতর দিয়া ভগবানের ব্রুনা করে, দে সব তাহার নিজেরই প্রয়োজন স্বভাব প্রকৃতির প্রতিচ্চাল ভিন্ন আর কিছুই নহে; এবং দেই স্ব নামরণেব পূজা করিয়া সে নিজের প্রাকৃত বাদনার ভৃপ্তি করিতে চায়। ভগবানকে কেহ ইন্দ্র বা অগ্নিরূপে, রিষ্ণু বা শিবরূপে, থাট বা বৃদ্ধরূপে বল্পনা করে; কেহ ভগবানকে কতকগুলি

> বহুনাং জন্মনামন্তে জ্ঞানবান্ মাং প্রপদ্ধতে প্র বাস্থানব: সর্বামিতি স মহাত্মা স্বয়লভি: ॥ ৭।১৯

প্রাকৃত গুণরাশির সমষ্টি বলিয়া কল্পনা করে,—তিনি প্রেমময়, ক্ষমাশীল; কেহ বা স্থাবার ভাবে ভগবান স্থতি কঠোর স্থায়পরায়ণ, ৰিচারপ্রায়ণ: কেহ ভগ্বানকে ক্রোধপ্রায়ণ, ভীষণ দণ্ডদাতা ভাবিয়া ভয়মিশ্রিত ভক্তির সহিত দেখিয়া থাকে. আবার কেহ এই সব লক্ষণ কোন রকমে মিলাইয়া মিশাইয়া ভগবানের বল্পনা করে, অস্তরে এবং বাহিরে সেই ভগবানের বেদী স্থাপন করে এবং তাঁহার সম্পথে লুটিত হইয়া পার্থিব কল্যাণ ও স্তথ প্রার্থনা করে. অথবা শোক-তু:থে সান্ত্রনা প্রার্থনা করে, অথবা নিজেদের ভান্ত, গোঁড়ামিপূর্ণ পরমত-অসহিষ্ণু সাম্প্রদারিক জ্ঞ'নের সমর্থন প্রার্থন। করে। এই সবই কতক দূব প্র্যান্ত থুবই স্ভা। যাহা কিছু আছে সে সুবই সুব্বিব্যাপী বাস্তুদেব, এরুপ জ্ঞানসম্পন্ন মহাত্ম অতি হুরভি,—বাস্থদেব: সর্বামিতি স মহাত্রা স্বচুরভি:। বিবিধ ৰাহ্য বাসনার দারা চালিত হইয়া মন্তুল-সকল বিপৎগামী হয়। ঐ সকল বাসনা তাহাদের ভিদরের জ্ঞান-ক্রিয়াকে হরণ করিয়া লয়—কামৈ ত্তৈ তিজ্ঞতিজানা: । অজ্ঞান তাহারা, অপর দেবতার আরাধনা করে, তাহারা ভগবানের সেই দব অসম্পূর্ণ রূপের পূজা করে যাহা তাহাদের বাসনার অমুরূপ হয়.—প্রায়ভেইনাদেবত।:। তাহারা নিজেরা ক্ষুদ্র, তাই এমন স্ব সভীর্ণ নিয়ম বা মতবাদ স্থাপন করে, যাহা হুইতে তাহাদের প্রকৃতির প্রয়োজন সিদ্ধ হয়,— তং নিয়মমান্তায় প্রকৃত্যা নিয়তা: স্বয়। এবং এই সবেতেই তাহাদের নিজেদের ব্যক্তিগত প্রেরণার দারাই বাধু হয়,— ভাহারা নিজেদের প্রক্রতিবই এই সঙ্কীর্ণ প্রয়োজনকে অনুসরণ করিয়া চলে এবং সেইটিকেই পরম সভ্য বলিয়া গ্রহণ করে,—অনন্তকে ভারার বিশালভার সহিত গ্রহণ করিবার সামর্থা তাহাদের নাই। তাহাদের শ্রদ্ধা যদি পূর্ণ থাকে তাহা হইলে ভগবান এই সকল বিভিন্ন নামরূপের ভিতর দিয়াই তাহাদের মনোবাঞ্চা পূর্ণ করেন। কিন্তু এই সব ফল ও ভোগ ক্ষণস্থায়ী। যাদের মন ক্ষ্ম, বৃদ্ধি এখনও বিকশিত হয় নাই, কেবল তাহারাই এই সকলেব অন্সরণকে ধর্মের ও শীবনের নীতি বলিয়া গ্রহণ করে। এই পথে আধ্যাত্মিক লাভ যদি কিছু হয়, তাহা কেবল দেবভাদের নিশ্ট পর্যান্তই পৌছান; ক্ষর প্রকৃতির লীলার মধ্যে ভগবান যে বিভিন্ন নামরূপ গ্রহণ করিয়াছেন এবং তাহার ফল প্রদান করিছেনে, তাহারা ভগবানকে কেবল প্রকৃতির সেই সব নামরূপের মধ্যে লাভ করে। কিন্তু যাহারা প্রকৃতির অতীত ভগবানকে সমগ্র সন্তায় উপাসনা করে তাহারা এই সবকেই পায়, এবং এই সবেরই রূপান্তর সাধন করে,—দেবতাগণকে তাহাদের উচ্চত্র্য স্তরে, প্রকৃতিকে তাহার উচ্চত্র্য শিধরে উত্তোলন করে; এবং তাহাদিগকে অতিক্রম করিয়া একেবাবে ভগবানের নিকটেই পৌছায়, বিশ্বাতীত পরম বস্ত্যকে লাভ করে—দেবান্ দেবয়জো যান্তি মন্তক্রী যান্তি সামপি।

তথাপি প্রমেশ্বর ভগবান এই সকল ভক্তকে তাহাদের অসম্পূর্ণ দৃষ্টির জন্ম পরিভ্যাগ করেন না; কারণ, ভণানের এই সকল আংশিক প্রকাশের অতীত যে অজ, অব্যয়, শ্রেষ্ঠ লার্থ, কোনও জীবের পক্ষেই ভগবানকে সেই ভাবে জ্ঞাত হওয়া সহজ নহে। —মায়ার \$ বিরাট আছোদনে তিনি নিজেকে সমাবৃত করিয়া রাখিয়ছেন * তিনি বে জগতের সহিত এক হইয়াও জগতের অতীত, স্কর্ত্তে অফুস্মাত থাকিয়াও

ক নাহং প্রকাশ: সর্বস্থ যোগমায়াসমাবৃত:।

মৃঢ়োইয়ং নাভিজানাতি লোকো মামজমবায়য় ॥ १।২৫

অগোচর, সকলের হানয়ে অধিষ্ঠিত থাকিয়াও সকলেরই নিকট প্রকাশিত নহেন, ইহা তাঁহারই যোগমায়ার দ্বারা সংঘটিত হইয়াছে। প্রকৃতিতে বন্ধ মাছৰ মনে করে যে. প্রকৃতির মধ্যে ভগবানের যে-সব প্রকাশ তাহাই ভগবানের সব; কিন্তু বস্ততঃ সে-সব কেবল তাঁহার ক্রিয়া, তাঁহার শক্তি, তাঁহার অবগুঠন। তিনি ভূত, ভবিশ্বং, বর্ত্তমান সবই সমগ্রভাবে জানেন: কিন্তু তাঁহাকে এখনও কেহ জানিতে পারে নাই *। তাহা হইলে ভগবান প্রকৃতিতে নিজের লীলার ছার। তাহাদিগকে এইভাবে বিমৃত করিবার পর যদি তাহাদিগকে এই সবের ভিতর দিয়াই দেখা না দেন তাহ। ইইলে কোনও মালুষের প্লে. মায়ায় বন্ধ কেনোও জাবের পক্ষেই ভগবানকে পাৰ্যার কোন্দ আশাই থাকিবে না। অতএব, আপন আপন প্রকৃতি অনুদারে যে যে-ভাবে ভগবানের দিকে অগ্রসর হয়, ভগবান তাহাদের ভক্তি গ্রহণ করেন এবং ভগবদ প্রেম ও দ্যার ছারা তাহার প্রতিদান দেন। এই যে-সব বিভিন্ন দেবতার রূপ, বস্তুতঃ ইহাদের ভিতর দিয়া মাফুযের অপূর্ণ বৃদ্ধি ভগ্বানকে ম্পর্ণ কবিতে পাবে; এই যে-সব বাসনার অফুসরণ প্রথমত: ইহাদের ভিতর দিয়াই মাতৃষ ভগবানের দিকে মুখ ফিরায়; কোনও ভক্তি কুই অসম্পূর্ণ হউক না কেন, তাহা একেবারে বুখা বা নির্থেক নহে। ইংার মধ্যে অতি বড় প্রয়োজনীয় জিনিষ্টি বহিয়াছে,—শ্রন্ধা (faith)। "বে-কে*নও ভক্ত শ্রন্ধার সহিত আমার যে-কোনও রূপের পূজা করে আমি ভাহার সেই শ্রন্ধা দৃঢ়ও অচল

বেলাহং সমতীতানি বর্ত্তমানানি চার্চ্ছ্ন।
 ভবিয়্তাণি চ ভৃতানি মাং তু বেদ ন কশ্চন॥ ঀাঽ৬

করিয়া দিই।"

তাহার নিজের মতাত্থায়া পূজায় তাহার বে-বিশ্বাদ দেই বিশ্বাদের জোরেই দে তাহার বাদনাস্থায়ী ফললাভ করে এবং দেই দময়ে যে-আখ্যাত্মিক দিছিলাভের দে যোগ্য, দেই দিছি দে লাভ করে। তাহার দমস্ত কল্যাণ ভর্গবানের নিকট চাহিতে চাহিতে শেষ পর্যান্ত দে ভগ্গবানকেই তাহার একমাত্র কল্যাণ বলিয়া প্রার্থনা করিবে। তাহার দমস্ত আনন্দের জন্ম ভগ্গবানের উপর নির্ভর করিতে করিতে দে ভগ্গবানের মধ্যেই তাহার দমস্ত আনন্দের দলান করিতে শিথিবে। ভগ্গবানের কাহার নামরূপ ও গুণের মধ্যে জানিতে জানিতে অগশেবে দে জানিতে গারিবে ধে, ভগ্গবানেই দ্ব, তিনি বিশ্বের অতীত এবং দকল বস্তরই মৃল।

**

এই ভাবে আধাং শ্রিক বিকাশেব দ্বাধা ভক্তি জ্ঞানের সহিত এক হয়। জীব ক্রমণঃ এক হাত্র ভগবানেই আনন্দ লাভ করে, সে জানে যে

বে! বো বাং বাং তকুং ভক্তঃ শ্রদ্ধ্যার্চিত্রিচ্ছতি।

d:

তশা তশাচলাং শ্রদ্ধাং শামেব বিদ্ধামাণ্ডম্॥ ৭/২১

স তথা শ্রদ্ধা যুক্ত শ্রাধনমীলতে ।

কভতে চ ততঃ কামান্ মথৈব বিহিতান্ হি তান্॥ ৭/২২

নীচের তিন প্রকারের যে ভক্তি, সর্বোত্তম শিক্ষিলাভের পরও
ভাহাদের একটা স্থান আছে; কিছু তথন ভাহারা দ্বপাস্তরিত, তথন
স্থাবি ব্যক্তিগত ভাব আর ধাকে না। তৃঃধ ও পাপ ও অজ্ঞান দূর হউক,
এই প্রাকৃত জগতে সর্বোত্তম কল্যাণ, শক্তি, আনন্দ ও জ্ঞান উত্তরোত্তর
বিকশিত হউক, পূর্বভাবে প্রকৃতিত হউক, এই বাসনার বেগ তথনও
হাদ্যে থাকিতে পারে।

ভগবানই সকল সত্তা ও চেতনা ও আনন্দ, ভগবানই সকল বস্তু সকল জীব, সকল ঘটনা। সে প্রকৃতির মধ্যে ভগবানকে জানে, আত্মাতে ভগবানকে জানে, আবার ভগবান যে আত্মা ও প্রকৃতির অতীত তাহাও অবগত হয়। সে সর্বাদ। ভগবানের সহিত যোগে অবস্থান বরে,—নিত্যযুক:। যে বিশ্বাতীত সন্তার উপরে আর কিছুই নাই, বে-বিশ্বব্যাপী সত্তা ভিন্ন আর কেহ নাই, কিছুই নাই, তাঁহার সহিত চিরম্ভন যোগট হয় ভাহার সমগ্র জীবন, সন্গ্র সন্তা। উটোর উপরেই তাহার সকল ভক্তি একান্তভাবে নিবদ্ধ হয়.—কে'নও অ'শানেবত'. ৰিধি বা মতবাদের উপরে নছে। এই ঐকান্তিক ভক্তিই হয় ভাহার জীবনের সমগ্র নীতি। দে স্কল সাম্প্রদায়িক ধর্মমত ও বিশাসের উপরে চলিয়া যায়: সকল নৈতিক বিধি-নিষেধের উপরে, ব্যক্তিগত স্কল বাসনা-কামনার উপরে চলিয়া যায়। তথন আর ভাহার কোনও **শোক छः** थारक ना ८ए छेन्। कतिरू हेहरव ; कातन, रम मकन আনন্দের আধারকে লাভ করিয়াছে। কোনও বাদনার তৃপিব জন্ম তথন তাহাকে লালায়িত হইতে হয় না. কারণ, যিনি সব, সকলের উপরে, তাঁহাকেই সে লাভ করিয়াছে: থিনি সকল সিদ্ধি প্রদান করেন, সে দেই সর্বাশক্তিমানের সামীপা লাভ কবিষাছে। তাহার কোন সংশয়, কোন অতপ্ত জ্ঞানপিপাসং অবশিষ্ট থাকে না, কাবণ যে-দিবা ভ্যোভির মধ্যে দে বাদ কবে, তাহা হইতেই দমন্ত জ্ঞান তাহার উপর বিচ্ছুরিত হয়। ভগ্বানের প্রতি তাহার পূর্ণ প্রেন এবং সে ভগবানের প্রিয়: কারণ, সে ভগবানে যেরূপ আনন্দ পায়, ভগবানও ভাহাতে দেইরপই আনন্দ পান। #

[💠] যে ষথা মাং প্রাপদ্ধন্তে তাং স্তথৈব ভজাম্যংম্।

জ্ঞানের সহিত যে ভগবানের ভদ্ধনা করে, যে জ্ঞানী-ভক্ত, ইহাই ভাহার স্বরূপ। গীতায় ভগবান বলিয়াছেন, এইরূপ জ্ঞানী তাঁহার স্বাত্মা,—জ্ঞানী থাত্মৈর মে মতম্। অপর ভক্তেরা কেবল প্রকৃতির বিভিন্ন রূপ, বিভিন্ন শক্তিকে আশ্রয় করে; কিন্তু জ্ঞানীভক্ত একেবারে প্রকৃষোত্তমের আত্মসত্তা ও লীলাকে স্থাশ্রয় করে, তাঁহারই সহিত সে যুক্ত। তাহারই হইয়াছে পরা প্রকৃতিতে দিব্য জন্ম, জীবনে সে পূর্ণবিক্ষিত, ইচ্ছ শক্তিতে পূর্ণ, প্রেমে অনস্ত, জ্ঞানে দিদ্ধ। তাহাতেই জাবের বিশ্বলীলা সার্থক হইয়াছে; কারণ, সোনজ্ঞাকে ছাড়াইয়া উঠিয়াছে এব এইভাবেই তাহার জীবনের পূর্ণতম উচ্চতম সত্যকে লাভ করিয়াছে।

পরম পুরুষ (১)

দপ্তম অধ্যায়ে এপর্যান্ত যাহা বলা হইলাছে, তাহাতে আমাদের সাধনার নৃতন প্রতিষ্ঠাটি থুবই স্পষ্ট হইয়৷ উঠিয়াছে এবং তাহাকে পূর্ণতর করিয়া তুলিবার সন্ধানও মিলিয়াছে। সংক্ষেপত: উহা এই, আমাদিগকে অন্তর্ম ইইয়া এক উচ্চতর চৈতত্তার দিকে, এক পরম সত্তার দিকে অগ্রসর হইতে হইবে। আমাদের পাথিব প্রকৃতিকে সম্পূর্ণ ভাবে বাদ দিতে হইবে না; কিন্তু এখন আমবা মূলত: বস্তুত: যাহা কিছু, সে সবেরই একটা উচ্চতর, একটা অধ্যাত্ম বিদ্ধিলাভ করিতে হইবে।—কেবল আমাদের মর্ক্তার অপরিপূর্ণতা ছাড়াইয় দিব্যজাবনের পূর্ণতা লাভ করিতে হইবে; এরূপ হওয়। যে সম্ভব তাহার কারণ, প্রথমতঃ, মানুষের মধ্যে যে ব্যষ্টিগত আত্মা, জাবাত্মা, রংফাছে, উহা মূল সনত্ন সন্তায় এবং মুল শক্তিতে প্রমায়া ও ভগ্বানেরই ফুলিখ, এখানে উহা ভগবানেরই প্রজন্ম আবিভাব, তাহারই স্তার স্তা, তাহাবই চৈতত্ত্বের চৈত্ত্য, তাঁহারই প্রকৃতির প্রকৃতি, কিন্ধু এই দেহ মনের অজানের মধ্যে আবদ্ধ, নিজের প্রকৃত সতা ও সতা স্বরূপ সর্দ্ধে আত্মনিশ্বত। দিতীয়তঃ, জাবাত্মার আবিভাব হইয়াছে তুই প্রকৃতিকে ধারয়া। মূল প্রকৃতিতে উহা উহার প্রকৃত অধ্যাত্ম সত্তার সহিত্ই এক থাকে, এবং নাচের প্রকৃতিতে উহ। অহন্বার ও অজ্ঞানের বশে মোহগ্রন্ত হয়। এই শেষেরটিকে বর্জন করিতে হইবে; এবং অধ্যাত্ম প্রকৃতিকে পুনরায় অস্তরের মধ্যে পাইতে

⁽১) গীতা সপ্তম অধ্যায় ২৯, ৩০ ; অষ্টম অধ্যায়।

হইবে, তাহার পূর্ণ বিকাশ করিতে হইবে, তাহাকে দচল ও স্ক্রিয় করিয়া তুলিতে হইবে। আত্মার অভ্যন্তরীণ বিকাশ সাধন করিয়া, এক নৃতন জীবনের দার উন্মোচন করিয়া, এক নৃতন শক্তির মধ্যে জন্মগ্রহণ করিয়া আমরা অধ্যাত্ম প্রকৃতিতে ফিরিয়া যাই; এবং আমরা যে-ভগবান হইতে এই মর্ত্ত্য রূপের মধ্যে নামিয়া আদিয়াছি পুনরায় তাঁহারই অংশ হই।

এখানে আমরা দেখিতে পাইতেছি যে, গীতা ভারতের তংকাশীন সমসাম্বিক নতকে ছাড়াইয়া গিয়াছে। এথানে জীবনকে অস্বীকার করিবার ভাব, 'নেতি নেতি'র ভাব কম, স্বীকার করার ভাবই বেশী। প্রকৃতির আত্মবিনাশের (a self-annulment of Nature) উপরেই ছিল সেই যুগের একান্ত ঝোঁক; তাহার পরিবর্ত্তে আমারা এক পূর্ণতর সমাধানের ইঙ্গিত পাইতেছি। পরবর্তীকালে যে-সব ভক্তিমূলক ধর্মের বিকাশ হয়,—তাহাদেরও অস্ততঃ একটা পূর্ব্বাভাস এখানে দেখিতে পাইতেছি। আমাদের সাধারণ জীবনের উপরে বে-দত্য রহিয়াছে, আমরা বে-অহংভাবের মধ্যে বাদ করি, তাহার পশ্চাতে লুকায়িত যে-সত্যু, সে-সহন্ধে আমাদের যাহা প্রথম অরভৃতি, গীতারও মতে তাহা হইতেছে এক বিশান, নিব্যক্তিক, অক্র আত্মার শান্তি, তাহার সমতা ও ঐক্যের মধ্যে আমরা আমাদের কুন্ত আমিত্বের লোপ করি,—তাহার শাস্ত পবিত্রভার মধ্যে আমাদের বাদনা ও রিপুর দমত দকীর্ণ প্রেরণাকে বর্জন করি। কিন্তু, তাহার পর আমাদের দৃষ্টি যথন আরও পূর্ণ হয়, তথন আমরা দেখিতে পাই এক জীবস্ত অসীম সন্তা, এক দিব্য অপরিমের পুরুষ; আমরা যাহা কিছু সবই তাঁহা হইতেই উৎপন্ন, আত্মা ও প্রকৃতি, জগৎ ও জীব, যাহা কিছু আমরা, সবই তাঁহার। আত্মায় যখন

আমরা তাঁহার সহিত এক হই তখন আমরা লয়প্রাপ্ত হই না: বরং এই অনন্তের মহত্বে স্থিরপ্রতিষ্ঠ হইয়া তাঁহারই মধ্যে আমরা আমাদের প্রকৃত সন্তাকে ফিরিয়া পাই। ইহা এক সঙ্গেই সাধিত হয় একযোগে তিনটি প্রক্রিয়ার দারা,—তাঁহার ও আমাদের অধ্যাত্ম প্রকৃতিতে প্রতিষ্ঠিত কর্মের ভিতর দিয়া সমগ্রভাবে আত্মার সন্ধান লাভ করা (an integral self-finding); ধাহার মধ্যে সব বহিয়াছে, যিনিই সব, সেই দিবা পরম পুরুষের জ্ঞানের ভিতর দিয়া সমগ্র ভাবে আত্মস্বরূপে গড়িয়া উঠা (an integral selfbecoming); এবং এই সর্বাময়, সর্বাশ্রেষ্ট ভগ্রানের প্রতি প্রেম ও ঐকান্তিক ভক্তির ভিতর দিয়া সমগ্রভাবে আত্ম সমর্পণ করা (an integral self-giving), আমাদের স্কল কর্মের প্রভু, আমাদের হৃদয়ের অধিবাদী, আমাদের সমগ্র জাগ্রত জীবনের আধার এই ভগবানের প্রতি আরুষ্ট হওয়া। তৃতীয়টিই সর্বশ্রেষ্ট এবং চরম-পিদ্ধিপ্রদ প্রক্রিয়া। যিনি আমাদের সবের মূল তাঁহাকেই আমাদের স্ব স্মর্পণ করি। আমাদের অবিরত আত্মদমর্পণের ছারা আমাদের সকল জ্ঞান ভাঁহারই জ্ঞানে পরিণত হয়, আমাদের সকল কর্ম তাঁহারই শক্তির জ্যোতিতে পরিণত হয়। আমাদের আত্ম-সমর্পণে যে প্রেমের আবেগ তাহাই আমাদিগকে তাঁহার নিকটে পৌছাইয়া দেয় এবং তাহার স্বরূপের গভীরতন রহস্ম উদ্যাটিত कतिया (मय ।-- এই যে তিখা সাধনা, উত্তম রহস্তের খার খুলিবার ত্রিধা শক্তি, প্রেনের বারাই তাহা সম্পূর্ণ হব, প্রেমের বারাই তাহা পূর্ণতম সিদ্ধিলাভ করে।

আমাদের আত্মসমর্পন কার্য্যকরী হইতে হইলে প্রথমেই চাই বেন উহাতে পূর্ণ জ্ঞান থাকে। অতএব সর্বা প্রথমেই এই পুক্রতক জানিতে হইবে তাঁহার দিব্য সন্তার সকল শক্তিতে ও সকল তত্ত্বে, তত্ততঃ, সনাতন মূল স্বরূপে এবং জীবনলীলায়, সকলের পূর্ণ সামঞ্জতে। কিন্তু প্রাচীনদের নিকট এই জ্ঞানের, তত্ত্ত্জানেব, মূল্য কেবল এই ছিল যে, ইহার শব্জিতে আমরা মরদ্বীবন হইতে মুক্তিলাভ করিয়া এক পরম জীবনের অমৃত্য লাভ করিতে পারি। কিন্তু এই মৃক্তিও উচ্চতমভাবে কিরপে গীতার নিজস্ব অধ্যাত্ম সাধনার দারাই পরিণামে লাভ করা যায়, গীতা এখন তাহাই দেখাইতেছে। গীতার কথার মর্ম এই যে, পুরুষোত্তমের জ্ঞানই ত্রহ্ম সম্বন্ধে পূর্ণ জ্ঞান। শ্রীকৃষ্ণ বলিলেন, যাহারা আমাকে তাহাদের আশ্রয় বলিয়া অবলম্বন করে,—শরণমাশ্রিত্য, তাহাদের দিব্য জ্যোতি: তাহাদের মুক্তিদাতা, তাহাদের আত্মার গৃহীতা ও আশ্রয়দাতা বলিয়া ভজনা करत,--याशात्रा खता अभवन हरेल, भत्रजीवन धवः देशात वसन হই:ত মুক্তিলাভের জন্ম অধ্যাত্ম সাধনায় আমার শরণাপন্ন হয়, তাহারা "দেই ব্রহ্মকে" জানিতে পাবে, সমগ্রভাবে অধ্যাত্ম প্রকৃতিকে জানিতে পারে এবং অথিন কর্মকে জানিতে পারে (*)। আর যেহেতু তাহারা আমাকে জানে এবং সেই সঙ্গেই অধিভূত, অধিলৈব এবং অধিযজ্ঞকে জানে, সেই জন্ম এই দেহের জীবন ছাড়িয়া যাইবার স'ক্ষক্ষণেও আমার সম্বন্ধে জ্ঞান তাহাদের থাকে এবং সেই মুহুর্ত্তে তাহাদের সমগ্র চেতনাকে আমার সহিত যুক্ত করিয়া রাথে (a)। সেই জন্মই তাহারা আমাকে পায়। মরজীবনে

- (*) জ্বাম্বণমোক্ষায় মামাজ্রিত্য ষ্ডক্তি ধে। তে ব্রহ্ম তদ্বিতঃ কুংস্থমধ্যাত্মং কর্ম চাধিলম্॥ ৭।২৯
- (ф) সাধিভূতাধিদৈবং মাং সাধিষজ্ঞক যে বিছঃ। প্রয়াণকালেহপি চ মাং তে বিছ্যু ক্তিচেভসঃ ॥ ৭।৩•

আর বন্ধ না থাকার উহার। উচ্চতম নিব্য পদ ঠিক তাহাদেরই ক্যায় লাভ করে যাহারা নির্ব্যক্তিক (impersonal) অক্ষর ব্রন্ধে তাহাদের অতম সত্তাকে লয় করে। এই নিঃসংশয় সিদ্ধান্ত দিয়াই গীতা সপ্তম অধ্যায় শেষ করিয়াছে।

এখানে আমরা কয়েকটি কথা পইতেছি, তাহানের মধোই ভগবানের জগংলীলায় আত্মপ্রকাশ সম্বন্ধে প্রধান প্রধান মূল সতা-গুলি সংক্ষেপে রহিচাছে। ভগবানের স্প্রিম্বত্র ও কাষ্টপ্রবালীর मकन निकरे উशास्त्र मध्या चाट्य, जावाजारक भून चाज्रजातन कितिया याहेरक हहेरल याहा किছु প্রয়োজন সবই এখানে রহিয়াছে। প্রথমেই আছে, "দেই ত্রন্ন,"—তদ ত্রন্ন, পরে প্রকৃতিতে আত্মার মূল প্রকাশ,--- মধ্যাত্ম: তাহার পর, অবিভূত এবং অবিটেদ্র যধা-জ্মে বহিল্পতের ব্যাপাব এবং অন্তর্গতের ব্যাণার; শেষে, অধিযক্ত, ইঃ।ই জাগতিক কর্ম ও মজের নিগৃত রহজ। একিঞ ষাহা বলিলেন তাহা ফলত: এই,—''লামি পুরুষোভ্য মাং বিতঃ), আমি এই সকলেরই উপরে, তথাপি এই সকলেরই মধা দিয়া এবং ইহাদের পারস্পরিক সম্বায়েৰ সহায়তাতেই আমাকে সন্ধান ফিরিয়া পাইবার পথ থুঁজিতেছে, তাহার প্রেক ইহাই একমাজ পূর্ণ সংধনা।" কিন্তু কেবল এই শক্তুলি হঠি 📑 ইহাদের অর্থ প্রথমে স্পষ্ট বুঝা বায় না, অন্তত, ইহ ষাইতে পারে। এই সকল শব্দের ছ ঠিক কি বুঝাইতেছে, ভাহা নির্ণয় করিতে হইবে; এবং আবর্ণ বিশ্ব অর্জ্রনও তথক্ষণাৎ ভাহাদের ব্যাখ্যা बिकाना कतिरनन। खैक्क मः कारण উত্তর ছিলেন



—তথু তাত্তিক ব্যাখ্যা করিতে গীতা কোথাও বেশীকণ দাঁড়ার নাই; গীতা কেবল ততটুকুই এমল ভাবে দিয়াছে যেন ভাগেলের সত্যটি ধরিতে পারা যায়, এবং সাধক নিজেই অহভৃতি উপলবি লাভ করিতে করিতে অগ্রসর হইতে পারে। প্রতিভালিক (the phenomenal) জগতের বিপরীত অপ্রতিষ্ঠ (self-existent) সন্তাকে ব্যাইতে উপনিষদ একাধিকবার "তদ্ ব্রহ্ম" এই বাক্য ব্যবহার করিয়াছে; মনে হয় এই বাক্যের হারা গীতা আত্মার অকর প্রতিষ্ঠাকে (the immutable self-existence) ব্রিয়াছে, ইহাই ভগবানের শ্রেষ্ঠ আত্মাভিব্যক্তি এবং ইহারই অপরিবর্ত্তনীয় অনন্ততার উপরে বাকী সব,—যাহা কিছু চলিতেছে, বিকলিও হইতেছে সেই সব—প্রতিষ্ঠিত,—অকরম্ পরম্ ল। পরা প্রকৃতিতে জীবের যে আধ্যাত্মিক ভাব ও মূল প্রকাশের ধারা,—সভাব, গীতার মতে তাহাই অধ্যাত্ম,—সভাবোহধ্যাত্মমূচ্যতে।

গীতা বলিয়াছে, স্টের প্রেরণা ও শক্তিকেই কর্ম বলা হয়,
—বিসর্গঃ কর্মনজ্ঞিতঃ। ঐ প্রথম মূল আত্মপ্রকাশ বা স্বভাব
হইতে কর্মই বস্ত সকলকে সঙ্গন করিতেছে, এবং এই স্বভাবের
বশেই কার্য্য করিতেছে, স্টে করিতেছে, প্রকৃতিতে বিশ্বলীলা
প্রকট করিতেছে। করলীলার সলে যাহা কিছুর শাবির্ভাব হইতেছে,
শবিভূত বলিতে সেই সমন্তই ব্যিতে হইবে,—অধিভূতং করোভাবঃ।

(*)

মং ভাবোহধ্যাত্মম্চ্যতে ।

ভূতাভাবোত্মকরে বিদর্গ: কর্মসংক্ষিত: ॥ ৮।০

অধিভূত্তং ক্রেভিন্ন: পুরুষশ্চাধিদৈবতম্ ।

অধিহ্যোহত্মেবাত্ত দেহে দেহভূতাং বর ॥ ৮।৪

প্রকৃতিতে যে-পুরুষ বিরাজ করিতেছেন,—প্রকৃতিছ আছা,—ভিনিই
অধিদৈব। তাঁহার মূল সন্তার যে সব ক্ষর ভাব কর্ম প্রকৃতিতে
প্রকট করিতেছে, পুরুষের চেতনায় দে সব প্রতিফলিত হইতেছে।
অন্তর্গামী পুরুষ দেই সব দেখিতেছেন, উপভোগ করিতেছেন।
শ্রীকৃষ্ণ বলিলেন, "কর্মের ও যজের অধিপতি,—অধিয়জ,—বলিতে
আমাকেই বুঝায়। আমি ভগবান, বিশ্বদেব, পুরুষোন্তম—এখানে
এই সব দেহধারীদের মধ্যে আমি গুপ্তভাবে বিরাজ করিতেছি।"
অভএব যাহা কিছু আছে,—সর্কমিদং,—সবই এই করেকটি শব্দের
ক্ষেত্রের মধ্যে পড়িয়াছে।

গীতা এই সংক্ষিপ্ত বর্ণনা দিয়াই জ্ঞানের দারা অন্তিমে যে মুক্তিলাভ করা যায় তাহাই অবিলম্বে বুঝাইতে অগ্রনর হইয়াছে। পূর্ব অধ্যাধের শেষ স্লোকে এইরূপ মুক্তিই ইন্সিত কর। হইয়াছে। অবশ্র পরে গীতা আবার এই কথার আলোচনা করিবে, এ সম্বন্ধে আরও এমন ব্যাখ্যা দিবে কর্মের জন্ম এবং অভ্যন্তরীণ উপলব্ধির ৰুষ্ত যাহা আবশ্যক। ততক্ষণ প্ৰয়ন্ত আমর। এই স্কল শব্দ विनारक बाहा किছू त्याम माहे मरवत आति भून कारनत कन ষ্মপেক। করিতে পারি। কিন্তু আর অগ্রদর হইবার পূর্বে, এখানে **এवः हेशाय चारम याश वना हहेग्राट्ड छारा हहेर्डिं अहे मकन** বস্তর পারস্পরিক সম্বন্ধ যতট। বুরা যায়, তাহ। নির্ণয় করা আবশুক। · काद्रन. এখানে विद्यमौगांत थाता महस्य गीजांत मठि वास्क হইয়াছে। প্রথমতঃ বহিষাছে ব্রদ্ধ,—ইহা উচ্চতৰ অকর আক্মপ্রতিষ্ঠ (self-existent) সন্তা; দেশ-কাল-নিমিন্তের মধ্যে বিশ্বপ্রকৃতির বে থেলা চলিতেছে তাহার পশ্চাতে সর্বভূতই বস্ততঃ এম। কারণ, ঐ আত্মপ্রতিষ্ঠা আছে বলিরাই দেশ, কাল, নিমিত্তের থাক।

সম্ভব হইয়াছে । এ অপরিবর্ত্তনশীল সর্কব্যাপী অথচ অথও আধার যদি না থাকিত, তাহা হইলে দেশ, কাল, নিমিছের বিভাগ এবং নামরপের থেলা সম্ভব হইত না। কিছু নিজে ঐ অকরব্রন্ধ किছरे करत ना. कान किছत कात्रण रह ना, कान किছ नकत করে না। ইহা নিরপেক (impartial), সম, সকলকেই ধরিয়া াছে, কিন্তু কিছু বাছে না, কিছু উৎপাদন করে না। তাহা ट्टेल छेर्शामन करत रक, मक्क करत रक, भन्नभन्नस्यत मिता প্রেরণা দেয় কে? কর্মকে যে পরিচালিত করে এবং অনস্ত সন্তা হইতে কালের মধ্যে কার্যাতঃ বিশ্বলীলাকে প্রকট করে, সে কে ? স্বভাবরূপে প্রকৃতি। পরাংপর, ভগবান, পুরুষোত্তম রহিয়াছেন এবং তাঁহার অনস্ত অক্ষরতার উপর প্রতিষ্ঠিত করিয়া তাঁহার পরা অধ্যাত্ম শক্তির ক্রিয়াকে ধরিয়া রাথিয়াছেন। ভগবান যে দিব্য সন্তা. চৈত্ত, ইচ্ছা বা শক্তিকে বিস্তার করিতেছেন,—ঘয়েশং ধার্ঘ্যতে জগং.—তাহাই পরা প্রকৃতি। ভগবান তাঁহার সভায় যাহা কিছু আপনা হইতে স্বতম্ব করিয়া ধরেন এবং জাবের অধ্যাত্ম প্রকৃতি বা স্বভাবে প্রকট করেন, সে সবেরই মূল শক্তিও সতাটি আত্মা ঐ পরাপ্রকৃতিতে আত্মণম্বিতের আলোকেই দেখিতে পায়। প্রত্যেক দীবের অন্তর্নিহিত সত্য এবং মূল অধ্যাত্মতম্ব, যাহা নিজেকে দীলার মধ্যে কার্য্যতঃ প্রকাশ করিয়া ধরিতেছে, সংসার মধ্যে যে মূল দিব্য প্রকৃতি সকল পরিবর্ত্তন, বিকৃতি, বিপর্ব্যয়ের ভিতরেও দিবা অক্ল রহিয়াছে, ভাহাই অভারু। অভাবের মধো যাহা নিহিত আছে দে সব বিশ্বপ্রকৃতির মধ্যে বিস্তুষ্ট হইরাছে, বিশ্বপ্রকৃতি বেন তাহা লইয়া পুৰুষোত্তমের অন্তদৃষ্টির ছায়ার যথাশক্তি ব্যবহার করে। নিত্য স্বভাবের মধ্য হইতে, প্রত্যেক ভূতের মূল প্রাকৃতি ও অধ্যাত্মসভার মধ্য হইতে, প্রকৃতি নানা বৈচিত্রোর স্টে করিয়া উহাকে প্রকাশ করিতে চেষ্টা করিতেছে,—নিজের নামরূপের সমস্ত পরিবর্ত্তনের থেলা, দেশ-কাল-নিমিত্তের পরিবর্ত্তনের থেলা প্রকট করিতেছে *।

এই সৰ অভিব্যক্তি, এবং অবস্থা হইতে অবস্থার পরিবর্ত্তন —रेहारे क्य. श्रक्तित किया। श्रक्ति क्यों, मौनामश्री। चलाव যথন স্ষ্টিক্রিয়ায় নিজেকে বিস্তার করে (বিসর্গ), তাহাই কর্ম্মের প্রথম রূপ। সৃষ্টি ছুই প্রকারের,—ভূত ও ভাব। সৃষ্টিতে যে স্কল বস্তু স্বাবিভূতি ইইতেছে, তাহারাই ভূত (ভূতকর:), এবং ঐ সকল বস্তু অস্তরে ও বাহিরে যে রূপ গ্রহণ করিতেছে তাহাই ভাব (ভাবকর:)। কালের মধ্যে নিয়ত এই সকল জিনিবেরই উৎপত্তি হইতেছে (উদ্ভব); কর্মের সৃষ্টশক্তিই এই উদ্ভবের মূল। প্রকৃতির শক্তিসমূহের পরস্পর সংযোগে এই সব পরিবর্ত্তনশীল লীকা প্রকট হইতেছে (অধিভূত)। ইহাই জগৎ, ইহাই জীবাত্মার চৈতদ্পের বিষয় -বস্তু (the object of the soul's consciousness) ৷ এই সমুদায়ের মধ্যে জীবাত্মাই দ্রষ্টা ও ভোক্তাম্বরূপ প্রকৃতিম্ব দেবতা। মন, বৃদ্ধি, ইঞ্জিয়ের দিবা শক্তিসমূহ,—জীবাত্ম। আপন চৈত্তাময় সত্তার যে সকল শক্তির দারা প্রক্রভির খেলাকে নিজের মধ্যে প্রতিফলিত করে, তাহাদিগকে নইয়াই অধিদৈব। অতএব এই প্রকৃতিত্ব আত্মাই কর পুরুষ,ইহাই পরিবর্ত্তনশীল আত্মা, ভগবানের শাখত কর্মনীলা। এই আত্মা

^{*} দেশ ও কালের মধ্যে পর্যায়ক্রমে এক অবস্থা হইতে অন্ত অবস্থার যে বিকাশ হইতেছে ডাহাকেই আমরা নিমিত্ত (causality) বলি।

ষ্থন প্রকৃতি হইতে সরিয়া ত্রন্ধে অবস্থিত, তথন ইহাই অক্ষর-পুরুষ, অপরিবর্ত্তনশীল আত্ম।, ভগবানের শাখত নিজিয়তা। কিছ ক্ষরপুরুষের দেহ ও রূপের মধ্যে দিব্য পরম পুরুষ বাদ করেন। মাকুষের মধ্যে পুরুষোত্তম রহিয়াছেন, তাঁহাতে অক্ষর সন্তার শান্তি রহিয়াছে। আবার দেই দক্ষেই তিনি ক্ষরনীলাও উপভোগ করিতেছেন। তিনি যে কেবল বিশ্বের অতীত এক পরম পদে भामारनत निकृषे इहेरा वहनृत्त दृश्यिरहन सुधू जाहाहे नरह, তিনি এখানেও সর্বভৃতের দেহের মধ্যে রহিয়াছেন, প্রকৃতিতে এবং মামুষের হাদেশে বিরাজ করিতেছেন। এখানে তিনি প্রকৃতির কর্মদমূহকে যজ্জহপে গ্রহণ করিতেছেন এবং মাহুষ সজ্ঞানে তাঁহার নিকট আতাসমর্পণ করিবে সেই অপেক্ষায় রহিয়াছেন। কিন্তু সকল সময়ে, এমন কি মানুষের অজ্ঞান ও অহতারের মধ্যেও, তিনি মামুর্বের স্বভাবের অধীশর এবং তাহার সকল কর্মের প্রভু। তাঁহার অধ্যক্ষতাতেই প্রকৃতি ও কর্মের ক্রিয়া চলে। তাঁহা হইতেই জীবাত্মা প্রকৃতির ক্ষরলীলায় আবিভূতি হয়; অক্ষর আত্মপ্রতিষ্ঠার ভিতর দিয়া জীবাত্মা আবার তাঁহাতেই ফিরিয়া যায়, ভগবানের পর্মপদ লাভ করে,—পরমং ধাম।

জগতে জন্মগ্রহণ করিয়। মাহ্য প্রকৃতি এবং কর্মের জিয়ার বশে জগৎ হইতে জগতান্তরে গমনাগমন করে। প্রকৃতিন্ত পুরুষ (Purusha in Prakriti), ইহাই তাহার স্ত্র; ভাহার মধ্যে আত্মা যাহা চিন্তা করে, যাহা ভাবে, যাহা করে দে সর্বাহা তাহাই হয়। পূর্বজন্মে সে যাহা ছিল, যাহা করিয়াছে সেই স্বের ঘারাই তাহার বর্ত্তমান জন্ম নির্দাধিত হইরাছে। আবার এই ক্ষয়ে মৃত্যুকাল প্র্যান্ত সে যেরপ থাকিবে, যাহা ভাবিবে, যাহা

क्तिरव रारे गरवत चातारे निश्वातिष्ठ श्रेरव रा, रा भन्नतारक कि रहेरव এवर পরজন্মেই বা कि रहेरव। জন্ম यनि "रु अहा" (becoming), ভাহা হইলে মৃত্যুও "হওয়া," মৃত্যু কোন কমেই ফুরাইয়া যাওয়া নহে। শরীর পরিত্যক্ত হয়; কিছ জীবারা আপনার পথেই চলিতে থাকে (তাক্তা কলেবরম্)। অতএব তাহার মহাযাত্রার সন্ধিকণে সে কিরুপ থাকে ভাহার উপর অনেক্থানি নির্ভর করে। কারণ যে-রূপ "হওয়া"র উপর ডাহার চিত্ত মৃত্যুকালে নিবিষ্ট থাকে এবং মৃত্যুর পূর্ব্বেও সর্বাদা যাহার চিন্তায় পূর্ণ ছিল, তাহাকে সেই রূপই পাইতে হয়। যেহেতু প্রকৃতি কর্মের ছারা জীবাত্মার চিম্ভা ও শক্তি সকলের বিকাশ করে। বস্তুত: উহাই তাহার একমাত্র কাজ। অতএব, মানবাত্মা যদি পুরুষোত্তমের পদ লাভ করিতে চায়, তাহা হইলে চুইটি জিনিষের প্রয়োজন। তুইটি সর্ভ পূর্ণ করিতেই হইবে; তবেই উহা সম্ভব হইতে পারিবে। পার্থিব জীবনে তাহার সমগ্র জুক্তর্জীবনকে ঐ আদর্শের দিকে গড়িয়া তোলা চাই; এবং মৃত্যুকালেও তাহার त्नरे चामर्ग ও আटाक्कारक अकास्त्रिक ভाবে ধরিয়া থাকা চাই। এক্তি বলিলেন, "যে কেহ অন্তিমকালে আমাকে অনুসরণপূর্বক ভাহার দেহত্যাগ করিয়া গমন করে, সে আমার ভাব, অর্থাৎ পুরুবোর্ডমের ভাব প্রাপ্ত হয়' । ভগবানের মূল স্ভার সহিত শে মিলিত হয়। ভাহাই জীবাত্মার চরম গতি (পরো ভাব)। **बरे**चार्तारे कर्षात त्यव शतिष्ठि,—कर्ष बंधार्त निरंकत भरश,

অন্তৰ্কালে চ মামেক শ্বরন্ত্রা কলেবরম্। যং প্রবাতি স মন্ত্রাক যাতি নাল্যক্র সংশয়ঃ॥ ৮।৫

আপনার উৎসে ফিরিয়া আসিরাছে। বিশ্বলীলার মধ্যে আসিয়া জীবালার মূল অধ্যাত্ম প্রকৃতি,—স্বভাব, ঢাকা পড়িয়া যার, তাহার চৈডত্যের অক্সান্ত প্রতিভাসিক ভাবের বিকাশ হয়,—তম্ তম্ ভাবম্। জীবালা যথন এই বিকাশের লীলা অহুসরণ করিয়া তাহার সকল প্রতিভাসিক ভাবের ভিতর দিয়াই চলিয়া আসিয়াছে, তখন সে তাহার সেই মূল প্রকৃতিতে ফিরিয়া য়য়; এবং এইরপে ফিরিয়া গিয়া তাহার প্রকৃত অধ্যাত্ম সন্তার—আত্মার, সন্ধান পায়় এবং প্রেষ্ঠ গতি লাভ করে (মন্তাবন্)। এক হিসাবে বলিতে পারা যায় যে, সে তখন ভগবান হয়; কারণ, তাহার প্রতিভাসিক প্রকৃতি ও জীবনের চরম রূপাস্কর সাধনের ছায়া সে ভগবানের প্রকৃতির সহিতই মিলিত হয়।

এখানে গীতা মৃত্যুকালীন মনের ভাব ও চিন্তার উপর বিশেষ জ্বোর দিয়াছে। গীতা কেন এইরপ. জোর দিয়াছে তাহা বুঝা কঠিন হইবে যদি আমরা চৈতপ্তের আত্মুস্ত্রুনী শক্তি (self-creative power of consciousness) বাহাকে বলা যাইতে পারে সেই শক্তির পরিচয় না লই। চিন্তা আন্তরিক ভক্তি, প্রান্ধা, এবং পূর্ব ও একান্তিক সহরের সহিত যাহার উপর নিবদ্ধ হয়, আমাদের অভ্যন্তরীণ সন্তারও তাহাতে পরিবর্তিত হইবার সন্তারনা হয়। এই সন্তারনা নিশ্চিত শক্তিতে পরিবর্তিত হইবার সন্তারনা হয়। এই সন্তারনা নিশ্চিত শক্তিতে পরিবর্তিত হইবার সন্তারনা হয়। এই সন্তারনা নিশ্চিত শক্তিতে পরিবর্তিত হাই বাহালি আমাদের সাধারণ এবং আ্মারিকশিত অ্বভ্রুতিতে হাই বেগুলি আমাদের সাধারণ মনতত্ত্বের তায় বাহ্ জিনিবের অধীন নহে (এই সাধারণ মনতত্ত্বে বাহ্পুরুতির অধীনতা-পাশে বন্ধা)। সেধানে আমরা দেখিতে পাই যে, যাহাতে আমাদের মনকে নিবন্ধ করিন্ধারাধি এবং সর্বাল্য যে দিকে উন্ধৃত্য হইবা থাকি, আমরা নিশ্চিত-

ভাবে ক্রমশঃ ভাহাই হইয়া উঠি। অতএব সেধানে চিম্বার কোন চ্যুভি, স্বৃতির কোন অংশতা হইলেই ঐ পরিবর্তনের ব্যাঘাত হইবে, অথবা ইহার ক্রিয়ার কিছু স্বংপতন ইইবে এবং আমরা যাহা ছিলাম আবার দেই দিকেই ফিরিয়া যাইব,—অন্ততঃ যতকণ না নুলতঃ অনিবর্ত্তা ভাবে আমরা আমাদের নৃতন ভাবে প্রতিষ্ঠিত হইতেছি ততকণ এরপ অধংপতনের আশহা আছে। যথন আমরা ঐরপ প্রতিষ্ঠা লাভ করিয়াছি, যথন উহা আমাদের সাধারণ অমুভৃতি উপলব্ধির বিষয় হইয়াছে, তথন উহার শ্বতি আপনা হইতেই থাকে; কারণ তখন উহাই হয় আমাদের চৈতত্ত্বের স্বাভাবিক স্বরূপ। এই মরজীবন ছাড়িয়া যাইবার সন্ধিক্ষণে আমাদের মনের ভাব কিরপ থাকে তাহার প্রয়োজনীয়তা এখন বুঝা গেল। কিন্তু সমস্ত भीवन मत्न ना कत्रिया त्कवन मृजुाकातन मत्न कत्रितन, व्यथवा আমাদের সমস্ত জীবন ধরিয়া যথেইভাবে প্রস্তুত না হইলে শুধু মৃত্যুকানীন অহম্বরণ আমাদিকে এইরূপ উদ্ধার করিতে পারে না। লৌকিক ধর্ম-সকল মুক্তিলাভের যে-সব সহজ্ব পথ দেখা-ইয়া দেয়, ভাহাদের সহিত গীভার শিক্ষার সাদৃত্য নাই। মৃত্যুকালে धर्मराष्ट्रक व्यानिया मुक्तित পथ পतिकात कतिया निटन, नाताकीयन পাপে কাটাইয়াও এইভাবে শেষকালে এটানোচিত পবিত্র मृष्ट्रा ("Christian death") इहेर्द, अथवा পरिज कानी-ধামে বা গন্ধাতীরে মরিতে পারিলেই মুক্তিলাভের জয় আর কিছুরই প্রয়োজন হয় না—এই সব অজ্ঞান কল্পনার সহিত গীতার **শিক্ষা কোথাও মেলে না। যে দিব্য অধ্যাত্মভাবের** উপর মনকে গৈহিক মৃত্যুর সময়ে দৃঢ়ভাবে নিবছ করিয়া রাখিতে हहेरत,-यम् व्यवन् ভावम् छावि चास करनवन्म,-रेनिहिक कोवरनथ

প্রতি মুহুর্ত্তে আত্মাকে অন্তরে সেই ভাবে গড়িয়া উঠিতে ইইবে,
—সকা তদ্ভাবভাবিত:

। প্রীশুক বলিলেন—'অভএব সকল
সময়ে আমাকে অরণ কর এবং যুদ্ধ কর, কারণ যদি তোমার
মন ও বৃদ্ধি সকল সময়ে আমাতে নিবদ্ধ রাখিতে পার এবং
আমাতে অর্পন করিতে পার,—ম্যার্পিত মনোবৃদ্ধি:,—তাহা ইইলে
নিশ্চয় তৃমে আমাতেই আসিবে। যেহেতৃ সর্বাদা যোগ অভ্যাসের
বারা অনগ্রচিত্ত ইইয়া তাঁহাকে ভাবিতে ভাবিতে লোক দিব্য
পরমপুরুষকে প্রাপ্ত হয়' গ্রা

এখানে আমরা এই প্রম পুরুষের প্রথম বর্ণনা পাইডেছি,

—ইনি ভগবান, ইনি অক্ষর অপেক্ষাও মহত্তর ও বৃহত্তর, গীতা
পরে ইহাকেই পুরুষোত্তম নাম দিয়াছে। তাঁহার কালাভীত অনস্ততায়
তিনিও অক্ষর এবং এই সব ব্যক্ত প্রপঞ্চের বহু উপরে; কালের
মধ্যে আমরা তাঁহার সত্তার সামান্য আভাস মাত্র পাই নানা
বিচিত্র রূপ ও ছন্মবেশের মধ্য দিয়া (অব্যক্তোহক্ষর:)। তথাপি
তিনি শুধুই অরূপ অনির্দেশ্য নহেন, অথবা তিনি কেবল এই
জন্তই অনির্দেশ্য বে, মানুষের মন যত বেশী ক্ষুভার ধারণা

যং যং বাণি শ্বরন্ ভাবং ত্যঞ্জীতান্তে কলেবরম্।
তং তমেবৈতি কৌন্তের সদা তন্তাবভাবিতঃ ॥ ৮।৬
তশাৎ সর্বের্ কালেষ্ মামহশার যুধ্য চ ;
ময্যপিতিমনোবৃদ্ধি মামেবৈক্সশুসংশবং ॥ ৮।৭
অভ্যাসযোগযুক্তেন চেতদা নাম্বগামিনা।
পরমং পুরুষং দিব্যং যাতি পার্যান্থচিত্তরন্ ॥ ৮।৮

করিতে পারে, তিনি তাহা হইতেও স্তম্ব এবং ভগবানের রূপ আমাদের চিন্তার অতীত,—অণোরণীয়াংসম অচিন্তারূপম •। এই পরম পুরুষ পরমাত্মাই দ্রষ্টা, অতি পুরাতন। তাঁহার অনস্ক আত্মদৃষ্টি ও জ্ঞানে তিনিই সমগ্র বিশের প্রভূ এবং শাস্তা। তিনি তাঁহার সন্তার মধ্যে এই বিশ্বের যাবতীয় বস্তুকে যথাস্থানে সল্লিবেশিত করিয়া রাখিয়াছেন,—কবিম পুরাণম অফুশাসিভারম্ সর্বশ্র ধাতারম্। বেদবিদ্গণ যে স্বয়ন্থ অক্ষরত্রক্ষের কথা বলেন, এই প্রমাত্মাই দেই ব্রন্ধ। যতিগণ তপস্থার দারা মানসিক বিকেপসমূহের উপর উঠিয়। ইহার মধ্যেই প্রবেশ লাভ করেন,— हेहारके शहिबाद क्य जाशात्रा हेक्दिय-मःयम खलाम करत्न का সেই অনস্ত দহত দর্কভার গতি, স্থান, পদ (অতএব কালের মধ্যে জীবাত্মার যে বিকাশ হইতেছে, সেই বিকাশলীলার ইহাই পরম नका); विश्व देशंत्र मध्य त्वान विकालत तथना नाहे, देश এক আদি, সনাতন, পরম অবস্থা বা স্থান,-পরমম্ স্থানম্ আগুম।

কবিং পুরাণমন্থশানিতার
মপোরণীরাং সমস্ম্মরেদ্ য:।
সর্বস্ত ধাতারমচিস্তারপ—
মাদিত্যবর্ণ থে তমসঃ পরস্তাং । ৮।>
বদক্ষরং বেদবিদো বদস্তি
বিশক্তি যদ্যতরো বীতরাগা:।
বদিক্তারো ব্যক্তার প্রতিরাক্তার সংগ্রহেন প্রবাক্তার । ৮।১১

বোগী অভিম্কালে মনের যে ভাবে থাকিয়া জীবন হইতে মৃত্যুর ভিতর দিয়া এই পরম দিব্য স্থানে পৌছান, গীভা তাহারই বর্ণনা করিতেছে। অচঞ্চল মন, যোগবলে বলীয়ান আত্মা, ভক্তিতে ভগবানের সহিত যোগ (জ্ঞানের ঘারা নিরাকারের সহিত যোগ থাকে বলিয়া ভক্তিযোগ নিম্প্রয়োজন হয় না, শেষ পর্যান্ত এই ভক্তি পরম যোগশক্তির অকরণেই বিশ্বমান থাকে); এবং প্রাণ-निक क्षिप्रदेश, दिवानुष्टित अधिकारित मःगृशीक * । ममस्य देखिस्वात क्ष इश्व, मनरक क्षरय निरवांध कवा इश्व, প्राणमक्तिक विस्कृत হইতে সংগ্রহ করিয়া মন্তকের মধ্যে সন্নিবেশিত করা হয়; বুদ্ধি ওম এই পৰিত্র অক্ষরের উচ্চারণ এবং ইহার ভাব ধারণা করিতে এবং পরম পুরুষকে শ্বরণ করিতে একাগ্র হয়, (মামসুশ্বরন্) । ইহাই দেহভ্যাগের প্রচলিত মৌগিক পছা,—বিশাতীত चनरखत्र निकृष्टे मम्बा (व मर्भन । ख्थानि, हेहा (क्वन वक्षि প্রক্রিয়া মাত্র; মূল প্রয়োজন হইতেছে, জীবনে, এমন কি যুদ্ধ ও কর্মের মধ্যেও, সর্বাদা অব্যভিচারী ভাবে ভগবানকে শ্বরণ

প্রবাণকালে মনসাচলেন
ভক্তা যুংক্তা যোগবলেন চৈব।
ক্রেমেথ্য প্রাণমাবেশ্ব সমাক্
স তং পরং পুরুষমুগৈতি দিব্যম্ ॥ ৮।১০
সর্কারাণি সংষ্মা মনো হাদি নিরুধ্য চ।
মুর্ম্যাধারাত্মন: প্রাণমান্থিতো যোগধারণাম্ ॥ ৮।১২
ওবিভ্যেকাক্ষরং ক্রম ব্যাহরন্ মামছক্ষরন ।
মং প্রবাভি ত্যক্তন্ দেহং স যাতি প্রমাং গতিম্ ॥ ৮।১৩

করা,—মান্ অনুসার যুধ্য চ—, এবং সমগ্র জীবনযাত্তাকে বিরতিহীন যোগে পরিণত করা (নিত্যযোগ) * । ভগবান বিশংলন, ''যে ইহা করে সে অনায়াসে আমাকে লাভ করে; সেই মহাত্মাই পরম্ সিদ্ধি প্রাপ্ত হয় ‡।

এইরপে জীব যথন দেহত্যাগ করিয়া যায়, তথন সে যে অবস্থায় পৌছায়, তাহা বিশ্বাতীত (Supracosmic) অবস্থা। বিশ্বপ্রাপঞ্চে বে সকল উচ্চতম স্তরের জগৎ রহিয়াছে, দেখান হইতেও পুনর্জন্ম ফিরিয়া আদিতে হয়; কিন্তু যে-জীব পুরুষোত্তমে গমন করিয়াছে সে আর পুনর্জন্ম গ্রহণ করিতে বাধ্য নহে ‡। অত এব জ্ঞানের ছারা অনির্দেশ্য ব্রন্ধের উপাসনা করিয়া যে ফলই পাওয়া, যাউক, অহাতম পূর্ণ উপাসনা জ্ঞান, কর্মা ও প্রেমের সম্মিলনের ছারা সর্বকর্মের অধীশ্বর, সকল মাহ্যের ও সর্বভৃতের স্থল্ল স্বয়্মস্থ ভগবানের উপাসনা করিয়াও দেই ফল পাওয়া যায়। তাহাকে এইরপে জানায় এবং এইভাবে তাহার উপাসনা করায় পুনর্জন্মে বা কর্মশৃদ্ধলে বন্ধ হইতে হয় না; মরলোকের অনিত্য ত্থেময় অবস্থা হইতে (তৃংধালয়ম অশাশ্বতম্) চিরক্তন মৃক্তিলাভ করিতে জীবের যে আহাজ্ঞা, জীব তাহা পূর্ণ করিতে পারে।

অনম্বচেতা: সততং যো মাং শ্বরতি নিতাশ:।
তক্ষাহং স্বলভ: পার্থ নিতাষ্ক্তন্য যোগিন:॥ ৮।১৪
মানুপেত্য পুনর্জন্ম হংধালয়ামশাখতম্।
নাপুবন্তি মহাত্মান: সংসিদ্ধিং পরমাং গতাঃ॥ ৮,১৫
আত্রশ্বনালোকাঃ পুনরাবর্তিনোহক্ত্র ।
মানুপেত্য তু কৌভেয় পুনর্জন্ম ন বিভত্তে ॥ ৮।১৬

ব্দুলাস্তর-চক্র এবং সেই চক্র হইতে মৃক্তিসাভ বিষয়ে আরও স্পষ্ট ধারণা দিবার জম্ম গীতা এখানে জগৎচক্রের পরিবর্ত্তন সম্বন্ধে প্রাচীন ভারতে যে মত স্থপ্রচলিত ছিল তাহাই গ্রহণ করিয়াছে। ৰূগৎ যে সময়ে প্ৰকট থাকে তাহাকে ব্ৰহ্মার দিবস বলা হয়, জগৎ যে সময়ে অপ্রকট থাকে তাহাকে ব্রহ্মার রক্ষনী বলা হয়। কালের পরিমানে উভয়েই সমান। ব্রহ্মার কর্ম চলে সহস্রযুগ ধরিয়া, আবার ত্রন্ধার নিদ্রাও সহস্র নীরব যুগ । দিবসাগমে ব্যক্ত বস্তু সকল অব্যক্তের মধ্য হইতে আবিভূতি হয়, রাত্রি সমাগমে সকলে অদুশ্র হয় বা অব্যক্তের মধ্যে নীন হয় 🕈 । এইরূপে সর্বভূত অবশভাবে প্রকাশ ও প্রকাষের চাক্রে ঘুরিভেছে; পুন: পুন: ভাহারা দিবসাগমে আহিত্তি হইতেছে (ভূতা ভূতা), এবং অবিরত তাহারা রাত্রিসমাগমে অব্যক্তের মধ্যে ফিরিয়া যাইতেছে 🕻 । কিন্তু এই অব্যক্তই ভগবানের দিব্য আছা অবস্থা নহে; তাঁহার আর এক অবস্থা (ভাবোহয়:) আছে, বিশের এই অব্যক্তাবস্থার উপরেও এক বিশ্বাতীত অব্যক্ত, তাহা অনস্তকাল স্বপ্রতিষ্ঠ, তাহা এই ব্যক্ত বিশ্বের বিপরীত অব্যক্ত নহে কিছ ইহার বহু উপরে, ইহা হইতে সম্পূর্ণ

সহস্রগুণধ্যস্কমহর্ষদ্ ব্রন্ধণো বিছ:।
রাত্রিংযুগসহস্রান্তাং তেহুহোরাত্রবিদোজনা: ॥ ৮।১৭
অব্যক্তাদ্ব্যক্তর: সর্বা: প্রভবস্ত্যহরাগমে।
রাত্রাগমে প্রলীয়ন্তে তত্ত্রবাব্যক্তসংক্তকে ॥ ৮।১৮
ভূতগ্রাম: স এবারং ভূত্বা ভূত্বা প্রলীয়তে।
রাত্রাগমেহবদ: পার্থ প্রভবত্যহ্রাগমে॥ ৮।১১

বিভিন্ন, অগরিবর্ত্তনীয়, সনাতন,—সর্বভৃত বিনষ্ট হইলেও তাহা বিনষ্ট হয় না • । "তাঁহাকেই অব্যক্ত অক্ষর বলা হয়, তাঁহাকেই লোকে পরমাত্মা এবং পরমা গতি বলে। যাহারা তাঁহাতে পৌছায় তাহাদিগকে আর ফিরিতে হয় না; তাহাই আমার পরম ধাম" ক । কারণ, যে জীবাত্মা সেখানে পৌছিয়াছে, সে বিশের প্রকাশ ও প্রলয়চক্র হইতে মুক্ত হইয়া গিয়াছে।

জগৎ-চক্র সহদ্ধে এই মত আমরা গ্রহণ করি আর না করি,

("অহোরাঝবিদ্"গণের জ্ঞানের মূল্য আমাদের কাছে কতথানি
তাহার উপরেই উহা নির্ভর করে) গীতা ইহাকে যেভাবে ব্যবহার
করিয়াছে তাহাই প্রষ্টব্য। সহজেই ধারণা হইতে পারে, এই যে
সনাতন, অব্যক্ত সন্তা, যাহার পরম ভাবের সহিত বিশ্বের অভিব্যক্তি বা লয়ের কোনই সম্বন্ধ নাই বলিয়া মনে হয়, উহাই চিরঅনির্দেশ্য, অজ্ঞাত, নিরুপাধিক ব্রহ্ম; এবং উহাতে পৌছিতে হইলে,
জীবনলীলায় আমরা যাহা হইয়াছি, সেই সব বর্জন করাই আমাদের
পক্ষে প্রকৃত পদ্ম। মনের জ্ঞান, হদবের ভক্তি, যৌগিক ইচ্ছা,
জাগ্রত প্রাণশক্তি—এই সব সম্বিলত ভাবে একাগ্র করিয়া উহার
দিকে আমাদের সমগ্র আন্তর চেত্তনাকে লইয়া যাওয়া ঠিক পথ
নহে। বিশেষতঃ যে নির্কিশেষ ব্রন্ধ সকল সম্বন্ধশৃন্য, অব্যবহার্য্য,
তাহার প্রতি ভক্ত প্রযুদ্ধা বলিয়া মনে হয় না। কিন্তু, গীতা

পরতথ্যাত ভাবোহন্যোহব্যক্তোহব্যক্তাৎ সনাতন: ।
যঃ সর্কের্ ভূতের্ নশুৎস্থ ন বিনশুতি ॥ ৮/২০
অব্যক্তোহক্ষর ইত্যুক্তমাহঃ পরমাং গতিম্ ।
যং প্রাণ্য ন নিবর্ত্তমে তদ্ধাম পরমং মম ॥ ৮/২১

জার দিয়াই বলিয়াছে, যদিও এই অবস্থা বিশাভীত, এবং যদিও ইহা চির-অব্যক্ত, তথাপি "দেই পরম পুরুষকে অনক্ত ভক্তির ঘারাই লাভ করিতে হইবে, যাহার মধ্যে সর্ব্বভূত বিরাজ করিতেছে, যিনি এই সমগ্র জগৎকে বিস্তার করিয়াছেন *।" অর্থাৎ এই পরম পুরুষ আমাদের মায়ার জগৎ হইতে দ্রে অবস্থিত একেবারে সম্পূর্ণ সম্বন্ধশৃষ্ণ বন্ধ নতেন। পরস্ক তিনি জ্ঞা, প্রায়ারকাৎ কর্মান্তারম্, ধাতারম্। তাঁহাকেই এক এবং সব, বাহ্মদেবঃ সর্বামিতি জানিয়া ও ভক্তি করিয়া, সকল বস্তু, সকল ঘটনা, সকল কর্ম্মে তাঁহার সহিত্ত আমাদের সমগ্র চেতনাকে যুক্ত করিয়াই আমাদিগকে পরমা গতি, পূর্ণ সিদ্ধি, চরম মুক্তির সাধনা করিতে হইবে।

তাহার পরই আরও রহক্তময় এক দিছাস্তের বর্ণনা। এইটি
গীতা প্রাচীন বৈদাস্তিক সাধকগণের (mystics) নিকট হইতে
গ্রহণ করিয়ছে। যোগী যদি পুনরায় মানবজন্ম গ্রহণ করিতে
অভিলাষ করেন, তাহা হইলে তাঁহাকে কোন্ সময়ে দেহত্যাগ
করিতে হইবে, আর যদি পুনর্জন্ম এড়াইতে চান তাহা হইলেই
বা তাঁহাকে কোন্ সময়ে দেহত্যাগ করিতে হইবে, তাহারই বর্ণনা

য় ৷ অয়ি ও জ্যোতিঃ এবং ধ্ম বা কু:হিনকা, দিবস এবং
য়াত্রি, শুক্লপক্ষ এবং কৃষ্ণশক্ষ, উত্তরায়ন এবং দক্ষিণায়ন—এইগুলি পরক্ষায়

পুরুষ: স পর: পার্থ ভক্তা লভ্যন্থনক্তরা।
 যশ্রান্ত:স্থানি ভ্তানি যেন সর্কমিদং ততম্ । ৮।২২

ক্ষরকালে খনাবৃত্তিমাবৃত্তিকৈব বোপিন:।
 প্রবাতা যান্তি তং কালং বক্যামি ভরতর্বভ। ৮/২৬

বিপরীত। প্রথমগুলিতে দেহত্যাগ করিয়া ত্রন্ধিক ত্রন্ধকে প্রাপ্ত হন, কিন্তু দ্বিতীয়গুলির দ্বারা যোগী চাক্রমণ জ্যোতিঃ প্রাপ্ত হন এবং পরে তাঁহাকে মানবজন্ম ফিরিয়া অনিতে হয় *। এই তুইটিই শুক্র ও কৃষ্ণমার্গ। উপনিষদে এই তুইটিকে যথাক্রমে দেব্যান ও পিতৃষান বলা হইয়াছে। যে যোগী এই তুই মার্গের তত্ত্ব জ্ञানেন, তাঁহাকে আর কোন ভ্রমে পতিত হইতে হয় না ‡। এই তত্ত্বের পশ্চাতে অভ্যান্থ ও মনোজগতের সম্বন্ধবিষয়ক যে শোন সত্য বা সঙ্কেত-স্ত্রই থাকুক ‡ (এই বিশ্বান প্রাচীন সাধকদের

অগ্নিংজ্যাতিরহং শুক্লং যথাসা উত্তরায়ণম্।
তত্ত্র প্রথাতা গচ্ছস্তি বন্ধ বন্ধবিদো জনাং॥ ৮।২৪
ধুমো রাত্তিগুণা কৃষ্ণং যথাসা দক্ষিণায়নম্।
তত্ত্ব চাক্রমসং জ্যোতির্যোগী প্রাণ্য নিবর্ততে॥ ৮।২৫
শুক্রক্ষে গতীহ্যেতে জগতং শাখতে মতে।
ত্রকয়া যাত্যনার্ত্তিমন্যয়াবর্ত্ততে পুনং॥ ৮।২৬
নৈতে স্তী পার্থ জানন্ যোগী মৃছতি কশ্চন।
তাস্থং সর্কেষ্ কালেষ্ যোগমুক্তো ভবার্জ্কন॥ ৮।২৭
যৌগিক্ অভিঞ্জতা হইতে জানা যায় যে এই ত

বৌগিষ্ঠ অভিক্রতা হইতে জানা যায় যে, এই তবের পশ্চাতে অক্তরপং ও মনোজগতের সম্মনবিষয়ক একটা সত্য রহিয়াছে, যদিও তাহা সর্বত্ত থাটে না, বগা—অস্তরে আলোকের শক্তির সহিত অন্ধকারের শক্তির যে যুদ্ধ চলিতেছে তাহাতে আলোকের শক্তিসমূহ বংসরের এবং নিনের আলোর সময়ে অধিকতর প্রভাব-শালী হয় এবং অন্ধকার শক্তিগুলির প্রভাব অন্ধকার সময়ে বর্দ্ধিত হয় এবং যুদ্ধকার শক্তিগুলির প্রভাব অন্ধকার সময়ে বর্দ্ধিত হয় এবং যুদ্ধকার শক্তিগুলির প্রভাব অন্ধকার সময়ে বর্দ্ধিত ্যুগ হইতেই চৰিয়া আদিতেছে। জাহায়া প্ৰব্যেক ক্ষমভাত যনোজগতের প্রকৃত সংৰক্ত দেখিতেন। জাহারা সর্বাত্ত ভিতৰের দহিত বাহিরের, আলোকের দহিত জানের, অন্নির সহিত তপঃ-শক্তির পারস্পরিক ক্রিয়া ও কতকটা ঐক্যও নির্ণর করিতেন) --आमामिनादक दक्वन पिथिए इहेरव द्य, नीका विश्वास कथांकिरक eি ভাবে ঘুৱাইয়া শেষ করিয়াছে, "অভএব দকল **দম**ৰে (दानगुक थाक",-जमार मर्स्तम् कात्मम् (यानगुक्ता जवाक्ता ফলত:, মূল কথা এই, সমস্ত সভাকে ভগবাৰের সহিত এক कदा। अपन ममश जार अदः मर्स द्रक्रम अक, रहन मर्सन স্বাভাবিকভাবে যোগযুক হইয়া থাকা যায়। এবং এইরুপে সমগ্র कोवनिटिक, ७५ डिस्रा वा धानरक नरह, किन्न कर्म, अन्नान, यूक স্বকেই ভগবানের অঞ্সারণে পরিণত করা। "আমাকে স্বরণ কর আর যুদ্ধ কর", ইহার অর্থ অনস্তের নিত্তা অহমারণ যেন অনিত্য সংসারের ছন্দের মধ্যে মুহুর্ত্তের জ্ঞান্ত হারাইয়া না যায়। এবং ইहा थूवहे कठिन, প্রায় অসম্ভব বলিয়াই মনে হয়। বস্তুত: ইহা কেবল তথনই সম্পৃতিবে সম্ভব হয় যদি অতাক্ত প্রয়োজনগুলি পূর্ণ করা হয়।—যদি আমরা আমাদের চেতনায় সকলের সহিত এক আতা হইয়া থাকি, সকল সময়ে আমাদের মনে থাকে যে. দেই এক আত্মা ভগবান, এবং **আমাদের চকু ও** আমাদের অগ্রাম্ভ ইন্দ্রিয়গণ সর্বাত্র ভগবানকে প্রত্যক্ষ ও অমুভব করে যেন কোন জিনিষকে কেবল বাছে প্রিয় গ্রাহ্ বস্তু বলিয়া কথনও স্থল कता आमारित शक्क अमुख्य इस, श्रद्ध अ वाक् करभद्र मरश **जगवानक वक्टे मदन क्षेत्र्व ७ वास्ट तिथिए भार्ति, व्यरः** यिन আমাদের ইচ্ছা ভপবানের ইচ্ছার সহিত চেতনায় এক হয়, এবং

সামাদের ইচ্ছার, মনের, শরীরের প্রত্যেক ক্রিয়া ঐ ভগবদিচ্ছা হইতেই আসিতেছে বলিয়া অঞ্ভব করি,—উহা ভগবদিচ্ছারই ক্রিয়া, ভগবদিচ্ছায় অঞ্প্রাণিত, অথবা তাহার সহিত একই বলিয়া উপলব্ধি করি, তাহা হইলে গীতা যাহা চাহিতেছে তাহা পূর্ব-ভাবে সম্পাদন করা যায়। তথন আর ভগবানের অঞ্মরণ মনের একটা সাময়িক ব্যাপার হয় না; পরস্ক তথন উহাই হয় স্মামাদের জীবনের স্বাভাবিক অবস্থা এবং একভাবে আমাদের চেতনার সার বস্তু। তথন জীব তাহার স্বাধিকার লাভ করিয়াছে, পুরুষোভ্রমের সহিত তাহার সত্য ও স্বাভাবিক সম্বন্ধ, অধ্যাত্ম সম্বন্ধ স্থাপন করিয়াছে,—তথন আমাদের সমন্ত জীবনই বোগ, ভগবানের সহিত ঐক্য,—সে ঐক্য সিদ্ধ, আবার অনস্তকাল ধরিয়াই ভাহা সাধিত হইয়া চলিয়াছে।

গুহাদ্ গুহতরং

যে সত্যটি এইভাবে ধীরে ধীরে পূর্ণ বিকশিত হইয়া উঠিয়াছে, প্রতিপদে অথণ্ড জ্ঞানের এক একটি নৃতন দিক ব্যক্ত করিয়াছে এবং তাহার উপর প্রতিষ্ঠিত করিয়াছে এক-একটি অধ্যাত্ম ভাব ও কর্ম, তাহার মৃশ্য ও সার্থকতা এইবার আমরা বুঝিব। সেই-হেতৃ ভগবান অর্জ্জ্বের মনকে জাগ্রত ও একাগ্র করিয়া তুলিবার জন্ম, তিনি এখন যাহা বলিতে যাইতেছেন, তাহার গুরু প্রয়োজনীয়তার দিকে প্রথমেই তাহার অবধান আকর্ষণ করিলেন। কারণ, তিনি অভ্রুনের মনকে পূর্ণ-ভগবান সম্বন্ধে জ্ঞান ও দৃষ্টির জন্ম উন্মুক্ত করিতে এবং একাদশ অধ্যায়ে বিশ্বরূপ দর্শনের দক্ত প্রস্তুত করিতে উন্নত হইয়াছেন; সেই বিশ্বরূপ দেখিয়া কুলক্ষেত্রের যোদ্ধা তাহার জাবনের, কর্ম্মের, লক্ষ্যের ঘিনি কর্ত্তা ও ভর্তা, মাকুষের মধ্যে ও জগতের মধ্যে যিনি ভগবান, তাঁহার সম্বন্ধে সজ্ঞান হইবে, মাহুষের মধ্যে বা জগতের মধ্যে এমন কিছুই নাই যাহা তাঁহাকে সীমাবদ্ধ করিতে পারে; কারণ, তাঁহা হইতেই সবের উৎপত্তি, তাঁহার অনন্ত সভার মধ্যেই সবার থেলা, उँ(शत रेष्ट्रात बातारे नव ठनिएएए, विश्वष्ठ रहेशा तरिशाह, তাহার দিব্যজ্ঞানের মধ্যেই সবের সার্থকতা থুঁজিয়া পাওয়া যায়, তিনিই সকলের মুদ্দ ও সারবস্ত ও চরম দক্ষা। অৰ্জ্জুনকে জানিতে इट्रेटर ८४, ८७ निष्क जगवारनब्रहे भर्त्या ब्रहिशाह अवः व्यख्वश्विष्ठ শক্তির দারাই কাজ করিতেছে, তাহার কাজ কেবল ভাগবত কর্মের নিমিত্ত মাত্র, তাহার অহমুত চেতনা কেবল একটা আচ্ছাদন, তাহার মধ্যে ভগবানের বে অমর ক্লিক ও অংশ রহিয়াছে, তাহাই তাহার অজ্ঞানে বিকৃত হইয়া অহংচেতনা রূপে প্রতিভাত হইতেছে।

ভাছার মনে এখনও যদি কোনও সংশয় থাকে, এই বিশর্প-দুর্শনই ভাছা দূর কবিয়া দিবে, এবং ভাগাকে সেই কাজের জ্ঞ শক্তিমান করিয়া তুলিবে, যে-কাজ হইতে সে পশ্চাৎপদ হইয়াছে, সেই কাজের জঙ্গ সে অলজ্য ভাবে নিয়োজিত, তাহার আর ফেরা চলে না.—কারণ ফিরিলে তাহার মধ্যে ভগবানের हेक्का ७ आएमारक अमाना कता इटेरव, ७३ आएम हे जिश्स्कें তাহার ব্যক্তিগত চেডনায় প্রকাশিত হইয়াচে, কিন্তু বিরাট বিশ-লীলার মধ্যেও যে **স্লেক্তর নির্দেশ** রহিয়াছে, শীদ্রই তাহা প্রকাশিত হইবে। কারণ এখন বিশ্ব-পুরুষ ভগবানেরই দেহরূপে व्यक्तित ममूर्थ दिशा तिरवन, व्यन्छ कान मिटे विरहे वाचा, তিনি তাঁহার মহান ভীতি-ব্যঞ্জক করে অর্জ্জনকে যুদ্ধের সংঘর্ষে প্রবৃত্ত-हरेट चारान कतिरवन। चर्च्यून छात्रात्र वात्रा चानिष्ठे हरेटव আত্মার মুক্তি-সাধন করিতে, এই বিখ-রহতের মধ্যে তাহার ৰূপ সম্পাদন করিতে, এবং এই তুইটি-মৃক্তি-সাধন ও কর্ম-একই সাধনা হইবে। অর্জ্জুনের সমূধে আত্মজানের উচ্চক্তর , আলোক এবং ভগবান ও প্রকৃতি সহছে জ্ঞান যতই বেশী উল্লাটিভ হইতেছে, ততই ভাহার বৃদ্ধির সংশব সমস্ত পরিধার হইয়া যাইডেছে। কিছ কেবল বৃদ্ধির সংশ্ব পরিফার হইলেই চলিবে না; ডাহাকে ৰেখিতে বইবে অভাৰ্টীৰ বালা বালা ভালার বহিম্পী মানবীয় দৃষ্টিকে আন্দোকিত করিবে, যেন দে কর্ম করিতে পারে, সমগ্র সমায় সম্বভিদ্ন সহিত, আহার প্রতি অলের পুর্ণ প্রধান সহিত, তাছার মধ্যে যে-আত্মা ভাছার জীবনের অধীবর আবার সেই আত্মাই বিখের এবং সমগ্র ধিবজীবেনর অধীবর সেই একই আত্মার প্রতি পূর্ব ভক্তির সহিত।

ইভিপুৰ্বে যাহা কিছু বলা হইয়াছে, লে-সৰ আনের ভিত্তি-ছাপন করিয়াছে, অথবা ইহার এখনে প্রয়োজনীয় উপাদান প্ৰস্তুত্ত কৰিয়াছে, কিন্তু এখন কাঠামোটির পূর্ব আকার ভাহার উনুক দৃষ্টির সমূধে ধরা হইবে। ইহার পরে যাথা আসিৰে সে-সবও খুৰই প্ৰয়েজনীয়; কারণ, সে-সব এই কাঠামোর **অংশ-**গুলিকে বিল্লেষণ করিয়া দেখাইবে, কোনটার কি মর্ম ভাহা বুৰাইয়া দিবে; কিছ যে-পুৰুষ ভাহার সহিত কথা কহিতেছেন, তাঁহার দখনে সমগ্র জ্ঞান মূলত: এখনই তাহার চক্ষের সমূৰে थुनिया धता हरेत्व त्वन ना त्मशा आव छाहात भरक मण्य ना হয়। পূর্বে যাহা বলা হইয়াছে তাহাতে তাহাকে দেখান হইয়াছে, **অজ্ঞান ও অহম্ভ কর্মের গ্রন্থিতে তাহাকে বে অবস্ঞাবী-ভাবে** বাধা থাকিতেই হইবে তাহা নহে,—এইরণ কর্মেই সে এতদিন সম্ভষ্ট ছিল, লেঘে উহা আর তাহার মনকে তৃপ্ত করিতে পারে ৰাই, উহাতে কোনও সমভাৱই পূৰ্ণ স্বাধান নাই, সংসাৱেশ্ব কর্মের মধ্যে যে বিরোধী ভাব বহিন্নাছে, তাহাতে তাহার মন विकास हरेश छेत्रिशाहिन, का्यश्र जारन वक हरेश छाहात सनद ৰ্যাথিত হুইয়া উঠিয়াচিল, জাবন ও কৰ্ম সম্পূৰ্ণভাবে ভ্যাস করা ব্যতীত কর্মের বন্ধন হইতে মুক্তির কোন পথই সে দেখিতে পাৰ নাই। ভাহাকে দেখাৰ হইৰাছে বে, কৰ্ম ও জীবন-যান্ত্ৰাপ क्रेंडि विरवाधी नथ चाहि, এकडि श्रेरफाइ चश्यका चळाता, অপরটি হইভেছে গভার পাই আছলানে। সে কর্ম করিছে পারে বাদনার সহিত, রিপুর বশে, নীচের প্রকৃতির শুণঅরের
ছারা তাড়িত "অহং" রূপে, পাপ পুণ্যের স্থ-ছুংখের ছব্দের
অধীন হইয়া, কর্মের ফল ও পরিণামের চিস্তায়, জয় পরাজয়ের,
শুভ ও অশুভের চিস্তায় বিভোর থাকিয়া, জয়ৎ-চক্রে বন্ধ হইয়া,
কর্ম অরুমি বিকর্ম যে পরিবর্ত্তনশীল বিরোধী ভাবের ছারা
মাহযের হলয়, মন, আত্মাকে বিভান্ত করে, সে সকলের মধ্যে
জড়াইয়া পড়িয়া ৷ কিন্ধ অজ্ঞানের কর্মেই সে অকাট্য ভাবে
বন্ধ নহে; সে যদি ইচ্ছা করে তবে জ্ঞানের কর্মপ্ত করিতে
পারে ৷ সংসারে সে কর্ম করিতে পারে উচ্চ ভাবুক রূপে, জিজ্ঞাহ্ম
রূপে, যোগী রূপে, প্রথমে মৃক্তি-প্রার্থী রূপে এবং পরে মৃক্ত-আত্মা
রূপে ৷ এই মহান্ সভাবনা উপলব্ধি করা এবং যে-জ্ঞান
ও আত্ম-দৃষ্টি কার্যন্ত: উহা সম্ভব করিবে তাহাতে তাহার বৃদ্ধিকে
নিবিষ্ট রাখা, ইহাই তাহার তৃঃখ ও মোহ হইতে মৃক্তি পাইবার, মানবজীবনের সমস্তা হইতে মৃক্তি পাইবার পথ ।

আমাদের মধ্যে এক অধ্যাত্ম সত্তা আছে, তাহা শাস্ত, কর্মের অতীত, সম, এই বাহিরের কর্মজালে বন্ধ নহে, কিছু উহার ধাতা, উৎপত্তি-স্থল, অন্তর্ধামী সাক্ষী রূপে উহাকে পর্যাবেক্ষণ করে, অথচ উহাতে জড়িত হয় না। উহা অনস্ত, সবকে ভিতরে ধরিয়া রাধিয়াছে, সকলের মধ্যে এক আত্মা, প্রকৃতির সমগ্র কর্মকে নিরপেক্ষ ভাবে অবলোকন করিছেছে এবং দেখিতেছে যে, এ-সব কেবল প্রকৃতির কর্মা, তাহার নিজের কর্ম নহে। উহা দেখে যে, অহং এবং অহংয়ের ইচ্ছা ও বৃদ্ধি সবই প্রকৃতির যত্ত্ব, এবং ইহাদের সকল কর্মই প্রকৃতির ভিন গুণের জটিল ক্রিয়ার ঘারা নিয়ন্তিত হয়। এই সনাতন অধ্যাত্ম সত্তা নিজে এই সব হইতে মৃক্ত। এই সব

হইতে সে মুক্ত, কারণ তাহার জ্ঞান আছে, সে জ্ঞানে যে প্রকৃতি এবং অহং এবং এই দকল জীবের ব্যক্তিক সন্তা (the personal being) ইহা লইয়াই অন্তিত্ব নহে। কারণ জগতে অন-বরত যে কর-লীলা চলিতেছে, মহান বা তুচ্ছ, চমকপ্রদ বা विधामजनक निश्रिम পরিবর্ত্তনশীল দৃশ্য-কেবল ইহাই অভিতের (existence) স্বটুকু নহে। এমন কিছু আছে যাহা স্নাতন, অকর, অকর, কালাতীত স্বয়স্থ সম্ভা; প্রকৃতির পরিবর্তনস্কল তাহাকে म्लार्न करव ना। উহা সে-সবের নিরপেক দ্রষ্টা, কাহাকেও विव्यालक करत मा. निरम्भ विव्यालक क्या ना, निरम क्यान क्या করে না, কাহারও কর্ম তাহাকে স্পর্শ করে না, দে পুণাবানঙ ं নহে, পাপীও নহে; কিন্তু নিতা, শুদ্ধ, পূর্ব, মহান এবং অকত। অহংভাবাপন্ন মানৰ যাহাকে ব্যথিত বা আকৃষ্ট হয় উহা ভাহাতে শোকান্বিত বা হ্রান্থিত হয় না, উহা কাহারও মিঅও নহে, কাহারও শক্তও নহে, কিন্তু সকলের মধ্যে এক সম আত্মা। মামুষ এখন এই স্বাস্থা সরজে সচেতন নহে, কারণ সে বহিমুখী মনের মধ্যে জড়াইয়া রহিয়াছে. সে অস্তরের মধ্যে বাস করিতে শিবিতে চায় ना, चथवा निर्द्ध नाहे ; निर्द्धत्र कर्ष इहेटल निर्द्धर रत शृथक कतिया ধরে না, সরিয়া দাঁড়ায় না এবং ঐ কর্মকে প্রকৃতির কর্ম বলিয়া দেখে না। অংই বাধা, মোহচকের নাভি। জীবের অন্তরাত্মায় অহংবের नव कदारे मृक्तित कन मर्सक्थाम क्षांकन। व्यापा महा रक्षा, चात त्करन मन এवः चहः इहेश ना शाका, हेहाहे अहे मुक्ति-वानीव প্রথম কথা।

অৰ্জুনকে এই জন্ত প্ৰথমেই বগা হইয়াছে তাহার কর্মের সমস্ত কল-কামনা প্রিত্যাগ করিতে এবং যাহাই করিতে হউক

ৰেই কৰ্ডবা ওৰু নিছাম নিরপেক কর্মী ভাবে সম্পাদন করিছে, - अरे विषक्षंगगृहित विनिष्टे केचत्र इछन छोहात्र हत्छ नमछ मना-ৰুল ছাছিয়া বিতে। কারণ, সে নিজে বে ঈশ্বর নহে ভাহা ৰুবই স্বন্দাই। তাহার ব্যক্তিগত অহংয়ের ছপ্তির জন্ত প্রকৃতি আপনার পৰে প্ৰবৰ্ত্তিত হয় নাই । তাহাৰ ৰাসনা, ভাহাৰ অভিলাব পূৰ্ণ কৰিবার নিষিত্ত বিশ্ব-প্রাণ জীবন-লীলা করিজেছে না ; তাহার মান্সিক মতামত, ভাহার সিদ্ধান্ত ও আদর্শ সার্থক করিবার জন্ম বিশ্ব-মন কাল্প করিতেছে না, ভাহার ক্ষুত্র দরবারে বিশ্ব-মনের জাগতিক লক্ষ্য বা পার্থিব কর্মধারা ও উদ্দেশ্য উপস্থিত করা হয় না। এই সব অধিকারের शवी क्वल मार्ट नक्न लाक करत्र याहाता निकासन वाकि-ছের গণ্ডীর মধ্যে বাস করে এবং সেই কৃত্ত ও সঙ্কীর্ণ প্রতিষ্ঠা হইতে সমন্ত জিনিবকে দেৰে। প্রথমেই তাহাকে জগতের উপর ছাহার অহন্ধারের দাবী ছাড়িতে হইবে, এবং লক লক লোকের মধ্যে সে কেবল একজন মাত্র এই ভাবে ভাহাকে কাল করিতে इनेट्ट। एर फ्लाफ्न छाराज बाजा निर्वीछ नटर किछ निर्वित কর্ম ও উদ্দেশ্যের দারা নির্ণীত হইতেছে, ভাহাতে ভাহার নিজের **क्टिं। ७ यात्रत्र जारमहेकू ब्लामाटेएक स्टेर्स । किन्न** जाशांक देश অপেকা আরও বেশী কিছু করিতে হইবে,—বে যে কর্ত্ত। এই অভিমানও ভাহাকে পরিত্যাগ করিছে হইবে। সকল ব্যক্তিত্ব हरें एक इंदेश जाहात्क त्विश्य स्टेंटर एए, निविन रुकि. ইক্সা, মন, প্রোণই ভার মধ্যে এবং অপর সকলের মধ্যে কর্ম করিতেছে। প্রকৃতিই নিখিল কর্তা; তার কর্ম প্রকৃতিরই কর্ম. 😂 যেমন ভার মধ্যে প্রকৃতির কর্ষের মন্স ভার চেরে এক আছের পঞ্জির আছা নিয়মিত মহান ফলসমীর অংশমার।

অধ্যাত্মভাবে সে যদি এই ছুইটি জিনিব করিতে পারে, ভাহা-হইলে তাহার কর্মের জাল ও বন্ধন তাহা হইতে প্রিয়া পড়িবে; কারণ, ঐ বন্ধনের সমত্ত প্রস্থি রহিয়াছে তাহার অহহারের দাবীতে এবং কর্ত্তাভিমানে। রিপুর উদ্বেগ ও পাপ এবং ব্যক্তিগত হ্র্থ-पुः व ाहात आचा हहे एवं अमुना हहेरत। उपन जाहा एक, महान्, শান্ত, সকল লোক ও সকল জিনিবে সমভাবাপন্ন হুইয়া অন্তরের মধ্যে বাস করিবে। কর্ম তখন অন্তরের মধ্যে কোন প্রতিজিয়া উৎপাদন করিবে না, তাহার আত্মার নির্মনতা ও শান্তির উপর কোন দাগ বা চিহ্ন রাখিয়া ঘাইবে না। তাহার থাকিবে অভ্যন্তরীণ হুব, বিরাম, স্বাচ্ছন্য, এবং মৃক্ত অক্ষত স্তার অটুট আনন। ভিতরে বা বাহিরে আর তাহার সেই পুরাতন ক্ষুত্র ব্যক্তিংখ্য · (बत्र थाकिरव ना ; कात्रन, रम उथन मुख्यात উপनिक कतिरव বে, সে সকলের সহিত এক আত্মা,—তাহার বাহ্ প্রকৃতিও निधिन यन, ल्यान, हेव्हात चटक्छ चः न विनाहे जाहात कातन অমুভত হইবে। তাহার স্বতম্র অহংভাবাপন্ন সত্তা অধ্যাত্ম সভার নিব্যক্তিক ভাবের মধ্যে গৃহীত ও নির্বাপিত হইবে ; ভাহার ঘতত্ত্ব অহংভাবাপত্র প্রকৃতি বিশ্ব-প্রকৃতির লীলার সহিত একীকত হইবে।

কিছ, এই মৃত্তি নির্তর করে গৃইটি বৃশপৎ উপলবির উপরে,
—শট্টভাবে আত্মদর্শন এবং স্পাইভাবে প্রকৃতি দর্শন। এই গৃইটি
উপলবির সামঞ্জ এখনও হয় নাই। ইহা কেবল বৈক্ষানিকের
মানসিক বিচারজনিত নিঃসঙ্গতা নহে, জড়বাদী দার্শনিকও, নিজের
আত্মা এবং অধ্যাত্ম সন্তান্ধ উপলবি না থাকিলেও ওধু প্রকৃতি
সহতেই কডকটা স্পাই দৃষ্টি লাভ করিয়া এন্ধণ নিঃস্কৃত হউতে

শারে। ইহা ভাববাদী জানীরও (the idealistic sage) মান-দিক বিচারন্ধনিত নিঃদন্ধতা নহে। এরপ ব্যক্তি বৃদ্ধির আলোক সহাবে অহংবের অপেকাকত কৃত্র এবং বিকোভকরী রুণগুলি অতিক্রম করিতে পারে। ইহা আরও বড, আরও জীবন্ত, আরও পূর্ণ আধ্যাত্মিক নি:সঙ্গতা । প্রকৃতির উপরে, মন-বৃদ্ধির উপরে যে পরম সত্তা রহিয়াছে, তাহার দর্শন লাভ করিয়াই এই নি:সকতা লাভ করা যায়। কিন্তু, এই নি:সক্তাও মুক্তির এবং স্পষ্ট জ্ঞানদৃষ্টির কেবল গোড়াকার রহন্ত, ইহা দিব্যরহন্তের সমগ্র স্ত্র নহে; কারণ, শুধু এইটির দারাই প্রকৃতির ব্যাখ্যা হয় না; এবং অধ্যাত্ম ও নিক্ষিত্ব আত্মপ্রতিষ্ঠার সহিত কর্মজীবনের বিরোধ থাকিয়া যায়। দিবা নি:দক্ষতা হইবে দিবা কর্মেরই ভিত্তি। আগে যেমন অহং-ভাবের বশে প্রকৃতির কার্য্যে যোগ দেওয়া হইত, ভাহার পবিবর্ত্তে দিবা-ভাবে প্রকৃতির কার্য্যে যোগ দিতে হইবে, দিব্য শান্তি দিব্য ক্রিয়াকে, দিব্য গতিকে ধরিয়া থাকিবে। এই সত্য বরাবরই গুরুর মনে ছিল এবং দেই জ্যুই তিনি যজ্জরপে কর্ম করিতে, পরমপুরুষকেই আমাদের সকল কর্মের জ্বর ব'লয়া জানিতে এবং অবতারের ও দিবা-জন্মের মর্ম্<u>ফ</u> বুঝিতে বিশেষ করিয়া বলিয়াছেন; কিন্তু শান্ত মুক্ত ভাবের প্রতিষ্ঠা প্রথমেই প্রয়োজন বলিয়া এই সভাের উপর এতক্ষণ তেমন জোর দেওয়া হয় নাই। যে-সকল সত্যের দারা আধ্যাত্মিক শান্তি, নি:সম্বতা, সমতা এবং ঐক্য লাভ করা যায়, এক কথায়, অক্র আত্মাকে উপলব্ধি করা যায়, এবং তাহাই হওয়া যায় দেই সকল সভাই পূর্ণভাবে পরিফুট করা হইয়াছে এবং ভাহাদের রুহত্তম निक ও **नार्थक्छ। (प्रधान इ**हेग्राह्ड । पत्र यहान् अस्तासनीय

সত্য এই উপলব্ধিকে পূর্বভর করিবে, সেটিকে কতকটা অস্পই-রাধা হইয়াছে, অল্প আসোকে দেখান হইয়াছে। পুন:পুন: এই সত্যের প্রতি ইন্ধিড করা হইয়াছে বটে, কিন্তু এখন পর্যান্ত সেইটিকে পরিক্ষট করা হয় নাই। এখন ক্রমান্ত্রে এই ক্ষেক্টি অধ্যায়ে সেই সভ্য:ক্ ক্রভ পরিক্ষট করা হইতেছে।

অবতার, ৩ ক, জীবন-যুদ্ধে মানবাত্মার চির-সার্থি জীক্ষ প্রথম হইতেই নিজের নিগৃঢ় রহস্ত প্রকাশ করিবার আয়োজন করিতে-ছিলেন। তাহাই প্রস্কৃতির গভীরতম রহস্য। এই উদ্বোগের মধ্যে একটি হার তিনি সকল সময়েই ধরিয়া রাধিয়াছেন এবং উাহার সমগ্র সত্যের বৃহত্তম চূড়াস্ত সমন্বয়ের ইন্ধিত ও ভূমিকাম্বরূপ পুন:-পুন: তুলিয়াছেন। সেই স্থর হইতেছে পরম ভগবানের তত্ত্ব। তিনি মানুষের মধ্যে ও প্রকৃতির মধ্যে বাস করিতেছেন; কিন্তু, তিনি মাহুষ ও প্রকৃতি হইতে মহত্তর, আত্মার নির্বাক্তিক ভাবের ভিতর দিয়া তাঁহাকে পাইতে হয়। কিছু নিব্যক্তিক আত্মাই তাঁহার সমগ্র স্ত্যু নহে। পুন:পুন: জোরের সহিত এই স্তে।র ইদিত কেন করা হইয়াছে, এখন আমরা তাহার অর্থ বুঝিতেছি। একই ভগবান যিনি বিশাত্মায়, মামুবে ও প্রকৃতিতে রহিয়াছেন, তিনিই রথোপরি অবস্থিত গুরুর মুথ দিয়া উছোগ করিতেছিলেন যেন, জাগ্রত ত্রষ্টা ও কন্দীর সমগ্র সন্তার উপর তিনি তাঁহার একান্ত দাবী উপন্থিত করিতে পারেন। তিনি বলিতেছিলেন ''আমি তোমার অন্তরে রহিয়াছি, আমি এখানে এই মানব শরীরে রহিয়াছি। আমার জন্মই সব কিছুর অন্তিছ, সকলে কর্ম করে, চেষ্টা করে। সেই আমিই সপ্রতিষ্ঠ আত্মারও নিগৃঢ় সত্য; আবার সেই সঙ্গে বিশ্বলীলারও নিগৃত সভ্য। এই যে 'আমি.'

रेशरे मरखन जामि। यक वफ मानव-मखारे रुष्टे ना कन, তাহা এই 'আমি'র এক কুল্ল আংশিক প্রকাশমান্ত:-প্রকৃতি नित्व देशवरे এक नीत्रव (थना माळ। कौवाधाव केवव, वित्वव সকল কৰ্মের ঈশ্বর, আমিই অধিতীয় জ্যোতি:. একমাত্র শক্তি, এক মাত্র সন্তা। তোমার অন্তরে এই ভগবানই শুরু, সবিতা, —দেই জানের **স্পট জ্যোতির প্রকাশক্তা,** যাহাতে তৃমি ভোমার অকর আত্মা এবং তোমার কর প্রকৃতির প্রভেদ দেখিতে পাইতেছ। কিন্তু এই ক্যোতিরও উপরে উহার উৎসের দিকে চাহিয়া দেব; ভাহা হইলে তৃমি পরম আত্মাকে জানিতে পারিবে, ভাহারই মধ্যে ব্যক্তিষের ও প্রকৃতির অধ্যাত্ম সত্যকে ফিরিয়া পাইবে। অতএব দর্মভূতের মধ্যে এক আত্মাকে দেখ, যেন এই ভাবে তুমি সর্বভৃত্তের মধ্যে স্থামাকে দেখিতে পার। সর্বভৃত্তকে এক অধাত্ম আত্মা এবং সভা বন্ধর মধ্যে দেব: কারণ, সর্ব্ব-ভতকে আমার মধ্যে দেখিবার ইহাই পদা। সকলের মধ্যে এক ব্রন্ধকে অবগত হও; কারণ, এই ভাবেই তুমি পরম ব্রন্ধ জগবানকে দেখিতে পাইবে। তোমার নিজের আত্মাকে অবগত হও, নিজের আত্মা হও, বেন এই ভাবে তুনি আমার সহিত বৃক্ত হইতে পার,—এই কালাতীত আত্মা আমারই স্পষ্ট জ্যোতি বা ষচ্চ আবরণ। ভগবান আমিই আত্মাও অধ্যাত্ম সভার চরম সভা।"

আর্জুনকে দেখিতে হইবে যে, এই একই ভগবান ওণু আত্মার উচ্চতর সভ্য নহেন, পরস্ত প্রকৃতির এবং তাহার নিজের বাজিবেরও উচ্চতর সভ্য,—একই সঙ্গে বাজির এবং বিধের নিগৃত্ রহস্য। ভাহারই ইচ্ছা প্রকৃতিতে সর্ম্বয়াশী, প্রকৃতির কর্মন সক্ষ ভাহা হইতেই আদিভেছে। তিনি সেই সক্ষ কর্ম আপেকা यहाजत.--अक्रिकित, कर्ष, माम्रास्य कर्ष धवर दमहे मकन कार्याद कन महहे ডাঁছার। बैक्ट এৰ ভাহাকে যজন্ত্রণে কর্ম করিতে হইবে : কারণ, সেইটিই হইতেছে তাহার কর্মের, দকল কর্মের প্রকৃত সত্য। প্রকৃতিই কর্মী, অহং কৰ্মী নহে ; কিছ প্ৰকৃতি ভগৰানের একটা শক্তিয়াত্ত,—ভগবানই প্ৰকৃতির সকল কর্ম্বের ও চেষ্টার একমাত্র প্রভূ, – বিশ্বযজ্ঞের যুগযুগাস্তরের একমাত্র ইশ্বর। তাহার কর্ম যখন ভগবানের, তথন তাহার মধ্যে ও জগতে যে ভগবান রহিয়াছেন, যাঁহার দারাই প্রকৃতির রহস্যময় मितानीनाय में मनन कर्य अञ्चित इहेटलह, जाहारकहे जाहात সকল কর্ম সমর্পণ করিতে ছইবে। আত্মার দিব্য জন্মের জন্ত, অহংবের এবং শরীরের মরত হইতে অধ্যাত্ম ও অনস্তের মধ্যে মৃক্তিলা চের বন্ধ এই ছুইটা প্রয়োজন—প্রথমে নিজের কালাডীড অব্দর আত্মার জ্ঞান ও ইহার ভিতর দিয়া কালাতীত ভগবানের সহিত মিলন। কিছ সেই সংক্ষে এই বিশ্ব-রহস্যের পশ্চাতে যিনি রহিয়াছেন, সর্বভূতের মধ্যে এবং তাহাদের ক্রিয়ার মধ্যে যে ভগবান রছিয়াচেন, জাঁহার সম্বন্ধেও জ্ঞান। কেবল এইরপেই আমরা আমাদের সমস্ত প্রকৃতি ও সম্ভাকে সমর্পণ করিয়া সেই একের সহিত জাবস্তভাবে যুক্ত হুইবার আশা করিতে পারি, যিনি দেশ কালের মধ্যে যাহা কিছু আছে সব হইয়াছেন। পূর্ণ আত্মমৃতির যোগসাধনার ভক্তির স্থান এইখানেই। অবিনাশী আত্মা বা পরিবর্তনশীলা প্রকৃতি এডচভয় অপেকাও যিনি মহত্তর, তাঁহার ভবনা ও আরাধনাই এই ভক্তি। उथन गुक्न जान हर छवना ७ जाताथना ; कि**ड गुक्न कर्य** छ হয় ভখনা ও আরাধনা। এই ভবনাভেই প্রকৃতির কর্ম এবং আত্মার মৃত্তি একীড়ত হইরাছে, এবং সেই এক ভগবানের উদ্দেশে এক আন্দোৎসর্গে পরিণত হইয়াছে। চরম মৃতি, নীচের প্রকৃতিকে ছাড়াইয়া উপঃর অধ্যাত্মভাবের মৃলে যাওয়া, ইহা আত্মার নির্বাণ নহে,—কেবল তাহার অহংরপেরই নির্বাণ হয়। কিন্তু ইহা হইতেছে আমাদের জ্ঞান-ইচ্ছা-প্রেমময় সমগ্র আত্মার পক্ষে ভগবানের বিশ্বদন্তার মধ্যে আর না থাকিয়া, বিশ্বাতীত সন্তার মধ্যে পমন করা,—ইহা ধ্বংস নহে, সিদ্ধি।

অর্জুনের মনের কাছে এই জানটি স্পষ্ট করিয়া ধরিবার জন্য আবশ্যক বলিয়া ঐগুরু বাকী তুইটি সংশয়ের মূলোচ্ছেদ করিতে অগ্রসর হইলেন,—নিব্যক্তিক সন্তা ও মানুষের ব্যক্তিগত সন্তার মধ্যে बिताध এवः शुक्रव ও প্রকৃতির মধ্যে বিরোধ। যতক্ষণ পর্যান্ত এই তুইটি হন্দ্র থাকে, ততক্ষণ প্রকৃতির মধ্যে এবং মান্তবের মধ্যে ভাগবত সত্তার অন্তিত্ব অস্পষ্ট, অসকত, অবিশাস্ত্র থাকিয়া যায়। আপাতদৃষ্টিতে মনে হয় যে, প্রকৃতি গুণসমূহের জড় শৃথালা, আত্মা এই শৃথালের অধীন অহত ত সন্তা। কিন্তু ইহাই যদি তাহাদের সমস্ত সত্য হয়, তাহা হইলে ভাহার। ভাগবত সত্তা নহে, হইতেই পারে না। জড় অজ্ঞান প্রকৃতি ভগবানের শক্তি হইতে পারে না; কারণ, ভগবানের শক্তি হইবে কর্মে স্বাধীন, মৃলে আধ্যাত্মিক, মহত্তে আধ্যাত্মিক। প্রকৃতিতে বন্ধ অহমৃত আত্মা, কেবল মনোময় প্রাণময়, দেহময় আত্মা, ক্ৰমই ভগবানের অংশ এবং নিজে ভাগবত সত্তা চইতে পারে না; কারণ যাহা এইরূপ ভাগবত সভা হইবে. তাহা হইবে স্বরূপে ভগবানেরই ন্যায় মুক্ত, অধ্যাত্ম, আত্মবিকাশশীল, শক্তিষ্ঠ,—তাহা হইবে মন, প্রাণ, দেহের উদ্ধে ৷ এই তুই -সংশয় এবং ভাহারা যে-অজ্ঞানের সৃষ্টি করে সে-সব অপস্তত হয় সভ্যের একটি মাত্র উচ্চল দীপ্ত রশ্মির হারা। জড়প্রকৃতি -কেবল একটা নীচের পতা: নীচের প্রতিভাসিক ক্রিয়াই জড-

প্রকৃতি নামে অভিহিত। উপরের এক প্রকৃতি আছে, তাহা অধ্যাত্ম প্রকৃতি এবং ভাহাই আমাদের অধ্যাত্ম ব্যক্তিত্বের স্বরূপ, আমাদের সত্য ব্যক্তিসতা। ভগবান একই দকে নিব্যক্তিক (impersonal) অবার ব্যক্তিক (personal)। আমাদের মনের অমুভূতিতে প্রতীয়মান হয় যে, তাঁহার নিব্যক্তিক ভাব কালের অতীত অনম্ভ সদস্বরূপ চিদম্বরূপ, অবিযোপন্ত্রির আনন্দম্বরূপ ; তাঁহার ব্যক্তিক ভাব দেখা যায় সন্তার সচেতন শক্তিরপে, জ্ঞানের, ইচ্ছার এবং বছধা আত্মপ্রকাশের আনন্দের সচেতন কেন্দ্ররপে। মূল অকর সন্তায় আমরাও সেই একই নির্বাক্তিক; আমাদের অধ্যাত্ম-ব্যক্তিশ্বরূপে আমরা প্রত্যেকেই সেই মুল শক্তির বছধা রূপ। কিন্তু এই · যে প্রভেদ, ইহা কেবল আত্মপ্রকাশের প্রয়োজনের জন্য । निया नियां किक मखारक छाड़ाह्या याहेरन राम यात्र रय. छेहाहे षातात ष्यनस्त भूकव, भत्रयात्रा । উराहे मरान् षरम्-ताश्रम, আমিই সেই.—বাঁহা হইতে সমস্ত ব্যক্তিক সন্তা ও প্রকৃতি আৰিভূ ত হয় थार निर्वाकिक जार्व खार्जीयमान थरे या मगर, रेशा मार्था विविज्ञाल नीना करत्र । यादा किছ त्रश्यािष्ठ नवरे बन्ध,---नर्वर थविनर बन्ध । देशहे উপনিষদের কথা, কারণ ব্রহ্ম এক আত্মা, নিজেকে ক্রমান্বয়ে চৈতন্তের চারি खात प्रिक्टिक्न। वाक्ष्याव अनस्य श्रुक्षके नव, वाक्ष्याव नर्सन, हेशके গীতার কথা। তিনিই বন্ধ, তাঁহার উর্দ্ধের পধ্যাত্ম প্রকৃতি হইতে তিনি मञ्जादन ममस्य छेरभावन कतिर ट्रह्न, धतिया त्रावियारहन । अधादन दृष्टि, মন, প্রাণ, ইক্রিয় এবং পঞ্চত্তের বাছদুশ্য লইয়া যে অপরা প্রকৃতি, তাহার মধ্যে দক্ত বস্তু তিনিই সজ্ঞানে হইয়াছেন। অনম্ভের সেই অধ্যাত্ম প্রকৃতিতে তিনিই জীব, জীব তাঁহার সনাতন বছরূপ, সচেতন আত্মশক্তির বছ কেন্দ্র হুইন্ডে তাঁহারুই আত্মদৰ্শন। ভগৰাৰ, প্ৰাকৃতি, জীব--- এই ডিন নইরাই বিশ্বলীলা এবং এই ডিনই এক সন্ধা।

बहे गढ़। निकारक विरम्बत भारत रक्षन कतिया श्राक्त करत ? প্রথমত: चक्रत कामाडीड আত্মা রূপে,—ভাহা সর্বব্যাপী, সকলকে ধরিয়া রহিষাছে, তাহার অনস্কভাষ তাহা ভগু সভা, ভাহাতে কোন বিকাশ বা লীলা নাই। ভার পর, সেই সভায় বিশ্বত রহিয়াছে এক মূল শক্তি বা আত্মবিকাশের অধ্যাত্ম ধারা,—স্বভাব । তাহার ভিতর দিয়াই অধ্যাত্ম আত্মদৃষ্টির ছারা **এই मछा महत्र करत, विकाम करत,--हेराद मर्था यारा किछ** ষ্মপ্রকাশিত রহিয়াছে, নিহিত রহিয়াছে, সেই সকলকে মুক্ত করিয়া দিরা সৃষ্টি করে। এই ভাবে আত্মায় যাহা কিছু স্করিত হয়, সেই আতাবিকাশের শক্তি বা তেজ বিশ্বের মাঝে সেই ্লবকে কর্মরূপে বিস্তু করে। স্কল স্প্তুই এই ক্রিয়া, মল প্রাকৃতির লীলা, কর্ম। কিছ এই সংসাবে উহা পরিণত হইয়া উঠিতেছে মণরা প্রকৃতির মধ্যে,—বৃদ্ধি, মন, প্রাণ, ইক্সিয় ও পঞ্চ স্থল ভৃত্তের বাহ্ন রূপের মধ্যে। ভাহা পূর্ণ আলোক হইতে বস্ততঃ বিচ্ছির, এবং অজ্ঞানের হারা পরিচ্ছির। সেধানে ভাছার সকল জিয়াই হয় প্রকৃতির মধ্যে প্রচ্ছরভাবে যে প্রমাশ্বা রহিয়াছেন তাঁহার উদ্দেশে প্রকৃতিত্ব জীৰাত্মার যজ। অতএব भन्नम जगरान मकरणव मस्याष्ट्र जाहारनत मस्जत क्रशीयत करण, व्यविशक्त कर्ण विदाक्ति। छांशक माबित्था, छांशक अकित्छरे নেই বন্ধ নিয়ন্তিত হয়। জাঁহার আত্মভানে এবং আত্মসন্তার আনন্দে তাহা গৃহীত হয়। ইহা জানিলেই বিশ সময়ে একত ,कानमाक , कड़ी इद्, कार-माटब कश्यांमटक वर्गन कड़ा इड थवर

অজ্ঞান মায়া হইতে মৃক্ত হইবার বার খুঁজিয়া পাওয়া যায়।
কারণ, এই জ্ঞান যখন কার্য্যতঃ সত্যে পরিণত হয়, মাহুষ তাহার
কর্ম এবং তাহার সমস্ত চেতনাকে সর্বভৃতস্থিত ভগবানে অর্পন
করে। তখন সেই জ্ঞানের বারা সে তাহার অখ্যাত্ম সন্তায় ফিরিয়া
যাইতে সক্ষম হয় এবং ইহার ভিতর দিয়া এই অপরা ক্ষর
প্রকৃতির উপরে অনস্ত ও ভাস্থর যে বিশাতীত সত্য বস্তু রহিয়াছে,
তাহাতে পৌছিতে সমর্থ হয়।

আমাদের মূল সত্তার এই যে নিগৃঢ় সত্য, আমাদের অভ্যন্তরীণ জীবন ও বাহাকর্ম বিকাশে কেমন করিয়া ইহা পূর্ণভাবে প্রযোগ করা যার, গীতা এখন তাহাই দেখাইতে অগ্রসর হইয়াছে। গীতা এখন যাহা বলিতেছে তাহা সকল রহস্তের গুহুতম রহস্য *। ইহাই ভগবান সম্বন্ধে সেই সমগ্র জ্ঞান,—সমগ্রম্ মাম্,—অর্জ্নকে যাহা দিতে তিনি প্রতিশ্রুত ইইয়াছেন। ইহাই সমস্ত তত্ত্বের পূর্ণ বিজ্ঞানসহ মূল জ্ঞান, যাহা জানিলে আর জানিতে কিছু বাকী থাকে না। যে অজ্ঞান তাহার মানবীয় মনকে বিমৃঢ় করিয়াছে, এবং তাহার ভগবদ্নিদিষ্ট কর্ত্তব্য কর্ম করিতে তাহার

ইদস্ক তে গুহুতমং প্রবক্ষ্যাম্যনস্থবে।
জ্ঞানং বিজ্ঞানসহিতং যজ্জ্ঞাতা মোক্ষ্যসেহতভাৎ ॥>
রাজবিত্যা রাজগুহুং পবিত্রমিদমৃত্তমম্।
প্রভ্রক্ষাবগমং ধর্ম্ম্যং কর্ত্ত্মব্যয়ম্॥
শুলুক্ষাবগমং ধর্ম্ম্যাক্ত পরস্তর্প।
শুলুবাস্থা ধর্ম্ম্যাক্ত পরস্তর্প।
শুলুবাস্থা মাং নিবর্ত্তন্তে মৃত্যুসংসারবর্ত্ত্বনি॥০
গীতা, নবম অধ্যায়।

ইচ্ছাকে বিমুখ করিয়াছে, সেই অজ্ঞানের গ্রন্থি ইহার দারাই সম্পূর্ণভাবে ছেদিত হইবে। ইহাই সকল জ্ঞানের শ্রেষ্ঠ জ্ঞান, সকল রহস্যের শ্রেষ্ঠ রহস্য, রাজ-বিহা, রাজগুহু। ইহা শুদ্ধ এবং উত্তম জ্যোতি। প্রত্যক্ষ অধ্যাত্ম উপলব্ধির দারা মাহ্ন্য ইহার প্রমাণ পায়, নিজের মধ্যেই সত্য বলিয়। দেখিতে পারে। ইহাই প্রকৃত সত্যধর্ম, জীবনের মূল নীতি। মাহ্ন্য যথন ইহাকে ধরিতে পারে, দেখিতে পারে এবং শ্রন্ধার সহিত এই অহুসারে জীবনকে গঠিত করিতে চায়, তথন ইহার অহুসরণ করা সহজ হয়।

কিন্তু শ্ৰহা চাঁই। শ্ৰহা যদি না থাকে, মাহুয যদি তৰ্ক-বৃদ্ধির উপর নির্ভর করে, তাহা হইলে দেই উক্ততর জ্ঞানকে জীবনে সতা করিয়া তোলা সম্ভব হয় না। তর্কবৃদ্ধি বাহ্ ব্যাপারের অব্যুগমন করে, অধ্যাত্মদৃষ্টিসর জ্ঞানকে সন্দেহের সহিত যাচাই করিয়া দেখিতে চায় কারণ তাহা দৃষ্ঠ প্রকৃতির বন্দ ও অপূর্ণতা সমূহের সহিত মিলে না,—মনে হয়, তাহ। এই ছন্দ্মর প্রকৃতিকে অতিক্রম করিতেছে,—এমন কথা বলিতেছে, যাহা আমাদিগকে আমাদের বর্ত্তমান জীবনের প্রত্যক্ষ শোক, দু:ব, অনদল, দোষ, ভ্ৰান্তি ও অক্ষতা হইতে, অভভ হইতে উপরে লইতে চায়। যে-জীব দেই উপরের সত্য ও ধর্মে বিশ্বাস স্থাপন করিতে পারে না, তাহাকে মৃত্যু, ভ্রান্তি, অশুভের অধীন সাধারণ মরজীবনের পথে ফিরিতেই হইবে। যে-ভাগবত সত্তাকে দে অম্বীকার করে, তাহাতে গড়িয়া উঠ। তাহার পক্ষে সম্ভব নহে। কারণ এই বে সতা, জীবনের মাঝে ইহাকে সতা করিয়া। जूनिएक इहेर्रि, देशबरे अञ्चनब्राम कीवनरक गिर्वे ७ भविनानिक

করিতে হইবে,—আত্মার ক্রমবর্দ্ধনশীল জ্যোতিতে অস্থারণ করিতে र्देहेरव,---मरानव व्यक्तकारत छर्कवृष्टित महारव नरह । माञ्चरक बहे সত্যে গড়িয়া উঠিতে হইবে, এই সত্য হইতে হইবে,—ইহার সত্যতা প্রমাণ করিবার ইহাই এক মাত্র উপায়। নীচের সন্তাকে **অ**তিক্রম করিয়াই মাস্থ প্রকৃত দিব্যসত্তা হ্**ইতে পারে এবং** আমাদের অধ্যাত্ম জীবনের সত্যকে জীবনের মধ্যে ফুটাইয়া তুলিতে পারে। সভ্য বলিয়া যাহা विছু ইহার বিরুদ্ধে উত্থাপন করা যায়—দে সমস্তই নীচের প্রকৃতির বাহ্নিক সত্য। নীচের প্রকৃতির অপূর্ণতা ও অমদল হইতে, "অভভূ" হইতে, মৃক্তিলাভ করা যায় কেবল এক উর্দ্ধের জ্ঞানকে স্বীকার করিয়া,—যেখানে ঐ সকল বাহ্যিক অশুভ শেষ পৰ্য্যস্ত মিথ্যা বলিয়া প্ৰমাণিত হয়, আমাদেরই অজ্ঞানের সৃষ্টি বলিয়া প্রদর্শিত হয়। কিন্তু এই ভাবে দিব্য প্রকৃতির মৃক্তিতে গড়িয়া উঠিতে হইলে আমাদের বর্ত্তমান বদ্ধ প্রকৃতিতে প্রচ্ছেমভাবে যে ভাগবত সতা রহিয়াছেন, তাঁহাকে স্বীকার করিতেই ইহবে। কারণ, এই যোগাভ্যাস সম্ভব ও সহজ্ঞ কেবল এই জন্যই হয় যে, আমরা স্বভাবত: যাহা, দে সমৃদায়ের ক্রিয়াকে এই মাধনায় সেই অভ্যস্তরীণ দিব্যপুরুষের হস্তে আমরা সমর্পণ করিয়া দিই। ভগবানই আমাদের মধ্যে দিবা জল্মের বিকাশ किश्रा (मन क्रमवर्क्षनभीनভाবে, সহজভাবে, অব্যর্থভাবে, आमारमञ्ज সভাকে তাঁহারই সভার মধ্যে তুলিয়া লইয়া এবং ইহাকে তাঁহারই . জ্ঞানে ও শক্তিতে পূর্ণ করিয়া দিয়া,—জ্ঞানদীপেন ভাষতা,—তিনি তাঁহার কল্যাণ হন্তের ম্পর্ণে আমাদের মোহাচ্ছন অজ্ঞান প্রকৃতিকে তাঁহারই নিজের জ্যোতিঃ ও বিশালতায় রূপাস্তরিত করিয়া ৰন। আমরা পূর্ণ আকার সহিত এবং অহংভাবশূন্য হইয়া যাহাতে

বিশ্বাস করি এবং ভগবদ্প্রেরণায় যাহা হইতে চাই, অস্তরস্থিত ভগবান তাহা নিশ্চয়ই সম্পন্ন করিয়া দিবেন। কিন্তু এখন যে অহংভাবময় মন ও প্রাণ আমাদের প্রকৃত সত্তা বলিয়া অমুমিত হইতেছে, প্রথমেই প্রয়োজন যে সেইটি আমাদের অস্তরস্থিত ভ্রম ভগবানের হত্তে নিজেকে রূপান্তরের জন্য একান্তভাবে সম্মর্পণ করে।

দিব্য সত্য ও পন্থা

গীতা অতঃপর সেই চরম ও পূর্ণ রহস্ত, সেই এক তত্ত্ব ও সত্যকে উদ্ঘাটিত করিতে চলিয়া:ছ,—নিদ্ধি ও মুক্তির প্রার্থীকে যাহাতে বাদ করিতে শিখিতে হইবে, সেই এক ধর্মকে অফুসরণ করিয়াই তাহার অধ্যাত্ম অঙ্গসমূহের এবং তাহাদের সকল প্রক্রিয়ার পরিপূর্ণ দার্থকতা লাভ করিতে হইবে। এই চরম সভ্য হইভেছে বিখাতীত ভগবানের রহস্ত,—তিনিই সব এবং সর্বত্ত বিরাজিত; অথচ বিশ্ব এবং বিশের সকল রূপ অপেকা ভিনি এত মহতক ও বিভিন্ন যে, এখানে কোন কিছুর মধ্যেই তিনি সীমাৰদ্ধ নহেন্দ্ কোন কিছুই বস্তুতঃ তাঁহাকে প্রকট করিতে পারে না,--দেশ ও কালের মধ্যে-যে-সব বস্তু আবিভূতি হইয়াছে এবং ভাহাদের পরস্পরের মধ্যে যে-সম্বন্ধ, এই দকল বুঝাইতে যে-ভাষা প্রয়োগ করা হয় তাহা তাহার অচিস্তা সভার স্বরুপ বাক্ত করিতে সমর্থ নহে। অতএব আমাদের দিছিলাভের নীতি হইতেছে আমাদের সমগ্র প্রকৃতি দিয়া ভন্না এবং ইহার মূল অধিকারীর নিকট আত্মসমর্পণ। সব শেষে **जा**नात्मत এक পথ इटेटिंड्स, এই সংসারে जामात्मत সমগ্র कीरनाकः (ভধু ইহার কোন এক অংশকেই নহে) অনন্তের দিকে একাগ্র ভাবে প্রবাহিত করা। এক দিবা যোগের শক্তি ও রহস্তের ছারা আমরা ঠাহার অনিৰ্বাচনীয় নিগৃঢ় সত্তার মধা হইতে এই প্ৰতিভাসি▼ জগতের দীমাবদ্ধ প্রকৃতির মধ্যে আদিয়াছি। সেই যোগেরই এক বিপরীত প্রক্রিয়ার দ্বারা আমাদিগকে প্রতিভাসিক প্রকৃতির সকল সীমা অভিক্রম করিতে হইবে, এবং সেই মহত্তর চেতনাকে ফিরিয়া পাইতে হইবে, যাহার দারা আমরা ভগবানের মধ্যে, অনস্তের মধ্যে, বাস করিতে পারিব।

ভগবানের যে শ্রেষ্ঠতম সত্তা তাহা অব্যক্ত—কখনও প্রকাশিত হয় না। তাঁহার যে সভ্য শাখত মূর্ত্তি তাহা জড়ের মধ্যে ব্যক্ত হয় না, প্রাণও তাহাকে ধরিতে পারে না, মনও তাহাকে চিম্তা করিতে পারে না,—অচিন্তার্রণ, অন্যক্তমূর্ত্তি *। আমরা যাহা দেখিতে পাই তাহা কেবল ভগ বানের আত্মস্ট রূপ,—তাঁহার শাখত রুপ, স্বরূপ নহে। এমন একজন আছেন, অথবা এমন এক সত্তা चाह्य, याश दिन रहेट जिन्न, जधका छ, चिन्ना, এक जनिर्वाहनीय অনস্ত ভাগবত সন্তা,-অনস্ত সম্বন্ধে আমরা যতই বিরাট বা যতই সুল ধারণা করি না কেন, সেই সতা সে ধারণার বহু উর্দ্ধে। এই বৈ-সকল জিনিবের সমবায়কে আমরা বিশ্বজগৎ বলিয়া অভিহিত করে, এই যে-সব বিরাট গতিশীলতার সমষ্টি যাহার কোনও সীমানা আমরা নির্দ্ধারণ করিতে পারি না এবং যাহার বিভিন্ন রূপ ও প্রক্রিয়ার মধ্যে আমরা কোনও স্থায়ী বস্তু খুঁজিয়া পাই না, দাঁড়াইয়া ধরিবার মত কোন স্থান, তার বা কেন্দ্র খুঁ জিয়া পাই না—বেদ-সব এই উদ্ধিতন খনস্ত সত্তা কর্ত্বক প্রকট হইয়াছে, নির্মিত হইয়াছে, এই খনির্মচনীয়, বিশাতীত রহস্তের উপরে দে সব বিশ্বত হইয়া রহিয়াছে। এক আত্ম-অভিব্যক্তির উপরে ই সব বিশ্বত গহিষাছে, তাহা নিজে चवाक, অচিন্তা। এই যে সব সৃষ্টি অনবরত পরিবর্জিত হইতেছে, চলিতেছে, এই সৰ জীব, সৰ ভূত, সৰ জিনিয়, সৰ জীবন্ত মূৰ্ত্তি,— ইহারা স্কলে মিলিয়। অথবা স্বান্ত্র ভাবে তাঁহাকে ধারণ করিতে

> ময়া ততমিদং সৰ্বং কাগদৰাক্তমূৰ্ত্তিনা। মংস্থানি সৰ্বভূতানি ন চাহং তেমবস্থিত: ॥ গীতা ১।৪

পারে না। তিনি তাহাদের মধ্যে নাই, তাহাদের মধ্যে, তাহাদের দারা তাঁহার জাবন ও কর্মের লীলা চলিতেছে না,—ভগবান এই ভ্তজগৎ নহেন। তাহারাই তাঁহার মধ্যে রহিয়াছে, তাহাদেরই জাবন ও কর্মের লীলা তাঁহার মধ্যে চলিতেছে, তাঁহা হইতেই তাহাদের সভ্য উভুত; তাহারা তাঁহার ভূত (becomings), তিনি তাঁহাদের মৃল সত্তা (being), মংস্থানি সর্বভূতানি ন চাহং তেম্বস্থিত:। অন্তহীন দেশ ও কালের মধ্যে এই যে সীমাহীন জগৎ, ভগবান তাঁহার শিক্তার অচিস্ত্য দেশকালাতীত অনজ্যের মধ্যে ইহাকে এক ক্ষুদ্র ব্যাপার রূপে বিভৃত করিয়াছেন।

সব তাঁহার মধ্যে রহিয়াছে, ইহা বলিলেও আবার এ বিষয়ের
সমন্ত সত্যটা বলা হয় না, প্রকৃত সম্বন্ধটা সমগ্র ভাবে বলা হয় না;
কারণ, এরূপ বলিলে ভগবানের উপর দেশ-বাচক ভাব আরোপ করা
হয়। কিন্তু ভগবান দেশ ও কালের অতীত ‡। দেশ ও কাল,
অহুস্থাতি (immanence) ও ব্যাপ্তি (pervasion) ও অতিক্রান্তি
(exceeding)—এ-সব তাঁহার চৈতত্যের ধেলা। তাঁহার ঐশ্বরিক
শক্তির এক যোগ আছে,—মে যোগ: ঐশ্বর:—সেই যোগের হারা
পরম ভগবান তাঁহার আপনার অনস্ত আত্মরূপায়ণের মধ্যে নিজের
নানা নামরূপের প্রকাশ করেন, সে আত্মরূপায়ণ জড় নহে, অধ্যাত্ম,—
জড়জগৎ সেই আত্মরূপায়ণের কেবল বাহ্নিক প্রতিচ্ছবি মাত্র।
তাহার সহিত তিনি নিজেকে এক করিয়া দেখেন, তাহার সহিত এবং
তাহার মধ্যে যাহা কিছু আশ্রেম পাইয়াছে, সেই সকলের সহিত ভগবান

ন চ মংস্থানি ভূতানি পশু মে যোগমৈশ্বরম্। ভূতভূল চ ভূতখো মমাত্মা ভূতভাবন:॥ ৯। ৫

একীভূত হন। এই অনস্ত আত্মদর্শন তাঁহার সমগ্র আত্মদর্শন নহে (pantheist মভামুদারে ভগবানের সহিত বিশ্বকে যে এক বলা হয় তাহা ইহা অপেকা আরও স্কীর্ণ)। এই আতাদর্শনে তিনি যাহা কিছু আছে সবের সহিত এক, আবার সেই সঙ্গেই তিনি সেই সবের অতীত, কিছু এই যে আতা বা অধ্যাত্মদন্তার বিস্তৃত অনস্ততা যাহা বিশ্বকে ধরিয়া রাখিয়াও বিশ্বের অতীত, ভগবান ইহা হইতেও অন্ত। তাঁহার বিশ্বচেতন অনম্ভ স্তার মধ্যে এখানে স্ব কিছুই রহিশাছে, কিন্তু আবার সেইটিকেও ভগবানের বিশাতীত সতা আত্মচেতনার এক স্বষ্টিরপে ধরিয়া রহিয়াছে,—মামরা বিশ্ব বা সন্তাবা চেতনা বলিতে যাহা বুঝি, ভগবানের সেই বিশ্বাতীত সন্তা সে সকলেরই উপরে। ইহাই ভগবানের সত্তার নিগৃঢ় রহস্ত যে, তিনি বিশ্বাতীত, অথচ তিনি একেবারেই যে বিশ্বের বাহিরে তাহাও নহে। কারণ এই সবের আত্মারূপে তিনি সর্বাত্ত অমুস্থাত রহিয়'ছেন। ভগবানের এক ভাস্বর মৃক্ত আত্মদত্তা,—মম আত্মা—সর্বত বিরাজ করিতেছে. সর্বাভতের সহিত ভাহার নিত্য সম্বন্ধ, তিনি কেবল আছেন বলিয়াই সকলে বিশ্বদীলায় আবিভ্তি হইতেছে,—ভৃতভু∎ চ ভতত্বো মুমাত্মা ভূতভাবন:। এই জ্ঞুই আমরা দুইটি তত্ব পাইতেছি. সং (being) ও সৃষ্টি (becoming), স্বপ্রতিষ্ঠিত আত্মা এবং ইহার উপরে প্রতিষ্ঠিত সর্বভিত, ভূতানি, ক্ষর সত্তা এবং অক্ষর সতা। কিছ এই যুগল তত্ত্বের উচ্চতম সত্য এবং তাহাদের মধ্যে বিরোধের সমন্তম কেবল সেইখানেই পাওয়া ষাইতে পারে যাহা এই বিরোধের অতীত, তাহা পরম ভগবান, তিনি তাঁহার যোগমায়ার (অর্থাৎ অধ্যাত্মচেতনার শক্তির) দারা আধার আত্মা এবং আধেয় সর্বভ্ত এতত্বভয়কেই প্রকট করিতেছেন। আমাদের অধ্যাত্মচেতনার তাঁহার দহিত যুক্ত হইয়াই আমর। তাঁহার সন্তার সহিত আমাদের প্রকৃত সম্বন্ধের সন্ধান পাইতে পারি।

দার্শনিকের ভাষায় গীতার এই লোকগুলির ইহাই অর্থ ; কিছ তাহাদের ভিত্তি মানদিক যুক্তিতর্কের উপর নহে, পরস্ক অধ্যাত্ম উপল্কির উপরে। তাহার। সমন্বয় সাধন করে কারণ অধ্যাত্মচেতনার কতকগুলি সত্য হইতে তাহারা অথওভাবে উঠিয়াছে। জগতে খপ্ত বা প্রকাশভাবে যে পরম বা বিশ্বব্যাপী সত্তাই থাকুক আমরা যখন তাহার সহিত নিজেদের সচেতন সম্বন্ধ স্থাপনের চেষ্টা করি, তথন বছপ্রকারের বিভিন্ন উপলব্ধি আমর। · পাই, এবং ভিন্ন ভিন্ন লোকের বৃদ্ধি এই বিচিত্ত উপলব্ধির কোন একটি বিশেষ দিককে লইয়া জগতের মূলতত্ব সম্বন্ধে ভিন্ন ভিন্ন ধারণায় উপনীত হয়। প্রথমেই আমরা এক ভাগবত সন্তার অস্পষ্ট উপলব্ধি পাই,—তিনি আমাদের হইতে मम्पूर्ণ বিভিন্ন ও মহত্তর, আমরা যে অগতে বাস করিতেছি তাহা হইতেও তিনি সম্পূর্ণ বিভিন্ন ও মহত্তর—কেবল এইটকুই, আর বেশী কিছু উপলব্ধি হয় না যতক্ষণ আমরা আমাদের বাহিরের সত্তার মধ্যে বাস করি এবং আমাদের চতুদ্দিকে জগতের প্রতিভাসিক (phenomenal) রুপটাই নিরীক্ষণ করি। কারণ পরম ভগবানের যে পরম সভা তাহা বিশাতীত, এবং যাহা কিছু বাহিরের, প্রতিভাদিক, মনে হয় সে-দব স্ব-চেতন আত্মার খানস্ত হইতে ভিন্ন, মনে হয় ভাহা এক নীচের সভ্যের প্রতিচ্ছবি. হয় ত বা একেবারেই মিখ্যা ভ্রম, মায়া। যতক্ষণ আমরা এই ভেদজ্ঞান লইয়া চলি, ততক্ষণ মনে হয় যে, ভগবান বিখের বাহিরে ব্দবিষ্ঠ। তিনি তাই, শুধু এই অর্থে যে, যেহেতু তিনি বিশাতীত সেইহেতু ভিনি বিশ্বের মধ্যে এবং বিশ্বের স্ট পদার্থের মধ্যে সীমাবছ নহেন, কিছ ইগার অর্থ এই নহে যে, এ সব তাঁহার সন্তার বাহিরে; কারণ সেই এক অনস্ত ও সত্য বস্তার বাহিরে কিছুই নাই। ভগবান সহক্ষে এই প্রথম সত্য আমরা অধ্যাত্মভাবে উপলব্ধি করি যথন আমাদের অফুভৃতি হয় যে, আমরা কেবল তাঁহার মধ্যেই বাদ করিতেছি, তাঁহার মধ্যেই বাদ করিতেছি, তাঁহার মধ্যেই ঘুরিভেছি, ফিরিভেছি—তাঁহা হইতে আমরা যতই বিভিন্ন হই না কেন, আমাদের অন্তিত্বের জন্ম আমরা তাঁহারই উপরে নির্ভর করি—এবং এই বিশ্বজ্ঞাংও আত্মারই কেবল একটা প্রকাশ ও

কিন্তু আবার ইহা ছাড়াও আরও উপরের অহুভৃতি আমরা পাই যে, আমাদের যে আত্মদন্তা তাহা তাহার আত্মদন্তার সহিত এক। সর্বভৃতের এক আত্মা আমরা উপলব্ধি ক'র এবং সে সম্বন্ধে আমরা চেতনা ও দৃষ্টিলাভ করি। তখন আর আমহা বলিতে পারি না বা ভাবিতে পারি না যে, আমরা তাঁহা হইতে সম্পূর্ণ বিভিন্ন; কিন্তু বুঝি যে, স্প্রতিষ্ঠ সত্তার আছে আত্মা (Self) এবং বহি:প্রকাশ (Phenomenon); আত্মতে সকলেই এক, কিন্তু বহি:প্ৰকাশে সকলেই বিভিন্ন। কেবলমাত্র আত্মার সহিত একান্ত আবেগে যোগ সাধনা করিলে আমাদের এমনও অমুভূতি হইতে পারে যে, ব'হ:প্রকাশটা (कবল একটা স্থপ্ৰৎ, অস্তা। কিন্তু আবার ছই দিকেই সমান আবেগ হইলে আমরা একই দকে তুই রকম অফুড়তি পাইতে পারি, আত্মসত্তায় তাঁহার সহিত এক পরম একা উপলব্ধি করিতে পারি, অথচ উপলব্ধি হইতে পারে যে, আমরা তাঁহার সঙ্গে বাস করিতেছি, তাঁহার দহিত নানা ভাবে নিত্য সম্বন্ধে যুক্ত হইলা রহিয়াছি, প্রকৃত পক্ষে আমরা তাঁহার সন্তা হইতেই উৎপন্ন। এই বিশ্বন্ধগৎ এবং বিশ্ব-ৰগতে আমাদের অন্তিত্ব এ-সবই আমাদের কাছে হয় ভগবানের স্ব-চেতক সন্থার এক নিত্য ও সত্য রূপ। এই অপেকাকত নীচের সত্যে আমরা পাই তাঁহার সহিত পার্থক্যের সম্বন্ধ,—অনম্বের অন্ত দমস্ত চেতন বা অচেতন শক্তির সহিত আমাদের পার্থক্যের সম্বন্ধ, বিশ্ব-প্রকৃতিতে তাঁহার যে বিশ্ব-আত্মা রহিয়াছে তাহার সহিত আমাদের ব্যবহারের সম্বন্ধ। এই সকল সম্বন্ধ বিশ্বাতীত সত্য হইতে বিভিন্ন, তাহারা আত্মার চেতনার একটা শক্তির নাচের স্বাষ্ট্র, এবং ব্যেহেতু তাহারা বিভিন্ন এবং যেহেতু তাহারা স্ট সেইহেতু একমাত্র বিশাতীত পরম বস্তুর উপাসকর্গণ এ नकनारकं जाश्मिक वा नर्दिक्व जादारे मिथा।, माग्रा वनिवारे ह्यायना করেন। অথচ এ-সকল তাঁহা হইতেই আসিয়াছে, তাঁহারই সতা হইতে উৎপন্ন রূপ—মিথ্যা শৃষ্ত হইতে তাহারা স্বপ্ত হয় নাই। কারণ আত্মা শৰ্কত যাহা দেখিতেছে দেসৰই সে নিজে এবং তাহার নিজের রূপ, তাহা হইতে সম্পূর্ণ বিভিন্ন কিছুই নহে। আর ইহাও আমরা বলিতে পারি না যে, এই সকল সম্বন্ধের অন্তরূপ কিছুই বিখাতীত সত্তার মধ্যে নাই। আমরা বলিতে পারি না যে, সেই মূল হইতে উৎপন্ন চৈতন্ত্রশক্তির ছারা তাহ।র। স্ট অথচ দেই মূলে এমন কিছুই নাই যাহাতে তাহাদের ভিত্তি ও সার্থকতা, এমন কিছুই নাই যাহ৷ তাঁহার সন্তার এই সকল রূপের সনাতন সত্য এবং উপরের স্বরূপ।

শাবার অন্ত এক দিকে যদি শামরা আত্মা ও আত্মার রূপ সমূহ এতত্ত্যের পার্থক্যের উপরে জোর দিই, আমাদের উপলব্ধি হইতে পারে যে, আত্মা সকলকে ধরিয়া রহিয়াছে,—সকলের মধ্যে অহস্থাত। আমরা স্বীকার করিতে পারি যে, মাত্মা সর্ব্বিত্র বিভ্যমান, তথাপি আত্মার রূপসমূহ, বে-সব আকারের মধ্যে আত্মা বিরাজমান, সে-সব যে আমাদের কাছে আত্মা হইতে বিভিন্ন বলিয়াই প্রতিভাত হইতে পারে, অনিত্যরূপ বলিয়া প্রতিভাত হইতে পারে, ভধুতাহাই নহে, সে-সব একেবারে অসত্য

ছায়ামাত্র বলিয়াই মনে হইতে পারে। একদিকে আমরা উপলব্ধি করিতেছি সেই আত্মাকে, সেই অক্ষর পুরুষকে যিনি নিজের দৃষ্টির মধ্যে वित्यत क्यत नीनाटक চিत्रकान धतिया त्रशियाहन. अञ्चित्रक आमारमत अहे অফুভূতিও হইতেছে যে, ভগবান আমাদের মধ্যে এবং সর্বভূতের মধ্যে অমুস্থাত রহিয়াছেন; এই অমুভূতিটি আগেকার অমুভূতি হইতে পুথকভাবে হইতে পারে অথবা এক স**দে** হটতে পারে, অথব। মিশিয়া হইতে পারে। তথাপি আমাদের মনে হইতে পারে যে, বিশ্বজগৎ তাঁহার ও আমাদের চৈতন্তের একটা বাহ্য রূপ, অথবা একটা প্রতিরূপ বা প্রতীক যাহার দারা আমরা তাঁহার সহিত সার্থক সম্বন্ধ স্ষ্টি করিতে পারি এবং ক্রমশ: তাঁহার জ্ঞানে গড়িয়া উঠিতে পারি। কিছ স্মাবার অন্তদিকে আমাদের আর এক প্রকার অধ্যাত্ম অহুভূতিলব জ্ঞান হয় যাহাতে আমরা দব জিনিয়কেই একেবারে ভগবান বলিয়া দেখিতেই বাধ্য হই,—এই জগতে এবং ইহার অগণ্য জাবের মধ্যে তিনি অক্ষরর:পই বিরাজিত নহেন, কিন্তু ভিতরে ও বাহিরে যাহা কিছু इटेबाइ दम मवरे जिनि। ज्यन मवरे रम जामारमत काइ এक দিব্য সভা বস্তু যাহা আমাদের মধ্যে এবং ব্দগতের মধ্যে আবিভূতি হইতেছে। যদি কেবল এই অমুভূতিই হয়, তাহা হইংল আমরা मर्स्वयुत्रवामीत्मत्र (Pantheists) खेका পाई,-त्महे এकहे मवा 'কিছু, সর্বেশ্ববাদীদের অমুভূতি কেবল আংশিক অমুভূতি। এই যে বিস্তৃত জগৎ ইহাই ভগবানের স্বধানি নহে. ইহা অপেকা মহত্তর এক অনম্ভ আছে যাহার ছারা ইহার অন্তিত্ব সম্ভব হইয়াছে। বিশ্ব ভগবানের সমগ্র চরম সত্য নহে, কেবল একটা আত্মাভিব্যক্তি, তাঁহার সতার একটা সত্য কিন্তু নাচের খেলা। এই সব অধ্যাত্ম উপদ্ধি,---প্রথম দৃষ্টিতে ইহাদের মধ্যে যভই বৈদাদৃষ্ঠ বা বিরোধ দেখা যাউক, তথাপি ইহাদের সমন্বয় করা যার যদি আমরা ইহাদের মধ্যে কোন একটিরই উপরে সব জোর না দিই এবং যদি আমরা এই সহজ্ব পত্যটি-যাকার করি যে, ভাগবত সন্তা বিশ্বজ্ঞগং অপেকা বড়, কিন্তু তথাপি সব সমষ্টিগত ও ব্যষ্টিগত জিনিষ সেই ভাগবত সন্তা ব্যতীত আরু কিছুই নহে,--সকলেই তাঁহার প্রকাশক বলিজে পারা যায়, তাহাদের কোন আংশে বা স্মষ্টিতে তাহারা সেই সমগ্র সন্তা নহে, তথাপি সে-সব তাঁহার প্রকাশক হইতে পারিত না যদি তাহারা ভাগবত সন্তারই উপাদানে নির্মিত না হইয়া অন্ত কিছু হইত—সেইটিই সত্য বস্তা; কিন্তু তাহারা তাহার প্রকাশক সত্য বস্তা *। •

"ৰাস্থদেব: সর্কমিতি' বাক্যের দারা ইহাই উপলক্ষিত হইয়াছে; যাহা কিছু এই বিশ্বজ্ঞাৎ, যাহা কিছু এই বিশ্বজ্ঞাতে রহিয়াছে এবং যাহা কিছু বিশ্বের উপরে সে সম্দায়ই ভগবান। গীতা প্রথমে তাঁহার বিশ্বাতীত সন্তার উপরেই ঝোক দিয়াছে। নতুবা মাস্থবের মন

^{*} যদিও আমাদের মনের অনুভূতিতে চরম সত্যের পার্ষে এই গুলিকে অপেক্ষাকৃত অসত্য বলিয়াই অনুভূত হইতে পারে। শক্ষরের মায়াবাদে যে যুক্তিতর্ক আছে তাহা বাদ দিয়া, উহার মূলে যে অধ্যাত্ম উপলব্ধি রহিয়ছে তাহা ধরিলে দেখা যায় যে, উহা এই আপেক্ষিক অসত্যতার অনুভূতিকে লইয়ই বাড়াবাড়ি করিয়ছে। মনের উপরে উঠিলে আর এই গোলমাল থাকে না, কারণ সেখানে এ গোলমাল কখনই ছিল না। বিভিন্ন ধর্মসম্প্রদায়, দার্শনিক সম্প্রদায় বা যোগপন্থার পশ্চাতে বিভিন্ন অনুভূতি রহিয়ছে, মনের ক্ষেত্রে তাহাদের মধ্যে যে বিরোধ, গভীরতর অনুভূতির বারা সে-সব বিরোধ দ্র হইয়া যায় এবং অতিমানস অনস্ভের ক্ষেত্রে তাহাদের মধ্যে ঐক্যা ও সামঞ্জ্য সাধিত হয়।

তাহার চরম লক্ষ্যকে হারাইয়া ফেলিবে এবং কেবল বিশ্বের দিকেই চাহিয়া থাকিবে, অথবা বিশের মধ্যে ভগবানের কোন আংশিক উপলব্ধিতেই আসক থাকিবে। পরে গীতা তাঁহার বিশ্বসন্তার উপরে জোর দিয়াছে. যাঁহার মধ্যে সকলে চলিতেছে, ফিরিতেছে, কর্ম করিতেছে। কারণ, ঐটিই বিশ্বনীলার সার্থকতা, ঐটিই ভগবানের বিরাট অধ্যাত্ম আত্ম-জ্ঞান, সেখানে ভগবান নিজেকে কাল-পুরুষ রূপে দেখিয়া তাঁহার বিশ্বব্যাপী কর্ম করিতেছেন। তাহার পর গীতা বেশ জোর দিয়াই স্বাকার করিতে বলিয়াছে যে, ভগৰান মানবদেহের মধ্যে দিব্য অধিবাদীরূপে অধিষ্ঠিত। করেণ, তিনি সর্বভূতের অন্তরে অধিষ্ঠিত পুরুষ, এবং যদি এই অন্তর্য্যামী পুরুষকে স্বীকার করা না যাহ, তাহা হইলে কেবল যে ব্যষ্টিগত সত্তার কোন দিব্য সার্থকতা থাকিবে না এবং আমাদের উচ্চতম অধ্যায়জীবন-বিকাশের প্রেবণার শ্রেষ্ঠ শক্তি নষ্ট ইইবে শুধু তাহাই নহে, পরস্তু সমাজের মধ্যে জীবের সহিত জীবের সম্বন্ধ থাকিয়া বাইবে ক্ষুদ্র, সন্ধার্ণ, অহঙ্কত। অবশেষে, গীতা বিশের সকল বস্তুর মধ্যে ভগবানের প্রকাশ অতি বিস্তৃত ভাবেই দেখাইয়াছে এবং বলিয়াছে যে, জগতে যাহা কিছু আছে সে-সব এক ভগবানেরই প্রকৃতি, শক্তি ও চৈতন্ত ইইতে উদ্ভূত। কারণ, এই पृष्ठि जागरज छान नाज कतिराज इहेरन मृत्राजः প্রাে জনীয়; এই ভিত্তির উপরেই মানুষ তাহার সমগ্র দত্তা ও সমগ্র প্রকৃতিকে ভগবদ অভিমুখী করে, জগতে ভাগবত শক্তির কার্য্য স্থীকার করে, তাহার নিজের মন এবং ইচ্ছাশক্তিকে দিব্য কর্ম্মের স্বরূপে রূপাস্করিত করিবার সম্ভাবনা স্বীকার করে,—সে কর্ম্মের প্রেরণা আসে উপর इंहें एक, त्म कर्ष्यत द्वाता वित्यत প্রয়োজন निष्क इस्, त्म कर्ष व्यक्तित বা জীবের মধ্য দিয়াই সম্পাদিত হয়।

তাহা হইলে পরাৎপর ভগবান, বিশ্বচৈতন্তের পশ্চাতে অকর পুরুষ, মামুষের মধ্যে ব্যষ্টিগত ভাগবত সত্তা, বিশ্বপ্রকৃতির এবং তাহার স্কল কর্ম ও জীবের মধ্যে গোপন ভাবে সচেতন অথবা আংশিক ভাবে প্রকট ভাগবত সত্তা.-এ সকলই এক সতা বস্তু, এক ভগবান। কিন্তু দেই একই পুরুষের একটি ভাব সম্বন্ধে যে-সকল সতা আমরা সম্পূর্ণ নিঃসন্দেহে বলিতে পারি, তাঁহার অক্ত ভাব সম্বন্ধে সে সতাগুলি প্রয়েগে করিবার চেষ্টা করিলে সে গুলি উন্টাইয়া যায় অথবা তাহাদের অর্থের পরিবর্ত্তন হয়। যেমন, ভগবান সব সময়েই ঈশব;, কিন্তু তাই বলিয়া আমরা চারিটা ক্ষেত্রেই তাঁহার মূল ঈশ্বরত্ব ঠিক একই ভাবে, একই অর্থে প্রয়োগ করিতে পারি না। বিশ্ব-প্রকৃতিতে আবিভূতি ভাগবত সত্তা রূপে তিনি প্রকৃতির সংক নিবিড় ঐক্যের সহিত কার্য্য করেন। বলিতে পারা যায় যে, তথন তিনি নিজেই প্রকৃতি, কিন্তু সেই প্রকৃতির কাৰ্য্যের মধ্যে থাকে এক অধ্যাত্ম-চেতনা যাহা পূর্ব্ব হইতে সৰ দেখিতে পায়, পূর্ব হইতে সব সম্বল্প করে, ইচ্ছা করে, সব ব্ঝিতে গারে, নিজের বলে সবকে পরিচালিত করে, কর্ম ও শেষ পর্যান্ত কর্মের ফল নিয়ন্ত্রিত করে। আবার সকলের শাস্ত দ্রষ্টারূপে তিনি অকর্তা, কেবল প্রকৃতিই কর্তা। তিনি প্রকৃতিকে আমাদের স্বভাব অমুযায়ী এই স্কল কর্ম করিতে ছাড়িয়া দেন, স্বভাবস্ত প্রবর্ততে, অথচ তিনিই ঈশ্বর,—প্রভু, বিভূ, কারণ তিনি আনাদের কর্ম দেখেন, সমর্থন করেন এবং তাঁহার নীরব অমুমতির দারা প্রকৃতিকে কার্য্য করিতে ক্ষমতা দেন। তাঁহার নিজ্ঞিয়তা দ্বারা তিনি পরাৎপর ভগবানের শক্তিকে তাঁহার সর্বব্যাপী নিশ্চন অব্যিতির ভিতর দিয়া প্রেরণ করেন এবং দ্রষ্টা পুরুষের সম-

ভাবের দ্বারা সকল বস্তুতে উহার ক্রিয়াকে সমর্থন করেন। পরাৎপর বিশ্বাতীত ভগবান রূপে তিনিই সকলের মূল স্ষ্টিকর্তা; তিনি সকলের উপরে, সকলকে আবিভুতি হইতে বাধ্য করেন: কিন্তু তিনি যাহ। সৃষ্টি করেন তাহার মধ্যে নিজেকে হারাইয়। ফেলেন না: অথবা তাঁহার প্রকৃতির কর্মে নিজেকে আসক্ত করেন না। প্রকৃতির কর্মে যে অলজ্যা নিয়মামুবর্ত্তিতা, তাহার পিছনে অধ্যক্ষরণে রহিয়াছে তাঁহারই মৃক্ত সভার ইচ্ছা**শক্তি**। বাষ্টিগত সত্তায় অজ্ঞানের সময় তিনি আমাদের মধ্যে প্রচ্ছয় ভগবান, স্কলকে অবশ ভাবে প্রকৃতির যন্ত্রে ঘূর্ণায়মান করেন, দেই যন্ত্রের অংশস্বরূপ অহং (ego) ঘুরিতে থাকে, সেই অহং একটা বাধাও বটে আবার সেই দকে সহায়ও বটে। কিছু, প্রত্যেক জীবের মধ্যেই পূর্ণ ভগবান বিরাজ করিতেছেন, অতএব আমরা অজ্ঞানকে অতিক্রম করিয়া এই অবশতার সম্বন্ধ ছাডাইয়া উঠিতে পারি। কারণ, যে এক আত্মা স্বকে ধরিয়া রহিয়াছে তাহার সহিত নিজেদিগকে এক করিয়া আমরা সাক্ষী ও অকর্ত্ত। হইতে পারি। অথবা আমরা আমাদের বাষ্টি সম্ভায় আমাদের অস্তর্শ্বিত ভগবানের সহিত মানব-জীবের যাহা সভা সম্বন্ধ তাহাতে প্রতিষ্ঠিত হইতে পারি, আমাদের প্রাকৃত অংশকে সাক্ষাৎ যন্ত্র বা নিমিত্ত করিতে পারি এবং আমাদের অধ্যাত্ম সভায় সেই অন্তর্গামী পুরুষের পরম, মৃক্ত, আসক্তিংীন প্রভুত্তের ভাগী इहेट পाति। এইটিই আমাদিগকে গীতার মধ্যে স্পষ্টভাবে দেখিতে হইবে; কোন্ সম্বন্ধের ক্ষেত্র হইতে প্রয়োগ করা হইতেছে সেই অমুনারে একই সত্যের যে এইরূপ বিভিন্ন অর্থ হয় তাহ। चार्मामिशतक चौकात कतिए इहेरव। नजूना त्यशान वाखिवक

কোন বিরোধ বা অসামঞ্জ আই দেখানে আমগা ভাহা দেখিতে পাইব, অথবা অৰ্জুনের স্থায় বলিতে হইবে, ব্যামিশ্রেণেব বাক্যেণ বৃদ্ধিং মোহয়দীব মে।

তাই গীতা এই বলিয়া আরম্ভ করিল যে, ভগবান নিজের মধ্যে স্বকে ধরিয়া রাখিগছেন, কিন্তু, তিনি নিজে কাহারও মধ্যে নহেন,—মংস্থানি সর্বভিতানি ন চাহং তেমবন্ধিত:। আবার তথ্যই বলিল, "অথচ দৰ্মভূত আমার মধ্যে অবস্থিত নহে, আমার আত্মা সর্বভূতকে ধারণ করিয়া রহিয়াছে, তাহাদের মধ্যে অবস্থিত নহে।" আবার যেন আত্মবিরোধ করিয়াই গীতা বলিয়াছে যে, ভগবান মানব-শরীরের মধ্যে রহিরাছেন, মানব-শরীরকে আশ্রহ করিয়াছেন,-মানুষীম তহুম আপ্রতম। বলিয়াছে যে, ব ভক্তি ও জ্ঞানের যে পূর্ণ সাধনা, তাহার দ্বারা আত্মার মৃক্তি সাধিতে **एडे** ल हेश चौकां क्र क्रिएड्रे हहेरव। এहे य-मब क्थां अपन्यादा व মধ্যে বিরোধ রহিয়াছে বলিয়া মনে হয়, বস্তুতঃ এরূপ কোন বিরোধই নাই। ভগবানের যে বিশ্বাতীত সত্তা তাহাই সর্ব-ভূতের মধ্যে অবস্থিত নহে, দর্ঝভূতও তাহার মধ্যে অবস্থিত নহে। কারণ, আমরা যে ভগবান ও সর্বভৃতের মধ্যে প্রভেদ করি, তাহা কেবল প্রতিভাসিক জগতের দীলাতেই প্রযোজ্য। বিশ্বাতীত সন্তায় সমস্তই শাশ্বত পুরুষ, এবং যদি সেখানেও বস্তুত্ব থাকে তবে সকলেই শাশ্বত পুরুষ। এক বস্তুর মধ্যে আর এক বস্তু থাকা, এরপ স্থানবাচক ভাব দেখানে প্রযোজ্য নছে: কারণ বিশাতীত যে-পরম বস্ত তাহা দেশ ও কালের দারা পরিচ্ছিত্র নহে, ঈশ্বরের যোগমায়ার দ্বারা ইহন্সগতেই দেশ-কালের স্থাষ্ট হইয়াছে। বিশাতীত সভায় "এক সঙ্গে থাক।" (Co-existence)

আধ্যাত্মিক, তাহা দেশ বা কালের অমুযায়ী "এক সঙ্গে থাকা" নহে, সেখানে অধ্যাত্ম একা ও মিলনই ভিত্তি। কিছু অন্ত পকে, ব্যক্ত জগতে পরম অব্যক্ত বিশ্বাতীত সন্তা কর্ত্তক বিশ্ব দেশ ও কালের মধ্যে বিস্তৃত হইয়াছে, সেই বিস্তারে তিনি প্রথমে আত্মা-রূপে আবিভৃতি হন এবং সকলকে ধারণ করেন,—ভৃতভৃৎ, তাঁহার সর্বব্যাপী আত্মসভায় সর্বভৃতকে ধরিয়া থাকেন। এমন কি ইহাও বলা যাইতে পারে যে, পরমাত্মাই এই বিশ্বব্যাপী আত্মার ভিতর দিয়া বিশ্বকে ধরিষা রহিয়াছেন; তিনি ইহার অদুখ্য অধ্যাত্ম ভিত্তি এবং সর্বভতের আবির্ভাবের গুপ্ত অধ্যাত্ম কারণ। আমাদের মধ্যে গুপ্ত আত্মা যেমন আমাদের চিন্তা, কর্ম, গতিকে ধরিয়। রহিয়াছে, সেইভাবে তিনিও বিশ্বকে ধরিয়া রহিয়াছেন। উপ্লব্ধি হয় যে, তিনি মন, প্রাণ দেহে ব্যাপ্ত রহিয়াছেন, তাঁহার উপ-স্থিতির দ্বারা তাহাদিগকে ধরিয়া রহিয়াছেন; কিন্তু এই যে ব্যাপি ইহা চৈতত্ত্বের একটা ক্রিয়া, ইহা জভ বস্তুর ব্যাপ্তি নহে: এই জড শরীর ও আবার হৈতক্তের একটা নিত্য ক্রিয়া ভিন্ন আর কিছই নহে।

এই দিব্য আত্ম। সর্বভ্তকে ধরিয়া বহিয়াছে, সব তাহার মধ্যে অবস্থিত, মূলতঃ জড়ভাবে নহে, কিন্তু আত্মা অধ্যাত্ম-ভাবে যে নিজেকে বিস্তৃত করিয়াছে তাহারই মধ্যে সকলে অবস্থিত। ঐ অধ্যাত্ম-বিস্তৃতিকে আমাদের জড়াহুগত মন ও ইন্দ্রির যে ভাবে দেখে তাহাই জড়জগতে বিস্তৃত দেশ ও কাল। বস্তুতঃ এখানেও সবই অধ্যাত্মভাবে পাশাপাশি, এক হইয়া বা মিলিত হইয়া রহিয়াছে; কিন্তু ইহা মূল সত্য,—যতক্ষণ না আমরা দেই পরা চৈতন্তে ফিরিয়া যাইতে পারিতেছি, ততক্ষণ এ সজ্য

আমরা প্রয়োগ করিতে পারি না। ততক্ষণ পর্যান্ত ইহা কেবল আমাদের মনের একটা ধারণা মাত্র হইয়া থাকিবে, কিছ, বাস্তৰ উপলব্বিতে ইহার অমুব্রপ আমরা কিছুই পাইব না। অতএব এই সব দেশ-কাল-বাচক শব্দ ব্যবহার করিয়াই আমা-দিগকে বলিতে হয় যে, এই বিশ্ব এবং বিশ্বের সকল বস্তু স্বপ্রতিষ্ঠ ভাগবত সত্তার মধ্যে রহিয়াছে, যেমন অক্ত সকল জিনিষ আকাশের মধ্যে রাইয়াছে। তাই গুরু এখানে অজ্নকে বলিলেন 'ধ্যমন মহান সর্বজ্ঞগামী বায়ু আকাশে অবস্থিত, ভূতগণও সেই-রূপ আমাতে অবস্থিত, এই ভাবেই তোমাকে ইহা ধারণা করিতে হইবে।"* বিশ্বসত্তা সর্বব্যাপী ও অনন্ত, এবং স্বপ্রতিষ্ঠ সত্তাও .সর্বব্যাপী ও অনস্ত: কিন্তু স্বপ্রতিষ্ঠ অনস্ত হইতেছে অচল, স্থির, অক্ষর, স্থার বিশ্বসতা হইতেছে সর্ব্যাপী গতি, – সর্বত্তিগং। আত্মা এক ভিন্ন বহু নহে; কিন্তু বিশ্বসভা সর্ব্বভূতরূপে নিজেকে প্রকট করিতেছে এবং মনে হয় যে, উহা সর্বভৃতেরই সমষ্টি। একটি হইতেছে সতা, অপরটি সত্তার শক্তি, তাহা সর্বায়ন সর্বাধার অক্ষর আত্মার সত্তায় চলিতেছে, সৃষ্টি করিভেছে, কর্ম করিতেছে। আত্মা এই সকল হাষ্ট বস্তুতে বা তাহাদের কোন একটিতে অবস্থান করে না, অর্থাৎ, তাহাদের কোন একটির মধ্যে সীমাবদ্ধ নহে,—ঠিক যেমন এথানে আকাশ কোন রূপের মধ্যে সীমাবদ্ধ নহে, যদিও সকল রূপ শেষ পর্যান্ত আকাশ হুইতেই উৎপন্ন। সকল বস্তুকে একত্র করিলেও ভগবান হয় না বা ভগবানকে ধরিয়া রাখিতে পারে না, যেমন সর্বজেগ বায়র

যথাকাশস্থিতো নিত্যং বায়ু সর্বাত্রগো মহান্।
 তথা সর্বাণি ভূতানি মংস্থানীত্রগধারঃ॥ ৯।৬

মধ্যে আকাশ দীমাবদ্ধ নহে অথবা ঐ বায়ুর রূপ ও শক্তি
সকলকে একত্র করিলেও আকাশ হয় না। তথাপি ঐ পতির
মধ্যেও ভগবান রহিয়াছেন; তিনি বহুর মধ্যে অবস্থান করিতেছেন
প্রত্যেক জীবের ঈশ্বর রূপে। তাঁহার পক্ষে এই চুই প্রকার
সম্বন্ধই একই দক্ষে সত্যা। একটি হইতেছে স্বপ্রতিষ্ঠ আত্মসত্তার
সহিত বিশ্বলীলার সম্বন্ধ, অপরটি অহুস্থাতি, বিশ্বস্তার সহিত
বিশ্বস্তার নিজেরই বিভিন্ন রূপের সম্বন্ধ। একটি সত্য হইতেছে
স্তার, তাহা স্বপ্রতিষ্ঠ, নিজের অক্ষরতায় সকলকে ধরিয়া হহিয়াছে,
অপর সত্যটী হইতেছে সেই স্তারই শক্তির, তাহা সন্তারই
আত্মগোপন ও আত্মপ্রহাশ-লীলাকে উদ্যাদিত ও পরিচালিত করিয়া
প্রকট হইতেছে।

পরাৎপর ভগবান বিশ্বসন্তার উর্দ্ধ ইইতে নিজের প্রকৃতির উপর চাপ দেন, তাহার মধ্যে যাহা কিছু আছে, যাহা কিছু এক কালে বাক্ত ইইয়া আবার অব্যক্ত ইইয়াছে সে-সবকে এক অনস্ত ঘূর্ণায়মান চক্রে পুনঃ পুনঃ স্বষ্ট করেন শ। বিশ্বমাঝে সকল স্বষ্ট বস্ত এই স্প্রীক্রিয়ার দ্বারা অবশ হইয়া চালিত হয়,—জগতের যে-সব নিঃম সর্বস্কৃতরূপে প্রকট ভাগবত সন্তার বিশ্বলীলার ছন্দ প্রকাশ করিতেছে—সকল স্বষ্ট বস্তু সেই সব নিয়মের অধীনে পরিচালিত হয়। এই দিব্যপ্রকৃতির লীলাতেই জীব তাহার যাতায়াতের চক্র অনুসরণ করে,—প্রকৃতিমু মামিকাম,

প্রকৃতিং স্বামবষ্টভ্য বিস্জামি পুন: পুন:। ভৃতগ্রামমিমং কুংস্কমবশং প্রকৃতেব শাং ।১৮

স্বাম প্রকৃতিম। প্রকৃতির বিকাশের নিয়মামুসারে জীব কথনও এক রপ. বখনও অন্ম রপ গ্রহণ করে; দিব্য প্রকৃতিরই একটা আবির্ভাব রূপে জীবের সন্তার যাহা ধর্ম, জীব সকল সময়েই সেই স্বধর্মের রেখা অনুসরণ করিয়া চলে, প্রকৃতির উর্দ্ধতন সাক্ষাৎ লীলাতেই হউক বা অধস্তন পরোক্ষ লীলাতেই হউক, অজ্ঞানেই হউক বা জ্ঞানেই হউক; কল্পের অস্তে জীব প্রাকৃতির কর্মলীলা হইতে তাহার অচলতা ও নীরবতার মধ্যে ফিরিয়া যায়। জীব যথন অজ্ঞান, তখন সে প্রকৃতির কল্পচক্রের অধীন. নিজে নিজের প্রভু নহে, কিন্তু প্রকৃতির বশে পরিচালিত,— . অবশং প্রকতের লাং। কেবল দিবা-চৈতন্তে ফিরিয়া গিয়াই জাব ঈশ্বরত্ব ও মুক্তি লাভ করিতে পারে। ভগবানও ঐ কল্প চক্রের অমুসরণ করেন, কিন্তু উহার বলে নহে, উহার প্রকাশক ও পরি-চালক আত্মা রূপে, তাঁহার সমগ্র সত্তা উহাতে নিয়োজিত হয় না, কিন্তু তাঁহার সত্তার শক্তির দারা তিনি উহাকে অমুসরণ করেন, পরিচালিত করেন। প্রকৃতির মধ্য দিয়া তাঁহার যে কর্ম চলিতেছে সে কর্মের তিনিই অধ্যক্ষ,—তিনি প্রকৃতির মধ্যে সঞ্চাত কোন সন্তা নহেন, কিন্তু তিনি সেই সন্তা যিনি অধ্যাত্ম স্টিকর্তা রূপে প্রকৃতিকে সচরাচর বিশ্ব প্রদ্রব করান। ৫ তাঁহার শক্তিতে তিনি প্রকৃতির কম্ম অমুদরণ করেন এবং তাঁহার সকল কর্মের প্রবর্ত্তক হন বটে, কিন্তু তিনি আবার প্রকৃতির বাহিরেও বটেন, যেন প্রকৃতির বিশ্বলীলার উপরে বিশাতীত ঐশবিক সভায়

[‡] ময়ায়্যক্ষেণ প্রকৃতি: স্বয়তে সচয়াচরম্। হেতুনানেন কৌল্লেয় জগদ্বিপরিবর্ততে ॥১।১•

অধিষ্ঠিত থাকেন, কোন বন্ধনহেত্ অবশ্বারী বাসনার দারা তিনি প্রকৃতিতে আসক্ত নহেন, অতএব তাহার কর্মসকলের দারা বন্ধ নহেন, কারণ তিনি সে-সব অপেক্ষা অনস্তগুণে বড় এবং সে-সকলের পূর্ববর্ত্তী, কালের চক্রে বে-সব কর্মপরপ্রাা চলিতেছে, তাহাদের পূর্বের, তাহাদের সমকালে এবং তাহাদের পরেও তিনি বেমন আছেন ঠিক তেমনই থাকেন।* তাহাদের সকল পরিবর্ত্তনে তাঁহার অক্ষর সন্তার কোনও পরিবর্ত্তন হয় না। যে নীরব অধ্যাত্ম সন্তা বিশ্বে ব্যাপ্ত রহিয়াছে. বিশ্বকে ধরিয়া রাখিয়াছে—তাহা বিশ্বের কোন পরিবর্ত্তনেই বিচলিত হয় না; কারণ যদিও উহা ধরিয়া রহিয়াছে, তথাপি উহা এ পরিবর্ত্তনের লীলায় যোগদান করে না। এই মহন্তম পরাংপর বিশাতীত সন্তাও সে সকলের দারা বিচলিত হয় না, কাবণ, ইহা তাহাদের অতীত, চিরকাল তাহাদের উপরে রহিয়াছে।

কিন্তু আবার বেহেতু এই কর্ম দিব্য-প্রকৃতির কর্ম, — স্বাম্ প্রকৃতিম্, এবং দিবা-প্রকৃতি কথনও ভগবান চইতে স্বতন্ত্র হইতে পারে না, দিব্য-প্রকৃতি যাহাই স্বাষ্টি করুক না কেন তাহার মধ্যে নিশ্চম ভগবান অঞ্চয়ত আছেন। এই যে সম্মা ইহাই ভগবানের স্তার সমগ্র সত্য নহে, কিন্তু আবার এই স্তাকে আমরা আদৌ শ্বহেলাও করিতে পারি না। তিনি মানবদেহের

ন চ মাং তানি কর্মানি নিবর্গতি ধনঞ্জ।
 উদাসীনবদাসানমসক্তং, তেবু কর্মস্থ লে।

মধ্যে অধিষ্ঠিত বহিয়াছেন ঞা যাহারা এখানে ভাগবানের অন্তিত্ স্বাকার করে না. মানব-দেহের মধ্যে ভাগবত সভা প্রক্রম হইয়া ৰহিয়াছে যাহারা তাঁহাকে অবজ্ঞ। করে, তাহারা প্রকৃতির বাহ্ দুশ্যের দারা বিমৃত ও প্রতানিত হয়, তাহারা উপলব্ধি করিতে পারে না যে, অন্তরের মধ্যে ভগবান গুপ্ত রহিয়াছেন, অবতারে তিনি সজ্ঞানে মানবনেহ ধারণ করেন, সাধারন মাম্ববে তিনি উহোর মাধার ধারা প্রক্রন্ন থাকেন। যাহার। মহামা, মঁহারা व्यहः ভাবের মধ্যে আবদ্ধ নহেন, যাহারা অন্তর্ধামী ভগবানের দিকে নিজেদিগকে খুলিয়া ধরিতে পারেন তাঁহারা জানেন যে, মান্থবের মংধ্য যে গুপ্ত আত্ম। অপূর্ণ মানবীয় প্রকৃতিতে আবদ্ধ বলিয়া মনে হয়, তাহা দেই একই অনির্বাচনীয় জ্যোতি যাগকে আমরা স্কলের উপরে পরাৎপর ভগবান বলিয়। পূজা করি। যেখানে তিনি সর্বাভতের অধিপতি ও ঈশ্বর ভগবানের সেই প্রম পদ তাঁহারা জানেন: অথচ ভাহারা দেখিতে পান যে, প্রভাক ভতের মধ্যেও তিনি সেই পরাৎপর দেবতা এবং অন্তর্ধামী ভগৰান। বাকী যাহা কিছু দে-সুবই বিশ্বমাঝে প্রকৃতির নানা रेविहिजा विकारने बन्न जगानित थेथ अभाग, जगवान निष्क নিজেকে খণ্ডিত করেন। তাঁহারা আরও দেখিতে পান বে,

অবজানতি মাং মৃঢ়া মাহবীং তহুমাপ্রিতম্ ।
 পরং ভাবমগানতে। মম ভূত মহেশরম্ । ১।১১
 মহাশ্বন্ত মাং পার্থ দৈবীং প্রকৃতিয়াপ্রিভার ।
 ভ্রত্তান্তমন্দে ভাষা ভূতানিম্বার্ম, ১১১৬

তাঁহারই প্রকৃতি বিশে যাহা কিছু আছে দব হইয়াছে, স্বতরাং ইহসংসারে প্রত্যেক বস্তুই মূলত: ভগবান ভিন্ন আর কিছুই নহে, —বাস্থদেব: দর্বম, এবং তাঁহারা যে তাঁহাকে কেবল বিশাভীত পরাৎপর ভগবান বলিয়া পূজা করেন ভগু তাহাই নহে, কিন্তু ইহসংসারে, তাহার একত্বে এবং প্রত্যেক পথক সম্ভায় তাঁহাকে পূজা করেন 🛊। তাঁহারা এই সত্য দর্শন করেন এবং এই সত্যকে অফুসরণ করিয়া তাঁহারা জীবন যাপন করেন, কর্ম করেন; তাঁহাকেই তাঁহারা উপাদনা কবেন, জীবনে অনুসরণ করেন, দকল বস্তুর উর্দ্ধে অবস্থিত সত্তা রূপে, আবার বিশ্ব-মাঝে অবস্থিত ভগবান রূপে, এই তুই রূপেই, তাঁহার পূজা করেন, কর্ম্মজ্ঞের দারা তাঁহাকে দেবা করেন, জ্ঞানের দারা তাঁহাকে সন্ধান করেন, সর্বাত্র ভগবান ভিন্ন আর কিছই দেখেন না, এবং তাঁহাদের আত্মা এবং অন্ত:প্রকৃতি ও বহি:প্রকৃতি সহ সমগ্র সন্তাকে তাঁহার দিকে তুলিয়া ধরেন। এইটিকেই তাঁহারা উদার ও প্রকৃষ্ট পম্বা বলিয়। জানেন: কারণ এইটাই পরাংপর বিশ্ববাাপী এবং বাষ্টগত ভগবান সম্বন্ধে সমগ্র জ্ঞানের উপর প্রতিষ্ঠিত পম্বা।

অভানথজ্ঞেন চাপ্যক্তে বজ্জো মাম্পাদতে।
 একজ্বেন পৃথজ্ঞেন বঙ্ধা বিশ্বতোম্থম্ । ১।১৫
 মন্মনা ভব মন্তজ্ঞো মদ্যাজী মাং নমজ্ঞ।
 মামেবৈব্যসি যুক্তেব্যাত্মানং মৎপরায়ণঃ । ১।৩৪

কৰ্ম, ভক্তি ও জ্ঞান

ইহাই তাহা হইলে সমগ্র সভ্যা, সর্বাপকা উচ্চ ও প্রশস্ত জ্ঞান। ভগবান বিশ্বাতীত, সনাতন পরব্রন্ধ,—তাঁহার নিজেরই সতা ও প্রকৃতি যে দেশ ও কালের মধ্যে এই বিশ্বরূপে আবিভৃতি হইয়াছে, দে সবকে তিনি তাঁহার দেশ ও কালের অতীত প্রতিষ্ঠার দারা ধরিয়া রহিয়াছেন। তিনি পরমাত্মা, বিখের স্কল নামরূপ ও গতিধারার আত্মারূপে বিরাজ করিতেছেন। তিনি পুরুষোত্তম, এই .বিশ্বের বা অন্য দকল বিশ্বের দকল আত্মা ও প্রকৃতি, দকল মন্তা ও বিকাশ তাঁহারই আত্মরপায়ণ ও আত্মশক্তি-প্রকাশ। তিনি পরমেশ্বর, সকল বিশ্বের অনির্বাচনীয় প্রভু, তিনি তাঁহার নিজের বাক্ত শক্তিকে অধ্যাত্মভাবে নিষম্ভিত করিয়া জগৎচক্র প্রবর্তিত করিতেছেন, এবং জগতে সর্বভূতের স্বাভাবিক ক্রমবিকাশ সাধন করিতেছেন। তাঁহা হইতেই জীব এখানে এই জগৎচক্রে আদিয়াছে,—জ্বীব ব্যষ্টিগত অধ্যাত্মদত্তা, প্রকৃতিস্থ পুরুষ; তাঁহারই সভায় জাবের অন্তিম্ব, তাঁহারই চেতনার আলোকে জীব সংগতন, তাঁহারই ইচ্ছা ও শক্তি দারা জীব জ্ঞানের, ইচ্ছার, কর্মের ক্ষমতা नाज कतियाह. जांशांत्रहे विश्वनीनात्र मिता जानत्म कीव कीवनत्क উপভোগ করিতেছে।

মানুষের অন্তরের আত্মা হইতেছে এথানে ভগবানের আংশিক আত্মপ্রকাশ, অগতে তাঁহার প্রকৃতির কার্য্যের জন্ম তিনি নিজেকে এইভাবে সীমাবদ্ধ করিয়াহেন, প্রকৃতিঃ জীবভূতাঃ। ব্যষ্টিগত মাহুষ তাহার মূল অধ্যাত্ম সন্তাহ ভগবানের সহিত এক। দিব্য ?

প্রকৃতির ক্রিয়ায় সে ভগবানের সহিত এক, অথচ কার্য্যতঃ একটা ভেদ আছে, এবং প্রকৃতির মধ্যে অবস্থিত ভগবান ও বিশ্বপ্রকৃতির উর্দ্ধে অবস্থিত ভগবান এতহুভয়ের মধ্যে অনেক প্রকার সমন্ধ আছে। প্রকৃতির নীচের থেশায় অজ্ঞান ও অহঙ্কারমূলক ভেদনীতির বশে মনে হয় যেন মাত্মৰ সেই এক ভন্নবান হইতে সম্পূৰ্ণ বিভিন্ন; এবং এই ভেদ চেতনার মধ্যে থাকিয়াই দে চিন্তা করে, ইচ্ছা করে, কর্ম করে, ভোগ করে, নিজের ক্ষুদ্র অহংয়ের তৃপ্তির অক্স, জগতে নিজের ব্যক্তিগত জীবনের প্রয়োজন এবং অক্যান্ত মান্তবের সহিত নিজের বাহ্যিক সম্বন্ধের প্রয়োজন দিল্ধ কবিবার জন্ম। কিন্তু বস্তুতঃ তাহার সমস্ত সত্তা, সমস্ত চিষ্টা, তাহার সমস্ত ইচ্ছা ও কর্ম ও আননভোগ এ-সবই ভগবানের সত্তার, ভগবানের চিস্তা, ইচ্ছা, কর্ম ও প্রকৃতি-উপভোগের প্রতিচ্ছায়া, যতকণ দে অজ্ঞানের মধ্যে বাস করে ততকণ অংশারের দার। শণ্ডিত ও বিক্লত। তাহার নিদ্রের এই সত্যে কিরিয়া যাওয়াই তাহার মুক্তিলাভের দোজা পথ, অজ্ঞানের অধীনতা হইতে পরিত্রাণ পাইবার সর্ব্বাশেক। নিকট ও প্রশন্ত দার। মারুষ প্রকৃতিযুক্ত আত্মা, এবং ভাহার প্রকৃতিতে রহিয়াছে মন ও বৃদ্ধি, ইচ্ছা ও কর্ম, চিস্তাবেগ, ইন্দ্রিয়ামুভৃতি এবং জাবনের আনন্দ উপভোগ করিবার নিমিত্ত প্রাণের আকান্ধা; স্বতরাং এই সকল শক্তিকে ভগবদভিমুখী করিয়াই ভাহার নিজের উচ্চতম সত্যে ফিরিয়া ৰাভয়া সম্পূৰ্ণভাবে সম্ভব করা যাইতে পারে। পরম আত্মা ও ব্রন্ধের জ্ঞান তাহাকে লাভ করিতে হইবে : তাহার প্রেম ও ভক্তিকে **পরমপুরুষের দিকেই ফিরাইডে হইবে; ভাহার ইচ্ছা ও কর্মকে** भव्रय अभागेषात्वव अथोन कविष्क हहेत्व । ज्यंन तम नौरहत अकृष्ठि হইতে দিবা প্রকৃতিতে উঠিবা ঘাইতে পারিবে, তখন সে তাহার অজ্ঞানের চিস্তা, ইচ্ছা ও কর্ম বর্জন করিয়া ভগবানের সহিত ঐক্যে, দেই এক আত্মারই আত্মা, শক্তি, জ্যোতি হইরা চিস্তা করিতে, ইচ্ছা করিতে কর্ম করিতে পারিবে; তথন সে ভিতরে ভগবানের সমস্ত অনস্ততা উপভোগ করিবে, আর তাহাকে কেবল এই সব বাহিরের স্পর্শ, ছদ্মবেশ ও বাহ্যরূপের ভোগ লইয়াই থাকিতে হইবে না। এইরূপে দিব্য জীবন যাপন করিয়া, এইরূপে তাহার সমগ্র আত্মা, সত্তা ও প্রকৃতিকে ভগবদভিষ্থী করিয়া, সে পরমন্ত্রের সত্ততম সত্যের মধ্যে গৃহীত হইবে।

বাস্থদেবঃ সর্কম্, বাস্থদেবই সব, ইহা জানা এবং এই জ্ঞানের মধ্যে বাদ করা, ইহাই নিগৃঢ় রহস্ত। দে জ্বানে যে, তিনি আত্মা, অক্ষর, আধারক্রপে সকলকে ধরিয়া রহিয়াছেন আবার সকল জিনিষের মধ্যেই অনুস্থাত রহিয়াছেন। নীচের প্রকৃতির বিশৃত্বন ও অশান্ত খেলা হইতে সরিয়া আসিয়া সে স্বপ্রতিষ্ঠ আত্মার নিস্তর্কতা এবং অবিচ্ছেত্য শাব্তি ও জ্যোতির মধ্যে বাদ করে। দে দেখানে ভগবানের এই আত্মার সহিত নিত্য ঐক্য উপলব্ধি করে, দে আত্মা সর্ব্বভূতের মধ্যে বর্ত্তদান রহিয়াছে, এবং জগতের সকল গতি, ক্রিয়া ও ব্যাপারকে ধরিয়া রহিয়াছে। পরিবর্ত্তনশীল জগতের ভিত্তি यक्षण এই যে স্নাতন অপার্বর্তনশীল অধ্যাত্ম স্তা, ইহা হইতে দে উপরে মহন্তর সনাতন, বিশ্বাতীত, পরম সত্য বস্তর শিকে চাरिया त्राथ । तम कात्न तय, धारा किছू आहि तम-मत्वतरे मत्या তিনি দিবা অধিবাসী, মামুষের হুদ্দেশে তিনি গুরু ঈশ্বরূপে বর্তমান, এবং ডাহার প্রাকৃত নত্তা ও এই অভ্যন্তরীন অধ্যাত্ম প্রভূব বধ্যে বে মাহার আবরণ বহিষ্টারে দে গেই আবরণকে অপক্ত করিয়া কর্মকে কেই। त्म छारात रेका किसा, क्षेत्र कारन नेपालत रेका, किसा, क कार्यत

সহিত এক করিয়া দেয়, অন্তর্গামী ভগবানকে দে সকল সময় অনুভব করে এবং তাহার সমস্ত ইচ্ছা, চিস্তা, কর্ম সেই নিত্য ভগবদমুভতির সহিত এক স্বরে বাঁধা হইয়া ষায়, সকলের মধ্যে সে ভগবানকে দেখে ও ভঙ্গনা করে, এবং সমস্ত মানবীয় কর্মকে দিবা প্রকৃতির উচ্চতম আদর্শে রূপান্তরিত করে। দে জানে যে, বিশ্বজগতে তাহার চারিদিকে যাহা কিছু রহিয়াছে দে-সবের মূল ও সার সত্তা তিনি— সংসারের সমস্ত জিনিষকে সে দেখে যে, তাহাদের বাহারপে সে সব इटेटाइ Veils—ছन्नादम, व्यावात त्मरे मत्करे तम्तथ त्य, जाशास्त्र নিগৃঢ় মর্ম্মে তাহারা হইতেছে সেই এক অচিন্তা সভ্যবস্তুর আত্মপ্রকাশের উপলক্ষ্য ও উপায়; যে ঐক্য, ব্রহ্ম, পুরুষ, আত্মা, বাস্থদেব, যে-সন্তা এই সর্বভূত হইয়াছে, সে সর্বত্র তাহাকে দেখিতে পায়। সেই জন্মই তাহার সমগ্র অভ্যন্তরীন জাবন অনন্তের সহিত এক স্থারে ও ছন্দে গাঁথা হইয়া যায়. দে-অনন্ত তথন হয় সকল জাবে, তাহার ভিতরে ও চতুর্পার্থে সকল বস্তুতে স্বপ্রকাশ, এবং তাহার সমগ্র বাহ জীবন বিশ্ব-উদ্দেশ্য সাধনের বিশুদ্ধ যন্ত্রে পরিণত হয়। অন্তরাত্মার ভিতর দিয়া উপরে সে দেই পরব্রন্দার দিকে চাহিয়া দেখে, যিনি এখানে এবং সেখানে এক ও অধি চীয় সত্তা। সর্বভূতের হৃদ্ধে অবস্থিত ঈশরের ভিতর দির। উপরে দে দেই পরম পুরুবের দিকে চাহিরা দেখে যিনি তাঁহার উচ্চতম প্রতিষ্ঠায় দকল আবাদের উপরে। বিশ্বনাঝে বে-ঈশ্বর আবিভূতি হইয়াছেন তাঁহার ভিতর দিয়া উপরে দেই প্রমেশ্বরের দিকে দে চাহিয়া দেখে যিনি তাঁহার সকল স্ষ্টি, সকল প্রকাশের উপরে থাকিবা স্বকে পরিচালিত করিতেছেন। এইकर्ण कारनत नीमारीन विकास धवः छर्दम्यी मुष्टि ও आन्त्रशत (aspiration) ভিতর দিয়া সে ভাহাতেই উঠিয়া বায় বাহাকে

দে একাস্ত সমগ্রভাব, সর্বভাবেন, ভঙ্গনা করিয়াছে।

এই যে জীবের সমগ্রভাবে ভগবদভিমুখী হওয়া, ইহাকেই গীতা জ্ঞান, কর্ম ও ভক্তির সমন্ববের মহান ভিত্তি করিয়াছে। ভগবানকে এইরপ সমগ্রভাবে জানার অর্থ, আত্মায়, সমন্ত জগতে এবং সমন্ত জগতের অতীতে, তাঁহাকে এক বলিয়া জানা,—জানা যে, ভগবান একই সঙ্গে এই সবই। অথচ শুধু আবার এই ভাবে জানাই मिटक जुनिया धता ना इय, यमि जाहा এकाश এवः म्ह महन्दे দর্সতোমুখী প্রেম, ভক্তি, আস্পৃহাকে উদ্বন্ধ নাকরে। বস্তুতঃ যে-জ্ঞানের দকে আম্পুহা নাই, যাহা হদয়ের উদ্ধমুখীভাবের দারা मञ्जीविত নহে, তাহা সত্য জ্ঞান নহে, তাহা কেবল তর্কবৃদ্ধির খেলা, শুষ্ক বিচারের নিক্ষল প্রয়াস। ভগবানের দর্শন প্রকৃতভাবে লাভ কবিলে তাহা নিশ্চয়ই ভগবানের প্রতি ভক্তি এবং ভগবানকে পাইবার জন্ম তীব্র আবেগ আনিয়া দেয়,—ভগবানের স্বপ্রতিষ্ঠ সন্তার প্রতি, আবার আমাদের মধ্যে এবং সর্বভৃতের মধ্যে যে ভগবান রহিয়াছেন কাঁহারও প্রতি গাত অহুরাগ আনিমা দেয়। বৃদ্ধি দ্বারা জানা মানে, শুধু বুঝা; এইভাবে আরম্ভ করা কার্য্যকরী হইতে পারে, আবার नाउ इंडेट शारत,-कार्याकती इंडेटवरे ना यिन खे जानांत मधा কোন আন্তরিকতা না থাকে, অভ্যন্তরীন উপলব্ধি শাভের জন্ম ইচ্চার কোনও অমুপ্রেরণা না থাকে, ভিতরের সন্তার উপর কোনও প্রভাব নাহয়, আত্মায় কোনও সাড়া না আদে; কারণ তাহা হইলে বুঝা যাইবে যে, মস্তিদ্ধ বাহ্মিকভাবে বুঝিয়াছে কিন্তু আত্মা অভ্যস্তরীন ভাবে কিছুই দেখি নাই। সত্য জ্ঞান ইইতেছে ভিতরের সন্তার দারা জানা, এবং যথন ঐ ভিতরের সন্তায় আলোকের স্পর্শ লাগে.

তথন সে যাহা দেখে সেটিকে আলিক্সন করিতে উন্নত হয়, সেটিকে লাভ করিতে বাসনা করে, সেটিকে নিজের মধ্যে গড়িয়া তুলিতে এবং নিজে তাহাতে গড়িয়া উঠিতে চেষ্টা করে, যে-সত্যের মহিমা সে দর্শন করিয়াছে তাহার সহিত এক হইয়া যাইবার জন্ম সাধনা করে। এইরপ জ্ঞানের অর্থ হইতেছে, একাত্মতার উপলব্ধি; আর ঐ ভিতরের সন্তা নিজেকে পূর্ণ করিয়া ভোলে চৈত্তা ও আনন্দের ছারা, প্রেমের ছারা, নিজের যাহাই সে দর্শন করিয়াছে তাহাকে লাভ করিয়া তাহার সহিত ঐক্যের দারা, স্থতরাং এই জ্ঞান যথনই জাগিয়া উঠে তথনই তাহা এই সত্য ও একমাত্র পরিপূর্ণ সিদ্ধি-लाएड जममा (श्रेत्रवा निक्त्रहे जानिया (मय। এই জ्वादन याशादक জানা যায় তাহা ৰাহ্য বস্তু নহে, তাহা দিবা পুরুষ; আমরা যাহা কিছ তিনি সেই সবের আত্মা ও ঈশর। তাঁহাতে সমগ্র সত্তার আনন্দ এবং তাঁহার প্রতি গভার ও প্রগাঢ় ভক্তি ও ভালবাসা এই জ্ঞানের প্রাণ ও অবশ্বস্থাবা ফল। এবং এই ভক্তি শুধুই क्रमस्त्रद्भ कामना माख नरह, इंटा इंटेरज्ड ममध जीवरनद्भ ममर्थन। অতএব ইহা উৎসংগর রূপও নিশ্চয়ই গ্রহণ করে: এখানে আছে আমাদের সকল কর্ম ঈশরকে অর্পণ করা, এখানে আছে আমাদের সমগ্র বাফ ও অভার্ত্তীণ স্ক্রিয় প্রকৃতিকে সম্ভ ভিতরের থেলায় এবং সমস্ত বাহিরের খেলায় আমাদের ভক্তির পাত্র ভগবানের উদ্দেশে উৎসর্গ করা। আমাদের অস্তরের সমস্ত ক্রিয়া তাঁহারই মধ্যে চলিতে থাকে, দে-সব তাঁহাকে, দেই ঈশ্বর ও আত্মাকেই. ভাঁহাদের শক্তির ও প্রচেষ্টার মূল উৎস ও লক্ষ্যরূপে সন্ধান করে। আমাদের বাহিরের সমস্ত ক্রিয়া জগতের মধ্যে অবস্থিত জাঁহার দিকেই প্রদারিত হয়, জগতের মধ্যেই ভগবানের সেবার আয়োজন

করে, দো-দেবা ও কর্মের নিয়ামক শক্তি হইতেছেন আমাদের অন্তর্মন্থিত ভগবান, তাঁহাতেই আমরা বিশ্ব ও বিশ্বের দকল জীবের দহিত এক আছা। কারণ জগৎ ও আছা, প্রকৃতি এবং তাহার মধ্যে স্থিত জীব উভয়েই দেই একমেবাদিতীয়মের চৈতন্মের দারা উদ্ভাসিত, উভয়েই দেই বিশাভীত পুরুষে। ত্তমের অভ্যন্তরীণ ও বাহ্যিক শরীর। এই ভাবে দেই এক আছার মধ্যে মন, হানয় ও ইচ্ছার সমন্বয় হয় এবং সেই দক্তে এই সমগ্র মিলনে, এই সর্মন্তরাম্থী ভগবত্পলিরতে, এই দিব্য যোগে জ্ঞান, ভক্তি ও কর্মের সমন্বয় হয়।

কিন্তু এই দিব্য যোগের সাধনা আরম্ভ করাও অহংভাবে বন্ধ জাবের পক্ষে কঠিন—শুধু তাহাই নহে, যাহারা
আবার শেষ পর্যান্ত আর সব ছাড়িয়া চিরকালের মত এই যোগেব
পথ অবলম্বন করিয়াছে, তাহাদের পক্ষেও ইংার পূর্ণ সার্থকত।
ও সামঞ্জাশ্রে পৌছান সহজ নহে—মর্ত্ত্য মাহ্মবের মন জ্ঞানের বশে
ছায়া ও বাহ্মরূপের উপর নির্ভর করিয়া বিভ্রান্ত হইয়া পড়ে; ইহা
শুধু মাহ্মবের বাহ্মিক শরীর, বাহ্মিক মন, বাহ্মিক জীবনধারাকেই
দেখে কিন্তু জীবের মধ্যে যে দেবতা অধিষ্ঠিত রহিয়াছেন তাঁহার
সম্বন্ধে কোনও মৃক্তিপ্রদ দৃষ্টি লাভ করিতে পারে না। নিজেরই
মধ্যে যে দেবতা রহিয়াছেন তাঁহাকে সে অগ্রাহ্ম করে, এবং
অপর মহ্যের মধ্যেও তাঁহাকে দেখিতে পায় না, এবং যদিও
ভগবান মাহ্মবের মধ্যে নিজেকে অবতার ও বিভ্নিরূপে প্রকাশিত
করেন তথাপি সে অন্ধ থাকে এবং মানবরূপের অন্তর্যালে
অবস্থিত ভগবানকে উপেক্ষা বা অবজ্ঞা করে, অবজানস্তি মাম মৃচাঃ

মানুষীং তত্ত্বমাশ্রিতম। * আর যদি সে জীবস্ত মানুষের মধোই ভগবানকে অগ্রাহ্য করে তাহা হইলে বাহ্যস্কগতে ভগবানকে দেখা তাহার পক্ষে আরও অসম্ভব হয়। কারণ এই বাহাজগৎকে সে দেখে তাহার ভেদাত্মক **অ**হংভাবের কার।গার হইতে, তাহার সীমাবদ্ধ মনের রুদ্ধ গবাক্ষের ভিতর দিয়া। বিশ্বের মধোনে ভগবানকে দেখিতে পায় না: যে পরম ভগবান এই বিচিত্র স্ষ্টিপুর্ণ জগৎসমূহের অধীশ্বর এবং তাহাদের মধ্যে বাস করিতেছেন তাঁহার সম্বন্ধে সে কিছুই জানে না: যে-দৃষ্টির দ্বারা জগতের সকল বস্তু দিবাভাব প্রাপ্ত হয় এবং জীব নিজের অন্তর্নিহিত **८** एवट का श्रंक — स्टेश केटिंग अवः क्षावात्त्र स्थ, क्षावखा स्थ, শে-দৃষ্টি সহজে সে সম্পূর্ণ অন্ধ মান্তবের যে অহং কৃত্র জিনিষের পশ্চাতে ছুটিয়া বেড়াইতেছে, শুধু সেই সবকেই পাইতে চাইতেছে এবং তাহাদের দ্বারা মন, বৃদ্ধি, দেহ, ইন্দ্রিয়ের পার্থিব ক্ষুধা মিটাইতে চাহিতেছে—সেহ অহংযের জীবনটীকেই সে সহজে দেখিতে পাষ এবং তাহাতে তীব্র ভাবে আসক্ত হইয়া পড়ে। চিত্তের এই বহিমুখী গতির দিকে যাহারা অতিমাত্রায় সমগ্র ভাবে নিজেদিপকে ছাডিয়া দিয়াছে, তাহার। নীচের প্রকৃতির কবলে পতিত হয়, সেইটীকেই একাস্ত ভাবে ধরিয়া থাকে এবং নিজেদের জীবনের ভিত্তি করে। মামুষের মধ্যে যে রাক্সী **a প্রকৃতি রহিয়াছে** তাহাবা ভাহারই অধীন হইয়া পড়ে, এরপ মারুবে প্রাণের তাড়নার

শবজানকি মাং মৃঢ়া মাস্বাং তহ্মগালতম্।
 পরং ভাবমজানতাে মম ভৃতমহেশ্রম্॥ গীতা ১।১১

মোঘাশা মোঘকর্মানো মোঘজ্ঞানা বিচেত্র:।
 রাক্ষনীমান্তরীকৈব প্রকৃতিং মোহিনীং প্রিতা:। > ।>২

বশে ইন্দ্রিয়পরায়ণ অহংয়ের উগ্র ও অপরিমিত ভৃপ্তির জন্ম সব কিছুকেই উৎসর্গ করে এবং সেই অহংকেই তাহার ইচ্ছা, চিস্তা, কর্ম ও ভোগের তমোময় দেবতা করিয়া ভোলে। অথবা আন্তরী প্রকৃতির দান্তিক অহন্ধার, স্বাভিমানী চিস্তা, স্বার্থপর কর্ম এবং ভোগের আত্মতপ্ত অথচ চির-অতৃগু মানসিক ক্ষুধা—এই সবের দার। তাড়িত হইয়া তাহারা বুথা চক্রে ঘুরিয়া মরে। কিন্তু ভগবান ও আত্মা হইতে বিচ্ছিন্ন এই অহং-চৈতত্ত্বের মধ্যে অবিরত বাদ করিতে থাকিলে. এবং ইহাকেই আমাদের সকল কর্মের কেন্দ্র করিয়া তুলিলে—আমরা প্রকৃত আত্ম-জ্ঞানকে একেবারেই ধরিতে পারিব না। আত্মার বিপথগ্রস্ত যন্ত্রগুলির উপর ইহাবে মোহ বিস্তার করে তাহ। জীবনকে নিক্ষল ভাবে ঘুরায়। এই অহং-চৈতন্তের সমন্ত আশা, কর্ম, জ্ঞানকে ধখন দিব্য ও সনাতন আদর্শের তুলনায় বিচার করা যায় তথন দে-সব শুক্ত, বার্থ বলিয়া প্রতীত হয়, কারণ ইহা মহত্তর আশার পথ কক্ষ করিয়া দেয়. মৃক্তিপ্রদ কর্মকে বহিষার করে, সতা জ্ঞানের আলোককে নির্মাসিত করে। এই জ্ঞান শুধু বাহদৃশ্য দেখে কিন্তু ভিতরের সত্যকে দেৰে না অতএব ইহা মিথ্যা জ্ঞান, এই আশা অনিত্যের পশ্চাতে ছুটে কিন্তু নিত্য বস্তুর সন্ধান করে না অতএব ইহা মিথ্যা আশা, ক্ষতির দারা এই কর্মের সমস্ত লাভ নষ্ট হইয়া যায় অতএব এই কর্ম মন্তহীন পণ্ডশ্রম।

মান্থ্যের পক্ষে যে উচ্চতর দৈবী প্রকৃতিকে আশ্রয় করা সম্ভব সেই দৈবী প্রকৃতির আলোক ও বিশালভার অভিমূথে যে-সব মহাত্মারা নিজেদিগকে খুলিয়া ধরেন কেবল তাঁহারাই মৃক্তি ও পূর্ণ সিদ্ধি লাভের পথে উঠিয়াছেন, সে-পথ প্রথমে সমীর্ণ কিছ

পরিশেষে এমনই প্রণক্ত যে ভাষায় তাহা বর্ণনা করা যায় না *। মামুষের মধ্যে অন্তর্নিহিত দেবত্বের বিকাশ, ইহাই মামুষের প্রকৃত কাজ; এই আহ্বরী ও রাক্ষ্সী প্রকৃতিকে দৃঢ় সঙ্গল্পের সহিত দৈবী প্রকৃতির দিকে ফিরান, ইহাই মানবজীবনের স্থরক্ষিত গুপ্ত রহস্ত । এই দেবত যতই পরিবর্দ্ধিত হয়, ততই মায়ার আবরণ খসিয়া পড়ে এবং জীব কর্মের মহন্তর সার্থ**কতা** এবং জীবনের প্রকৃত সত্য দেখিতে পায়। মামুষের মধ্যে ভগবানের প্রতি, জগতের মধ্যে ভগবানের প্রতি দৃষ্টি তথন খুলিয়া যায়; সেই দৃষ্টি অন্তরের मिक निश्च। ८५८थ ও वाहित्यत निक निश्च। ज्ञादन ८मटे ज्यमीय আত্মাকে, সেই অবিনাশী সত্তাকে যাঁহা হইতে সকল স্ষ্টির উদ্ভব হইয়াছে, যিনি সকলের মধ্যেই রহিয়াছেন এবং যাঁহার মধ্যে ও যাঁচার দারা সব-কিছুই নিত্য বিরাজমান রহিলছে। অতএব যথন এই দৃষ্টি, এই জ্ঞান মানবাত্মাকে অধিকার করে, তথন, তাহার জীবনের সমস্ত আম্পাহা ভগবান ও অনন্তের প্রতি সর্বা-তিরেকী প্রেম এবং অপরিদীম ভক্তিতে পরিণত হয়। সেই নিতা, সনাতন, অধ্যাত্ম, জীবস্ত, বিশ্বব্যাপী সত্য বস্তুতে মন অনন্য ভাবে আগন্ধ হয়. দেই সত্য বস্তু ছাড়া তাহার কাছে আর কোন बिनिय्वत्रहे कान अ मृत्रा थाक ना, এक माज त्रहे नर्कान क्या भवम পুরুষেই সে পরম প্রীতি লাভ করে। যে দর্কব্যাপী মহত্ব, জ্যোতি, সৌন্দর্য্য, শক্তি ও স্ত্য আপন মহিমায় আপনাকে মানবাত্মার নিকটে প্রকাশিত করিয়াছে, তাঁহার গুণকীর্ত্তন করা এবং সেই

মহাত্মনান্ত মাং পার্থ দৈবীং প্রকৃতিমালিতাঃ।
 ভল্পানন্যমন্ধাে জাতা ভূতাদিমব্যয়য়ৢ॥ ১০১৩

পরম আত্মা ও অনস্ত পুক্ষের উপাদনা করা, ইহাই হয় তথন সকল বাক্য, সকল চিস্তার একান্ত লক্ষ্য *। ভিতরের সত্তা সকল আবরণ ভেদ করিয়া বাহিরে আত্মপ্রকাশ করিবার জন্ত এত কাল যে চেটা করিয়াছে এখন সে-সব চেটা অন্তরাত্মায় ভগবানকে পাইবার এবং প্রকৃতিতে ভাগবত ভাব বিকাশ করিবার অধ্যাত্ম সাধনা ও আম্পৃহাতে পরিণত হয়। সমল্ভ জীবন হয় সেই ভগবানের সহিত এই মানবাত্মার নিত্যযোগ ও মিলন। ইহাই পূর্ণভিক্তির ধারা; নিবেদিত হদযের উৎসর্গের ছারা উহা আমাদের সমগ্র সত্তা ও প্রকৃতিকে নিত্য সনাতন পুক্ষোত্তমের দিকে উহা একাগ্রভাবে তুলিয়া দেয়।

বাহারা জ্ঞানের উপরেই বেশী ঝোঁক দেন তাঁহারাও তাঁহাদের আত্মা ও প্রকৃতির উপর ভগবদ্ জ্ঞান, ভগবদ্ দেশনের যে নিত্য-বর্দ্ধন-শীল, সর্বতামুখী, অনতিক্রম্য প্রভাব তদ্ধারা দেই একই স্থানে উপনীত হন গু। তাঁহাদের যজ্ঞ জ্ঞানয়জ, জ্ঞানের অনির্বাচনীয় আনন্দের দারা তাঁহারা পুরুষোত্তমকে উপাসনা করিতে প্রবৃত্ত হন, জ্ঞানযজ্ঞেন চাপ্যস্তে যজ্জে। মামুপাদতে। এই যে ব্যাপক জ্ঞান, সমগ্র সত্তাই ইহার যন্ত্র এবং অবও সমগ্রতাই ইহার লক্ষ্য। ইহা পরম সত্তাকে কেবল শ্রুময় ঐক্যে কিছা দকল সম্বন্ধের অতীত অনিদ্রেশ্য সত্তারূপে চাওয়া নহে। ইহা হইতেছে সেই পরম ও বিশ্বপুরুষকে স্থানবেগের

সততং কীর্ত্তয়ভা মাং বড়্রক৳ দৃঢ়য়তা:।
 নমদ্যস্তশ্চা মং ভক্তা নিত্যয়ুকা উপাদতে ।>।>।

জানযজেন চাপ্যন্যে যজজো মাম্পাসতে।
 একত্বন পৃথজেন বহুধা বিশ্বতোম্ধম্। ১।১৫

সহিত সন্ধান ও লাভ করা, ইহা হইতেছে অনস্তকে তাঁহার অনস্ততায় পাওয়া আবার যাহা কিছু সাস্ত আছে সে-সবের মধ্যেও তাঁহাকে পাওয়া, এককে তাঁহার একতে দেখা ও আলিঙ্কন করা আবার তাঁহাকে তাহার সকল বিভিন্ন তত্বে, তাঁহার অসংখ্য মূর্ত্তিতে, শক্তিতে, রূপে, এখানে, সেখানে, সর্ব্বত্ত, কালাভীত অবস্থায় আবার কালের মধ্যে, বহুধা, তাঁহার ঈশ্বরত্বের অনস্তভাবে, অসংখ্য জীবে তাঁহাকে দেখা ও আলিঙ্কন করা, একত্বেন, পৃথক্ত্বেন বহুধা বিশ্বতোম্থম্। সহজেই এই জ্ঞান হইয়া উঠে উপাসনা, উদার ভক্তি, বিশাল আত্মদান, সমগ্র আত্মদমর্পন কারণ ইহা হইতেছে এমন এক আত্মার জ্ঞান, এমন সত্তার স্পর্প, এমন এক পরম ও বিশ্বপুরুষের সহিত্ত আলিঙ্কন, যিনি আমাদের স্ব-কিছুর উপরেই দাবি রাথেন, আবার আমরা যখন তাঁহার সমীপে যাই তিনি তাঁহার অনস্ত আনন্দলীলার সমস্ত সম্পদ্ আমাদের উপরে অবিরতধারে ঢাপিয়া দেন।

কর্মের পথও ভক্তি ও প্রেমপূর্বক আয়নানে পরিণত হয় কারণ ইহা হইতেছে আমাদের সকল ইচ্ছাশক্তি ও কর্ম পূর্ণভাবে সেই এক পুরুষোত্তমের উদ্দেশে যজ্ঞরূপে উৎসর্গ করা। বেদের বাহ্যিক যজ্ঞান্তর্চান একটি শক্তিশালী রূপক, ইহার উদ্দেশ্য থুব উচ্চ না হইলেও, তাহা স্বর্গাভিম্থী; কিন্ধ প্রকৃত যজ্ঞ হইতেছে ভিতরের, ইহাতে সর্বমন্ন ভগবান নিজেই হন যজ্ঞক্রিয়া, য়জ্ঞ এবং যজ্ঞের প্রত্যেক আফুষ্কিক অফুষ্ঠান *। সেই অন্তর্গজ্ঞের সমন্ত ক্রিয়া ও রূপ হইতেছে আমাদের মধ্যে তাঁহারই শক্তির আজুবিধান ও আজুপ্রকাশ, সেই-যে শক্তি আমাদের আশপুহাকে আশ্রয় করিয়া

অহং ক্রতুরহং ষ্কঃ স্বধাহমহমৌবধম্।
 মল্লোহহমহমেবাদ্যমহময়িরহং ভতন॥।১৬

আপন উৎসের দিকে উঠিয়া চলিয়াছে। অন্তর্যামী ভগবান নিজেই অগ্নি, নিজেই হব্যা, অহমগ্নিরহং ত্তম, কারণ ঐ অগ্নি ভগবদৃষ্থী ইচ্ছাশক্তি এবং এই ইচ্ছাশক্তি আমাদের মধ্যে স্বয়ং ভগবান। আর ভগবানের যে রূপ ও শক্তি উপাদানস্বরূপ আমাদের প্রকৃতি ও সভাষ বর্ত্তমান, তাহাই অগ্নিডে অপিত হবা: ভগবানের নিকট হইতে যাহা কিছু পাওয়া গিয়াছে তাহা সমগ্রভাবেই স্থাপনার সভার, আপনার পরম সত্য ও মূলের সেবায় ও পুজায় উৎসর্গ করা হয়। মনীষী ভগৰান নিজেই হন পৰিত্ৰ মন্ত্ৰ, মন্ত্ৰ ভগবদ্মুখী চিন্তায় প্রকট ভাগবতসভারই জ্যোতি, ঐ চিম্তার নিগৃঢ় তম্ব-পূর্ণ জ্যোতির্মন্ন শ্রুত্রাক্যে ও মাত্রুরে নিকট প্রকাশিত অনস্তের ছন্দে त्मरे यञ्ज मङ्गीव इरेशा উঠে। छानमग्र छन्नवान निरक्ट द्वा. আবার বেদে যাহা কিছু জানা যায়, বেদ্য, তাহাও তিনি। তিনি জ্ঞান ও জ্ঞের উভয়ই। ঋক, যজু:, সাম, যে জ্ঞানের বাণী মনকে জ্ঞ:নালোকে উদ্রাদিত করে, যে শক্তির বাণী কর্মকে যথার্থভাবে নিয়ন্ত্রিত করে, যে শাস্তি ও স্থপমঞ্জদ দিন্ধির বাণী আত্মার দিব্যবাসনার তুপ্তি আনিয়া দেয়, এই সবই ব্রহ্ম, সবই ভগবান। দিব্যুচৈতক্তের মন্ত্র জ্ঞানজ্যোতি অনিয়া দেয়, দিবা শক্তির মন্ত্র কার্য্যকরী ইচ্ছা-শক্তি অনিয়া দেয়, দিব্য আনন্দের মন্ত্র জীবনে অধ্যাত্ম আনন্দের পূর্ণতা অনিয়া দেয়। সকল বাক্য ও চিন্তা মহান ওঁ-এরই পরিক্ষুরণ, ওঁ-ই সনাতন বাকা। ইব্রিয়গ্রাফ বাফ বস্তুর রূপের মধ্যে প্রকটিত ওঁ, দকল বস্তু ও রূপ যে স্থলনশীল আত্মবিকাশরপ চৈতনা লীলার প্রকাশ তাহার মধ্যে প্রকটিত ওঁ, সকলের পশ্চাতে অনস্কের যে

পিতাহমশ্য জগতো মাতা ধাতা পি**ভামহ:।**বেছং পবিত্রমোকার ঋক দাম যজুরেবচ ॥১।১৭

আত্মসমাহিত পরাচেতন শক্তি তাহার মধ্যে প্রকটিত ওঁ—ওঁই সকল বস্তুও ভাবের, সকল নাম ও রূপের পরম উৎস, বীজ, আশার,—ইহা নিজেই সমগ্রভাবে পরম স্পর্শাতীত সন্তা, আদি ঐকা, কালাতীত পরম রহস্য, সকল ব্যক্তজগতের উর্দ্ধে বিখাতীত সন্তার মধ্যে স্বপ্রতিষ্ঠিত *। অত্রব এই যে যুক্ত, ইহা একই সঙ্গে কর্ম ও ভক্তি ও জ্ঞান।

এইরপে যে জানে, ভজনা করে, নিজের সমস্ত কর্মকে এক পরম আত্মোৎসর্গে অনস্তের নিকট সমর্পণ করে; তাহার পক্ষে ভগবানই সব, এবং সবই ভগবান। সে ভগবানকে এই জগতের পিতা বলিঃ। জানে, তিনি তাঁহার সন্তানগণকে পোষণ করিতেছেন, পালন করিতেছেন, রক্ষা করিতেছেন। সে ভগবানকে জগন্মাতা বলিয়া জানে, যিনি আমাদিগকে তাঁহার বুকের মধ্যে ধরিয়া রাখিয়াছেন, আমাদের উপর তাঁহার প্রেমের মাধুরা অবিরতধারে বর্ষণ করিতেছেন এবং বিশ্বজগৎ তাঁহার দিব্য সৌন্দর্যোর মূর্ত্তিকে ভরিয়া দিতেছেন। সে ভগবানকে এই জগতের আদি, প্রথম স্প্রেক্তির, পিতামহ বলিয়া জানে; দেশ, কাল ও সম্বন্ধের মধ্যে উৎপাদন ও স্কৃষ্টি করিতে যাহারা ব্রতী রহিয়াছে তাহারা সকলেই তাঁহা হইতে উদ্ভূত। সে ভগবানকে সকল বিশ্বগত ও প্রত্যেক ব্যক্তিক বিধানের ঈশ্বর ও বিধাতা বলিয়া জানে। যে মাকুষ নিজেকে অনস্তের নিকট সমর্পণ করিয়াছে, জগৎ বা নিয়তি বা অনিশ্বয় সম্ভাবনা কোন কিছুই তাহাকে আর আত্মিত করিকে

^{*} ওঁ-আ, উ, মৃ — আ, বাহ্ন ও স্থুলের মূল সত্তা, বিরাট; উ, স্ক্ষ আভ্যস্তরীনের মূল সত্তা, তৈজ্ঞস; মৃ নিগৃঢ় পরাচেতন মহত্বের সত্তা, প্রজ্ঞা; ওঁ,—সর্কাতীত পরম বস্তু, তুরীয়।

[—]মাতুক্যোপনিষদ্

পারে না: চঃখ ও অশুভ দেখিয়া সে আর বিভ্রাস্ত হয় না। যাহার দৃষ্টি আছে তাহার পক্ষে ভগৰানই পথ এবং ভগবানই গতি, গস্তব্য-স্থল, প সে পথে নিজেকে হারাইবার কোনও সম্ভাবনা নাই; সেই গস্তব্যের দিকে তাহার সদব্দ্ধ-পরিচালিত পদক্ষেপ প্রতি মুহুর্বে তাহাকে নিশ্চিতভাবেই লইয়া যায়। সে জানে ভগবান তাহার এবং সকলের প্রভু, ভাহার প্রকৃতির আধার, প্রাকৃত-জীবের পতি, প্রণয়ী, ভর্তা, তাহার সকল চিন্তা ও কর্মের অন্তর্যামী সাক্ষী। ভগবানই তাহার আবাদ, তাহার গৃহ ও মদেশ, তাহার আশা আকাজ্ঞার আশ্রয়স্থল, সকল জীবের জ্ঞানী অন্তরঙ্গ হিতৈয়ী বন্ধু। দুখা জগতের সকল সৃষ্টি, স্থিতি, লয়, তাহার দৃষ্টি ও অহুভৃতিতে ্সেই একেরই খেলা; চিরন্তন পুনরাবর্তনলীলায় পুন:পুন: তিনি নিজের আত্মপ্রকাশকে দেশ ও কালে প্রকট করিতেছেন, রক্ষা করিতেছেন আবাব প্রত্যাহার করিতেছেন। একমাত্র তিনিই অবিনাশী বীজ. যাহা-কিছুর উৎপত্তি ও ধাংস হইতেছে বলিয়া মনে হয় তিনি সে-স্বের মূল, আবার অব্যক্ত অবস্থায় সে-স্ব তাঁহার মধ্যেই চির-বিশ্রাম লাভ করে, নিধানং বীজমব্যয়ম। সূর্য্য ও অগ্নির তাপের ভিতর দিয়া তিনিই উত্তাপ প্রদান করেন; তিনিই বর্ধার প্রাচর্য্য আবার তিনিই শোষণ; এই কড়প্রকৃতি এবং ইহার সমুদয় ক্রিয়া ভিনিই। * মৃত্যু তাঁহার মৃধদ, এবং অমৃতত্ব তাঁহার আত্মপ্রকাশ। যাহা কিছু আমরা আছে বলি, সং, দে-সবই তিনি, আবার

যাহা কিছু নাই, অসৎ, বলিয়া আমরা মনে করি সে-সবও গুপ্ত- . ভাবে অনস্তের মধ্যে বিরাজমান এবং অনির্বাচনীয় ভগবানের পরম রহস্যময় স্তার অংশভূত।

উচ্চতম জ্ঞান ও ছব্দি ব্যতীত, যিনিই সব দেই পরম পুরুষের নিকট পূর্ণ আত্মদান ও সমর্পণ ব্যতীত আর কিছুই আমাদিগকে সেই পরম পুরুষের নিকট লইয়া আসিতে পারিবে না। অল্প ধর্ম, অল্প উপাসনা, অল্প জ্ঞান, অল্প সাধনা সকল সময়েই যথায়থ ফল প্রদান করে, কিন্তু এ-সব ফল ক্ষণস্থায়ী, ভগবানের প্রতীক ও আভাসের উপভোগের মধ্যেই সীমাবদ্ধ। আমাদের মানদিক অবস্থায়্যায়ী সকল সময়েই আমাদের সন্মুথে তৃইটি পথ খোলা আছে, বাহ্নিক জ্ঞান বা অন্তর্গতম জ্ঞান, বাহ্নিক সাধনা বা নিগৃত্ত অন্তর্গতম সাধনা। বাহ্নিক ধর্ম হইতেছে বাহিরের কোনও দেবতাকে ভঙ্কনা করা এবং বাহ্নিক কোনও স্থেময় অবস্থা প্রার্থনা করা: এই পথের সাধকেরা তাহাদের চরিত্রকে নির্মাণ পাপশৃক্ষ করে, এবং শাল্লের বাহ্ন বিধান পালন করিবার জল্প নৈতিক ধর্মায়্যায়ী কর্ম্ম করে; তাহারা প্রতীক-স্বরূপ বাহ্নিক যোগের অন্তর্গানাদি সম্পন্ন করে *। কিন্তু তাহাদের উদ্দেশ্য ইইতেছে পার্থিক জীবনের জনিত্য

বৈবিদ্যা মাং সোমপাঃ পুতপাপা

যজৈ থিষ্টা স্বৰ্গতিং প্ৰাৰ্থয়স্তে।
তে পুনামানাদ্য স্ব্ৰেক্তলোকমন্ত্ৰস্তি দিব্যান্ দিবি দেবভোগান্।।নাং
তে তং ভূক্ত্বা স্বৰ্গলোকং বিশালং
কীণে পুণে মৰ্জ্যলোকং বিশস্তি।
এবং ত্ৰয়ীধৰ্মমন্ত্ৰপন্না
গতাগতং কামকামা লভস্কে।।নাং১

নশ্র হার ছাথের অক্তে শ্র্যালোকের আনন্দলাভ করা, সে-স্থ পৃথিবীর স্থাের চেয়ে মহন্তর কিন্তু তথাপি তাহা ব্যক্তিগত ও লৌকিক ভোগ, যদিও সে লোক এই ক্ষুত্র তুঃথময় পৃথিবীর অপেকা বড়। আর এই যে-ভোগ তাহারা কামনা করে, শ্রদা ও সদাচারের দারা তাহারা তাহা প্রাপ্ত হয়, কারণ কেবল এই জড্জীবন এবং এই পার্থিব সংসার্গীলাই আমাদের ব্যক্তিগভ সম্ভাবনার চরম নহে বা বিশ্বজগতের সমগ্র ধারা নহে। স্বন্যান্য -লোক ও জগৎও আছে এবং দে-সব পৃথিবী হইতে আরও বিশালতর स्थात (क्य, सर्गलाकः विभानम्। এই त्राप প্রাচীন কালের বৈদিক আমুষ্ঠানিক বেদত্রয়ের বহিরক অর্থ আয়ত্ত করিতেন, পাপ হইতে নিজেকে মুক্ত করিতেন, দেবতাদের সহিত যোগের মদির। সোম পান করিতেন, এবং যজ্ঞ ও সংকর্মের বারা স্বর্গফল প্রার্থনা করিতেন। পরলোকে এই দৃঢ়বিশ্বাস এবং এক দিব্যতর লোকে গমনের আকাজ্ঞা জীবকে এমন শক্তি দেয় যাহার দারা সে মৃত্যুর পর তাহার শ্রদ্ধা ও আকাজ্জার একান্ত লক্ষ্য-স্বরূপ স্বর্গের ভোগ লাভ করিতে পারে; কিন্তু আবার এই মর্ত্ত্য জীবনেই তাহাকে ফিরিয়। আসিতে হয়, কারণ এই জীবনের যে সতা লক্ষ্য সেইটির সন্ধান वा निधि तम नां कतिता भारत नाहै। भना काथां नरह, এইখানেই সর্বোত্তম ভগবানকে লাভ করিতে হইবে, অপূর্ণ ভড় মানবীয় প্রকৃতি হইতেই জীবের দিব্য প্রকৃতির বিকাশ করিতে হইবে, এবং ভগবান ও মানব ও বিখের সহিত ঐক্যের ভিতর দিয়া জীবনের সমগ্র বিশাল সভ্যকে জানিতে হইবে, সেই সভ্য অফুদারে জীবনকে গড়িয়া তুলিতে হইবে, যেন জীবনের মাঝেই তাহার অত্যাশ্চর্য্য প্রকাশ দেখিতে পাওয়া যায়। এইভাবেই

আমাদের দীর্ঘ পুনবাবর্ত্তন-চক্রের পরিসমাপ্তি হইবে এবং আমরা এক পরম দিদ্ধির অধিকারী হইব; মানবন্ধন্মে জীবকে এই স্থােগই দেওয়া হইয়াছে এবং যতক্ষণ না ইহা সম্পন্ন হইতেছে ততক্ষণ **জন্ম জন্মান্তবের শেষ কিছুতেই হইতে পারে না। বিশ্ব জগতে আমাদের** জ্বনের এই যে চরম প্রয়োজন, তাহার সিদ্ধির জন্য ভগবন্তুক্ত ব্যক্তি একান্ত প্রেম ও ভক্তির ভিতর দিয়া সর্বদা সেই উদ্দেশ্যের দিকে অগ্রদর হয়, দেই ভক্তির দারা পরম বিশ্বপুরুষকেই দে তাহার জীবনের সমগ্র লক্ষ্য করে,—এই পৃথিবীর ক্ষুদ্র অহং এর ভোগ বা স্বৰ্গভোগকে নহে; প্ৰম বিশ্বপুৰুষকেই সে তাহাৰ সমন্ত চিন্তা, সমন্ত জ্ঞানের সমগ্র লক্ষ্য করে 🕸 ভগবান ব্যতীত আর কিছুই না দেখা, প্রতি মৃহর্তে তাঁহার সহিত যুক্ত হইয়া থাকা, সকল জীবের মধ্যে তাঁহাকে ভালবাসা এবং সকল বস্তুতে তাঁহারই আনন্দ গ্রহণ করা,---ইহাই হয় তাহার অধ্যাত্মজীবনের সমগ্র স্বরূপ। তাহাব ভগবদ্দর্শন ভাহাকে জীবন হইতে বিচ্ছিন্ন করে না, অথবা জীবনের পূর্ণতার বিন্দুমাত হইতেও দে বঞ্চিত হয় না: কারণ ভগবান আপনা হইতেই ভাহাকে সকল কল্যাণ, সকল যোগক্ষেম * আনিয়া দেন, যোগক্ষেমং বহাম্যহম্। সে যাহা পায়, স্বর্গের স্থ্য বা পৃথিবীর জ্থ ভাহার সামাত্ত ছায়া মাত্র, কারণ সে যেমন ভাগবতভাবে গড়িয়া উঠে, তেমনই ভগবানও তাঁহার অনস্তদ্ধীবনের অজন্র জ্ঞান, শক্তি, আনন্দ লইয়া তাহার মধ্যে নামিয়া আসেন।

অনন্তাশ্চিম্বয়ম্যে মাং যে জনাঃ প্র্পোদতে।
 তেষাং নিত্যাভিযুক্তানাং যোগক্ষেমং বহাম্যহম্॥ ১।২২
 যে-দব বাহ্যিক ও অভাস্তরীণ সম্পদ নাই তাহাদের প্রাপ্তিকে
 যোগ বলা যায়, এবং দেই লব সম্পদ রক্ষাই ক্ষেম।—অহবাদক

সাধারণ ধর্ম হইতেছে আংশিক দেবগণের পূজা, পূর্ণ ভগবানের পূজা নছে। পুরাতন বৈদিক ধর্মের যে বহিরদ দিক তথন বিকশিত হইয়াছিল তাহা হইতেই গাঁত। দৃষ্টান্ত গ্রহণ করিয়াছে; এই ব হরকের উপদনাকে বলিয়াছে অন্তদেবতার প্রতি যক্ত #; অন্তদেবতা যথা দেবান, পিতৃন, ভূতানি। মামুষ ভগবানের আংশিক শক্তি বা ভাবশকলকে ধেমন দেখে বা ধারণা করে দেই সবের নিকটেই সাধারণতঃ তাহাদের জীবন ও কর্মকে উৎসর্গ করে,--সামুষ বা প্রকৃতির মধ্যে যে সকল প্রধান প্রধান জিনিষ সহজেই তাহাদের দৃষ্টি আকর্ষণ করে. প্রধানতঃ দেই সবের অন্তর্দে বতারূপে অধিষ্ঠিত শক্তি ও ভাব সকলের উপাসনা তাহার। করিয়া থাকে, অথবা যে সব শক্তি ও ভাব উচ্চ দিবা প্রতীকের ভিতর দিয়া তাহাদের নিজেদের মানবীয়-তাকেই প্রতিফালত করে সেই সবের পূজা করিয়া থাকে। যদি ভাহারা শ্রদ্ধার সহিত ইহা করে, তবে তাহাদের সে শ্রদ্ধা সার্থক হয়; কারণ ভক্তের মনে ভগবানের যে প্রতীক, রূপ বা কল্পনা বর্ত্তমান থাকে, ভগবান তাহাই স্বীকার করেন, যং যং তত্ত্ব প্রদ্ধন্না অর্চনি, এবং তাহার মধ্যে যেরূপ শ্রন্ধা আছে তদমুদারেই তাহার দমুথে উপস্থিত হন। সকল আন্তরিক ধর্মবিশ্বাস ও উপাসনা বস্তুতঃ সেই এক পরম বিশ্ব-পুরুষেরই উপাদনা; কারণ তিনিই মানুষের স্কল যক্ত ও তপস্থার প্রভু, তাহার সকল সাধনা ও উপাদনার অনন্ত ভোক্তা ‡। পূজার ধরন-

- কে বেহপ্যন্থদেব তাভক্তা যদ্ধন্তে প্রদ্ধন্ন বিতাঃ
 তেহপি মামেব কৌস্তের যদ্ধস্তাবিধিপুর্বকম্॥৯২৩
- ‡ অহং হি সর্ব্বযজ্ঞানাং ভোক্তা চ প্রভূরের চ। নতু মামভিজানস্তি তত্ত্বনাতক্ষ্যবস্তি তে ॥ । ১৪

শারণ যতই ছোট বা নীচ হউক, আত্মদান ও প্রদ্ধা যতই অপূর্ণ হউক, নিজের অহংকে পূজা ও সেবা করিবার মায়া ও জড় প্রকৃতির বন্ধন ছাড়াইয়া উঠিবার চেষ্টা যতই সামাক্ত হউক, তবু ইহার দারাই মানবাত্মার সহিত প্রমাত্মার একটি যোগস্ত স্থাপিত হয় এবং একটা সাড়াও পাওয়া যায়। তথাপি জ্ঞান, শ্রদ্ধা ও অর্পণ যেমনটা হয় এ দাড়াও তদমুরপই হয়, দেই পুঞ্জা-উপাদনার ফলপ্রাপ্তি তদমুযায়ীই হয়, এ-সবের সীমাকে ছাড়াইয়া উঠিতে পারে না। স্থতরাং একমাত্র যে মহত্তর ভগবদজ্ঞান জীবনদীলার সমগ্র সতা দিতে পারে তাহার সহিত তুলনায় এই নীচের পুঞা যজের সত্য 😣 উচ্চতম বিধি অহুদারে অপিত হয় না। পরম ভগবদ্পুরুষকে তাঁহার সমগ্র সত্তায় ও তাঁহার আত্মবিকাশের সকল তত্ত্বে জানা দেই শ্রেষ্ঠ জ্ঞানের ভিত্তির উপর এই অর্প**ণ** প্রতিষ্ঠিত নহে, ইহা ত্তধু বহিরঙ্গের ও আংশিক আভাসের উপরেই অমুরক্ত, ন মাং অভি-জানন্তি তত্ত:। সেই জন্ম এই যজের উদ্দেশ্যও পরিচ্ছিন; প্রধানত: অহং এর সেবাই ইহার লক্ষ্য, ইহার ক্রিয়া ও অর্পণ আংশিক ও ভাস্ক, বছরি অবিধিপুর্বক্ষ। স্ক্রানে সমগ্রভাবে আত্মদমর্পন করিতে হইলে চাই ভগবানকে সমগ্রভাবে দর্শন করা; নতুবা কেবল অপূর্ণ ও আংশিক জিনিষই পাওয়া যায় এবং সে-সবকে ছাড়াইয়া উঠিতে না পারিলে মহত্তর সাধনা ও প্রশস্ততর ভগবদ উপলব্ধির মধ্যে নিষ্ণেকে প্রদারিত করিতে পারা যায় না। কিন্তু যাহারা পরম বিশ্বপুরুষকেই একাস্ত ও সমগ্রভাবে অমুসরণ করে, তাহারা অক্সাক্ত সাধনালক সমস্ত জ্ঞান ও ফল লাভ করে, কিন্তু কোনও এক বিশেষ ভাবের মধ্যে বন্ধ হয় না, যদিও সকল ভাবের মধ্যেই ভগবান সম্বন্ধে কি সত্য আছে ভাহ। ভাহারা দেখিতে পায়। এই সাধনা পরম পুরুষোন্তমের দিকে

বাইবার পথে ভগবানের সমস্ত ভাব, সমস্ত রূপকেই আলিজন করে ঞ ।

যে ভক্তি গীতা-কৃত সমন্বয়ের চূড়া, এই পূর্ণতম আত্মদান,
এই ঐকান্তিক আত্মদমর্পাই সেই ভক্তি। সমস্ত কর্ম ও চেষ্টা
এই ভক্তির বারা পরম বিশ্বপুরুষের নিকট অর্পণে পরিণত হয় *।

"তুমি যে কর্ম কর, যাহা ভোগ কর, যে যজ্ঞ কর, যাহা দান
কর, যে তণস্যা কর দে সকর্লই আমাতে অর্পণ কর।" এইরূপে
কীবনের ক্ষুত্রতম, তুচ্ছতম ঘটনা, নিজ হইতে বা নিজের যাহা
কিছু তাহা হইতে নিতান্ত ম্লাহীন দান, ক্ষুত্রম কর্ম—সমন্তই
তথন এক দিব্য সার্থকতা লাভ করে, দে অর্পণ ভগবানের গ্রহণযোগা হয়, সেইটিকেই উপলক্ষ্য করিয়া তিনি ভগবন্ধক্তের আত্মা
ও জীবনকে অধিকার করেন। বাসনা ও অহং কন্ত্রক স্বষ্ট সমস্ত
ভেদ তথন দ্র হয়। কর্মের শুভ ফল লাভ করিবার জন্ম উদ্বেগ
থাকে না, অশুভ ফল এড়াইবার চেষ্টা থাকে না, কিন্তু সকল
কর্ম্ম ও সকর্ম ফল সেই পরম পুরুষে সমর্পণ করা হয় যিনি
জগতের সমস্ত কর্ম ও সমস্ত ফলের চিত্ত-অধিকারী, স্ক্ররাং আর

^{াঃ} যান্তি দেববতা দেবান্ পিতৃন্ যান্তি পিতৃবতাঃ।
ভূতানি যান্তি ভূতেজ্যা যান্তি মদ্যাজিনোহপি মাম্॥না২৫

পত্তং পূস্পং ফলং তোয়ং যো মে ভক্ত্যা প্রয়ছতি।
তদহং ভক্ত্যুপরতম্ অগ্রামি প্রয়তাত্মনঃ॥
যৎ করোষি যদগাসি যজ্জ্হোসি দদাসি যৎ।
যৎ ভপস্যসি কৌল্ডেয় তৎ কুরুষ মদর্পণম্॥
ভঙাগুভফলৈরেবং মোক্ষ্যসে কর্মবন্ধনৈঃ
সন্ন্যাস্যোগযুক্তাত্মা বিমৃক্তো মাম্পৈয়সি ॥
১০২৬-২৮

কর্মবন্ধন থাকে না। কারণ পূর্ণতম আত্মসমর্পনের দ্বারা সমস্ত ष्यरः पूथी वामना अनग्र स्टेटल मृत स्ट्रेश यात्र এवः जीव ष्य छा खतीन সন্নাসের দ্বারা স্বাতন্ত্র্য পরিহার করিয়া ভগবানের সহিত পূর্ণভাবে युक्त इय । नकल है छ्ला, नकल कर्मा, नकल कल जगवात्मत्र इय, जन्म ७ वृक्त প্রকৃতির ভিতর দিয়া দিব্যভাবে ক্রিয়া করে দে-সব আর সীমাবদ্ধ বাক্তিগত অহংএর থাকে না। সীমাবদ্ধ প্রকৃতি এইভাবে সমর্পিত हरेल अमीरम**र मुख्न अ**याध यञ्ज रुष: और ठारात अधाय मखा লইয়া অজ্ঞান ও সীমাবন্ধন হইতে উঠিয়া দাঁড়ায়, অনস্তের সহিত তাহার ঐক্যে ফিরিয়া যায়। স্নাত্ন ভগবান জগতের স্কল বস্তুর মধ্যেই অধিষ্ঠিত রহিয়াছেন: তিনি সর্বভৃতে সমান এবং সমানভাবে সকল জীবের বন্ধু, পিতা, মাতা, স্রষ্টা, প্রণয়ী, ভর্তা 🕸। তিনি কাহারও শক্র নহেন, কাহারও প্রতি তাঁহার পক্ষপাতী প্রেম নাই, কাহাকেও তিনি পরিত্যাগ করেন নাই, কাহাকেও তিনি চিরকালের জন্ত দণ্ডিত করেন নাই। বিনাকারণে খেয়ালী স্বেচ্ছাচারিতার বশে তিনি কাহাকেও কুপা দেখান নাই; অজ্ঞান মায়ার মধ্যে ঘোরাঘুরি শেষ হইলে শেষপর্যান্ত সকলে সমানভাবে তাঁহার নিকট উপনীত হয়। কিন্তু কেবল এই পূর্ণতম ভক্তির দারাই মান্থবের মধ্যে ভগবানের বাস এবং ভগবানের মধ্যে মাছবের বাস সম্বন্ধে সজ্ঞান সচেতন হওয়া যায় এবং তাহা সর্বেতোমুখী পূর্ণতম মিলনে পরিণত হয়। উচ্চতম ও সম্পূর্ণ আত্মসমর্পণের যে প্রেম, তাহার দারাই দর্বোপেকা দরল পথে ও সন্থরে ভাগবত ঐক্যে পৌছিতে পারা

ক সমোহহং সর্বভূতের ন মে ছেব্যোহন্তি ন প্রিয়:।
 মে ভঞ্জি তু মাং ভক্তা ময়ি তে তেয়ু চাপ্রহয় ॥ । ২ »

যায়। আমাদের সকলের মধ্যে সমান ভাবে যে ভগবান অধিষ্ঠিত রহিয়াছেন তিনি প্রথমত: আর কিছুই চাহেন না, যদি এ**ই** সমগ্র আঅন্মর্পণ শ্রদ্ধা, আন্তরিকতা ও পরিপূর্ণতার সহিত সম্পন্ন হইয়া থাকে। সকলের পক্ষেই এই দ্বার উন্মৃক্ত, সকলেই এই মন্দিরে প্রবেশ লাভ করিতে পারে; সেই বিশ্বপ্রেমিকের আলয়ে আমাদের লৌকিক ভেদবৈষম্য সমস্ত **मृत रहेगा** यात्र। त्मथात्न भूगावानत्क त्वभी आमत्र कता रुग्न ना, পাপীকে ভগবদুসালিধ্য হইতে তাড়াইয়া দেওয়া হয় না: এই পথ দিয়া পুণ্যবান সদাচারী ব্রাহ্মণ এবং অস্পৃশ্য পাপজন্ম। চণ্ডাল সকলে এক দক্ষেই যাইতে পারে এবং দেখিতে পায় যে, চরম মুক্তি ও অনন্তের মধ্যে শ্রেষ্ট জীবনলাভের দার সকলের পক্ষেই সমান ভাবে উন্মুক্ত। ভগবানের সন্মুখে পুরুষ ও স্ত্রী উভয়েরই সমান অধিকার; কারণ পরমাত্ম। ব্যক্তিত্বের বা সামাজিক ভেদাভেদের কোনও খাতির করেন না: সকলেই সোজাভাবে তাঁহার নিকট যাইতে থারে, সেজনা কোনও মধ্যস্থতার, কোনও বাধাস্চক সর্ত্রপুরণের প্রয়োজন হয় না। গুরু ভগবান, বলিলেন, * "অভান্ত ছুরাচারও যদি" অনগ্রভাক হইয়া আমাকে ভদ্দনা করে, তাহা হইলে তাহাকে সাধু विनदाहे विवहना कता छहिछ, 'कावन तम-वाक्तिव माधनाय त्य অবিচলিত সহল্ল তাহা ১ সতা ও অৰও। বে বাক্তি শীব্ৰই

ন্দি চেৎ স্থ্রাচারো ভক্তে মামনন্তাক্।
সাধুরেব স মন্তব্যঃ সম্যগ্র্যবসিতো হি সঃ ।
কিপ্রং ভবজি ধর্মাত্মা শখচ্ছাজ্বিং নিসন্থতি।
কৌন্তেয় প্রতিকানীহি ন মে উক্তঃ প্রণশ্যতি ।১।৩০,৩১

ধর্মাত্ম। হইয়া উঠে এবং চিরশান্তি প্রাপ্ত হয়।" অন্য কথায়, পূর্ণ আত্মদমর্পনের যে হুদৃঢ় সঙ্কল তাহা আত্মার সকল ছার উন্মুক্ত করিয়া দেয় এবং প্রতিদানে লইয়া আসে মামুষের নিকট ভগবানের পূর্ণ অবতরণ ও আত্মদান, এবং তাহাই আমাদের নীচের প্রকৃতিকে ক্রত দিবাপ্রকৃতিতে রূপান্তবিত করিয়। আমাদের আধারের সকল অংশকে দিবাজীবনের আদর্শে অবিলয়ে গড়িয়া তুলে। আত্ম-সমর্পণের ইচ্ছার যে শক্তি তাহা ভগবান ও মাহুষের মধ্যস্থিত,-মায়ার আবরণ ঘুচাইয়া দেয়, ইহা সকল ভ্রান্তিকে নাশ করে, সকল বাধাকে ধ্বংস করে। যাহারা নিজেদের মানবীয় শক্তিতে জ্ঞান পুণ্যকর্ম বা ক্লছ আত্মসংযমের দারা উদ্ধণতি লাভ করিতে চায়, তাহারা অতিকটে সাতিশয় সংশয়ের সহিত অনস্তের দিকে অগ্রসর হয়; কিন্তু মাতুষ বধন নিক্লের অহংকে, নিজের সমস্ত কর্মকে ভগবানে সমর্পণ করে তথন ভগবান নিজে আমানের কাছে আর্ফেন এবং আমাদের ভার গ্রহণ করেন। অজ্ঞানীকে তিনি দিবাজ্ঞানের আলোক আনিয়া দেন, তুর্বলকে তিনি ভাগবত ইচ্ছা শক্তির বল আনিয়া দেন, পাণীকে তিনি দিবা পবিত্রতার মুক্তি चानिय। एनन, मीन इःथोटक जिनि चनन्छ चधााचा स्थ ७ चानन আনিহা দেন। তাহাদের তুর্বলতায়, তাহাদের মানবীয় শক্তির ক্রটি বিচ্যুতিতে কিছুই আসিয়া যায় না। ভগবান বলিতেছেন, "নিশ্চয় **(क**रना, 'अर्ड्यून, आमारक य जानवारन छाहात विनाम नारे।" পুর্বা চেষ্টা ও উদ্যোগ, ত্রাহ্মণের শুচিতা ও পুণা, কর্মে ও জ্ঞানে মহান রাজ্যির জ্ঞানদীপ্ত শক্তি, এ-সংধ্রই মূল্য আছে কারণ তুর্বল অপূর্ণ মামুষের পক্ষে এই উদার দৃষ্টি ও আত্মসমর্পণে উপনীত হওয়া এই সবের দ্বারা অপেকাক্তত সহজ হয়, কিন্তু এরপ উদ্যোগ না

শ্রীঅরবিন্দের গীতা

চতুৰ্থ খণ্ড

(শ্রীঅরবিন্দের Essays on the Gita হইতে অনুদিত)



ডি, এম্, লাইত্রেরী ৪২ কর্ণওয়ালিস **ফ্রীট** কলিকাতা প্রকাশক: শ্রীগোপালদাস মন্ত্র্মদার

ভি, এম্, লাইব্রেরী

১২ কর্ণভ্রমালিস ষ্ট্রীট

কলিকাতা

অমুবাদক **শ্রীঅনিলবরণ রায়**

প্রিন্টার > প্রিণ্টোরর্দ্ধন মশুল আলেক্জান্ডা প্রিন্টিং ওয়ার্কস্ • ২৭,কলেজ ট্রাট,কলিকাজ •

সূচীপত্ৰ

۱ د	গীতার পরম বাক্য	•••	•••	>
२ ।	বিভৃতিরূপে ভগবান	•••	•••	৩২
۱ د	বিভূতি তত্ত্ব	•••	•••	c •
8	বিশ্বরূপ দর্শন (১)	•••	•••	લ્હ
e	বিশ্বরূপ দর্শন (২)	•••	•••	৯২
% 1	পথ ও ভক্ত	•••	•••	>•9

শ্রীঅরবিন্দের গীতা

গীতার পরম বাক্য

এখন ভাষরা গীতোক্ত যোগের অন্তর্তম সারাংশে, উহার শিক্ষার সমগ্র জীবন্ত কেন্দ্রে উপস্থিত হইয়াছি। এখন আমরা অতি স্পষ্টভাবেই দেখিতে পাইতেছি যে, সীমাবদ্ধ মানবান্থা যখন অহং ও নীচের প্রকৃতি হইতে নিবৃত্ত হইয়া শান্ত, নীরব, অচল-প্রতিষ্ঠ অক্ষর আত্মার মধ্যে উঠে, সে উর্দ্ধগতি কেবল একটা প্রথম ধাপ, একটা প্রারম্ভিক পরিবর্ত্তন মাত্র। আর এখন আমরা ইহাও ব্ঝিতে পারিতেছি, কেন গীতা প্রথম হইতেই ঈশ্বরের উপরে, মানবন্ধপী ভগবানের উপরে এত ঝোঁক দিয়াছে; তিনি সর্ব্বদাই নিজেকে লক্ষ্য করিয়া (অহং, মাম্) এমনভাবে কথা বলিতেছেন যেন তিনি এক মহান্ গুহু ও সর্ব্ববাপী সন্তা, জগৎ-সকলের ঈশ্বর, মানবান্থার প্রভু; এমন কি প্রান্ধত বিশ্ব-জগতের আন্তরিক ও বাহ্নিক বিষয়সমূহ যাহাকে কথন স্পর্শ করিতে পারে না, তিনি সেই চির-শান্ত, অবিচল, অক্ষর, স্ব-প্রতিষ্ঠ সন্তা অপেক্ষাও মহন্তর।

সকল যোগই হইতেছে ভগবানের সন্ধান, অন্তের স্থিত মিল্নেক প্রয়াস। ভগবান ও অনস্ত সম্বন্ধে আমাদের উপলব্ধি বছ পুণ হয়, তদুর্যায়ীই হয় সেই সন্ধানের ধারা, সেই ফিলনের গভীরতা ও পূর্ণতা এবং সেই সিদ্ধির সমগ্রতা। মানুষ মনোমর পুরুষ, তাহাকে তাহার সাস্থ মনের ভিতর দিয়াই অনন্তের অভিমুখে অগ্রমর হইতে হয়, এই সায়েরই কোন সরিহিত দার অনন্তের দিকে খুলিয়া ধরিতে হয়। সে এমন কোনও পরিকল্পনার সন্ধান করে বেটিকে ভাহার মন ধরিতে পাবে. তাহার প্রকৃতির এমন কোনও শক্তিকে সে বাছিয়া লয় যাহা নিজেকে পর্মে উন্নীত করিয়া অনস্ত সত্যের দিকে প্রসারিত হইতে পারে, তাহাকে ম্পূর্শ করিতে পারে, যে সভাের স্বরূপ ভাহার মনের ধার্ণার অভীত সভা অনস্ত, সেই জন্মই ভাহার আছে অগণা মুখ, ভাহার অর্থের অগ্ণঃ বাক্য, অগণ্য ব্যপ্তনা, সেই অনস্থ সভ্যের কোনও একটি মুখকে দে দেখিবার চেষ্টা করে, বেন ভাগাকে অবলম্বন করিরা সাক্ষাং অমুভতির ভিতর দিয়া, সেইটি বাহার একটি রূপ সেই অপরিমেয় সত্যে গে পৌছিতে পারে। সে দ্বার বতই সঙ্কীর্ণ হউক, যদি তাহা তাহার আকাজ্ঞিত অনস্তভার দিকে কতকটা দৃষ্টি খুলিয়া দেয়, তাহার আত্মাকে যে আহ্বান ক্রিয়াছে তাহার অপ্রিমীম গভীরতা ও দুরারোহ শিথরের দিকে ভাচাকে পথ দেখাইরা দের, ভাচা হইলেই সে পরিভুষ্ট হয়। আর যে-ভাবে সে তাহার দিকে অগ্রসর হয়, সেও তাহাকে সেইভাবেই গ্রহণ করে, যে যথা মান প্রপছতে।

দার্শনিক চিন্তাশীল মন ব্যতিরেকী (Abstractive) জ্ঞানের স্বার।
স্থান্তে পৌছিতে চায়। জ্ঞানের কার্য্য-স্থারণ করা, স্থার সান্ত বুদ্ধির

পক্ষে ইহার অর্থ হইতেছে বিশেষ লক্ষণ দ্বারা নির্দেশ করা, সীমা-নির্দ্ধারণ করা। কিন্তু অনির্দেশ বস্তকে নির্দেশ করিবার একমাত্র পন্থা হইতেছে কোন প্রকার সক্ষতোমুখী নেতি নেতি। অতএব আমাদের ইন্দ্রিয়, বুদ্ধি ও হৃদয়ের দ্বারা গ্রাহ্ম হয় এমন সকল জিনিষকেই মন অনন্তেব পরিকল্পনা হইতে বাদ দিতে অগ্রসর হয়। আত্মা ও অনাত্মাকে সম্পূর্ণ বিরোধী বলিয়া দেখা হয়: এক শাখত অক্ষর অনির্দেশ স্ব-প্রতিষ্ঠ পতা ও সকল স্ট জিনিয়, ব্ৰহ্ম ও যায়া, অনিকাচনীয় সম্বস্ত ও যাহা কিছু ভাষাকে প্রকট করিতে চাহিতেছে কিন্তু পারিতেছে না,—এই भवत्क शतस्थातव विताधी विनया भगु कता रयः कर्म ७ निर्वाण একদিকে বিশ্ব-শক্তির অবিরত অথচ চির-পরিবর্ত্তনশীল কম্পান্য. অন্তাদিকে এক অনির্বেচনীয় পরম নিজ্ঞিয়তা, যেখানে কোনও জীবন নাই, মনোরুত্তি নাই, কম্মের আর কোনই উপযোগিতা নাই,— ইহাদিগকে সম্পূর্ণ বিপরীত বলিয়া ধারণা করা হয়। শাখতের দিকে জ্ঞানের এই প্রবল বেগ মানুষকে অনিত্য ও অস্থায়ী সব কিছু হইতেই সরাইয়া লইয়া যায়। জীবনের উৎসে ফিরিবার জন্ম উহা জীবনকেই ষ্ম্মীকার কবে, খামরা যে রূপে প্রতীয়মান হই সে সমস্তই বজ্জিত কর। হয়, যেন ইহাদের উপরে আমাদের সন্তার যে নামরূপের অতীত সত্য সেখানে পৌছিতে পারা যায়। জনয়ের বাসনা, ইচ্ছাশক্তির কম্ম, মনের পরিকল্পনা সবই বজ্জিত হয়; এমন কি পরিশেষে জ্ঞানও পরম অজ্ঞেয় ও নির্বিশেষ সত্তার মধ্যে নির্বাপিত, নিমজ্জিত হইয়া যায়। এই যে ক্রমবর্দ্ধনে নিবৃত্তি ও নিশ্চেষ্টতার পথ শেষ পর্যান্ত চরম নিজ্ঞিয়তায় লইয়া যায়, ইহার দারা মায়া-স্থ আত্মা, অথবা যে সংস্কার-সমষ্টিকে

আমরা "আমরা" বলিয়া অভিহিত করি, নিজের ব্যক্তিত্বভাবের লয় সাধন করে, জীবন-রূপ মিথ্যার অবসান করে, নির্বাণের মধ্যে বিলুপ্ত হইঃগ যায়।

কিন্তু এই যে আমু-নির্বাণের কঠিন বাতিরেকী প্রণালী, ইহা ছই চারিজন অসাধারণ প্রকৃতির লোককে আরুষ্ট করিলেও, মানুষের মধ্যে দেহধারী আত্মাকে সর্বত্র তৃপ্ত করিতে পারে না, কারণ পূর্ণতম শাখতের অভিমুখে বাইবার জন্ম তাহার বহুমুখী প্রকৃতির মধ্যে যে প্রবল আগ্রহ রহিয়াছে, ইহা সে-স্বকে কোনও পথ দেখাইয়া দেয় না। কেবল তাহার বাতিরেকী ধাানী বন্ধিই নহে, তাহার পিপাস্ত হৃদয়, তাহার কর্মপর ইচ্ছা, তাহার যে ব্যবহারিক মন এমন কোনও সভ্যের সন্ধান করিতেচে তাতার নিজের জীবন এবং বিশ্বের জীবন যাতার বিচিত্র প্রকাশ,-এই সবেরই আছে শাখত ও অনত্তের দিকে বাইবার প্রয়াস, ভাষার মধ্যেই ভাষাদের দিবা উৎস এবং ভাষাদের জীবন ও প্রকৃতির সার্থকতা তাতারা পাইতে চায়। এই প্রয়োজন তইতেই উৎপন্ন তইয়াছে ভক্তিমূলক ও কর্মমূলক ধর্ম্মদকল, তাহাদের শক্তি হইতেছে এই যে, তাহারা আমাদের মানবভার সর্বাপেক্ষা সক্রিয় ও বিকশিত বুত্তিসকলকে তুপ্ত করে, ভগবানের দিকে লইয়া যায়, কারণ ইহাদিগকে লইয়া আরম্ভ করিয়াই জ্ঞান ফলপ্রস্থ হইতে পারে। এমন কি বৌদ্ধর্ম্ম আভাস্তরীণ আত্মা ও বাহ্য বস্তু উভয়কেই কঠোর ও অকণ্ঠভাবে "নেতি" করা সত্ত্বেও নিজেকে প্রথমতঃ কর্মের দিবা সাধনার উপরে প্রভিষ্টিত করিতে এবং ভক্তির স্থলে এক সার্বজনীন প্রেম ও মতুকম্পার অধ্যাত্ম ভাবালুতা আনয়ন করিতে বাধ্য হইয়াছিল, কারণ কেবল এই ভাবেই তাহার পক্ষে

মানবজাতির জন্য এক সিদ্ধিপ্রদ পশা হওয়া, এক ২স্ততঃ মৃত্তিপ্রদ ধর্ম হওয়া সম্ভব হইয়াছিল। এমন কি মায়াবাদ যে অভিমাত্রায় যুক্তিতর্কের অমুসরণ করিয়া কন্ম ও মানসিক স্ষ্টেসকলের প্রতি তীব্র অসহিস্কৃতা দেখাইয়াছে, সেও মাতুষকে, বিশ্বকে এবং বিশ্বে ভগবানকে একটা সাময়িক ও ব্যবহারিক সত্তা দিতে বাধ্য হইয়াছে যেন প্রথমে দাঁড়াইবার মত একটা স্থান, ধরিবার মত একটা স্বত্র পাওয়া যায়; মাতুষের বন্ধন এবং তাহার মুক্তির সাধনাকে কতকটা বান্তবতা দিবার জন্ম মায়াবাদ যেটিকে অস্বীকার করে সেইটিকেই স্বীকার করিয়া লইতে বাধ্য হইয়াছে।

কিন্তু কর্মমুখী ও হাদয়াবেগমূলক ধর্মসমূহের হর্বনতা এই যে, ভাহারা ভগবানের কোনও একটি বিশেষ ব্যক্তিরূপে এবং সান্তেরই দিব্য ভাবসকলে অতিমাত্রার নিমগ্ন হইয়া যায়। আর যদি কথনও তাহাদের অনস্ত ভগবদ্সত্তা সম্বন্ধে কোনও পরিকল্পনা থাকে, তাহারা আমাদিগকে হানের পূর্ণ তৃপ্তি দেয় না, কারণ তাহারা ইহার পরম ও উর্ক্তম পরিশীত বায়ন্ত যাইতে চাহে না। শাশ্বতের মধ্যে যে পূর্ণ নিমজ্জন এবং একাত্মতার দারা পূর্ণতম মিলন, এই সকল ধর্ম্ম ততদূর পর্যান্ত যায় না, — অথচ, সেই একাত্মতাতে মানবাত্মাকে একদিন পৌছিতেই হইবে, যদি নেতিমূলক পদ্বায় না হয়, যে কোনও উপায়ে, কারণ সেইখানেই রহিয়াছে সকল একত্বের ভিন্তি। অন্তপক্ষে, শুধু ধ্যানপরায়ণ নির্ত্তিমূলক আধ্যাত্মিকতার হর্বলতা হইতেছে এই যে তাহা এই পরিণতিতে উপস্থিত হয় অতিরিক্ত নেতির দারা, এবং শেষকালে তাহা মানবাত্মাকে একটা অবস্ত বা মিথ্যা কল্পনামাত্র করিয়া তোলে, অথচ বরাবর এই আত্মার আকাজ্জার জন্তই ঐ যিলন প্রয়াস, নতুবা তাহার কোন অর্থই থাকে না

কারণ আত্মাকে এবং আত্মার আকাজ্জাকে ছাড়িয়া দিলে মুক্তি ও মিলন সম্পূর্ণ অর্থহীন হইয়া পডে। এই চিস্তাধারা মানবজীবনের অক্সান্ত শক্তিকে যতটুকু স্বীকার করে, তাহাকে সে প্রথম অবস্থায় নিম্নতর ক্রিয়ার জন্ম রাথিয়া দেয়, শাখত ও অনস্তের মধ্যে আসিয়া সে-ক্রিয়া কথনই কোন পূর্ণ বা সম্ভোষজনক পরিণতি লাভ করিতে পায় না। অথচ এই যে সব জিনিষকে তাহা অসঙ্গতভাবে সীমাবদ্ধ করিয়া রাথে. —সমর্থ ইচ্চাশক্তি, প্রেমের ভীব্র আবেগ, সচেত্র মান্স সন্তাব ব্যবহারিক দৃষ্টি ও দর্বতোমুখী দাক্ষাতোপল্লি, এ-দবও আদিয়াছে ভগবান হইতে, তাহারা ভগবানেরই মূল শক্তিসকলের প্রতিরূপ, তাহাদের উৎপত্তিস্থলে তাহাদের একটা মার্থকতা নিশ্চয়ই আছে, এবং ভগবানেরই মধ্যে তাহাদের পূর্ণতালাভের একটা জীবস্ত সাধনাও আছে। তাহাদের চুড়ান্ত দাবী পূরণ না করিলে কোনও ভগবদ্জানই সমগ্র, পূর্ণ বা সর্ব্বভোবে সম্ভোষজনক হইতে পারে না। ভগবদ সন্তার এই সকল ভাবের পিছনে যে অধ্যায় ২ন্ত রহিয়াছে, বৈরাগ্যমুখী জিজ্ঞাসার সঙ্কীর্ণতায় তাহাকে নেতি করিয়া অথবা গুদ্ধ জ্ঞানের গর্কো তাহাকে তুচ্চ করিয়া কোন বিজ্ঞতাই সম্পূর্ণ বিজ্ঞ হইতে পারে না।

গীতার যে মুখ্য চিন্তাধারায় গীতার সকল স্ত্রগুলি সংগৃহীত ও মিলিত হইয়াছে, তাতার মহত্ব হইতেছে এমন একটি পরিকল্পনার সমন্ত্রমূলক শক্তি ধাহা বিশ্ব মাঝে মানবাত্মার সমগ্র প্রকৃতিটিরই হিসাব লয়; আর মামুষ পূর্ণতা ও অমৃতত্বের সন্ধানে, কোনও এক উর্দ্ধতম আনন্দ, শক্তি ও শান্তির সন্ধানে যে পরম ও অনন্ত সত্যা, শক্তি, প্রেমের দিকে আরুষ্ট হয়, তাতার সেই বহুমুখী প্রয়োজনকে উদার ও বথাষথ ঐক্য

সাধনের ছারা সার্থকতা দেওয়া হয়। এখানে রহিয়াছে ভগবান, মানব ও বিশ্বজগৎ সম্বন্ধে এক ব্যাপক অধ্যাত্ম দৃষ্টিলাভের দিকে একটা সতেজ ও উদার প্রয়াস। অবশু এই মন্তাদশ অধ্যায়ের মধ্যেই সব জিনিবকে নিঃপ্রে ধরা হইয়াছে, আর কোনও অধ্যাত্ম সমস্তার সমাধান হইতে বাকী নাই, এমন নহে: তথাপি এমন এক প্রশস্ত কাঠামো দেওয়া ইইয়াছে, যেটিকে কেবল পূরণ করিয়া, পরিক্ষুট করিয়া, সামান্ত পবিবর্ত্তিত করিয়া, ইন্সিতসকলের অনুসরণ করিয়া, অস্পষ্ট স্থানগুলিকে আলোকিত করিরা, আমরা আমাদের বৃদ্ধির অস্তান্ত সমস্তারও স্ত্র আবিদার করিতে পারি, আমাদের আত্মার অন্তান্ত প্রয়োজনও সিদ্ধ কবিতে পারি। গীতা নিজে তাহার উত্থাপিত প্রশ্লাবলীর কোনও সম্পূর্ণ নূতন সমাধান উপস্থিত করে নাই। যে ব্যাপকতা তাহার লক্ষ্য তাহাতে উপনীত হইতে গীতা বিখ্যাত দর্শনগুলিকে ছাডাইয়া তাহাদের প-চাতে উপনিষদের যে মূল বেদান্ত রহিয়াছে সেইথানেই ফিরিয়া প্রিলছে, কারণ সেইখানেই আমরা পাই আত্মা ও মানব ও বিশ্বজগৎ সম্বন্ধে প্রশন্ত-তম ও গভারতম সমন্বয়ের দৃষ্টি। কিন্তু উপনিষদগুলিতে অন্তর্জানমূলক দৃষ্টি এবং রূপকাত্মক ভাষার জ্যোতির্ময় আচ্ছাদনে আবরিত থাকায় যাহা বৃদ্ধির নিকট অনুধিগম্য, তাহাকেই গীতা পরবর্তী বৃদ্ধিবৃত্তিমূলক চিন্তা ও বিশিষ্ট অভিজ্ঞতার আলোকে প্রকাশ করিয়া ধরিয়াছে।

ব্যতিরেকী চিন্তার দ্বারা যাহারা অনির্দেশ্রের, চির-অব্যক্ত অক্ষরের সন্ধান করে, যে ত্বক্ষরমনির্দেশ্রমব্যক্তং পর্যুপাসতে, গীতা নিজের সমন্বয়ের কাঠাযোর মধ্যে তাহাদের পন্থাকেও স্থান দিয়াছে। যাহারা এই পন্থার অনুসরণ করে তাহারাও পুরুষোত্তমকে, পরম দিব্য পুরুষকে, সর্বভূতের পরম আত্মাকে, ঈশ্বরকে প্রাপ্ত হয়, তে প্রাপ্তবন্তি মামেব। কারণ তাঁহার যে উর্দ্ধতম স্ব-প্রতিষ্ঠ ভাব তাহা অচিন্তাই, অচিন্তারূপম, তাহা এক কল্পনাতীত সদস্ত, সারাৎসার পরাৎপর, বৃদ্ধির নির্দারণের বহু উদ্ধে! ষে নেতিমূলক নিজ্ঞিয়তা, নীরব নিশ্চলতা, জীবন ও কর্ম্মবর্জনের পত্তা দারা মাত্র্য এই বোধাতীত নিরুপাধিক বস্তুর সন্ধান করে, গীতার দার্শনিক চিন্তায় ভাষা স্বীকৃত ও অনুযোদিত হইয়াছে, কিন্তু ভাষা কেবল একটা গৌণ অনুমতি মাত্র। এহ নেভিমূলক জ্ঞান সত্যের কেবল একটা দিককে ধরিয়া শাখতের দিকে অগ্রসর হয়, আর সেই দিকটার অনুসরণ হইতেছে দেহধারী প্রাক্ত জীবের পক্ষে অভিশয় কঠিন, তঃখং দেহবন্তিরবাপ্যতে; ইহা এক অতিশয় সঙ্কীর্ণ, এমন কি অনাবশুক হন্ধরতার পথ অবলম্বন করিয়া চলে, ক্ষুর্ত্ত ধারাঃ নিশিতৈক তরতায়া। সকল সম্বন্ধকে অস্বীকার করিয়া নতে, পরস্থ সকল সম্বন্ধের ভিতৰ দিয়াই মাত্র স্বাভাবিকভাবে অনন্ত ভগবানের দিকে অগ্সং হইতে পারে, সর্বাপেকা সহজভাবে, ব্যাপকভাবে, অন্তরঙ্গভাবে তাঁহাকে ধরিতে পারে। এই যে বিশ্বমাঝে মানুষের মন, প্রাণ, দেহের জীবনের সহিত সকল সম্বন্ধ হইতে বিচ্যুত করিয়া প্রমেশ্বরকে দেখা, অব্যবহার্য্যম. এইটিও বস্তুতঃ প্রশস্তুত্ম ও সত্যুত্ম সত্যু নহে; আরু যাহাকে বস্তু-সকলের ব্যবহারিক সত্য বলা হয়, সম্বন্ধ-মূলক সত্য সেইটিও উচ্চত্য আধ্যাত্মিক সভাের, প্রমার্থের, সম্পূর্ণ বিপরীত নহে। বরঞ্চ সহস্র সম্বন্ধের ভিতর দিয়াই আমাদের মানব-জীবনের সহিত পরম শাখত বস্তুর নিগৃঢ় স্পর্শ ও সংযোগ রহিয়াছে, আর আমাদের প্রকৃতির এবং বিষের প্রকৃতির সকল মূলধারাকে ধরিয়াই, সর্বভাবেন, সেই স্পর্শকে সুস্পন্ত করিয়া তোলা য়ায়, ইচ্ছাশিক্তি ও বৃদ্ধির নিকট সত্য করিয়া তোলা য়ায়। অতএব এই অপর পন্থাটি মানুষের পক্ষে স্বাভাবিক ও সহজ, স্থথম্ আপুম্। ভগবান নিজেকে এমন করিয়া রাথেন নাই লাহাতে তাঁহাকে পাওয়া আমাদের পক্ষে কঠিন হয়, কেবল একটি মাত্র জিনিষের প্রয়োজন, একটি দাবী পূরণ করা চাই, চাই আমাদের অজ্ঞানের আবরণকে দীর্ণ করিবার একাগ্র অদম্য সঙ্কর, য়াহা সকল সময়েই আমাদের নিকটে রহিয়াছে, আমাদের মধ্যে রহিয়াছে, য়াহা আমাদের মূল সন্তা ও অধ্যাত্মসার, আমাদের ব্যক্তিকতা ও নৈর্ব্যক্তিকতার, আমাদের আয়া ও প্রকৃতির নিগৃত্ তত্ত্ব, চাই তাহাকে মন ও হ্লয় ও প্রাণ দিয়া সমগ্রভাবে, অবিরতভাবে সন্ধান করা। আমাদের পক্ষে তাবল এই একটি জিনিষই কঠিন, বাকী য়া কিছু, আমাদের জীবনের পরম অধীশ্বর নিজেই সব দেখিবেন, নিজেই সব সম্পন্ন করিয়া দিবেন, অহম্ ত্বাম্ মোক্ষয়িয়্যামি মা ভিচঃ।

গীতার সমন্বয়-মূলক শিক্ষা যেখানে শুদ্ধ জ্ঞানের দিকে সর্ব্বাপেক্ষা বেশা ঝোঁক দিয়াছে, আমরা দেখিয়াছি যে ঠিক সেইখানেই গীতা অবিরত এই পূর্ণতির সত্যের ও অধিকতর ফলদায়ক উপলব্ধির পথ পরিষ্কার করিয়াছে। বস্তুতঃ, গীতা স্ব-প্রতিষ্ঠ অক্ষর সত্তার উপলব্ধিকে যে-রূপ দিয়াছে তাহাতেই উহা উপলক্ষিত হইয়াছে। মনে হয় বটে যে, সর্ব্বভূতের সেই অক্ষর আল্লা প্রকৃতির কর্ম্মণরম্পরায় সাক্ষাংভাবে যোগদান না করিয়া সরিয়া রহিয়াছে; কিন্তু সেই অক্ষর আ্লা একেবারে গকল সম্বন্ধ-শৃত্য নহে, সকল প্রকার সংযোগ হইতে স্কুল্রে নহে। তাহা আমাদের সাক্ষী ও ভর্ত্তা; নীরবে, নৈর্ব্যক্তিকভাবে অনুমতি

দিতেছে, এমন কি উদাসীনভাবে ভোগের আনন্দ গুর্হণ করিতেছে।
জীব যথন সেই শাস্ত আত্ম-প্রতিষ্ঠার অবস্থিত, তথনও প্রকৃতির বহুমুখা
ক্রিয়া সন্তব, কারণ সাক্ষী আত্মা হইতেছে অক্ষর প্রকৃত্ব, আর প্রকৃতির
সহিত প্রক্ষের সকল সময়েই কিছু সম্বন্ধ রহিয়াছে। কিন্তু এই ফে
নিশ্চেষ্টতা ও সক্রিয়তা একই সঙ্গে গুইটা দিক, ইহার সম্পূর্ণ অর্থাটি
এক্ষণে প্রকাশিত হইতেছে,—কারণ নিক্ষিয় সন্তবাসী আত্মা ভগবানেব
কেবল একটা দিকের সত্য মাত্র। যিনি এক অপরিবর্তনীয় আত্মার্মণে
জগতে ব্যাপ্ত থাকিয়া ইহার সকল পরিবতনকে ধরিয়া রাখিয়াছেন,
তিনিই আবার মান্ত্রের মধ্যে অবস্থিত ভগবান, মক্ষাত্রের সন্দেশে
অধিনিত ক্রশ্বর, আমাদের সকল আভান্তরীন বিকাশ, এবং দকল অন্তমুখি
ও বহিমুখি বাস্তব কর্মধারার সচেতন কারণ ও প্রত্ন। যিনি যোগাদের
ক্রিয়, তিনিই জ্ঞান-পত্নীদের ব্রহ্ম, এক পরম ও বিশ্বব্যাপী আত্মা, এক
পরণ ও বিশ্বব্যাপী ভগবনে।

লৌকিক ধর্মসকলের যে সীমাবদ্ধ সগুণ ভগবান, এই ভগবান ভাহা নহেন; কারণ সে-সব হইতেছে ইহার কেবল আংশিক ও বাহিক রূপায়ণ; ভগবানের সন্তার যে পরিপূর্ণ সভা ইনি ভাহারই সগুণভার দিক, স্রষ্টা ও পরিচালক। ইনি হইতেছেন অদিভীয় পরম প্রুষ, আস্তা,—সকল দেবভারা তাঁহার এক একটি দিক, সকল যাষ্টগভ রূপ বিশ্ব-প্রকৃতিতে তাঁহারই খণ্ড বিকাশ। ভজের যে ইই-দেবভা, ভজ্ত ভাহার বৃদ্ধি দিয়া ভগবানের যে বিশিষ্ট নামরূপের পরিকল্পনা করে, বা যে বিগ্রহ ভাহার হদয়ের আকাজ্জার অনুষায়ী, ইনি ভাহা নহেন বিনি সকল ভজ্তের, সকল ধর্মের ঈশ্বর, এই সমস্ত নাম-রূপ সেই এক

দেবের বিভিন্ন শক্তি, বিভিন্ন মুখ: কিন্তু ইনি নিজেই সেই বিশ্ব-দেব, দেব-দেব। এই ঈশ্বর ভ্রমাত্মিকা মারার নির্গুণ অনির্দেশ ত্রন্ধের প্রতিবিদ্বমাত্র নহেন: কারণ সকল বিশ্বের অতীতে থাকিয়া, আবার ইহার মধ্যেও থাকিয়া তিনি নিয়ন্ত্রণ করিতেছেন, এবং তিনি জগৎ-সকলের এবং জাগতিক জীবসকলের অধীশর। তিনিই পরব্রন্ধ, তিনিই প্রমেশ্বর কারণ তিনি প্রম আ্মা ও প্রম পুরুষ, এবং তাঁহার উদ্ধতম মল সত্তা চইতে তিনি এই বিশ্বকে উংপয় করিতেছেন, পরিচালিত কবিতেছেন, নিজেকে যোহাবিষ্ট করিয়া নহে, পরস্তু সর্কবিদ সর্বশক্তি-মূল লইয়া ৷ আরু বিশ্বমাঝে তাঁহার দিবা প্রকৃতির যে লীলা সেটিও তাহার কিম্বা আমাদের চেত্নার একটা ভান্তিমাত নহে। একমাত দ্রমায়িকা মায়া হইতেছে নীচের প্রকৃতির জ্ঞান; তাহা এক অ্বিতীয় অনিদেন্ত্রের অলক্ষা ভূমিকার উপরে অসদ্বস্তুসকল সৃষ্টি করিতেছে না, পরস্থ তাহার ক্রিয়া অন্ধ, ভারাক্রাস্ত, শীমাবদ্ধ, সেইজন্ম সৃষ্টির, গ্রভীরতর শত্যানকলকে সে অহংয়ের রূপের, মন, প্রাণ, জড়ের অক্তান্ত অসম্পূর্ণ-রূপের ভিতর দিয়া বিক্রতভাবে মানব-মনের সন্মুখে ধরিতেছে। এক পরা ভগবদ-প্রকৃতি আছে, তাহাই এই বিশ্বের প্রকৃত স্থজনকর্তী। সকল জীব, সকল বস্তু সেই একই ভগবদু সন্তার বিভিন্ন রূপ: সকল জীবন-লীলা একই ঈশ্বরের শক্তির লীলা: সকল প্রকৃতি একই অনস্তের অভিব্যক্তি। তিনি মামুষের অন্তরে ভগবান; জীব তাঁহারই সন্তার সতা। তিনি বিশ্বের মধ্যে ভগবান: এই দেশ ও কালের জগৎ তাহারই প্রাতিভাসিক আত্ম-বিস্তার।

স্টির ও স্টির অতীত সত্য সম্বন্ধে দৃটির এই ব্যাপকতার জন্তুই

গীতোক্ত যোগ ভাহার সমন্বয়মূলক সার্থকতা ও অভুল্নীয় পরিপূর্ণতাং লাভ করিয়াছে। যাহা কিছু আছে সে-গবের মধ্যে এই পরম ভগবান অপরিবর্তনীয়, অবিনশ্বর আল্ল', খতএব এই পরিবর্তনর্হিত, বিনাশর্হিত আত্মার আধ্যাত্মিক উপলান্ধিতে মানুষকে জাগ্রত হইতে হইবে, এবং ইহার সহিত তাহার আভ্যন্তরীণ নৈর্ব্যক্তিক মত্তাকে যুক্ত করিতে হইবে। তিনি মানুষের অন্তরস্থিত ভগবান, মানুষের সকল ক্রিয়া উৎপাদন করিতেছেন, পরিচালন করিতেছেন: অভএব মানুষকে ভাহার অন্তর্ম্বিত ভগবান সম্বন্ধে জাগ্রত হইতে হইবে. যে ভাগবং স্তাকে সে ধারণ করিয়া রহিয়াছে তাহাকে জানিতে হইবে, যাহা কিছু ইহাকে আহুত করিয়া রাথে, আছেন্ন করিয়া রাথে, ১০-সবকেট ছাডাটয়া উঠিতে চটুবে, এবং ভাহার আত্মার এই অন্তর্তম আত্মার স্থিত যুক্ত হইতে হইবে, ভাগার চৈতত্ত্বে মহত্তর চৈত্ত্ত, তাহার সকল ইচ্ছা সকল কম্মের প্রচ্ছন্ন অধীশ্বর, ভাহার মধ্যে এই বে সত্তা অবস্থিত রহিরাছে—বাহা ভাহার বিভিন্ন আত্ম-প্রকাশের মূল ও লক্ষ্য, তাহার সহিত ভাহাকে যুক্ত হইতে হুইবে। ভগবান তিনি, তাঁহার যে দিবা প্রকৃতি আমরা যাহা কিছু সেই সমুদ্ধের মূল, তাহা এই সব নীচের প্রাক্ত স্টির দারা গভারভাবে খাচ্ছয় হট্যা রহিয়াছে: অতএব মানুষকে তাহার নীচের আপাতদ্র জীবন ছইতে, এই অপূর্ণ ও মৃত্যুষয় জীবন চইতে নিবৃত্ত হইয়। ভাচার সেই মূল অধ্যাত্ম প্রকৃতিতে ফিরিয়া মাইতে হইবে যাহার স্বরূপ অমৃতত্ব ও পূর্ণতা। এই ভগৰান বাহা কিছু আছে শকল বস্তুর মধ্যে এক, তিনি সেই আত্মা ষাহা সর্বভৃতের মধ্যে রহিয়াছে এবং যাহার মধ্যে সর্বভৃত রহিয়াছে, চলিতেছে, ফিরিতেডে; অতএব মাত্রুকে আবিদ্ধার করিতে হইবে সকল

জীবের সহিত তাহার অধ্যাত্ম ঐক্য, সর্ব্বভূতকে আত্মার মধ্যে এবং আত্মার মধ্যে সর্বভূতকে দেখিতে হইবে, এমন কি সকল বস্তু সকল জীবকে আপনার মত করিয়াই দেখিতে হইবে, আত্মৌপমোন সর্বত্ত. এবং তদন্ত্রায়ী তাহার সকল মনে, ইচ্ছায়, জীবনে চিন্তা করিতে হইবে, অনুভব করিতে হইবে, কর্ম্ম করিতে হইবে। এখানে বা অন্তত্ত যাহা কিছু আছে, এই ভগবানই সে সমুদয়ের আদি, এবং তিনি তাঁহার প্রকৃতির দারা এই অসংখ্য সৃষ্ট বস্তু চইয়াছেন, অভূৎ সর্ব্বভূতানি; অতএব শামুষকে চেত্রন অচেত্রন সকল বস্তুর মধ্যেই সেই এক অদ্বিতীয়কে দেখিতে হইবে, আরাধনা করিতে চইবে, স্থ্যো, নক্ষত্রে, পুপে তাঁহার যে প্রকাশ, মাত্রুষ এবং প্রত্যেক প্রাণীর মধ্যে তাঁহার যে প্রকাশ, প্রকৃতির বিভিন্ন রূপ, বিভিন্ন গুণ ও শক্তির মধ্যে তাঁচার যে প্রকাশ, সবেরই পূজা করিতে হইবে, বাস্থদেবঃ সর্কমিতি। দিব্য দৃষ্টি ও দিব্য ঐক্যান্তভূতির ন্থারা এবং সর্ব্ব শেষে নিবিড আভান্তরীণ একত্বের দ্বারা তাহাকে বিশ্বের সহিত এক বিশ্ব-ব্যাপকত্ব লাভ করিতে হইবে। নিশ্চেষ্ঠ, সকল সম্বন্ধ-রহিত একত্বের মধ্যে প্রেম ও কর্ম্মের কোনও স্থান নাই, কিন্তু এই যে বৃহত্ত্য ও পূর্ণতর ঐক্যা, ইহা কর্ম্ম ও শুদ্ধ হৃদয়াবেগের ভিতর দিয়া নিজেকে সিদ্ধ করিয়া তোলে, ইহাই হইয়া উঠে আমাদের সকল কর্ম্মের, সকল অন্তুত্বের, উৎস, সারবস্তু, প্রেরণা, দিব্য উদ্দেশ্য। কল্মৈ দেবায় হবিষা বিধেম, কোন্ দেবতাকে আমরা আমাদের সমগ্র জীবন ও কর্ম্ম অর্পণ করিব ? ইনিই সেই ভগবান, সেই ঈশ্বর, যিনি আমাদের আত্মবলি দাবী করিতেছেন। নিশ্চেষ্ট, সকল সম্বন্ধ-শৃত্য যে একত্ব, ভাহার মধ্যে পূজা ও ভক্তির আনন্দের কোনও স্থান নাই; কিন্তু এই যে সমৃদ্ধতর, পূর্ণতর, নিবিড়তর মিলন, ইহার আয়া ও লালর ও শীর্ষ হইতেছে ভক্তি।
এই ভগবানই আমালের পিতা, মাতা, প্রেমাম্পেন, বন্ধু সকল সম্বন্ধের পূর্ণ
পরিণতি, সকল জীবের আয়ার আশ্রর। তিনিই গুল্পিফার বিষয় সেই
এক পরম ও বিশ্ব-দেব, আয়া, পুরুষ, ব্রহ্ম, ঈশ্বর। তিনি তাঁহার দিবা
যোগের দ্বারা এই সকল ভাবেই জগৎকে নিজের মধ্যে প্রকট করিয়াছেন .
ইহার অসংখ্য সন্তা সকল তাঁহার মধ্যে এক এবং তিনি তাঁহালের মধ্যে
নানারূপে, নানাভাবে এক। মানুষের দিক দিয়া সেই দিবা যোগ
হইতেছে, যুগপং তাঁহার এই সকল ভাবে আয়্র-প্রকাশ সম্বন্ধে জাগ্রত

এইটিই যে তাহাব শিক্ষার পরম ও পূর্ণ সতা, তিনি যাহা প্রকাশ করিছে অঙ্গীকার করিয়াছিলেন এইটিই যে দেই সমগ্র জ্ঞান, তাহা সম্পূর্ণ ও নিঃসন্দেহভাবে স্পষ্ট করিবার জন্ত অবতার-পূরুষ এতক্ষণ যাহা বলিতে-ছিলেন ভাহার সার সন্ধানন করিয়া ঘোষণা করিলেন দে, ইহাই তাহার পরম বাকা, ইহা ভিন্ন মন্ত্র কিছু নহে, ভূরঃ এব শৃন্ধ মে পরমন্ বচঃ আমরা দেখিতে পাই গীতার এই পরম বাকা হইতেছে, প্রথমতা, এই স্পষ্ট ঘোষণা যে, স্পষ্টতে বাহা কিছু রহিয়াছে সে-সবেরই পরম ও দিবা উৎস-রূপে, সকল বস্তু বাহার সত্তা হইতে উদ্ভূত, জগতের এবং জগৎবাসী সকল জীবের মহান্ মধীশ্বর-রূপে শাশ্বতকে জানা ও আরাধনা করা,—ইহাই হইতেছে শাশ্বতের উক্তর্ম জ্ঞান, উক্তত্রম আরাধনা। দিতীয়তঃ, ইহা হইতেছে জ্ঞান ও ভক্তিব সমন্বয়কে শ্রেষ্ঠত্রম যোগ বলিয়া ঘোষণা , শাশ্বত ভগবানের সহিত বুক্ত হইতে হইলে, মান্ন্যের পক্ষে এইটিই হইতেছে নির্দ্ধারত ও স্বভোবিক প্রা। প্রাটির এই সংজ্ঞাকে আরও

হুর্যগোরবপূর্ণ করিবার নিমিন্ত, এবং এই যে-ভক্তি জ্ঞানের উপর প্রতিষ্ঠিত, জ্ঞানের দিকে উন্মুক্ত এবং ভগবদনির্দ্দিষ্ট কর্ম্মের ভিত্তি ও অমুপ্রেরণা-শক্তিমরপ, ইহার শ্রেষ্ঠতাকে স্মুস্পষ্ট করিবার নিমিত্ত, শিয়োর হালয় ও মন দারা ইহাকে গ্রহণ করার প্রয়োজন এথানে স্থচিত হইল: এই ধারার মনুসরণ করিয়াই অভঃপর মানব-যন্ত্র অর্জ্ঞানের প্রতি কর্ম্মের চর্ম আদেশ প্রদত্ত হইবে: ভগবান বলিলেন.* "তোমার আত্মার কল্যাণকামনায় এই পরম বাক্য আমি ভোমাকে বলিব, কারণ ভোমার ক্লয় এখন আমাতেই প্রীতি অন্নভব করিতেছে", তে প্রীয়মাণায় বক্ষামি। কারণ ভগবানে জনত্বের এই যে প্রীতি, ইহাই ইইতেছে যথার্থ ভক্তির সমগ্র সার ও উপাদান। প্রম বাকাটি উচ্চারিত হইবামাত্র অর্জ্জনকে ভাহা স্বীকার ক্রিয়া লইতে হইল এবং জিজ্ঞাসা ক্রিতে হইল, কি উপায়ে বাবহারতঃ প্রকৃতির সকল বস্তুতেই ভগবানকে দেখিতে পারা যায়। এই প্রশ্নের সাক্ষাং ও সহজ পরিণাম হইল ভগবানকে বিশ্বের আত্মা-রূপে দর্শন এবং মেই মঙ্গেই জগতের বুগান্তর-কারী কম্মের জন্ত মহানু আদেশ সংঘোষিত ३हेल।

গীতা ভগবান সম্বন্ধে যে পরিকল্পনাকে স্টির সমগ্র রহন্ত বলিয়া, মৃক্তিপ্রদ জ্ঞান বলিয়া জোর দিয়াছে, তাহার দ্বারা বিশ্বাতীত আনন্তের সহিত কালাধীন বিশ্ব-লীলার সমন্বন্ধ সাধিত হয়, অথচ উভয়ের কোনটিকেই অস্বীকার করা হয় না, কাহারও বাস্তবতা কিছু মাত্র কুল

^{*়} ভূষ এব মহাবাহো শৃণু মে পরমং বনঃ।

যৎ তেহহং জীয়মাণায় বক্ষ্যামি হিতকামায়া॥ ১০।১

করা হয় না। সর্বেশ্বরবাদ তত্ত্ব, ঈশ্বরবাদ তত্ত্ব, উক্তত্ত্ব বিশ্বাতীত সন্তা সম্বন্ধীয় তত্ত্ব, আমাদের আধ্যাত্মিক পরিকল্পনা ও আধ্যাত্মিক অনুভৃতি উপলব্বির এই সকল বিভিন্ন ধারার মধ্যে গীতা সামঞ্জস্ত সাধন করিয়াছে। ভগবান অজ. শাখত, অনাদি: যাহা হইতে তাঁহার উৎপত্তি হইতে পারে, তাহার পূর্ব্ববর্ত্তী এমন কোনও বস্তু নাই, থাকিত পারে না, কারণ তিনি এক অদ্বিতীয় ও কালাতীত ও পূর্ণতম পরম বস্তু। "কি দেবগণ, কি মহর্ষিগণ, কেহই আমার উৎপত্তি অবগত নহেন ন্যানি আমাকে অজ অনাদি বলিয়া জানেন" * ... এইগুলিই হইতেছে সেই প্রম বাক্যের প্রথম কথা। আর ভাহা এই সমুক্ত আখাগ দিতেছে যে, এই জ্ঞান সন্ধীর্ণ মানসিক জ্ঞান নহে, পরস্তু শুদ্ধ অধ্যাত্ম জ্ঞান,—কারণ তাঁহার রূপ ও প্রকৃতি (যদি বিশ্বাতীত পুরুষ মন্বন্ধে এরূপ ভাষা প্রয়োগ করা চলে) মনের ধারণার অতীত, অচিন্তারূপ,—এই জ্ঞান মর মানবকে অজ্ঞানের স্কল মোচ হইতে এবং পাপের স্কল বন্ধন হইতে মুক্ত করিয়া দেয়। যে মানবামা এই পরম অধ্যামজ্ঞানের জ্যোতিতে বাস করিতে পারে. সে ইহার ঘারা বিশ্বের মনঃকল্পিত ভাবমর্ত্তি ও ইন্দ্রিয়গ্রাহ্য রূপ সকলের উদ্ধে উত্তোলিত হয় ৷ সে এমন এক ঐক্যের অনির্বাচনীয় শক্তির মধ্যে উঠিয়া যার যাহা সব কিছুকে অভিক্রম করিয়া রহিয়াছে, অথচ সকলকেই সার্থক

ন মে বিহুঃ স্বরগণাঃ প্রভবং ন মহবয়ঃ।
 অহমাদিহি দেবানা॰ মহবাণাঞ্চ সক্রমঃ॥
 নো মামজমনাদিঞ্চ বেল্ডি লোকমহেয়য়য়।
 অসংহৃত্ স মর্ত্তোর্ স্ক্পাণেঃ প্রমৃত্তে॥ ১০।২,৩

করিয়া তুলিতেছে; তাহা এখানেও বেমন, উর্দ্ধেও তেমনিই। বিশ্বাতীত অনস্ত সম্বন্ধে এই বে অধ্যাত্ম উপলব্ধি, ইহার দ্বারা সর্ব্বেশ্বরবাদের (Pantheism) সঙ্কীর্ণতা অতিক্রমিত হয়। বে অবৈত্তবাদ ভগবানকে বিশ্বের সহিত এক বলিয়া দেখে, সে তাহার পরিকল্পিত অনস্ত ভগবানকে তাঁহার বিশ্ব-প্রকাশের মধ্যেই সীমাবদ্ধ করিয়া রাখিতে চায়, এবং সেইটকেই তাঁহাকে জানিবার একমাত্র উপায় বলিয়া আমাদিগকে দেখাইয়া দেয়; কিন্তু ঐ যে উপলব্ধি, উহা আমাদিগকে দেশ ও কালের অতীত শাশ্বতের মধ্যে মুক্তি দেয়। অর্জ্জুন প্রত্যুত্তরে বলিলেন, "কি দেব, কি দানব, কেহই তোমার অভিব্যক্তি জানে না", সমগ্র বিশ্ব, এমন কি অসংখ্য বিশ্ব মিলিয়াও তাঁহাকে অভিব্যক্ত করিতে পারে না, তাঁহার অনির্ব্বচনীয় জ্যোতি, অনস্ত মহন্ত্ব ধারণ করিতে পারে না। অস্তান্ত নিম্নতর যে ভগবদ্জ্ঞান, বিশ্বাতীত ভগবানের চির অব্যক্ত অনির্ব্বচনীয় সন্তাকে ধরিয়াই তাহারা প্রকৃত সত্য হয়।

কিন্তু সেই সঙ্গেই আবার ইহাও সত্য যে, বিশ্বাতীত ভগবদ্ সন্তা কেবল একটা নেতি নহে, অথবা বিশ্বের সহিত সকল সম্বন্ধশৃত্য নির্বিশেষ তৎস্বরূপ নহে। তাহা এক পরম সদ্বন্ধ, সকল পূর্ণতার পূর্ণতা। বিশ্বের সকল সম্বন্ধ এই পরম হইতেই উছুত; সকল বিশ্ব-স্থষ্ট তাঁহার মধ্যেই ফিরিয়া যায় এবং কেবল তাঁহার মধ্যে গিয়াই তাহাদের সত্য এবং অপরিমেয় সন্তা প্রাপ্ত হয়। "কারণ আমিই দেবগণের ও মহর্ষিগণের সর্বাধা উৎপত্তির হেতৃ।" দেবতাগণ হইতেছেন সেই সকল অক্ষয় শক্তিপ্তাপ্ত অমর ব্যক্তি, যাঁহারা সজ্ঞানে বিশ্বের আন্তরিক ও বাহ্নিক শক্তিসমূহকে অনুপ্রাণিত করিতেছেন, গঠন করিতেছেন, পরিচালিত করিতেছেন।

দেবতাগণ হইতেছেন শাখত ও আদি দেবের আধ্যাত্মিক রূপ, তাঁহারা তাঁহ। হইতেই নামিয়া আসিয়াছেন জগতের বহুমুখী ক্রিয়ার মধ্যে। দেবতারা বহু ও বিশ্বরূপী,—তাঁহারা সত্তার মূল তত্ত্তলি এবং তাহার সহস্র বৈচিত্র্য লইয়া একের এই নানামুখী লীলা রচনা করিতেছেন। তাঁহাদের নিজেদের অন্তিত্ব, প্রকৃতি, শক্তি, ক্রিয়া, সমস্তই সর্বপ্রকারে, সকল হত্তে এবং প্রত্যেক অংশে সেই বিশ্বাতীত অনির্বচনীয় সত্তা হইতে আসিতেছে। এই দিব্য প্রতিনিধিগণের দ্বারা এখানে কিছুই স্বাধীনভাবে স্থাই হয় না, কোনও জিনিষ্ট নিরপেক্ষভাবে উদ্ভাবিত হয় না; প্রত্যেক বস্তর মূল ও কারণ, তাহার সত্তার ও আয়প্রকাশ প্রবৃত্তির আধ্যাত্মিক হেতু রহিয়াছে বিশ্বাতীত ভগবানের মধ্যেই, অহম্ আদিঃ সর্বাণঃ। বিশ্বের কোনও জিনিষেরই প্রকৃত কারণ বিশ্বের মধ্যে নাই, সমস্তাই আসিতেছে সেই বিশ্বাতীত সন্তা হইতে।

• ব্ৰ-সকল মহর্ষিকে বেদের স্থায় এখানেও সপ্ত আদি ঋষি বল! হইয়াছে,* মহর্ষয়: সপ্ত পূর্ব্বে, তাঁহারা হইতেছেন ভগবদ প্রজ্ঞার ধী-শক্তি; সেই প্রজ্ঞা নিজের আত্ম-চেত্তন অনস্ততা হইতে সকল বস্তুকে উৎপন্ন করিয়াছে, প্রজ্ঞা পুরাণী,—নিজের মূল সন্তার সাতটি ধারার ক্রম অনুসারে বিকশিত করিয়াছে। এই ঋষিগণ হইতেছেন, বেদের সপ্ত ধীয়াঃ, সর্ব্ব-ধারক, সর্ব্ব-উদ্ভাসক, সর্ব্ব-প্রকাশক সপ্ত ধী-শক্তির বিগ্রহ-মূর্ত্তি—উপনিষদ সকল জিনিষকেই বর্ণনা করিয়াছে সপ্তে সপ্তে সাজানো।

মহর্ম: সপ্ত পূর্বে চকারো মনবন্তথা।
 মদভাবা মানসা ডাঙা যেবাং লোক ইমা: প্রকা: ॥ ১০।৬

ইহাদের সহিত যুক্ত হইয়াছে মানবের পিতা চারি শাখত মনু, চত্বারো মনবস্তথা,--কারণ ভগবানের যে কর্মপরা প্রকৃতি তাহা চতুমুখী, এবং মানুষ তাহার চতুর্থী স্বভাবের ভিতর দিয়া এই প্রকৃতিকে প্রকাশ করিতেছে। ইহারাও মানসিক সন্তা, ইহাদের নাম হইতেই তাহা প্রকাশ পায়। জীবনের যে-সব ক্রিয়া আমরা দেখিতে পাই, তাহারা নির্ভর করিতেছে প্রচ্ছন্ন বা প্রকট মনের উপর; উহারা হইতেছেন এই সমুদয়ের পৃষ্টিকর্ত্তা, জগতের এই সকল সঙ্গীব প্রাণী তাঁহাদের দারাই উদ্বৃত ছুইয়াছে: সকলেই তাঁহাদের সন্তান, যেষাং লোক ইমাঃ প্রজাঃ। আর এই সকল মহিষ এবং এই চারি মমু, ইহারা নিজেরাও হইতেছেন প্রমাত্মার নিতা মানস স্ষ্টি, মদভাবা মানসা জাতা, তাঁহার বিশ্বাতীত অধ্যাত্ম সন্তা হইতে বিশ্ব-প্রকৃতির মধ্যে আবিভূতি,—তাঁহারা স্রষ্টা, কিন্তু বিষের যত শ্রন্থা তিনিই তাঁহাদের শ্রন্থা। সকল অধ্যাত্ম সন্তার অধ্যাত্ম সন্তা, সকল অন্তরাত্মার অন্তরাত্মা, মনের মন, প্রাণের প্রাণ, সকল রূপেরু আভান্তরীন সার বস্তু, এই বিশ্বাতীত পরম পুরুষ আমরা যাহা কিছু তাহার সম্পূর্ণ বিপরীত একটা কিছু নহেন, অন্ত পক্ষে আমাদের ও জগতের, শ্ত্রার ও প্রকৃতির, সকল স্থত্র, সকল শক্তি তাঁহার দ্বারাই স্বষ্ট, তাঁহার দারাই উদ্ভাসিত।

আমাদের জীবনের এই যে বিশ্বাতীত উৎস, তাঁহার ও আমাদের মধ্যে কোনও অনতিক্রমণীয় ব্যবধানের বিচ্ছেদ নাই, যে-সকল জীব তাঁহা হইতে উদ্ভূত হইরাছে তিনি তাহাদিগকে অস্বীকার করেন না, অথবা তাহাদিগকে কেবল মায়ার বিজ্জ্তন বলিয়া উড়াইয়া দেন না। তিনি সৎ (the Being), আর সব কিছু তাঁহারই প্রকাশ (becomings)।

তিনি একটা শুম্ম হইতে, একটা "নান্তি" হইতে, অথবা একটা অবাস্তব স্বপ্লের মধ্য হইতে সৃষ্টি করেন না। তিনি নিজের মধ্য হইতেই সৃষ্টি করেন, নিজেই স্বষ্ট হন: সকলেই তাঁহার সন্তার মধ্যে, সকলেই তাঁহার সভার অংশ। এই যে সভা, ইহা সর্বেশ্ববাদমূলক দৃষ্টিকে স্বীকার করিয়াও অতিক্রম করিয়া যায়। বাস্থদেবই সব, বাস্থদেবঃ সর্বাম, কিন্তু বিখে বাহা কিছু আবিভূতি সে সমুদয়ই বাস্ত্রদেব এই জন্ত যে, বাহা কিছু এখানে আবিভূতি হয় নাই, যাহা কিছু কথনও প্রকট হয় না সে-সবভ তিনি। তাঁহার সন্তা তাঁহার প্রকাশের দারা কোনোরূপে খণ্ডিত হয় না; এই সম্বন্ধের জগতের দ্বারা তিনি এতটুকুও সম্বন্ধ নহেন। যথন তিনি সব কিছু হইতেছেন তথনও তিনি বিশ্বাতীত; যথন তিনি সাস্ত রূপ গ্রহণ করিতেছেন তথনও তিনি নিত্য অনস্ত। প্রকৃতি (Nature) তাহার মূল সত্তায় তাঁহারই অধ্যাত্ম শক্তি, আত্মশক্তি; এই অধ্যাত্ম আত্মশক্তি বস্তুসকলের প্রকাশের জন্ম তাহাদের আভান্তরীন প্রকৃতি স্থারপ অসংখ্য মূল গুণ সৃষ্টি করে এবং তাহাদিগকেই বাহিরের রূপে ও কর্ম্মে প্রকট করে। কারণ সে শক্তির যে মৌলিক, নিগূঢ়, দিবা ক্রম-বিক্রাস তাহাতে প্রত্যেক বস্তুরই অধ্যাত্ম সতাটি আসে প্রথমে, তাহা **চইতেছে প্রকৃতির গভীরতম একত্বের জিনিম: যে গুণ ও প্রকৃতি** তাহাদের মনস্তত্ত্বের সত্য তাহার মধ্যে যথার্থ বস্তু যাহা আছে সে-সব নির্ভর করিতেছে ঐ অধ্যায় সত্যের উপর, তাহা আত্মা হইতেই উদ্ভু ; রূপ ও কর্মের যে বাহ্যিক সভ্য প্রয়োজনীয়ভায় ন্যুনভম এবং ক্রমবিভাগে সর্ব্বশেষ, তাহা প্রকৃতির আভ্যন্তরীন গুণ হইতে উদ্বৃত, এবং বাহ্ জগতে এই সকল বিচিত্র প্রকাশের জন্ম সর্বতোভাবে তাহারই উপর নির্ভর করে। অথবা অন্ত কথায় বলা যাইতে পারে যে, বাহিরের সত্য হইতেছে কেবল অন্তরাত্মার শক্তিসমষ্টির বহিপ্রকাশ, এবং সর্ব্বদাই তাহাদের পিছনে তাহাদের বহিপ্রকাশের অধ্যাত্ম কারণটি বর্ত্তমান রহিয়াছে।

এই যে সাস্ত বাহ্য সৃষ্টি, ইহার ভিতর দিয়া অনস্ত ভগবানই প্রকটিত হইতেছেন। অপরা প্রকৃতি প্রকৃতির গৌণরূপ: অনন্তের মধ্যে সংযোজনার যে বহু সম্ভাবনা নিহিত রহিয়াছে ভাহাদের মধ্য হইতে নির্বাচিত কয়েকটির একটা অধস্তন পরিণতি হইতেছে এই অপরা প্রকৃতি। সন্তার আত্মপ্রকাশের যে মূল গুণ ও ধারা তাহা হইতে উদ্ভুত এই সকল সংযোজনা, রূপ ও শক্তির, কর্ম্ম ও গতির সংযোজনা, ইহারা ক্যং ঐক্যের মধ্যে রহিয়াছে সম্পূর্ণ সীমাবদ্ধ সম্বন্ধ ও পারম্পরিক অন্তভূতি উপলব্ধির জন্ম। আর এই নীচের বাহ্নিক পরিদুখমান ব্যবস্থায়, ভগবানের প্রকাশ-শক্তি-রূপা প্রকৃতি এক মোহাচ্ছন্ন বিশ্ব-গত অবিস্থার বিকৃতির দারা স্বরূপ হইতে ভ্রষ্ট হইয়া রহিয়াছে, এবং আমাদের মানসিক ও প্রাণিক অনুভৃতির জড়ানুগত, ভেদাত্মক ও অহংভাবমূলক ক্রিয়ায় নিজের দিবা সভাসকলকে হারাইয়া ফেলিয়াছে। তথাপি এখানেও সব কিছুই ভগবান হইতে আসিতেছে, সব কিছুই হইতেছে প্রভাব, ভাব, প্রবৃত্তি, বিশ্বাতীত সন্তার মধ্য হইতে প্রকৃতির ক্রিয়ার ভিতর দিয়া বিকাশ-ধারা। অহং সর্বান্ত প্রভবো মত্তঃ সর্বাং প্রবর্ততে; "আমি সকলের উৎপত্তিস্থল, আমা হইতে বাহির হইয়া সকলে কর্ম ও গতির বিকাশে চলিয়াছে।" আর ইহা কেবল দেই সব জিনিথের পক্ষেই প্রযুজা নহে ষাহাদিগকে আমরা ভাল বলি, প্রশংসা করি এবং দিব্য বলিয়া স্বীকার করিয়া লই, যে-সব হইতেছে জ্যোতির্ম্বয়, সান্ত্রিক, নৈতিক, শান্তিপ্রদ.

অধ্যাত্মভাবে আনন্দপ্রদ, * "বৃদ্ধি, জ্ঞান, অসংযোহ, ক্ষমা, সত্য, দম, শম, অহিংসা, সমতা, তুষ্টি, তপস্থা ও দান।" পরস্তু ইহা সেই সব বিপরীত জিনিষ সকলের পক্ষেত্ত সত্য যাহারা মর মানবের মনকে বিভ্রাস্ত করিয়া তোলে এবং অজ্ঞান ও তাহার সংমোহ লইয়া আসে, "মুখ ও ত্বঃখ, জন্ম ও মৃত্যু, ভয় ও অভয়, যশ ও অয়শ" আর এইরূপ বাকী যাহা কিছু জ্যোতি ও অন্ধকারের সংমিশ্রণ হইতে উল্থিত, ষে-সব অসংখ্য মিশ্রিত তন্ত্রী এমনই বেদনায় স্পন্দিত হইতেছে, অথচ আমাদের দেহ ও ইক্রিয়ের অধীন মন ও তাহার অজ্ঞান ভাব সকলে জড়িত হইয়া অনবরত উত্তেজনায় শিহরিত হইতেছে। জীবগণের এই সব পুথক পুথক ভাব এক মহান আত্ম-প্রকাশধারার অন্তর্গত, এবং যিনি ইহাদের সকলকে অতিক্রম করিয়া রহিয়াছেন তাঁহা হইতেই তাহারা তাহাদের উদ্ভব ও সন্তা লাভ করিয়াছে। বিশ্বাতীত সন্তা এই সমুদয় জিনিষকে জানেন এবং স্থষ্টি করেন, কিন্তু এই পৃথগৃভূত জ্ঞানে জড়িত হইয়া পড়েন না, নিজের স্ঞান্তীর দ্বারা অভিভূত হন না। এখানে আমাদিগকে লক্ষ্য করিতে হইবে ভূ ধাতু (to become, হওয়া) হইতে উৎপন্ন তিনটি কথাকে কেমন একত্র করিয়া জোর দেওয়া হইয়াছে, ভবস্তি, ভাবাঃ, ভূতানাম। ভগবান নিজেই সমস্ত সৃষ্টি হইয়াছেন, ভূতানি; সমস্ত আভ্যন্তরীন অবস্থা ও ক্রিয়া তাঁহার

বুদ্ধিজ্ঞ নিমসংমোহং কমা সত্যং দম: শম:।

মুখং ছু:খং ভবোহভাবো ভয়ঞ্চভয়মেব চ ।

অহিংসা সমতা তুষ্টিভপো দানং যশোহযশ:।
ভবস্তি ভাবা ভূতানাং মত এব পৃথগ্ৰিধা: ॥ ১০।৪, ৫

এবং তাহাদের মানসিক ভাব, ভাবা:। এই সকলও.—: যেমন আমাদের উচ্চত্য অধ্যাত্ম ভাবস্কল ঠিক তেমনিই আমাদের নিয়ত্তর আভ্যস্তরীন ভাবসকল এবং তাহাদের পরিদৃশ্রমান পরিণামসকল, সমস্তই পরম পুরুষ হইতে উৎপন্ন হইয়াছে, ভবন্তি মন্ত এব∗। গীতা সন্তা এবং তাহার প্রকাশ এই ছইয়ের প্রভেদ স্বীকার করিয়াছে এবং এই প্রভেক্তর উপর জোর দিয়াছে, কিন্তু এই প্রভেদকে বিরোধ বলিয়া প্রতিপন্ন করে নাই। কারণ তাহা হইলে বিশ্বগত একত্বকে উডাইয়া দেওয়া হয়। ভগবান এক. তাঁহার বিশ্বাতীত সন্তায় এক. বস্তুসকলের এক সর্ব্ববাপী আধার-রূপে এক, তাঁহার বিশ্ব-প্রকৃতির একত্বে এক। এই তিনই এক অদিতীয় ভগবান: সকলেই তাঁহা হইতে উদ্ভত, সকলেই তাঁহার সন্তার প্রকট রূপ, সকলেই শাষ্টতের সনাতন অংশ অথবা কালাধীন প্রকাশ। ষদি আমাদিগকে গীতার অমুসরণ করিতে হয়, তাহা হইলে বিশ্বাতীত পরম সত্তার মধ্যে সকল জিনিষের চরম নির্বাণ অনুসন্ধান করা চলিবে না, পরস্ক সেইখানেই তাহাদের রহস্তের স্থমীমাংসা সন্ধান করিতে হইবে, তাহাদের জীবনের সমন্বয়সাধক সত্যের সন্ধান করিতে হইবে।

কিন্তু অনস্তে আরও একটি পরম সত্য আছে, সেইটিকেও মুক্তিপ্রদ জ্ঞানের অপরিহার্য্য অংশরূপে গ্রহণ করিতে হইবে। সেই সত্য হইতেছে এই যে, বিশ্বের দিব্য নিয়ন্তা তাঁহার বিশ্বাতীত পদ হইতে বিশ্বকে নিরীক্ষণ

^{*} যথা উপনিষদে, আত্মা এব অভ্ৎ সর্বাভূতানি, আত্মাই সর্বাভূত হইয়াছে; এথানে শব্দগুলির নির্বাচনে এই ব্যঞ্জনা নিহিত রহিয়াছে যে, স্ব-প্রতিষ্ঠ সন্তাই এই সর্বাভূত কুইয়াছে।

করিতেছেন, আবার ইহার মধ্যেও নিবিড্ভাবে অমুস্থাত রহিয়াছেন: যে পরমেশ্বর নিজে এই সমুদয় সৃষ্টি হইয়াছেন, অথচ ইহাকে অনস্ত গুণে অতিক্রম করিয়া রহিয়াছেন, তিনি সৃষ্টি হইতে নিবৃত্ত কোনো ইচ্ছাশক্তি-শুন্ত কারণ মাত্র নহেন। এমন নহেন যে, এই জগৎ তাঁহার অনিচ্ছাক্তত সৃষ্টি এবং তাঁহার বিশ্ব-শক্তির এই সকল পরিণামের জন্ম তিনি কোনরূপ দায়িত্ব স্বীকার করেন না, অথবা তাঁহার চৈত্ত হইতে সম্পূর্ণ বিভিন্ন এক ভ্রমাত্মিকা চৈতত্তের উপর, মায়ার উপর, ঐ সবকে আরোপ করেন, কিম্বা স্পষ্টকে এক যন্ত্রবৎ অন্ধনিয়মের বর্ণে, অথবা কোনো প্রতিনিধির হল্ডে, অথবা পাপ ও পুণাের চির-ছন্দের মধ্যে ছাড়িয়া দেন। এমন নহে ষে, তিনি উদাসীন সাক্ষীরূপে দুরে সরিয়া রহিয়াছেন, নির্বিকারভাবে অপেক্ষা করিতেছেন কখন সব কিছু নিজদিগকে লুপ্ত করিয়া দিবে, অথবা তাঁহার অবিচল আদি তত্ত্বের মধ্যে ফিরিয়া আসিবে। তিনি জগৎ ও জনসমূহের মহান ঈশ্বর, লোকমহেশ্বরম, তিনি শুধু জগতের মধ্যে থাকিয়াই নহে, পরস্ক উর্দ্ধ হইতেও, তাঁহার পরম বিশ্বাতীত পদ হইতেও জগতকে নিয়ন্ত্রণ করিতেছেন। বিশ্বকে অতিক্রেম করিয়া অবস্থিত নতে, এমন কোনো শক্তির দ্বারা বিশ্ব পরিচালিত হইতে পারে না। জগতের উপর এক দিব্য নিয়মের রাজত্ব চলিতেছে, ইহা বলিলে বুঝায় বে, ইহার উপরে এক সর্বাশক্তিমান নিয়স্তার প্রভুত্ব রহিয়াছে, কোনো যন্ত্রবং শক্তির বা বিশ্বের আপাতদুভ রূপের মধ্যে সীমাবদ্ধ কোনো অলঙ্ঘ্য অন্ধ নিয়তির নহে। এইটিই হইতেছে জগৎ সম্বন্ধে সম্বন্ধবাদমূলক (theistic) দৃষ্টি, কিন্তু যে ঈশ্বরবাদ সঙ্কোচের সহিত অতি সন্তর্পণে অগ্রসর হয় এবং জগতের বৈপরীতাসকলের দিকে সোজাভাবে চাহিয়া দেখিতে ভয় পায়.

ইহা সেরূপ ঈশ্বরবাদ নহে, ইহা দেখে ভগবান সর্ব্বজ্ঞ ও সর্বাশক্তিমান, এক অদিতীয় আদিদেব, তিনি শুভ অশুভ, সুখ তু:খ, জ্যোতি অন্ধকার সব কিছুই নিজের সন্তার উপাদান-রূপে নিজের মধ্যে প্রকট করিতেছেন. এবং নিজের মধ্যে যাহা প্রকট করিয়াছেন, নিজেই তাহা পরিচালম করিতেছেন। ইহার বৈপরীতাদকল তাঁহাকে ম্পর্শ করিতে পারে না, নিজের স্পৃষ্টির দ্বারা তিনি কোনোরূপে দীমাবদ্ধ হন না, প্রকৃতিকে অতিক্রম করিয়াও তিনি তাহার সহিত অতি নিবিড্ভাবে সম্বন্ধযুক্ত এবং তাহার জীবগণের সহিত অতি অন্তরঙ্গভাবে এক, তাহাদের মূল অধ্যাত্ম সন্তা, আত্মা, উদ্ধৃতম চিৎশক্তি, তাহাদের প্রভু, প্রণয়ী, বন্ধু, আশ্রয়, তিনি তাহাদের মধ্যে থাকিয়া আবার উর্দ্ধ হইতেও মর্ত্তাজগতে পরিদুশুমান অজ্ঞান ও ত্রংথ ও পাপ ও অগুভের ভিতর দিয়া তাহাদিগকে সর্বাদা পরিচালিত করিতেছেন, প্রত্যেককে তাহার প্রকৃতির ভিতর দিয়া এবং সকলকে বিশ্ব-প্রকৃতির ভিতর দিয়া এক পরম জ্যোতি ও আননদ ও অমৃতত্ত্ব ও পরম পদের দিকে লইয়া চলিয়াছেন। এইটিই চইতেছে মৃক্তিপ্রদ জ্ঞানের সমগ্রতা। ভগবান আমাদের মধ্যে ও জগতের মধ্যে অবস্থিত, আবার সেই সঙ্গেই তিনি বিশ্বের অতীত অনস্ত সন্তা, ইহাই সেই সমগ্র জ্ঞান। পরাৎপর ভিনি, তাঁহার দিব্য প্রকৃতির, তাঁহার অধ্যাত্ম স্তার কার্যাকরী শক্তির দ্বারা তিনি সর্কমিদং হইয়াছেন. তাঁহার লোকাতীত প্রম পদ হইতে সমস্ত নিয়ন্ত্রণ করিতেছেন। তিনি প্রত্যেক প্রাণীর মধ্যে অন্তরঙ্গভাবে অবস্থিত, বিশ্বের সকল ঘটনা পরম্পরার কারণ, নিয়স্তা, পরিচালক, অথচ তিনি এত উচ্চ, মহানু ও অনস্ত যে তাঁহার কোনো স্মষ্টিই তাঁহাকে সীমাবদ্ধ করিতে পারে না।

এই জ্ঞানের স্বরূপ তিনটি পৃথক আশাসপূর্ণ শ্লোকে স্কুম্পন্ট করা হইয়াছে। ভগবান বলিলেন,* "বে আমার অজ, অনাদি ও সর্বলোকের মহান্ ঈশ্বররূপে জানে, সে মর্ত্তালোকে মোহশুল্ল হইয়া বাস করে এবং সর্ববিধ পাপ হইতে মুক্ত হয়। বে আমার এই বিভৃতি, এই সর্বব্যাপী ঈশ্বরত্ব এবং আমার এই বোগ (ঐশ্বর যোগ, মাহার দারা বিশাতীত ভগবান সকল স্পষ্ট অপেক্ষা বৃহত্তর হইয়াও সকলের সহিত এক, সকলের মধ্যে বাস করিতেছেন এবং সকলকে স্বীয় প্রকৃতির পরিণামরূপে নিজের মধ্যে ধারণ করিয়া রহিয়াছেন) যথার্থরূপে জানে সে অবিকম্পিত যোগে আমার সহিত যুক্ত হয়, ইহাতে সন্দেহ নাই। আমি সকলের উৎপত্তিক্রন, আমা হইতেই সকলের কর্মা ও গতি প্রবর্ত্তিত হইয়া থাকে, ইহা জানিয়া জ্ঞানীগণ আমার ভজনা করেন…এবং আমি তাহাদিগকে বৃদ্ধিযোগ প্রদান করি, বাহার দ্বারা তাঁহারা আমাকে প্রাপ্ত হন এবং আমি তাহাদের অজ্ঞানজনিত অন্ধকার বিনষ্ট করিয়া দিই।" ঐ জ্ঞানের স্বরূপ হইতেই, এবং যে যোগসাধনার দ্বারা ঐ জ্ঞান অধ্যাত্মবিকাশ,

শ এতাং বিভৃতিং যোগঞ্জ মম যো বেত্তি তন্ধতঃ।
সোহবিকদ্পেন যোগেন বৃদ্যুতে নাত্র সংশার ॥ ১০।৭
অহং সর্বস্থ্য প্রভবো মত্তঃ সর্ববং প্রবর্ত্ততে।
ইতি মত্বা ভলন্তে মাং বুখা ভাব সমন্বিতাঃ ॥ ১০।৮
তেবাং সতত বৃক্তানাং ভলতাং প্রীতিপূর্বকম্।
দদামি বৃদ্ধিযোগং তং যেন মামুপ্যান্তি তে ॥ ১০।১০
তেবামেবাসুকল্পার্থমহমজ্ঞানজং তমঃ।
নাশরাম্যান্ত্রভাবন্ত্রো জ্ঞানদীপেন ভাকতা ॥ ১০।১১

অধ্যাত্ম উপলব্ধিতে পরিণত হয় সেই যোগের স্বরূপ হইতেই এই সকল কল অবশুস্তাবীরূপে প্রাপ্ত হওয়া যায়। কারণ মানুষের মনের ও কর্ম্বের সকল ভ্রান্তি, তাহার মন, ইচ্ছা, নৈতিক প্রবৃত্তির, তাহার জনয়ের, ইন্দ্রিরের, প্রাণের প্রেরণার যত স্থলন, অনিশ্চয়তা ও সন্তাপ, সমুদয়েরই মূল হইতেছে তাহার সম্মোহ; এই সম্মোহ, এই তমসাচ্ছন ও ভ্রাস্তিময় জ্ঞান ও কর্মাই মর দেহে অবস্থিত ইন্দ্রিয় কর্ত্তক বিমৃত্ মনের পক্ষে স্বাভাবিক। কিন্তু যথন সে সকল বস্তুর দিব্য উৎসটিকে দেখিতে পায়. যথন সে বিশ্বের দুখ্যমান রূপ হইতে বিশ্বাতীত সম্বস্তুর দিকে অবিচলিত ভাবে দৃষ্টিনিক্ষেপ করে, এবং সেই সদস্ত হইতে আবার এই দুশুমান রূপে ফিরিয়া আনে, তখন সে মন, ইচ্ছা, হাদয় ও ইব্রিয়ের এই সম্মোহ হইতে মুক্তিলাভ করে, জ্ঞানদীপ্ত ও মুক্ত হইয়া বিচরণ করে, অসংসূচ্ মর্ত্ত্যের। প্রত্যেক জিনিষকে তাহার পরম ও যথার্থ স্বরূপে সে দেখে, আর ভধুই তাহার বর্ত্তমান ও আপাতদৃত্য রূপে নহে; এইভাবে সে প্রচ্ছন যোগস্ত্র ও সম্বন্ধসকল দেখিতে পায়, সে সজ্ঞানে সমস্ত জীবনকে পরিচালিত করে, তাহাদের মহান ও সত্য লক্ষ্য অনুসারে কর্ম করে এবং নিজের অন্তর্মন্তিত ভগবান হইতে যে শক্তি ও জ্যোতি তাহার নিকট আদে তাহার দ্বারাই সে সব কিছু নিয়ন্ত্রিত করে। এইভাবেই দে ভ্রান্ত জ্ঞান হইতে, মন ও ইচ্ছার ভ্রান্ত প্রতিক্রিয়া হইতে, ভ্রান্ত ইন্দ্রিয়ামূভূতি ও ইন্দ্রিয়প্রেরণা হইতে মুক্ত হয়, আর এই সবই হইতেছে এখানকার সকল পাপ, ভ্রাম্ভি ও চু:থের মূল, সর্ব্ব-পাপৈ: প্রমূচ্যতে। কারণ এইভাবে বিশ্বাতীত ও বিশ্ববাপী সন্তার মধ্যে বাস করিয়া সে নিজের ও আর সকলের বাষ্টিগত সত্তাকে তাহাদের মহত্তর স্বরূপে দেখিতে পায়, এবং তাহার ভেদাত্মক ও অহমাত্মক ইচ্ছা ও জ্ঞানের মিধ্যা ও ভ্রান্তি হইতে, মুক্ত হয়। এইটিই হইতেছে অধ্যাত্ম মুক্তির সার তত্ত্ব।

তাহা হইলে দেখা যাইতেছে গীতার মতে মুক্ত পুরুষের যে জ্ঞান ভাহা জীবন হইতে বিচ্ছিন্ন এবং সকল সম্বন্ধ-শৃত্য নৈৰ্ব্যক্তিকভার চৈত্ত নহে, একটা কিছু-না-করা শাস্ত অবস্থা নহে। কারণ মৃক্ত পুরুষের মন ও আত্মায় সকল সময়েই এই বোধ, এই সমগ্র অমুভূতি দৃঢ় প্রতিষ্ঠিত রহিয়াছে যে, রিখের ঈশ্বর ভগবান সমস্ত জগতে ব্যাপ্ত থাকিয়া সব কিছুকে অনুপ্রাণিত ও পরিচালিত করিতেচেন, এতাং বিভৃতিং মম যো বেজি ৷∗ তিনি জানেন যে তাঁহার আত্মা বিশ্ব-জগতের অতীত সন্তা, কিন্তু তিনি ইহাও জানেন যে, ঐশ্বরিক যোগের দারা তিনি এই বিশ্বের সহিত এক, যোগম চ মম। এবং তিনি বিশ্বাতীত সত্তা, বিশ্ব-সত্তা ও ব্যষ্টি-সত্তা প্রত্যেকটি দিক পরম সত্যের সহিত ষথার্থ সম্বন্ধে দেখেন এবং সবকে ঐশ্বরিক যোগের ঐক্যের মধ্যে যথাক্রমে সন্নিবেশিত করেন। তিনি আর জিনিষসকলকে পূথক পূথক করিয়া দেখেন না,—এইরূপ পার্থক্যে দেখিলে কোনো জিনিষেরই স্ব্যাখ্যা হয় না অথবা ভধু একটা দিকই দেখা হয়। আবার তিনি যে সকল জিনিষকে গোলমালে একাকার করিয়া দেখেন ভাহাও নহে.—এরপ গোলমাল করিয়া দেখার ফল হইতেছে ভ্রান্ত দৃষ্টি ও বিশৃত্থল কর্ম। তিনি বিশাতীত সন্তায়

শুক্তিং যোগক মম যো বেত্তি তত্ততঃ।
 সোহবিকশ্পেন যোগেন যুক্তাতে নাত্র সংশয়ঃ॥ ১৹।৭

নিশ্চিতভাবে প্রতিষ্ঠিত, আর তিনি বিশ্বের দ্বন্দে এবং কাল ও ঘটনাচক্রের গণ্ডগোলে কিছুমাত্ৰ বিক্ষুদ্ধ হন না। এই সকল সৃষ্টি ও ধ্বংসের মধ্যেও তিনি অবিচলিত, তাঁহার আত্মা বিশ্বমাঝে শাশ্বত ও অধ্যাত্মের সহিত অটল অচল নিক্ষম্প যোগে নিবিষ্ট। এই সবের ভিতর দিয়া তিনি লক্ষ্য करतन (य, शाराश्वरतत निवा मक्क्सरे व्यवार्थजार शूर्व रहेश हिनशाह, এবং তিনি শাস্ত বিশ্বব্যাপকত্ব ও সকল বস্তু, সকল প্রাণীর সহিত একত্বের বোধ লইয়া কর্ম্ম করেন। আর এই যে সকল বস্তুর সহিত ঘনিষ্ঠ সংস্পর্শ, ইহার অর্থ নহে যে, তাঁহার আত্মা ও মন ভেদাত্মক নীচের প্রকৃতিতে বদ্ধ: কারণ তাঁহার অধ্যাত্ম উপলব্ধির ভিত্তি নীচের প্রাতিভাসিক রূপ ও ক্রিয়া নহে, পরস্ক তাহা হইতেছে আভাস্তরীন সর্ব্ববাপী আত্মা এবং পর্ম বিশ্বাতীত সত্তা। তিনি তাঁহার প্রকৃতিতে ও সত্তার ধর্মে ভগবানেরই সদৃশ হন, সাধর্ম্যামাগতাঃ, আত্মার বিশ্ব-ব্যাপকত্বের মধ্যেও তিনি বিশ্বাতীত, মন প্রাণ দেহের বাষ্টিছের মধ্যেও তিনি বিশ্বব্যাপী। এই যোগ একবার সিদ্ধ, অটল, স্থদৃঢ় হইলে, তিনি প্রকৃতির যে কোনো ভাবে অবস্থিত থাকিতে পারেন, যে কোনো মানবীয় অবস্থা গ্রহণ করিতে পারেন, বে কোনো বিশ্ব-কর্ম করিতে পারেন. তাহাতে আর তিনি ভগবদ আত্মার সহিত ঐক্য হইতে কিছুমাত্র স্থালিত হন না, দর্বভূতমহেশ্বরের সহিত তাহার নিত্য মিলন বিন্দুমাত্রও কুল্ল হয় না, সর্বাধা বর্ত্তমানোহ পি স যোগী ময়ি বর্ত্ততে।

ভাব ও হৃদয়াবেগের ক্ষেত্রে এই জ্ঞান সেই ভগবানের প্রতি শাস্ত প্রেম ও প্রগাঢ় ভক্তিতে পরিণত হয় যিনি আমাদের উর্দ্ধে বিশ্বাতীত স্মাদিদেব, আর এথানে সকল বস্তুর অধীশ্বর, মামুষের মধ্যে ভগবান,

প্রকৃতির মধ্যে ভগবান। প্রথম প্রথম ইহা হয় শুধু বৃদ্ধির একটা জ্ঞান, কিন্তু ইহার সহিত যুক্ত হয় হৃদয়ের আবেগময় অধ্যাত্মভাব, বুধা ভাব-সমন্বিতা:। হৃদয় ও মনের এই যে পরিবর্ত্তন, ইহাই সমগ্র প্রকৃতির পূর্ণ রূপান্তরের স্থচনা। এক নৃতন আভ্যন্তরীন জন্ম ও বিকাশ আমাদিগকে আমাদের প্রেম ও ভক্তির পরম পাত্রের সহিত একত্বের জ্ঞা প্রস্তুত করিয়া তোলে, মদ্ভাবায়। এই যে-ভগবান তথন জগতের সর্বত্র এবং ইহার উর্দ্ধে দৃষ্ট হন, তাঁহার মহত্ব, সৌন্দর্য্য ও পূর্ণতায় প্রগাঢ় প্রেমানন্দ, প্রীতি, অমুভূত হয়। মন যে জগতে ইতন্তত: বিক্লিপ্ত ও বাহু স্থের সন্ধান করিতেছে, এই গভীরতর আনন্দোলাস ভাহার স্থান গ্রহণ করে, অথবা বলিতে পারা যায় যে, উহা আর সকল আনন্দকে নিজের মধ্যেই টানিয়া লয় এবং এক অত্যাশ্চর্য্য রাসায়নিক ক্রিয়ার দ্বারা মনের ও হৃদয়ের অনুভবসকলকে এবং সমস্ত ইন্দ্রিয়-ক্রিয়াকে রূপান্তরিত করিয়া দেয়। সমগ্র চিত্ত ভগবদ্ময় হইয়া উঠে এবং ভগবদ্ চৈতত্তের সাড়ায় ভরিয়া উঠে; সমগ্র জীবন আনন্দায়ভূতির এক সমুদ্রের মধ্যে নিমজ্জিত হইয়া যায়। এইরূপ ভগবদ্ প্রেমিকগণের সকল বাক্য ও চিন্তা হয় পরম্পরের সহিত ভগবদ বিষয়ে আল্পেন, ভগবদ্তর অনুধাবন। সেই একই আনন্দে সন্তার সকল হৃপ্তি, প্রকৃতির সকল লীলা, সকল স্বথ কেন্দ্রীভূত হয়। চিন্তায় ও স্মৃতিতে মুহুর্ত্তে মুহুর্ত্তে নিতা মিলন হয়, আত্মায় একত্বের অনুভূতি কথনও কোনক্রমে ছিল হয় না। আর যে মুহুর্তে এই আভাত্তরীন অবস্থা আরম্ভ হয়, ইহা ৰখন অপূর্ণ রহিয়াছে তখনও ভগবান পূর্ণ বুদ্ধিযোগের দ্বারা ইহাকে দৃঢ় করিয়া দেন। তিনি আমাদের মধ্যে ভাস্বর জ্ঞানের দীপ প্রজ্জলিত

করিয়া ভোলেন, ভেদাত্মক মন ও বুদ্ধির অজ্ঞানকে ধ্বংস করিয়া দেন, মানবাত্মার মধ্যে প্রকাশিত হইয়া তিনি দণ্ডায়মান হন। কর্ম ও জ্ঞানের প্রদীপ্ত সমন্বয়ের উপর প্রতিষ্ঠিত বুদ্ধিবোগের দ্বারা আমাদের নীচের বিক্ষ্ম মানসিক স্তর হইতে সক্রিয় প্রকৃতিব উর্দ্ধে সাক্ষী আত্মপুরুষের অক্ষর শান্তির মধ্যে উন্নয়ন সম্পন্ন হইয়াছে। কিন্তু এই যে
মহন্তর বুদ্ধিযোগ সর্বব্যাপক জ্ঞানের সহিত প্রেম ও ভক্তির প্রদীপ্ত
সমন্বয়ের উপর প্রতিষ্ঠিত, ইহার দ্বারা এখন মানবাত্মা এক বিশাল
আনন্দে সর্ববিত্তরকর্ত্তা পর্মেশ্বরের সমগ্র লোকাতীত সত্যের মধ্যে উঠিয়া
বায়। ব্যষ্টিগত আত্মা ও ব্যষ্টিগত প্রকৃতির মধ্যে শাশ্বতের প্রকাশ পূর্ণ
হয়; ব্যষ্টিগত আত্মা কালাধীন জন্ম হইতে শাশ্বতের অনস্তত্বের মধ্যে
উর্দ্ধাতি লভে করে।

শ মচিততা মদ্গতপ্রাণা বোধয়তঃ পরম্পরে।
কথয়ন্তশ্চ মাং নিতাং তুয়ন্তি চ রমন্তি চ ॥
তেবাং সততয়ুক্তানাং ভরতাং প্রীতিপূর্বকম্।
দদাম বুদ্ধিযোগং তং যেন মামুপ্যান্তি তে ॥
তেবামেবামুকম্পার্থমহমজ্ঞানরং তমঃ।
নাশ্রামান্তব্যে জ্ঞানদীপেন ভাষতা ॥ ১০।৯-১১

বিভূতিরূপে ভগবান

এখন একটি অতি প্রয়েজনীয় স্থানে উপস্থিত হওয়া গিয়াছে,
অধ্যাত্মমুক্তি এবং দিব্যকর্ম সম্বন্ধে গীতা যে শিক্ষা পরিক্ষৃত করিতেছিল
তাহার সহিত গীতার দার্শনিক তত্ত্বগত সমন্বয়ের বিবৃতি যোগ করিয়া
দেওয়া হইয়াছে। অর্জুনের বুদ্ধিতে ভগবান প্রকটিত হইয়াছেন; মনের
অক্ষমনান ও হাদয়ের দৃষ্টির সম্মুখে তাঁহাকে পরম ও বিশ্বব্যাপী সন্তারূপে,
পরম ও বিশ্বব্যাপী পুরুষরূপে, আমাদের জীবনের অন্তর্থামী ঈশররূপে
গোচর করান হইয়াছে; মাকুষের জ্ঞান, ইচ্ছা ও ভক্তি তাঁহাকেই অজ্ঞান
কুহেলিকার ভিতর দিয়া অনুসন্ধান করিতেছিল। এখন কেবল বাকী
রহিয়াছে বহুলরূপী বিরাট পুরুষের সাক্ষাৎ দর্শনলাভ, তাহা হইলেই দিব্য
প্রকাশনটির নানা দিকের আর একটি দিক পূর্ণ হইবে।

তাত্ত্বিক সমন্বয়টি সম্পূর্ণ ইইয়াছে। আত্মাকে নীচের প্রকৃতি ইইতে পৃথক করিবার জন্ম সাংখ্যকে স্বীকার করা ইইয়াছে, এই পার্থক্য সাধন করিতে ইইবে বিবেকবৃদ্ধির ভিতর দিয়া আত্মজ্ঞান লাভ করিয়া এবং সেই প্রকৃতির উপাদান স্বরূপ গুণত্রয়ের বখাতা ইইতে উপরে উঠিয়া। পরম পুরুষ ও পরাপ্রকৃতির ঐক্য উদারভাবে প্রকট করিয়া সাংখ্যকে সম্পূর্ণ করা ইইয়াছে এবং তাহার সন্ধার্ণতা অভিক্রেম করা ইইয়াছে। অহংকে কেন্দ্র করিয়া যে প্রাকৃত ভেদাত্মক ব্যক্তিরূপ গড়িয়া উঠে তাহার

আত্মবিলোপ সাধনের জন্ম দার্শনিকদের বেদান্তকে স্বীকার করা হটয়াছে। উদার নৈর্ব্যক্তিকতার দারা কুদ্র ব্যক্তিকতার নির্দন করিতে, ব্রহ্মের ঐক্যে ভেদাত্মক ভ্রান্তির ধ্বংস করিতে এবং অহংয়ের অন্ধ দৃষ্টির পরিবর্ত্তে সর্বভূতকে এক আত্মায় এবং আত্মাকে সর্বভূতে দেখিবার সত্যভর দৃষ্টি লাভ করিতে বেদান্তের প্রণালী প্রযুক্ত হইয়াছে। এই বেদান্তের প্রণালীকে পূর্ণ করিয়া তুলিতে পরব্রহ্মকে নিরপেক্ষভাবে প্রকট করা হইয়াছে, তাহা হইতে সচল ও অচল, ক্ষর ও অক্ষর, কর্ম্ম ও অকশ্ম উভয়ই উন্তত। ইহার মধ্যে যে-সকল সঙ্কীর্ণতা আসিয়া পড়া সম্ভব দে-সব অতিক্রম করিতে পরমাত্মা ও ঈশ্বরকে নিবিডভাবে প্রকট করা হইয়াছে, তিনিই সমস্ত প্রকৃতিতে আবিভূতি হইতেছেন, সকল ব্যক্তিরূপের মধ্যে নিজেকে প্রকাশ করিতেছেন এবং সকল কর্ম্মেই তাঁহার প্রকৃতির শক্তি প্ররোগ করিতেছেন। ইচ্ছার্শক্তি, মন ও হৃদয়কে, সমগ্র আভ্যস্তরীণ গত্তাকে ঈশ্বরের নিকট, প্রকৃতির দিব্য অধীশ্বরের নিকট সমর্পন্ধ করিবার জন্ত যোগকে স্বীকার করা হইয়াছে। ইহাকে পূর্ণ করিয়া তুলিতে বিখের পরম অধীখরকে আদিদেব বলিয়া প্রকট করা হইয়াছে, জীব প্রকৃতিতে তাঁহারই আংশিক সত্তা, মমৈবাংশ। এক অথও অধ্যাত্ম ঐক্যের জ্যোতিতে সকল বস্তকেই ঈশ্বর বলিয়া অন্তরাত্মার যে-দৃষ্টি তাহার দ্বারা এই যোগের সকল সম্ভাব্য সঙ্কার্ণতা অতিক্রমিত হইয়াছে।

ফলে হইয়াছে ভগবদ্-সন্তা সম্বন্ধে এক অথণ্ড দৃষ্টি, তাহা একই সঙ্গে বিশ্বের বিশ্বাতীত উৎপত্তিস্থল স্বরূপ পরম সন্তা, বিশ্বের শাস্ত আধার স্বরূপ সর্বভৃতের নিরুপাধিক আত্মা, আবার সকল জীবে, ব্যক্তিতে, শক্তিতে, গুণে অনুস্থাত ভগবান; সেই অনুস্থাত ভগবদ্ সত্তাই সর্বভৃতের অস্তরাত্মা,

কার্য্যকরী প্রকৃতি এবং আন্তর ও বাহু প্রকাশধারা। এক অদ্বিতীয়কে এইরপ অথগুভাবে দেখিয়া ও জানিয়াই জ্ঞানবোগ তাহার পরম পূর্ণতা লাভ করিয়াছে। কর্মবোগ তাহার পূর্ণতম পরিণতি লাভ করিয়াছে সকল কর্মকে তাহাদের অধীশবের নিকট সমর্পণ করিয়া, কারণ প্রাকৃত যে মানব সে এখন কেবল তাঁহার ইচ্ছার একটি যন্ত্রমাত্র, নিমিত্ত মাত্র : ভক্তিযোগের প্রশস্ততম রূপগুলি ব্যাখ্যাত হইরাছে। জ্ঞান ও কর্মের যে প্রগাঢ় সমন্বয়, প্রেম তাহাকে আ্রার সহিত পরমাত্মার উর্দ্ধতম, উদারতম, সমৃদ্ধতম মিলনের মধ্যে লইয়া গিয়া পূর্ণ পরিণতি প্রদান করে। সেই মিলনে জ্ঞানের প্রকাশসকল যেমন বুদ্ধির নিকটে তেমনিই হৃদয়ের নিকটেও সত্য হইয়া উঠে। সেই মিলনে যন্ত্রমণে কর্মকরার হৃদ্ধর আ্রাবলি এক জীবস্ত প্রক্রের সহজ স্বচ্ছন্দ ও আনন্দময় অভিব্যক্তিতে পরিণত হয়। অধ্যাত্ম মুক্তির সমগ্র পন্থাটি দেওয়া হইয়াছে; দিব্য কর্মের সাগ্র ভিত্তিটি রচিত হইয়াছে।

দিবাগুরু এইরূপে যে সম্পূর্ণ জ্ঞান অর্জ্জ্নকে দিলেন, অর্জ্জ্ন তাহা স্থীকার করিয়া লইলেন। তাঁচার মন ইতিমধ্যেই সংশয় ও অয়েষণ হইতে মৃক্ত হইয়াছে; তাঁহার হৃদয় এখন জগতের বাহাদিক হইতে, ইহার বিভ্রান্তকারী বাহাদৃশ্য হইতে নির্ত্ত হইয়া ইহার পরম অর্থ ও উৎপত্তির দিকে, ইহার আভ্যন্তরীণ সভ্যসকলের দিকে ফিরিয়াছে, ইতিমধ্যেই শোক ও হংখ হইতে মৃক্ত হইয়াছে, এবং এক দিব্য দৃষ্টির অনির্কাচনীয় আনন্দের ম্পূর্ণ লাভ করিয়াছে। অর্জ্জ্ন যে ভাষায় তাঁহার স্থীকৃতি ব্যক্ত করিলেন ভাহাতে প্নরায় এই জ্ঞানের স্থগভীর সমগ্রতা এবং ইহার সর্কত্যেম্বী শ্রেষ্ঠতা ও পূর্ণতার উপর জারে দেওয়া হইয়াছে। যে অবতার, নর-রূপী

ভগবান, তাঁহার সহিত কথা কহিতেছেন, প্রথমতঃ, তাঁহাকে তিনি পরম ব্রহ্ম বলিয়া স্বীকার করিয়া লইলেন, তিনি বিশাতীত সর্বাত্মক সভা, পরাৎপর, জীব যথন এই ব্যক্তজগৎ ও এই আংশিক প্রকাশ হইতে উঠিয়া তাহার মূলে ফিরিয়া যায় তথন সে তাঁহার মধ্যে বাস করে. পরং ধাম*। তাঁহাকে তাঁহার চিরমুক্ত সন্তার পরম পবিত্রতায় তিনি স্বীকার করিয়া লইলেন, পবিত্রম পরমম; অক্ষর আত্মার চিরশাস্ত ও স্থির নৈর্ব্যক্তিকভার মধ্যে অহংকে লুপ্ত করিয়া দিয়া মানুষ এই পরম প্রবিত্রভায় উপনীত হয়। তাহার পর তিনি তাঁহাকে শাখত স্নাতন দিব্য পুরুষ বলিয়া স্বীকার করিয়া লইলেন, পুক্ষম শাশ্বতম্ দিবাং। তাঁহার মধ্যেই তিনি আদিদেবকে অভিবাদন করিলেন, যে অজাত পুরুষ সকল বিশ্বের সর্বব্যাপী, অন্তর্গামী আত্ম-প্রসারী প্রভূ তাঁহার স্তব করিলেন, আদিদেবমজং বিভূম। যিনি সকল বর্ণনার অভীত, কারণ কিছুই তাঁহাকে অভিব্যক্ত করিতে পারে না, ন হি তে ভগবুর, ব্যক্তিং বিহুর্দ্দেবা ন দানবা:,† কি দেব, কি দানব কেহই তাঁহার অভিব্যক্তি জানে না, সেই আশ্চর্য্যময় পুরুষরূপেই ষে তিনি তাঁহাকে স্বীকার করিয়া লইলেন শুধু ভাহাই নহে, পরস্ক ভিনি তাঁহাকে সর্বভৃত্তের অধীশ্বর এবং ভাছাদের সকল রূপায়নের এক দিবা কারণ বলিয়াও মানিয়া লইলেন.

পরং ক্রন্ধ পরং ধাম পবিত্রং পরমং ভবান্।
 পুরুষং শাখতং দিব্যমাদিদেবমজং বিভুষ্ ॥ ১০।>২

[†] সর্বমেতদৃতং মক্ষে যক্ষাং বদসি কেশব। ন হি তে ভগবন্ ব্যক্তিং বিছর্দেবা ন দানবাঃ ॥ ১০।১৪

ভিনি দেবতাদেরও দেবতা, তাঁহা হইতেই সকল দেবতার উৎপত্তি, তিনি জগতের পতি, উর্দ্ধ হইতে তাঁহার পরম ও বিশ্বগত প্রকৃতির দ্বারা ইহাকে প্রকট করিতেছেন, পরিপালনও করিতেছেন, ভূতভাবন ভূতেশ দেবদেব জগৎপতে*। অবশেষে তিনি তাঁহাকে আমাদের অস্তরে ও বাহিরে অবস্থিত সেই বাস্কদেব বলিয়া মানিয়া লইলেন যিনি তাঁহার বিশ্বব্যাপী সর্ব্বত্র-বিরাজিত সর্ব্ব-সংগঠনকারী বিভৃতিসকলকে আশ্রয় করিয়া ইহ-সংসারের সকল বস্তু হইয়াছেন †।

এই সত্যকে তিনি গ্রহণ করিয়াছেন তাঁহার হাদয়ের ভক্তি দিয়া, তাঁহার ইচ্ছাশক্তির আরুগত্য দিয়া, তাঁহার বৃদ্ধির ধারণা দিয়া। এই জ্ঞানে এবং এই আরুসমর্পণের সহিত ভগবানের যন্ত্রমণে কর্ম করিতে তিনি ইতিমধ্যেই প্রস্তুত হইয়াছেন। কিন্তু এক স্থায়ী গভীরতর অধ্যাম্ম অনুভূতির জন্ম তাঁহার হলয়ে ও ইচ্ছায় আকাজ্ঞা জাগ্রত হইয়াছে। এই যে সত্য ইহা কেবল পরমায়ার কাছে তাঁহার নিজের আত্মজানেই প্রকট—কারণ অর্জুন বলিয়া উঠিলেন "কেবল তৃমি, হে পুরুষোত্তম, নিজেকে দিয়া নিজেকে জান" স্বয়মেবায়ানং বেখ স্বং পুরুষোত্তম। এই যে জ্ঞান ইহা আসে আধ্যাম্মিক প্রক্রোপলন্ধির দায়া এবং প্রাক্ত মানবের হৃদয় ইচ্ছা বৃদ্ধি বিনা সহায়ে নিজেদের ক্রিয়া দায়া ইহা লাভ করিতে সক্ষম হয় না, কেবল অসম্পূর্ণ মানসিক প্রতিচ্ছায়া পাইতে পারে, তাহাতে

স্বরমেবায়নায়ানং বেথ বং পুরুষোত্তম।
 ভূতভাবন ভূতেশ দেবদেব জগৎপতে॥ ১•]১৫

[†] বক্তুমর্হস্তশেবেণ দিব্যা ফাক্সাবিভূতর:। যান্ডির্বিভূতিভির্লোকানিমাং স্বং বাপ্য তিষ্ঠসি ॥ ১০:১৬

ৰত প্ৰকাশিত হয় তাহা অপেক্ষা আব্বিত ও বিক্লত হয় অধিক। এই গুফ বিজ্ঞা শুনিতে হয় সেই সব ঋষির নিকট হইতে বাঁহারা সাক্ষাৎ সত্যকে দেখিয়াছেন, ইহার বাক্য শ্রবণ করিয়াছেন এবং স্তায় ও আত্মায় ইহার সহিত এক হইয়াছেন। "সকল ঋষি, দেবৰ্ষি নারদ অসিত দেবল ব্যাস প্রভৃতি তোমাকে এইরূপেই বর্ণনা করিয়াছেন" । অথবা (य अर्थामी ज्ञानान आमारनंत्र श्रन्तं क्वानंत्र क्वार नीम ज्वामा भरतनः তাঁহার নিকট হইতে দিবা দৃষ্টি ও দিবা শ্রুতি সহায়ে এই সভ্যকে অস্তবের মধ্যেই লাভ করিতে হয় ৷ স্বয়ং চৈব ব্রবীষি মে, "এবং তুমি ম্মংই আমাকে এইরূপ বলিভেছ।" একবার এই সভা প্রকটিত হইলে. মনের সম্মতি, ইচ্ছাশক্তির সম্মতি এবং হৃদয়ের আনন্দ ও আফুগত্যসহ তাহাকে বরণ করিয়া লইতে হইবে; পরিপূর্ণমানসিক শ্রদ্ধা এই তিনটিকে লইয়াই গঠিত। অর্জ্জুন ঠিক এইভাবেই সভাটিকে গ্রহণ করিয়াছেন; সর্বমেতদূতং মত্তে ষন্মাং বদসি কেশব, "হে কেশব ! তুমি আর্মীকৈ যাহা যাহা কহিলে আমার মন সে-সমস্তই সত্য বলিয়া গ্রহণ করিতেছে।" কিন্তু ইহা ছাড়াও প্রয়োজন আমাদের নিগুঢ় অধ্যাত্ম সন্তায় এই সত্যকে আয়ত্ত করা: আমাদের অন্তর্রতম অন্তরাত্মা চায় অলজ্যনীয় অনির্বাচনীয় অধ্যাত্ম উপলব্ধি—মানসিক অমুভূতি তাহার কেবল উপক্রমণিকা বা ছায়ামাত্র, এবং সেই অধ্যাত্ম উপলব্ধি ব্যতীত অনস্তের সহিত পূর্ণ মিলন হওয়া সম্ভব নহে।

শাহবামূবর: সর্বে দেবর্ষিনারণতথা।
 শাসতো দেবলো: ব্যাস: বরং চৈব ব্রবীবি মে॥ ১০।১৩

এখন সেই উপলব্ধি কেমন কয়িয়া লাভ করা যায় অৰ্জ্জনকে সেই পম্বাই দেওয়া হইতেছে। মহান স্বতঃসিদ্ধ যে-সব দিবা তত্ত্ব, সে-সব মনকে বিভ্রাস্ত করে না। পরম পুরুষ ভগবানের ধারণা, অক্ষর পুরুষের অমুভৃতি, সর্ব্বত্র সর্ব্বভৃতে অমুম্বাত ভগবদ সত্তাকে সাক্ষাৎ প্রত্যক্ষ, সচেত্রন বিশ্বপুরুষের স্পর্শ—এই সবের দিকে মন নিজেকে উন্মুক্ত করিতে পারে। একবার মন এই ধারণায় উদ্রাসিত হইলে, মান্তুয় সহক্ষেই পথটি অমুসরণ করিতে পারে এবং প্রথম প্রথম সাধারণ মানসিক অনুভৃতি উপলব্ধি সকলের উপরে উঠা ষতই কঠিন হউক, শেষ পর্য্যন্ত আত্মার অমুভূতিতে সেই সকল মূল সভ্যে পৌছিতে পারে যাহারা আমাদের সন্তার এবং সর্বভৃতের সন্তার পশ্চাতে রহিয়াছে, আত্মনা আত্মানাম। সে সহজেই ইহা পারে কারণ এই সকল জিনিষ একবার ধারণা করিতে পারিলেই স্পষ্ট সে-সবকে দিব্য সভ্য বলিয়া বৃঝিতে পারা যায়; আমাদের মানসিক সংস্কারাদির মধ্যে এমন কিছুই নাই যাহা ভগবানের এই সব উচ্চভাবকে স্বীকার করার পথে প্রতিবন্ধক হইতে পারে। কিন্তু কঠিন হইতেছে জগৎ বস্ততঃ যেরূপ প্রতীয়মান হয় তাহার মধ্যেই ভগবানকে দেখা. প্রকৃতির এই বাস্তব সভ্যের মধ্যে এবং এই সব ঘটনাপরস্পরার ছল্মবেশের মধ্যে তাঁহার সন্ধান পাওয়া; কারণ এথানে সবই এই মহান ঐকাসাধক ভাবের বিরোধী। কেমন করিয়া আমরা गানিয়া লই বে ভগবান রহিয়াছেন মামুষে, পশুতে, জড়পদার্থে ? উত্তমে ও অধ্যে ? মধুরে ও ভীষণে ? শুভে ও অশুভে ? ভগবান বিখের সকল পদার্থে ব্যাপ্ত বহিয়াছেন, ভগবান সম্বন্ধে এইরূপ কোন ধারণা লইয়া যদি আমরা তাঁহাকে দেখি জ্ঞানের আদর্শ আলোকের মধ্যে, শক্তির মহন্তের মধ্যে, ্রোন্দর্যোর মনোহারিত্বের মধ্যে, প্রেমের কল্যাণকারিতার মধ্যে, আত্মার উদার বিশালতার মধ্যে, তাহা হইলে এই সকল মহৎ জিনিষের সহিত ইহাদের বিপরীত যে-গুলি বাস্তবে জড়িত রহিয়াছে, ইহাদিগকে ঢাকিয়া আচ্ছন করিয়া রাখিয়াছে, তাহাদের দারা সেই ঐক্যবোধ বিনষ্ট হইয়া বাইবে তাহা আমরা কেমন করিয়া নিবারণ করিব ৫ আর যদি মানবীয় মন ও প্রকৃতির অপূর্ণতা সত্ত্বেও আমরা ভাগবত মামুষের মধ্যে ভগবানকে দেখিতে পারি, তাহা হইলে যাহারা তাঁহার প্রতিকূলে দণ্ডায়মান হয়, আমরা ভগবদবিরোধী বলিতে যাহা বঝি যাহারা কর্মে ও স্বভাবে ভাহারই প্রতিনিধি তাহাদের মধ্যে আমরা কেমন করিয়া ভগবানকে দেখিব ? যদি সাধু সজ্জনের মধ্যে নারায়ণকে দেখা সহজ হয়, পাপীর মধ্যে, ছরাচারীর মধ্যে, পতিভা ও অস্তাজের মধ্যে তাঁহাকে দেখা কেমন ক্রিয়া আমাদের পক্ষে সহজ হইবে ৪ জগতের সকল ভেদ বৈষ্ম্যের মধ্যে পরম পবিত্রতা ও ঐক্যের সন্ধান করিতে গিয়া জ্ঞানীকে দৃদৃষ্ট্রেই বলিভে হয় নেতি, নেতি, ইহা নয়, ইহা নয়। যদিও জগতের অনেক জিনিষেই আমরা ইচ্ছায় হউক বা অনিচ্ছায় হউক সায় দিতে পারি এবং বিশ্বমাঝে ভগবান রহিয়াছেন স্বীকার করিতে পারি, তাহা হইলেও অধিকাংশ জিনিষের সম্মুখেই মন কি পুন: পুন: বলিবে না, "ইহা নয়, ইহা নয় ?" মানব মন সর্বাদা বাহ্ন দুখা ও ঘটনাবলীর মধ্যে আবদ্ধ, তাহার পক্ষে এখানে বুদ্ধির স্বীক্ততি, ইচ্ছাশক্তির সম্মতি, হৃদয়ের শ্রদ্ধা অনেক সময়েই কঠিন হইয়া পড়ে। অন্ততঃ কতকগুলি মতঃসিদ্ধ নিদর্শন প্রয়োজন, কতকগুলি এমন হত্ত ও সেতু প্রয়োজন বাহা ঐক্যবোধের কঠিন প্রয়াদের সহায় হইবে।

অর্জ্জন এইরূপ সহায় ও নিদর্শনের প্রয়োজনীয়তা অমুভব করিলেন, ষদিও তিনি বাহ্নদেবই সব, বাহ্নদেবঃ সর্বাম, এই দিব্য সত্য স্বীকার করিয়াছেন এবং তাঁহার হৃদয় ইহার আনন্দে পূর্ণ হইয়া উঠিয়াছে (কারণ ইতিমধ্যেই তিনি দেখিতেছেন যে এই সতা তাঁহার মনের বৈকলা ও ভেদবৈষম্য সকল হইতে তাহাকে মুক্ত করিতেছে, বিরোধসস্কুল জগতের সমস্তাসকলের দ্বারা বিভ্রাস্ত তাঁহার সেই মন একটি হত খুঁ জিতেছিল, একটি দিশারী সভ্যের সন্ধান করিতেছিল; এবং তাঁহার প্রবণে ইং। অমৃতের ভায় অমুভূত হইতেছে, তৃপ্তিহি নাল্ডি মে২মৃতম্।) তিনি অফুডব করিতেছেন যে পূর্ণ ও স্থাদৃড় উপলব্ধির হুন্ধহতা দুর করিবার জন্ম ঐক্নপ নিদর্শন ও আশ্রয় একান্ত প্রয়োজনীয় : কারণ তাহা না হইলে এই জ্ঞানকে কেমন করিয়া হাদয়ের এবং জীবনের জিনিষ করিয়া ভোলা ষাইবে ? তিনি সহায়ক নিদর্শন সকল জানিতে চাহিলেন, প্রীকৃষ্ণকে তাঁহার দিবা বিভৃতিসকল সম্পূর্ণভাবে ও পুঝারুপুঝরূপে বর্ণনা করিতে বলিলেন, প্রার্থনা করিলেন যেন তাঁহার দৃষ্টি হইতে কিছুই না বাদ পড়ে, আর ষেন কিছুর ধারা তাঁহাকে বিভ্রাস্ত হইতে না হয়*। তিনি ৰলিলেন, "তুমি খে-সকল বিভৃতি দ্বারা সর্বলোক ব্যাপিয়া রহিয়াছ,

বজুমর্হস্তশেষেণ দিব্যা হান্ধবিভৃতয়ঃ।
 বাভির্বিভৃতিভির্নোকানিমাং বং ব্যাপ্য তিঠিদি ॥
 কবং বিভামহং যোগিং বাং দদা পরিচিত্তয়ন্।
 কেব্ কেব্ চ ভাবেব্ চিন্তোহিদি ভগবয়য়া ॥
 বিভরেণাদ্ধনো বোগং বিভৃতিং চ জনার্দন।
 ভুয়ঃ কবর তৃতির্হি শৃণুতো নাত্তি মেহমুতম ॥ ১০।১৬—১৮

ভোষার সেই দিব্য আত্মবিভৃতিসকল নিঃশেষে সমস্ত বর্ণনা কর। ছে যোগিন্! আমি সদা সর্বত্র ভোমাকে চিস্তা করিয়। কিরপে জানিব ? হে ভগবান। কি কি প্রধান প্রধান ভাবে আমি ভোমাকে চিস্তা করিব ? এই যে যোগের দ্বারা তুমি সবের সহিত এক এবং সবের মধ্যে এক এবং সব ভোমারই সন্তার পরিণাম, সবই ভোমার প্রকৃতির ব্যাপক বা প্রকৃত্ত বা প্রছের শক্তি, সেই যোগ আমাকে বিস্তৃতভাবে এবং পুজারপুজারপে বর্ণনা কর, এবং বার বার বল; আমার নিকটে ইহা অমৃত স্বরূপ, আমি বতই ইহা শ্রবণ করি না কেন, কিছুতেই আমার তৃপ্তি হইতেছে না। এখানে আমরা গীতার মধ্যে একটা জিনিষের ইঙ্গিত পাইতেছি, যেট গীতাকোণাও স্পষ্ট করিয়া প্রকাশ করে নাই, কিন্ত উপনিষদের মধ্যে পুনঃ প্রায় উল্লেখ আছে এবং পরে ভাহা বৈষ্ণব ও শাক্ত-ধ্র্মের দ্বারা গভীরতর দৃষ্টির সহিত বিকশিত হইয়াছিল—জগৎ মাঝে যে ভগবান রহিয়াছেন তাঁহাতে মানুষের আনন্দলাভের সন্তাবনা, বিশানন্দ, জগজননীর লীলা, ভগবদ্ লীলার মাধুরী ও গোন্দর্য্য।

দিব্যপ্তর শিষ্মের অন্থরোধ রক্ষা করিলেন, কিন্তু প্রথমেই তাঁহাকে স্মরণ করাইয়া দিলেন যে, পূর্ণ উত্তর সম্ভব নহে। কারণ ভগবান অনস্ত এবং তাঁহার প্রকাশও অনস্ত। তাঁহার প্রকাশের রূপসকলও অসংখ্য। প্রত্যেক রূপই নিজের মধ্যে লুক্তায়িত কোন ভগবদ শক্তির প্রতীক, বিভৃতি এবং বাঁহাদের দৃষ্টি আছে তাঁহারা দেখেন প্রত্যেক সসীম বস্তুই আপন আপন ভাবে অনস্তকে প্রকাশ করিতেছে। তিনি বলিলেন, হাঁ, আমি তোমাকে আমার দিব্য বিভৃতিসকল বর্ণনা করিব, তবে কেবল নিদর্শন হিসাবে প্রধান প্রধান বিভৃতির করেকটি নাত্র বলিব; এমন

কতকগুলি জিনিষের দৃষ্টাস্ত দিব বে-সবের মধ্যে তুমি পুব সহজেই ভগবানের শক্তি দেখিতে পাইবে, প্রাধান্ততঃ, উদ্দেশতঃ∗। কারণ জগতে ভগবানের আত্মবিস্তারের অন্ত নাই, নান্তি অন্ত: বিন্তরম্ভ মে। এই কথা ম্মরণ করাইয়া দিয়া গুরু যে বর্ণনা আরম্ভ করিলেন, বর্ণনার শেষেও আবার তাহার উল্লেখ করিলেন এইটির উপর বিশেষ ভাবে জোর দিবার জন্ম যেন এ-সম্বন্ধে আর কোনও ভুল না হইতে পারে। তাহার পর এই অধ্যায়ের শেষ পর্যান্ত আমরা পাই এই সকল প্রধান প্রধান দুষ্টান্তের, জগতের মামুষ ও জিনিষদকলের মধ্যে যে ভগবদ শক্তি অমুস্থাত রহিয়াছে ভাহার এই সব প্রকৃষ্ট লক্ষণের সংক্ষিপ্ত বর্ণনা। প্রথমে মনে হয় যেন সেগুলি এলোমেলোভাবে বর্ণনা করা হইয়াছে, তাহাদের মধ্যে কোনও পারম্পর্য্য নাই: তথাপি সেই বর্ণনায় একটি বিশেষ স্থত্র অমুসরণ করা হইয়াছে, যদি আমরা একবার সেই স্ত্রটিকে ধরিতে পারি তাহা হুইলে এখ্যাকার বক্তব্যের নিগৃঢ় অর্থ ও পরিণতি বুঝার পক্ষে সাহায্য হইবে। এই অধ্যায়টির নাম দেওয়া হইয়াছে, বিভৃতি ষোগ, এ-ষোগটি অপরিহার্য্য। ভগবান বিশ্বে যাহা কিছু হইয়াছেন, ভভ অভভ, পূর্ণতা অপূর্ণতা, আলো আঁধার, ভগবানের সমগ্র বিভৃতির সহিতই সমানভাবে আমাদিগকে ঐক্য উপলব্ধি করিতে হইবে, তথাপি সেই मक्टि व्यामामिशक डेलनिक कतिए इटेरव एवं, टेटात मध्य धकरी উত্তরোত্তর ক্রমবিকাশের শক্তি রহিয়াছে, বস্তুসকলের মধ্যে ভগবানের

হস্ত তে কথয়িছাবি দিব্যা হাল্পবিভূতয়:।
 প্রাধান্ততঃ কুরুশ্রেষ্ঠ নান্ত্যন্তো বিন্তরক্ত মে ॥ ১০।১৯

আত্মপ্রকাশের একটা ক্রমবর্দ্ধমান ধারা রহিয়াছে, একটি এমন স্তর-বিস্তাদের রহস্ত রহিয়াছে যাহা আমাদিগকে নীচের ছল্পবেশসকল হইতে ক্রমশঃ উচ্চ হইতে উচ্চতর প্রকাশের ভিতর দিয়া বিশ্বপুরুষের উদার আদর্শ প্রকৃতির দিকে তুলিয়া লইয়া যায়।

এই সংক্রিপ্ত বর্ণনার আরম্ভ হইল সেই আদিতত্ত্বের উল্লেখ করিয়া যাহা এই বিশ্বপ্রকাশের সকল শক্তির মধ্যে অমুস্থাত রহিয়াছে। সেইট এই যে, প্রত্যেক জীব প্রত্যেক বস্তুর মধ্যে ভগবান গুপ্তভাবে বাস করিতেছেন এবং তাঁহাকে সেখানে আবিদ্ধার করা যায়; তিনি সকল জীব, সকল বস্তুর মন ও ছাদয়-গুহায় বাস করিতেছেন, তিনি তাহাদের বাহ্ন ও আভ্যন্তরীণ জীবনধারার মর্শ্বস্থলে অন্তরাস্থা, যাহা কিছু আছে. ষাহা কিছু হইয়াছে বা হইবে তিনি সে-সবেরই আদি, মধ্য এবং অন্ত∗। কারণ এই যে আভান্তরীণ দিব্য আত্মা মন ও হৃদয়ের মধ্যে ইহাদের অগোচরে বাস করিতেছেন, এই যে জ্যোতির্ময় অন্তর্নাসী তাহারই প্রতিনিধিরূপে প্রকৃতিতে প্রতিষ্ঠিত জীবাত্মার অগোচর, ইনিই নিরন্তর কালের মধ্যে আমাদের বাজিত্বের পরিবর্ত্তনের বিকাশ করিতেছেন, এবং দেশের মধ্যে আমাদের ইন্দ্রিয়ামুভতিমূলক জীবনের বিকাশ করিতেছেন, —কাল ও দেশ আমাদের মধ্যে ভগবানেরই ভাবাত্মক গতি ও বিস্তার। সবই এই আত্মদুৰ্নী আত্মা, আত্মবিকাশুশীল অধ্যাত্ম সন্তা। কারণ সর্ব্বদা সকল জীবের মধা হইতে, সকল চেতন ও অচেতন সন্তার মধ্য হইতে, এই

> অহমান্ধা গুড়াকেশ সর্ব্বভূতাশরস্থিতঃ। অহমাদিশ্চ মধ্যং চ ভূতানামস্ত এব চ ॥ ১০।২০

অফুভূতিতে প্রতীয়মান হন। আবার দেশরূপে তিনিই সকল দিক হইতে আমাদের সন্মুখীন হন, লক্ষ লক্ষ তাঁহার শরীর, অসংখ্য তাঁহার মন, সর্বভূতে তিনি প্রকাশমান: আমরা আমাদের সকল দিকে তাঁহার মুখ দেখিতে পাই, ধাতা অহং বিশ্বতোমুখ:। কারণ এই যে কোটি কোটি জীব ও বস্তু, সকলের মধ্যে, সর্বভৃতেষু, একই সঙ্গে ক্রিয়া করিতেছে তাঁহার আত্মা, চিন্তা ও শক্তির রহস্ত, তাঁহার দিবা স্কন-প্রতিভা, তাঁহার আশ্চর্য্যময় গঠন-নৈপুণ্য এবং সম্বন্ধ, সম্ভাবনা এবং অনিবার্য্য কার্য্যকারণ-পরস্পর! নির্দারণের অভাম নীতি। আবার তিনি জগতে সক্ষদংহারকর্তা মৃত্যুরূপে আমাদের নিকট প্রতিভাত হন, মনে হয় তিনি যেন স্ষ্টি করিতেছেন শুধু শেষকালে তাঁহার সৃষ্টিসকলকে ধ্বংস করিবার জন্তই, অহম্ মৃত্যু: সর্বাহর:। অথচ তাঁহার লীলাশক্তির কার্য্য বন্ধ হয় না, কারণ পুনর্জন্ম এবং নবস্প্টির শক্তি মৃত্যু ও ধ্বংদের সহিত সমান গতিতে চলিয়াছে, অংন উদ্ভবঃ চ ভবিষ্যতাম। সর্বভৃতের অন্তর্নিহিত যে দিব্য আত্মা তাহাই বর্ত্তমানকে ধরিয়া রহিয়াছে, অতীতকে সংহরণ করিতেছে, ভবিষাতকে সৃষ্টি কবিতেছে।

তাহার পর এই যে সব সজীব সন্তা, বিশ্বদেবতা, অতিমানব, মানব, মানবেতর প্রাণী, ইহাদের মধ্যে এবং সকল গুণ, শক্তি, বস্তুর মধ্যে—প্রত্যেক শ্রেণীর যাহা প্রধান, শার্ষস্বরূপ, গুণে সর্ব্বোত্তম, তাহাই ভগবানের একটি বিশিষ্ট শক্তি, বিভৃতি। ভগবান বলিলেন, আমি আদিত্যগণের মধ্যে বিষ্ণু, রুদ্রগণের মধ্যে শিব, দেবগণের মধ্যে ইক্র, দৈত্যগণের মধ্যে প্রহলাদ, পুরোহিতগণের মধ্যে শ্রেষ্ট বৃহম্পতি, সেনাপতিগণের মধ্যে রুপদেবতা স্থান, মুক্রগণের মধ্যে মরীচি, যুক্ররক্ষোগণের মধ্যে ধনপতি

কুবের, নাগগণের মধ্যে অনস্ত নাগ, বস্থগণের মধ্যে অগ্নি, গন্ধর্বগণের মধ্যে চিত্ররণ, জনমিতাদের মধ্যে প্রেমের দেবতা কলপ্, জলদেবতাগণের মধ্যে বরুণ, পিতৃগণের মধ্যে অর্য্যা, দেবর্ষিগণের মধ্যে নারদ, নিয়মস্থাপয়িতাগণের মধ্যে নিয়মের দেবতা যম, বায়ুগণের মধ্যে পবনদেবতা। আবার অন্তদিকে আমি জ্যোতি ও দীপ্রিগণের মধ্যে জ্যোতির্ময় হর্ষ্যা, নিশার নক্ষত্রগণের মধ্যে চক্র, তরক্লায়িত জলাশয় সমূহের মধ্যে সাগর, শিথরগণের মধ্যে স্থেমরু, পর্ব্বতমালা সমূহের মধ্যে হিমালয়, নদীসকলের মধ্যে গক্ষা, অন্ত সমূহের মধ্যে দিব্যান্ত বজ্ঞ। সকল লতা বৃক্ষের মধ্যে আমি অর্থা, অশ্বগণের মধ্যে ইক্রের অশ্ব উচ্চৈঃশ্রবা, গজেক্রগণের মধ্যে প্রিরাবত, বিহঙ্গগণের মধ্যে গরুড়, সর্পগণের মধ্যে সর্পরাজ বাস্থকী, ধেরুগণের মধ্যে কামধেরু, মৎন্তগণের মধ্যে মকর, অরণ্যের পশুগণের মধ্যে গিংহ। আমি বৎসরের প্রথম মাস মার্গনীর্ষ (অগ্রহায়ণ); ঋতুসমূহের মধ্যে আমি স্থলরতম বসন্ত ঋতু।

ভগবান অর্জ্নকে বলিলেন, সজীব সন্তাসকলের মধ্যে আমি সেই চৈতন্ত যাহার দ্বারা তাহারা নিজেদিগকে এবং নিজেদের পারিপাধিক অবস্থা সমূহকে অবগত হয়। ইন্দ্রিয়গণের মধ্যে আমি মন, মনের দ্বারাই তাহারা বস্তুসকলের জ্ঞান লাভ করে এবং তাহাদের উপর প্রতিক্রিয়া করে। তাহাদের মনের, চরিত্রের, শরীরের, কর্ম্মের সকল গুণই আমি। আমি কীর্ত্তি, বাক্, স্মৃতি, মেধা, ধৃতি, ক্ষমা; তেজস্বিগণের তেজ আমি, বলবানগণের বল আমি। আমি দৃঢ়সঙ্কল্ল ও অধ্যবসায় ও জয়; আমি পুণ্যবানগণের সন্ত গুণ, চতুরগণের হ্যত হল; আমি শাসকদের শাসন দণ্ড, ক্ষিনীযুদের নীতি। আমি গুঞ্বিষ্যের মৌন, জ্ঞানীর জ্ঞান, তার্কিকের.

তর্কবৃদ্ধি। অক্ষর-সমূহের মধ্যে আমি অ-কার, সমাস-সমূহের মধ্যে ছন্দ্ধ, বাক্য-সমূহের মধ্যে পৃত একাক্ষর ওঁ-কার, ছন্দ-সমূহের মধ্যে গায়ত্ত্রী, বেদ-সমূহের মধ্যে সামবেদ, এবং মন্ত্র-সমূহের মধ্যে বৃহৎ সাম। আমি গণকদের কাছে কাল। দর্শন, বিজ্ঞান, শিল্পকলা প্রভৃতি বিজ্ঞা-সমূহের মধ্যে আমি অধ্যাত্মবিজ্ঞা। মানুষের যাবতীয় সামর্থ্য আমি, বিশ্বের এবং বিশ্বের অন্তর্গত জীবসকলের যাবতীয় শক্তি আমি।

যাহাদের মধ্যে আমার শক্তিসকল মানবীয় সিদ্ধির উচ্চতম সীমায় উঠে, তাহারা সর্বাদা আমিই, আমার বিশেষ বিভৃতি। আমি নরগণের মধ্যে নরাধিপ, নেতা, বীর, শ্রেষ্ট পুরুষ। যোদ্ধাগণের মধ্যে আমি রাম, वृक्षिशालत मार्था कृष्क, भाखनशालत मार्था धनक्षत्र । निवाडकानमण्यत श्रीष আমার বিভৃতি; মহর্ষিগণের মধ্যে আমি ভৃগু। মহান দ্রষ্টা, অনুপ্রাণিত কবি, বিনি ভাবের আলোকে এবং বাক্যের ধ্বনিতে সভ্যকে দেখেন এবং প্রকট করেন, তিনিও আমি, মানবাধারে আমারই জ্যোতি; দ্রষ্ট্রা-कविशालंद मार्था जामि जैनना। मूनि, मनीयी, नार्ननिकछ बाग्रूरवद मार्था षामात्रहे भक्ति, षामात्रहे तृह९ मनीवा, मूनिगणत मधा षामि वाम। কিন্তু প্রকাশ-ক্রমের যতই বৈচিত্র্য থাকুক না কেন, সকল জিনিষ্ট আপন আপন ভাবে ও প্রকৃতিতে ভগবানেরই বিভিন্ন শক্তি: আমা বাতীত জগতে স্থাবর জন্ম, সজীব নিজ্জীব, কিছুই থাকিতে পারে না। স্বভ্তের আমি দিব্য বীজ, এবং সকলে সেই বীজেরই শাখা ও পুস, আত্মায় বীজন্নপে যাহা আছে, তাহাই তাহারা প্রকৃতিতে বিকাশ করিতে পারে। আমার দিব্য বিভূতিসকলের সীমা সংখ্যা নাই; আমি বাহা বলিলাম ইহা কেবল সংক্ষিপ্ত বৰ্ণনা, আমি কেবল কভৰগুলি প্ৰধান

প্রধান ইন্ধিতের মালোক দিয়াছি, এবং দৃঢ়ভাবে অসংখ্য সত্যের দ্বার গুলিয়া দিয়াছি। জগতে স্থন্দর ও শ্রীমান যত জীব দেখিবে, মানবজাতির মধ্যে, তাহার উদ্ধে এবং তাহার নীচে যাহাকেই দেখিবে মহান এবং শক্তিমান তাহাকে আমার প্রভা, জ্যোতি, শক্তি বলিয়া এবং আমারই তেজের অংশ হইতে উদ্ভূত বলিয়া জানিবে। কিন্তু এই জ্ঞানের অত গুঁটনাটি জানিবার প্রয়েজন কি ? ইহাই জানিয়া রাখ য়ে, আমি এই কগতে এবং সর্বাত্র বিরাজ করিতেছি, আমি সকলের মধ্যে আছি এবং নকলের উপানান; আমি ব্যতীত আর কিছুই নাই, আমাকে ছাড়া আর কিছুই নাই। আমি এই সমগ্র বিশ্বকে ধরিয়া রহিয়াছি আমার অসীম শক্তির একটি মাত্রার দ্বারা, আমার অমেয় অধ্যাত্ম সন্তার ক্ষুলিঙ্গ, ত্রুবণ মাত্র।

বিভূতি তত্ত্ব

গীতার দশম অধ্যায়টি প্রথম দৃষ্টিতে যেরূপ মনে হয় তাহা অপেক্ষা অনেক বেশী প্রয়োজনীয়। যে মতবাদ সংসারের জীবন হইতে চরম মুক্তি চায়, মানৰ আত্মাকে সংসার-লীলা হইতে বিমুগ করিয়া বিশ্বের **অতীত, সকল সম্বন্ধের অতীত স্থ**দূর নিরুপাধিক সন্তার দিকে লইতে চাঃ, গীতার মধ্যে কেবল সেই মতবাদের সমর্থন খুঁজিতে গেলে এই দশ্ম অধ্যায়ের প্রকৃত মূল্য ও মর্য্যাদা বুঝা যায় না। মানুষের মধ্যে ভগবান রহিয়াছেন—এই মহান সভাই গীভার বাণী। তিনি ক্রুমবর্দ্ধমান যোগশক্তির বলে নীচের প্রকৃতির যায়া আবরণ সরাইয়া নিজেকে প্রকাশিত করেন, মানবাত্মার সকাশে নিজের বিশ্ব-সত্তা প্রকট করেন, তাঁচার বিশ্বাতীত পরম ঐশ্বর্যসকল প্রকট করেন, মানুষের মধ্যে এবং সর্ব্বভূতের মধ্যেই যে তিনি রহিয়াছেন তাহা স্পষ্টভাবেই দেখাইয়া দেন। এই যে দিবাযোগ, মানুষের ভাগবত সত্তায় গড়িয়া উঠা, মানবাত্মার মধ্যে মানুষের অন্তর্গ ষ্টির সমুথে ভগবানের আত্মপ্রকাশ, ইহারই ফলে আমরা আমাদের কুদ্র অহং হইতে মুক্ত হইয়া এক দিব্য মানবভার উদ্ধাতন প্রকৃতিতে উঠিতে সক্ষম হই। মর্ত্তাজীবনের জালে, গুণত্ররের জটিল বন্ধনে নহে. পরস্ত সেই উচ্চতর অধ্যাম প্রকৃতির মধ্যে বাস করিয়া, জ্ঞান ভক্তি ও কর্মে ভগবানের সহিত এক হইলা এবং নিজের সমস্ত সন্তাকে ভগবানে

ব্দর্পণ করিয়া মাত্রব চরমতম বিখাতীত গতি লাভ করিতে পারে। কিন্ত আবার সংগারের মধ্যেও কর্ম্ম করিতে পারে; সে কর্ম্ম তথন আর অজ্ঞানের কর্ম্ম থাকে না, ভগবানের সহিত ব্যষ্টিগত জীবের সত্য সম্বন্ধে, আস্মার সভ্যতে, পূর্ণ অমৃভত্তে সে কর্ম্ম করা হয়; সে কর্ম্ম অহংয়ের জন্ত সম্পাদিত হয় না, পরস্ত জগতে ভগবানের জন্তই সম্পাদিত হয়। ৯জুনকে এই কর্মের জন্ম আহ্বান করা, সে নিজে কি সত্তা ও শক্তি এবং তাহার ভিতর দিয়া কোন মহান সত্তা ও শক্তির ইচ্ছা কার্য্য क्रिटाइ जाहा जाहारक जानाहेबा (मुख्या, देहारे मानवामहभावी ভগবানের উদ্দেশ্য। এই উদ্দেশ্যেই ভগবান ক্লফ্ট তাহার রথের সার্থি হইয়াছেন; এই জন্মই অর্জুনের গভীর বিষাদ আসিয়াছিল, মাতুষ সাবারণতঃ যে সব ক্ষুদ্র বাসনা ও আদর্শ লইয়া কার্য্য করে সে সবের প্রতি তাহার বিষম বিতৃষ্ণা জন্মিলাছিল; সে-সবের পরিবর্ত্তে তাহাকে উচ্চতর অধ্যাত্ম প্রেরণা দিবার জন্ম ভগবান কুরুক্ষেত্রে, অর্জুনের ভগবদ্ নির্দিষ্ট কর্ম্ম সম্পাদনের পর্য মুহুত্তে ভাহার সন্মুথে আত্মপ্রকাশ করিলেন। অর্জুনকে বিশ্বরূপ দর্শন করাইবার জন্ম এবং যুদ্ধ করিতে ভগবদ আদেশ শুনাইবার জন্ম এতক্ষণ তাহাকে প্রস্তুত করা হইয়াছে। এখন দেই সময় আসর; কিন্তু এই অধ্যায়ে বিভূতি-যোগের ভিতর দিয়া তাহাকে যে জ্ঞান দেওয়া হইবে, ইহা না হইলে অর্জুন তাহার প্রকৃত মশ্ম বুঝিতে পারিতেন না।

বিশ্ব-লীলার বে নিগৃত্-রহস্ত, গীতাতে তাহা আংশিকভাবে প্রকাশিত হইয়াছে। আংশিকভাবে, কারণ সে রহস্তের অনস্ত গভীরতাসকল কে সম্পূর্ণভাবে প্রকাশ করিতে পারে? কোন্ মতবাদ, কোন্ দর্শন-শাস্ত্র

বলিতে পারে যে, এই অত্যাশ্র্যা বিশ্ব-লীলার সমস্ত রহস্ত অল্প-পরিসরের মধ্যেট ব্যাখা। করিয়া দিয়াছে কিম্বা একটা সন্ধীর্ণ মতবাদের মধ্যেই নিংশেষে ধরিয়া দিয়াছে ৪ কিন্তু গীতার যাহ! উদ্দেশ্য, সে উদ্দেশ্য সাধনের জ্ঞ যতটুকু আবশুক, গীতা তাহা প্রকাশ করিয়াছে। গীতাতে আমরা দেখিতে পাই, জগৎ কেমন করিয়া ভগবান হইতে উৎপন্ন হইয়াছে, ভগবান জগতে অমুস্থাত রহিয়াছেন, জগৎ ভগবানের মধ্যে রহিয়াছে; সর্বভূত সকল সৃষ্টি মূলতঃ এক। আমরা দেখিতে পাই, প্রকৃতির অজ্ঞানে আবদ্ধ মানুষের সহিত ভগবানের সম্বন্ধ কি, মানুষ কেমন করিয়া আত্মজানে উদ্বন্ধ হয়, এক মহত্তর চৈতত্তে নব-জন্ম লভি করে, নিজেরই উচ্চতর অধ্যাত্ম-সতার উঠিতে সক্ষম হয়। কিন্তু বথন প্রথমকার অজ্ঞান হইতে মুক্ত হইলা এই নূতন আত্মদৃষ্টি ও চেতনা লাভ করা যায়, তথন সেই মুক্ত-পুরুষ তাহার চতুম্পার্শস্থিত জগৎকে কি চক্ষে দৈথিবে ? যে বিখ-লীলার মূল রহস্টী সে পাইয়াছে, সেই বিশ্ব-লীলার প্রতি তাহার ভাব, তাহার আচরণ কিরূপ হইবে ? প্রথমেই সে সর্বভ্তের ঐক্যজ্ঞান লাভ করিবে এবং সেই জ্ঞানের চক্ষুতেই সব কিছুকে দেখিবে। সে দেখিবে যে, ভাহার চারিপাশে ষাহা কিছু রহিয়াছে সে সব একই ভাগবত সত্তার আত্মা, রূপ, শক্তি। তথন হইতে সেই দৃষ্টিই হইবে তাহার চেতনার সমস্ত অন্তমুখী ও বহিমুখী প্রচেষ্টার আরম্ভ; ইহাই হইবে তাহার সকল কর্ম্মের মূল দৃষ্টি, অধ্যাত্ম প্রতিষ্ঠা। সে দেখিবে সমস্ত বস্তু, সমস্ত জীব সেই একের মধ্যেই বাস করিতেছে, চলিতেছে, ফিরিতেছে, কর্ম্ম করিতেছে, সেই দিব্য ও ও শাখত সতার মধ্যে বিধৃত রহিয়াছে। কিন্তু সে আরও দেখিবে ষে,

মেই এক সকলের মধ্যেই অধিবাসী, সকলের আত্মা, সকলের মধ্যেই মূল অধ্যাম সন্তা; তিনি তাহাদের চেতন প্রকৃতিতে গুপ্তভাবে বিল্লমান না পাকিলে তাহারা আদৌ বাঁচিতে পারিত না, চলিতে, ফিরিতে বা কর্ম করিতে পারিত না, তাঁহার ইচ্ছা, শক্তি, অমুমতি বা প্রশ্রম ব্যতীত মুহুর্ত্তের জ্লুও তাহাদের বিনুষাত্র নড়া চড়া সম্ভব হুইত না। সে দেখিবে যে, ভাগারা নিজেরাও, তাহাদের আত্মা, মন, প্রাণ, শরীরাধার এ-সব সেই এক আত্মা ও অধ্যাত্ম সত্তারই শক্তি ও ইচ্ছার পরিণাম। তাহার কাছে ২মস্তই চইবে সেই এক বিশ্বপুরুষের আত্মপ্রকাশ লীলা। সে দেখিবে যে, তাহাদের চেতনা সমগ্রভাবেই সেই বিশ্বপুরুষের চেতনা হইতে সমুদ্রত, ভাহাদের শক্তি ও সঙ্কল সেই পুরুষেরই শক্তি ও সঙ্কল হইতে আহত এবং তাঁচারই আশ্রিচ: তাহাদের আংশিক প্রকৃতি এখন যেরূপ রহিয়াছে তাহাতে তাহা ভগবানের প্রকাশ বা ছন্মবেশ, রূপ বা বিক্রতি ষাহাই মনে হউক না কেন, সে দেখিবে যে তাহা সেই বিশ্বপুরুষের মহন্তর দিব্য প্রকৃতি হইতেই স্ষ্ট। বাহত বস্তুসকল ষেমনই বিসদৃশ বা বিশুখল দেখা যাউক, যেমনই ছর্ম্মোধ্য হউক, তাহারা আর তাহার এই দৃষ্টির পূর্ণতাকে কিছুতেই এতটুকুও কুল্ল করিবে না বা তাহার বিরোধী হুইবে না। সে যে মহন্তর চৈত্তত্তের মধ্যে উঠিয়াছে, এইটিই তাহার মূল ভিত্তি, তাহার চতুর্দিকে এই জ্যোতির প্রকাশ অপরিহার্য্য, এইটিই ষণার্থ দৃষ্টির একমাত্র শিদ্ধ পহুা, এক সতা যাহা দ্বারা অন্ত সকল সত্যই স্ভাব হয়।

কিন্তু জগৎ ভগবানের কেবল আংশিক প্রকাশ, ইহা নিজেই ভগবান নহে। প্রাকৃত প্রকাশ যেমনই হউক না কেন, ভগবান তাহা হইতে অনন্ত গুণে বড়। সকল সম্বন্ধের সকল বন্ধনের অতীত তাঁহার এই **স্পানস্তে তিনি এত** উচ্চে রহিয়াছেন বে, বত প্রকারেরই জগৎ হউ**ক না** কেন, বিশ্ব-প্রকৃতি যতই অনস্ত বৈচিত্রোর সহিত অনস্তভাবে বিস্কৃত, প্রকট হউক না কেন, তাঁহাকে কিছুতেই সমগ্রভাবে প্রকাশ করিতে পারে না, নান্তি অন্তঃ বিস্তর্ভ যে। অতএব মুক্ত জীবের দৃষ্টি বিশ্বজগতের অতীতে পরম ভগবানকে দেখিবে। সে দেখিবে যে, জগৎ ভগবানের একটি রূপ কিন্তু তিনি সকল রূপের অভীত, দেথিবে যে, ভগবানের অনির্ব্বচনীয় নিরুপাধিক সতার মধ্যে জ্গৎ নিতা হুটলেও একটা গৌণ ক্রম। সে দেখিবে সকল সাস্ত ও আপেক্ষিক বস্তু অনাপেক্ষিক অনস্ত ভগবানেরই এক একটি রূপ, এবং সকল সাস্ত বস্তুর উদ্ধে এবং তাহাদের প্রত্যেকের ভিতর দিয়াও সে সেই একই ভগবানে পৌছিবে, প্রত্যেক প্রাকৃত ব্যাপার প্রাকৃত জীব এবং আপেক্ষিক ক্রিয়ার উর্দ্ধে সে সর্বাদা সেই একই ভগবানকে লক্ষ্য করিবে; এই সকলের দিকে এবং ইহাদের অতীতে দৃষ্টিপাত করিয়া সে ভগবানের মধ্যেই প্রত্যেকের অধ্যাত্ম দার্থকতার সন্ধান পাইবে।

এই সব ভাহার মনের কাছে কেবল বুদ্ধির পরিকল্পনা মাত্র হইবে না, জগতের প্রতি এইরপ মনোভাব কেবল একটা চিন্তার ধারা বা কর্মোপযোগী মতবাদ মাত্র হইবে না। কারণ, তাহার জ্ঞান যদি কেবল এইরপ পরিকল্পনামূলক হয়, তাহা হইলে তাহা হইবে একটা দার্শনিক মতবাদ (philosophy), একটা মানসিক রচনা, তাহা অধ্যাত্ম জ্ঞান ও দৃষ্টি হইবে না, অধ্যাত্মভাব ও চেতনা হইবে না। ভগবান ও জগৎকে অধ্যাত্মভাবে দেখা কেবল মানসিক চিন্তামূলক একটা ক্রিয়া নহে,

এমন্কি প্রধানতঃ বা মূলতঃও তাহা নহে। ইহা প্রত্যক্ষ অনুভূতি, মন বেমন ইন্দ্রিয়ের দ্বারা মূর্ত্তি, বস্তু, ব্যক্তি প্রত্যক্ষ করে ও অনুভব করে ভাহারই মত বাস্তব, স্কুম্প্র্ট, সন্নিকট, নিত্য, কার্য্যকরী, নিবিড। কেবল জডাত্মগত মনই ভাবে যে, ভগবান ও আত্মা একটা অবাস্তব পরিকল্পনা মাত্র, নাম, রূপ, প্রতীক বা কল্পনার সাহাধ্য ভিন্ন ভগবানকে দেখা যায় না. ধারণা করা বায় না। আত্মা আত্মাকে দেখে, দিব্যভাবাপ**র চেতনা** ভগবানকে দেখে ঠিক সেইরূপ প্রত্যক্ষভাবে বা আরও অধিক প্রতাক্ষভাবে, ঠিক সেইরূপ নিবিডভাবে বা আরও অধিক নিবিডভাবে, ্বমন জডাত্নগত চৈত্ত জড়বস্তুকে দেখে। ইহা ভগবানকে দেখে. অন্তর্ভব করে, ধ্যান করে, ইন্দ্রিয়গোচর করে। কারণ অধ্যাত্ম চেতনার সম্মানে সমস্ত দুখ্যমান জগৎ প্রতীয়মান হয় যেন জড়ের জগৎ নহে, প্রাণের জগং নহে, এমন কি মনেরও জগৎ নহে, কিন্তু আত্মার জগৎ: মন প্রাণ ইত্যাদি তাহার নিকট প্রতীয়মান হয় যেন ভগবৎ-চিষ্টা, ভগবৎ-শক্তি, ভগবৎ-রূপ। বাস্থানেবের মধ্যে বাস করা, কর্ম্ম করা, ময়ি বর্ত্ততে, বলিতে গাঁতা ইহাই বুঝিয়াছে। অধ্যাত্ম চেতনা ভগবানকে ষে ইক্যবোধনুলক নিবিড় জ্ঞানের ধারা অবগত হয় তাহা এত অত্যন্ত ভাবে অধিক সত্য যে মনের প্রতীতি বা ইন্দ্রিয়ের অন্তর্ভুতি কথনই সেরূপ হইতে পারে না ৷ এই ভাবেই ইহা সেই বিশ্বাতীত পুরুষকেও অবগত হয় থিনি সমস্ত জগৎলীলার পশ্চাতে ও উদ্ধে রহিয়াছেন, যিনি ইহাকে স্ষষ্টি করিয়াছেন, ইহাকে অতিক্রম করিয়া রহিয়াছেন এবং চিরদিন ইহার অবস্থা-বিপর্যায়ের বাহিরে অবস্থান করিতেছেন। আর এই ভগবান বে নিজের অপরিবর্ত্তনীয় শাশ্বত সন্তার দ্বারা জগতের সমস্ত পরিবর্ত্তন লীলাকে

ব্যাপিয়া রহিয়াছেন, ধরিয়া রহিয়াছেন, তাঁহার সেই অক্ষর স্বরূপকেও ঐ অধ্যাত্ম চেতনা অবগত হয় সেইরপ ঐক্যবোধের দ্বারা, আমাদের নিজেদের কালাতীত অপরিবর্ত্তনশাল অবিনাশী সভার সহিত ঐ অক্ষ স্বরূপের একত্ব উপলব্ধির দারা: আবার এই ভাবেই ইহা সেই দিব পুরুষকেও জানিতে পারে যিনি এই সকল বস্তুত ব্যক্তির মধ্যে নিছেকে নিজে অবগত হন, যিনি নিজের চেতনায় এই সকল বস্তু ও জীব হইয়াছেন এবং নিজের অনুস্মাত ইচ্ছার দারা তাহাদের চিন্থা ও রূপসকল গঠন করিয়া দিতেছেন, তাহাদের কর্মাসকল পরিচালন করিতেছেন ইচা ভগবানকে সকল সম্বন্ধের অতীত বিশ্বাতীত স্বান্ধ্যে, বিশ্বের আত্র রূপে, আবার জীবের আস্মা, অন্তর পুরুষ ও প্রকৃতি রূপে নিগৃঢ জ্ঞানে অবগত হয় ৷ এমন কি এই যে বাফ প্রকৃতি (external Nature). ইহাকেও দে অবগত হয় ঐক্য-বোধের দারা এবং আত্মোপল্রির দারা. কিন্তু সে ঐক্য বৈচিত্র্যের বাধক নহে, তাহা সম্বন্ধকে অস্বীকার করে না বিশ্বলীলার একই শক্তির বিভিন্ন ক্রম, উচ্চতর এবং নিম্নতর ক্রিয়া স্বীকার করে। কারণ প্রকৃতি ভগবানের বিচিত্র আত্মপ্রকাশলীলার শক্তি, আত্ম-বিভৃতি :

সাধারণ মানব মন অজ্ঞানের বশে জগতে প্রকৃতিকে যেরপ দেখে, অথবা অজ্ঞানের পরিণামে উহা বেরপ, এই অধ্যাত্ম চেতনা, জগৎ সম্বদ্ধেই অধ্যাত্ম জ্ঞান কিন্তু সে ভাবে দেখিবে না। এই প্রকৃতিতে অজ্ঞানের যাহা কিছু আছে, যাহা কিছু অপূর্ণ বা তঃখময় বা বিরুত ও ম্বণা, সে-সব ভগবানের প্রকৃতির একটা সম্পূর্ণ বিপরীত কিছু নহে, কিন্তু তাহাদের পিছনে তাহাদের প্রকৃত মূল রহিয়াছে, তাহাদের পিছনে এমন অধ্যাত্ম

শক্তি আছে যাহার মধ্যে গিয়া তাহারা নিজেদের সত্য সত্তা ও সার্থকতা লাভ করিতে পারে। এক আলা ও স্তর্নশীলা প্র্যা প্রকৃতি আছে, যাহার মধ্যে ভগবানের শক্তি ও সঙ্কল্প নিজের পূর্ণ স্বরূপ এবং শুদ্ধ প্রকাশের আনন্দ উপভোগ করে। জগতে আমরা যে-সব শক্তি ক্রিয়মান দেখিতে পাই, তাহাদের পূর্ণতম শক্তি সেইখানেই পাওয়া যায়। সেইটি আমাদের নিকট প্রতীয়মান হয় ভগবানের আদর্শ প্রকৃতিরূপে, সে প্রকৃতি পূর্ণ জ্ঞানের, পূর্ণ তেজ ও ইচ্ছাশক্তির, পূর্ণ প্রেম ও আনন্দের। ভাষার অনম্ভ গুণ, অগণন শক্তিসকল সেখানে আশ্চর্যাভাবে বৈচিত্রাময়, সে-সমুদয় সেই পূর্ণ জ্ঞান, পূর্ণ তেজ, পূর্ণ প্রেম ও আনন্দের স্বতক্তি অপর্ব্ব ও সামঞ্জন্ম আত্মপ্রকাশ। সেখানে সবই হইতেছে সকল আনস্তের বহুমুখী অবাধ ঐক্য। সেই আদর্শ ভগবদ প্রকৃতিতে প্রত্যেক শক্তি, প্রত্যেক গুণই শুদ্ধ, পূর্ণ, আত্মন্ত, আপন আপন ক্রিয়ার সামঞ্জন্মর, সেখানে কোন কিছুই নিজের স্বতন্ত্র সীমাবদ্ধ আত্মবিকাশের জন্ম চেষ্টা করে না, সকলেই এক অনির্বাচনীয় ঐক্যের সহিত কর্ম্ম করে। সেথানে সকল ধর্মাই (ভগবদ শক্তি ও গুণের বাহা বথার্থ ক্রিয়া, গুণ কর্মা, তাহাই ধর্মা) এক স্বচ্ছন বহুমুখী ধর্ম। ভগবানের সেই চিৎ শক্তি, তপঃ, অপরিসীম স্বাধীনতার সহিত কর্মা করে, কোনও একমাত্র ধর্ম বা নীতির বন্ধনে বদ্ধ থাকে না, কোনও এক সঙ্কীর্ণ পদ্ধতির দ্বারা সীমাবদ্দ হয় না, নিজের অনস্তলীলার আনন্দ নিজেই উপভোগ করে, তাহার আত্মপ্রকাশের সত্যে কথনও পদখলন হয় না, তাহা চিরকাল পূর্ণ, সিদ্ধ।

কিন্তু আমরা যে জগতে বাস করিতেছি সেথানে রহিয়াছে নির্বাচন

ও পার্থক্যের ভেদমূলক নীতি। দেখানে আমরা দেখিতে পাই, যে সকল শক্তি ও গুণ প্রকট হইতে চাহিতেছে তাহারা প্রত্যেকেই ষেন শুধু নিজের জন্তই সচেষ্ট, প্রত্যেকেই চেষ্টা করিতেছে যে-কোনও উপায়ে যতদুর সম্ভব শুধু নিজেরই আত্মপ্রকাশ করিতে এবং অন্তান্ত শক্তি ও গুণের নিজ নিজ স্বতন্ত্র আত্মপ্রকাশের জন্ম সহযোগী বা প্রতিযোগী চেষ্টার সহিত নিজের চেষ্টার ভাল বা মন্দ যাহা সম্ভব কোনও রকম একটা সামজ্ঞ করিতে চাহিতেছে। এই দ্দ্দময় পার্ণিব প্রকৃতির মধ্যেও ভগবান অবস্থান করিতেছেন এবং এই সকল শক্তির ক্রিয়া ষে নিগুঢ় ঐক্যের উপর প্রতিষ্ঠিত, তাহার অব্যভিচারী বিধানে সেই দ্বন্দের মধ্যেই একটা স্থসঙ্গতি আনিয়া দিতেছেন। কিন্তু এই স্থমঙ্গতি আপেক্ষিক (relative); মনে হয় উহা এক মূল ভেদ হইতেই উথিত, 'বিভিন্ন জিনিষসকলের ঘাত প্রতিঘাতে একরকম সঙ্গতি হইয়াছে, কোনও মূল ঐক্য হইক্তে উহার উৎপত্তি নহে। অন্ততঃ মনে হয় যে, ঐ ঐক্য দমিত ও গুপ্ত রহিয়াছে, নিজেকে খুঁজিয়া পাইতেছে না, কথনই মিথ্যা ভুলবেশ ছাড়াইয়া আত্মপ্রকাশ করিতে সক্ষম হইতেছে না। বস্তুতঃ ইহা নিজেকে প্রতিষ্ঠিত করিতে পারে না, যতক্ষণ না এই পার্থিব প্রকৃতিতে আবিভূতি ব্যষ্টিগত জীব নিজের মধ্যে সেই উচ্চতর দিব্য প্রকৃতির সন্ধান পাইতেছে বাহা হইতেই এই নীচের ক্রিয়ার উৎপত্তি। তথাপি জগতে বে সব গুণ ও শক্তি ক্রিয়া করিতেছে, মামুষে, পশুতে, উদ্ভিদে. জডপদার্থে নানাভাবে কর্ম করিতেছে, যে কোনও রূপ তাগারা গ্রহণ করুক না কেন, তাহারা সকলেই দিবা গুণ ও দিবা শক্তি। সকল শক্তি ও গুণই ভগবানের শক্তি। প্রত্যেকেই উর্দ্ধে দিব্য প্রকৃতি হইতে

আসিয়াছে, এখানে নীচের প্রকৃতিতে নিজের আত্মপ্রকাশের জন্ম চেষ্টা করিতেছে, এই সব বাধা প্রতিবন্ধকের মধ্যে নিজের প্রতিষ্ঠা ও বাস্তব উপযোগিতার শক্তিকে বর্দ্ধিত করিতেছে, এবং যথন নিজের আত্মশক্তির শিখরে উঠিতেছে, তথন ভাগবত ভাবের সাক্ষাৎ প্রকাশের সমীপবর্ত্তী হইতেছে এবং উদ্ধে পরা আদর্শ দিব্য প্রকৃতির মধ্যে নিজের যে সিদ্ধা স্বরূপ সেই দিকে নিজেকে চালিত করিতেছে। কারণ প্রত্যেক শক্তিই ভগবানের সন্তা ও শক্তি, এবং শক্তির বিস্তার ও আত্মপ্রকাশ সকল সময়ে ভগবানেরই বিস্তার ও আত্মপ্রকাশ।

এমনও বলা যায় যে, আমাদের মধ্যে জ্ঞানের শক্তি, ইচ্ছার শক্তি, প্রেমের শক্তি, আনন্দের শক্তি, যে কোনও শক্তি থুব বাড়িয়া উঠিয়া নীচের রূপের গণ্ডীটকে ভাঙ্গিয়া ফেলিতে পারে এবং সেই শক্তি ভেদাত্মক ক্রিয়া হইতে মুক্ত হইয়া ভগবানের অসীমতা ও শক্তির সহিত গুক্ত হয়। ভগবানের দিকে টানের মধন পরাকাষ্ঠা হয়, তথন তাহা মনকে উচ্চতম জ্ঞানের পূর্ণতম দৃষ্টির ভিতর দিয়া মুক্ত করে, হনষকে পূর্ণ প্রেম ও আনন্দের ভিতর দিয়া মুক্ত করে, সমস্ত জীবনকে এক উচ্চতর জীবন লাভের পূর্ণ ঐকান্তিক সম্কল্লের ভিতর দিয়া মুক্ত করিয়া দেয়। কিন্তু এই যে বিক্ষোরণের ফলে নীচের বন্ধন টুটিয়া যায়, আমাদের বর্ত্তমান প্রকৃতির উপর ভগবানের স্পর্শ হইতেই তাহা সম্ভব হয়; তাহা শক্তিটিকে সাধারণ সীমাবদ্ধ দক্ষময় ক্রিয়া ও বিষয়সকল হইতে ফিরাইয়া শাশ্বতের দিকে, বিশ্বব্যাপী ও বিশ্বাতীত সন্তার দিকে পরিচালিত করে, অনন্তের অভিমুখে, পূর্ণ ভগবানের অভিমুখে লইয়া যায়। সর্ব্ব্র বিস্থমান থাকিয়া ভাগবত

শক্তি এইরপ জীবস্তভাবে কার্য্য করিতেছে, এই সত্যই বিভূতি-তত্ত্বের ভিত্তি।

অনস্ত দিবা শক্তি সর্বাত্র বিল্লমান বচিয়াছে এবং গুপ্তভাবে এই নীচের জগৎকে ধরিয়া রহিয়াছে, পরা প্রকৃতি মে যয়া ধার্যাতে জগৎ, কিন্তু ইহা নিজেকে পিছনে রাখে, প্রত্যেক প্রাক্ত সতার হৃদয়ে নিজেকে লুকাইয়া রাখে, সর্বভূতানাম্ সংদৰ্শে, যতক্ষণ না জ্ঞানের জ্যোতিতে যোগমায়ার আবরণ বিদীর্ণ হইতে: মান্তবেব অধ্যায় সতার অর্থাৎ জীবের আছে দিবা প্রকৃতি: সে ইইতেহে এই প্রকৃতিকে ধরিয়া ভগবানের আবিস্তাব, প্রকৃতিঃ জীবসূতাঃ, এবং তাহার মধ্যে সমস্ত দিবা শক্তি ও গুণ, ভাগবত সভার জ্যোতি, বল, শক্তি প্রচ্ছর রহিয়াছে। কিন্তু এই বে নীচেব প্রকৃতিতে আমরা বাং করিতেছি, এখানে জীব নির্মাচনের ও বিশিষ্ট রূপায়ণের নীতি অনুসরণ করে. এবং এখানে শক্তির যে-কোন জংশ, যে-কোন গুণ বা অধ্যায়-ভাব সঙ্গে লট্যা সে জন্মগ্রহণ করিয়াছে, অথবা ভাষাব স্বাত্মপ্রকাশের বীজ স্বরূপ সম্মুখে আনিয়াছে, সেইটিই হয় তাহার স্বভাবের কার্যাকরী অংশ, তাহার আত্মবিকাশের মূল ধর্ম এবং সেইটিই ভাহাব স্ববর্ম. তাহার কর্ম্মের নীতি নির্ণয় করিয়া দেয়। আর কেবল যদি ইছাই সব হইত তাহা হইলে কোনও সমস্তা বা বাধা থাকিত না, মন্তেষের জীবন হইত ভাগবত সতার জ্যোতির্মায় ক্রমবিকাশ। কিন্তু আমাদের জগতের এই যে নীচের শক্তি, অপরা প্রকৃতি, ইহার স্বরূপ হইতেছে অজ্ঞান ও অহস্কার, ইহা ত্রিগুণম্মী! অহস্কার এই প্রাকৃতির স্বরূপ, সেইজ্ঞা জীব নিজেকে ভেদায়ক অহং বলিয়া ধারণা কবে: তাহার ভায় অপরের

মধ্যেও স্বতম্ব আত্মপ্রকাশের যে প্রবৃত্তি রহিয়াছে তাহার সহিত সহযোগে বা সংঘর্ষে অহংভাবের বথে আত্মপ্রকাশের চেষ্টা করে। সে জগৎকে ধন্দের ভিতর দিয়া ধরিতে চায়, ঐক্য ও সামঞ্জন্তের ভিতর দিয়া নহে; অহংকেই জীবনের কেন্দ্র করিয়া সে বিরোধকে বাড়াইয়া তোলে। এই প্রকৃতির স্বরূপ হইতেছে অজ্ঞান, মোহাচ্ছন্ন দৃষ্টি এবং অপূর্ণ ও সাংশিক আত্মপ্রকাশ, মেইজ্স সে নিজেকে জানিতে পারে না, নিজের সভাব ধর্ম সম্বন্ধে সজ্ঞান হইতে পারে না, কিন্তু বিশ্বশক্তির নিগুঢ় প্রেরণায় সংস্কারের বর্ণে উহার অনুসরণ করে, কন্তে স্টে, ভিতরে বহু ছক লইয়া অগ্রসর হয়, পথভ্রপ্ত হইবার খুব বেনী সম্ভাবনা থাকে। এই প্রকৃতি ত্রিভ্রণময়ী, সেইজন্ম আত্মবিকাশের এই বিশৃত্মল ও কট্টকর প্রয়াস নানা অক্ষমতার, বিকৃতির ও আংশিক আত্মেণলব্ধির রূপ গ্রহণ করে। াখন অজ্ঞান ও অপ্রতিষ্ণক তমোগুণের আধিপতা হয়, তখন স্তার শক্তি চকাল বিশুখালায় সর্বাদা অক্ষমতার সহিত কর্ম করে, অজ্ঞানের শক্তিসমূহের অন্ধ নিয়মের বশবর্ত্তী হইয়া কর্ম্ম করে, তাহাদিগকে ছাড়াইয়া উপরে উঠিবার কোনও আকাজ্জা রাগে না। যথন প্রবৃত্তি-বাসনা-ভোগ-মূলক রজোগুণের আধিপতা হয়, তথন দেখা দেয় একটা সংগ্রাম, একটা চেষ্টা; শক্তি ও সামর্থ্য বৃদ্ধি পায়, কিন্তু পদে পদে খলন হয়, সে চেষ্টা হয় ব্যথাসঙ্কুল, উগ্ৰা; ভ্ৰান্ত ধারণা, ভ্ৰান্ত পদ্ধতি ও আদেশের দারা বিপথে চালিত হয়, সত্য ধারণা, পদ্ধতি ও আদর্শসমূহকে বিক্কত ও দুষিত করা হয়, বিশেষতঃ অহস্কারকে অতিশয়, এমন কি অতিমাত্রায় বাড়াইয়া দিবার প্রবণতা আদে। যথন জ্যোতি-স্থৈর্য-শান্তিমূলক সম্বপ্তণের আধিপতা হয়, তথন কর্ম অধিকতর স্থানঞ্জদ হয়, প্রকৃতিকে যথাষ্থ

ব্যবহার করা হয়; কিন্তু এই যে যথাযথ ব্যবহার ইহা ব্যক্তিগভ জ্ঞানের দারা সীমাবদ্ধ, নীচের প্রকৃতির যে মানসিক বৃদ্ধি, জ্ঞান ও ইচ্ছাশক্তি এই সবেরই উচ্চতর রূপের উর্দ্ধে উঠিবার সামর্থ্য থাকে না। এই জটিলতার জাল হইতে মুক্ত হওয়া, অজ্ঞান, অহং ও গুণত্রয়ের উপরে উঠা, প্রকৃতপক্ষে ইহাই দিব্য সিদ্ধিলাভের পথে প্রথম ধাপ। এইরূপে উপরে উঠিয়াই জীব তাহার নিজের দিব্য প্রকৃতির, নিজের সত্য জীবনের সন্ধান পায়।

অধ্যাত্ম চেতনায় জ্ঞানের যে মুক্ত দৃষ্টি তাহা জগংকে দেখিবার সময় কেবল এই নীচের দ্বন্দমন্ত্রী প্রকৃতিকেই দেখে না। আমরা যদি আমাদের এবং অপরের প্রকৃতির কেবল বাহিরের দুগুমান দিকটাই অবলোকন করি, তাহা হইলে সেটা অজ্ঞানের চক্ষতে দেখা হয়, তাহা হইলে আমর্ং ভগবানকে সর্বত্র সমানভাবে জানিতে পারি না, সাত্ত্বিক জীবে, রাজসিক জীবে, তামসিক জীবে, দেবতায় ও দানবে, পাপাত্মায় ও পুণ্যবানে, জ্ঞানীতে ও মুর্থে, মহতে ও কুদ্রে, মানুষে, জন্ততে, উদ্ভিদে, জড়জগতে সর্ব্বত্র সমানভাবে ভগবানকে দেখিতে পারি না। যিনি জ্ঞানের মুক্ত দৃষ্টি লাভ করিয়াছেন তিনি একই সঙ্গে তিনটি জিনিষ প্রকৃতির সমগ্র নিগুঢ় ^{মা}র্সভা বলিয়া দেখেন। প্রথমেই তিনি দেখেন যে, সকলের মধ্যে ভগবদ্ প্রকৃতি গুপ্তভাবে বিগুমান রহিয়াছেন, ক্রমবিকাশের জন্ম অপেক্ষা করিতেছেন; তিনি দেখেন যে, এই ভগবদ্ প্রকৃতিই সকল বস্তুর প্রকৃত শক্তি, এই যে সব বিচিত্র গুণ ও শক্তির আপাতদৃষ্ট ক্রিয়া এসব সেই ভগবদ্ প্রকৃতি হইতেই সার্থকতা লাভ করিতেছে; আর তিনি এই সব ক্রিয়ার অর্থ ইহাদের আপন অহং ও অজ্ঞানের ভাষায় নহে, পরস্ক ভগবদ্ প্রকৃতির আলোকেই দেখিয়া থাকেন। সেই জন্মই তিনি দ্বিতীয়তঃ দেখিতে পান যে, দেব ও রাক্ষ্য, মাতুষ ও পশু ও পক্ষী ও সরীস্থপ, সাধু ও অসাধু, মূর্থ ও পণ্ডিভ, ইহাদের কর্ম্মের মধ্যে যে বিভিন্নতা আপাত দৃষ্ট হয়, সে সব ভগবদ্ গুণ ও শক্তিরই নানা অবস্থায়, নানা ছদ্মবেশের ক্রিয়া ভিন্ন আর কিছুই নহে। তিনি ছন্মবেশের দ্বারা প্রতারিত হন না, কিস্ত প্রত্যেক ছন্মবেশের অন্তরালেই ভগবানকে চিনিতে পারেন। তাঁহার দৃষ্টি বিক্বতি বা অসম্পূর্ণতা লক্ষ্য করে কিন্তু অন্তঃহলে প্রবেশ করিয়া পিছনে আত্মার যে সত্য রহিয়াছে সেইখানে পৌছায়, বিক্লতি ও অপূর্ণতার মধ্যেও আত্মাকে দেখিতে পায়, দেখে যে আত্মা নিজে নিজেকে অন্ধ করিয়া রাথিয়াছে, নিজকে পাইবার জন্ম সংগ্রাম করিতেছে, নানারূপ আত্মপ্রকাশ ও অভিজ্ঞতার ভিতর দিয়া পূর্ণ আত্মজানের অভিমুখে, নিজেরই অনন্ত ও পূর্ণতম সিদ্ধির দিকে অগ্রসর হইয়াছে। মুক্ত পুরুষের দৃষ্টি বিক্কৃতি ও অপূর্ণতার উপরেই অযথা ঝোঁক্ দেয় না, কিন্তু সকলকেই দেখিতে পারে হৃদয়ে পূর্ণ প্রেম ও উদারতার সহিত, বুদ্ধিতে পূর্ণ বোধের সহিত, আত্মায় পূর্ণ সমতার সহিত। তৃতীয়তঃ তিনি দেখেন আত্ম-প্রকাশের শক্তিসকল ভগবানের দিকেই উঠিতে চেষ্টা করিতেছে; যেখানেই তিনি দেখিতে পান গুণ ও শক্তির সমুচ্চ প্রকাশ, ভাগবত সত্তার প্রদীপ্ত শিখা, যেখানে তিনি দেখেন তাত্মা মন প্রাণ নীচের প্রকৃতির সাধারণ স্তর হইতে উঠিয়া সমুজ্জ্বল জ্ঞান, মহানৃ শক্তি, তেজ, সক্ষমতা, সাহস, বীরত্ব, প্রেম ও আত্মদানের কল্যাণ্ময় মধুরতা, আবেগ ও মহিমা, পরম পুণ্য, মহৎ কর্ম্ম, মনোহর সৌন্দর্য্য ও স্থয়মা, দেবতুল্য স্থন্দর স্বষ্টি, এই সব অসাধারণ মহত্বের পরিচয় দিতেছে. সেইথানেই তিনি সেইসবকে

শ্রদ্ধা করেন, অভ্যর্থনা করেন, উৎসাহিত করেন। আত্মার মুক্ত দৃষ্টি মহৎ বিভৃতির মধ্যে দেখে যে মামুষের দেবত্ব জাগ্রত হইয়া উঠিতেছে।

ইহা হইতেছে ভগবানকে শক্তিরূপে চেনা,—ব্যাপকতম অর্থে শক্তি, শুধু বলের শক্তি নহে পরস্ক জ্ঞানের, ইচ্ছার, প্রেমের, কর্ম্মের, পবিত্রতার, মধুরতার, গৌন্দর্যোর শক্তি। ভগবান সৎ, চিৎ, আনন্দ; জগতের প্রত্যেক জিনিষ সংএর শক্তি, চিংএর শক্তি, আনন্দের শক্তি দারা নিজকে বাহিরে প্রকট করিতেছে এবং নিজের দিবাস্বরূপ লাভ করিতেছে: এই জগৎ ভগবদ শক্তির কর্মের জগং। ঐ শক্তি অসংখ্য প্রকারের জীবে নিজেকে এখানে নানারূপে গড়িতেছে এবং প্রত্যেকের মধোই তাহার বিশেষ বিশেষ শক্তি রহিয়াছে। প্রত্যেক শক্তিই ভগবানের নিজের এক একটি রূপ; ভগবান সিংহও হইয়াছেন আবার হরিণও হইয়াছেন, দানবও হইয়াছেন আবার দেবতাও হইয়াছেন, আকাশের উপর প্রদীপ্রমান অচেতন সূর্য্য হইয়াছেন, আবার পৃথিবীর উপর মনন্বীল মাতুষও হইয়াছেন। গুণত্রেরে ক্রিয়া হইতে যে বিক্লতির উদ্ভব তাহা কেবল একটা গৌণ ভাব, মুখ্য ভাব নহে; মূল জিনিষ হইতেছে ভগবদ্ শক্তি যাহা নিজের আত্মপ্রকাশের সন্ধান করিতেছে। উচ্চ মনীষা, বীর, নেতা, সিদ্ধগুরু, ঋষি, নবী, ধর্মপ্রবর্ত্তক, সাধু, মানব-প্রেমিক, বভ কবি, বভ শিল্লী, বড বৈজ্ঞানিক, আত্ম-সংযমী भन्नाभी, क्रशब्द्धी भक्तिमान मानव, भक्तव्य मस्य ভগবানই নিজেকে প্রকট করিতেছেন। কার্যাটও-মহৎ কাব্য, সর্বাঙ্গস্থলর রূপ, গভীর প্রেম, মহৎ কর্মা, দিব্য সিদ্ধি, এ-সবই ভাগবতলীলা, ভগবানের আয়প্রকাশ।

এই বে সত্য, সকল প্রাচীন শিক্ষা দীক্ষাই ইহাকে স্বীকার করিয়াছে, শ্রদ্ধা করিয়াছে, কিন্তু আধুনিক মানব মনের একটা দিক এই সভ্যের প্রতি কেমন যেন বিরূপ, ইহার মধ্যে কেবল বল ও শক্তির পুঙ্গাই দেখিতেছে, মনে করিতেছে এইভাবে শক্তিমানের পূজা করা অজ্ঞান-প্রস্ত, ইহাতে মামুষকে হীন করা হয়, ইহা শুধু আফুরিক অভিযানবের তত্ত্ব। অবশ্র এই সত্যকে লোকে ভুলভাবে গ্রহণ করিতে পারে, বস্তুতঃ সকল সভাকেই ভুলভাবে গ্রহণ করা যায়, কিন্তু এই সভ্যের যথাযোগ্য স্থান আছে, প্রকৃতির দিব্য ব্যবস্থায় ইহার অপরিহার্য্য ক্রিয়া আছে। গীতা সত্যটিকে সেই বথাস্থান ও যথার্থ রূপ দিয়াছে। সকল মান্তব্য স্কল জীবে ভাগবত সত্তা রহিয়াছে, এই জ্ঞানের উপর ঐ সত্যকে প্রতিষ্ঠিত করিতে হইবে: এই সভা বেন উচ্চ নীচ, উজ্জ্বল মান সকল প্রকার প্রকাশের প্রতি হনরের সমতা রাখার বিরোধী না হয়। মুর্থ, नोठ, प्रर्वन, व्यथम, পতিত, সকলের মধ্যেই ভগবানকে দেখিতে হইবে ও ভালবাসিতে হইবে। বিভূতিকেও যে পূজা করিতে হইবে, তাহা বাছিক ব্যক্তিটিকে নহে, কিন্তু বে ভগবান তাহার মধ্যে নিজেকে প্রকাশ করিতেছেন সেই ভগবানকেই পূজা করিতে ২ইবে (তবে বিভৃতির বাহ্ ব্যক্তিম্বরূপকে ভগবানের প্রত্তীক হিসাবে পূজা করা চলিতে পারে) 🗍 কিন্তু তাই বলিয়া এই সভাটিকে অস্বীকার করা যায় না যে, প্রকাশেরও উচ্চ নীচ ক্রম আছে: প্রকৃতি তাহার আত্মপ্রকাশের ধারায় স্তরে স্তরে উর্দ্ধের দিকে চলিরাছে, অনিশ্চিত, অস্পৃষ্ট, অফুট প্রতীকসকল হইতে ভগবানের প্রথম স্থম্পষ্ট প্রকাশের দিকে চলিয়াছে। প্রত্যেক মহৎ ব্যক্তি, প্রত্যেক মহৎ কর্ম, প্রকৃতির নিজেকে অতিক্রম করিবার সামর্থ্যের

নিদর্শন, এবং সর্কশেষ ও পরম উর্জায়নের আখাস। প্রকৃতির বিকাশে মাহ্ম নিজেই পশু পক্ষী সরীস্পের তুলনায় একটা উচ্চতর ক্রম, যদিও সকলের মধ্যেই এক ব্রহ্ম বহিয়াছেন, সমং ব্রহ্ম। কিন্তু মাহ্ম নিজেকেও অভিক্রম করিয়া যত উর্জ্বতম শিখরে উঠিতে পারে এখনও সেখানে পৌছায় নাই; ইতিমধ্যে যখনই তাহার মধ্যে আত্মবিকাশের কোনও মহত্তর শক্তির ইন্নিত পাওয়া যাইবে, সেইটিকেই তাহার পরম উর্জাতির আশা ও স্ট্রনা বলিয়া গ্রহণ করিতে হইবে। যে-সকল অগ্রগামী মহাজন নিজেদের যে-কোনরূপ সিদ্ধির দ্বারা মান্ত্র্যকে অভিমানবত্বের সন্তাবনা দেখইয়া দেন বা সেই দিকে পরিচালিত করেন তাঁহাদের চিহ্নিত পথের দিকে চক্ষু তুলিয়া চাহিলে মান্ত্র্যের অন্তর্গিহিত দেবত্বের অশ্রদ্ধা করা হয় না, বরং সে শ্রদ্ধা আরও উচ্চ, আরও গভীরতর অর্থে পূর্ণ হইয়া উঠে।

অর্জুন নিজেই একজন বিভূতি; অধ্যাম্মবিকাশে তিনি একজন উচ্চন্তরের মানব, স্মসামায়িক জনগণের মধ্যে তিনি বিশিষ্ট ব্যক্তি, তিনি নারায়ণের, মানবরূপে অবতীর্ণ ভগবানের, নির্বাচিত যন্ত্র। এক স্থানে শুক্ত সকলের পরম ও এক আত্মারূপে বলিয়াছেন, তাঁহার প্রিয় বা অপ্রিয় কেহই নাই, আবার অন্তান্ত স্থলে তিনি বলিয়াছেন বে, অর্জুন তাঁহার প্রিয়, তাঁহার ভক্ত, সেই জন্তই তিনি অর্জুনের ভার লইয়াছেন, তাঁহাকে পথ দেখাইতেছেন, দৃষ্টি ও জ্ঞান দিবার জন্ত তিনি অর্জুনকেই নির্বাচিত করিয়াছেন। এখানে গুরুর কথায় বিরোধ রহিয়াছে বলিয়া মনে হইলেও বস্তুত্ত কোনই বিরোধ নাই। বিশ্বের আত্মারূপে ভগবদ্শক্তি সকলের প্রতিই সমান, প্রত্যেকের প্রতি প্রত্যেকের কর্ম্ম অনুযায়ী ফল প্রদান করেন, কিন্তু পুক্ষোভ্রের সহিত মানুবের একটা ব্যক্তিগত সম্বন্ধ প্রদান করেন, কিন্তু পুক্ষোভ্রের সহিত মানুবের একটা ব্যক্তিগত সম্বন্ধ প্রদান করেন, কিন্তু পুক্ষোভ্রের সহিত মানুবের একটা ব্যক্তিগত সম্বন্ধ প্রদান করেন, কিন্তু পুক্ষোভ্রের সহিত মানুবের একটা ব্যক্তিগত সম্বন্ধ প্র

আছে, যে-মানব তাঁহার নিকট আদে তিনিও বিশেষ করিয়া তাহার নিকটে যান। এই যে সব বীর ও শক্তিমান পুরুষ কুরুক্ষেত্রের মহাসমর প্রাঙ্গণে সমবেত হইয়াছেন, ইহারা সকলেই ভগবানের ইচ্ছার যন্ত্র, প্রত্যেকের ভিতর দিয়া প্রত্যেকের স্বভাব অনুসারে ভগবানই কর্ম্ম করিতেছেন, কিন্তু তিনি তাহাদের অহংএর অন্তরালে থাকিয়া কর্ম করিতেছেন। অর্জুন এমন অবস্থায় পৌছিয়াছেন যথন তাঁহার এই অজ্ঞান আবরণ ভেদ করা যাইতে পারে এবং মানবদেহে অবতীর্ণ ভগবান তাঁহার বিভূতিকে তাঁহার কর্ম্মের রহস্ত উদ্বাটন করিয়া দেখাইতে পারেন। এমন কি এইরূপ প্রকাশ অপরিহার্য্য। অর্জ্জুন এক মহান কর্ম্মের যন্ত্র, দে কর্ম বাহাত অতি ভীষণ বটে, কিন্তু মানবজাতিকে প্রগতির পথে অনেকখানি অগ্রসর করাইয়া দিবার জন্ম তাহা প্রয়োজনীয়, ধর্মরাজ্য প্রতিষ্ঠার দিকে মানবজাতির যে প্রয়াস তাহার সহায়তায় এই যুদ্ধ একটি প্রধান ঘটনা। মানবের যুগবিবর্তনের ইতিহাস, মানবের আত্মা ও প্রাণে ভাগবত সন্তারই ক্রমবর্দ্ধমান প্রকাশ এহ ইতিহাসের প্রত্যেক মহান ঘটনা ও অবস্থা ভগবানেরই এক একটি আবির্ভাব। অর্জ্জুন ভগবানের নিগুঢ় ইচ্ছার যন্ত্র, কুরুক্ষেত্রের মহান কর্মী, তিনি যাহাতে কার্যাটকে ভগবানের কর্ম্ম বলিয়া জানিয়াই সজ্ঞানে করিতে পারেন সেই জক্ত ভাঁহাকে দিব্য মানব হইতে হইবে। কেবল তাহা হইলেই সে কর্ম অধ্যাত্মভাবে প্রাণময় হইয়া উঠিবে, তাহার প্রকৃত আধ্যাত্মিক সার্থকতা, তাহার নিগৃঢ় উদ্দেশ্যের জ্যোতি ও শক্তি লাভ করিবে। অর্জুনকে শাত্মজ্ঞান লাভের জন্ম আহ্বান করা হইল; তাঁহাকে দেখিতে হইকে বে, ভগবান্ট এই বিশ্বের অধীশ্বর, জগতের সকল জীব, সকল ঘটনার

উৎপত্তিস্থল, সমস্তই প্রকৃতিতে ভগবানের আত্ম-প্রকাশ, সর্ব্বত্র ভগবানকে দেখিতে হইবে। ভাহার নিজের মধ্যে মামুষরূপে ও বিভৃতিরূপে ভগবানকে দেখিতে হইবে, নীচ উচ্চ সকল স্তরের সন্তার মধ্যে ভগবানকে দেখিতে হইবে, উচ্চতম শিখরে ভগবানকে দেখিতে হইবে; দেখিতে হইবে মাত্রমণ্ড উন্নত অবস্থায় বিভূতি, গেখান হইতে পর্ম মুক্তি ও মিলনের মধ্যে উক্ততম শিখরে উঠিতেছে। কাল যে স্মষ্ট ও ধ্বংস করিতেছে, সেটকেও ভগবানের রূপ, ভগবানের পদক্ষেপ বলিয়া দেখিতে হইবে,—সেই পদক্ষেপে জগতের যুগান্তর সাধিত হয়, মাতুবের মধ্যে ভগবদ সত্তা সেই যুগান্তরের বেগকে অবলম্বন করিয়া জগৎ মাঝে বিভৃতি রূপে ভগবদ কর্ম্ম সম্পাদন করিতে করিতে লোকাতীত পরম সিদ্ধি লাভ করে। অর্জুনকে এই জ্ঞান দেওয়া হইয়াছে, এখন তাঁহাকে ভগবানের মহাকালরপ দেখান হইবে এবং সেই রূপের সহস্র সহস্র মুখ হইতে মুক্ত বিভূতির প্রতি ভূগবদ নির্দিষ্ট কর্ম্মস্পাদনের নিমিত্ত আদেশ ঘোষিত হইবে ৷

বিশ্বরূপ দর্শন

সংহারক মহাকাল

বিশ্বরূপ দর্শন গীতার একটি সর্ব্বাপেক্ষা পরিচিত এবং কবিত্বশক্তিপূর্ণ অংশ, কিন্তু গীতার চিন্তাধারায় ইহার যে-বিশিষ্ট স্থান রহিয়াছে সেইটি সহসা ধরিতে পারা যায় না। ইহা যে একটি কবিত্বয় ও দিব্যার্থিয় রূপক তাহা স্থম্পষ্ট, এবং আমাদিগকে দেখিতে হইবে কি ভাবে ইহাকে আনা হইয়াছে, কি উদ্দেশ্যে আনা হইয়াছে, আবিন্ধার করিতে হইবে ইহার গূঢ়ার্থব্যঞ্জক অংশগুলির নির্দেশ কি, তবেই আমরা ইহার প্রকৃত্ত মর্ম্ম বুঝিতে পারিব। যে-অধ্যাত্মসত্তা ও শক্তি এই বিশ্বকে পরিচালিত করিতেছে তাহার জীবস্ত রূপ, অদৃশ্য ভগবানের দৃষ্ট মহন্ধ, তাঁহার স্থূল শরীরটিই দেশিবার জন্ম অর্জ্জ্নের যে-ইচ্ছা তাহার দারাই তিনি ইহাকে আহ্বান করিলেন। জগতের যে পরম গুল্থ অধ্যাত্ম তত্ত্ব তাহা তিনি শ্রবণ করিয়াছেন, ভগবান হইতেই সব, সবই ভগবান এবং সকল বস্তুর্ব মধ্যেই ভগবান বাস করিতেছেন, লুকায়িত রহিয়াছেন, এবং প্রত্যেক সমীম সন্তার মধ্যেই তাঁহাকে প্রকট করিতে পারা যায়*। যে-মোহ

মদকুর্বহার পরমং গুরুমধ্যাক্মসংজ্ঞিতম্।

য়ন্বরোজং বচন্তেন মোহহরং বিগতো ময়॥ ১১।১
ভবাপ্যয়ৌহি ভূতানাং শ্রুতেট বিস্তরশো ময়।।

ড়বঃ কমলপ্রাক্ষ মাহান্মামপি চাব্যয়য়॥ ১১।২

এমন দৃঢ়ভাবে মামুষের ইন্দ্রিয় ও মনকে অধিকার করিয়া রহিয়াছে, বস্তুসকল ভগবান ছাডা নিজেদের মধ্যেই নিজেদিগকে লইয়া থাকিতে পারে অথবা প্রকৃতির অধীন কোনও জিনিষ স্বাধীনভাবে চলিতে পারে, নিজেদিগকে পরিচালিত করিতে পারে, এই ধারণা অর্জুনের চিত্ত হইতে অপুসারিত হইয়াছে, ঐটিই ছিল তাঁহার সংশ্যের, তাঁহার বিষ্টুতার, তাঁহার কর্ম-ত্যাগের প্রকৃত কারণ। এখন তিনি জানিয়াছেন **ষে,** সন্তাসকলের উৎপত্তি ও লয়ের প্রকৃত অর্থ কি। তিনি জানিয়াছেন যে, দিব্য চৈত্তময় আন্নার অব্যয় মাহাম্মাই এই দৃশ্য প্রপঞ্চের নিগূঢ় তন্ত। সর্বভূতের মধ্যে এই যে মহান শাখত অধ্যাত্ম সন্তা, সবই তাঁচার যোগ এবং সকল ঘটনা সেই যোগেরই পরিণাম ও প্রকাশ, নিখিল প্রকৃতি সেই গোপন ভগবদ সত্তায় পূর্ণ এবং নিজের মধ্যে তাহাকে প্রকট করিতে প্রয়াসী। কিন্তু অর্জুন দেই ভগবদসত্তার স্থলরূপ ও শরীরটিও দেখিতে চান, যদি তাহা সম্ভব হয়*। তিনি তাঁহার গুণসকল শ্রবণ করিয়াছেন এবং তাঁহার আত্মপ্রকাশের ধারা কি, ক্রম কি তাহাও বুঝিয়াছেন, কিন্ত এখন তিনি সেই তাঁহার অব্যয় আত্মরূপ দুর্শন করান। অব্য তাঁহার নিজ্ঞিয় অক্ষর সত্তার অরূপ স্তব্ধতা নহে, পরস্ত সেই পর্ম রূপ যাহা -হইতে সকল তেজ ও কর্ম্মের উৎপত্তি, সকল রূপ যাহার ছন্মবেশ, যিনি

এবমেতদ্যথাথ স্থমান্থানং পরমেশ্বর।

 উষ্টুমিচ্ছামি তে রূপমৈশ্বরং পুরুষোত্তম ॥ ১১।৩

 মন্তাদে যদি তচছক্যং ময়া দ্রষ্টুমিতি প্রভো।

 বোগেশ্বর ততো মে স্বং দর্শয়ানাম্ব্রয়ম্॥ ১১।৪

বিভৃতিতে নিজের শক্তি প্রকট করেন,—কর্ম্মের ঈশ্বর, জ্ঞান ও ভক্তির ঈশ্বর, প্রকৃতি এবং তাহার সকল জীবের ঈশ্বর। এই মহন্তম সর্বব্যাপী দর্শনের জন্ম তাঁহাকে প্রথনা করান হইল কারণ এই ভাবেই বিশ্বরূপে প্রকট পরসাত্মার নিকট হইতে তাঁহাকে বিশ্বকর্মে তাঁহার নিজের কর্তব্য সম্পাদন করিবার আদেশ গ্রহণ করিতে হইবে।

অবতার উত্তর দিলেন, তোমাকে বাহা দেখিতে হইবে, মানবার চক্ষ্ তাহা ধরিতে পারে না, কারণ মানুষের চক্ষ্ কেবল জিনিবসকলের বাহ্নিক রূপই দেখিতে পার অথবা তাহাদিগকে ভিন্ন ভিন্ন প্রতীকরূপে দেখে, ইহারা প্রত্যেক অনন্ত রহস্তের কেবলমাত্র কয়েকটি দিকের আভাস দেয়*। কিন্তু দিব্যুচক্ষ্ আছে, অন্তরতম দৃষ্টি, তাহার দ্বারা পরম ভগবানকে তাঁহার যোগশক্তিতে দেখিতে পাওয়া বায়, সেই চক্ষ্ এখন আমি তোমাকে দিতেছি। তুমি দেখিবে আমার নানাবিধ, নানা বর্ণের, নানা আক্রতির শত শত সহস্র সহস্র দিব্য রূপ; তুমি দেখিবে, আদিত্যগণ, রুদ্রগণ, মক্ষত্রগণ, অশ্বিনীকুমার দ্বয়; তুমি এমন অনেক অন্তুত জিনিষ দেখিবে

^{*} ন তু মাং শক্যদে দ্রষ্ট্রমনেনৈর অচক্ষা।

পিবাং দদামি তে চকু: পশু মে বােগমৈখরম্॥ ১২।৮
পশু মে পার্গ রূপানি শতশোহণ সহস্রশ:।

নানাবিধনি দিব্যানি নানাবর্গাকৃতীনি চ ॥

পশুদিত্যান্ বস্ত্ন ক্রানখিনো মক্তত্তথা।

বহুজ্নৃষ্টপ্রাণি পশুদ্বাণি ভারত॥

ইহৈকছং জগৎ কৃৎন্নং পশুভ সচরাচরম্

মম দেহে গুড়াকেশ যচান্তান্ত্রিছিছিলি॥ ১১।৫-৭

যাহা কেহ কথনও দেখে নাই: আমার দেহের মধ্যে সমগ্র জগৎকে সংগ্রপিত ও একত্রিত দেখিতে পাইবে। এইটিই তাহা হইলে মূলভাব, ভিতরের অর্থ। ইহা হইতেছে বহুর মধ্যে এককে দর্শন, একের মধ্যে বহুকে দর্শন—সবই সেই এক। দিব্যযোগের চক্ষুতে এই যে দর্শন ইহাই मुक्ति व्यानिया त्मय, यादा किছू व्याह, यादा किছू हिल, यादा किছू दहेरद সে-সবেরই সার্থকতা দেখাইয়া দেয়, সবেরই ব্যাথা করিয়া দেয়। একবার এই দর্শন লাভ করিতে পারিলে এবং ইহাকে ধারণ করিতে পারিলে, ইহা ভগবদ্ জ্যোতির কুঠারে সকল সংশয় ও ভ্রান্তির মূল ছিল করিয়া দেয় এবং সকল হৃদ্ধ, সকল বিরোধকে বিলুপ্ত করিয়া দেয়। এই বে দর্শন ইহা সামঞ্জন্ম করে। এই দর্শনে ভগবানকে ষে-ভাবে দেখা যায় যদি তাহার সহিত আত্মা ঐক্যবোধ লাভ করিতে পারে (অর্জুন এখনও তাহা পারেন নাই, তাই আমরা দেখি তিনি ভয়ে অভিভূত হইয়া পড়িবেন), জগতে ভীষণ বাহা কিছু আছে সে-সবের ভীষণতা দূর হইয়া যায়। সেইটিকেও আমরা ভগবানেরই একটি রূপ বলিয়া দেখিতে পাই, এবং যখন আমরা ইহার মধ্যে তাঁহার দিব্য উদ্দেশ্যের সন্ধান পাই, শুধু এইটিকেই স্বতম্রভাবে দেখি না, তথন আমরা সক্রতোমুখা আনন্দ ও বিপুল সাহদের সহিত জগৎকে সমগ্রভাবেই বরণ করিয়া লইতে পারি, আমাদের উপর যে-কর্ম্মের ভার অপিত হইয়াছে অবিচলিত পদ্বিক্ষেপে তাহার দিকে অগ্রসর হইতে পারি। যে-দিব্য জ্ঞান সকল জিনিষকে ঐক্যের দৃষ্টিতে দেখে, বিচ্ছিন্নভাবে আংশিকভাবে দেখে না এবং সেইজক্তই বিমৃত্ হয় না, আত্মা একবার সেই জ্ঞানে প্রবেশ লাভ করিতে পারিলে জগৎকে এবং যাহা কিছু সে দেখিতে ইচ্ছা করে: সবকেই নৃতনভাবে আবিষ্কার করিতে পারে, যচ্চান্টন্তু মিচ্ছিসি। সকলের মধ্যে সম্বন্ধ-স্থাপনকারী, ঐক্য-স্থাপনকারী এই দৃষ্টির ভিত্তিতে সে দিব্য-জ্ঞান হইতে পূর্ণতর দিব্যজ্ঞানের দিকে অগ্রসর হইতে পারে।

ভাহার পর পরম ঐশ রূপ অর্জ্নের দৃষ্টিগোচর করা হইল*।

সে-রূপ অনস্ত ভগবানের, তাঁহার মুখ সর্কত্র এবং তাঁহার মধ্যে সমস্ত

আশ্চর্যাময় স্বষ্টি, তিনি তাঁহার সন্তার যে-সকল অপরূপ প্রকটন
করিতেছেন ভাহাদের শেষ নাই—সমগ্র বিশ্বে প্রসারিত ভগবান তিনি,

অসংখ্য চক্ষু দিয়া দেখিতেছেন, অসংখ্য মুখ দিয়া কথা কহিতেছেন,

অসংখ্য দিব্য-অস্ত্রে তিনি যুদ্ধের জন্ত সজ্জিত, দিব্য আভরণে ভূষিত,

দিব্য-বন্ত্র-পরিহিত, দিব্য পুশের মালায় অলক্ক্ত, দিব্য সোগক্ষা

এবমৃত্যু ততো রাজন্ মহাযোগেখরো হরি:।
 দর্শয়ামাস পার্থায় পরমং রূপমৈশরম্ ॥
 অনেকবক্ত নয়নমনেকাছ তদর্শনম্।
 অনেকবিত্যাভরণং দিব্যানেকোভাতায়ৄধম্ ॥
 দিব্যমালাশ্বরধরং দিব্যাগকামুলেপনম্।
 সর্ববাশ্চর্যায়য়ং দেবমনস্তং বিশ্বত্যোমূথম্ ॥
 দিবি সুর্যামহত্রস্ত ভবেদ্বৃগপদ্বতা।
 যদি ভা: সদৃশী সা স্থান্তাসস্তস্ত মহাত্মনঃ ॥
 তব্তকস্থং জগৎ কৃৎয়ং প্রবিভক্তমনেকধা।
 অপশ্রদ্দেবদেবস্ত শরীরে পাগুবন্তা ॥
 ততঃ স বিশ্বয়াবিস্তো হন্তরোমা ধনপ্রয়ঃ ।
 প্রশমা শিবসা দেবং কৃতাঞ্জনিয়ভাবত ॥ ১১।২-১৪

অমুলিপ্ত। ভগবানের এই শরীরের এমন প্রভা যেন আকাশে একেবারে সহস্র স্থা উদিত হইয়াছে। সেই দেবদেবের শরীরে সমগ্র জগৎ বছধা বিভক্ত অথচ একীভূত দেখা যাইতেছে। অর্জুন দেখিলেন অত্যাশ্চর্যাময়, স্থলর, ভীষণ ভগবান, জীবগণের অধিপতি, দিনি তাঁহার অধ্যাত্মসন্তার মহিমা ও মহন্তে এই উদ্ধাম ও বিকট, স্থশুভ্ঞানাময় ও চমৎকার, মধুর ও ভয়য়র জগৎ প্রকটিত করিয়াছেন, এবং তিনি বিশ্বয়ে, হর্ষে, ভয়ে অভিভূত হইয়া অবনতমস্তকে নময়ারপ্রকি ভক্তিপূর্ণবাক্যে করবোড়ে সেই বিরাট মূর্তির ন্তব করিতে লাগিলেন—"হে দেব, তোমার দেহে আমি সকল দেবতা, বিশেষ বিশেষ ভূতবর্গ, কমলাসনস্থ স্টেকেন্তা বন্ধা এবং ঋষিগণ ও দিবা সর্পগণকে দর্শন করিতেছি । আমি দেখিতেছি

পশুমি দেবাং শুব দেব দেহে

স্কাংতথা ভূতবিশেষসভ্যান্।
ব্রহ্মাণমীশং কমলাসনস্থমুবীংশ্চ সর্কান্ত্রগাংশ্চ দিব্যান্॥
আনেকবাহদরবস্তুনেত্রং
পশুমি ঘাং সর্কান্তাইনস্তরূপম্।
নাস্তং ন মধ্যং ন পুনস্তবাদিং
পশুমি বিশেষর বিশ্বরূপ॥
কিরীটনং গদিনং চক্রিনং চ
তেরোরাশিং সর্কান্তোদীপ্তিমস্তম্।
পশুমি ঘাং ভূনিরীক্ষ্যং সমস্তাদীপ্তানলার্ক্যুতিমপ্রমেরম্॥

অসংখ্য বাহু, অসংখ্য উদর, অসংখ্য নেত্র, অসংখ্য মুখ; সর্বত্র আমি তোমার অনন্তরূপ দর্শন করিতেছি, কিন্তু হে বিশ্বের, বিশ্বরূপ, আমি তোমার অন্ত, মধ্য, আদি দেখিতে পাইতেছি না। আমি তোমাকে দেখিতেছি কিরীটা, গদাচক্রধারী, আমার চতুর্দিকে দীপ্তিমান, তেজোপুরু তুমি তর্দিরীক্ষ্য, সর্বব্যাপী হ্যতি, স্থ্য-প্রভ, অগ্নি-প্রভ অপ্রমেয়। তুমি পরম অক্ষর এবং তুমিই জ্ঞাতব্য, তুমি এই বিশ্বের পরম আধার ও আশ্রয়, তুমিই শার্যত ধর্ম্বস্তুহের অবিনশ্বর প্রতিপালক, তুমিই সনাতন পুরুষ।

কিন্তু এই মহান রূপের মধ্যেই ভীষণ সংহারকেরও মূর্ব্তি রহিয়াছে। এই বে অপ্রমেয়, বাঁহার অন্ত নাই, মধ্য নাই, আদি নাই, ইহারই মধ্যে সকল জিনিষের উদ্ভব, স্থিতি ও লয় ।। এই যে-ভগবান অসংখ্য বাছর

ত্মক্ষরং পরমং বেদিতব্যং

ত্মস্ত বিশ্বস্ত পরং নিধানম্।

ত্মব্যর: শাশকধর্মগোপ্তা

সনাতনত্তং পুরুষো মতো মে॥ ১১।১৫-১৮

† অনাদি মধ্যাস্তমনস্তবীর্য্যমনস্তবাহং শশিস্থ্যনেত্রম্।
পাখামি ঘাং দীগুছতাশবস্ত্রং
ব্যতজ্ঞলা বিশ্বমিদং তপস্তম্॥ ১৯
ভাবাপৃথিব্যোত্রিদনস্তরং হি
ব্যাপ্তং ত্রৈকেন দিশশ্চ সর্বাঃ।
দৃষ্ট্যাস্ত্রুত্ম্ রূপমিদং তবোগ্রং
লোকত্রয়ং প্রব্যথিতং মহাক্সন্॥ ২•

ষারা জগৎসমূহকে আলিঙ্গন করিয়া রহিয়াছেন এবং কোটি কোটি হস্তের
যারা সংহার করিতেছেন, স্থ্য ও চক্রসকল থাহার চক্লু, ইহার মুখমগুলে
হতাশন প্রজ্ঞলিত, এবং নিজ তেজবহ্লিতে তিনি নিরস্তর নিখিল
বিশ্বকে সম্ভপ্ত করিতেছেন। তাঁহার রূপ অতিশয় ভয়ঙ্কর ও চমৎকার;
একাকীই তাহা দিক্সমূহে ব্যাপ্ত রহিয়াছে এবং স্বর্গ ও মর্ত্তোর সমগ্র
ব্যবধান জুড়িয়া বিরাজ করিতেছে। ভীতাস্তঃকরণে স্তব করিতে
করিতে স্বরসভ্য তাঁহার মধ্যে প্রবেশ করিতেছে, মহর্বি ও সিদ্ধগণ
শাস্তি হউক, কল্যাণ হউক" ইহা বলিয়া তাঁহাকে বহুলভাবে গুব
করিতেছেন। দেবগণ, রুদ্ধগণ, গন্ধর্ম ফল অস্করগণ তাঁহাকে নিরীক্ষণ
করিয়া চমৎক্বত হইতেছে। তাঁহার নয়নসকল প্রদীপ্ত ও বিশাল;
তাঁহার মুখমগুল করাল দংখ্রাযুক্ত এবং ভক্ষণ করিবার জন্ত বিন্দারিত;
প্রলয় কালের হতাশন সদৃশ তাঁহার ভীষণ আনন ‡। সেই মহাযুদ্ধে

অমী হি থাং স্থানংখা বিশস্তি কেচিন্তীতাঃ প্রাক্সলয়ো গৃণন্তি।
স্বন্তীত্যুক্তা মহবিনিদ্দনক্ষাঃ
ক্ষবন্তি যাং স্ততিভিঃ পুদ্দলাভিঃ॥ ২১
ক্ষতাদিত্যা বনবো যে চ সাধ্যা
বিষেহিশিনো মক্ষতক্ষোত্মপাশ্চ।
গন্ধাৰ্ম বক্ষাস্থ্য নিদ্দাংখা
বীক্ষতে থাং বিশ্বিতাশ্চিব সর্পো॥ ২২

‡ ऋशः भश्रः व्हर्वे दहरु । भश्राहित वहराङ्क्ष्मशानम् । উভয়পক্ষের নৃপতিগণ, সেনাপতিগণ, বীরগণ তাঁহার দংষ্ট্রাকরাল ভয়ানক মুথসমূহের মধ্যে দ্রুত প্রবেশ করিতেছেন, দেখা যাইতেছে কেহ কেহ তাঁহার বিশাল দংষ্ট্রার সন্ধিষ্টলে সংলগ্ধ, তাঁহাদের মস্তক চুণ বিচুণ হইয়া

> वहपदः वहपःश्वीकद्रावः দৃষ্টা লোকা: প্রবাধিতাম্বধাহহম ॥২৩ नडः म्थुनः मीखमान कवर्गः ব্যান্তাননং দীপ্তবিশালনেত্রম। দুষ্টা হি আং প্রব্যথিতান্তরাত্মা ধৃতিং ন বিন্দামি শমং চ বিক্ষো ॥২৪ দংষ্ট্রাকরালানি চ তে মুখানি ष्टिर कालानलमञ्ज्ञानि । দিশোন গানেন লভে চ শৰ্ম প্রসীদ নেবেশ জগল্লিবাস ১২৫ অমী চ ডা॰ ধুতরাষ্ট্রস্থ পুত্রাঃ मर्क्त देशविनशालमःदेवः। ভৌত্মা ছোণঃ সু :পুত্রন্তথাহদৌ महाव्यवीरेषद्रिन त्यांधमूरेशः ॥२७ বক্তাণি তে ত্বরমাণা বিশস্তি पःशिकवानानि एग्रानकानि। কেচি,ছলগ্ৰা দশনান্তরেষু সংদ্*ভান্ত* চুণিতৈক্সন্তমাকৈ: ॥২৭ यथा नप्रोनाः त्र्रताः यूर्वशाः সমূহমেকাভিমুগা দ্রবস্থি। তথা তথামা নরলোকবীরা বিশস্তি বক্ত।শুভিবিজ্বলম্ভি ॥২৮

ষাইতেছে; ষেমন বহু নদী সমুদ্যাভিমুখে ধাবিত হয় অথবা ষেমন পতঙ্গণ প্রজ্ঞানিত অগ্নিতে প্রবেশ করে, তেমনিই লোকসমূহ অবশভাবে মরণের নিমিত্ত অতি বেগে তাঁহার অগ্নিময় মুখসমূহের মধ্যে প্রবেশ করিতেছে। সেই সকল প্রদীপ্ত বদন লইয়া সেই করাল মূর্ত্তি চারিদিক লেহন করিতেছেন, সমগ্র জগং তাঁহার অগ্নিময় তেজে পরিব্যাপ্ত এবং তাঁহার অত্যুগ্র দীপ্তিতে সন্তপ্ত। জগং এবং তাহার লোকসমূহ ধ্বংসভারে কম্পিত ও ব্যথিত, এবং চারিদিকে যে ভয় ও য়য়ণা অর্জ্জ্নও তাহাতে অভিভূত হইয়া পড়িয়াছেন। তিনি সেই করাল মূর্ত্তি ভগবানকে লক্ষ্য করিয়া বলিয়া উঠিলেন, "এই উগ্র মূর্ত্তিধারী তুমি কে, আমাকে বল। হে দেববর, আমি তোমাকে নমস্কার করিতেছি, তুমি প্রসের হও। আদিপুরুষ তোমাকে জানিবার আমার নিতান্ত ইচ্ছা হইতেছে, কারণ তোমার সঙ্কল্প ও কর্মধারা আমি বৃধিতেছি না।"

বধা প্রশীপ্তং জ্বলনং পতঙ্গ।

বিশস্তি নাশায় সমৃদ্ধবেগাঃ।
তথৈব নাশায় বিশস্তি লোকাতবাপি বজুগি সমৃদ্ধবেগাঃ॥২৯
লোক্যন্ অনমানঃ সমস্তালোকান্ সমগ্র,ন্ বদনৈজ্ব লিজঃ।
তেজোভিরাপুব্য জগৎ সমগ্রং
ভাসন্তবোগ্রাঃ প্রতপন্তি বিফো॥৩০
আব্যা হি মে কো ভবামুগ্রমপো
নমোহস্ত তে দেববর প্রসীদ।
বিজ্ঞাতুমিচ্ছামি ভবস্তমাত্রং
ন হি প্রজানামি তব প্রবৃত্তিম্॥৩১

অর্জুনের এই যে শেষ প্রশ্ন ইহার মধ্যে বিশ্বরূপের ছইটি ভাবের ইঙ্গিত রহিয়াছে। এইটি হইতেছে সনাতন চির-পুরাতন বিশ্বপুরুষের রূপ, সনাতন্ম পুরুষ্ম পুরাণ্ম, ইনিই চিরকাল স্পষ্ট করিতেছেন কারণ স্ষ্টিকর্ত্তা ব্রহ্মা ইহারই দেহে দুশু দেবগণের মধ্যে একজন, তাঁহা হইতেই সর্বাদা জগতের স্থিতি কারণ তিনিই শাখত ধর্মসকলের প্রতিপালক, কিন্তু তিনিই আবার সর্বাদা ধ্বংস করিতেছেন বেন পুনরায় নূতন স্বষ্টি করিতে পারেন, তিনি কাল, তিনি মৃত্যু, তিনি শাস্ত ও মহিমাময় নটরাজ কদ্র, তিনি কালী মুণ্ডমালা পরিয়া উলঙ্গিনী হইয়া সমরে নৃত্য করিতেছেন এবং নিহত অস্কুরগণের শোণিতে নিজেকে রঞ্জিত করিতে-ছেন, তিনিই ঘুর্ণ্যাবর্ত্ত, দাবানল, ভূষিকম্পা, তিনিই হুঃখ ছভিক্ষ, বিপ্লব, ধ্বংস এবং সর্ব্যাসী সমুদ্র। আর এই যে তাঁহার শেষোক্ত রূপ, এইটিই তিনি এখন সম্মুখে ধরিলেন। এই রূপের সম্মুখ হইতে মানুষের মন স্বভাবতঃই প্রত্যাবৃত্ত হয়, এবং সে চক্ষু মুদিয়া থাকে এই আশায় ষে সে নিজে না দেখিলে হয়ত বা সেই ভীষণ মূর্ত্তি তাহাকে দেখিতে পাইবে না। মানুষের হর্কল ছানয় শুধু চার মনোরম ও আরামদায়ক সত্য, আর তাহা না পাওয়া গেলে চায় মনোরম মিথ্যা কাহিনী, ইহা সত্যকে তাহার পূর্ণতায় চায় না কারণ তাহার মধ্যে একৰ আনক কিছুই আছে যাহা স্পষ্ট নহে, মনোরম নহে, আরামপ্রদ নহে, পরস্ক বুঝা কঠিন এবং সহু করা আরও কঠিন। অপক ধর্ম্মপন্থী, তরলবুদ্ধি আশাবাদী, ভাবপ্রবণ আদর্শবাদী, ইন্দ্রিয় ও হৃদয়াবেগের দাস মাতুষ, নির্ম্ম সিদ্ধান্ত সকলকে, বিশ্বজগতের কর্কণ ও ভীষণ দিকগুলিকে বিক্লত ব্যাখ্যার দ্বারা উডাইয়া দিতে চায়। ভারতের ধর্মকে অনেকেই অজ্ঞভাবে নিন্দা করিয়া থাকে কারণ উহা এই লুকোচুরি খেলার বোগ দেয় নাই, বরং ভগবানের যেমন মধুর ও স্থানর ভাবগুলির তেমনিই ভীষণ ভাবগুলিরও প্রতীক গড়িয়া তুলিয়াছে এবং সর্বাদা সন্মুখে রাথিয়াছে। কিন্তু ইহার স্থদীর্ঘ চিন্তাধারা ও অধ্যাত্মসাধনার গভীরতা ও উদারতার কল্যাণে ইহা এই সব দৌর্বল্যস্থচক সঙ্কোচ অমুভব করে নাই বা সে-সবকে প্রশ্রম দেয় নাই।

ভারতের আধ্যাত্মিকতা জানে ষে, ভগবান প্রেমময়, শাস্তিময় এবং স্থান্থির শাখত,—বে গীতা আমাদিগকে এই সব ভীষণ রূপ দর্শন করাইয়াছে, সেই গীতাই বলিয়াছে যে, ভগবান সর্বভৃতের প্রেমিকরূপে, স্থলন্ত্রপে তাহাদের মধ্যে প্রকট। কিন্তু তাঁহার দিবাভাবে জগৎপরি-পালনের নির্মাম দিকও রহিয়াছে, ধ্বংগের দিক, এবং ভাহা প্রথম হুইতেই আমাদের চক্ষে পড়ে; এইটিকে দেখিতে অস্বীকার করার অর্থ ভগবদ প্রেম, শান্তি, নির্বিকারতা ও আনন্তের পূর্ণ মর্ম্মগ্রহণে অসমর্থ হওয়া, এমন কি তাহার উপরে একটা পক্ষপাত ও মিধ্যার ভাব আরোপ করা হয়, কারণ ইহাকে যে একান্ত প্রীতিদায়ক রূপ দেওয়া হয়, আমরা যে জগতে বাস করিতেছি তাহার প্রকৃতির সাহত সেটির মিল হয় না। এই যে আমাদের সংগ্রামের, কষ্টকর প্রয়াদের জগৎ, ইহা ভীষণ, বিপজ্জনক, ধ্বংসকারী, গ্রাসকারী জগৎ, এখানে জীবনের অন্তিত্ব ক্ষণভঙ্গুর, মানুষের আত্মা ও দেহ এখানে ष्मरः था विभागत मध्य विष्ठत्र करत्, এইটি এমন জগৎ यে এখান আমাদের প্রতি পদ্বিক্ষেপে, ইচ্ছায় হউক বা অনিচ্ছায় হউক, কোন কোন জিনিষকে চুর্ণ বিচুর্ণ করিতে হয়, এখানে জীবনের প্রত্যেক নিষ।

নরণেরও নিখাস। যাহা কিছু অগুভ বলিয়া, ভীষণ বলিয়া আমাদের মনে হয়, সে-সবের দায়িত্ব একটি প্রায়-সর্বাশক্তিমান সয়তানের স্কল্পে চাপাইয়া দেওয়া, অথবা প্রাকৃতির অংশ ব্রিয়া উপেক্ষা করা এবং এই-ভাবে ভগবদ প্রকৃতি এবং জাগতিক প্রকৃতির মধ্যে এক অনতিক্রমনীয় বাবধানের স্থাষ্ট করা, যেন প্রাকৃতি ভগবান ছাডা একটা কিছু, অথবা সমস্ত দায়িত্ব মাতুষ এবং তাহার পাপের উপরে চাপাইয়া দেওয়া, যেন জগৎ কিরূপ হইবে সে-বিষয়ে তাহার মতের খুব প্রাধান্ত ছিল বা সে ভগবানের ইচ্ছার বিরুদ্ধে কোন কিছু সৃষ্টি করিতে পারিত,—এইসব কৌশলের দ্বারা লোকে যে কোনরকমে নিজেদিগকে ভুলাইতে চায়, ভারতের অধ্যাত্ম চিস্তাধারা কখনও এ-সবের আশ্রয় গ্রহণ করে নাই। আমাদিগকে সাহসভরে সভাের দিকে চাহিয়া দেখিতে হইবে এবং দেখিতে হইবে যে, আর কেহ নহে স্বয়ং ভগবানই নিজের সন্তার মধ্যে এই জগৎকে সৃষ্টি করিয়াছেন এবং এমি করিয়াই স্পৃষ্টি করিয়াছেন। আমাদিগকে দেখিতে হইবে. প্রকৃতি নিজের সস্তানগণকে উদরসাৎ করিতেছে, কাল জীবসকলের জীবন গ্রাস করিতেছে, সর্বব্যাপী ও অপরিহার্য্য মৃত্যু, এবং মামুষে ও প্রকৃতিতে রুদ্র শক্তিসকলের প্রচণ্ডতা, এই সবই হইতেছে পরম ভগবানের বহু বিশ্বরূপের একটি রূপ। ^{ৰি}আমাদিগকে দেখিতে হইবে যে, ভগবান মুক্ত-হস্ত অমিত স্ষ্টিকৰ্ত্তা, শাহায্যদাতা, শক্তিমান ও করণাময় রক্ষাকর্তা, আবার সেই ভগবানই গ্রাসকর্তা ও ধ্বংসকর্তা। স্থথ ও মাধুর্যা ও আনন্দ যেমন তাঁহার স্পর্শ, তেমনই যে ত্রুংথ ও অশুভের পীড়ন-যন্ত্রে আমরা ত্রবিষহ যন্ত্রণা ভোগ করি গ্রিহাও তাঁহারই স্পর্শ। যথন আমরা পূর্ণ মিলনের দৃষ্টি লইয়া দেখি এবং

আমাদের সন্তার গভীরতম প্রদেশে এই সত্য অনুভব করি, কেবল তথনই আমরা সেই ছদ্মবেশেরও পশ্চাতে সর্ব্বমঙ্গলময় ভগবানের শাস্ত ও স্থানর মুথ পূর্ণভাবে আবিষ্কার করিতে পারি, এবং এই যে বেদনার স্পর্শ আমাদের দোষ ক্রটির পরীক্ষা করে তাহার মধ্যেও মানুষের বন্ধুর, মানুষের অধ্যাত্মজীবন-বিকাশকর্ত্তার সন্ধান পাইতে পারি। জগতে বে-সব ছন্দ্র বিরোধ, সে-সব ভগবানেরই ছন্দ্র বিরোধ, আর কেবল সেই সবকে স্বীকার করিয়া লইয়া, তাহাদের মধ্য দিয়া যাইয়াই আমরা তাঁহার পরম সামঞ্জস্তের মহত্তর স্থাসঙ্গতিগুলির মধ্যে, তাঁহার বিশ্বাতীত ও বিশ্বগত আননন্দের শিথর ও অনস্তপ্রসারী পুলকম্পন্দনসকলের মধ্যে উপনীত হুইতে পারি।

গীতা যে-সমস্থাটি তুলিয়াছে এবং তাহার যে সমাধান দিয়াছে, তাহাতে বিশ্বপ্রুষকে এই শ্বরূপেই দেখাইতে হয়। সমস্থাটি হইতেছে এক বিরাট যুদ্ধেয়, ধ্বংসের, হত্যাকাণ্ডের যাহা সর্কানিয়স্থা ভগবদিছার ছারাই সংঘটিত হইয়াছে এবং তাহাতে চির-অবতার নিজে প্রধান যোদ্ধার রথের সার্থিরূপে অবতীর্ণ হইয়াছেন। এই রূপ যিনি দর্শন করিতেছেন তিনি নিজেই সেই প্রধান যোদ্ধা, সংগ্রামপরায়ণ মানবাত্মার প্রতিভূ তিনি, তাঁহাকে তাঁহার ক্রমবিকাশের পথে বাধাশ্বরূপ নির্দ্ম ও অত্যাচারী শক্তিসকলকে দমন করিতে হইবে এবং এক উচ্চতর অধিকারের, মহত্তর ধর্ম্মের রাজ্য স্থাপন ও উপভোগ করিতে হইবে। যে-বিরাট উপপ্লবে আত্মীয় আত্মীয়কে হত্যা করে, জাতিসকল সমূলে বিনম্ভ হয়, সমগ্র সমাজই বিশ্ব্রুলা ও অনাচারের আবর্ত্তে ভূবিয়া যাইবে বিলিয়া মনে হয়, তাহার ভীষণ শ্বরূপে বিকল হইয়া তিনি পিছাইয়া

পডিয়াছেন, নিয়তির নির্দ্ধারিত কর্ম করিতে অস্বীরত হইয়াছেন এবং তাঁহার দিবা বন্ধু ও দিশারীকে জিজ্ঞানা করিয়াছেন, কেন তাঁহাকে এই ভীষণ কর্ম্মে নিযুক্ত করা হইল, কিং কর্মাণি ঘোরে মাং নিয়োজয়সি ? তথন তাঁগাকে দেখান হইয়াছে, যে-কোন কর্মাই সে করুক না কেন, কেমন করিয়া ব্যক্তিগতভাবে সেই কর্ম্মের বাছিক স্বরূপের উপরে উঠা যায়, কেমন করিয়া দেখা যায় যে, কার্যানির্বাহকশক্তিরপিণী প্রকৃতিই কর্ম্মের কর্তা, তাঁহার প্রাকৃত সন্তা যন্ত্রস্বরূপ, ভগবান প্রকৃতির এবং কর্ম্মকলের অধীশ্বর কোনরূপ বাসনা বা স্বার্থপরতা না রাখিয়া সকল কর্মাই বজ্ঞরূপে তাঁহাকে অর্পণ করিতে হইবে। তাঁহাকে আরও দেখান হইয়াছে যে, ভগবান এই সব জিনিষের উর্দ্ধে রহিয়াছেন, তাহাদের-ম্পর্শের অতীত, অথচ তিনি মনুষ্যে ও প্রকৃতিতে ও তাহাদের কর্মে নিজেকে প্রকট করিতেছেন এবং সংসারের সব কিছুই ভগবানের এই লীলাবর্ত্তের অঙ্গ। কিন্তু এখন তাঁহাকে এই সত্যের মৃত্তিমান বিগ্রহের সমুখীন করা হইল, এই মহান ভগবদ রূপের মধ্যে তিনি ভীষণতা ও ধ্বংসের দিকটিকে অতিশয় পরিবর্দ্ধিতাকারে দেখিলেন, তিনি অভিভূত ছইযা পড়িলেন, ভাহার পক্ষে সহ্য করা কঠিন হইয়া উঠিল। কারণ পর্বাত্মাকে এমন করিয়া প্রকৃতির মধ্যে নিজেকে প্রকট করিতে হয<u>়</u> কেন ৪ এই যে মর-জীবন স্থজন ও ধ্বংসের বহি, এই জগৎব্যাপী সংগ্রাম. অনর্থকারী বিপ্লবের এইরূপ পুনঃ পুনঃ সংঘটন, জীবগণের এই কষ্টকর প্রধাস, নিদারুণ হুঃখ ও যন্ত্রণা ও মৃত্যু—এ-সবের কি অর্থ ? তিনি সেই পুরাতন প্রশ্ন জিজ্ঞাসা করিলেন এবং শার্ষত প্রার্থনা ব্যক্ত করিলেন— "জামাকে বল, এই উগ্রমূর্ত্তিধারী তুমি কে? আদিপুরুষ ভোমাকে জানিবার জন্ম আমার অত্যস্ত ইচ্ছা হইতেছে; কারণ আমি তোমার সঙ্কল্প ও কর্মধারা কিছুই জানি না। তুমি প্রসন্ন হও"*।

ভগবান উত্তর দিলেন, ধ্বংসই আমার সঙ্কল্ল ও কর্মধারা, সেই সঙ্কল্ল লইয়াই আমি এই ধর্মকেত্র বুরুকেত্রে ("ধর্মকেত্র কুরুকেত্র" মানবের কর্মক্ষেত্রেরই রূপক) দণ্ডায়মান হইয়াছি, মহাকালের গতিতে এই জগংব্যাপী ধ্বংসকাণ্ড উপাত্তত হইয়াছে। পূর্ব্ব হইতেই দৃষ্ট আমার এক উদ্দেশ্য আছে. তাহা অনিবার্যার্রপেই সিদ্ধ ১ইবে, কোন মানুষ যোগ দিক বা না দিক কিছুতেই সে-উদ্দেশ্যকে বাধা দিতে, পরিবর্ত্তন করিতে বা কুল্ল করিতে পারিবে না; মামুষ পৃথিবীতে আদৌ তাহা সম্পাদন করিবার পূর্ব্বে আমার সঙ্কল্পের শাখত দৃষ্টিতে আমি পূর্ব্বেই সব করিয়া রাখিয়াছি। মহাকালরূপে আমাকে পুরাতন সংগঠন সকলকে ধ্বংস করিতে হয় এবং নুতন, মহান, গরিমাময় রাজ্য গড়িয়া তুলিতে হয়। এই যুদ্ধ তুমি নিবারণ করিতে পারিবে না, ইহাতে ভাগবত শক্তি ও জ্ঞানের মানবীয় ষম্ভস্করপ তোমাকে ধর্মের জন্ম সংগ্রাম করিতে হইবে এবং ধর্মবিরোধী-গণকে নিধন করিতে হইবে, জয় করিতে হইবে। প্রকৃতিতে আবিভূতি মানবাত্মা তুমি, আমি প্রকৃতির ক্ষেত্রে তোমতেক ষে ফল প্রদান করিব, ধর্ম ও ক্রায়ের রাজ্য, তাহাও তোমাকে ভোগ করিতে হইবে। ইহাই

কাথ্যাহি মে কো ভবামুগ্ররূপে।

 নমোহস্ত তে দেববর প্রসাদ।
 বিজ্ঞাতুমিচ্ছামি ভবস্তমাত্তং
 ন হি প্রজানামি তব প্রবৃত্তিম্॥ ১১।৩১

বেন ভোমার পক্ষে যথেষ্ট হয়—ভোমার আত্মায় ভগবানের সহিত এক হওয়া, তাঁহার আদেশ মাপা পাতিয়া লওয়া, তাঁহার ইচ্ছা সম্পাদন করা, জগতে এক মহান উদ্দেশু পূর্ণ হইতেছে, শান্তভাবে তাহা অবলোকন করা। "আমি লোকক্ষয়কারী মহাকাল প্রবৃদ্ধ হইয়া উঠিয়াছি, লোকসকলকে ধ্বংস করাই এখানে আমার সক্ষল ও কর্মধারা। তুমি যুদ্ধ না করিলেও প্রতিপক্ষীয় যোদ্ধাগণের মধ্যে কেহই জীবিত থাকিবে না*। অতএব উঠ, বশোরাশি লাভ কর, তোমার শক্রগণকে জয় করিয়া সমৃদ্ধিশালী রাজ্য ভোগ কর। তাহারা ইতিপূর্ব্বে আমারই দারা নিহত হইয়া আছে, হে স্ব্যুসাতিন্! তুমি নিমিন্ত্র্মাত্র হও। আমার দারা যাহারা নিহত হইয়াছে সেই জোন, ভীল, জয়ত্রপ, কর্ণ এবং অন্তান্ত বীর

কালোহলি লোকক্ষকৃৎ প্রবৃদ্ধা
লো ান্ সমাহর্তুমিহ প্রবৃত্তঃ।
 কতেহপি থাং ন ভাবয়িত সর্কে
 ব্যহর্ত্তির প্রতানিকেয়ুং যোধাং॥ ৩২
তথ্যাস্ত্রপতির ঘশো লভহ
 জিয়া শক্রন্ ভূজ্ক্রাচ্যং সমৃদ্ধন্।
মরৈবৈতে নিহতাং পূর্কমেব
 নিমিত্তমাত্রং ভব সব্যসাচিন্॥ ৩২
কোণং চ ভাল্পং চ কর্ত্রথং চ
 কর্ণং তথাস্থানপি যোধবীরান্।
ময়া হতাংস্থং জহি মা বাথিঠা
 ব্ধাস্থ জেতাসি রবে সপ্পান্॥ ৩৪



ষোদ্ধাগণকে বধ কর, ব্যথিত বা ক্ষুক্ক হইও না। যুদ্ধ কর, তুমি শক্রদিগকে জয় করিতে পারিবে।" এই মহান ও ভীষণ কর্মের ফল কি হইবে সে সম্বন্ধে প্রতিশ্রুতি দেওয়া হইল, ভবিষ্যদ্বাণী করা হইল, মায়ুষ ষে বাসনার বশবর্ত্তী হইয়া ফল কামনা করে সে ফল নহে,—কারণ কর্মফলে আসক্তি রাখা চলিবে না—পরস্ত ভগবালছার পরিপূরণ, যে-কার্যাটি করিতে হইবে তাহার সম্পাদনের গৌরব ও সাফল্য, এই গৌরব ভগবান বিভৃতিরূপে নিজেকেই দিতেছেন। এই ভাবেই সেই জগৎ-যুদ্ধের প্রধান নায়ককে কর্ম্মে প্রবৃত্ত হইবার শেষ ও অলজ্যনীয় আদেশ প্রদান করা হইল।

যিনি কালের অভীত তিনিই মহাকাল ও বিশ্ব-পুরুষরপে আবিভূতি হইয়া আদেশ প্রদান করিলেন। কারণ ভগবান যথন বলিলেন, কালোহ দ্বা লোকক্ষয়কৎ, আমি সন্তাসকলের ধ্বংসকারী মহাকাল, তাহার অর্থ নিশ্চয়ই ইহা নহে যে, তিনি শুধুই মহাকাল এবং মহাকালের সমগ্র মূল তত্ত্বই হইতেছে ধ্বংস করা। কিন্তু এইটিই বর্ত্তমানে তাঁহার সঙ্কর ও কর্মধারা, প্রবৃত্তি। ধ্বংস সকল সময়েই স্ষ্টের সহিত এক সঙ্গে বা পর্যায়ক্রমে চলে, এবং এইভাবে সমতালে ধ্বংস ও নব-স্থাষ্ট করিতে কার্রতেই জীবনের অধীশ্বর তাঁহার রক্ষা-কার্য্য সম্পাদন করেন। তাহা ছাড়া ধ্বংস হইতেছে প্রগতির জন্ত প্রথম প্রয়োজন। অন্তর রাজ্যে যে মাহ্রয় তাহার নীচের সন্তার রূপগুলিকে ধ্বংস না করে, সে উচ্চতর জীবনের মধ্যে উঠিতে সক্ষম হয় না। বাহিরের রাজ্যেও যে রাষ্ট্র বা জনসমাজ বা জাতি তাহার জীবনের প্রাচীন রূপগুলিকে ভাঙ্গিয়া ফেলিতে এবং পুনর্গঠন করিতে খ্ব বেশী দিন ধরিয়া ইভন্তত: করে, সে নিজেই

ধ্বংসের অধীন হয়, জীর্ণ হইয়া বিনষ্ট হইয়া যায়, এবং তাহার ধ্বংসম্ভপ হইতে অন্ত রাষ্ট্র, জনস্মাজ এবং জাতি গড়িয়া উঠে। প্রাচীনকালে বে-সব অতিকায় জীব এই পৃথিবীর বাসিন্দা ছিল তাহাদিগকে ধ্বংস করিয়াই মানুষ পৃথিবীতে নিজের স্থান করিয়া লইতে পারিয়াছে। দানবগণকে বধ করিয়াই দেবগণ বিশ্বে ভগবদবিধানের ধারাকে অক্ষ রাথে। যে-কেহ অকালে এই যুদ্ধ ও ধ্বংসের নীতিকে উঠাইয়া দিতে চায়, সে বিশ্ব-পুরুষের মহত্তর ইচ্ছার বিরুদ্ধে বুথা চেষ্টা করে। যে-কেহ তাহার নিম্নতন প্রকৃতির তর্বলতার জন্ম ইহা হইতে সরিয়া থাকিতে চায় (যেমন অর্জুন প্রথমে চাহিয়াছিলেন, এবং সেইজক্তই ভগবান তাহার এই কাত্রতাকে মিথা রূপা, অষশস্কর অনার্যাদেবিত অন্বর্গ্য ক্লৈবা ও হুদয়দৌর্বল্য বলিয়া তীব্র ভাষায় নিন্দা করিয়াছিলেন) সে প্রকৃত ধর্ম্মের পথ অমুসরণ করিতেছে না, পরস্ক প্রকৃতির কর্ম্মের এবং জীবনের ষে-সকল রুঢ়তর সত্য সেইগুলির সন্মুখীন হইবার অধ্যাত্ম সাহসেরই অভাব দেখাইতেছে। মাত্ম যুদ্ধের নীতিকে অতিক্রম করিতে পারে কেবল তাহার মধ্যে অমূতত্বের মহন্তর নীতির আবিষ্কার করিয়া। কেহ কেহ ইহাকে সেইখানে সন্ধান করেন যেখানে ইহা নিরন্তর রহিয়াছে, শুদ্ধ আত্মার উৰ্দ্ধতন গুরুসকলে, এবং ইহাকে লাভ করিবারু জন্ম ভাহারা মুত্রার কবলিত সংসার হইতে সরিয়া যাইতে চাহেন। এইরূপে ব্যক্তিগত সমাধান মিলিতে পারে. কিন্তু তাহাতে মানবজাতির বা জগতের কোনই লাভ হয় না, অথবা ওধু এইটুকু ফল হয় বে, ঐ অধ্যাত্ম শক্তি তাহাদিগকে যে তাহাদের ক্রমবিকাশের হন্ধর পথে সাহাষ্য করিতে পারিত, সেই সাহাষ্যটুকু হইতেই ভাহারা বঞ্চিত হয়।

তাহা হইলে যিনি শ্রেষ্ঠ মানব, দিব্য কর্মী, বিশ্ব-পুরুষের ইচ্ছার অবাধ যন্ত্র, তিনি যথন দেখিবেন যে, বিশ্ব-পুরুষ এক বিরাট বিপ্লবে প্রবৃত্ত হুইয়াছেন, সংগ্রক মহাকালরপে লোকসকলকে বিনাণ করিবার জন্ত তাঁচার সমুখে উত্থিত ও প্রবৃদ্ধ হইয়াছেন, এবং তাঁচাকেও সুল অস্ত্রণস্ত্রে সজ্জিত যোদ্ধারূপে অথবা লোকসকলের নেতা, দিশারী বা অনুপ্রেরকরূপে সন্মুথে আনা হইয়াছে (তাঁহার স্বভাবজ অন্তর্নিহিত শক্তি তাঁহাকে এই এই অবস্থায় আনিবেই, স্বভাবজেন স্বেন কর্মণা), তথন তিনি কি করিবেন ? তিনি কি বিরত হইবেন, শুদ্ধ হইয়া ব্দিয়া পাকিবেন. ঐ কর্ম্মে প্রবৃত্ত না হইয়া প্রতিবাদ করিবেন ? কিন্তু বিরুত হইয়া কোনও লাভ নাই, তাহাতে ঐ সংহারক ইচ্ছার পরিপূরণ নিবারিত হইবে না, বরং ঐ ছিদ্রকে ধরিয়া অনর্থ আরও বাড়িয়া উঠিবে। ভগবান বলিলেন, তুমি যুদ্ধ না করিলেও, আমার এই ধ্বংসের সঙ্কল্ল পূর্ণ হইবেই, ঋতেহপি ত্বাং। যদি অর্জ্রন বিরত হন, এমন ক যদি কুরুক্ষেত্রের যুদ্ধও সংঘটিত না হয়, সেই বিরতির ফলে অবশুস্তাবী উপপ্লব, বিশৃত্ধলা, আসল ধ্বংস আরও দীর্ঘ, আরও ভয়ঙ্কর হইয়া উঠিবে। কারণ এই সব জিনিষ কেবল আক্সিক ঘটনা নতে. যে অনিবার্য বীজ রোপিত হইয়াছে তাহার ফল ভোগ করিছে ই হইবে। যেমন কর্ম তেমনি ফল হইবেই। তাঁহার প্রকৃতিও তাঁহাকে সত্য সতাই বিরত হইতে দিবে না, প্রকৃতিঃ ত্বাম নিয়োক্ষ্যতি। গুরু শেষে অর্জুনকে এই কথাই বলিয়াছেন:-- "অহস্কারের বশে তুমি যে জল্পনা করিতেছ, 'আমি যুদ্ধ করিব না', ভোমার এ-সঙ্কল বুপাই। প্রকৃতি তোমাকে তোমার কর্ম্মে নিযুক্ত করিবেই। মোহের বশে তুমি যাহা করিতে চাহিতেছ না, তোমার স্বভাবজনিত

স্বীয় কর্মের দ্বারা বন্ধ হইয়া তোমাকে তাহা করিতেই হইবে"।* তাহা হইলে কি অন্তপন্থা অবলম্বণ করিবে, স্থল অস্ত্রশস্ত্র প্রয়োগ না করিয়া কোনরকম অধ্যাত্ম শক্তি, যৌগিক শক্তি ও প্রণালী প্রয়োগ করিবে ? কিন্তু দেইটিও হইবে ঐ কর্ম্মেরই কেবল আর একটি রূপ: তাহাতেও ধ্বংস সংঘটিত হইবে, আর এই ভাবে যে অন্ত পম্বা অবলম্বন তাহাও বিশ্বপুরুষেরই ইচ্ছা অনুসারে গ্রহরে, ব্যক্তিগত অগংয়ের ইচ্ছা অনুসারে নহে। এমন কি ধ্বংদের শক্তি এই নূতন শক্তি হইতেই পুষ্টিলাভ করিয়া আরও ভয়ক্ষররূপে প্রবল হইয়া উঠিতে পারে, এবং কালী আবিভূতি হইয়া তাঁহার ভাষণতর অট্টগাসির রোলে জগৎকে পূর্ণ করিয়া ত্লিতে পারেন। প্রকৃত শাস্তি হইতেই পারে না, যতক্ষণ না মাত্রুষের হৃদয় শাস্তির যোগ্য হইয়া উঠিতেছে; বিষ্ণুর রাজ্য প্রতিষ্ঠিত হইতে পারে না, যতক্ষণ না রুদ্রের ঋণ পরিশোধিত হইতেছে। তবে কি প্রত্যাবৃত্ত হুইতে হুইবে 🕈 এই যে মানবজাতি এখনও অপরিণুত অবস্থায় রহিয়াছে ইহাকে প্রেম ও ঐক্যের বাণী শুনাইতে চইবে ? প্রেম ও ঐক্যধর্ম্মের প্রচারক থাকিবেনই, কারণ শেষ পর্যান্ত ঐ পথেই মুক্তি আসিবে। কিন্তু মানুষের মধ্যে কালধর্ম্ম বতদিন না পূর্ণ চইতেছে, ততদিন বাহিরের সভাের পরিবর্ত্তে ভিতরের সতা, দৃশুমান সতাের পরিবর্ত্তে পরম সতা

বদহস্কারমাশ্রিত্য ন বোৎস্থা ইতি মন্তদে।
 মিথৈব ব্যবসায়ন্তে প্রকৃতিজ্বাং নিয়োক্ষ্যতি ॥
 সন্তাবজেন কৌল্ডেয় নিবদ্ধঃ স্বেন কর্মণা।
 কর্ডেং নেচ্ছান যন্মোহাৎ করিয়স্তবশোহপি তৎ ॥ ১৮।৫৯, ৬০

প্রতিষ্ঠিত হইতে পারিবে না। খ্রীষ্ট ও বৃদ্ধের আবির্ভাব তিরোভাব হইয়া গেল, কিন্তু রুদ্র এখনও তাঁহার কবলে জগৎকে ধরিয়া রহিয়াছেন। ইতিমধ্যে স্বার্থপরতার ছিদ্রান্থেনী শক্তিসকল ও তাহাদের অমুচরগণের দ্বারা উৎপীড়িত অত্যাচারিত মানব তাহার অগ্রগতির জন্ম ভীষণ ও ছরুহ সংগ্রামে বীর যোদ্ধার তরবারির সাহায্য ভিক্ষা করিতেছে, এবং মহাপুরুষের আশ্বাসবাণী গুনিতে চাহিতেছে।

তাঁহার জন্ম যে নির্দারিত শ্রেষ্ঠ পম্বা তাহা হইতেছে অহংভাবশৃন্ত হইয়া ভগবদিচ্ছা সম্পাদন করা, যাহা ভগবদনিদিষ্ট বলিয়া দেখিতে পাইতেছেন তাহারই মানবীয় নিমিত্ত ও যন্ত্র হওয়া, তাঁহার মধ্যে, মানুষের মধ্যে, বে-ভগবান রহিয়াছেন সর্বদা তাঁহাকে শ্বরণে রাখা, মাম্ অফুম্মরন, তাঁহার প্রকৃতির অধীশ্বর তাঁহাকে যে-পথে চালাইবেন সেই পথই অনুসরণ করা। নিম্তিমাত্রম ভব স্বাসাচীন। কাহারও প্রতি তিনি ব্যক্তিগত শক্ততা, ক্রোধ, ঘুণা পোষণ করিবেন না, স্বার্থপর বাসনা বা আবেগের বশবতী হইবেন না, হুর্দান্ত অম্বরের ন্থায় ছন্দের দিকে ধাবিত হইবেন না, উপদ্ৰব ও ধ্বংসের জন্ম উন্মত্ত হইবেন না, কিন্তু তিনি তাঁহার কার্য্য করিবেন লোকসংগ্রহায়। কার্য্যটির উর্দ্ধে তিনি দৃষ্টিপাত করিবেন কার্য্যের লক্ষ্যের দিকে, যাহার জন্ম তিনি যুদ্ধ করিতেছেন। कार्रण महाकालक्षणी ज्ञापान स्वरंग करतन ७५ स्वरंग्य जग्रहे नरह, अत्रस् এক মহত্তর রাজ্য স্থাপনের, প্রগতিশীল বিবর্তনের পথ পরিষার করিয়া দিবার জন্ত। বহিমুখী মন ধাহা দেখিতে পায় না, এই যুদ্ধের মহন্ত, জয়ের গৌরব তিনি গভীরতর অর্থে গ্রহণ করিবেন; যদি প্রয়োজন হয় তিনি সেই জয়েরই গৌরব গ্রহণ করিবেন যাহা পরাজয়ের ছন্মবেশে আদে, এবং মানুষকে সমৃদ্ধিশালী রাজ্যভোগের দিকেই লইয়া যায়।
বিশ্বসংহারমূর্ত্তির আনন দর্শনে ভীত না হইয়া, তিনি ইহার মধ্যে দেখিবেন
সেই শাশ্বত আত্মাকে যিনি সকল বিনশ্বর দেহের মধ্যে অবিনশ্বর, এবং
ইহার পশ্চাতে দেখিবেন সেই চির-সার্থির মুখ যিনি মানবের পথপ্রদর্শক,
সর্বভূতের স্কর্ল, স্ক্রদ্ম সর্বভূতানাম্। এই করাল বিশ্বরূপ দর্শন করা
হইল, স্বীকার করা হইল, তাহার পর এই অধ্যায়ের অবশিষ্ঠ অংশে এই
আশাসময় সত্যটিকেই নির্দেশ করা হইয়াছে; পরিশেষে শাশ্বতের এক
অধিকত্র হৃদয়্যাহী মুখ ও মুর্ত্তি দর্শন করান হইয়াছে!

বিশ্বরূপ দর্শন

তুই ভাব

সেই ভীষণ বিশ্বরূপদর্শনের প্রভাব তথনও অর্জুনের উপর রহিয়াছে, সেই অবস্থায় অর্জুন ভগবানের বাক্য প্রবণ করিয়া প্রথমেই যে-কথাগুলি উচ্চারণ করিলেন সেগুলি এই মৃত্যু ও ধ্বংসমূর্ত্তির পশ্চাতে যে মহত্তর উৎসাহ ও আখাসপ্রদ সত্য রহিয়াছে তাহারই নির্দেশে পূর্ণ। তিনি বলিয়া উঠিলেন* "হে কৃষ্ণ, তোমার নামকার্ত্তনে সমস্ত জগৎ কৃষ্ট ও পুল্কিত হয়, রাক্ষসকুল ভয়ে দিক্ষিগস্তে পলায়ন করে, সিদ্ধগণ অবনত্তন্মস্তকে তোমাকে নমস্কার করেন—এ-সমস্তই যুক্তিযুক্ত ও মধোচিত। হে মহাত্মা! তোমাকে তাঁহারা কেনই বা নমস্কার না করিবেন ? কারণ তুমিই আদি শ্রষ্টা ও কর্ম্মকর্ত্তা, তুমি স্বৃষ্টিকর্তা ব্রহ্মা অপেক্ষাও গরীয়ান। হে অনস্ত, তে দেবেশ, হে জগরিবাস, তুমি অক্ষর, তুমি সৎ, তুমি অসৎ এবং তুমিই পরাৎপর। তুমি পুরাণ পুরুষ, তুমি আদি-দেব এবং তুমিই এই বিশ্বের পরম নিধান; তুমিই জ্বাতা, তুমিই জ্বের এবং তুমিই

স্থানে হাথীকেশ তব প্রকীর্ত্তা।

জগৎ প্রহয়তামুরজাতে চ।

রক্ষাংসি ভীতানি দিশো দ্রবাস্ত

সর্ব্বে নমস্তান্তি চ সিদ্ধসংখাঃ ॥ ১১/৩৬

পরম-ধাম; হে অনস্তরূপ ! তোমার দারাই বিশ্ব বিস্তৃত হইরাছে । যম, বায়ু, অয়ি, সোম, বরুণ, সবই ওমি; তুমি প্রজাপতি, জীবসকলের পিতা, এবং প্রপিতামহ। তোমাকে পুনঃ পুনঃ, সহস্র সহস্র বার নমস্কার, সন্মুথে তোমাকে নমস্কার, পশ্চাৎভাগে তোমাকে নমস্কার, সকল দিক হইতে তোমাকে নমস্কার, কারণ যাগ কিছু সে-সবই তুমি। তুমি অনস্তবীর্যা ও অমিতবিক্রেম, তুমি সর্ক্রে ব্যাপ্ত, তুমিই সব।

* ক্সাচ্চ তে ন নমেরগ্রমহাত্মন গরীয়সে ব্রহ্মণোহপ্যাদৈ কর্ত্তে। অনন্ত দেবেশ জগন্মিবাস তমক্ষরং সদসত্তৎ পরং যৎ ॥ ৩৭ षमामित्वः शुक्रवः शुत्रान-স্তমশু বিশ্বস্থা পরং নিধানম। বেত্রাসি বেতাং চ পরং চ ধাম ত্বয়া ততং বিশ্বমনস্তরূপ ॥ ৩৮ বাযু্যমোহগ্নির্বরুণ: শশাক্ষঃ প্রজাপতিত্তং প্রপিতামহন্ট। নম নমন্তেইন্ত সহস্রকৃত্বঃ পুনশ্চ ভূয়ে।২পি নমো নমন্তে॥ ৩৯ নম পুরস্তাদথ পৃষ্ঠতন্তে নমো>শ্ব তে সর্বাত এব সর্বা। অনস্তবীধ্যামিতবিক্রমস্ত: সর্বাং সমাপ্নোসি ততোহসি সর্বা: । এই পরম বিশ্বপুরুষ এখানে মানব-মূর্ত্তি লইয়া মরদেহে তাঁহার সন্মুখে বিরাজ করিতেছিলেন, তিনি দিব্য মানব, দেহধারী ভগবান, অবতার—কিন্তু ইতিপূর্ব্বে অর্জুন তাঁহাকে চিনিতে পারেন নাই। তিনি কেবল তাঁহার মানব স্থানটিই দেখিয়াছেন এবং ভগবানের প্রতি শুধু মান্যুষেরই মত ব্যবহার করিয়াছেন। পার্থিব ছন্মবেশ ভেদ করিয়া তাহার পশ্চাতে যে ভগবান বিরাজিত, মানবর্রপটি হাঁহার কেবল একটি আধার, একটি প্রতীক মাত্র, তাঁহাকে তিনি দেখিতে পান নাই, তাই এখন তাঁহার অন্ধ অবহলা ও অসতর্ক অজ্ঞানের জন্তা তিনি সেই ভগবানের ক্ষমা প্রার্থনাকরিলেন। স্বাহ্বিতার বশে তোমাকে কেবল আমার মানব স্থা মাত্র জ্ঞান করিয়া, প্রমাদেই হউক বা প্রণ্যেই হউক তোমার এই মহিমা না জানিয়া "হে কৃষ্ণ, হে যাদব, হে স্থা" এইরূপ যত সব বাক্য প্রয়োগ করিয়াছি, বিহারে, শ্যায়, উপবেশনে, ভোজনে, একাকী বা তোমার সন্মুখে, তোমার প্রতি, যত কিছু অসন্মান প্রদর্শন করিয়াছি, হে অপ্রমেয়, জামার সেন্সব অপরাধ ক্ষমা কর। এই চরাচর সমস্ত লোকের তুমি

^{*} সংধৃতি মথা প্রসভং বছজং
হে কৃষ্ণ হে যাদব হে সংখৃতি।
অজানতা মাহমানং তবেদং
ময়া প্রমাদাৎ প্রণয়েন বাপি॥ ৪১
বচ্চাবহাসার্থমদংকৃতোহসি
বিহারশব্যাসনভোজনেমু।
একোহথবাপ্যচ্যুত তৎসমকং
তৎ কাময়ে খামহমপ্রমেরম্॥ ৪২

পিতা, তুমি পূজ্য, তুমি গুরু হইতেও গরীয়ান।* ত্রিজগতে তোমার সমানই কেহ নাই, তাহা হইলে হে অমিতপ্রভাব, তোমা অপেক্ষা শ্রেষ্ঠ কেই বা হইতে পারে ? অতএব বন্দনীয় ঈশ্বর তোমাকে দণ্ডবৎ প্রণাম পূর্বাক তোমার প্রসাদ প্রার্থনা করিতেছি। পিতা যেমন পুত্রের, স্থা যেমন স্থার, প্রিয় যেমন প্রিয়ের অপরাধ ক্ষমা করেন তুমি তদ্ধপ আমার অপরাধ ক্ষমা কর। যাহা কেহ কখনও দেখে নাই, আমি দেখিয়াছি ও

তন্মাৎ প্রণম্য প্রণিধার কারং
প্রদাদরে স্বামহমীশমীডাম্।
পিতেব পুত্রন্ত সথেব সথাঃ
প্রিয়ঃ প্রিয়ার্যার্হদি দেব দোচুম্॥ ৪৪

অদৃষ্টপূর্বং হ্রবিতোহত্মি দৃষ্ট্রা ভরেন চ প্রবাধিতং মনো মে। তদেব মে দর্শর দেব রূপং শ্রমীদ দেবেশ জগল্লিবাস ॥ ৪৫

কিরীটনং গদিনং চক্রহন্ত-মিচ্ছামি দ্বাং স্কট্নমহং তথৈব। তেনৈব রূপেন চতুত্বজেন সহস্রবাহো ভব বিষযুর্ভে॥ ৪৬ পুলকিত হইয়াছি, কিন্তু আমার মন ভয়ে ব্যাকুল। হে দেব, তোমার সেই অন্ত রূপ দেখাও। আমি পূর্বের ন্যায় ভোমার কিরীট-গদা-চক্রধারী রূপটি দেখিতে আকাজ্জা করি। হে সহস্রবাহ্ন, হে বিশ্বমূর্ত্তি, তোমার চতুতু সমূর্ত্তি ধারণ কর।

প্রথমোক্ত কথাগুলি হইতেই ইঙ্গিত পাওয়া যায় যে, এই করাল রূপদকলের পশ্চাতে যে-সভা ল্কায়িত রহিয়াছে ভাষা আশাসময়, উৎসাহজনক এবং আনন্দপূর্ণ সতা। এমন কিছু সেথানে রহিয়াছে ষাহাতে ভগবানের সারিধ্যে, ভগবানের নামে জগতের হৃদয় হাই ও পুল্কিত হয়। ইহা সেই গভীর তত্ত্ব যাহার কল্যাণে আমরা কালীর कताल-वन्तित गर्या गारात मूथ प्राचित्र भारे, अगन कि ध्वःरात गर्याहे সর্বভূত-মুহ্নের বরাভয়প্রদ হস্ত দেখিতে পাই, অভভের মধ্যে শুদ্ধ অপ্রিবর্ত্তনীয় কল্যাণ্রপকে দেখিতে পাই এবং মৃত্যুর মধ্যেই অমৃতত্ত্বের অধিপতিকে দেখিতে প্লাই। দিবাকম্মের অধাশ্বরের করালমূর্ত্তির সন্মুখ হইতে অন্ধকারের ওর্দান্ত দানবীয় শক্তিসকল, রাক্ষসকল, নিহত পরাজিত অভিভূত হইয়া পলায়ন করে। কিন্তু সিদ্ধগণ, যাঁচারা মৃত্যুঞ্জয়ের নাম জানেন ও কার্ত্তন করেন এবং তাঁহার সন্তার সত্যে বাস করেন, তাঁহারা তাঁহার প্রত্যেক রূপের সম্মুথেই প্রণত হন এবং জানেন প্রত্যেক রূপের মধ্যে কি বস্তু আছে এবং তাহার অর্থ কি : বাস্তবিক কাহারও ভয় করিবার প্রয়োজন নাই, ভয়ের কারণ আছে শুধু তাগাদেরই যাহাদিগকে ধ্বংস হইতে হইবে—অশুভ, অজ্ঞান, নিশা-চমু, রাক্ষণী শক্তিসংঘ। করাল ক্রের মত গতি, যত ক্রিয়া সমুদ্রেরই লক্ষ্য সিদ্ধি, দিবা প্যোত ভ পূৰ্ণ তা।

কারণ এই যে আত্মা, এই ভগবদপুরুষ ইনি শুধু বাহুরূপেই সংহারক, এই সব স্পীম বস্তুর ধ্বংসকর্তা মহাকাল: কিন্তু নিজের সন্তায় তিনি অনন্ত, বিশ্বদেবগণের অধীশ্বর, তাঁহারই মধ্যে জগৎ এবং ইহার সমুদয় ক্রিয়া নিশ্চিতভাবে বিধৃত। তিনি আদি এবং সর্বাদা উদ্ভাবনশীশ স্ষ্টিকর্ত্তা, তিনি স্ষ্টিশক্তির মূর্ত্তরূপ ব্রহ্মা অপেক্ষাও গরীয়ান, তাঁহার যে ত্রয়ীভাব, স্থিতি ও ধ্বংসের সাম্যের দ্বারা বিচিত্রিত স্থাষ্টি, ইহারই শুধু একটি ভাব রূপে তিনি ব্রহ্মাকে বিশ্বরূপের মধ্যে দেথাইয়াছেন। প্রক্লুত যে দিবা স্বৃষ্টি তাহা শাখত: তাহা হইতেছে স্মীম জিনিবের মধ্যে অনন্তের নিত্য প্রকাশ, পরমান্ধা তাঁহার অগণন অনস্ত জীবাত্মায়, ভাহাদের কর্ম্মের মহিমায়, ভাহাদের রূপের সৌন্দর্যো নিজেকে চিরকাল ল্কায়িত ও প্রকটিত করিতেছেন। তিনে সনাতন, অক্ষর; সং অসং, বাক্ত চির-অবাক্ত, যে-সব জিনিষ ছিল কিন্তু এখন আর নাই বলিয়া মনে হয়, যে-সব জিনিষ আছে কিন্তু ধ্বংস হইৰেই বলিয়া মনে হয়, যে-সব জিনিষ ভবিষ্যতে হইবে এবং লোপ পাইবে-এ-সব তাঁহারই এই ভাব। কিন্তু এই সকলের উদ্ধে তিনি বাহা তাহা হইতেছে তৎ পরং, পরম পুরুষ, তিনি সকল নশ্বর জিনিষকে কালের এক আনস্তের মধ্যে ধ্রিয়া রহিয়াছেন, সেখানে সবই চির-বিরাজমান। তাঁহার অক্ষর সত্তা রহিয়াছে কালের অতীত আনন্তে, কাল এবং সৃষ্টি ভাহারই চির-প্রকাশমান কপ।

তাঁহার এই যে সত্য, ইহার মধ্যেই সকলের সমন্বয় হইয়াছে; যুগপৎ ও পরস্পরসাপেক্ষ সত্যসকলের সামঞ্জন্ত সেই এক সত্য হইতেই উদ্ভূত এবং এই সকলকে লইয়াই সেই সত্য এই সত্য হইতেছে পরমান্মার, ধাহার পরমা প্রকৃতি হইতে জগতের উৎপত্তি, জগৎ সেই অনস্তেরই একটি নীচের রূপ; তিনি পুরাণ পুরুষ, কালের অন্তর্গত স্থদীর্ঘ ক্রমবিকাশধারার উপর তিনি অধাক্ষ হইয়া আছেন: তিনি আদিদেব, সকল দেব, মানব ও জীব তাঁহারই সম্ভান, শক্তি, আত্ম-সন্তা, তাঁহারই সত্তার সত্যে সকলের আধ্যাত্মিক সার্থকতা: তিনি জ্ঞাতা, তিনিই মানুষের মধ্যে তাঁহার নিজের সম্বন্ধে, জগৎ সম্বন্ধে, ভগবান সম্বন্ধে জ্ঞানের বিকাশ করিয়া দেন: তিনি সকল জ্ঞানের একমাত্র জ্ঞেয়, যিনি মামুবের হানয়, মন ও আত্মার সম্মথে নির্জেকে প্রকাশ করেন, আমাদের মধ্যে জ্ঞানের প্রত্যেক নববিকাশ তাঁহারই আংশিক প্রকাশ, আর আমাদের যে শ্রেষ্ঠতম জ্ঞান তাহাতে তিনিই অন্তরঙ্গ ভাবে, গভীর ভাবে, সমগ্র ভাবে দৃষ্ট ও আবিষ্কৃত হন। তিনি উচ্চ পর্ম সংস্থান, পরং নিধানং, বিশ্বে বাহা কিছু আছে তিনিই সবকে সৃষ্টি করিতেছেন, ধরিয়া রহিয়াছেন, নিজের মধ্যে গ্রহণ করিতেছেন। তাঁহার দারা তাঁহার নিজেরই সন্তার মধ্যে জগৎ বিস্তৃত হইয়াছে, তাঁহার সর্বজয়ী শক্তি দারা, তাঁহার অলোকিক আত্মরপায়ন, তেজ এবং অন্তর্হীন সৃষ্টির আনন্দের দারা। তাঁহার অনস্ত ভৌতিক ও আধ্যাত্মিক রূপসকলকে লইয়াই সম্ভা বিশ্ব। নিম্নতম হইতে উচ্চতম সমস্ত দেবতাই তিনি, জীবগণের পিতা, সকলেই তাঁহার সম্ভতি, তাঁহার প্রজা। তিনি ব্রহ্মার স্ষ্টেকর্তা, এই সকল বিভিন্ন জাতির জীবগণের দিব্য শ্রষ্টা যাহারা, তিনি তাহাদের পিতার পিতা, প্রপিতামহ। এই সত্যটির উপর পুন: পুন: জোর দেওয়া ছইয়াছে। পুনরায় পুনরারত্তি করা হইল যে, তিনি সবই, প্রত্যেকটিই তিনি, সর্বাঃ। তিনি অনস্ত বিশ্বসন্তা আবার প্রত্যেক বাষ্টিসন্তা, প্রত্যেক

বস্তুই তিনি, আমাদের প্রত্যেকের মধ্যে বে এক শক্তি ও সন্তা রহিয়াছে তাহা তিনিই, তিনি অনস্ত তেজ যাহা অসংখ্য বস্তুসকলের মধ্যে নিজেকে নিক্ষেপ করিতেছে, তিনি অপ্রমেয় ইচ্ছা এবং গতি ও কর্ম্মের মহতী বীর্যা নিজের মধ্য হইতে কালের সকল প্রবাহ এবং প্রাকৃত জগতে আত্মার সমূদ্য ঘটনাকে রূপ দিতেছেন, গঠন করিতেছেন।

এই সভাটির উপর পুন: পুন: জোর দেওয়ায় মামুষের মধ্যে এই ষে মহান ভগৰান বিরাজ করিতেছেন তাঁহার কথা স্বভাবতঃই আসিয়া পডে। বিশ্বরূপ-দ্রষ্টার হৃদয়ে ক্রমান্বয়ে তিনটি তত্ত্ব উপলক্ষিত হইল। প্রথমতঃ তাহার উপলব্ধি হইল, এই যে মানব-সন্তান পৃথিবীর একটি অনিতা জীবরূপে তাঁহার পার্ষে বিচরণ করিয়াছেন, তাঁহার সলিকটে উপবেশন করিয়াছেন, তাঁহার সহিত এক শ্যাায় শয়ন করিয়াছেন. এক স্থানে ভোজন করিয়াছেন এবং যাঁহার সহিত তিনি কত ব্যঙ্গ কৌতুক করিয়াছেন, যিনি যুদ্ধে, মন্থ্রণা পরিষদে এবং সাধারণ ব্যাপারে কল্মী হইয়াছেন, ইহার দেহে, মর মানবের এই মুর্ভিটির মধ্যে বরাবরই একটি মহান ও বিরাট তাৎপর্যাপূর্ণ কিছু লুকায়িত ছিল,—এক দেবতা, এক ষ্মবতার, এক বিশ্বশক্তি, একমেবাদ্বিনীয়ন্, এক বিশ্বাভীত পুরুষ সন্তা। এই যে গুছ দেবন্ধ, ষাহার মধ্যে মানুষ এবং তাহার সমগ্র ইতিহাসের ভাৎপথ্য নিহিত রহিয়াছে এবং যাহা হইতে সমস্ত বিশ্ব-জীবন শনির্বাচনীয় মহত্বপূর্ণ নিগৃঢ় সার্থকতা লাভ করিতেছে, অর্জ্জুন এই দিকে ব্দক্ষ ছিলেন। কেবল এখনই তিনি দেখিলেন ব্যষ্টি-আয়তনের মধ্যে বিশ্ব-আত্মা, মানবদেহের মধ্যে ভগবান, এই প্রতীক স্বরূপ প্রকৃতির মধ্যে ষ্মধিষ্টিত বিশ্বাতীত পরম পুরুষ। দৃশুমান বস্তু সকলের এই যে বিরাট, অনস্ত, অপ্রমেয় সন্তা, এই যে সীমাহীন বিশ্বরূপ যিনি প্রত্যেক ব্যষ্টিরূপকে অভিক্রম করিয়া আছেন, আবার প্রভ্যেক ব্যষ্টিরূপই বাহার আবাস গৃহ, অর্জুন কেবল এখনই তাঁহাকে দেখিতে পাইলেন। কারণ সেই মহান সন্তা সমান এবং জনস্ত, বাষ্টিতে এবং বিশ্বে তিনি একই। আর প্রথমেই তাঁহার মনে হইল যে, তাঁহার অন্ধতা, ভগবানের প্রতি সাধারণ মানুষের স্থায় ব্যবহার, তাঁহার সহিত কেবল মানসিক ও শারীরিক সম্বন্ধতি ছাড়া আর কিছু না দেখা—তাঁহার পক্ষে এ-সব হইয়াছে সেই মহান শক্তিময়ের বিক্লছে পাণ। কারণ যাহাকে তিনি কৃষ্ণ, যাদব, সথা বলিয়া সম্বোধন করিয়াছেন, তিনি এই অপ্রমেয় মহন্ধ, এই অতুলনীয় বার্য্য, এই সর্বভ্তান্থত আত্মা বাহার স্পষ্ট এই বিশ্ব প্রপঞ্চ। মানবায় তন্ততিকে অবক্রা না করিয়া সেইটিকে আপ্রয় করিয়া বিনি বিরাজিত তাঁহাকেই বিশ্বয়, ভক্তি ও অনুরাগের সহিত তাহার দেখা ও উপাসনা করা উচিত ছিল।

কিন্তু দ্বিতীয় কর্মে ইইনেইছে এই ষে, মানবীয় রূপ এবং মানবীয় সম্বন্ধের ভিতর দিয়া বাহা মূর্ত্ত হইয়াছে সেইটিও সত্যা, বিশ্বরূপের করাল স্বরূপের সৃহিত সেইটি যুক্ত থাকিয়া আমাদের মনের কাছে উহাকে সহনীয় করিয়া তুলিয়াছে। ভগবানের বিশ্বাতীত সন্তা এবং বিশ্বাত্মক রূপ দেখিতে হইবে, কারণ তাহা ছাড়া মানবীয়তার গণ্ডী অতিক্রম করা সম্ভব নহে। সেই ঐক্যসাধক একত্বের মধ্যে সবকে লইতে হইবে। কিন্তু শুধু এইটির হারা বিশ্বাতীত সন্তা এবং নীচের প্রকৃতিতে বদ্ধ এই সসীম জীবাত্মার মধ্যে অলক্ষ্য ব্যবধানের সৃষ্টি হইবে। অনস্ত স্বরূপের যে পূর্ণ তেজ, সীমাবদ্ধ ব্যষ্টিগত প্রাকৃত মানবের স্বতন্ত্র ক্ষুত্রতার পক্ষে তাহা

মসহনীয়। একটি যোগস্ত চাই যাহার সাহায়ে সে বিরাট বিশ্বপুরুষকে দেখিতে পারে নিজের ব্যষ্টিগত প্রাকৃত সন্তার মধ্যে, নিজের সন্নিকটে। "তিনি শুধু তাঁহার বিশ্বব্যাপী ও অপ্রমেয় বীর্য্যের দ্বারা তাহার সব কিছুকে নিয়ন্ত্রিত করিতেছেন না, পরস্ত মানবীয় মর্ত্তিতে তাহাকে সাহাষ্য করিতেছেন এবং অস্তবন্ধ ব্যক্তিগত সম্বন্ধের ভিতর দিয়া তাতাকে ঐকোর মধ্যে তুলিয়া লইতেছেন। যে-ভক্তির দ্বারা সীমাবদ্ধ জীব অনন্তের সম্মুথে প্রণত হয়, তাহা তথনই পূর্ণ মাধুর্ষ্যে ভরিয়া উঠে এবং সখ্য ও ঐক্যের নিগূঢ়তম সত্যের সমীপবত্তী হয়, ষথন তাহা গভীর হইয়া অধিকতর অস্তরঙ্গ ভক্তিতে পরিণত হয়, ভগবানকে পিতারূপে অফুভব করা যায়, স্থারূপে অনুভ্ব করা যায়, প্রমাত্মা ও জীবাত্মার মধ্যে পরস্পরের প্রতি আকর্ষণমূলক প্রেমের অমুভব লাভ করা যায়। কারণ ভগবান মানব আত্মা, মানব দেচের মধ্যে বাস করেন; তিনি পরিচ্ছদের ন্তায় মানবীয় মন ও মূর্তির দারা নিজেকে আব্রিত করেন। মরদেহের মধ্যে অবস্থিত জীবাত্মা পরম্পরের মধ্যে যে-সব সম্বন্ধ স্থাপন করে, ভগবানও সেই সব সম্বন্ধ স্থাপন করেন এবং ভগবানকে অবলম্বন করিয়াই সে-সব পায় ভাহাদের পূর্ণতম সার্থকতা এবং মহত্তম সিদ্ধি। ইহাই বৈষ্ণব ভক্তি, এখানে গীতার কথাগুলির মধ্যে ইহার বীজ রহিয়াছে, কিন্তু পরবর্ত্তীকালে ইহাদের অধিকতর গভীর, আনন্দময় ও সাৰ্থকতাপূৰ্ণ বিকাশ হইয়াছিল।

আর এই দ্বিতীয় তত্ত্বটি হইতেই আর একটি তত্ত্ব আপনিই উদ্ভূত হইতেছে। এই যে বিশ্বাতীত এবং বিশ্বময় পুরুষের রূপ, মুক্ত আত্মার শক্তির পক্ষে ইহা মহান, উৎসাহপ্রদ, সাহসপ্রদ, ইহা বীর্য্যের উৎস, এই

দর্শন সমতা সাধন করে, উল্লয়ন করে, সকল জিনিষের সার্থকভা मिथारेवा (मद्र) किन्छ माधावन मानत्वद शक्क देश व्यम्हनीव, ख्रवहद, ছর্ব্বোধ্য। এই বে সর্ব্বগ্রাদী কাল এবং ধারণাতীত ইচ্ছাশক্তির ভীষণ ও মহান রূপ, এই বিরাট অপ্রমেয় গহন কর্মধারা, ইহার পিছনে ষে আখাদপ্রদ সত্য রহিয়াছে সেটিকে জানিলেও হৃদরঙ্গম করা কঠিন হয়। কিন্তু আবার দিবা নারায়ণের প্রসন্ন মধাবতী রূপও আছে. সেখানে ভগবান মামুষের অভি স্থিকটে, এবং তাহার মধ্যেই বিরাজিত, তিনি যুদ্ধে এবং যাত্রাপথে সার্থি, সাহায্য করিবার জন্ম তিনি চতুভুজ, তিনি ভগবানের মানবীয় ভাবাপন্ন প্রতীক, এই সহস্রবাহ বিশ্বরূপ নতেন। নির্ভর করিবার জন্ম মামুষকে এই মধ্যবন্তী রূপটিই সর্বাদা সম্মুখে রাখিতে হইবে। কারণ যে-সত্য আশাদ প্রদান করে, নারায়ণের এই রূপই তাহার প্রতীক। বিশ্বের কর্মধারাসকল তাহাদের বিরাট আবর্ত্তন, পশ্চাৎগতি, অগ্রগতির ভিতর দিয়া মামুষের অস্তরাম্মা ও অন্তর্জীবনের পক্ষে বে বিশাল অধ্যাত্ম আনন্দে চরম পরিণতি লাভ করে, ষেটি তাহাদের অত্যাশ্চর্য্য কল্যাণময় লক্ষ্য, সেইটি অস্তরঙ্গ, দৃত্তা, জীবস্ত, সহজবোধ্য হইয়া উঠে নারায়ণের এই সৌমামৃত্তির সাহাব্যে। এই মানবায় ভাবাপর দেহধারী পুরুষের সহিত মিলন ও সালিখ্যই হয় তাহাদের পরিণাম,—মাছুষের সহিত ভগবানের নিঙা সাহচর্য্য, মামুষ জগতে ভগবানের জন্তুই জীবন বাপন করে, ভগবান মামুষের মধ্যে বাস করেন, এই রহস্তময় জগৎলীলাকে নিয়ন্ত্রিত করিয়া মামুষের মধ্যে নিজের দিব্য ইচ্ছাসকলই পূর্ণ করেন। আর মামুষের এই পরিণামেরও পরে হইতেছে অধিকতর আশ্রেষায ঐক্য, শাশ্বতের শেষ রূপাস্তরসকলের মধ্যে নিবিড়ভাবে বাস করা।

অর্জুনের প্রার্থনার উত্তরে ভগবান তাঁহার স্বকীয় সাধারণ নারায়ণ রূপ পুনরায় ধারণ করিলেন, স্বকং রূপম্, প্রসাদ ও প্রেম ও মাধুরী ও সৌল্র্যের বাঞ্চনীয় মূর্ত্তি*। কিন্তু অন্ত যে বিরাট মূর্ত্তিটি তিনি সম্বরণ করিতেছেন সেইটির অপরিমেয় গূঢ়ার্থের কথা প্রথমেই বলিলেন। তিনি বলিলেন—"বাহা তুমি এখন দেখিতেছ, ইহা আমার পরম মূর্ত্তি, আমার তেজাময় রূপ, বিশ্বায়্মক, আছ্য, আমার এই রূপ তুমি ভিন্ন এ পর্যাষ্ট্র আর কেহ দেখিতে পায় নাই।† আমি আমার আত্মবোগের বারা ইহা দেখাইয়াছি। কারণ ইহা আমার আত্মার, আমার নিগৃঢ় অধ্যান্ম সন্তারই রূপ, এই রূপে পরাৎপর পরম পুরুষ নিজেকে বিশ্বলীলায় প্রকট করিয়াছেন; আমার সঙ্গে যে পূর্ণবোগে যুক্ত কেবল সে-ই এই রূপ অবিচলিত ভাবে দেখিতে পারে, তাহার স্নায়ুমগুলী কম্পিত হয় না, তাহার মন বিশৃত্বাল ও বিভ্রান্ত হইয়া পড়ে না, কারণ ইহার বাহারপে

ষাহা ভয়ন্বর ও হঃসহনীর আছে সে শুধু তাহাই দেখে না, কিন্তু ইহার মহান ও আশ্বাসময় নিগৃঢ় মর্ম্মও উপলব্ধি করিতে পারে। আর তোমারও উচিত বিমৃঢ় ও অবশ না হইয়া আমার এই ঘোর রূপ দর্শন করা*; কিন্তু তোমার নিয়তন প্রকৃতি এখনও ইহাকে সেই মহৎ পাহস ও স্থৈর্যের সহিত দর্শন করিবার জন্ম প্রস্তুত হয় নাই, অতএব তোমার জন্ম আমি পুনরায় আমার নারায়ণ রূপ ধারণ করিতেছি, তাহার মধ্যে মান্থ্রের মন পৃথকভাবে, মানবীয় শাক্তির অন্থ্যায়ী প্রশমিত ভাবে স্থানর ভাগবানের সৌম্যভাব, আন্তুক্তা ও আনলকে দেখিতে পায়। মহত্তর রূপটি অদ্শ্র হইবার পর ভগবান আবার বলিলেন, † "কেবল অসাধারণ শ্রেষ্ঠ মহাত্মারাই ঐ রূপ দেখিতে পান। দেবতাগণই নিত্য এই রূপ দর্শনের আকাজ্ঞা করেন। বেদের দ্বারা, তপস্থার দ্বারা, দানের দ্বারা, যজ্ঞের দ্বারা ইহাকে লাভ করা যায় না, ইহাকে

ম! তে বাথা মা চ বিমৃত্ ভাবে।
 দৃষ্টা রূপং ঘোরমীদৃগ্নমেদম।
 ব্যপেতভীঃ প্রীতমনাঃ পুনস্তঃ
 তদের মে রূপমিদং প্রপশ্ত ॥ ৪৯

শ স্তুদ্দশ্মিদং রূপং দৃষ্টবান সি যন্ম।

দেবা অপ্যস্ত রূপস্ত নিতং দর্শনকাজ্জিন: ॥ ৫২

নাহং বেদৈর্নতপদা ন দানেন ন চেজ্যরা।

শক্য এবংবিধো দ্রন্থীং দৃষ্টবানদি মাং যথা॥ ৫৩

ভক্ত্যা খনস্তরা শক্যো ফ্রন্সেবংবিধোহর্জ্কন।

জ্ঞাডুং দ্রন্থীং চ তব্ত্বন প্রবেষ্টং চ পরস্তুপ॥ ৫৪

দেখা যায়, জানা যায়, ইহার মধ্যে প্রবেশ করা যায় কেবল সেই ভক্তির দারা যাহা সর্বভৃতে শুধু আমাকেই শ্রদ্ধা করে, ভজনা করে, ভালবাসে।"

কিন্তু তাহা হইলে এই রূপের এমন কি বৈশিষ্ঠ্য যাহার জন্ম ইহা এতদুর ধারণাতীত যে, মানবজ্ঞানের সকল সাধারণ প্রয়াস, এমন কি তাহার অধ্যাত্ম সাধনারও গভীরতম তপস্থা অন্ত কিছুর সাহায্য ব্যতিরেকে দে রূপ দর্শনে সমর্থ হয় না ? তাহা এই যে, মানুষ অক্তান্ত উপায়ে একমেবাদ্বিতীয়ম সন্তার কোন একটি বিশেষ ভাবকে আংশিক-ভাবে, স্বতম্ভাবে জানিতে পারে, তাঁহার বাষ্ট্রগত বা বিশ্বাতীত রূপসকলকে জানিতে পারে, কিন্তু ভগবানের সকল ভাবের সমন্বয়সূলক এই বে মহত্তম ঐক্যা, যাহাতে এক সময়ে একদঙ্গে একই রূপের মধ্যে সমস্ত প্রকটিত, সমস্ত অতিক্রমিত, সমস্ত সংসিদ্ধ—ইহাকে নহে। কারণ বিশ্বাতীত, বিশ্বগত, ব্যষ্টিগত ভগবান, আত্মা ও প্রকৃতি, অনস্ত ও সান্ত, দেশ ও কাল ও কালাতীত ভাব, সং 🕈 Being) ও সম্ভূতি (Becoming), ভগবান সম্বন্ধে আমরা যাহা কিছু ভাবিতে, জানিতে চেষ্টা করি, কৈবল্যাত্মক সন্তাই হউক বা প্রকটিত বিশ্বলালাই হউক, সবই এখানে এক অনির্বাচনীয় ঐক্যে অত্যাশ্চর্যারূপে প্রকাশিত হইয়াছে। এই দর্শন লাভ করা যায় কেবল সেই অন্ত ভক্তি দারা, সেই প্রেমের ও নিবিড় ঐক্যের দ্বারা যাহা পূর্ণ বিকশিত কর্ম্ম ও জ্ঞানের মুক্টস্বরূপ। ইহাকে জানা, ইহাকে দর্শন করা, ইহার মধ্যে প্রবেশ করা, পরম পুরুষের এই পরম রূপের সহিত এক হওয়া তথনই সম্ভব হয়, এবং এইটিকেই গীতা নিজ যোগের লক্ষ্য বলিয়া প্রচার করিয়াছে।

এক পরম দৈতন্ত আছে, তাহার ভিতর দিয়া বিশ্বাতীতের মহিমার মধ্যে প্রবেশ করা এবং তাঁহার মধ্যে অক্সর আ্যা এবং ক্ষর সর্বভূতকে ধারণ করা সম্ভব হয়,—সকলের সহিত এক হইয়াও সকলের উর্দ্ধে থাকা, জগতের অতীত হওয়া অথচ বিশ্বাত্মক ও বিশ্বাতীত ভগবানের সমগ্র প্রকৃতিকে আলিঙ্গন করা সম্ভব হয়। মন ও দেহের मार्था वन्ती भीगावह्न मानूरवत भाक्त हेटा कठिन मान्तर नाहे: किन्न छगवान বলিলেন "আমার কর্ম কর, আমাকে পরম পুরুষ, পরম বস্তু বলিয়া স্বীকার কর, আমার ভক্ত হও, আসক্তি বর্জন কর, সর্বভৃতের প্রতি বৈরিতাশূন্ত হও; কারণ এইরূপ মানুষই আমাকে প্রাপ্ত হয়।"∗ ষম্ম কথায়, নিম্নতন প্রকৃতিকে জয়, সর্ব্বভৃতের সহিত ঐক্য, বিশ্বাত্মক ভগবান এবং বিশ্বাতীত সত্তার সহিত একত্ব, কর্ম্মে ভগবদিচ্ছার সহিত ঐক্য, অদ্বিতীয় একের প্রতি, সর্বভৃতস্থিত ভগবানের প্রতি সর্বাঙ্গসম্পন্ন প্রেম,—ইহাই হইতেছে পম্বা যাহার দারা মামুষ দকল সীমা লঙ্কন করিয়া সেই সম্পূর্ণ অধ্যাত্ম মুক্তি এবং সেই অচিস্তা রূপাস্তর লাভ করিতে भारत ।

^{*} মৎকর্মকুরাৎপরমো মন্তক্ত: দঙ্গবজ্জিত:।

নির্কেরঃ দর্কভৃতের বং স মামেতি পাণ্ডব ॥ ১১।

পথ ও ভক্ত

গীভার একাদশ অধ্যায়ে গীভাশিক্ষার মূল উদ্দেশুটি সাধিভ হইয়াছে এবং তাহাকে কভকটা পূর্ণ করিয়া তোলা হইয়াছে। দিব্য কর্ম্মের আদেশ দেওয়া হইয়াছে, যে-আত্মা জগতের মধ্যে এবং ইহার জীবসকলের মধ্যে রহিয়াছে তাহার সহিত যোগে, জগতের হিতের জগু সে-কর্ম করিতে হইবে, এবং বিভৃতি সে আদেশ মানিয়া লইয়াছেন। শিশ্বকে ভাহার সাধারণ মানবোচিত পুরাতন ভাব, ভাহার অজ্ঞানের আদর্শ, উদ্দেশ্য, দৃষ্টিভঙ্গী, স্বার্থ চেতনা হইতে, শেষকালে তাহার অধ্যাত্ম সঙ্কটের সময় ষে-সব আর তাহার কোন কাজেই লাগে নাই সে-সব হইতে তাহাকে ফিরান হইয়াছে। সেই প্রতিষ্ঠায় বে-কর্ম্মটকে তিনি পরিত্যাগ করিয়াছিলেন, ঠিক সেই ঘোর কর্ম্ম, ভয়াবহ প্রয়াসকেই তিনি এখন স্বীকার করিতে, এক নৃতন অভ্যন্তরীণ ভিত্তিতে গ্রহণ করিতে সম্মত হইয়াছেন। এক সমন্বয়কারী মহত্তর জ্ঞান, এক দিব্যতর চৈত্রস, এক উচ্চ নৈৰ্ব্যক্তিক উদ্দেশ্য, যে ভগবদিচ্ছা আদি জ্যোতি হইতে উৎসারিত হইয়া অধ্যাত্ম প্রকৃতির প্রেরণাশক্তি নইয়া জগতের উপর ক্রিয়া করিতেছে ভাহার সহিত ঐক্যের আধ্যাত্মিক স্থিতি—ইহাই হইতেছে কর্ম্মের নৃতন অভ্যস্তরীণ নীতি, ইহাই পূর্বতন অজ্ঞান কর্মকে রূপাস্তরিত করিয়া দিবে। যে জ্ঞান ভগবানের সহিত ঐক্য স্থাপন করে এবং ভগবানের

পরম আত্মা। তিনি পরম ঈশ্বর, সকল কর্ম ও বিশ্বপ্রকৃতির প্রভ তিনি একই সময়ে জীবের অন্তরপুরুষরূপে তাহার দেহ মন আত্মার মধ্যে বিরাজ করেন, আবার সে-স্বকে অভিক্রম করিয়া থাকেন। তিনি পুরুষোত্তম, পরমেশ্বর ও পরমাত্মা, এবং এই সকল সমতুল্য রূপের মধ্যেই তিনি সেই এক শাখত ভগবান। এই সমগ্র সমন্বয়সাধক জ্ঞানে উদ্বন্ধ হওয়াই আত্মার চরম মুক্তিলাভের এবং প্রকৃতির কল্পনাতীত অচিস্তা সংসিদ্ধিলাভের প্রশস্ত দার। এই যে-ভগবানে তাঁহার সকল রূপের সম্মিলন হইয়াছে, ইাহারই উদ্দেশ্তে আমাদের কর্ম্ম, আমাদের ভক্তি, আমাদের জ্ঞানকে নিতা অভাস্তরীণ যজ্ঞরূপে উৎদর্গ করিতে হইবে। এই যে পরম পুরুষ, পুরুষোত্তম, বিশ্বের অতীত. আবার ইহার আধারস্বরূপ আত্মা, ইহার অধিবাসী, ইহার অধিপতি, যিনি ঠিক এই ভাবেই কুরুক্তেরে মহান বিশ্বরূপের মধ্যে প্রকটিত হইয়াছেন, ইহারই মধ্যে মুক্ত আত্মাকে প্রবেশ করিতে হইবে; আর সে ইহা পারিবে যথন সে একবার তাঁহাকে তাঁহার সকল তত্ত এবং সকল শক্তির সহিত জানিয়াছে, দর্শন করিয়াছে, যথন সে তাঁহার অনন্তমুখী ঐক্যকে ধাংণা করিতে, উপভোগ করিতে সমর্থ হইয়াছে, জ্ঞাতুম দ্রষ্টম তত্ত্বেন প্রবেষ্ট্রম চ।

অধিতীয় একের মধ্যে নিমজ্জিত হইয়া জীবের ব্যক্তিগত সন্তার বে আত্ম-বিশ্বত বিলোপসাধন, সাযুজ্যমূতি, গীতার মুক্তি তাহা নহে; ইহা একই সঙ্গে সকল প্রকারের মিলন। এখানে আছে পরম ভগবানের সহিত মূল সন্তায়, চৈতন্তের অন্তরঙ্গতায় এবং আনন্দের ঐক্যে সম্পূর্ণ সংবোজন, সাযুজ্য,—কারণ এই বোগের একটি লক্ষ্য হইতেছে ব্রহ্ম

হুওয়া, ব্রহ্মভূতঃ। এখানে আছে পর্মপুরুষের শ্রেষ্ঠতম স্তার মধ্যে স্থানন্দময় চিরনিবাস, সালোক্য,—কারণ বলা হইয়াছে, তুমি স্থামার মধ্যে বাস করিবে, নিবসিশুসি মাধ্যেব। এখানে আছে ঐক্যসাধক সামীপো খনস্ত প্রেম ও ভক্তি, এথানে মুক্ত জীব তাহার প্রেমাম্পদ ভগবানের আলিঙ্গনে আবদ্ধ, তাহার সকল আনন্তের আধার আত্মায় পরিবৃত, সামীপ্য। এখানে আছে ভগবদ প্রকৃতির সহিত জীবের মুক্ত প্রকৃতির একত্ব, সাদৃশ্য মুক্তি,—কারণ মুক্ত জীবের সিদ্ধাবস্থা হইতেছে ভগবানেরই তুলা হওয়া, মদভাবমাগতাঃ, এবং সন্তার ধর্মে, কর্ম ও প্রকৃতির ধর্মে তাঁহার সহিত এক হওয়া, সাধর্ম্ম আগতা:। প্রাচীনপন্থী জ্ঞানযোগের লক্ষ্য হইতেছে এক অনম্ভ সন্তার অতলতায় নিমজ্জিত হওয়া, সাযুজ্য; তাহা কেবল এইটিকেই পূর্ণ মুক্তি বলিয়া গণ্য করে। ভক্তিষোগ ভগবানের সামীপ্য কিম্বা তাঁহার মধ্যে নিত্য নিবাসকেই মহত্তর মুক্তি বলিয়া জ্ঞান করে, সালোক্য, সামীপ্য। কর্মায়ের চায় সন্তা ও প্রকৃতির শক্তিতে একত্ব, সাদৃশু। কিন্তু গীতা তাহার উদার সমগ্রতায় এই-সকলকেই অন্তর্ভুক্ত করিয়া লইয়াছে এবং সকলের সমন্বয় করিয়া এক মহত্তম, সমৃদ্ধতম দিব্য মুক্তি ও সংসিদ্ধিতে পরিণত করিয়াছে।

এই প্রভেদটি সম্বন্ধে অর্জ্নকে দিয়া প্রশ্ন করান ইইল। মনে রাখিতে হইবে ষে, নৈর্ব্যক্তিক অক্ষর পুরুষ এবং পুরুষোত্তম যিনি একই সময়ে নৈর্ব্যক্তিক এবং দিবা পুরুষ এবং এই ছইয়েরও বছ উর্দ্ধে, এই উভয়ের মধ্যে বে প্রভেদ (রুষ্ণ পুন: পুন: অহম্ মাম্ বলিতে ষে ভাগবত "আমি" কে ব্ঝিয়াছেন তাহাতে এই মুখ্য প্রভেদটি উপলক্ষিত হইয়াছে), এ পর্যান্ত শপ্ত ভাবে, সঠিকভাবে এই প্রভেদটি করা হয়

नारे। आमता वदावत এर প্রভেদটি পূর্ব হইতেই ধরিয়া লইয়াছি, ষাহাতে প্রথম হইতেই গীতার বাণীর পূর্ণ মর্মাট বুঝিতে পারা যায়, নতুবা এই মহত্তর সভোর আলোকে নৃতনভাবে দেখিয়া আমাদিগকে দেই একই কথা পুনরায় বলিতে হইত। অর্জ্জনকে উপদেশ দেওয়া হইয়াছে, প্রথমতঃ তাঁহার স্বতম্ত্র ব্যক্তিস্বরূপকে এক অদ্বিতীয় শাশ্বত ও অক্ষর আত্মার শাস্ত নৈর্বাক্তকতার মধ্যে নিমক্ত্রিত করিতে, এ-শিক্ষা তাঁহার পূর্ব্ব ধারণাসকলের অনুষায়ীই হইয়াছিল এবং ইহা বুঝা তাঁহার পক্ষে কঠিন হয় নাই। কিন্তু এখন তাঁহার সন্মথে দেখান হইতেছে এই মহন্তম বিশ্বাতীত সত্তাকে, এই বিশালতম বিশ্বপুরুষকে এবং জ্ঞান, কর্ম ও ভক্তি দারা ইহার সহিতই একম্বলাভ করিবার জন্ম তাঁহাকে আদেশ করা চইতেছে। অতএব, এ-সম্বন্ধে যে সন্দেহ উঠিতে পারে তাহার সমাধান করা ভাল মনে করিয়াই তিনি জিজ্ঞাসা করিলেন. "যে-সকল ভক্ত এইঙাবে নিতাযুক্ত হইয়া তোমাকে উপাসনা করে, ত্বাম্, এবং বাহারা অব্যক্ত, অক্ষর আত্মার উপাদনা করে, ইহাদের মধ্যে শ্রেষ্ট যোগবেতা কাহারা ?"* আত্মনি অথ ম্যি, "আমাতে. ভাহার পর আত্মতে", এই সব বাক্যের দ্বারা প্রথমেই যে প্রভেদ করা হইয়াছিল, এখানে সেইটিই পুনরায় স্চিত হইতেছে। অর্জ্ন প্রভেদ করিলেন, ত্বাম্ আর অকরম্ অব্যক্তম্। তাঁহার বক্তব্যের সার মর্ম এই, তুমি সকল সন্তার পরম উৎস ও আদি, সকল বস্তুতে অনুস্থাতে ভগবদ সত্তা, তোমার রূপসকলের দ্বারা বিশ্ব ব্যাপিয়া অবস্থিত শক্তি

এবং নতত্ত্বল যে ভক্তান্তাং প্রযুগাসতে।
 যে চাপ্যক্ষরমব্যক্তং তেবাং কে যোগবিত্তমাঃ ॥ ১২।১

তুমি, তোমার বিভৃতি সকলের মধ্যে, জীবগণের মধ্যে, প্রকৃতির মধ্যে প্রকট পুরুষ তৃমি, তোমার মহীয়ান বিশ্ববোগের দ্বারা কর্মের অধীশ্বরূপে জগতের মধ্যে এবং আমাদের হৃদরের মধ্যে তুমি বিরাজিত। এই ভাবেই তোমায় আমাকে জানিতে হইবে, ভক্তি করিতে হইবে, আমার সকল সন্তার, চেতনার, চিন্তার, অনুভবে ও কম্মে তোমার সহিত নিজেকে সূক্ত করিতে হইবে, সত্তযুক্ত। কিন্তু তাহা হইলে এই যে অক্ষর সন্তা বাহা কথনও ব্যক্ত হয় না, কথনও কোন রূপ পরিগ্রহ করে না, সকল কর্ম হইতে স্বতন্ত থাকে, সরিয়া দাঁড়ায়, জগতের সহিত বা ইহার কোনও বস্তুর সহিত কোনরূপ সম্বন্ধ রাথে না, যাহা চির-নিস্তব্ধ, আদিহীয়, নৈর্ব্যক্তিক, অচল—ইহার সম্বন্ধে কি ? সকল প্রচলিত মতবাদ অনুসারে এই শাশ্বত আত্মাই হইতেছে মহন্তর তত্ত্ব, ব্যক্ত ভগবান একটি নিম্নতন রূপ; ব্যক্ত নহে, অব্যক্তই হইতেছে শাশ্বত অধ্যাত্ম সন্তা। তাহা হইলে এই যে যোগ অভিব্যক্তিকে স্বীকার করে, এইটি কেমন করিয়া মহন্তর যোগ-জ্ঞান হইল ?

শ্রীক্লফ দৃঢ়তার পাহত এই প্রশ্নের স্কুপ্ট উত্তর দিলেন। "বাহারা আমার উপর মন নিবেশ করে, এবং নিতাযুক্ত হইয়া পুরম শ্রদ্ধার সহিত আমাকে উপাসনা কবে, আমার মতে তাহারাই শ্রেষ্ঠতম বোগী"*। তাহাই পরম শ্রদ্ধা বাহা সকলের মধ্যে ভগবানকে দেখে,

মধ্যাবেশু মনো যে মাং নিত্যযুক্তা উপাদতে।
 শ্রদ্ধরা পরয়োপেতান্তে মে যুক্ততমা মতাঃ । ২
 যে তৃক্ষরমনির্দ্দেশুমব্যক্তং পর্গুপাদতে।
 সর্ব্রেগমচিস্ত্যং চ কৃটস্থমচলং ধ্রুবম্ ॥ ৩

যাহার দৃষ্টিতে ব্যক্ত ও অব্যক্ত একই ভগবান। তাহাই পূর্ণতম যোগ যাহা ভগৰানকে পায় প্রতি মুহুর্তে, প্রত্যেক কর্ম্মে এবং প্রকৃতির সকল সমগ্রতা দিয়া। কিন্তু যাতাবা কঠিন পথ ধরিয়া অনির্দেশ্র অব্যক্ত অক্ষরের অভিমুখে আরোহণ করিতে চায়, ভগবান বলিলেন, তাহারাও খামাকে প্রাপ্ত হয়। কাবণ ভাষাদের লক্ষ্যে কোনও ভল নাই, কেবল ভারাদের পথ অধিকতর কঠিন এবং ভার। ততথানি সম্পর্ণ ও অথও নহে। অব্যক্ত কৈবলাগ্মক সভাকে প্রাপ্ত হইবার জন্ত এখানে যে-ব্যক্ত অক্র মতা রহিয়াছে ইহারই মধা দিয়া ভাহাদিগকে উঠিতে হয়, এনং ভাচানের পক্ষে এইটিই সন্ধাপেকা সহজ পয়া। এই বাক্ত অক্ষর সন্তা হইতেছে আমারই সর্বব্যাপী নৈর্ব্যক্তিকতা ও প্রশান্তি; বিরাট, অচিস্তা কৃটত, প্রব, সর্বতি বিভয়ান ইহাই কর পুরুষের কর্মাকে ধারণ করিয়া থাকে কিছু তাহাতে যোগদান কবে 📆। মন ইহার মধ্যে অবল্যন করিবার কিছুই পার্য না; ইহাকে পাওয়া বার কেবল এক নিশ্চল অধ্যাত্ম নৈৰ্ব্যক্তিকতা ও প্ৰশান্তি ছাৱা, আৱ বাহাৱা শুধু ইহাকেই অনুসরণ করে ভাছাদিগকে মন ও টাভুষগণের কর্মকে স্মাকরণে সংযভ করিতে হয়, এমন কি সম্পূর্ণভাবেট প্রত্যাধ্যর করিতে হয়। তথাপি ভাহাদের বৃদ্ধির সমতা দারা, সকল জিনিযের মধ্যে এক আত্মাকে দর্শনের দ্বারা এবং সর্বাভূতের হিতের জন্ম স্থির শাস্ত শুভ সঙ্গল্পের দ্বারা তাহারাও সকল বস্তু, সকল জীবের মধ্যে আমাকে প্রাপ্ত হয়। বাহারা ভাহাদের মন্তার দকল ভাবে, মর্ব্বভাবেন, নিজেদিগকে ভগবানের মহিত

সংশিরমোজিরগ্রামং সক্তে সমবৃদ্ধয়ঃ । ১৩ গ্রাপ্প বাস্ত মামের সক্তিভূত হতে রতাঃ॥ ৪

মত করে, এবং বিশ্বের বস্তুসকলের জীবস্ত উৎস অচিস্তা দিব্য পুরুষের মধ্যে সমগ্র ও পূর্ণভাবে প্রবেশ করে, ঠিক তাহাদেরই স্থায় এই যে সব উপাসক এই অধিকতর কষ্টকর অনন্য একছের ভিতর দিয়া এক সম্বন্ধবিহীন অব্যক্ত কৈবল্যায়ক সন্তাকে লাভ করিতে চায়, ইহারাও পরিশেষে সেই একই শাশ্বতকে প্রাপ্ত হয়। কিন্তু এ-পথটি তেমন সরল নতে এবং ইহা অধিকতর ক্রেশ্নায়ক। অধ্যাত্মভাবাপর মানবপ্রকৃতির পক্ষে এইটি সমগ্র ও স্বাভাবিক গতি নহে।

খার ইহা মনে করাও ভূল নে, এই পথটি অধিকতর ক্লেশ্লায়ক সেই, জন্মই ইহা উচ্চতর এবং অধিকতর ফলদায়ী প্রণালা। গীতার বে অপেকারত স্থাসন পহা তাহা অধিকতর জন্ত, স্বাভাবিক ও সহজভাবে সেই একই পূর্ণ মুক্তির দিকে লইয়া যায়। কারণ ইহা ভাগায় পুরুষকে স্বাকার করে বলিয়া যে দেহধারা প্রকৃতির মানসিক ও ইক্রিয়সম্বন্ধীর বন্ধনগকলে আগতে হইয়া পটে, তাহা নহে। বরঞ্চ ইচা জন্ম ও মৃত্যুর বাহ্নিক বন্ধন হইতে অচিরে নিশ্চিতভাবে মুক্তি আলিয়া দেয়ন। অনত জন্ম পহার বোগাকে নিজের প্রকৃতির অশেষ প্রকার দাবার সহিত কইকর ছল্ফে প্রবৃত্ত হইতে হয়; তিনে তাহাদিগকে উচ্চতন ভোগে হইতেও বঞ্চিত করেন এবং তাহার অধ্যায় সত্তার উর্ম্বাণী প্রবৃত্তিগুলিকেও বর্জন করেন ব্যন্ধই তাহারা কোনরূপ সম্বন্ধের স্থানা করে অথবা নেতিমূলক কৈবল্যায়ক সন্তায় পৌছাইয়া দিতে অক্ষম হয় অন্ত পক্ষে গীতার যে জীবন্ত পদ্বা তাহা আমাদের

তেষামহং নমুক্ত। মৃত্যানংসারদাগরাথ।
 ভবামি ন চিরাৎ পার্থ নিয়াবেশিতচেত্সাম্॥ १

সন্তার তীব্রতম উর্দ্ধমুখী গতিকে আবিষ্কার করে এবং সেইটিকে ভগবদ-মুখী করিয়া জ্ঞান, সঙ্কল্প, অমুভব, সিদ্ধিলাভের স্বাভাবিক প্রেরণা, এই সকলকে শক্তিশালী সহায়রূপে ব্যবহার করিনা পূর্ণ মৃক্তির দিকে অগ্রসর হয়। অব্যক্ত ব্রহ্ম ভাগাব অনির্দেশ্য একত্বে এমন জিনিষ ষে দেহধারী জীব কচিৎ তাহাকে লাভ করিতে পারে, এবং ভাহাও পারে কেবল সর্বাদা তথে স্বীকার করিয়া, সকল অন্তকে নিগ্রহ করিয়া, প্রকৃতিকে কঠোরভাবে ক্লেণ ও ষত্রণা দিয়া, তঃখম অবাপাতে, ক্লেশোহধিকতরতেহাম*। অনির্দেশ্য অদিতীয় সভা যাহারা তাহার নিকট উটিয়া আসে সকলকেই গ্রহণ করে, কিন্তু কোনরূপ সম্বন্ধের, দ্বারা সাহায্য করে না, আরোহণকারীদিগকে ধরিবার মত কোনও অবলম্বন দেয় না। সবই করিয়া লইতে হয় কঠোর তপস্তার দারা, কঠিন ও একক ব্যক্তিগত প্রথাদের দ্বারা। কিন্তু যাহারা গীতার প্রায় পুরুষোত্তমের উপাদনা করে তাহাদের পথ কত পুথক ৷ যথন তাহারা অনুভাষোগে তাঁহাকে ধ্যান করে, কারণ তাহারা স্বকেই বাস্তদেব বলিয়া দেখে, তিনি প্রতি স্থানে, প্রতি মুহুর্ত্তে, অসংখ্য মূর্ত্তিতে তাহাদিগকে দেখা দেন, তাহাদের মধ্যে জ্ঞানের প্রদীপ উজ্জ্বল করিয়া ধরেন, এবং ইঁহার দিব্য ও স্থথময় জ্যোতিতে সমগ্র জীবনকে প্লাবিত করিয়া দেন। জ্ঞানদীপ্ত তাহারা প্রত্যেক মৃত্তিতেই পর্য আত্মাকে চিনিতে পারে, সকল প্রকৃতির ভিতর দিয়া একেবারেই তাহারা প্রকৃতির অধীশ্বকে প্রাপ্ত হয়, সকল সন্তার ভিতর দিয়া সকল সন্তার অন্তর্পুরুষকে

ক্লেশোহধিকতরত্তেবামব্যক্তাসক্তচেতসাম্।
 অব্যক্তা হি গতিছু খিং দেহবন্ধিরবাপ্যতে ॥ ১২। ৫

প্রাপ্ত হয়, নিজেদের ভিতর দিয়া তাহারা নিজেরা যাহা কিছু সে-সবেরই আত্মাকে প্রাপ্ত হয়; ক্ষণমাত্রে শত দার যুগপৎ বিদীর্ণ করিয়া ভাহারা ভাহাকে প্রাপ্ত হয় যাহা হইতে প্রত্যেক জিনিষের উৎপত্তি। অন্ত প্রণালীটি কঠিন সম্বরহীন স্তরতার পথ, তাহা চায় সকল কর্ম হইতে সরিয়া বাইতে, কিন্তু দেহধারী জীবের পক্ষে ইহা অসম্ভব। আর এখানে সকল কর্ম্ম পরম কর্মেশ্বরকে বজ্জরপে উৎসর্গ করা হয় এবং তিনি পরম ইচ্চাশক্তিরপে যজ্ঞের ইচ্চাকে চরিতার্থ করেন, ইহার সকল বোঝা তুলিয়া লন, এবং আমাদের মধ্যে দিব্য প্রকৃতির কর্ম্মের ভার নিজে গ্রহণ করেন। আর যথন ভক্ত বিপুল প্রেমাবেগে মানবের ও সর্বভতের দিবা সথা ও প্রেমাম্পদের উপরে সমগ্র হৃদয় ও চিত্ত নিবেশ করে, তাঁহাতেই আনন্দ আকাজ্জা করে, তথনও পর্ম পুরুষ সমুদ্ধতা ও রক্ষাকর্তারূপে দ্রুত তাহার সমীপে উপস্থিত হন এবং তাঁহার মন, হাদয়, দেহের স্থেময় আলিঙ্গন দিয়া তাহাকে এই মৃত্যুসমাকুল সংসার সাগর হইতে উদ্ধার করেন এবং শাশ্বতের চির-নিরাপদ বক্ষের मर्था जुलियां नन।

ভাহা হইলে এইটিই ক্রততম, উদারতম, মহন্তম পন্থা। ভগবান মানবাত্মাকে বলিলেন,* আমাতে তোমার সমস্ত মন স্থাপ্থন কর, সমস্ত বৃদ্ধি নিবেশ কর। আমি দিব্য প্রেম ও ইচ্ছা ও জ্ঞানের পরম জ্যোতিতে এই সকলকে অভিষিক্ত করিয়া ইহাদের উৎস আমারই মধ্যে তুলিয়া লইব। সংশ্য় করিও না, এই মরজীবনের উর্দ্ধে তুমি আমার মধ্যেই

মব্যের মন আধৎক্ষ ময়ি বৃদ্ধিং নিবেশর।
 নিবসিয়িদ মব্যের অত উর্জিং ন সংশয়॥ ১২।৮

বাস করিবে। যে অমর আত্মা শাখত প্রেম, সম্বন্ধ ও জ্ঞানের আবেগ, শক্তি ও জ্যোতিতে মহিমান্বিত হইয়াছে, ক্ষুদ্র পার্থিব প্রকৃতির শুমান তাহাকে ধরিয়া রাখিতে পারে না! অবশ্য এই পথেও বিদ্ন আছে: কারণ নীচের প্রকৃতি রহিয়াছে তাহার প্রচণ্ড অথবা তুল নিম্মুখী আকর্ষণ লইয়া, তাহা আরোহণের গতির বিরুদ্ধে সংগ্রাম করে এবং উন্নয়ন ও উৰ্দ্ধমুখী উল্লাসের গ্রিপ্থ অবক্তন্ধ করে। ভাগবত চৈত্তাকে বর্থন কোন অপূর্ব্ব মুহূর্ত্তে অথবা কোন প্রশান্ত ও প্রোচ্ছল অবকাশে প্রথম লাভ করা যায়, তথনও ভাহাকে একেবারে ধরিয়া রাখা সম্ভব হয় না, বা ইচ্ছামত পুনরায় ডাকিয়া আনা বায় না*; অনেক সময়েই ব্যক্তিগত চৈতগ্যকে ভগবানে স্থির নিবিষ্ট করিয়া রাখা যায় না; জ্যোতি হইতে নিকাসনের কত দীর্ঘ রজনী আছে, বিদ্রোহ, সংশয়, ব্যর্থতার কত প্রহর বা মুহূর্ত্ত আছে। তথাপি যোগ অভ্যাসের দ্বারা, এবং অমুভূতি উপল্কির পুনরাবৃত্তির দারা সেই উচ্চতম অধ্যাত্ম সত্য সন্তার মধ্যে বিকশিত হয় এবং প্রকৃতিকে স্থায়ীভাবে অধিকার করিয়। লয়। মনের বহিম্থী প্রবৃত্তির প্রাবল্য ও চুনিবারতার জন্ম এইরূপ অভ্যাসও কি অতি কঠিন ? তাহা হইলে সহজ পথ, কর্মেশ্বরের উদ্দেশ্যে সকল কর্ম করা, যেন মনের প্রত্যেক বহিমুখী গতি সন্তার ভিতরের অধ্যাত্ম সভ্যের সহিত সংযুক্ত হয়। তথন প্রাকৃত মানবের মধ্যে পুরুষোত্তমের প্রতিষ্ঠা গড়িয়া

অথ চিত্তং সমাধাতুন্ ন শক্রোবি ময়ি ছিরন্।
 অভ্যাদযোগেন ততে। মামিচ্ছাপ্তং ধনপ্তর ॥ >
 অভ্যাদেহপ্যদমর্থোহিদ মংকর্মপরমো ভব।
 মদর্থমপি কর্মাণি কুর্বন্ সিন্ধিম্বাস্যাদি॥ > •

উঠিবে, এবং ক্রমশঃ সে ইহার দারা পূর্ণ হইয়া একটি দেবতায়, এক খধ্যাত্মপুরুষে পরিণত হইবে; সকল জীবন হইবে ভগবানের নিত্য অফুশ্বরণ, এবং সিদ্ধিরও বিকাশ হইবে, এবং মানবাত্মার সমগ্র জীবনের
সহিত পরম ভাগবত সন্তার একত্ব বিকশিত হইবে।

কিন্তু এমনও হইতে পারে বে ভগবানের এইরূপ নিতা অফুমুরণ এবং আমাদের সমস্ত কর্ম তাঁহাতে উৎসর্গ করা সীমাবদ্ধ মনের পক্ষে সাধ্যাতীত বলিয়া অনুভূত হয়, কারণ স্থৃতিভ্রংশতা বশতঃ সে-মন কর্ম্ম এবং কর্ম্মের বাহ্যিক লক্ষ্যের দিকেই আরুষ্ট হয় এবং ভিতরের দিকে দৃষ্টিপাত করিতে এবং প্রত্যেক ক্রিয়াকে ভগবানের দিব্য বেদীতলে অর্পণ করিতে ভূলিয়া যায়। তাহা হইলে পথ হইতেছে কর্ম্মে নীচের সত্তাকে সংযত করা এবং ফলের আকাজ্জা না রাথিয়া কর্ম করা*। সকল ফল বর্জন করিতে হইবে, সর্ব্বকর্মফলত্যাগং, বে দিব্য শক্তি কর্মকে পরিচালিত করিতেছে ভাহার নিকট উৎসর্গ করিতে হইবে, অথচ সে-শক্তি প্রকৃতির উপর যে-কর্ম্মের ভার অর্পীণ করে তাহা সম্পাদন করিতে হইবে। কারণ এই উপায়ে বাধা ক্রমশঃ হ্রাস পায় এবং সহজেই দূর হুইয়া যায়, মন ঈশ্বরকে শ্বরণ করিতে এবং ভাগবত চেতনার মুক্তির মধ্যে নিজেকে নিবিষ্ট করিতে স্থযোগ পায়। স্থার এইখানে গীতা শক্তি অনুষায়ী সাধনার ক্রম নির্দেশ করিয়াছে এবং এই নিক্ষাম কর্মবোগকেই শ্রেষ্ঠ স্থান কিয়াছে। কোন প্রচেষ্ঠা ও অমুভূতির

অধৈতদৃশ্যশক্তোহিদ কর্ত্ত্ত্বং মদ্যোগমাজিত:।
 দ্র্বকর্মকলত্যাগং ততঃ কুরু যতান্ধবান্॥ ১১

[†] শ্রেরো হি জ্ঞানমভ্যাসাজ্ জ্ঞানাদ্যানং বিশিষতে। ধ্যানাৎ কর্মফলত্যাগাল্ডাগাচ্ছান্তিরনন্তরম্ ॥ ১২

পুনরাবৃত্তি, অভ্যাস, মহান ও শক্তিশালী বস্তু: কিন্তু ইহা অপেক্ষা শ্রেষ্ঠ হইতেছে জ্ঞান, বস্তু সকলের পশ্চাতে যে-সত্য রহিয়াছে চিস্তাকে ভদভিমুখী করিয়া সফল ও জ্যোতিশ্বয় করিয়া তোলা; আবার এই মানসিক জ্ঞান অপেক্ষাও শ্রেষ্ঠ হইতেছে সম্পূর্ণ একাগ্রতার সহিত সত্যকে নীরবে ধ্যান করা যেন চৈত্ত পরিশেষে ইহার মধ্যে বাস করিতে পারে এবং সর্বাদা ইহার সহিত এক হইতে পারে। কিছ ইহা অপেক্ষাও শক্তিশালী হইতেছে কর্মের ফুল পরিত্যাগ করা, কারণ তাহা অনতিবিলম্বে সকল রকম বিক্ষোভের কারণকে নাশ করে, এবং স্বতঃসিদ্ধ-ভাবে অভ্যন্তরীণ স্থিরতা ও শাস্তি স্থাপন করে, আর স্থিরতা ও শাস্তিই হুইতেছে সেই ভিত্তি বাহাকে আশ্রয় করিয়া সব কিছু পূর্ণতা লাভ করিতে পারে, এবং প্রশান্ত আত্মার অধিকারের মধ্যে দৃঢ়-প্রতিষ্ঠ হইতে পারে। তথন চৈত্ত নিরুদ্বেগ হইতে পারে, সানন্দে নিজেকে ভগবানে নিবিষ্ট করিতে পারে এবং অবিচলিতভাবে সিদ্ধিলাভের দিকে অগ্রসং হইতে পারে: তথন জ্ঞান, সঙ্কল্প ও ভক্তি অটুট শান্তির স্থুদুঢ় ভূমি হইতে শাশ্বতের আকাশের মধ্যে নিজেদের শিথর উন্নীত করিতে পারে।

তাহা হইলে যে-ভক্ত এই পদ্থা অনুসরণ করিয়া শাখতের অনুরত্ত হয় তাহার দিব্য প্রকৃতি কি হইবে, তাহার চেতনার ও সত্তার মহত্তর অবস্থাটি কি হইবে? গীতা প্রথম হইতেই যে সমতা, নিক্ষামতা ও অধ্যাত্ম মুক্তির প্রয়োজনীয়তা ব্যক্ত করিয়াছে, এখানে কয়েকটি শ্লোকে তাহাদেরই বর্ণনা দেওয়া হইয়াছে। সর্ব্বদা এইটিই হইবে ভিত্তি এবং সেইজন্ত প্রারম্ভেই ইহার উপর এত জ্যাের দেওয়া হইয়াছিল। এবং সে সমতায় ভক্তি, পুরুষোত্তমের প্রতি প্রেম ও অনুরাগ আত্মাকে এব মহন্তম, শ্রেষ্ঠতম সিদ্ধির দিকে তুলিয়া লইয়া বাইবে, এই শাস্ত সমতাই হইবে তাহার উদার প্রতিষ্ঠা-ভূমি। এই মূলগত সম-চৈতন্তের কয়েকটি স্ত্র এথানে দেওয়া হইয়াছে।* প্রথমতঃ, অহংভাবের, "আমি" ও "আমার" ভাবের বর্জন, নির্মাঃ, নিরহন্ধারঃ। যিনি পুরুষোন্তমের ভক্ত তাঁহার হৃদয় ও মন বিশ্বপ্রসারিত, তাহা অহংয়ের সকল সন্ধার্ণ প্রাচীর ভালিয়া ফেলিয়াছে। বিশ্বপ্রেম তাঁহার হৃদয়ে বিরাজিত, সেখান হইতে সর্ব্বভূতের প্রতি করুলা সর্বতামুখী সমুদ্রের তায় প্রবাহিত হইতেছে। তাঁহার থাকিবে স্ব্র্ভুত্রের প্রতি মৈত্রী ও করুলা, কোন জীবের উপরেই তাঁহার স্থান নাই; কারণ তিনি ধৈগ্যশীল, চির-সহিষ্কু, তিতিক্ষাশালী, তিনি ক্রমার নির্মর। তাঁহার আছে কামনাশ্র সন্তোম, স্বথে ছথে

* অষেষ্টা সর্বাস্থিতানাং থৈতে: করণ এব চ।
নির্দ্ধয়ে নিরহকার: সমহংশহথককমী ॥ ১৩
সন্তই: সততং বোগী বতান্ধা দৃচনিশ্চর: ।
মযাপিত মনোবৃদ্ধিয়ে মন্তক্ষ: স মে প্রির: ॥ ১৪
বন্ধারোদ্ধিতে লোকো লোকারোদ্ধিতে চ য: ।
হর্বামর্বভরোদ্ধেরিস্কো য: স চ মে প্রির: ॥ ১৫
অনপেক: শুচির্দিক উদাসীনো গতব্যথ: ।
সর্বারন্তপরিত্যাগী বো মন্তক্ষ: স মে প্রির: ॥ ১৬
যো ন ছয়তি ন বেষ্টি ন শোচতি ন কাক্ষতি ।
অভান্তভপরিত্যাগী ভক্তিমান্ ব: স মে প্রির: ॥ ১৭
সন্ধ: শর্মো চ মিত্রে চ তথা মানাপমানরো: ।
শীতোকস্বাহুংখেরু সমঃ সক্ষবিবিক্ষিত: ॥ ১৮

আনন্দে ও ষন্ত্রণায় স্থির সমতা, অবিচলিত আত্মসংষম এবং যোগীজনস্থলভ দৃঢ় অটল সঙ্কল্ল ও স্থিরনিশ্চয়তা এবং এমন প্রেম ও ভক্তি বাহা
সমস্ত মন ও বৃদ্ধিকে তাঁহার চৈতক্ত ও জ্ঞানের অধীশ্বর ভগবানে অর্পণ
করে। অথবা সংক্ষেপে তিনি হইবেন এমন ব্যক্তি ষিনি বিক্ষুদ্ধ চঞ্চল
নীচের প্রকৃতি হইতে এবং ইহার হর্ষ, ভয়, উদ্বেগ, ক্রোধ, কাম প্রভৃতির
তরঙ্গ হইতে মুক্ত, তিনি হইবেন শান্ত আত্মা, তাঁহার দ্বারা জগৎ সম্ভপ্ত বা
ব্যথিত হয় না, তিনিও জগতের দ্বারা সম্ভপ্ত বা ব্যথিত হন না—তিনি
শান্ত আত্মা, তাই তাঁহার নিকটে সকলেই শান্ত।

· অথবা তিনি হইবেন এমন ব্যক্তি যিনি সকল কামনা ও কর্ম তাঁহার জীবনের অধীশ্বরকে উৎসর্গ করিয়া দিয়াছেন, তিনি শুদ্ধ ও শাস্ত, যাহাট আম্বক সকল বিষয়ে উদাসীন, কোন ফল, কোন ঘটনাব দারাই তিনি বাৃথিত বা কুর হন না, তিনি সুর্বাব্রপুরিতাাগী অহঙ্কারের বশে, ব্যক্তিগত ভাবে ও মনের দারা তিনি অভাস্তরীণ ও বাহাক কোন কর্মাই আরম্ভ করেন না, তিনি তাঁহার মধ্য দিয়া ভাগবত ইচ্ছা ও ভাগবত জ্ঞানকে তাঁহার নিজের সম্বন্ধ, ব্যক্তিগত অভিলাষ বা বাসনার দারা বিচাত না করিয়া অবাধে প্রবাহিত হইতে দেন, অথচ ঠিক সেই জন্মই তিনি তাঁহার প্রকৃতির সকল কর্ম্মে হন ক্ষিপ্র ও স্থকৌশলী, কারণ পরম ভগবানের ইচ্ছার সহিত এই যে নিথুঁত ঐক্য, এই বে শুদ্ধ বন্ত্ৰভাব, ইহা হইভেই আসে কর্ম্মের সর্বশ্রেষ্ঠ কৌশন। আবার তিনি হইবেন এমন ব্যক্তি যিনি স্থাখের স্পর্ণ আকাজ্ঞা করেন না, তাহাতে হধাৰিত হন না, চু:খের স্পর্শেও বেষ করেন না বা তাহার ভারে শোকাচ্ছর হন না। তিনি ওভ ও অপ্তভের প্রভেদ লোপ করিয়া

দিয়াছেন, কারণ তাঁহার ভক্তি তাঁহার শাশ্বত প্রেমিক ও প্রভুর হস্ত হইতে সকল জিনিষ্ট স্মানভাবে মঞ্চলময় বলিয়া গ্রহণ করে। ধিনি ভগবানের প্রিয় ভগবম্ভক্ত তাঁহার আত্মায় আছে উদার সমতা; শত্রু মিত্র, মান অপমান, সুথ তঃখ, শীত উষ্ণ, মানুষের সাধারণ প্রকৃতি এই যে-সৰ ছল্ছে পীডিত হয় এ-সবেরই প্রতি তাঁহার সমভাব। কোন ব্যক্তি বা বস্তুতে, কোন স্থান বা নিকেতনে তাঁহার কিছুমাত্র আসন্তি । থাকিবে না* ; তিনি ষেরূপ পরিস্থিতির মধ্যেই থাকুন, মামুষ তাঁহার প্রতি বেরূপ ন্যবহারই করুক. তাঁহার পদ বা ভাগ্য বাহাই হউক সবেতেই তিনি সম্ভষ্ট ও পরিতৃপ্ত। সকল জিনিষেই তাঁহার মন থাকিবে দুঢ়-প্রতিষ্ঠ, কারণ তাহা শ্রেষ্ঠতম স্থাত্মায় নিত্য স্ববস্থিত এবং তাঁহার প্রেম ও ভক্তির একমাত্র পাত্র ভগবানে চিরনিবিষ্ট। সমতা, কামনাশূক্ততা এবং নীচের অহংভাবময় প্রকৃতির এবং তাহার দাবীসকলু হইতে মুক্তি,— গীতা মহানু মুক্তির সর্বাঙ্গসম্পন্ন ভিডিম্বরূপ সর্বদা এইগুলিকেই প্রয়োজনীয় বলিয়াছে। শেষ পর্যান্ত তাহার মূল শিক্ষা ও প্রথম প্ররোজনটির উপর পুন: পুন: জোর দেওয়া হইয়াছে,—শান্ত জ্ঞানময় আত্মা বাহা সকল জিনিষের মধ্যেই এক অধ্যাত্ম সন্তাকে দেখিতে পায়, ন্থির অহংভাবশৃত্য সমতা বাহা এই জ্ঞানেরই ফল, নিষ্ঠাম কর্ম বাহা এই সমতার মধ্যে কর্ম্মেশ্বরকে উৎসর্গ করা হয়, মামুষের সমগ্র মানসিক প্রকৃতিকে মহন্তর অভ্যন্তরীণ ভাগবৎ সন্তার হল্তে সমর্পণ। আর এই সমতার শিথর হইতেছে সেই প্রেম বাহার ভিত্তি জ্ঞানে, বাহা বন্ত্রভাবে

তুল্যনিন্দান্ততিমৌনী সন্তটো ঘেন কেনচিৎ।
 অনিকেতঃ স্থিরমতিউজিমান মে প্রিয়োনরঃ॥ ১৯

কর্ম করার পরিপূর্ণতা লাভ করে, বাহা সকল জিনিব, সকল বস্তুর প্রতিই প্রসারিত, বে ভাগবত পুরুষ এই বিষের স্রষ্টা ও অধীশ্বর, স্কুদন্ সর্ব্বভূতানাম্ সর্বলোকমহেশ্বরম্, তাঁহার প্রতি উদার একনিষ্ঠ সর্ব্বতোমুখী প্রেম।

এইটিই হইতেছে সেই ভিত্তি, সেই বিধান, সেই উপায় যাহা দারা শ্রেষ্ঠতম অধ্যাত্ম মুক্তি লাভ করিতে হইবে; ভগবান বলিলেন, যাহাদের ইহা কোনরূপ আছে তাহারা সকলেই আমার প্রিয়, ভক্তিমান মে প্রিয়:। কিন্তু আমার অতীব প্রিয়, অতীব মে প্রিয়া:, হইতেছে ভগবানের নিকটতম সেই সকল ভক্ত যাহাদের ভগবন্তক্তি আরও উদারতর ও মহন্তর সিদ্ধির দারা পূর্ণতা লাভ করিয়াছে, এই মাত্র আমি म्बेडिंग्रें थे थे खेलांनी जामार्क प्रथाहेनाम∗। स्में मन ज्रु পুরুষোত্তমকেই তাহাদের একমাত্র পর্ম লক্ষ্য করে এবং এই শিক্ষায় বৰ্ণিত অমৃত ধৰ্ম াূৰ্ণতম শ্ৰদ্ধা ও নিষ্ঠার সহিত বধাষণভাবে অফুষ্ঠান করে। গীতার ভাষায় ধর্ম শব্দের অর্থ হইতেছে, সত্তা ও তাহার কর্ম্মের স্বভাবসিদ্ধ নীতি এবং অভাস্তরীণ প্রকৃতি হইতে উৎসারিত এবং তদারা নির্দারিত কর্ম, স্বভাবনিয়তম্ কর্ম। মন, প্রাণ, দেহের যে নিয়তন অজ্ঞান চৈত্ত তাহাতে আছে বহু ধর্ম, বহু নীতি, বহু আদর্শ ও নিয়ম; কারণ মানপিক, প্রাণিক ও দৈহিক প্রকৃতির আছে বছ বিচিত্র রূপায়ন ও শ্রেণী। অমৃত ধর্ম এক; তাহা উচ্চতম আধ্যাত্মিক ভাগবত চৈতন্ত এবং তাহার শক্তি সকলের ধর্ম। তাহা গুণত্রের অতীত, এবং তাহা

ক তু ধর্মামৃতমিদং যথোজং পর্গুপাসতে।
 শ্রদ্ধানা মংপরমা ভজাত্তেংতীব মে প্রিয়া: । ২০

পথ ও ভক্ত

লাভ করিতে হইলে এই সকল নীচের ধর্ম পরিত্যাগ করিতেই হুই সর্বাধর্মান পরিত্যজ্য। সে-সবের পরিবর্ত্তে শাখতের এক মুক্তিও একত্বসাধক চৈত্তন্ত ও শক্তিই হইবে আমাদের কর্ম্মের একমাত্র অনস্ত উৎস, আমাদের কর্ম্মের ছাঁচ, নিয়ামক শক্তি ও দুষ্টান্তস্বরূপ আদর্শ। আমাদের নিম্নতন ব্যক্তিগত অহংভাবকে ছাড়াইয়া উঠা, শাখত সর্বব্যাপী অক্ষরপুরুষের নৈর্ব্যক্তিক ও সমতাপূর্ণ শান্তির মধ্যে প্রবেশ করা, সেই শান্তি হইতে আমাদের সকল প্রকৃতি, সকল সন্তার সমগ্র আত্মসমর্পণের দারা অক্ররেরও উপরে যে অক্ততর পুরুষ রহিয়াছেন, হৃদয়ের আকাজ্ফাকে ভদভিমুখা করা, ইহাই হইতেছে এই যোগের প্রথম প্রয়োজন। সেই আকাজ্ঞার শক্তিতেই আমরা অমৃত-ধর্মে উঠিতে সক্ষম হই। সেখানে ্যন্তায়, চৈতন্তে ও ভাগবত আনন্দে শ্রেষ্ঠতম উত্তম পুরুষের সহিত এক হংয়া, তাঁহার পরম লীলাময়ী প্রকৃতি-শক্তির (স্বা প্রকৃতি) সহিত এক হইয়া মুক্ত আত্মা অনস্তভাবে জ্ঞান লাভ করিওে পারে, অসীমভাবে ভালবাসিতে পারে, এক উচ্চতম অমৃতত্ব ও পূর্ণতম মুক্তির ষ্ণার্থ শক্তিতে অটল ভাবে কর্ম করিতে পারে। গীতার অবশিষ্টাংশে এই অমৃত ধর্মের উপরেই পূর্বতর আলোকসম্পাত করা হইয়াছে।